শব্দসন্দর্ভসিন্ধু।

১০৯৫

অর্থাৎ।

বিবিধ কোষ হইতে সঙ্কলিত বহুতর সংস্কৃত শব্দ সহকৃত সাধু ভাষান্তর্গত বহুল প্রচলিত শব্দের লিঙ্গ, ধাতু, ধাত্বর্থ, প্রত্যয় প্রভৃতি সম্বলিত বিবিধ শব্দের অর্থপ্রকাশক গ্রন্থ।

শ্রীমথুরানাথ তর্করত্ন কর্ত্তৃক সংগৃহীত।

কিং বিশ্বভ্রমণেন হেমনি পরোযত্নঃ পরিত্যজ্যতামর্থপ্রার্থনয়ামরস্য নিতরাং সেবাপি ন শ্রেয়সে।
ভো ভো ধীরবরাঃ পদার্থনিবহ প্রাপ্তৌ ভৃশং সত্বরাঃ, সিন্ধুঃ কেবল মর্থবন্ধুরতলঃ সর্ব্বাত্মনা সেব্যতাং॥

কলিকাতা।

প্রাকৃত যন্ত্র।

মির্জাপুর হলওএল্‌স্ লেন, নং ১।

মুদ্রিতারব্ধ সংবৎ ১৯। ২০।

অনুক্রমণিকা।

একখানি অভিধান সঙ্কলন করা সকলের পক্ষে নিতান্ত সুসাধ্য হয় না। নানা শাস্ত্রজ্ঞ ও সর্ব্বার্থ বেত্তা ব্যতিরেকে ঈদৃশ দুরূহ ব্যাপারে হস্তার্পণ করিলে উপহাসাস্পদ হইবার বিলক্ষণ সম্ভাবনা। কিন্তু অধুনা বাঙ্গলা ভাষায় অপেক্ষা কৃত শ্রীবৃদ্ধি হওয়ায় সংস্কৃত হইতে আহৃত বিবিধ শব্দের ব্যবহার ক্রমশঃ বিস্তীর্ণ হইতেছে। সাধুভাষার মুল যে সংস্কৃত ভাষা তাহা সকলেই স্বীকার করেন। সুতরাং সংস্কৃতজ্ঞ ব্যক্তিদিগের পক্ষে যে তাহা অনায়াস বোধগম্য, তাহার আর সন্দেহ নাই। কিন্তু কোন প্রকার উৎকৃষ্ট অভিধানের আশ্রয় ভিন্ন তাহা সাধারণ ব্যক্তির পক্ষে হৃদয়ঙ্গম হওয়া সুকঠিন। ফলতঃ তজ্জন্যই সর্ব্বদেশে অসংখ্য শব্দ প্রকাশক নানা প্রকার অভিধান প্রচলিত আছে। এতদ্দেশেও অত্রত্য ভাষার শব্দার্থ-প্রকাশক অভিধানের অল্পতা নাই। কিন্তু ইংরাজী ভাষায় যদ্রূপ শব্দের মুলধাতু ধাতুর অর্থ, প্রত্যয়, শব্দার্থ, এবং বিবিধ দৃষ্টান্ত-প্রকাশক অভিধান সঙ্কলিত হইয়াছে, বাঙ্গালা ভাষায় তদ্রূপ এক খানি অভিধান প্রায় অবলোকিত হয় না। বাঙ্গালা ভাষায়, তদ্রূপ একখানি উৎকৃষ্ট অভিধান ব্যতিরেকে নবীন-বুদ্ধিশীল ব্যক্তিদিগের পক্ষে যাবতীয় শব্দার্থ-জ্ঞান হওয়া অসুগম হয়। অতএব আমি অনেক সংস্কৃত ও বাঙ্গালা অভিধান হইতে বহুল শব্দ সমাকর্ষণ পূর্ব্বক অভিধানের যাবতীয় শব্দ প্রণয়ন করিয়া "শব্দ সন্দর্ভসিন্ধু" নামক এই সুবিস্তীর্ণ অভিধান প্রস্তুত করিলাম।

এই বৃহৎ অভিনব অভিধান সঙ্কলন সময়ে প্রায় যাবতীয় নানার্থ শব্দের যে যে প্রসিদ্ধ অর্থ, তাবন্মাত্রই সংস্থাপিত হইয়াছে। পুস্তক সঙ্কলন কালে আমি

এবং কএক জন নানা শাস্ত্র পারদর্শী পণ্ডিত সমবেত হইয়া পরিশ্রম করিতে ত্রুটি করি নাই। পরিশেষে প্রতি ফরমা মুদ্রিত সময়ে কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ের অলঙ্কার শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত প্রেমচাঁদ তর্কবাগীশ মহোদয় বিশেষ পরিশ্রম স্বীকার পূর্ব্বক সংশোধন করিয়া অনুমতি প্রদান করিলে মুদ্রিত হইয়াছে।

অধুনা পাঠক ও পরীক্ষক মহোদয়দিগের সমীপে কৃতাঞ্জলি হইয়া অতি বিনয় পূর্ব্বক নিবেদন করিতেছি যে এই শব্দ সন্দর্ভসিন্ধু গ্রন্থের যে কোন অংশে যে কোন দোষ সন্দর্শন করিবেন, অনুগ্রহ প্রকাশিয়া সময়ানুসারে তদ্বিবরণ আমার নিকট প্রেরণ করিবেন। তাহা হইলে দ্বিতীয় বার মুদ্রাকালে তৎসমস্ত দোষ বা ত্রুটি সংশোধন করিলে অবশ্যই নির্দ্দোষ হইবার বিলক্ষণ সম্ভাবনা। বাস্তবিক সেই আশয়ে এবং ভাবী উপকার হইবার প্রত্যাশায় উৎসাহ পূর্ব্বক সমধিক আয়াস পাইয়াছি, কিন্তু কতদূর কৃতকার্য্য হইয়াছি কিছুই বলিতে পারি না। এক্ষণে সাধারণে অনুকম্পা প্রদর্শন পূর্ব্বক ইহা গ্রহণ করিলেই পরিশ্রম সফল জ্ঞান করিব। ইতি

কলিকাতা, জেনেরল এসেম্ব্লিস্ইনষ্টিটিউসন।
শকাব্দা ১৭৮৪। ১২ ই আশ্বিন। } শ্রী মথুরানাথ শর্ম্মা।

শব্দ সন্দর্ভসিন্ধু।

পরিভাষা।

এই শব্দ সন্দর্ভসিন্ধু নামক সুবিস্তীর্ণ অভিনব অভি-ধান সংগৃহীত হইল ইহাতে যাবতীয় বাঙ্গালা অভিধান অপেক্ষা বিস্তর অধিক সংস্কৃত, সংস্কৃতানুযায়ি, এবং দেশি শব্দ সঙ্কলিত হইয়াছে। প্রথম, মূল শব্দের লিঙ্গ, তৎপরে তাহা বিশেষ্য অথবা বিশেষণ, তৎপরে তাহার মূল ধাতু, তৎপরে ধাত্বর্থ, তৎপরে, প্রত্যয়, তৎপরে মূলশব্দের যাবতীয় প্রসিদ্ধ অর্থ প্রকাশিত হইয়াছে। কেবল কিয়-দংশ রূঢ়শব্দের ধাতু প্রকাশ করা হইল না, কারণ সকল রূঢ় বা দেশি শব্দ ব্যুৎপত্তি করিয়া অর্থ বোধ হয় না। সুতরাং তাহার ধাতু নিরূপণ করা নিতান্তই সুকঠিন। এবং যে শব্দের মূল ধাতু প্রচলিত নাই কেবল নামের পর তদ্ধিত প্রত্যয় করিয়া পদ সিদ্ধ হয়, তাহারও প্রথম নাম পরে তাহার অর্থ, তৎপরে প্রত্যয় লিখিয়া প্রকৃতশব্দের অর্থ লিখা হইয়াছে। যে সকল দুরূহশব্দ প্রাপ্ত হওয়া গি-য়াছে তন্মধ্যে অনেকেরই প্রামাণ্য প্রদর্শন জন্য সেই সমস্ত শব্দ যে যে পুস্তকের যে যে স্থানে লিখিত হইয়াছে, তাহার কএক পংক্তি শুদ্ধ উদ্ধৃত করিয়া দিয়াছি। মূল শব্দের পর(,)কামা চিহ্ন দেওয়া হইয়াছে। লিঙ্গ এবং বিশেষ্য বিশেষণের পর (.) ফুলিষ্টপ চিহ্ন প্রদত্ত হইয়াছে। কোন্ শব্দ কোন্ অর্থে কোন্ লিঙ্গে প্রয়োগ হয়, তৎসূচনার্থ পুংলিঙ্গ স্থলে পু. স্ত্রীলিঙ্গ স্থলে স্ত্রী. ক্লীবলিঙ্গ স্থলে ক্লী. এবং পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, ও ক্লীবলিঙ্গ এই ত্রিলিঙ্গ স্থলে ত্রি. ব্যবহৃত হইয়াছে। বিশেষ্য (১) জ্ঞাপনার্থ বি. এবং বিশে-ষণ (২)সূচনার্থ বিণ. এই সাঙ্কেতিক শব্দ লিখিয়াছি। শব্দে-র মূল ধাতু, ধাত্বর্থ, এবং প্রত্যয়ের উভয় পার্শ্বে ( ) এইরূপ চিহ্ন ব্যবহার করা হইয়াছে। তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দ অ-র্থাৎ নাম, তাহার অর্থ, ও তদ্ধিত প্রত্যয়ের উভয় পার্শ্বে [ ] এইরূপ সাঙ্কেতিক চিহ্ন ব্যবহৃত হইয়াছে। অব্যয় শব্দ বোধার্থ (ব্য) ও সর্ব্বনাম স্থলে (স) লিখিয়াছি। ক্রিয়া সূচনার্থ (ক্রি) এবং ক্রিয়ার বিশেষণ বিদিতার্থ (ক্রিবিণ) ব্যবহৃত হইয়াছে। যে সমস্ত বিশেষ্য শব্দ, বিশেষণ হইলে অর্থান্তর বুঝাইবেক, অথবা যে সকল বিশেষণ শব্দ বিশেষ্য হইলে অন্য অর্থ হইবেক, তৎসূচনার্থ (বি) এবং (বিণ) এতদ্রূপ সাঙ্কেতিক শব্দ দিয়া পরে তদনুসারে শব্দার্থ লিখিতে ত্রুটি করি নাই। শব্দার্থ মধ্যে যে সমস্ত যাবনিক শব্দ প্রাপ্ত হইয়াছি তাহার পূর্ব্বেই (যাং) এই শব্দ ব্যবহার করা হইয়াছে। এই সমস্ত সাঙ্কেতিক চিহ্ন দিয়া বিন্যাস পূর্ব্বক যাবতীয় বিশেষ্য ও বিশেষণ শব্দের সংস্কৃতানুযায়িক লিঙ্গ, বিশেষ্য, বিশেষণ, ক্রিয়ার বিশেষণ, অব্যয়, সর্ব্বনাম, ধাতু, ধাত্বর্থ, প্রত্যয় প্রভৃতি উৎকৃষ্ট নিয়মানুসারে নি-র্দ্দেশ করিয়া এই অভিনব পুস্তক সংগ্রহ করিলাম।

(১) যাহা দ্বারা কেবল কোন বস্তু বা ব্যক্তি বোধ হয় তাহাকে বিশেষ্য বলে। যথা, মনুষ্য, পশু, পক্ষী, পুস্তক, কলম, নৌকা, বৃক্ষ, লতা ইত্যাদি।

(২) গুণবাচক শব্দ মাত্রকেই বিশেষণ কহে। যথা উত্তম, নূতন, ছিন্ন, শ্বেত, ইত্যাদি।

প্রত্যয় প্রকরণ।

ধাতুর পর যে সকল কৃৎ প্রত্যয় হয় তাহার বিষয় বিলক্ষণ রূপে পরিজ্ঞাত হওয়া নিতান্ত সহজ নয়। সংস্কৃত ভাষায় অনট প্রভৃতি যে সমস্ত প্রত্যয় ব্যবহৃত হয়, বাঙ্গালা ভাষায় অবিকল তদ্রূপ গ্রহণ করিতে অনেকানেক গ্রন্থকর্ত্তা ইচ্ছা করেন না। ফলতঃ ভূরি ভূরি ব্যক্তি তাহার অন্যথা

সাধন করিয়াছেন, অর্থাৎ কৃৎ প্রত্যয়ের যে যে অংশ ইৎ যায়, সেই সেই অংশ পরিত্যাগ করিয়া স্থায়্যংশ মাত্র গ্রহণ করিয়া তাহাই প্রকাশ পূর্ব্বক কার্য্য সম্পাদন করিয়া থাকেন। যেমন, সংস্কৃত মতে অনট প্রত্যয় কিন্তু তাহার অন ভাগ থাকে, সংস্কৃত মতে অল্ প্রত্যয় হয়, তাহার অকার মাত্র থাকে। এতদ্রূপ যাবতীয় কৃৎ প্রত্যয়ের ইতংশ গ্রহণ না করিয়াই স্ব স্ব মনোভিলাষ পূর্ণ করিতে ক্রুটি করেন না। বাঙ্গালা ভাষায় অনাবশ্যক বিবেচনা করিয়া অনট প্রত্যয়ের পরিবর্ত্তে অন, অলের পরিবর্ত্তে অ, ক্তর পরিবর্ত্তে ত, ণিন্ পরিবর্ত্তে ইন্, টক্ বদলে অ, ইত্যাদি রূপ ব্যবহার প্রায়ই হইয়া থাকে। কিন্তু মনোভিনিবেশ পূর্ব্বক পর্য্যালোচনা করিয়া দেখিলে কৃৎ প্রত্যয়ের ইৎ ভাগ (যাহা থাকে না) পরিত্যাগ করিয়া স্থায্যংশ গুলি গ্রহণ পূর্ব্বক প্রকাশিত হইলে যে এক প্রকার অনর্থের মূলীভূত কারণ হইয়া উঠে তাহার আর অণুমাত্র সন্দেহ নাই।

ধাতুর উত্তর অল্, ঘণ্, ট, অ প্রভৃতি যে সমস্ত প্রত্যয়ের অ মাত্র থাকে, সেই সমস্ত প্রত্যয়ের পরিবর্ত্তে যদি (অ) ব্যবহৃত হয় তবে সেই সকলের পৃথকত্ব সমাধান কি রূপে সম্ভব হইতে পারে। সুতরাং পাঠকগণ তত্তৎ কার্য্যের প্রতি দৃষ্টি করিয়া বিস্মিতান্তঃকরণে নানা বিধ কল্পনা করিতে থাকেন, ফলতঃ কিছুই স্থির করিতে পারেন না। প্রত্যয়ের মধ্যে যে যে অংশ থাকে না তাহা নিতান্ত নিস্ফল নহে, যে কোন প্রত্যয়ের যে কোন ভাগ না থাকে তাহার পৃথক পৃথক্ ফল উপলব্ধি হয়। অতএব কেবল সেই সকল বিষয় পরিজ্ঞাপনার্থ এই অভিনব অভিধানে সংস্কৃতানুসারে প্রত্যয় সমস্ত প্রকাশ করিতে কৃত সঙ্কল্প হইলাম, সুতরাং প্রত্যয় মধ্যে যাহা যাহা অস্থায়ী তদ্বিবরণও প্রকাশিত যোগ্য।

শব্দের মূল ধাতু, সেই ধাতুর পরে নানা বিধ প্রত্যয় হয়। তন্মধ্যে কতক গুলি প্রত্যয়ের কতককতক অংশ ইৎ হয় অর্থাৎ তাহা থাকে না। কিন্তু প্রত্যয়ের কিয়দংশ ইৎ হইয়া যে কি ফলোদয় হইয়া থাকে, বঙ্গভাষাজ্ঞ ব্যক্তি সমূহ মধ্যে অনেকেই তাহা পরিজ্ঞাত নহেন। এবং জ্ঞাত হইতে ইচ্ছুক হইলেও তাহা নিতান্ত সহজে অনায়াস বোধ গম্য বলিয়া হৃদয়ঙ্গম হয় না। অতএব কোন্ কোন্ কৃৎ প্রত্যয়ের কোন্ কোন্ অংশ ইৎ হয় এবং তাহাতেই বা কি ফলোদয় হয় তাহা পর্য্যায় ক্রমে তৎপ্রমাণের সহিত প্রদর্শিত হইতেছে।

কৃৎ প্রত্যয়ের ইৎ ভাগ ও ইৎ ফল।

অনট প্রত্যয়।

সকল ধাতুর পরে প্রায় ভাব বাচ্যে অনট প্রত্যয় হয়। ধাতুর অর্থই ভাব, যখন ধাতুর অর্থ মাত্র বাচ্য অর্থাৎ কথিত হয়, তখন তাহাকে ভাব বাচ্য কহে। অনট প্রত্যয়ের ট মাত্র ইৎ হয় অর্থাৎ তাহা থাকে না, কেবল অন থাকে। অনটের ট ইৎ যাইবার এই মাত্র ফলোদয় হয়, যে যে ধাতুর উত্তর অনট প্রত্যয় হয়, তাহা পরে যদি স্ত্রীলিঙ্গ শব্দ হয় তাহা হইলে সেই শব্দের পর ঈপ প্রত্যয় হইয়া থাকে। অনট প্রত্যয়ের যোগে ধাতুর উপান্ত স্থিত ই, উ, ঋ, থাকিলে তাহার গুণ ❋ অর্থাৎ তাহার পরিবর্ত্তে এ, ও, অর হয়। এবংধাতুর অন্তস্থিত ই কিম্বা ঈ র গুণ হইয়া তাহার স্থানে অয়্ হয়, উ ঊর গুণ হইয়া অব, ঋ ৠর গুণ অর্থাৎ তাহার স্থানে অর হইয়া থাকে। যথা, ক্ষিপ+অনট—ক্ষেপণ; (স্ত্রীলিঙ্গে) ক্ষেপণী ইত্যাদি। চি+অনট—চয়ন; নী+অনট—নয়ন; বৃধ+অনট—বর্দ্ধন; হৃ+অনট—হরণ; ইত্যাদি।

অল্ প্রত্যয়।

প্রায় সমস্ত ধাতুর উত্তর ভাব বাচ্যে অল্ প্রত্যয় হয়। অল্ প্রত্যয়ের ল্ ইৎ যায়। অ প্রত্যয়াদি হইতে ঐ ইৎ ফল পৃথক্ সূচক্ মাত্র। অল্ প্রত্যয়ের যোগে, ধাতুর পর অনট প্রত্যয় করিলে যাদৃশ কার্য্যাদি হয়, তাদৃশ কার্য্যই হইয়া থাকে, অর্থাৎ অন্তস্থিত ই, ঈ, উ, ঊর গুণ হইয়া অয়্ ও অব্, এবং ঋ, ৠর গুণ হয়। উপান্তস্থ ই, উ, ঋর গুণ হইয়া থাকে। যথা আ-ক্ষিপ+অল্—আক্ষেপ; সং-চি+অল্—সঞ্চয়; আ-বৃত+অল্—আবর্ত্ত; ইত্যাদি।

তৃন্ প্রত্যয়।

ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে তৃন্ প্রত্যয় হয়। যে স্থানে কর্ত্তা কারক বাচ্য অর্থাৎ বিশেষ রূপে কথিত হয় তখন তাহাকে কর্ত্তৃবাচ্য বলা যায়। তৃনের ন ইৎ যায়, ঐ ইৎ ভাগের ফল কেবল সংজ্ঞা মাত্র। তৃন্ প্রত্যয় যোগে

❋ ই, ঈ, স্থানে এ; উ, ঊ, স্থানে ও; ঋ ৠ স্থানে অর হওয়ার নাম গুণ বলিয়া প্রসিদ্ধ।

ধাতুর উপান্তস্থ ও অন্তস্থ ইঈ, উঊ, ঋৠ প্রভৃতির গুণ হয় যথা, জি+তৃন— জেতা; পরি-নী+তৃন -পরিণেতা; স্তু+তৃন—স্তবিতা; কৃ+তৃন—কর্ত্তা; বিদ+তৃন—বেত্তা; হু+তৃন—হোতা ইত্যাদি।

ণক প্রত্যয়।

ধাতুর পর কর্ত্তৃ বাচ্যে ণক প্রত্যয় হয়। ণক প্রত্যয়ের অক থাকে, ণ্ ইৎ যায়। মূর্দ্ধন্য ণ ইৎ যাওয়ার ফল বৃদ্ধি অর্থাৎ ধাতুর উপান্তিম অ স্থানে আ, ও ইকারাদির গুণ হয়, এবং ই কারাদি অন্ত্য স্বরের বৃদ্ধি হয় অর্থাৎ ই কারের (ইকার শব্দে ই, ঈ, উভয় বুঝায়) বৃদ্ধি ঐকার হইয়া পরে আয় হয়, উ কারের বৃদ্ধি ঔ কার হইয়া পরে আব্ হয়, ঋ কারের বৃদ্ধি আর হইয়া পরে হল বর্ণ থাকিলে র তাহার মস্তকে যায়, বিশেষতঃ আকারান্ত ধাতুর উত্তর ণক প্রত্যয় করিলে সেই ণকারের পূর্ব্বে যকার আগম হইয়া থাকে। যথা, পচ+ণক—পাচক; নী+ণক—নায়ক; ছিদ+ণক—ছেদক; বুধ+ণক—বোধক, পূ+ণক—পাবক; নৃত + ণক—নর্ত্তক; বি-ধা+ণক—বিধায়ক; কৃ+ণক—কারক ইত্যাদি।

ণিন্ প্রত্যয়।

ধাতুর উত্তর কর্ত্তৃ বাচ্যে ণিন্ প্রত্যয় হয়। ণিন্ প্রত্যয়ের ণ্ ইৎ যায় ইন্ থাকে। মূর্দ্ধন্য ণ্ ইৎ যাইবার ফল বৃদ্ধি, অর্থাৎ ধাতুর অন্ত্য ইকার, উকারের বৃদ্ধি হইয়া পরে আয়, আব ও ঋকারের বৃদ্ধি আর হয় এবং উপান্তের অ আ, ও ইকারাদির গুণ হয় এবং আদন্তধাতুর পর ণিন্ হইলে তাহার পূর্ব্বে যকার আগম হইয়া থাকে। যথা, শী+ণিন্—শায়ী; ভূ+ণিন্—ভাবী; পরি-শ্রম+ণিন্—পরিশ্রমী; কৃ+ণিন্—কারী; ভিদ+ণিন্—ভেদী; স্থা+ণিন্—স্থায়ী; দা+ণিন্—দায়ী; ইত্যাদি।

ঘঞ প্রত্যয়।

ধাতুর পর ঘঞ প্রত্যয় হয় ভাব বাচ্যে। ঘঞ প্রত্যয়ের ঘ্ঞ্ ইৎ যায় কেবল অ মাত্র থাকে। ঘ্ইৎ যাইবার ফল, ধাতুর চ, জ স্থানে ক, গ হয়, ঞ ইৎ ফল, বৃদ্ধি। ঘঞ প্রত্যয় করিলে ধাতুর অন্ত্য বর্ণের পূর্ব্বস্থ অ, আ হয়, ই, উ স্থানে এ, ও হয় এবং ঋ স্থানে আর হয়। অন্ত্য ইকারের বৃদ্ধি হইয়া পরে আয়্, অন্ত্য উ কারের বৃদ্ধি হইয়া পরে আব্ এবং অন্ত্য ঋকারের বৃদ্ধি আর হয়। যথা, বদ+ঘঞ—বাদ; যুজ+ঘঞ—যোগ; পচ+ঘঞ—পাক; অধি-ই+ঘঞ—অধ্যায়; স্মৃ+ঘঞ—স্মার; ইত্যাদি।

ক্তি প্রত্যয়।

সকল ধাতুর পর ভাব বাচ্যে ক্তি প্রত্যয় হয়। ক্তি প্রত্যয়ের তি মাত্র থাকে, ক ইৎ হয়। ক ইৎ ফল গুণ নিষেধ হইয়া থাকে। ক্তি প্রত্যয়ের তি কখন কখন ধাতুর সহিত সংযুক্ত হইয়া ব্যবহৃত হয়। কখন বা ক্তি প্রত্যয় পরে ধাতুর অন্তের ন ও ম লুপ্ত হয়, আবার কখন বা ক্তি প্রত্যয় হইলে ধাতুর অন্ত্য ম স্থানে ন এবং অন্ত্য বর্ণের পূর্ব্ব হ্রস্ব স্বর দীর্ঘ হয়। বিশেষতঃ ঐকারান্ত ধাতুর পর ক্তি প্রত্যয় করিলে তির তস্থানে ন ও ধাতুর ঐ কার স্থানে আকার হয়।

যথা, স্মৃ+ক্তি—স্মৃতি; দৃশ+ক্তি—দৃষ্টি; শক+ক্তি—শক্তি; গম+ক্তি—গতি; যম+ক্তি—যতি; শ্রম+ক্তি—শ্রান্তি; ক্লম+ক্তি—ক্লান্তি; গ্লৈ+ক্তি—গ্লানি; ম্লৈ+ক্তি—ম্লানি; হা+ক্তি—হানি; ইত্যাদি।

অন প্রত্যয়।

কতক গুলি ঞ্যন্ত ধাতুর (যে ধাতুর পর ঞি প্রত্যয় হয় তাহাকে ঞ্যন্ত ধাতু কহে) উত্তর কর্ত্তৃ বাচ্যে অন প্রত্যয় হয়। কোন কোন অন প্রত্যয়ান্ত শব্দ স্ত্রী লিঙ্গ শব্দের ন্যায় আ যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা, নন্দ ঞি + অন — নন্দন; নশ-ঞি + অন — নাশন; ভূ ঞি + অন — ভাবনা; বিদ + অন — বেদনা; গৈ + অন — গায়ন; হন-ঞি + অন — ঘাতন; ইত্যাদি।

ষণ্ প্রত্যয়।

বিশেষ্য বা বিশেষণ অথবা অব্যয় শব্দ পূর্ব্বে থাকে এরূপ ধাতুর পর কর্ত্তৃ বাচ্যে ষণ্ প্রত্যয় হয়। ষণ্ প্রত্যয়ের ষণ্ ইৎ যায়, অ মাত্র থাকে। ষ্ণ্ ইৎ যাইবার ফল স্ত্রীলিঙ্গে ঈপ্, এবং ধাতুর অন্ত্য ইকারাদির বৃদ্ধি হয়। যথা, মালা-কৃ + ষণ্ — মালাকার; কুম্ভ-কৃ + ষণ্ — কুম্ভকার; ইত্যাদি।

ক্ত প্রত্যয়।

ধাতুর উত্তর কর্ত্তৃ বাচ্যে ও কর্ম্মবাচ্যে এবং ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয়। ক্ত প্রত্যয়ের ক ইৎ হয় ত থাকে। ক ইৎ ফল গুণ নিষেধ। ক্ত প্রত্যয় পরে ধাতুর ন, ও মর লোপ হয়। এবং কোন কোন ধাতুর উত্তর ক্ত প্রত্যয় করিলে ক্তর ত স্থানে এবং ধাতুর অন্ত্য বর্ণ স্থানে ন হয়। অন্যান্য বর্ণ হইয়াও সংযুক্ত হইয়া থাকে। যথা, জি + ক্ত — জিত; গম + ক্ত — গত; হন + ক্ত — হত; ভিদ +

ক্ত — ভিন্ন ; ছিদ + ক্ত — ছিন্ন ; ক্রুধ + ক্ত — ক্রুদ্ধ ; দৃশ + ক্ত — দৃষ্ট ; আ-সদ + ক্ত — আসন্ন ; ভুজ + ক্ত — ভুগ্ন ; রুজ + ক্ত — রুগ্ন ; স্তন্ভ + ক্ত — স্তব্ধ ; বহ + ক্ত — ঊঢ় ; যজ + ক্ত — ইষ্ট ; ইত্যাদি।

তব্য প্রত্যয়।

কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর তব্য প্রত্যয় হয়। তব্য প্রত্যয় যোগে ধাতুর অন্ত্য ও উপান্তের ইকাদির গুণ, এবং কোথায় কোথায় তব্য প্রত্যয়ের পূর্ব্বে ইকার আগম হয়। যথা, ভূ + তব্য — ভবিতব্য ; জি + তব্য — জেতব্য ; পূজ + তব্য — পুজিতব্য ; দৃশ + তব্য — দ্রষ্টব্য ; বিদ+তব্য—বেদিতব্য , ইত্যাদি।

অনীয় প্রত্যয়।

ধাতুর উত্তর অনীয় প্রত্যয় হয় কর্ম্মবাচ্যে। অনীয় প্রত্যয় হইলে অন্ত্য ইকার এবং উকারের গুণ হইয়া পরে অয়্, অব্, এবং ঋকারের গুণ অর হয়। উপান্তিম ইকারাদির গুণ হয়। যথা, গম+অনীয়—গমনীয় ; স্মৃ+অনীয়—স্মরণীয় ; ছিদ+অনীয় -ছেদনীয় ; শ্রু+অনীয়—শ্রবণীয় ; আদৃ+অনীয়—আদরণীয় ; ইত্যাদি।

য প্রত্যয়।

ধাতুর পর কর্ম্মবাচ্যে য প্রত্যয় হয়। য প্রত্যয় হইলে ধাতুর অন্ত্য ইকারাদির গুণ হয়, ও অন্ত্য ন ও অবর্ণের (অবর্ণ শব্দে অ, এবং আ বুঝায়) পরিবর্ত্তে একার হয়। জি+য—জেয় ; শ্রু+য—শ্রব্য ; পা+য—পেয় ; খন+য—খেয় ; ভিদ+য—ভেদ্য ;পরি-জ্ঞা+য—পরিজ্ঞেয় ; ইত্যাদি।

ক্যপ প্রত্যয়।

কতকগুলি ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ক্যপ প্রত্যয় হয়। ক্যপ প্রত্যয়ের ক্ প্ ইৎযায়। কইৎফল গুণ নিষেধ এবং পইৎফল হ্রস্বান্ত ধাতুর উত্তর তন হয়। যথা, ভৃ+ক্যপ—ভৃত্য ; প্রাতর-কৃ+ক্যপ —প্রাতঃকৃত্য ; হন+ক্যপ —হত্যা ; শাস+ক্যপ—শিষ্য ; পরি-চর +ক্যপ —পরিচর্য্যা ; বিদ+ক্যপ—বিদ্যা ; শী +ক্যপ —শয্যা ; ইত্যাদি।

ঘ্যণ প্রত্যয়।

ধাতুর উত্তর ঘ্যণ প্রত্যয় হয় কর্ম্মবাচ্যে। ঘ্যণ প্রত্যয়ের ঘ্ ণ্ ইৎ যায় কেবল য থাকে। ঘ ইৎ যাইয়া ধাতুর চ, জ স্থানে ক, গ হয়, ণ ইৎ হইয়া ধাতুর অন্ত্য ইকার ও উকারের বৃদ্ধি হইয়া আয়, আব, এবং অন্ত্য ঋর বৃদ্ধি আর হয়। উপান্ত্য অর পরিবর্ত্তে আ হয়, এবং ইকারাদির গুণ হয়। যথা, কৃ + ঘ্যণ — কার্য্য ; ভিদ + ঘ্যণ — ভেদ্য ; শ্রু + ঘ্যণ — শ্রাব্য ; বচ + ঘ্যণ — বাক্য ; খদ + ঘ্যণ — খাদ্য ; দুহ + ঘ্যণ — দোহ্য ; কম + ঘ্যণ — কাম্য ; ভজ + ঘ্যণ — ভাগ্য ; যুজ + ঘ্যণ — যোগ্য ; ইত্যাদি।

শতৃ প্রত্যয়।

কতকগুলি ধাতুর উত্তর শতৃ প্রত্যয় হয়। শতৃ প্রত্যয়ের শ্ ঋ ইৎ যায়, কেবল অৎ থাকে। শ ইৎ হইয়া ধাতুর রসংজ্ঞা হইলে গুণের সম্ভাবনা থাকিলে গুণ হইবে এবং ঋ ইৎ হইয়া স্ত্রীলিঙ্গ শব্দ হইলে ঈপ হইবেক। যথা, ভূ + শতৃ — ভবৎ ; জ্বল + শতৃ — জ্বলৎ ; জীব + শতৃ — জীবৎ ; চল + শতৃ — চলৎ ; ইত্যাদি।

শান প্রত্যয়।

বর্ত্তমানকালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে শান প্রত্যয় হয়। শান প্রত্যয়ের শ্ ইৎ যায় আন থাকে। শ ইৎ হইয়া র সংজ্ঞা হয়, পরে গুণ অর্থাৎ ইকার ও উকারের স্থানে এ, এবং ও হইয়া পরে অয়, অব এবং ঋর গুণ অর হয়। কতকগুলি ধাতুর পর শান প্রত্যয় করিলে তাহার আন স্থানে মান হইয়া থাকে। কিন্তু কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর শান প্রত্যয় হইলে তাহার পূর্ব্বে যকারের আগম হয় এবং আন স্থানে মান হয়। কদাচিৎ আনর পরিবর্ত্তে ঈন ; এবং আদন্ত ধাতুর আ স্থানে ঈ, তৎপরে যকারের আগম হয়। যথা, শী + শান — শয়ান ; বৃত +শান — বর্ত্তমান ; বৃধ + শান — বর্দ্ধমান ; কৃ + শান — ক্রিয়মাণ , মৃ + শান — ম্রিয়মাণ ; আস + শান — আসীন ; বশ + শান — বশীন ; দৃশ + শান — দৃশ্যমান ; বিদ + শান — বিদ্যমান ; দা + শান — দীয়মান ; পা + শান — পীয় মান, ইত্যাদি।

ঙ প্রত্যয়।

কতক গুলি ধাতুর পর ঙ প্রত্যয় হয়। ঙ প্রত্যয়ের ঙ ইৎ যায় অ থাকে। ঙ প্রত্যয়ের ফল গুণ নিষেধ। কতক গুলি ধাতুর উত্তর ঙ প্রত্যয় করিলে স্ত্রীলিঙ্গের ন্যায় শব্দের পর আ যুক্ত হইয়া ব্যবহার হয়। যথা, কৃপ + ঙ — কৃপা ; ত্বর + ঙ — ত্বরা ; পীড় + ঙ — পীড়া ; আ-খ্যা + ঙ — আখ্যা ; সেব + ঙ — সেবা ; ক্রীড় + ঙ — ক্রীড়া ; ইত্যাদি।

সন্ প্রত্যয়।

ইচ্ছা অর্থে ধাতুর স্থানে সন্ প্রত্যয় হয়। সন্ প্রত্যয়ের স থাকে, ন্ ইৎ যায়, তাহার ফল ধাতুর অন্তে স হয়। সন্ প্রত্যয় করিলে আরও এক প্রত্যয় যোগ হইয়া থাকে। সন্ প্রত্যয় পরে ধাতুর এক স্বরের সহিত আদ্য বর্ণের দ্বিত্ব অর্থাৎ তাহা দুইটা হয়। সেই দ্বিত্বের ঋ স্থানে অ, ক থাকিলে তাহার স্থানে চ, গ স্থানে জ, ভ স্থানে ব, এবং ধ স্থানে দ হয়। বিশেষতঃ সন্ প্রত্যয় পরে দা ধাতুর পরিবর্ত্তে দিৎ, লভ ধাতুর পরিবর্ত্তে লীপ্, এবং আপ প্রভৃতি ধাতুর পরিবর্ত্তে ঈপ্ প্রভৃতি হয়। যথা, পা + সন্-ঙ — পিপাসা; জ্ঞা + সন্ ঙ — জিজ্ঞাসা; উপ-কৃ + সন্-ঙ — উপচিকীর্ষা; গুপ + সন্-ঙ — জুগুপ্সা; ভুজ + সন্-ঙ — বুভুক্ষা; হন + সন্-ঙ — জিঘাংসা, দা + সন্-ঙ — দিৎসা; লভ + সন্ ঙ — লীপ্সা; বি-আপ + সন্ ঙ — বীপ্সা; প্রতি-বি-ধা + সন্ ঙ — প্রতিবিধিৎসা; ইত্যাদি।

ক্বিপ্ প্রত্যয়।

ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্বিপ্ প্রত্যয় হয়। ক্বিপ্ প্রত্যয়ের কিছুই থাকে না। ক্বিপ্ প্রত্যয় হইলে বচ প্রভৃতি কতকগুলি ধাতুর অকারের স্থানে আকার ও চ স্থানে ক, জ স্থানে ক, ও শ স্থানেও ক হয়। যথা, বচ + ক্বিপ্ — বাক্; আখু ভুজ + ক্বিপ্ — আখুভুক্; দৃশ + ক্বিপ্ — দৃক্; তদ-দৃশ + ক্বিপ্ — তাদৃশ; ইত্যাদি।

এতদ্ব্যতিরিক্ত ট প্রত্যয়ের ট্ যায় অ থাকে, তাহার ফল স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা ভয়ঙ্কর। ক্ষেমঙ্কর ইত্যাদি। টক্ প্রত্যয়ের ট্ ক্ ইৎ যায়, অ থাকে, ফল স্ত্রীলিঙ্গে ঈপ ও গুণ নিষেধ। যথা জলচর; ইদম-দৃশ + টক্ — ঈদৃশ; কিম-দৃশ + টক্ — কীদৃশ; বন-চর + টক্ — বনচর; ইত্যাদি। ক প্রত্যয়ের ক ইৎ যাইয়া অ থাকে, ফল গুণ নিষেধ। যথা, বুধ + ক — বুধ; ভূ-রুহ + ক — ভূরুহ; ইত্যাদি। খশ্ প্রত্যয়ের খ্ শ্ ইৎ যায় অ থাকে, ফল মন হয় এবং র সংজ্ঞা হয়। মনের ন যায় অন্ত্য বর্ণের পূর্ব্বে ম হয় এবং মন হইলে অন্তে যকারের আগম হয়। যথা, কৃতার্থ-মন + খশ্ — কৃতার্থম্মন্য; ধন্য মন + খশ্ — ধন্যম্মন্য; ইত্যাদি। খ প্রত্যয়ের খ্ ইৎ যায় অ থাকে। তাহার ফল মন এবং গুণ হয়, মনের ন গিয়া অন্ত্য বর্ণের পূর্ব্বে ম হয়। যথা, প্রিয়-বদ + খ — প্রিয়ম্বদ; বিশ্ব-ভৃ + খ — বিশ্বম্ভর; বসু-ধৃ + খ — বসুন্ধরা; ধন-জি + খ — ধনঞ্জয়; স্বয়-বৃ + খ — স্বয়ম্বরা ইত্যাদি।

ড প্রত্যয়ের ড ইৎ গিয়া অ থাকে। তাহার ফল পূর্ব্বের টির (১) লোপ হয় অর্থাৎ অন্ত্য স্বরবর্ণ ও তাহার পর যে যে হলবর্ণ থাকিবে তাহার লোপ হয় অর্থাৎ তাহা থাকে না। কিন্তু ড প্রত্যয় করিলে কখন কখন বিকল্পে মন হয় অর্থাৎ এক বার হয় একবার হয় না, এবং ড ইৎ ফলও বিকল্পে হয়। যথা জল-দা + ড — জলদ; গিরি-শী + ড — গিরিশ; পার-গম + ড — পারগ; ভুজ-গম + ড — ভুজঙ্গ; ভুজঙ্গম; ভুজগ। উর-গম + ড — উরঙ্গ; উরঙ্গম; উরগ। ত্বরা-গম + ড — তুরঙ্গ; তুরঙ্গম; তুরগ; ইত্যাদি। খি প্রত্যয়ের খ্ ইৎ যায় মন হয় কেবল ই থাকে এবং গুণ হয়। যথা, আত্ম-ভৃ + খি — আত্মম্ভরি; উদর-ভৃ + খি — উদরম্ভরি; ইত্যাদি। কি প্রত্যয়ের ক্ ইৎ যায় গুণ নিষেধ হয়, ই থাকে। কি প্রত্যয় করিলে ধাতুর অন্ত্য আকারের লোপ হয় অর্থাৎ তাহা থাকে না। যথা বারি ধা + খি — বারিধি; অম্বু-ধা + খি — অম্বুধি; বি-ধা + খি — বিধি; সং-ধা + খি — সন্ধি; ইত্যাদি।

ডু প্রত্যয়ের ড ইৎ হয়, উ থাকে। ড ইৎ ফল ধাতুর অন্ত্য স্বর এবং তাহার পরস্থ হল বর্ণের লোপ হয়। যথা, শং-ভূ + ডু — শম্ভু; প্র-ভু + ডু — প্রভু; বি-ভু + ডু — বিভু; ইত্যাদি।

ক্নু প্রত্যয়ের ক থাকে না কেবল নু থাকে। কইৎফল গুণ নিষেধ হয়। যথা, গৃধ + ক্নু — গৃধ্নু; ইত্যাদি। কুর প্রত্যয়ের ক ইৎ হয় উর থাকে। তাহার ফল গুণ নিষেধ। যথা, ভিদ + কুর — ভিদুর; ছিদ + কুর — ছিদুর; বিদ + কুর — বিদুর; ইত্যাদি। ক্রু প্রত্যয়ের ক থাকে না, রু থাকে, ক গিয়া গুণ নিষেধ হয়। যথা, ভী + ক্রু — ভীরু; শত + ক্রু শক্রু; ইত্যাদি। বসু প্রত্যয়ের উকার ইৎ যায় বস্ থাকে, ঐ উকার ইৎ হইয়া স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা, বিদ + বসু — বিদ্বস্; ভাস + বসু — ভাস্বস্; ইত্যাদি। স্যাতৃ প্রত্যয়ের ঋকার মাত্র ইৎ যায়, স্যাৎ থাকে। ঋ ইৎ ফল স্ত্রীলিঙ্গে ঈপ। স্যাতৃ প্রত্যয় করিলে তা-

---

(১) যে ধাতুর উত্তর কোন প্রত্যয়ের ড ইৎ যায় সেই ধাতুর অন্ত্য স্বর অর্থাৎ যে স্বরের পর আর তন্মধ্যে স্বর বর্ণ নাই তাহা, এবং তৎপরস্থ যে হল বর্ণ তাহা একই হউক বা অধিকই হউক, তাহার নাম টি।

হার পূর্ব্বে ইকারের আগম এবং ধাতুর গুণ হয়। যথা, ভূ+স্যতৃ — ভবিষ্যৎ; কৃ + স্যতৃ — করিষ্যৎ; ইত্যাদি। ত্রিমক্ প্রত্যয়ের ক্ ইৎ যায় গুণ নিষেধ হয়, কেবল ত্রিম থাকে। যথা, কৃ + ত্রিমক্ — কৃত্রিম; ইত্যাদি। ক্তবতু প্রত্যয় হইলে তাহার তবৎ থাকে, ক, ও উ, ইৎ যায় তাহার ফল গুণ নিষেধ এবং স্ত্রীলিঙ্গে ঈপ। যথা, জি + ক্তবতু — জিতবৎ; কৃ + ক্তবতু — কৃতবৎ; ইত্যাদি।

ঞুক প্রত্যয়ের উক থাকে, ঞ ইৎ যায় বৃদ্ধি হয় অর্থাৎ উপাস্তিম অ, আ হয়, এবং অন্ত্য ই, উর পরিবর্ত্তে ঐ, ঔ হইয়া পরিশেষে আয়, আব হয়, ও অন্ত্য ঋ স্থানে আর হয়। যথা, গম + ঞুক — গামুক; কম + ঞুক — কামুক; ভূ + ঞুক — ভাবুক; অভিলষ + ঞুক — অভিলাষুক; বৃষ + ঞুক — বর্ষুক; ইত্যাদি।

উল্লিখিত সমস্ত প্রত্যয় ভিন্ন, ধাতুর উত্তর ইষ্ণু প্রত্যয়, আলু প্রত্যয়, অন্ত প্রত্যয়, উর প্রত্যয়, বর প্রত্যয়, র প্রত্যয়, স্যমান প্রত্যয়, ন প্রত্যয়, ইত্র প্রত্যয়, ত্র প্রত্যয়, ইস্ প্রত্যয়, অস্ প্রত্যয়, উস্ প্রত্যয়, ইত্ব প্রত্যয় প্রভৃতি হইয়া থাকে। এই সকল প্রত্যয়ের কিছুই ইৎ যায় না। সমস্তই থাকে। যদিও ধাতুর উত্তর এই সকল প্রত্যয় করিলে তাহার যখন কিছুই ইৎ হয় না, তখন প্রত্যয়ের ইৎ ফল দ্বারা যে কিরূপ পদ সিদ্ধ হয়, তাহা প্রদর্শন করা আবশ্যক নাই; তথাপি উল্লিখিত প্রত্যয়াদি করিয়া কিরূপ পদ সিদ্ধ হয় তাহাও পরিজ্ঞাত হওয়া বিধেয় বিবেচনায় এই সমস্তের কিঞ্চিৎ উদাহরণ নিম্নে প্রদর্শিত হইতেছে। যথা, সহ + ইষ্ণু — সহিষ্ণু; বৃধ + ইষ্ণু — বর্দ্ধিষ্ণু; চর + ইষ্ণু — চরিষ্ণু। জি + স্নু — জিষ্ণু। দয় + আলু — দয়ালু; নিদ্রা + আলু — নিদ্রালু; শ্রদ্ধ + আলু — শ্রদ্ধালু; শী + আলু — শয়ালু; স্পৃহি + আলু — স্পৃহয়ালু। মদ + অন্ত — মদয়ন্ত। ভঞ্জ + উর — ভঙ্গুর; ভাস + উর — ভাস্বর। নশ + বর — নশ্বর; ভাস + বর — ভাস্বর; ঈশ + বর — ঈশ্বর। হিংস + র — হিংস্র; নম + র — নম্র; চন্দি + র — চন্দ্র। বচ + স্যমান — বক্ষ্যমাণ; কৃ + স্যমান — করিষ্যমান। স্বপ + ন — স্বপ্ন; যত + ন যত্ন; যজ + ন — যজ্ঞ; প্রশ + ন — প্রশ্ন। পূ + ইত্র — পবিত্র; চর + ইত্র — চরিত্র। বস + ত্র — বস্ত্র; নী + ত্র — নেত্র। সৃপ + ইস্ — সর্পিঃ; মন + অস্ — মনঃ; চক্ষ + উস্ চক্ষুঃ; মদ + ইত্ব — মদয়িত্ব; ইত্যাদি।

তদ্ধিত প্রত্যয়।

কৃৎ প্রত্যয়ের ন্যায় তদ্ধিত প্রত্যয়ের বিষয়ও কিঞ্চিৎ পরিজ্ঞাত হওয়া নিতান্তই বিধেয়। সংস্কৃত মতে তদ্ধিত প্রত্যয়ের যে যে অংশ ইৎ যায় তাহা এবং তাহাতে কি ফলোপধায়ী হয়, বাঙ্গালা ভাষায় তাহা জানা উচিত; তজ্জন্যই তদ্বিবরণ প্রকাশ করা হইল।

শব্দের পর যে সকল প্রত্যয় করিলে শব্দই থাকে সেই সকল প্রত্যয়কেই তদ্ধিত প্রত্যয় বলা যায়।

অপত্যাদি অর্থে ষ্ণি, ষ্ণ, ষ্ণেয়, ষ্ণ্য, ষ্ণায়ন, ণীয়, ষ্ণিক প্রভৃতি প্রত্যয় হয়। বিশেষতঃ রূপান্তর বা ভাবান্তর অর্থে, ইদম অর্থাৎ এই অর্থে, এবং স্বকীয় প্রভৃতি অর্থে ষ্ণি, ষ্ণ প্রভৃতি প্রত্যয় হইয়া থাকে। ষ্ণি প্রত্যয়ের ষ্, ণ্, ইৎ যায়। মূর্দ্ধন্য ষ ইৎগিয়া স্ত্রীলিঙ্গে ঈপ হয় এবং মূর্দ্ধন্য ণ ইৎ যাইয়া মূল শব্দের আদ্যস্বরের বৃদ্ধি হয় অর্থাৎ অ থাকিলে আ, ই বা এ থাকিলে ঐ, উ বা ও থাকিলে ঔ এবং ঋ থাকিলে আর হইয়া থাকে। যথা, দশরথ + ষ্ণি — দাশরথি, অর্থাৎ দশরথের পুত্র; অগ্নিশর্ম্মন্ + ষ্ণি — আগ্নিশর্ম্মি, অর্থাৎ অগ্নিশর্ম্মার অপত্য ইত্যাদি।

ষ্ণ, ষ্ণেয়, ষ্ণ্য ষ্ণায়ন, ষ্ণিক প্রত্যয়ের ষ্ ও ণ্ ইৎ যায় তাহার ফলও ঐরূপ, অর্থাৎ স্ত্রীলিঙ্গে ঈপ এবং শব্দের আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা, হিম + ষ্ণ — হৈম; সুবর্ণ + ষ্ণ — সৌবর্ণ; বিষ্ণু + ষ্ণ — বৈষ্ণব; সুহৃদ + ষ্ণ্য — সৌহৃদ্য; সুমিত্রা + ষ্ণেয় — সৌমিত্রেয়; কৃত্তিকা + ষ্ণেয় — কার্ত্তিকেয়; গো + ষ্ণ্য — গব্য; ধীর + ষ্ণ্য — ধৈর্য্য; সুজন + ষ্ণ্য — সৌজন্য; দক্ষ + ষ্ণায়ন — দাক্ষায়ণ; স্ত্রীলিঙ্গে — দাক্ষায়ণী; তর্ক + ষ্ণিক — তার্কিক; মনস + ষ্ণিক — মানসিক; ইহ + ষ্ণিক — ঐহিক; পরত্র + ষ্ণিক — পারত্রিক; ইত্যাদি।

ণীয় প্রত্যয়ের ণ থাকে না, ঈয় ভাগ থাকে তাহার ফল বৃদ্ধি। যথা, মনু + ণীয় — মানবীয়; অস্মদ + ণীয় — মদীয়; এবং অস্মদীয়; ইত্যাদি।

ভাবার্থে তা এবং ত্ব প্রত্যয় হয়। তাহার কিছুই ইৎ হয় না। তা ও ত্ব প্রত্যয়ের একই অর্থ, বন্ধু + তা — বন্ধুতা — বা বন্ধুত্ব; সাধু + তা — সাধুতা। ইমন্ প্রত্যয়ের কিছুই ইৎ যায় না। যথা, মহৎ + ইমন — মহিমা; গুরু + ইমন গরিমা; ইত্যাদি।

শব্দের পর চৃৎ প্রত্যয় হয়, তাহার চ যায় অব্যয় হয়, কেবল বৎ থাকে। যথা, জল + চৃৎ — জলবৎ; মেঘ +

চ্বৎ — মেঘবৎ ; তৎ + চ্বৎ — তদ্বৎ ; বল + চ্বৎ — বলবৎ ইত্যাদি।

ময়ট্ প্রত্যয়ের ট যায় স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা, মৃৎ + ময়ট্ — মৃন্ময় ; এবং স্ত্রীলিঙ্গে — মৃন্ময়ী ; জ্যোতিস্ + ময়ট্ — জ্যোতির্ম্ময় ; জ্যোতির্ম্ময়ী ; দারুময় ; দারুময়ী ; পাষাণময় ; পাষাণময়ী ; স্বর্ণময় ; স্বর্ণময়ী ; তেজোময় ; তেজোময়ী ; ইত্যাদি।

চ্বি প্রত্যয়ের চ্ থাকে না, অব্যয় হয়। যথা, বশ + চ্বি কৃ-ক্ত — বশীকৃত ; দৃঢ় + চ্বি ভূ-ক্ত — দৃঢ়ীভূত ; স্ব + চ্বি-কৃ-ঘঞ — স্বীকার ইত্যাদি।

অস্ত্যর্থে মতু প্রত্যয় হয়, তাহার উ থাকে না, তাহার ফল স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা, শ্রী + মতু — শ্রীমান ; স্ত্রীলিঙ্গে শ্রীমতী ; চক্ষুষ্ + মতু — চক্ষুষ্মান্ ;। ঐরূপ অস্ত্যর্থে বতু হয় তাহারও উ থাকে না স্ত্রীলিঙ্গে ঈপ হয়। জ্ঞান + বতু — জ্ঞানবান্ ; স্ত্রীলিঙ্গে জ্ঞানবতী ; যশস্ + বতু — যশস্বান্ ; স্ত্রীলিঙ্গে যশস্বতী ; বিদ্যা + বতু — বিদ্যাবান্ ; এবং স্ত্রীলিঙ্গে বিদ্যাবতী ; ইত্যাদি।

ঈয়সু প্রত্যয়ের উ যায় স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা, মেধাবিন্ + ঈয়সু — মেধীয়ান্ ; পাপিন্ + ঈয়সু — পাপীয়ান্ ইত্যাদি। চশস্ প্রত্যয়ের চ থাকেনা অব্যয় হয়। যথা, ক্রম + চশস্ — ক্রমশঃ ; অল্প + চশস্ — অল্পশঃ ; স্তোক + চশস্ — স্তোকশঃ ইত্যাদি। চসাৎ প্রত্যয়ের চ যায় অব্যয় হয়। যথা, জল + চসাৎ — জলসাৎ ; আত্ম + চসাৎ — আত্মসাৎ ; অগ্নি + চসাৎ — অগ্নিসাৎ ইত্যাদি।

ত্যণ্ প্রত্যয়ের ণ্ ইৎ হইয়া আদ্য স্বরের বৃদ্ধি হয়। যথা, দক্ষিণ + ত্যণ্ — দাক্ষিণাত্য ; পশ্চিম + ত্যণ্ — পাশ্চাত্য ; ইত্যাদি।

থট্, মট্, তমট্ তয়ট্, অয়ট্, প্রত্যয়ের ট ইৎ যায় স্ত্রীলিঙ্গে ঈপ হয়। যথা, চতুর + থট্ — চতুর্থ ; ষস্ + থট্ — ষষ্ঠ। পঞ্চন্ + মট্ — পঞ্চম ; অষ্টন্ + মট্ — অষ্টম ; ষষ্ঠি + তমট্ — ষষ্ঠিতম ; নবতি + তমট্ — নবতিতম ; দ্বি + তয়ট্ — দ্বিতয় ; চতুর + তয়ট্ — চতুষ্টয় ; দ্বি + অয়ট্ — দ্বয় ; ত্রি + অয়ট্ — ত্রয় ; ইত্যাদি।

ধাচ্ এবং থাচ্ প্রত্যয়ের চ যায় অব্যয় হয়। যথা, দ্বি+ ধাচ্ — দ্বিধা ; (দ্বৈধ নিপাতনে সিদ্ধ) ত্রি + ধাচ্ — ত্রিধা ; দশধা ; ইত্যাদি। সর্ব্ব + থাচ্ — সর্ব্বথা ; তদ + থাচ্ — তথা ; অন্য + থাচ — অন্যথা ; যথা ; ইত্যাদি।

ঈন এবং কণ্ প্রত্যয়ের ণ্ ইৎ যাইয়া আদ্যস্বরের বৃদ্ধি হয়। যথা, প্রাচ্ + ঈন — প্রাচীন। পিতৃ + কণ্ — পৈতৃক ইত্যাদি।

ডুল প্রত্যয়ের ড, ডট্ প্রত্যয়ের ড্ ট্ ইৎ যায়। ট্ ইৎ ফল স্ত্রীলিঙ্গে ঈপ, ড্ ইৎ ফল পূর্ব্ব টির লোপ হয়। অর্থাৎ অন্ত্য স্বরবর্ণ, ও তাহার পর যে সকল হলবর্ণ থাকে তাহা থাকে না। মাতৃ + ডুল — মাতুল ; একাদশন্ + ডট্ — একাদশ ; দ্বাদশন্ + ডট — দ্বাদশ ; ইত্যাদি।

সুচ্ প্রত্যয়ের স্ মাত্র থাকে। চ ইৎ যায় অব্যয় হয়, উ যায় ঈপ হয়। যথা, দ্বি + সুচ্ — দ্বিঃ ; ত্রি + সুচ্ — ত্রিঃ ; ইত্যাদি।

এতদ্ব্যতিরিক্ত শব্দের পর ইয়, বিন্, ইন্, মিন্, ইন, বল, শালীন্, উর, র, উল, ল, শ, চিৎ, ব, তর, তম, ইষ্ঠ, কল্প, চর, ত্র, ইত, ব্য, মাত্র, তস্, দা, দানীং, হ, ত্য, তন, ম, তীয়, প্রভৃতি প্রত্যয়ের কিছুই ইৎ যায় না, কিন্তু এই সকল প্রত্যয় শব্দের উত্তর প্রয়োগ হইয়া কিরূপ প্রকার পদ সিদ্ধ হইবেক তাহা পরিজ্ঞাত হওয়া বিধের বিবেচনায়, ঐ সমস্ত প্রত্যয়ান্ত কতকগুলি পদ নিম্নে প্রদর্শিত হইতেছে।

যথা, ক্ষত্র + ইয় — ক্ষত্রিয় ; শ্রোত্র + ইয় — শ্রোত্রিয় ইত্যাদি। স্রক্ + বিন্ — স্রগ্বী ; মেধা + বিন্ — মেধাবী ; মায়া + বিন্ — মায়াবী ; যশস্ + বিন্ — যশস্বী ; তেজস্ + বিন্ — তেজস্বী ; ইত্যাদি। ধন + ইন্ — ধনী ; মান + ইন্ — মানী ; কর + ইন্ — করী ; কেসর + ইন্ — কেসরী ; হস্ত + ইন্ — হস্তী ; ইত্যাদি। স্ব + মিন্ — স্বামী ; বাচ + মিন্ — বাগ্মী ; ইত্যাদি। মল + ইন — মলিন ; ইত্যাদি।

কৃষি + বল — কৃষীবল ; রজস্ + বল — রজস্বল, (স্ত্রীলিঙ্গে রজস্বলা) ইত্যাদি। ধন + শালীন্ — ধনশালী ; বিদ্যা + শালীন্ — বিদ্যাশালী ; শ্রী + শালীন্ — শ্রীশালী ; ইত্যাদি। দন্ত + উর — দন্তুর ; ইত্যাদি। মধু + র — মধুর ; ইত্যাদি। বাত + উল — বাতুল ; ইত্যাদি। চূড়া + ল — চূড়াল ; বহু + ল — বহুল ; ইত্যাদি।

রোম + শ — রোমশ ; লোম + শ — লোমশ ; ইত্যাদি। কিং + চিৎ — কিঞ্চিৎ ; ইত্যাদি। কেশ + ব — কেশব ; ইত্যাদি। বিজ্ঞ + তর — বিজ্ঞতর ; বিদ্বস্ + তর — বিদ্বত্তর ; মূর্খ + তর — মূর্খতর ; অন্য + তর — অন্যতর ; ইত্যাদি। বিদ্বস্ + তম — বিদ্বত্তম ; মূর্খ +

তম — মূর্খতম ; বিজ্ঞ + তম — বিজ্ঞতম ; অন্য + তম — অন্যতম ; এইরূপ — একতর ; অর্থাৎ দুয়ের মধ্যে এক। একতম ; অর্থাৎ বহুর মধ্যে এক। মান্যতর ; অর্থাৎ দুয়ের মধ্যে মান্য। মান্যতম ; অর্থাৎ অনেকের মধ্যে মান্য। নির্ব্বোধতর ; অর্থাৎ দুয়ের মধ্যে নির্ব্বোধ। নির্ব্বোধতম ; অনেকের মধ্যে নির্ব্বোধ। গণ্যতর ; অর্থাৎ দুয়ের মধ্যে গণ্য। গণ্যতম ; অর্থাৎ অনেকের মধ্যে গণ্য। গ্রাহ্যতর ; অর্থাৎ দুয়ের মধ্যে গ্রাহ্য। গ্রাহ্যতম ; অর্থাৎ অনেকের মধ্যে গ্রাহ্য ; ইত্যাদি।

মেধাবিন্ + ইষ্ঠ — মেধিষ্ঠ ; (অর্থাৎ দুই বা বহুর মধ্যে বুদ্ধিমান) পাপিন্ + ইষ্ঠ — পাপিষ্ঠ ; (অর্থাৎ দুই বা বহুর মধ্যে পাপী) বৃদ্ধ + ইষ্ঠ — জ্যেষ্ঠ ; প্রশস্য + ইষ্ঠ — জ্যেষ্ঠ ; পৃথু + ইষ্ঠ — প্রথিষ্ঠ ; যুবন্ + ইষ্ঠ — যবিষ্ঠ ; যুবন্ + ইষ্ঠ — কনিষ্ঠ ; এইরূপ লঘিষ্ঠ ; দুই বা বহুর মধ্যে লঘু। প্রথিষ্ঠ ; দুই বা বহুর মধ্যে বিশাল। বিদ্বস্ + কল্প — বিদ্বৎকল্প ; শ্রেয়স্ + কল্প — শ্রেয়ঃকল্প ; ইত্যাদি। আঢ্য + চর — আঢ্যচর ; ইত্যাদি।

দেব + ত্র — দেবত্র ; যদ্ + ত্র — যত্র ; কিম্ + ত্র — কুত্র ; ইদম + ত্র — অত্র ; এইরূপ ব্রহ্মত্র ; ব্রাহ্মণকে প্রদত্ত। সর্ব্বত্র ; সকল স্থানে। তত্র ; তথায়। একত্র ; এক স্থানে। বহুত্র ; অনেক স্থানে ; ইত্যাদি। ফল + ইত — ফলিত ; পিতৃ + ব্য — পিতৃব্য ; কিঞ্চিৎ + মাত্র — কিঞ্চিন্মাত্র ; তৎ + মাত্র — তন্মাত্র ; এতৎ + মাত্র — এতন্মাত্র ; ইত্যাদি।

বিশেষ + তস্ — বিশেষতঃ ; স্বভাব + তস্ — স্বভাবতঃ ; সর্ব্ব + তস্ — সর্ব্বতঃ ; কিম্ + তস্ — কুতঃ ; ইদম + তস্ — ইতঃ ; তদ্ + তস্ — ততঃ ; ইত্যাদি। কিম্ + দা — কদা ; এক + দা — একদা ; যদ + দা — যদা ; ইত্যাদি।

তদ + দানীং — তদানীং ; ইদম + দানীং — ইদানীং ; ইত্যাদি। ইদম + হ — ইহ ; ইত্যাদি। যত্র + ত্য — যত্রত্য ; তত্র + ত্য — তত্রত্য ; অত্র + ত্য — অত্রত্য ; ইত্যাদি।

পূর্ব্ব + তন — পূর্ব্বতন ; সনা + তন — সনাতন ; নূ + তন — নূতন ; অদ্য + তন — অদ্যতন ইত্যাদি। আদি + ম — আদিম ; মধ্য + ম — মধ্যম ; ইত্যাদি। দ্বি + তীয় — দ্বিতীয় ; তৃ + তীয় — তৃতীয় ; ইত্যাদি।

কতকগুলি আদেশ শব্দে (অর্থাৎ একরূপ বর্ণের স্থানে বর্ণান্তর হইয়া) পদ সিদ্ধ হইয়াছে। তন্মধ্যে কতকগুলির উদাহরণ নিম্নে প্রদর্শিত হইল। কিন্তু ইহা এই নিয়মে সংস্থাপিত হইল যে প্রথমে মূল শব্দ, পরে আদেশ শব্দ অর্থাৎ তাহার স্থানে যাহা আদেশ হইয়াছে, তৎপরে প্রত্যয়, তৎপরে সিদ্ধ পদ, তৎপরে তাহার অর্থ। কিন্তু প্রত্যেকের পর এক একটি ড্যাস্ অর্থাৎ সমান রেখা থাকিল, সকল শেষ হইলে সেমিকোলেন চিহ্ন দেওয়া হইল।

স্থূল — স্থব — ইষ্ঠ — স্থবিষ্ঠ — মাংসল ; দূর — দব — ইষ্ঠ — দবিষ্ঠ — সুদূর ; ক্ষুদ্র — ক্ষোদ — ইষ্ঠ — ক্ষোদিষ্ঠ — অতি ছোট ; স্থির — স্থ — ইষ্ঠ — স্থেষ্ঠ — অতি স্থির ; বহুল — বংহ — ইষ্ঠ — বংহিষ্ঠ — অনেক ; হ্রস্ব — হ্রস — ইষ্ঠ — হ্রসিষ্ঠ — অত্যন্ত খর্ব্ব ; প্রশস্য — শ্র — ইষ্ঠ — শ্রেষ্ঠ — প্রধান ; বাঢ় — সাধ — ঈয়স্ু — সাধীয়ান্ — অত্যন্ত সাধু ; যুবন — যব — ঈয়স্ু — যবীয়ান্ — অত্যন্ত ক্ষুদ্র ; প্রিয় — প্র — ঈয়স্ু — প্রেয়সী (স্ত্রী) — প্রিয়তমা ; বৃদ্ধ — বর্ষ — ঈয়স্ু — বর্ষীয়ান্ — অতি প্রাচীন ; বৃদ্ধা — বর্ষ — ঈয়স্ু — বর্ষীয়সী — অতি প্রাচীনা ; ইদম — অধু — না — অধুনা — এই কালে ; দীর্ঘ — দ্রাঘ — ইমন্ — দ্রাঘিমা — দীর্ঘত্ব ; গুরু — গর — ইমন্ — গরিমা — অহঙ্কার ; ইত্যাদি।

অ, পু. (ব্য). আদ্যাস্বর ; অভাব ; বিষ্ণু ; ভিন্ন ; আক্ষেপোক্তি ; অল্প ; নিষেধ ; অপ্রশস্ত ; কুৎসিত ; বিরুদ্ধ ; ঈষৎ ; সদৃশ। যে শব্দের পূর্ব্বে থাকে তাহার অর্থের অন্যথা হয়, যথা — অকর্ম্মণ্য, অর্থাৎ কর্ম্মের অনুপযুক্ত ; অব্রাহ্মণ, অর্থাৎ যে ব্যক্তি ব্রাহ্মণ নহে। বিভিন্ন এবং সাদৃশ্যের ভাবার্থ বোধক স্বরবর্ণের পূর্ব্ব অ ব্যবহার না হইয়া অন হয়। যেমন অধিক, অনধিক ; অন্ত, অনন্ত ; অতি, অনতি ইত্যাদি।

অই, ত্রি. বিণ. পূর্ব্বস্মৃত ; দৃষ্টিগোচর ; সম্মুখস্থিত ; সমক্ষে উপস্থিত ; ওখানে ; পুরোবর্ত্তী ; নয়নাগ্রবর্ত্তী ; আশ্চর্য্য হওন।

অইন্, ক্লী. বি. ক্ষুদ্রগাছ ; মদ্য বিশেষ।

অঋণী, ত্রি. বিণ. (অ-ঋণ, গতি, ণিন্) ঋণরহিত ; যে ব্যক্তি ঋণ গ্রস্ত নয় ; যাহার-দেনা নাই।

অওঘর্ষণ, ক্লী. বি. (অব-ঘৃষ, ঘর্ষণ, অনট) সঙ্গীত সময়ে স্বরের একতা।

অওরো, পু. বি. (অব-রুহ, গতি, ডো) অতি বর্ণ ; অষ্টমস্বর হইতে ক্রমে ক্রমে নামান।

অংশ, পু. বি. (অংশ, ভাগ, অল,) ভাগ ; বিলী ; বণ্টন ; পৃথক ; খণ্ড ; স্কন্ধ ; বিভাগ।

অংশক, পু. বি. (অংশ, ভাগ, ণক) জ্ঞাতি ; দায়াদ ; অংশাধি-কারী ; ভাগ ; দিন।

অংশকরণ, ক্লী. বি. (অংশ-কৃ, করা, অনট) ভাগনির্দ্দেশকরা ; বিভাগকরণ ; বণ্টন।

অংশগত, ত্রি. বিণ. (অংশ-গম, গমন, ক্ত) ভাগভুক্ত ; অংশনিষ্ঠ ; ভাগ সম্বন্ধীয়।

অংশনির্ণয়, ক্লী. বি. (অংশ-নির-নি, স্থির, অল) ভাগনিরূপণ ; ভাগ নির্দ্দেশ ; বিভাগ করণ।

অংশভাজ, পু. বি. (অংশ-ভজ, ভাগ, ঘঞ) ভাগী ; উত্তরাধিকারী ; পৈতৃকধনের ভাগাধিকারী।

অংশয়িতব্য, ত্রি. বিণ. (অংশি, ভাগ, তব্য) বিভাগের যোগ্য ; বিভাজ্য ; অংশনীয়।

অংশল, ত্রি. বিণ. (অংশ, ভাগ, ল) বলবিশিষ্ট ; বলবান ; শক্তিমন্ত ; হৃষ্টপুষ্ট ; শক্তিযুক্ত।

অংশহর, ত্রি. বিণ. (অংশ-হৃ, অংশ হরণ, অল) অংশহরণকারী ; অংশের অধিকারী ; ভাগী ; অংশলোপকারী ; অংশ হরণ কর্ত্তা।

অংশাংশ, পু. বি. (অংশ-অংশ, ভাগ, অ) পৃথক্ পৃথক্অংশ ; বিভাগ ; ভিন্ন ভিন্ন ভাগ ; বণ্টন ; অনেক ভাগ।

অংশাংশি, ক্লী. বি. (অংশ-অংশ, ভাগ, ই) পরস্পর ভাগ করণ ; পৃথক্ পৃথক্ অংশ করণ ; বিভাগকরণ ; বণ্টন।

অংশাকাঙ্ক্ষক, ত্রি. বিণ. (অংশ-আ-কাঙ্ক্ষ, স্পৃহা, ণক) অংশাভিলাষী ; অংশ প্রাপ্তেচ্ছু ; ভাগ পাওনাভিলাষি ব্যক্তি।

অংশাপহারক, পু. বি. (অংশ-অপ-হৃ, অংশ অপ হরণ, ণক) অংশ হরন কারী ; অংশ অপহরণ কর্ত্তা ; অংশাপহারী ; ভাগ হরন করে যে ব্যক্তি।

অংশাপেক্ষক, পু. বি. (অংশ-অপ-ঈক্ষ, দর্শন, অলক) ভাগ প্রতীক্ষক ; অংশ প্রাপ্তেচ্ছুক ; অংশ প্রাপ্তাভিলাষে অপেক্ষা করে যে ব্যক্তি।

অংশাভিলাষী, পু. বি. (অংশ-অভি-লষ, বাঞ্ছা, ইন) ভাগ প্রাপ্তেচ্ছুক ; অংশ প্রাপ্ত হইতে ইচ্ছা করে যে ব্যক্তি।

অংশিত, ত্রি. বিণ. (অংশ, ভাগ, ক্ত) বিভক্ত ; পৃথক্ কৃত ; যাহা অংশ করা হইয়াছে।

অংশিতা, স্ত্রী. বি. [অংশিন্ ভাগ, তা] ভাগিতা ; ভাগাধিকার, অংশ অধিকার করণে সম্পূর্ণক্ষমতা।

অংশিত্ব, ক্লী. বি. [অংশিন্, ভাগ, ত্ব) অংশাধিকার ; ভাগ গ্রহনের স্বত্ব।

অংশিন্, ত্রি. বিণ. (অংশ, ভাগ, ইন্) অংশ বিশিষ্ট ; অংশী ; যে ব্যক্তি ভাগ প্রাপ্ত হয়।

অংশী, ত্রি. বিণ. (অংশ, ভাগ, ইন্) ভাগী ; অংশযোগ্য ; অংশার্হ ; ভাগাধি কারী ; অংশে অধিকারবিশিষ্ট ব্যক্তি।

অংশু, পু. বি. (অংশ, ভাগ, উ) কিরণ ; সূত্রাদির অগ্র ; প্রভা ; রশ্মি ; দীপ্তি ; সূত্রাদির সূক্ষ্মাংশ ; বেশ ; সূর্য্য ; আঁশ।

অংশুক, ক্লী. বি. (অংশ, ভাগ, উক) বসন ; বস্ত্র ; সূক্ষ্মবস্ত্র ; পরিধানবস্ত্র ; উত্তরীয় বস্ত্র ; শুভ্রবস্ত্র ; তেজপত্র।

অংশুধর, পু. বি. (অংশু-ধৃ, ধারণ, অল) সূর্য্য ; অংশু অর্থাৎ কিরণ ধারন করিয়াছেন যিনি, রবি ; আদিত্য ; ভানু ; সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজা।

অংশুভর্ত্তৃ, পু. বি. (অংশু-ভৃ, ভরণ, তৃন্) সূর্য্য, রবি ; দিবাকর ; প্রভাকর ; ভাস্কর ; ভাস্বর।

অংশুমৎ, পু. বি. (অংশ, ভাগ, উ-কিরণ, মতু) সূর্য্য; দীপ্তিমান; জ্যোতিঃ পদার্থ হইতে নির্গত কিরণ; (বিণ) জ্যোতির্ব্বিশিষ্ট; প্রভাযুক্ত; কিরণযুক্ত;

অংশুমতী; স্ত্রী. বি. (অংশ, ভাগ, উ-কিরণ, মতু, -ঈ) শালপর্ণী-বৃক্ষ; শাল পাইন গাছ।

অংশুমৎফলা; স্ত্রী. বি. (অংশুমৎ-ফল, নিষ্পত্তি, ও) কদলিবৃক্ষ; কলাগাছ;

অংশুমান, পু. বি. [অংশু, কিরণ, মতু] সূর্য্য; অ-সমঞ্জ রাজপুত্র; সগর রাজার পৌত্র।

অংশুমালা, স্ত্রী. বি. (অংশু-মাল; কিরণসমূহ, আ) কিরণাবলি; জ্যোতির্ম্মালা; সূর্য্যমণ্ডল; কিরণশ্রেণী।

অংশুমালিন্, পু. বি. (অংশু-মাল, কিরণসমূহ, ইন্) সূর্য্য; ভাস্কর। [সূর্য্য; রবি; প্রভাকর।

অংশুমালী, পু. বি. (অংশু-মাল, কিরণসমূহ; ইন্)

অংশুল, পু. বি. (অংশ, উ-কিরণ, ল) চানক্য মুনি; মুনি বিশেষ; (বিণ) সুন্দর; জ্যোতির্ব্বিশিষ্ট, উজ্জ্বল; জ্যোতিঃযুক্ত; দীপ্তিমান। [দিবাকর।

অংশুবান, পু. বি. (অংশ, উ-কিরণ, বতু) সূর্য্য;

অংশুহস্ত, পু. বি. (অংশু-হস, কর, ক্ত) ভানু; দিবাকর; সূর্য্য; দিবাপতি; রবি।

অংস, পু. বি. (অসি, অংশ, অ) স্কন্ধ; কাঁধ; কন্ধর; স্কন্ধাস্থি, ভাগ; (ক্রিং) পৃথক করণ; ভাগকরণ; অংশ করণ; বন্টন।

অংসকুট, পু. বি. (অসি, মাংস, অ) ককুদ; ঘাড়ের ঝুঁটি; বৃষের পৃষ্ঠোপরি মাংসপিণ্ড।

অংসল, ত্রি. বিণ. (অসি, বল, ল) বলবান; [লুষ।

অংহ, পু. বি. (অহি, গতি, অ) পাপ; দুষ্কৃত; ক-

অংহতি, স্ত্রী. বি. (অহি, গতি, ক্তি) দান; ত্যাগ; রোগ; পীড়া; ব্যাধি; অর্পণ; জলাঞ্জলি।

অংহস্, ক্লী. বি. (অহি, গতি, অস্) দুষ্কৃত; পাপ।

অংহিতি; স্ত্রী. বি. (অহি, গতি, ই-ক্তি) দান; বিতরণ; অন্যের উদ্দেশে স্বদ্রব্যের স্বত্ব ত্যাগ।

অংহ্রি, পু. বি. (অহি, গতি, রি) চরণ; চতুর্থাংশ; পদ; বৃক্ষমূল। [পাদপ; তরু; বৃক্ষ; দ্রুম; ; গাছ;

অংহ্রিপ, পু. বি. (অংহ্রি-পা, পদ দ্বারা পান, ড)

অংহ্রিস্কন্ধ, পু. বি. (অংহ্রি-স্কন্ধ, কাঁধ, অ) গুল্‌ফ; পায়ের গোড়ালী; পায়ের গোড়মুল।

অঁকোল, পু. বি. বৃক্ষ বিশেষ; উদ্ভিজ্জ বিশেষ।

অক, (ক্রিং) (অক, কুটিল গতি, অল্) বক্র গতি করণ; বক্র গমন করণ; বাঁকা যাওন।

অ-কঙ্কর, ত্রি. বিণ. (অ-কং-কৃ, করা, অল) কঙ্করবিহীন; কাঁকর রহিত।

অ-কচ, পু. বি. (অ-কচ, কেশ, অ) কেতু গ্রহ; কেশ শূন্য মুণ্ড; নেড়া; মুণ্ডিত মস্তক; ক্রান্তিপাত চিহ্ন; পৃথিবীর ছায়া।

অকটাক্ষ, পু. বি. (অকট-অক্ষ, ঈক্ষণ, অ) নিরীক্ষণ; এক দৃষ্টে দেখন; অবলোকন; অনিমিষনেত্রে দৃষ্টিপাত।

অকটু, ত্রি. বিণ. (অ-কট, গতি, উ) সুস্বাদু, কটুতা-রহিত; যাহা কটু নয়।

অকটু কিনা, ত্রি. বিণ. অকঠিন; অপ্রতি বন্ধক;

অকঠিন, ত্রি. বিণ. (অ-কঠ, কঠিনতা, ইন) কোমল; মৃদু; নরম; কঠিনতাশূন্য; সহজ।

অকঠোর, ত্রি. বিণ. (অ - কঠ, কঠিনতা শূন্য, ওর) সহজ, অকর্কশ; সরল; অকঠিন।

অকড়িয়া, ত্রি. বিণ. (অ - কড়ি, মূল্য, নিপাতনে য়া) দরিদ্র; ধনহীন; মূল্যহীন; যাহা মূল্য বান নহে।

অকণ্টক, ত্রি. বিণ. (অ - কণ্ট, কাঁটা শূন্য, ক) কণ্টক রহিত; নিঃসপত্ন, নিরুপদ্রব; প্রতিবন্ধক শূন্য।

অকণ্ঠস্থ, ত্রি. বিণ. (অ - কণ্ঠ - স্থা, কণ্ঠায় স্থিতিবিহীন, ড) অনভ্যস্ত; মুখস্থ নাকরা; যাহা অভ্যাস হয় নাই।

অকণ্ডূয়ন, ক্লী. বি. (অ - কণ্ডূয়, রোগ বিশেষ, অন) না চুলকান; নখাঘাত না করণ।

অকথা, স্ত্রী. বি. (অ - কথ, বাক্য, ঙ) অপভাষা; অ-কথা; কুকথা; মন্দ কথা।

অকথ্য, ত্রি. বিণ, (অ - কথ, বাক্য, য) অবক্তব্য; ব্যক্ত করণানর্হ; যাহা বলিবার উপযুক্ত নয়।

অকনিষ্ঠ, ত্রি. বিণ. [অ-যুবন্, ছোট নয়, ইষ্ঠ] কনিষ্ঠভিন্ন; প্রধান; জ্যেষ্ঠ; শ্রেষ্ঠ।

অকপট, ত্রি. বিণ. (অ-কপট, শঠতা অ) চাতুর্য্যবিহীন; অচ্ছল; সরল; ছল শূন্য; অপ্রতারক।

অকবজ, ক্লী. বি. অনধিকার; ক্ষমতাতিরিক্ত; সাধ্যাতীত; সাধ্যের অভাব; অধিকারশূন্য।

অকবি, ত্রি. বিণ. (অ-কব, পণ্ডিত, ই) কবি - শূন্য;

কবিতা শক্তিরহিত ; যে ব্যক্তি পদ্য রচনায় অক্ষম। (পু.) (বি) অধম কবি।

অ-কম্প, ত্রি. বি. (অ - কম্প, কম্পন, অ) কম্পন-শূন্য ; স্থির ; কম্পন রহিত ; ধীর।

অকম্পজ্বর, ক্লী. বি. (অ-কম্প-জ্বর, রোগ বিশেষ, অ) কম্পশূন্য জ্বর ; যে জ্বরে কম্প না হয়।

অকম্পিত, ত্রি. বিণ. (অ - কম্প, কম্পান, ক্ত) কম্প রহিত ; কম্পন শূন্য ; যে ব্যক্তির কম্প হয় না, (পু) (বি) বৌদ্ধগণাধিপ।

অকর, ত্রি. বিণ. (অ - কৃ, করা, অল) হস্তহীন ; নিষ্কর ; কর রহিত ; যাহার কর নাই।

অকরণি, পু. বি. (অ - কৃ, করা, অনট, - ই) আ-ক্রোশ, অভিসম্পাত ; শাপ, নৈরাশ্য, আশার অভাব।

অকরণীয়, ত্রি. বিণ. (অ-কৃ, করা, অনট, - অয়) ক-রণাযোগ্য ; করণের উপযুক্ত নহে ; অশক্য ; যাহা হইতে পারে না।

অকরা, স্ত্রী. বি. (অ - কৃ, করা, ও) আমলকী, (বিণ) করা রহিত ; যাহা করা হয় নাই।

অকরুণ, ত্রি. বিণ. (অ-কৃ, করা, উন) দয়া শূন্য, করুণা রহিত ; নির্দ্দয় ; নিষ্ঠুর ; নৃশংস।

অকরুণা, ত্রি. বিণ. (অ-কৃ, করা, উন-আ) দয়া রহিত ; অনুগ্রহ শূন্য ; নিষ্ঠুর।

অকর্কশ, ত্রি. বিণ. (অ-কর্কশ, কঠিন, অ) কোমল ; স্নিগ্ধ ; নরম ; অকঠোর ; অনতিশয়।

অকর্জ্জ, ত্রি. বিণ. (অ - কর্জ্জ, ঋণ, অ) অঋণী ; ধার রহিত ; কর্জ্জ শূন্য ; যে ব্যক্তি ঋণগ্রস্ত নহে।

অকর্ণ, ত্রি. বিণ. (অ-কর্ণ, কাণ, অ) কর্ণ শূন্য ; বধির ; কালা ; শ্রবণেন্দ্রিয় রহিত ; শ্রবণাশক্ত।

অকর্ণবেধ, ত্রি. বিণ. (অ - কর্ণ - বিধ, বিদ্ধকরণ, অল) কর্ণবিদ্ধ রহিত ; যাহার কর্ণবেধ হয় নাই ; যবন ; চূড়াকরণ সংস্কারহীন ; মুসলমান।

অকর্ত্তন, ত্রি. বিণ. (অ-কৃত, কর্ত্তন, অনট) কর্ত্তন না করা ; বামন, খর্ব্ব ; খাট ; যাহা কাটা হয় নাই।

অকর্ত্তব্য, ত্রি. বি. (অ - কৃ, করা, তব্য) অকরণীয় ; অকার্য্য ; (বিণ) করণানর্হ ; যাহা করা উচিত নয়।

অকর্ত্তা, ত্রি. বি. (অ - কৃ, করা, তৃন্) অকারক ; কর্ত্তা নয় ; কারক নহে ; যিনি করেন না।

অকর্ত্তৃক, ত্রি. বিণ. (অ - কৃ, করা, তৃন্- ক) কর্ত্তা রহিত ; বিশৃঙ্খল ; অশাসন কর্ত্তা ; বিনির্ম্মুখে।

অকর্ত্তৃবাচ্য, ত্রি. বিণ. (অ - কর্ত্তৃ - বচ, বাক্য, ঘ্যণ) সকর্ম্মক নয় ; অকর্ম্মক ক্রিয়া।

অকর্ম্ম, ক্লী. বি. (অ - কৃ, করা, ম) অকরণীয় কার্য্য ; কুক্রিয়া ; কদর্য্য কর্ম্ম ; নিরর্থক কার্য্য ; কুৎসিত কার্য্য ; মন্দ কর্ম্ম।

অকর্ম্মক ক্রিয়া, স্ত্রী. বি. (অকর্ম্মক - কৃ, করা, ইয় - আ) কর্ম্ম রহিত ক্রিয়া ; কর্ম্ম শূন্য ধাতু ; যে ক্রিয়ার কর্ম্ম নাই ; কর্ম্মশূন্য ক্রিয়া।

অকর্ম্মণ্য ত্রি. বিণ. (অ - কৃ, করা মন্ - য) কর্ম্মের অযোগ্য ; ক্রিয়ানুপযুক্ত ; কোন কাযের নহে।

অকর্ম্মা, ত্রি. বিণ. (অ - কৃ, করা. মন্ - আ) কার্য্যাক্ষম ; নিষ্কর্ম্মা ; বিপরীত কর্ম্মকারী ; কাযের বাহির।

অকর্ম্মান্বিত, ত্রি. বিণ. (অকর্ম্ম - অনু - ই, গতি, ক্ত) দুষ্কর্ম্মযুক্ত ; কুকর্ম্ম বিশিষ্ট ; যে কোন কর্ম্ম করে না।

অকল, ক্লী. বি. (যাবনিক শব্দ) বুদ্ধি ; জ্ঞান।

অকলঙ্ক, ত্রি. বিণ. (অ-কলঙ্ক, মলা, অ) কলঙ্ক বিহীন ; নির্দ্দোষ ; স্বচ্ছ ; নির্ম্মল ; দোষ শূন্য।

অকল্ক, ত্রি. বিণ. (অ-কল্ক, ফেনা, অ) ফেনাহীন ; যাহার ফেনা নাই ; পাকার্থ উষ্ণীকৃত তৈলাদির ফেন বিগম।

অকল্কা, স্ত্রী. বি. (অ-কল্ক, ফেনা, ও) জ্যোৎস্না, (বিণ) কল্ক রহিত, ফেনা বিহীন।

অকল্পন, ত্রি, বিণ. (অ-কৃপ, কল্পনা, অনট) কল্পনা না করা ; অনারোপিত ; প্রকৃত ; যথার্থ।

অকল্পিত, ত্রি. বিণ. (অ-কৃপ, কল্পনা, ক্ত) অকাল্প-নিক ; কল্পনা রহিত ; অকৃত্রিম ; যথার্থ ; যাহা কল্পনা করা হয় নাই।

অকল্য, ত্রি. বিণ. (অ-কল, অরোগ, য (রোগী ; পীড়িত ; অসমর্থ ; পীড়া বিশিষ্ট ব্যক্তি ; রুগ্ন ; অসুস্থ।

অকল্যাণ, ত্রি. বিণ. (অ-কল্যাণ, শুভ, অ) অমঙ্গল ; অশুভ ; মন্দ ; কুশল রহিত।

অকষায়, ত্রি. বিণ. (অ-কষ, কটুরস, আয়) অকটু ; সুস্বাদ ; যাহা কটুনয় ; কষায় বিহীন।

অকষ্ট, ত্রি. বিণ. (অ-কষ, পীড়া, ক্ত) পীড়া বিহীন ; কষ্ট রহিত ; ক্লেশ হীন ; স্বচ্ছন্দ, যাহার কোন কষ্ট নাই ; ক্লেশাভাব।

অকষ্টবদ্ধ, ত্রি. বিণ. (অ-কষ্ট-বধ, বন্ধন, ক্ত) সঙ্কট; আপদ; অপ্রতিবিধেয়; পেচ; অপ্রতী কার্য্য; বিপদ; ব্যাঘাত।

অকস্মাৎ, ব্য. [অ-কিং, কিছু, পঞ্চমী বিভক্তি-স্মাৎ] অকারণ; হঠাৎ; দৈবাৎ; সহসা; (ক্রি-বিণ) অকারণে; দৈববশত।

অকাণ্ড, (ক্রি-বিণ) (অ-কাণ্ড, গুঁড়ি, অ) অকস্মাৎ; হঠাৎ; দৈব নির্ব্বন্ধে; দৈবাৎ।

অকাতর, ত্রি. বিণ. (অ-কাতৃ, কাতর, অল) দুঃখবোধ বিহীন; অনায়াস; কাতর শূন্য; অব্যসনাকুল চিত্ত।

অকাপট্য, ত্রি. বিণ. [অ-কপট, ছল, ষ্ণ্য] কপটতা শূন্য; সরল; অচ্ছল; (বি.) অকপটতা; অশ-রলতা; সরলতাভাব; ছলাভাব।

অকাম, ত্রি. বিণ. (অ-কম, কামনা, ঘঞ) অনিচ্ছুক; নিষ্কাম; ইন্দ্রিয় পরায়ণ; ইচ্ছা শূন্য; যাহার কোন কামনা নাই; মানসবিহীন।

অকামকার, ক্লী. বি. (অ-কাম-কৃ, করা, ঘঞ) অনিচ্ছা পূর্ব্বক করণ; সন্তুষ্ট হইয়া না করণ; অস-ন্তোষচিত্তে করণ।

অকাম্য, ত্রি. বিণ. (অ-কম, কামনা, ঘ্যণ) অনিচ্ছ-নীয়; অনভিলষণীয়; অবাঞ্ছনীয়।

অকায, ক্লী, বি. (অ-কৃ, করা, ঘ্যণ + অকার্য্য, অ-কার্য্যের অপভাষা অকায) কুক্রিয়া; মন্দ কার্য্য কুকর্ম্ম; নিন্দনীয় কার্য্য; যে কার্য্যে নিন্দা হয়।

অকার, পু. বি. (অ-কৃ, করা; ঘঞ) আদ্যস্বর; অ-অক্ষর; প্রথম বর্ণ।

অকারণ, ক্রি-বিণ. (অ-কৃ, করা, ই-অনট) কারণ শূন্য; ব্যর্থ; নির্হেতু; কারণাভাব।

অকারান্ত, ত্রি. বিণ. (অ-কৃ, করা, ঘঞ, অকার + অন্ত) যে শব্দের শেষে অ আছে। আদ্যস্বরান্ত।

অকার্পণ্য, ক্লী. বি. [অ-কৃপণ, ব্যয়কুণ্ঠ, ষ্ণ্য] কৃপণতা ভাব; (বিণ) কৃপণতা রহিত; কৃপণতাবিহীন।

অকার্কশ্য, ক্লী. বি. [অ-কর্কশ, কঠোর, ষ্ণ্য] কঠো-রতা বিহীন; কোমলতা; কঠিনতার অভাব; মৃদুতা।

অকার্য্য, ক্লী. বি. (অ-কৃ, করা, ঘ্যণ) অসৎকর্ম্ম; অক-র্ত্তব্যকর্ম্ম; কার্য্যাভাব; অকৃত্য; অকর্ম্ম; কুৎসিত; নিন্দিত; অপকর্ম্ম; (বিণ) কার্য্যাযোগ্য; কর্ম্মানর্হ্য; কর্ম্মের যোগ্য নহে; কার্য্যানুপযুক্ত।

অকাল, পু. বি. (অ-কাল, সময়, অল্) অসময়; অপ্রশস্তকাল; অশুদ্ধ কাল; দুর্ভিক্ষ; অন্নাভাব; মন্বন্তর; যে সময়ে খাদ্যাদি পাওয়া যায় না।

অকাল কুষ্মাণ্ড, পু. বি. দুষ্কর্ম্মা; দুর্লক্ষণ; অকালে জাতকুমড়া; মন্দ লক্ষণ।

অকাল কুসুম, পু. বি. (অ-কাল-কুস, প্রকাশ, নি-পাতনে উম) অকালজাত ফুল; অসময়ে প্রস্ফোটিত পুষ্প; অসময়ের ফুল।

অকালজ, ত্রি. বি. (অকাল-জন, জন্মান, ড) অকাল জাত; অসময়োৎপন্ন; অপূর্ণকালোদ্ভব; উপযুক্ত কা-লের পূর্ব্ব বা পরে জাত।

অকালজলদোদয়, পু. বি. (অকাল-জলদ-উৎ-ই, প্র-কাশ, অল) কুজ্ঝটিকা; অকালে মেঘোদয়; কুয়াসা; অসময়ে মেঘারম্ভ; অকালে মেঘাড়ম্বর।

অকাল সহ, ত্রি. বিণ. (অকাল-সহ, অপূর্ণ, অল) অপক্ক; অধৈর্য্য; যাহা পরিপক্ক হয় নাই।

অকিঞ্চন, ত্রি. বিণ. (অ-কিম্, অভাব, চন) দরিদ্র; ধনহীন; নিঃস্ব; যাহার কিছু মাত্র নাই।

অকিঞ্চনতা, স্ত্রী. বি. [অকিঞ্চন, দরিদ্র, তা] দারিদ্র্য নির্ধনতা, নিঃস্বতা, অকিঞ্চনের ভাব।

অকিঞ্চনত্ব, ক্লী, বি. [অকিঞ্চন, দরিদ্র, ত্ব] দারিদ্র, নির্ধনতা; দীনতা; নিস্বতা।

অকিঞ্চিৎ, ত্রি. বি. [অ-কিং-কিছু, চিৎ] তুচ্ছ; হেয়; সামান্য; কিছুই নয়।

অকিঞ্চিৎকর, ত্রি. বিণ. (অকিঞ্চিৎ-কৃ, করা, অল) যাহা কোন কাযের নয়; তুচ্ছ; সামান্য; হেয়; যাহা-তে কিছুই হয় না।

অকিল্বিষ, ত্রি. বিণ. (অ-কিল্-বিষ, পাপ, ক) কি-ল্বিষ শূন্য; পাপরহিত; নিষ্পাপ।

অকীর্ত্তি, স্ত্রী. বি. (অ-কৃত, কীর্ত্তন, ক্তি) অযশঃ; অখ্যাতি; দুর্নাম।

অকীর্ত্তিকর, ত্রি. বিণ. (অকীর্ত্তি-কৃ, করা, অল) অযশস্কর; অখ্যাতি কারক; অযশের জন্য।

অকুটিল, ত্রি. বিণ. (অ-কুট, কৌটিল্য, ইল) স-রল; খল নহে; অবক্র; যাহা বাঁকা নয়; যে ব্যক্তির ক্রুরতা নাই।

অকুণ্ঠ, ত্রি. বিণ. (অ-কুণ্ঠ, সঙ্কোচ, অল) অসঙ্কুচিত, অক্ষুব্ধ; সঙ্কোচ বিশিষ্ট নহে; যাহার ক্ষোভ নাই।

অকুণ্ঠিত, ত্রি. বিণ. (অ-কুণ্ঠ, সঙ্কোচ, ক্ত) অক্ষুব্ধ-চিত্ত; অসঙ্কুচিত; যে ক্ষোভ যুক্ত নহে; যে কোন বিষয়ে সঙ্কোচ করে না।

অকুতোভয়, ত্রি. বিণ. (অ-কুতস্-ভী, ভয়, অল) নিঃশঙ্ক; যাহার কিছুতেই ভয় হয় না; সাহসী; নির্ভয়; শঙ্কা বিহীন।

অকুপিত, ত্রি. বিণ. (অ-কুপ, কোপ, ক্ত) কোপ-বিহীন; অক্রোধ; শান্ত; যে ক্রোধ করে নাই; রাগ হীন।

অকুপ্য, ক্লী. বি. (অ-কুপ, কোপ, য) স্বর্ণ; রূপ্য; ধাতু বিশেষ।

অকুল, পু. বি. (অ-কুল, বংশ, ক) মন্দ বংশ; ইতর বংশ; কুল শূন্য।

অকুলন, ক্লী. বি. (অ-কুল, বংশ, অনট্) অভাব; অপ্রতুল; অনাটন; অনিষ্পন্ন; নির্ব্বাহ হয় না; কুলায় না।

অকুলীন, ত্রি. বিণ. (অ-কুল, বংশ, ঈন) কুল মর্য্যাদাহীন; জঘন্য; ইতর; যাহার কুল নাই; কুলশূন্য; বংশ মর্য্যাদা বিহীন।

অকুশল, ত্রি. বিণ. (অ-কুশ, মঙ্গল, অল) অমঙ্গল; অপারক; অশুভ; মঙ্গল হীন।

অকুশলী, ত্রি. বিণ. (অ-কুশ, মঙ্গল, অল-ঈ) অমঙ্গল বিশিষ্ট; পীড়িত; অশুভযুক্ত।

অকুট, ত্রি. বিণ. (অ-কুট, করা, অ) অকৃত্রিম; যথার্থ; অরচিত; যাহা কাল্পনিক নহে।

অকূপার, পু. বি. (অ-কূ-পৃ, পার, ঘঞ) সমুদ্র; জলধি; সাগর; পর্ব্বত; কূর্ম্মরাজ; পাষাণাদি; ইতি মেদিনী। কমঠ; ইতি অমরকোষ।

অকূক, ক্লী. বি. (ধাং) বুদ্ধি; জ্ঞান।

অকূর্চ্চ, পু. বি. (অ-কূর্চ্চ, ধূর্ত্ততা, অ) বুদ্ধ; (ত্রি. বিণ.) কৈতব শূন্য; কাপট্য রহিত; অচ্ছল।

অকূল, ত্রি. বিণ. (অ কূল, কিনারা, অ) কূলহীন; কিনারা শূন্য; অপার; যাহার পরপার নাই।

অকূল পাতার, ক্লী. বি. (অ-কূল-পাতৃ, পাওন, ঘঞ) যাহার কূল প্রাপ্ত হওয়া যায় না; অগাধ জল; মহৎ বিপদ।

অকৃত, ত্রি. বিণ. (অ-কৃ, করা, ক্ত) অনিষ্পাদিত; বৃথা; নিরর্থক; অসম্পা।।

অকৃত কার্য্য, ত্রি. বিণ. (অ-কৃত-কৃ, করা, ঘ্যণ,) নিষ্ফল; অসাফল্য; যাঁহার কার্য্যের শেষ হয় নাই।

অকৃতজ্ঞ, ত্রি. বিণ. (অ-কৃত-জ্ঞা, বোধ, ড) কৃতঘ্ন; হিতাস্মর্ত্তা; প্রত্যুপ কার স্বীকারের বোধ শূন্য ব্যক্তি।

অকৃত দার, ত্রি. বিণ. (অ-কৃত-দৃ, দার, ঘঞ) অবিবাহিত পুরুষ, যাহার দার পরিগ্রহ হয় নাই।

অকৃতাপরাধ, ত্রি. বিণ. (অকৃত-অপ-রাধ, সিদ্ধি, অ) অনপরাধ; নির্দ্দোষ; অকার্য্য করিয়া যে কোন দোষ করে নাই; দোষ শূন্য।

অকৃতার্থ, ত্রি. বিণ. (অ-কৃত-অর্থ, ইচ্ছা অ) ইপ্সিত বিষয়ের অসম্পন্ন; অকৃত কার্য্য।

অকৃতিত্ব, ক্লী. বি. (অ-কৃ, করা, ক্তি-ত্ব) অক্ষমতা; অপটুতা; অনৈপুণ্য; কর্ম্মাকুশলত্ব; অযোগ্যত্ব।

অকৃতী, ত্রি. বিণ. (অ-কৃত, কর্মকরা, ইন্) কর্ম্মাক্ষম; কার্য্যা কুশল; ক্রিয়ানুপযুক্ত, অযোগ্য; কার্য্যে অপটু; যে উপযুক্ত নহে।

অকৃতোদ্যোগী, পু. বি. (অকৃত-উৎ-যুজ, যোগ, ইন্) অচেষ্টিত, অযত্নশীল; যে ব্যক্তি উদ্যোগী নহে; চেষ্টা পূর্ব্বক কোন কার্য্যের অনুষ্ঠান করে না।

অকৃতোদ্বাহ, ত্রি. বিণ. (অকৃত-উৎ-বহ, বহন, ঘঞ) অবিবাহিত; অনূঢ়; যাহার বিবাহ হয় নাই।

অকৃত্রিম, ত্রি. বিণ. (অ-কৃ, করা, ত্রিমক্) অকরণজ; অজন্য; যথার্থ; অকাল্পনিক; প্রকৃত; নিঃসন্দিগ্ধ; সত্য; সিদ্ধ; বাস্তব; যাহা কাহার করা নয়।

অকৃপ, ত্রি. বিণ. (অ-কৃপ, দয়া, ও) কৃপাশূন্য; নির্দয়; নিষ্ঠুর; দয়া হীন।

অকৃপণ, ত্রি. বিণ. (অ-কৃপ দয়া", অনট্) কার্পণ্য রহিত; দীনতা শূন্য; অকাতর ব্যয়ী; অনায়াসে ব্যয় কারী; যে আহ্লাদ পূর্ব্বক ব্যয় করে।

অকৃষ্ণকর্ম্মা, ত্রি. বিণ. (অকৃষ্ণ-কৃ, করা, মন্) দুষ্কর্ম্মরহিত; নিষ্পাপ; শুদ্ধাচার; পাপ শূন্য; পবিত্রাচার।

অকেয়ুয়া, ত্রি. বিণ. (অ-কৃ, করা, ঘ্যণ + অকার্য্যর অপভাষা) অকর্ম্মণ্য; কর্ম্মানর্হ; কার্য্যের অযোগ্য।

অকেযো, ত্রি. বিণ. (অ-কৃ, করা, ঘ্যন + অকার্য্যর অপভাষা (অকর্ম্মণ্য; কাযের বাহির; যাহা কোন

কাযে লাগে না ; কর্ম্মের অযোগ্য ; অকিঞ্চিৎকর।

অকেশ, ত্রি . বিণ . (অ-কিশ, কেশ, অল) কেশ রহিত ; অল্পকেশ যুক্ত ; অপ্রশস্তকেশ বিশিষ্ট ; মন্দ কেশ ; কুৎসিত কেশ ; কেশ শূন্য ; যাহার কেশ নাই।

অকৈতব, ক্লী . বি . [অ-কেতব, ছল, ষ্ণ] কৈতবাভাব ; অশঠতা ; অধূর্ত্ততা ; অবঞ্চনা ; (বিণ) অছল ; সরল ; অকপট ; প্রতারণা শূন্য।

অকোট, পু . বি . (অ-কুট, বক্র হওয়া, অল) গুবাক ; গুবাক বৃক্ষ ; সুপারি।

অকোবিদ, ত্রি . বিণ . (অ-কো-বিদ, জ্ঞান, ক) অপণ্ডিত ; মুর্খ ; যে পণ্ডিত নয়।

অকৌটিল্য, ক্লী . বি . [কুটিল, বক্র, ষ্ণ] কৌটিল্যাভাব ; সরলতা ; (বিণ) কুটিলতা বিহীন ; সরল ; অবক্র। (বিণ) কুটিলতা ; অপরিজ্ঞাতব্যক্তি।

অকৌলীন্য, ক্লী . বি . [অ-কুলীন, সাধু, ষ্ণ] কৌলীন্যাভাব ; অকুলীনতা ; অসাধুতা ; (বিণ) কৌলীন্য বিহীন ; মর্য্যাদাহীন ; অকুলীন ; অসাধু।

অকৌশল, পু . বি . [অ-কুশল, মঙ্গল, ষ্ণ] অপ্রণয় ; অকুশলতা ; অসম্প্রীতি ; মনো মালিন্য ; মনোভঙ্গ ; ঘৃণা ; (বিণ) অনিপুণ ; অকুশল ; মঙ্গলহীন।

অক্কা, স্ত্রী . বি . [অক-কৈ, প্রথমা বিভক্তি] মাতা ; জননী ; প্রসূতি ; প্রসবকারিণী।

অক্ত ত্রি, বিণ . (অন্জ, ম্রক্ষণ, ক্ত) যুক্ত ; মিশ্রিত ; গত ; ম্রক্ষিত ; ব্যক্ত ; লেপিত ; মিশান ; লিপ্ত।

অক্তু, "অনক্তি প্রতি দিনং গচ্ছতি, এই বাক্যে সিদ্ধ" স্ত্রী . বি . (অন্জ, গতি, ক্ত-ক্তু) রাত্রি ; নিশা।

অক্রব্যাদ, ত্রি . বিণ . (অ-ক্রব্য-অদ, ভক্ষণ, অল) অমাংস ভক্ষক ; যে মাংস খায় না ; বৈষ্ণব।

অক্রম, ত্রি . বি . (অ-ক্রম, নিয়ম, অল) ক্রমবিপর্য্যয় ; ক্রমের ব্যতি ক্রম ; বিশৃঙ্খল ; (বিণ) ক্রমরহিত ; ব্যতিক্রম ; অনিয়মিত।

অক্রান্ত, ত্রি . বিণ . (অ-ক্রম, নিয়ম, ক্ত) অনতি বাহিত ; বর্ত্তমান ; উপস্থিত ; অনিয়মিত।

অক্রান্তা, স্ত্রী . বি . (অ-ক্রম, নিয়মিত, ক্তি-তৃন্) বৃহতীবৃক্ষ ; অনাবৃষ্ট।

অক্রিয়, ত্রি . বিণ . (অ-কৃ, করা, ইয়) অক্রিয়ান্বিত ; কুকর্ম্ম-বিশিষ্ট ; ক্রিয়ারহিত ; জড় ; কুকার্য্যান্বিত ; সৎকার্য্যে বিরত ; যে ব্যক্তি মন্দ কর্ম্ম করে।

অক্রিয়া, স্ত্রী . বি . (অ-কৃ, করা, ইয়-আ) বিরুদ্ধ ক্রিয়া ; কুকর্ম্ম ; কুৎসিত ব্যাপার ; মন্দকার্য্য ; ঘৃণিতকর্ম্ম। (বিণ .) যে কর্ম্ম করিলে অযশ হয়।

অক্রিয়ান্বিত, ত্রি . বিণ . (অ-ক্রিয়া-অনু-ই, গতি, ক্ত) কুকর্ম্মশালী ; মন্দ কার্য্যেরত ; কুকার্য্য বিশিষ্ট ; কুকর্ম্ম পরায়ণ ; মন্দকার্য্যে তৎপর।

অক্রীড়া, স্ত্রী . বি . (অ-ক্রীড়, খেলা, ড) অযোগ্য ক্রীড়া ; অনুপযুক্ত খেলা ; মন্দ খেলা।

অক্রীত, ত্রি . বিণ . (অ-ক্রী, ক্রয়, ক্ত) যাহা ক্রয় করা নহে ; বিনা মূল্যে প্রাপ্ত ; যাহা কিনিতে হয় না।

অক্রুদ্ধ, ত্রি . বিণ . (অ-ক্রুধ, ক্রোধ, ক্ত) রাগ শূন্য ; অকোপন ; রোষহীন ; অক্রোধী।

অক্রূর, পু . বি . (অ-ক্রূর, খল, ড) গান্দিনী পুত্র ; শ্রীকৃষ্ণের পিতৃব্য ; (ত্রি . বিণ) ক্রূরতা শূন্য ; সরল ; খলতা বিহীন ; যে ব্যক্তি খল নহে।

অক্রূরতা, স্ত্রী . বি . (অ-ক্রূর, খল, ড-তা) খলতা ভাব ; দুষ্টতার অভাব ; অসরলতা।

অক্রেতব্য, ত্রি . বিণ . (অ-ক্রী, ক্রয়, তব্য) অক্রয় যোগ্য ; যাহা ক্রয় করিবার উপযুক্ত নহে, যাহা কেনা যায় না।

অক্রেতা, পু . বি . (অ-ক্রী ; ক্রয়, তৃন্) অক্রয়কর্ত্তা ; অখরিদদার।

অক্রেয়, ত্রি . বিণ . (অ-ক্রী, ক্রয়, য) মহার্ঘ, অধিক মূল্য, আক্রা, যাহা অল্প মূল্যে খরিদ করা যায় না।

অক্রোধ, পু . বি . (অ-ক্রুধ, ক্রোধ, অল) ক্রোধ শ্চিত্ত বিকার ঃ তদ্বিপরীত ; অর্থাৎ ক্রোধ দ্বারা যে চিত্ত বিকার হয় তাহার বিপরীত ; আশ্রমি ব্যক্তিদিগের যে দশ প্রকার ধর্ম্ম আছে তাহার অন্তর্গত ধর্ম্ম ; ইতি জটাধর। (বিণ) ক্রোধরহিত ; নির্ব্বিকার ; প্রশান্ত।

অক্লম, ত্রি . বিণ . (অ-ক্লম, শ্রান্তি, অল) শ্রান্তিহীন ; বিশ্রাম ; ক্লম শূন্য।

অক্লান্ত, ত্রি . বিণ . (অ-ক্লম, শ্রান্তি, ক্ত) ক্লান্তিরহিত ; অবসন্ন ; অম্লান ; শ্রান্তিহীন ; যে ব্যক্তির পরিশ্রম হয় নাই।

অক্লিকা, স্ত্রী . বি . (অ-ক্লম, শ্রান্তি, ডিক-আ) নীল বৃক্ষ ; ইতি শব্দ চন্দ্রিকা।

অক্লিষ্ট, ত্রি . বিণ . (অ-ক্লিশ, ক্লেশ, ক্ত) ক্লেশযুক্ত নহে ; যাহার ক্লেশ হয় নাই।

অক্লিষ্ট কর্ম্মা, ত্রি. বিণ. (অক্লিষ্ট-কৃ, করা, মন্) অক্লেশে কর্ম্ম কর্ত্তা; অক্ষুব্ধ; যে ব্যক্তি অক্লেশে কর্ম্ম সমাধা করে।

অক্লীব, ত্রি. বিণ. (অ-ক্লীব, নপুংসক, অ) অবন্ধ্য; সকল; ধীর; ধৈর্য্যশালী; অনপুংসক; যে ব্যক্তি নপুংসক নহে।

অক্লেদ্য, ত্রি. বিণ. (অ-ক্লিদ, ক্লেদ, য) ক্লেশের অযোগ্য; অনায়াস সাধ্য।

অক্লেশ, ত্রি. বিণ. (অ-ক্লিশ, ক্লেশ, অল) ক্লেশ শূন্য; অনায়াস; অকষ্ট; (ক্লী. বি.) ক্লেশাভাব।

অখট, পু. বি. (অ-খট, খাটন, ক্ত) প্রিয়াল বৃক্ষ।

অখট্টি, পু. বি. (অ-খট, খাটন, ক্তি) অসদ্ব্যবহার; অসম্মাসন; আখুটি।

অখণ্ড, ত্রি. বিণ. (অ-খণ্ড, খণ্ডন, অ) খণ্ডরহিত; পূর্ণ; সমস্ত; যাহা খণ্ডনয়।

অখণ্ডন, পু. বি. (অ-খণ্ড, খণ্ডন, অনট) কাল; অনিবারণ; (বিণ.) যাহাকে খণ্ডন করা যায় না।

অখণ্ডনীয়, ত্রি. বিণ. (অ-খণ্ড, খণ্ডন, অনীয়) খণ্ডনের অযোগ্য; খণ্ডন করা উচিত নহে; যাহা নিবারণ করা যায় না।

অখণ্ডিত, ত্রি. বিণ. (অ-খণ্ড, খণ্ডন, ক্ত) সম্পূর্ণ; অবিকল; যাহা খণ্ডন করা হয় নাই।

অখণ্ডিতর্ত্তু, ত্রি. বি. (অখণ্ডিত-ঋত, পীড়া, উ) সকল বৃক্ষাদি; সময়ের ফল; (বিণ) ফলবতী; ফলযুক্ত।

অখনন, ত্রি. বিণ. (অ-খন, খনন, অনট) অখনিত যাহা খোঁড়া নয়।

অখরোট, পু. বি. (অখ-রুট, রুক্ষ, অল) ফল বিশেষ; বৃক্ষ বিশেষ।

অখর্ব্ব, ত্রি. বিণ. (অ-খর্ব্ব, ছোট, অ) দীর্ঘ; বামন নহে; লম্বা; যাহা ক্ষুদ্র নয়।

অখাত, পু. ক্লী. বি. (অ-খন, খনন, ক্ত) দেবখাত; অকৃত্রিম জলাশয়; স্বাভাবিক খাত; সমুদ্রের অংশ বিশেষ; আখাত।

অখাদ্য, ত্রি. বিণ. (অ-খদ ভক্ষণ, ঘ্যণ) খাদ্যানর্হ; অভক্ষ্য; খাদ্যাযোগ্য; যাহা খাইবার উপযুক্ত নয়।

অখিন্ন, ত্রি. বিণ. (অ-খিদ, খেদ, ক্ত) খেদবিহীন; অশ্রান্ত; অদুঃখিত; খেদ যুক্তনয়।

অখিল, ত্রি. বিণ. (অ-খিল, নিশ্চিত, ও) সমস্ত; সর্ব্ব; সমুদায়; সকল; ঈশ্বরের সৃষ্ট সমস্ত; ব্রহ্মাণ্ড।

অখেদ, ত্রি. বি. (অ-খিদ, খেদ, অল) খেদাভাব; (বিণ) অনুতাপিত শূন্য; যে ব্যক্তি দুঃখিত নহে।

অখ্যাত, ত্রি. বিণ. (অ-খ্যা, খ্যাতি, ক্ত) অখ্যাতি বিশিষ্ট; অপ্রতিষ্ঠিত; অপ্রসিদ্ধ; অজানত।

অখ্যাতি, স্ত্রী. বি. (অ-খ্যা, খ্যাতি, ক্তি) দুর্নাম; অযশঃ; অপ্রতিষ্ঠা; কলঙ্ক; নিন্দা, অপবাদ।

অখ্যাতিকর, ত্রি. বিণ. (অখ্যাতি-কৃ, করা, অল) অযশস্কর; দুর্নাম জনক; নিন্দাকর।

অখ্যাতি কারক, পু. বি. (অখ্যাতি-কৃ, করা ণক) নিন্দাকারক; অযশঃ কারক; দুর্নাম কর্ত্তা।

অগ, পু. বি. (অ-গম, বক্রগমন, ড) পর্ব্বত; বৃক্ষ; সর্প; স্থাবর; অটল; সূর্য্য ইতি হেমচন্দ্র।

অগই, পু. বি. (অগ-ই, গমন, ক্বিপ্) কলবান বৃক্ষ বিশেষ; সকল বৃক্ষাদি।

অগঙ্গ, ত্রি. বিণ. (অ-গম, গমন, গ) গঙ্গাহীন দেশ; যে স্থানে গঙ্গানাই।

অগস্থ, পু. বি. (অ-গম, গমন, হি বিভক্তি) বৃক্ষ; পর্ব্বত।

অগজ, ক্লী. বি. (অগ-জন, জন্মান, ড) শিলাজতু; (ত্রি. বিণ.) পর্ব্বত জাত বৃক্ষাদি।

অগঠন, ত্রি. বিণ. (অ-গঠ, গড়া, অনট) অনির্ম্মিত; গড়ান নহে; যাহা কেহ নির্ম্মাণ করে নাই।

অগড়বগড় (ত্রি. বিণ.) ভাল মন্দ মিশ্রিত কথা, অসংলগ্ন বাক্য; যে বাক্য সংলগ্ন হয় না; অকিঞ্চিৎকর; যে কথার মূল নাই।

অগণক, ত্রি. বিণ. (অ-গণ, গণনা, অক) অঙ্কশাস্ত্রাজ্ঞ; গণক নহে; যে ব্যক্তি গণনা জানে না; জ্যোতিঃ শাস্ত্রানভিজ্ঞ।

অগণনীয়, ত্রি. বিণ. (অ-গণ, গণনা, অনীয়) অসংখ্য; গণনার অনুপযুক্ত; সংখ্যার যোগ্য নহে; যাহার গণনা হয় না; গণনানর্হ্য।

অগণিত, ত্রি. বিণ. (অ-গণ, গণনা, ক্ত) গণিতনয়; অসংখ্য; সংখ্যাহীন; যাহা গণ্য হয় নাই; যাহার সংখ্যা নাই।

অগণ্য, ত্রি. বিণ. (অ-গণ, গণনা, য) অগণনীয়; অসংখ্য; অগণিতব্য; অগণেয়।

অগত, ত্রি. বিণ. (অ-গম, গমন, ক্ত) বিদ্যমান; বর্ত্তমান; উপস্থিত; যে ব্যক্তি গমন করে নাই।

অগতি, ত্রি. বিণ. (অ-গম, গমন, ক্তি) গতি হীন; আশ্রয়হীন; উপায় শূন্য; যাহার সহায় নাই।

অগত্যা, ত্রি. বিণ. (অ গম, গমন, ক্তি-আ) অনুপায়ে; সুতরাং; গতি নাই।

অগদ, পু. বি. (অ গদ, কথন, অল) ঔষধ; ভেষজ; রোগনাশক দ্রব্য; (ত্রি.) সুস্থ; নিরোগ।

অগদঙ্কার, পু. বি. (অগদ-কৃ, করা, ঘঞ) বৈদ্য; চিকিৎসক; ঔষধ দ্বারা পীড়া শান্তি কর্ত্তা।

অগদ্য, ক্লী. বি. (অ-গদ, কথন, য) কবিতা; সদোষ কবিতা; যাহা গদ্য নয়।

অগন্তব্য, ত্রি. বিণ. (অ-গম, গমন, তব্য) গন্তব্য নহে; গমনের অনুপযোগী; গমন করা অনুচিত; যাইবার অযোগ্য।

অগভীর, ত্রি. বিণ. (অ-গভ, গর্ত্ত, ঈর) সমান স্থান; গভীর নয়; গর্ত্ত নহে।

অগম, পু. বি. (অ-গম, গমন, অ) বৃক্ষ; পর্ব্বত; দুর্গম; যে স্থানে গমন করা যায় না।

অগমতা, স্ত্রী. বি. (অ-গম, গমন, তা) অপমান; অমর্য্যাদা, অসম্ভ্রম; মান হানি; সম্ভ্রমাভাব।

অগমন, ক্লী. বি. (অ-গম, গমন, অনট) গতিহীন; গত্যাভাব, গমনাভাব।

অগম্ভীর, ত্রি. বিণ. (অ-গম্ভি, গর্ত্ত, ঈর) অগভীর; সমান স্থল; অগাধ নহে।

অগম্য, ত্রি. বিণ. (অ-গম, গমন, য) অগন্তব্য; অগমনীয়; গমনা যোগ্য; গমনা সাধ্য; দুর্গম; গমন করিবার উপযুক্ত নহে।

অগম্যা, স্ত্রী. বি. (অ-গম, গমন, য-আ) অমৈথুনার্হা নারী; যে স্ত্রীর সহিত সংসর্গে মহাপাতক হয়। গম্যা ও অগম্যা বিষয়ক বিবরণ যথা।—বেদে নিরূপণ আছে যে সকলেই স্ব স্ত্রীতে গমন করিবেক তদ্ভিন্না স্ত্রীতে গমন করিবেক না, অর্থাৎ স্বস্ত্রীই গম্যা, তদন্যা স্ত্রী অগম্যা, এই সামান্য নিয়ম। এতদ্বিষক ফলা ফল যথা, শূদ্র যদি ব্রাহ্মণ পত্নীতে গমন করেন, তাহা হইলে শূদ্রের একশত ব্রহ্মহত্যা সদৃশ পাপ হয়, এবং সেই ব্রাহ্মণীরও তৎসম পাপ হইবেক। পরে উভয়কেই কুম্ভীপাক নরকে যাইতে হইবেক। শূদ্র কামিনীতে ব্রাহ্মণ গমন করিলে অথবা বৃষলীকন্যা বিবাহ করিয়া গমন করিলে অর্থাৎ পিতৃ গৃহে অবিবাহিতা বস্থায় রজস্বলা হইলে পশ্চাৎ বিবাহ করিলে তাঁহার ব্রাহ্মণত্ব দূরীভূত হইয়া তিনি চণ্ডাল সদৃশ হয়েন। তাঁহার হস্তের পিণ্ড বিষ্ঠা তুল্য, এবং তাঁহার তর্পণ মূত্র সদৃশ। পিতৃলোক পূজা করিলে ও দেবতাদিগকে পূজা করিলে তৎসমস্ত এবং সন্ধ্যাবন্দনাদি সকলই বিফল হয়। বিশেষতঃ গুরুপত্নী, রাজপত্নী, বিমাতা, মাতা, কন্যা, পুত্রবধূ, শ্বশ্রূ, ভগিনী, ভাতৃ কন্যা, শিষ্যা, শিষ্য পত্নী, ভাগিনেয়পত্নী, ভ্রাতৃ পুত্রবধূ প্রভৃতি সমস্তই অগম্যা। এই সকলে গমন করিলে মাতৃ গামী হয়, এবং শত শত ব্রহ্ম হত্যা করিলে যাদৃশ পাপী হয় তাদৃশ পাপ ভোগ করিতে হয়। পরিণামে কুম্ভীপাক নামক নরকে গমন করে, এবং মহাপাতকী নামে বিখ্যাত হয়। তাহাকে স্পর্শ করিলে ও অকস্মাই হইতে হয়। ইতি ব্রহ্ম বৈবর্ত্তে প্রকৃতি খণ্ডে ২৭ অধ্যায়।

অগরী, স্ত্রী. বি. (অ-গর, গুরুতা, ইন্) দেবতাড় বৃক্ষ; বৃক্ষ বিশেষ।

অগরু, ক্লী. পু. বি. (অ-গর, গুরুতা, উ) অগরু চন্দন; চন্দন বিশেষ; সুগন্ধি দ্রব্য।

অগর্ব্ব, ত্রি. বিণ. (অ-গর্ব্ব, অহঙ্কার, অ) গর্ব্বহীন; অহঙ্কারশূন্য; যে মাৎসর্য্য রিপুর বশীভূত নহে।

অগর্ত্তবতী, স্ত্রী. বিণ. (অ গর্ত্ত, অন্তরোৎপত্তি, বতু-ঈ) গর্ত্তিনী নহে; যাহার গর্ত্ত হয় নাই।

অগর্হিত, ত্রি. বিণ. (অ-গর্হ, নিন্দা, ক্ত) অনিন্দিত; নির্দ্দোষিত; যে কার্য্যের নিন্দা নাই।

অ-গলগ্রহ, ত্রি. বিণ. (অ-গল-গ্রহ, গ্রহণ, অল) শক্রহীন; কু পোষ্যশূন্য; যাহার গলগ্রহ নাই।

অগলন, ত্রি. বিণ. (অ-গল, গলা. অনট) অনাদ্রিত; গলন নহে; যাহা গলিবার যোগ্য নয়।

অগলিত, ত্রি. বিণ. (অ গল, গলা, ক্ত) গলিত নহে; যাহা গলে নাই; যাহা গলিবার নহে।

অগস্তি, পু. বি. (অগ-স্তি, প্রসিদ্ধ, ক্বিপ্) বকবৃক্ষ; অগস্ত্য মুনি; মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশী গর্ত্তজাত মুনি; কুম্ভসম্ভব; সমুদ্র শোষণকর্ত্তা; বিন্ধ্যাগিরি নমনকর্ত্তা; বকপুষ্প।

অগস্তিদ্রু, পু. বি. (অগস্তি দ্রু, বৃক্ষ, ক্বিপ্) বকপুষ্পবৃক্ষ।

অগস্ত্য, পু. বি. (অগ-স্তি, প্রসিদ্ধ, অ) বকপুষ্পবৃক্ষ;

স্বনামপ্রসিদ্ধ মুনি; মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশীর গর্ত্ত জাতমুনি; বিন্ধ্যগিরি নমনকর্ত্তা; কুম্ভসম্ভব; সমুদ্র শোষণকর্ত্তা; যে ব্যক্তি সমুদ্র শোষণ করিতে সক্ষম।

অগস্ত্যোদয়, পু. বি. (অগস্তি উদি, প্রকাশ, অল) আকাশে নক্ষত্ররূপে অগস্ত্য মুনির উদয়। সৌর ভাদ্রের অর্থাৎ সূর্য্যের সিংহ রাশিতে ভোগ সময়ের সপ্তদশ দিনে উদয় হয়। ঐ মাসের শেষ দিবস ত্রয় উল্লিখিত অগস্ত্য মুনিকে অর্ঘ্য দান করা গৌড় দেশ নিবাসিদিগের অতীব কর্ত্তব্য ইতি ব্রহ্ম বৈবর্ত্ত পুরাণে। যে ব্যক্তি ভাদ্রমাসের শেষ দিবস ত্রয় অগস্ত্যকে অর্ঘ্য দান করে তাহার সকল কামনা সুসিদ্ধ হয় ইতি ভীম পরাক্রমে। শঙ্খে জল লইয়া এবং শ্বেত পুষ্প, আতব তণ্ডুল, কাশ পুষ্প প্রভৃতি একত্র ও মন্ত্র পূত করিয়া অর্ঘ্য প্রদান করিলে সর্ব্ব কামনা সিদ্ধ হয় ইতি নৃসিংহ পুরাণে।

অগাড়ী, ক্রি বিণ. (অ-গড়, অগ্র, নিন্) অগ্রে; অগ্রবর্ত্তি স্থান। (বি.) অগ্র; প্রথম।

অগাত্মজা, স্ত্রী. বি. (অগ-আত্ম-জন, জন্মান, ড আ) দুর্গা; পার্ব্বতী; পাষাণনন্দিনী; পর্ব্বতের কন্যা।

অগাত্র, ক্লী. বি. (অ-গাত্র, দেহ, অল) অশরীর; দেহ শূন্য; (বিণ) যাহার দেহ নাই।

অগাথক, পু. বিণ. (অ-গৈ, গান, থক) গাথক নহে; যে ব্যক্তি গান করিতে পারে না; গানাক্ষম।

অগাধ, ত্রি. বিণ. (অ-গাধ, গভীর, অ) অতি গভীর; অতলস্পর্শ; ইতি অমরকোষ। গম্ভীর; যাহার নিম্ন দেশ স্পর্শ করা যায় না। (ক্লী. বি.) ছিদ্র, ইতি মেদিনী। গর্ত্ত; হেঁদা; বিঁদ।

অগাধজল, পু. বি. (অগাধ-জল, জল, অ) হ্রদ; ইতি অমরকোষ। গভীর জল; অতলস্পর্শ জল; যে জলের তলা স্পর্শ করা যায় না; অস্পৃশ্যতল।

অগাধজলসম্পন্না, স্ত্রী. বি. (অগাধ-জল-সং-পদ, পাদ, ক্ত-আ) অনেক জলবিশিষ্ট জলাশয়; নদী; যেমন বর্ষাকালে সমুদ্র অগাধ জলসম্পন্না নদী সকলকে গ্রহণ করে, সেই রূপ এ সমুদায় ভূপতিগনের ঐশ্বর্য্যও গ্রহণ করিবে। ইতি মহাভারত সভাপর্ব্ব, ২৮ পৃষ্ঠা।

অগার, ক্লী. বি. (অ-গৃ, স্থান বিশেষ, ঘঞ) আগার; গৃহ; বাসস্থল; ঘর; নিকেতন; বাড়ী।

অগিন, পু. বি. (অগ, তেজ বিশেষ, ইন) সূর্য্য; তেজোময় পদার্থ; রবি; ভাস্কর; প্রভাকর।

অগির, পু. বি. (অগ, তেজ বিশেষ, ইর) অগ্নি; সূর্য্য; রাক্ষস; আগুন; নিশাচর; দীপ্তিকর পদার্থ।

অগু, পু. বি. (অ-গম, গমন, ডু) রাহু গ্রহ; (ত্রি. বিণ.) কিরণ রহিত; প্রভাহীন; (বিণ.) যাহার তেজ নাই; প্রভাশূন্য পদার্থ।

অগুণ, ত্রি. বিণ. (অ-গুণ, সদ্বিদ্যা, অ) গুণহীন; মন্দ; অনুপকার; যাহার দ্বারা কোন উপকার নাই।

অগুণিত, ত্রি. বিণ. (অ-গুণ, গণনা, ক্ত) যাহার গুণ করা হয় নাই; পূরণ শূন্য; বাড়ান নয়।

অগুপ্ত, ত্রি. বিণ. (অ-গুপ, গোপন, ক্ত) অগোপনীয়; অলুক্কায়িত; যে ব্যক্তি গুপ্ত নহে; প্রকাশ্য ব্যক্তি।

অগুরু, পু. ক্লী. বি. (অ-গুর, দ্রব্য বিশেষ, উ) শিংশপা বৃক্ষ; কালাগুরু; কৃষ্ণবর্ণ চন্দন; স্বনাম প্রসিদ্ধ সুগন্ধি কাষ্ঠ বিশেষ; চন্দন বিশেষ; যথা — শ্রীনন্দের নন্দন বংশিবদন বংশি নিনাদ করিয়া গো চারণে যাত্রা করিলে, বৃষভানু নন্দিনী রাধা কৃষ্ণ সঙ্গে কেলী করণাভিলাষে একাকিনী বহির্গতা হইলেন। ক্রমশঃ যমুনা পুলিনে এক নিকুঞ্জবনে উপনীত হইয়া হৃদয় বল্লভ বংশিধরের আগমন প্রতীক্ষা করত কালক্ষেপ করিতে লাগিলেন। এদিকে অন্তর্যামি ভগবান কৃষ্ণ, বংশি দ্বারা (শ্রীমতি রাধে) এই ধ্বনি করিতে করিতে তথায় উপস্থিত পূর্ব্বক ঈষৎ হাস্য আস্যে বলিলেন মন্ময়ি রাধে! অদ্য কি গাত্রে অগুরু লেপন করিয়াছ? তোমার গলদেশে যে সকল সুরভি কুসুম মালা দেখিতেছি, তাহা কি অগুরু মিশ্রিত? আহা! নিরবচ্ছিন্ন আমার মন আকর্ষণ করিতেছে এমন নয়, নিকুঞ্জ শুদ্ধ এককালে সুগন্ধে আমোদ করিয়াছে। ইতি রসমাধুরী।

যাহাকে অগর বলিয়া থাকে; ইহা পঞ্চদশ প্রকার যথা — বংশিক ১ রাজার্হ ২ লোহ ৩ কৃমিজ ৪ জোঙ্গক ৫ ইতি অমরকোষ। শৃঙ্গজ ৬ কৃষ্ণ ৭ লোহাখ্য ৮ লঘু ৯ ইতি রত্নমালা। পীতক ১০ বর্ণ প্রসাদন ১১ অনার্য্যক ১২ অসার ১৩ কৃমিজগ্ধ ১৪ কাষ্ঠক ১৫ ইতি রাজ নির্ঘণ্ট। উল্লিখিত অগুরুর বিবিধগুণ, যথা তিক্ত, উষ্ণ, কটু, লেপন করিলে রুক্ষ হয়, ব্রণ রোগ, কফ রোগ, বাত রোগ এবং মুখ রোগ নাশক। (ত্রি. বিণ.) লঘু; হাল্‌কী; গুরু ভিন্ন;

যাহা ভারি নয়; অধিক ভারের ন্যূনতা। ইতি মেদিনী।

অগূঢ়, ত্রি. বিণ. (অ-গুহ, গোপন, ক্ত) অগোপন; প্রকাশ্য; যাহা গুপ্ত নয়; লক্কায়িত নহে।

অগূঢ়গন্ধ, ক্লী. বি. (অগূঢ়-গন্ধি, গন্ধ, অ) হিঙ্গু। ইতি রাজ নির্ঘণ্ট। দ্রব্য বিশেষ।

অগূঢ় ভাব, ত্রি. বিণ. (অগূঢ়-ভূ, উৎপত্তি, ঘঞ) সরল; সৎ; অখল; ঔদারিক।

অগো, (ব্য) প্রধান ব্যক্তির সম্বোধন। যথা—
হিরা থর থর কাঁপিছে ডরে। ঝর ঝর জল নয়নে ঝরে॥ কাঁদি কহে অগো রাজকুমারী। ক্ষম অপরাধ আমি তোমারি॥ চিকণ গাথনে বাড়িল বেলা। তোমার কাযে কি আমার হেলা॥ ইতি ভারতচন্দ্র।
সম্বোধনার্থ অব্যয় শব্দ।

অগোচর, ত্রি. বিণ. (অগো-চর, বিদিত, অ) ইন্দ্রিয়ের প্রত্যক্ষ বিষয়; অজ্ঞাত; অপ্রত্যক্ষ; (ক্লী. বি.) ব্রহ্ম; যিনি অবাঙ্‌মনস গোচর, তাঁহার মূর্ত্তি চিন্তা করিয়া মুক্তিবিরুদ্ধ মতাবলম্বন করা মানবগণের পক্ষে নিতান্ত অবিধেয়। ইতি ব্রহ্মবাদিনঃ।

অগৌকস, পুং. বি. [অগ-ওকস, জীব বিশেষ, ঘঞ] শরভ; সিংহ; পক্ষী, ইতি মেদিনী।

অগৌণে, (ক্রিবিণ.) অবিলম্বে; শীঘ্র; আশু।

অগ্নায়ী, স্ত্রী. বি. [অগ্নি, আগুন, আয়-ঈ] অগ্নির পত্নী; ইতি অমর কোষ। ত্রেতাযুগ; দ্বিতীয়যুগ।

অগ্নি, পুং. বি. (অগ, তেজ, নি) তেজঃ পদার্থ বিশেষ; অনল; আগুন। তাহার বিবরণ যথা, ধর্ম্মের ঔরসে ও বসুভার্য্যার গর্ভে অগ্নিজন্মান, অগ্নির পত্নীর নাম স্বাহা, অগ্নির বিবিধ নাম যথা। পাবক, পবমান, শুচি, বৈশ্বানর, বহ্নি, বীতি হোত্র, ধনঞ্জয়, কৃপীট যোনি, জ্বলন, জাতবেদা, তনুনপাৎ, তমূনপা, বর্হিঃশুষ্মা, বর্হি, শুষ্মা, কৃষ্ণবর্ত্মা, শোচিষ্কেশ, উষর্ব্বুধ, আশ্রয়াশ, আশযাশ, বৃহদ্ভানু, কৃশানু, অনল, রোহিতাশ্ব, বায়ুসখা, বায়ুসখ, শিখাবান, শিখী, আশুশুক্ষণি, হিরণ্যরেতা, হুতভুক্, হব্যভুক্, দহন, হব্যবাহন; সপ্তার্চ্চি, দমুন, দমুনা, শুক্র, চিত্রভানু, বিভাবসু, শুচি, অপ্পিত্ত, বৃষাকপি, জুহূবাল, কপিল, পিঙ্গল, অরণি, অগির, পাচন; বিশ্বপ্সা, ছাগবাহন, কৃষ্ণার্চ্চি, জুহূবার, উদর্চ্চি, ভাস্কর, বসু, শুষ্ম, হিমারাতি, তমোনুৎ, সুশিখ, সপ্তজিহ্ব, অপপারিক, সর্ব্বদেব মুখ ইতি জটাধর। ইহারগুণ বায়ুনাশক, কফনাশক, স্তম্ভনাশক শীতও কম্পন নাশক। রক্তপিত্ত প্রকোপক, ইতি রাজবল্লভ। বৈদ্যমতে অগ্নি তিন প্রকার, যথা ভৌম, দিব্য, উদর্য্য।

অগ্নিক, পুং. বি. (অগ, তেজ, নি ক) ইন্দ্র গোপ নাম রক্তবর্ণ কীট বিশেষ; ইতি হেমচন্দ্র।

অগ্নিকন, পুং. বি. [অগ্নি, আগুন, কন] অগ্নিকণা; স্ফুলিঙ্গ; ইতি অমরকোষ।

অগ্নিকল্প, ত্রি. বিণ. [অগ্নি-আগুন, কল্প] অগ্নিতুল্য উষ্ণ; প্রায় অগ্নিতুল্য।

অগ্নিকক্ষ, পুং. বি. (অগ্নি-কক্ষ, কাঁখ, অল) অগ্নির বাহু মূল; আগুনের বগল; আগুনের কাঁখ।

অগ্নিকারিকা, স্ত্রী. বি. (অগ্নি-কৃ, করা, নিণ্-ক-আ) অগ্নিকার্য্য, ইতি হেমচন্দ্র। আগুনে পোড়ান।

অগ্নিকার্য্য, ক্লী. বি. (অগ্নি-কৃ, করা, ঘ্যণ) অগ্নির কার্য্য; অগ্নিতেকার্য্য; অগ্নিসংস্কার; শবদাহ; ইহার পরিচয় যথা-অগ্নীন্ধন, অগ্নিধ্রা, অগ্নিকারিকা ইতি হেমচন্দ্র। মৃতশরীর ভস্মীভূত করা; পোড়ান।

অগ্নিকাষ্ঠ, ক্লী. বি. অগ্নি-কাস, দ্রব্য বিশেষ, থ) অগুরুকাষ্ঠ; ইতি রাজ নির্ঘণ্ট। গন্ধবিশিষ্ট কাষ্ঠবিশেষ।

অগ্নিকুক্কুট, পুং. বি. (অগ্নি কুক্-কুট, দীপ্তি, অ) জ্বলদগ্নিতৃণোল্কা; জ্বলন্তনুড়া; অগ্নিসংযুক্ত তৃণ; প্রজ্জ্বলিত তৃণাদি; জ্বলিত কাষ্ঠ; যাহা জ্বলিতেছে।

অগ্নিকুমার, পুং. বি. (অগ্নি কুমার, দ্রব্যবিশেষ, অ) ক্ষুধাবর্দ্ধক, ঔষধ বিশেষ; অগ্নুন্নতি; রোগ নিবারক দ্রব্য; পাচক দ্রব্য বিশেষ; যাহা দ্বারা রোগ বিশেষ নিবারণ হয়।

অগ্নিকোণ, ক্লী. বি. (অগ্নি-কোণ, দুইদিকের মধ্য স্থান, অ) পূর্ব্ব দক্ষিণ কোণ; ইতি প্রায়শ্চিত্ত তত্ত্ব। যে কোনের অধিপতি অগ্নি; ইতি জ্যোতিষ তত্ত্ব।

অগ্নিক্রিয়া, স্ত্রী. বি. (অগ্নি-কৃ, করা, ইয়-আ) অগ্নিকার্য্য; সৎকার; শবদাহ; অন্ত্যেষ্টি ক্রিয়া। যথা—
অন্ধক মুনি স্বীয় সন্তানের, রাজা দশরথ নিক্ষিপ্ত বাণে প্রায় প্রাণাবশেষ বুঝিয়া প্রবাহিত অশ্রু পূর্ণ নয়নে উচ্চৈঃস্বরে কহিতে লাগিলেন। মহারাজ! কি কর্ম্ম করিলেন? মৃগ ভ্রমে আমাদিগের একমাত্র যষ্টি স্বরূপ প্রাণাধিক পুত্রকে বিনাশ করিয়া আমাদিগকে শুদ্ধ কাল সদনে প্রেরণ করিলেন? যাহাহউক এক্ষণে

আমাদিগের জীবন সত্ত্বে আপনিই অগ্নিক্রিয়া করুন্। নতুবা আমাদিগের আর উপায়ান্তর নাই। কিন্তু আমরা যাদৃশ পুত্রশোকে প্রাণ ত্যাগ করিলাম আপনি এইরূপ পুত্রশোকে যেন প্রাণ পরিত্যাগ করেন। এক্ষণে চিতার উদ্যোগ করুন্। ইতি রামায়ণ।

অগ্নিক্রীড়া, স্ত্রী. বি. (অগ্নি-ক্রীড়, খেলা, ঙ) অগ্নিখেলা; ধধূপাদি ত্যাগ; আতশ বাজী; হাউই বাজী।

অগ্নিগর্ত্ত, পু. বি. (অগ্নি-গর্ত্ত, উদর, অল) অগ্নিজার বৃক্ষ; মণিবিশেষ; সূর্য্যকান্ত মণি; ইতি রাজ নির্ঘণ্ট আতসী প্রস্তর; (বিণ) যাহার অন্তর হইতে অগ্নি উৎপন্ন হয়; আগুন প্রকাশক দ্রব্য; চক্‌মকি।

অগ্নিগর্ত্তা, স্ত্রী. বি. (অগ্নি-গর্ত্ত, উদর, অল আ) মহাজ্যোতিষ্মতী বৃক্ষ; (বিণ) যে স্ত্রীর উদরে অগ্নি আছে; যে স্ত্রী ভোজন করিলে শীঘ্র পরিপাক হয়।

অগ্নিচিৎ, পু. বি. (অগ্নি-চিত্, জ্ঞান, ক্বিপ্) অগ্নিহোত্রী; সাগ্নিক; ইতি অমরকোষ। হোমকারক ব্রাহ্মণ।

অগ্নিচিত্যা, স্ত্রী. বি. (অগ্নি-চিত্ জ্ঞান, য আ) যজ্ঞাগ্নির সংস্থাপন; বেদ বিধি মতে আগুন স্থাপনা করা।

অগ্নিজ, পু. বি. (অগ্নি-জন, জন্মান, ড) অগ্নিজার বৃক্ষ; (বিণ) অগ্নিজাত; যাহা আগুনে জন্মায়।

অগ্নিজাত, পু. বি. (অগ্নি-জন, জন্মান, ক্ত) অগ্নিজার বৃক্ষ; (বিণ) যাহা অগ্নিতে জন্মায়।

অগ্নিজার, পু. বি. (অগ্নি জ্, দ্রব্য বিশেষ ঘঞ) বৃক্ষ বিশেষ; ঔষধ বিশেষ; অগ্নিজার নামক ঔষধের বিশেষ পরিচয় যথা-অগ্নিজার; অগ্নিনির্য্যাস; অগ্নিগর্ত্ত; অগ্নিজ; বড়বাগ্নিমল; জরায়ু; অর্ণবোদ্ভব; অগ্নিজাত; অগ্নিজাল; সিন্ধুফল। ইহার গুণ যথা কটু; উষ্ণ। কফ, বায়ু, সন্নিপাত, এবং শূল প্রভৃতি রোগ নাশক। কিন্তু পিত্ত প্রদ; ইতি রাজ নির্ঘণ্ট।

অগ্নিজাল; পু. বি. (অগ্নি-জল, দ্রব্য বিশেষ, ঘঞ) অগ্নিকারক ঔষধ; বৃক্ষবিশেষ; পাচক দ্রব্য।

অগ্নিজ্বালা, স্ত্রী. বি. (অগ্নি-জ্বল, জ্বলন, ঘঞ-আ) অগ্নিশিখা; জলপিপ্‌পলী; ধাতকী বৃক্ষ; ইতি রাজ নির্ঘণ্ট। আগুনের শিখ; বৃক্ষ বিশেষ।

অগ্নিজিহ্বা, স্ত্রী. বি. (অগ্নি-হ্বে, আহ্বান, যঙলুক্-আ) অগ্নিশিখা; লাঙ্গলী বৃক্ষ; বিষলাঙ্গলা; অগ্নির সপ্তশিখা। (বিণ) যাহার অগ্নিতুল্য জিহ্বা।

অগ্নিত্রেতা, স্ত্রী. বি. (অগ্নি-ত্রি, তিন, তৃন্) গার্হপত্য, অহোবনা, দাক্ষিণ্য, এই ত্রিবিধ অগ্নিসংস্থাপনা।

অগ্নিদ, ত্রি. বিণ. (অগ্নি-দা দান, ড) অগ্নিদাতা; শবদাহে অধিকারী; অগ্নি পরি সংস্থাপিত; (বি.) উদয়াগ্নি; অগ্নির উপরে সংস্থাপন; আগুনে রাখা।

অগ্নিদমনী, স্ত্রী. বি. (অগ্নি-দম, দমন, অনট-ঈ) কণ্টকারিকা; ক্ষুপ বিশেষ; ক্ষুদ্র শাখা বিশিষ্ট বৃক্ষ। অগ্নিদমনীর বিশেষ পরিচয় যথা-বহ্নিদমনী; বহুকণ্টকা; বল্লিকণ্টারিকা; গুচ্ছফলা; ক্ষুদ্রফলা; ক্ষুদ্রদুঃস্পর্শ; ক্ষুদ্রকণ্টারিকা; মর্ত্তোন্দ্রমাতা; দমনী। ইহার গুণ যথা-কটু, উষ্ণ, রুক্ষ। বাত, কফ, গুল্ম, এবং প্লীহ নাশক, রুচিকর, অগ্নিদীপন। ইতি রাজনির্ঘণ্ট।

অগ্নিদগ্ধ, পু. বি. (অগ্নি-দহ, দহন, ক্ত) যে পিতৃলোকের অগ্নিসংস্কার হইয়াছে।

অগ্নিদাতা, পু. বিণ. (অগ্নি-দা, দান, তৃন্) অগ্নি দান কর্ত্তা; যে ব্যক্তি আগুন দেয়; আগুন দায়ক।

অগ্নিদায়ক, পু. বিণ. (অগ্নি-দা, দান, ণক) অগ্নিদাতা; যে মুখ-অগ্নি করে; মৃত্যু হইলে যে আগুন দেয়।

অগ্নিদীপন, ত্রি. বিণ. (অগ্নি-দীপ, অগ্নিশিখা, অনট) অগ্নিবর্দ্ধক; জঠরাগ্নি কারক; ঔষধ বিশেষ। যথা-পারদ মৃত, লবঙ্গ, এবং গন্ধক যে পরিমাণে লইবেক তাহার দ্বিগুণ মরিচ চূর্ণ মিশ্রিত করিলে উক্ত ঔষধ হইবেক ইতি রসেন্দ্রচিন্তামণি। অথবা হরীতকী, শুণ্ঠী, গুড়, এবং সৈন্ধব একত্র সমভাগে প্রস্তুত করিলে উল্লিখিত ঔষধ হইবেক।

অগ্নিদীপনী, স্ত্রী. বি. (অগ্নি-দীপ, অগ্নিশিখা, অনট ঈ) অগ্নিবর্দ্ধক; আগুন বৃদ্ধি কারক; পাচক।

অগ্নিদীপ্ত, ত্রি. বিণ. (অগ্নি দীপ, অগ্নিশিখা, ক্ত) অগ্নিজ্যোতির্ব্বিশিষ্ট; প্রজ্বলিত আগুন।

অগ্নিদীপ্তা, স্ত্রী. বি. (অগ্নি দীপ, অগ্নিশিখা, ক্ত-আ) মহাজ্যোতিষ্মতী বৃক্ষ; ইতিরাজ নির্ঘণ্ট।

অগ্নিদেবা, স্ত্রী. বি. (অগ্নি দেব, দেবতা, অল-আ) কৃত্তিকা নক্ষত্র; ইতি হেমচন্দ্র।

অগ্নিনির্য্যাস, পু. বি. (অগ্নি-নির-ই-আস, দ্রব্যবিশেষ, অ) অগ্নিজারবৃক্ষ; উদ্ভিজবিশেষ। ইতি রাজনির্ঘণ্ট।

অগ্নিপক্ব, ত্রি. বিণ. (অগ্নি-পচ, পাক, ক্ত) অগ্নিতে পাক করা; রন্ধন করা; আগুনে সিদ্ধ করা।

অগ্নিপরীত, ত্রি. বিণ. (অগ্নি-পরি-ইন, গতি, ক্ত) অগ্নিদগ্ধ; অগ্নিপীড়িত; আগুনের দ্বারা আক্রান্ত।

যথা—এইরূপে উপাখ্যান সমাপন করিয়া বৈশম্পায়ন কহিলেন, মহারাজ! সহদেব সৈন্যদিগকে অগ্নিপরীত ও একান্ত ভীত দেখিয়া অচলের ন্যায় নিশ্চল হইয়া রহিলেন। কিয়ৎক্ষণ পরে শুচি হইয়া আচমন পূর্ব্বক পাবককে এইরূপ স্তব করিতে লাগিলেন। ভগবন্! আমি আপনকার প্রসাদেই দিগ্বিজয় করিতেছি। আপনাকে নমস্কার করি ইত্যাদি। মহাভারত সভাপর্ব্ব ৪৩ পৃষ্ঠা।

অগ্নিপরীক্ষা, স্ত্রী. বি. (অগ্নি-পরি-ঈক্ষ, অবলোকন, ও) পরীক্ষা বিশেষ; যথা বিধি অগ্নিহাতে করাইয়া শুদ্ধাশুদ্ধ নির্ণয় করণ; অগ্নিকুণ্ডে প্রবেশ করণ পূর্ব্বক শুদ্ধাশুদ্ধ পরীক্ষা করণ। যথা—

সীতা সর্ব্বসমক্ষে অপবাদ বিমোচনের নিমিত্ত লক্ষ্মণকে অগ্নিকুণ্ড করিয়া দিতে বলিয়া অনেক আক্ষেপ করিলেন। অনন্তর সীতা রাম চন্দ্রকে এবং অগ্নিকে সপ্তবার প্রদক্ষিণ করিয়া "আমি যদি সতী হই তবে অবশ্যই অব্যাহতি পাইব" এই কথা কহিয়া অগ্নিকুণ্ডে প্রবেশ করিলেন। রামচন্দ্র এই ব্যাপার অবলোকনে চতুর্দ্দিক শূন্যময় দেখিয়া হা সীতা বলিয়া উন্মত্তের ন্যায় ভূমিতলে পতিত হইয়া রোদন করিতে লাগিলেন। তখন ব্রহ্মাদি দেবগণ আসিয়া সীতাকে উদ্ধার করিলে সীতা দেবী রামচন্দ্র সমীপে দণ্ডায়মান হইলেন। রামচন্দ্র দেখিলেন সীতাদেবীর বস্ত্র পর্য্যন্ত দগ্ধ হয় নাই। তখন অগ্নি কহিতে লাগিলেন হে রঘুপতে! অদ্য সীতাস্পর্শ করিয়া আমি পবিত্রদেহ হইলাম, সীতার কোন দোষ নাই সীতা যথার্থ সতী, অতএব আপনি এক্ষণে গ্রহণ করুন্। ইতি রামায়ন সারসংগ্রহ।

অগ্নিপূজক, পু. বিণ. (অগ্নি-পূজ, অর্চ্চনা, ও-ক) যে ব্যক্তি অগ্নিপূজা করে; আগুন পূজক।

অগ্নিপূজা, স্ত্রী. বি. (অগ্নি-পূজ, অর্চ্চনা, ও) অগ্নির পূজা; যজ্ঞ কালীন বহ্নি আরাধনা; আগুন অর্চ্চনা।

অগ্নিপ্রজ্বলন, ক্লী. বি. (অগ্নি-প্র-জ্বল, জ্বলন, অনট) অগ্নিজ্বালন; অগ্নির জ্বলিয়া উঠা; আগুন জ্বালা।

অগ্নিপ্রতাপ, পু. বি. (অগ্নি-প্র-তপ, তাপ, ঘঞ) অগ্নির প্রাদুর্ভাব; আগুনের ক্ষমতা।

অগ্নিপ্রমুখ, ত্রি. বিণ. (অগ্নি-মুখ, প্রধানাঙ্গ, ক) দেবগণ; যাহাদিগের আগুনের মুখ। যথা-দেবগণ বৃহস্পতির বাক্য শ্রবণে পরম প্রীত হইয়া কহিলেন মহাশয়! উত্তম কহিয়াছেন, ইহাতে সমুদয় দেবগণেরই হিত লাভের সম্ভাবনা। এক্ষণে ইন্দ্রাণীরে প্রসন্ন করা কর্ত্তব্য। এই স্থির করিয়া লোক হিতৈষী অগ্নি প্রমুখ সুরগণ শচীরে কহিলেন, হে দেবি! আপনি এই স্থাবর জঙ্গমাত্মক সমুদয় জগৎ ধারণ করিতেছেন একবার অনুগ্রহ করিয়া নহুষের নিকট গমন করুন। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ১৭ পৃষ্ঠা।

অগ্নিপ্রস্তর, পু. বি. (অগ্নি-প্র-স্তৃ, দ্রব্য বিশেষ, অল) অগ্নিজনক পাষাণ; চকমকী পাতর।

অগ্নিবৎ, ত্রি. বিণ. [অগ্নি, আগুন, চৃৎ] অগ্নিরন্যায়; অগ্নিতুল্য; আগুন সদৃশ; অত্যন্ত উষ্ণগুণ বিশিষ্ট দ্রব্য।

অগ্নিবর্দ্ধক, ত্রি. বিণ. (অগ্নি-বৃধ, বর্দ্ধন, অল-ক) আগ্নেয়; অগ্নি বৃদ্ধি কারী; ক্ষুধা বর্দ্ধক।

অগ্নিবর্দ্ধন, ক্লী. বিণ. (অগ্নি-বৃধ, বর্দ্ধন, অনট) জঠরাগ্নি বৃদ্ধি কারক; ক্ষুধার প্রাদুর্ভাব।

অগ্নিবল্লভ, পু. বি. (অগ্নিবৎ-লভ, লাভ, অল) ধূনা; শালবৃক্ষ; শাল গাছ; বৃক্ষ বিশেষ।

অগ্নিবাণ, পু. বি. (অগ্নি-বাণ, শর, অ) বাণ বিশেষ; যে বাণ পরিত্যাগ করিলে তদ্দ্বারা অগ্নিবৃষ্টি হয়; অগ্নিতুল্য বাণ; আগুনের সদৃশ শর।

অগ্নিবাহ, পু. বি. (অগ্নি-বহ, বহন, ঘঞ) ধূম; ধূঁয়া; যে ব্যক্তি আগুনকে বহন করে।

অগ্নিবাহু, পু. বি. (অগ্নি-বহ, বহন, ঞুস্) ধূম; যাহার অগ্নিবাহু; যাহার হস্তে আগুন আছে।

অগ্নিবিকার, পু. বি. (অগ্নি-বি-কৃ, করা, ঘঞ) ধূমকেতু; উল্কাপাত; আগুনের ন্যায় বোধ হওয়া।

অগ্নিবিৎ, ত্রি. বিণ. (অগ্নি-বিদ, জ্ঞান, ক্বিপ্) অগ্নিহোত্রী; সাগ্নিক; যে ব্যক্তি আগুনের বিষয় পরিজ্ঞাত।

অগ্নিবিনা, (ব্য) অগ্নিব্যতিরেকে; অগ্নিভিন্ন।

অগ্নিবিনাশ, পু. বি. (অগ্নি-বি-নশ, নাশ, ঘঞ) অগ্নির বিনাশ; অগ্নিধ্বংস; নির্ব্বাণাগ্নি।

অগ্নিবিনাশক, ত্রি. বিণ. (অগ্নি-বি নশ, নাশ; ঘঞ-ক) অগ্নিকে যে বিনাশ করে; জল; অগ্নিধ্বংস কর্ত্তা; আগুন নির্ব্বাণ কারক; যে আগুন নিবায়।

অগ্নিবিশিষ্ট, ত্রি. বিণ. (অগ্নি-বি-শিষ, বর্ত্তমান, ক্ত) যাহার অগ্নি আছে; অগ্নিবস্ত; যাহাতে আগুন আছে; ক্ষুধা বিশিষ্ট; বুভুক্ষু; ভোজনেচ্ছুক।

অগ্নিবিসর্প, পু. বি. (অগ্নি-বি-সৃপ, গতি, অল) স্ফোটক জন্য ক্লেশ; রোগ বিশেষ; ফোঁড়ার যাতনা।

অগ্নিবীজ, ক্লী. বি. (অগ্নি-বীজ, আদিকারণ, ঙ) সুবর্ণ; কাঞ্চন; স্বর্ণ; সোণা; উৎকৃষ্ট ধাতু।

অগ্নিবীর্য্য, ক্লী. বি. (অগ্নি-বীর্য্য, দীপ্ত, অল) হেম; সুবর্ণ; ধাতুবিশেষ; আগুনতুল্য দীপ্তি বিশিষ্ট ধাতু।

অগ্নিবৃদ্ধি, পু. বি. (অগ্নি-বৃধ, বর্দ্ধন, ক্তি) অগ্ন্যুন্নতি; ক্ষুধার প্রাদুর্ভাব; পাচকতা শক্তি; ক্ষুধোন্নতি।

অগ্নিবৃষ্টি, স্ত্রী. বি. (অগ্নি-বৃষ, বর্ষণ, ক্তি) অগ্নিবর্ষণ; অনবরত আগুন পতিত হওয়া; চতুর্দ্দিকে আগুন বেড়া।

অগ্নিভ, ক্লী. বি. (অগ্নি-ভা, দীপ্তি, ড) স্বর্ণ; হেম; সোণা; অগ্নিবর্ণ; যে দ্রব্যের আগুনের সদৃশ আভা; অগ্নিতুল্য প্রদীপ্ত; আগুনের ন্যায় দীপ্তিবিশিষ্ট দ্রব্য।

অগ্নিভূ, পু. বি. (অগ্নি-ভূ, উৎপত্তি, ক্বিপ্) কার্ত্তিকেয়; বহ্ন্যুৎপন্ন; আগুন হইতে উদ্ভব। ইতি অমর কোষ। (ক্লী.) জল; ইতি বেদ পুরাণ। দ্রব্য বিশেষ।

অগ্নিভূতি, পু. বি. (অগ্নি-ভূ, উৎপত্তি, ক্তি) বৌদ্ধ ভেদ; ধর্ম্ম বিশেষের প্রভেদ।

অগ্নিমণি, পু. বি. (অগ্নি-মণ, রত্ন, ই) সূর্য্যকান্ত মণি; রত্ন বিশেষ; যে প্রস্তরের আগুনের ন্যায় প্রভা।

অগ্নিমন্থ, পু. বি. (অগ্নি-মন্থ, বিলোড়ন, অল) গণিকারিকা বৃক্ষ; গণিরির গাছ; ইতি অমর কোষ। ক্ষুদ্র বৃক্ষ; বৃক্ষ বিশেষ; ঔষধ বিশেষ।

অগ্নিময়, পু. বি. [অগ্নি, আগুন, ময়ট] সমস্তই অগ্নি; চতুর্দ্দিকে অগ্নি; আগুনে এককালে পরিপূর্ণ।

অগ্নিমান্দ্য, পু. বি. (অগ্নি-মন্দ, ন্যূন, ঘ্যণ) অগ্নির ম্লানতা; অল্পাগ্নি; ক্ষুধা শূন্য; অপাকজনিত পীড়া; মন্দাগ্নি; পরিপাক শক্তি বিশিষ্ট নহে।

অগ্নিমারুতি, পু. বি. [অগ্নি-মরুত, বায়ু, ঞি] অগস্ত্য মুনি; ইতি হেমচন্দ্র। হনুমান; মরুতের অপত্য।

অগ্নিমুখ, পু. বি. (অগ্নি-মুখ, প্রধানাঙ্গ, ক) দেবতা; ব্রাহ্মণ; ইতি মেদিনী। চিত্রক বৃক্ষ; চিতাগাছ; ভল্লাতক; ভেলা; ইতি বিশ্ব; দ্রব্য বিশেষ।

অগ্নিমুখা, স্ত্রী. বি. (অগ্নি-মুখ, প্রধানাঙ্গ, ক-আ) ভল্লাতকী; ইতি অমর কোষ। লাঙ্গলিকী; ইতি রাজনির্ঘণ্ট; (বিণ) যে স্ত্রীর আগুনের ন্যায় মুখ।

অগ্নিমুখী, স্ত্রী. বি. (অগ্নি-মুখ, প্রধানাঙ্গ, ইন্) বৃক্ষ বিশেষ; এক রকম গাছ; তেজঃপুঞ্জ উদ্ভিজ্জ বিশেষ।

অগ্নিযন্ত্র, ক্লী. বি. (অগ্নি-যন্ত্র, কল, অ) আগ্নেয়াস্ত্র; কামান; বন্দুক; আগুনের কল; যে কল আগুন ব্যতিরেকে চলে না; বাষ্পযন্ত্র।

অগ্নিযুক্ত, ত্রি. বিণ. (অগ্নি-যুজ, যোগ, ক্ত) অগ্নির সহিত একত্রিত; অগ্নিবিশিষ্ট; যাহাতে আগুন আছে।

অগ্নিরজা, পু. বি. (অগ্নি-রজ, জীববিশেষ, বা ঋতু, অস্) ইন্দ্র গোপাখ্য কীট; ইতি হেমচন্দ্র।

অগ্নিরহিত, ত্রি. বিণ. (অগ্নি-রহ, বর্জ্জন, ক্ত) অগ্নিশূন্য; অগ্নির অভাব; যাহাতে আগুন নাই।

অগ্নিরক্ষণ, ক্লী. বি. (অগ্নি-রক্ষ, রক্ষা, অনট) অগ্ন্যাধান; অগ্নিহোত্র; ইতি হেমচন্দ্র। ব্রাহ্মণ বিশেষ।

অগ্নিরুহা, স্ত্রী. বি. (অগ্নি-রুহ, রোহণ, ঙ) মাংসরোহিণী; ইতি রাজ নির্ঘণ্ট। বৃক্ষবিশেষ।

অগ্নিশর্ম্মা, পু. বিণ. (অগ্নি-শৄ, উপাধি বিশেষ, মন্) মহাক্রোধী; অসহ্য ক্রোধ; উদ্দীপ্ত রাগান্বিত; ক্রোধে অগ্নিতুল্য; যাহার শরীরে হঠাৎ রাগ উপস্থিত হয়।

অগ্নিশিখ, পু. বি. (অগ্নি-শিখ, শিখা, ক) কুসুম্ভ বৃক্ষ; কুসুম; দীপ; বাণ; ইতি শব্দরত্নাবলী। স্বর্ণ; ইতি রাজনির্ঘণ্ট। কুঙ্কুম; কুসুম্ভপুষ্প; ইতি মেদিনী।

অগ্নিশিখা, স্ত্রী. বি. (অগ্নি-শিখ, শিখা, ঙ) আগুনের জিহ্বা; বাণ বিশেষ; লাঙ্গলিকী বৃক্ষ; বিষলাঙ্গলা। ইহার পরিচয় যথা,-বিশল্যা, অনন্তা, ফলিনী, শক্রপুষ্পী ইতি অমরকোষ। আগুনের শিষ; জ্বালা; বৃক্ষবিশেষ; (ক্লী.) কুঙ্কুম; দ্রব্য বিশেষ।

অগ্নিশূন্য, ত্রি. বিণ. (অগ্নি-শূন্য, অভাব, ক) অগ্নির অভাব; যে খানে আগুন নাই; অগ্নিরহিত; যে ব্যক্তি ভোজন করিলে কিছুমাত্র পরিপাক হয় না।

অগ্নিশেখর, ক্লী. বি. (অগ্নি-শেখ, দ্রব্য বিশেষ, অর) কুঙ্কুম; ইতি রাজনির্ঘণ্ট দ্রব্য বিশেষ।

অগ্নিষ্টোম, পু. বি. (অগ্নি-স্তুম, যজ্ঞ, অল) যজ্ঞবিশেষ; ইতি শব্দরত্নাবলী। যাগ বিশেষ।

অগ্নিষ্ঠ, পু. বি. (অগ্নি-স্থা, স্থিতি, ড) তণ্ডুলাদি ভর্জ্জনার্থ লৌহময় পাত্র; ইতি ত্রিকাণ্ডশেষ। কড়া; কটাহ; কড়াই লৌহ নির্ম্মিত পাত্র বিশেষ।

অগ্নিষ্বাত্ত, পু. বি. (অগ্নি-স্ব, ব্যক্তি বিশেষ, নিপাতনে আত্ত,) মরীচি সন্তান; উপদেবতাগণ; দেবতাগণের পূর্ব্ব পুরুষ; পিতৃলোক।

অগ্নিসংস্কার, পু. বি. (অগ্নি-সং-স্কৃ, করা, ঘঞ) দা-

যাদি কার্য্য; অগ্নি দ্বারা বেদ বিধি মতে কর্ম্ম।

অগ্নিসংস্কৃত, পু. বিণ. (অগ্নি-সং স্কৃ, করা, ক্ত) কৃত দাহাদি; যাহাকে অগ্নিদ্বারা সংস্কার করা হইয়াছে; বেদ বিধি মতে অগ্নিদ্বারা শুদ্ধ করা দ্রব্যাদি।

অগ্নিসখ; পু. বি. (অগ্নি-সখ, মিত্র, অ) বায়ু; যে হেতু বায়ুর সখা অগ্নি ইহা সপ্রমাণ দেখা যাইতেছে ইতি। পবন; বাতাস; সমীরণ; মরুৎ।

অগ্নিসদৃশ, ত্রি. বিণ. (অগ্নি সমান-দৃশ দর্শন, টক্) অগ্নিতুল্য; আগুনের ন্যায়; অগ্নিসমান।

অগ্নিসন্দীপন, ত্রি. বিণ. (অগ্নি-সং দীপ, শিখা, অনট) বহ্নি বর্দ্ধক ঔষধাদি; যে ঔষধে পরিপাক হয়।

অগ্নিসম্ভব, পু. বি. (অগ্নি সং-ভূ, উৎপত্তি, অল) অরণ্য কুসুম; বন পুষ্প; ইতি রাজনির্ঘণ্ট। বন ফুল।

অগ্নিসমান ধর্ম্মা, ত্রি. বিণ. (অগ্নি-সমান ধৃ, ধারণ, মন্) ধর্ম্ম রাজ; আগুনের সদৃশ যাহার ধর্ম্ম। যথা—কোন মুমূর্ষু অচেতন ব্যক্তি এই অনিবার্য্য হুতাশন পতঙ্গ বৃত্তি অবলম্বন করিবে? আমি অগ্নি সমান ধর্ম্মা ধর্ম্মরাজের সহিত কপট ব্যবহার করিয়াছি, এনিমিত্ত তিনি যুদ্ধে অবশ্যই আমার হতভাগ্য পুত্রগণকে সংহার করিবেন। ইতি মহাভারত উদ্যোগ পর্ব্ব ৯৭ পৃষ্ঠা।

অগ্নিসহায়, পু. বি. (অগ্নি-সহ, সহন, আয়) বন কপোত; বন পায়রা; ইতি রাজ নির্ঘণ্ট। পবন; বাতাস; অগ্নির সাহায্য কারক ব্যক্তি; সমীর।

অগ্নিস্তম্ভন, ক্লী. বি. (অগ্নি-স্তম্ভ, স্তম্ভন, অনট) মন্ত্রৌষধিদ্বারা অগ্নির্দাহিকা শক্তি নিবারণ।

অগ্নিসার, ক্লী. বি. (অগ্নি-সৃ, গতি, ঘঞ) রসাঞ্জন; ইতি রাজ নির্ঘণ্ট। চক্ষুর ঔষধ; অঞ্জন; কাজল।

অগ্নিস্বাত্তাঃ, পু. বি. (অগ্নি-স্ব, ব্যক্তিবিশেষ, নিপাতনে আত্ত) মরীচিপুত্র পিতৃগণ বিশেষ। এই শব্দটি নিত্য বহুবচনান্ত, ইতি শব্দমালা।

অগ্নিসাক্ষিক, ত্রি. বিণ. (অগ্নি-সাক্ষ, প্রমাণ, ইক) অগ্নিই সাক্ষী; আগুনকে সাক্ষ করে কর্ম্মকরা।

অগ্নিসাক্ষী, পু. বি. (অগ্নি-সাক্ষ, প্রমাণ, ইন্) অগ্নিই সাক্ষী; যে বিষয়ের প্রমাণ অগ্নি; আগুনই প্রমাণ।

অগ্নিহন্তা, ত্রি. বিণ. (অগ্নি-হন, বধ, তৃন্) অগ্নি হনন কর্ত্তা; যে অগ্নি নষ্ট করে; আগুন নির্ব্বাণ কারক।

অগ্নিহানি, পু. বি. (অগ্নি হন, বধ, নি) অগ্নির ব্যাঘাত; আহুত অগ্নির নির্ব্বাণ করণ; যজ্ঞানিষ্ট; অগ্নির হানি; হোমের আগুন নিবান; যজ্ঞারম্ভ করিয়া সংস্কৃতাগ্নি প্রজ্বলিত করিলে তাহার অনিষ্ট।

যথা—ইন্দ্রজিৎ রাম লক্ষ্মণ বধ সঙ্কল্প করিয়া নিকুম্ভিলায় যজ্ঞারম্ভ করিলে, বিভীষণ তৎসমস্ত বিবরণ রামচন্দ্র সমীপে ব্যক্ত করিলেন। শ্রীরামচন্দ্র হনুমান প্রভৃতি সকলকে সেই নিকুম্ভিলার যজ্ঞ ভঙ্গ করণে অনুমতি প্রদান করিলে ইন্দ্রজিৎ যে প্রজ্বলিত অগ্নিতে আহুতি প্রদান করিতেছিল হনুমান মূত্র প্রদান পূর্ব্বক তাহা নির্ব্বাপিত করিয়া যজ্ঞের অনিষ্ট করিল। ইতি বাল্মীকি রামায়ণ।

অগ্নিহীন, ত্রি. বিণ. (অগ্নি-হা, ত্যাগ, ক্ত) অগ্নিশূন্য; যাহার অগ্নি নাই; ক্ষুধাশূন্য ব্যক্তি; যে ব্যক্তি আহার করিলে পরিপাক হয় না।

অগ্নিহেতুক, ত্রি. বিণ. [অগ্নি-হেতু, কারণ, ক] অগ্নিসম্ভূত; আগুনহইতে উদ্ভব; (ক্রি বিণ.) আগুন হইতে; আগুন দিয়া।

অগ্নিহোত্র, ক্লি. বি. (অগ্নি হু, হোম, ত্র) অগ্নিরক্ষা; সাগ্নিকেরপ্রাতাহিকহোম; যজ্ঞেদীক্ষাগ্রহণ; ব্রাহ্মণবিশেষ; হোমাগ্নি রক্ষক ব্রাহ্মণ; যাগ বিশেষ।

যজ্ঞ বিশেষ; যথা—জনপদ নিবাসী ব্রাহ্মণগণ পাঞ্চালীর কেশাকর্ষণ দর্শনে যৎপরোনাস্তি ক্রুদ্ধ হইয়া সায়াহ্নে অগ্নিহোত্রে হোম করেন নাই ইতি মহাভারত সভাপর্ব্ব ১০৫ পৃষ্ঠা।

বিদ্বান্ ব্যক্তি ব্রহ্ম বিদ্যা প্রভাবে সবিশেষ জ্ঞাত হইয়া উভয় লোকেই সঞ্চরণ করিতে সমর্থ হন; তিনি তৎকালে অগ্নিহোত্রে আহুতি প্রদান না করিলেও তাহার ফল প্রাপ্ত হইয়া থাকেন। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৮৪ পৃষ্ঠা।

এই যজ্ঞ দ্বিবিধ, মাসসাধ্য এবং যাবজ্জীবন সাধ্য। প্রতিদিন প্রাতঃকালে, ও সায়ংকালে হোমকার্য্য করিবেক। যাবজ্জীবন সাধ্য যজ্ঞে যে প্রবৃত্ত হইবেক সেই হোমাগ্নি দ্বারা যাগকর্ত্তার দাহ কার্য্য করিতে হইবেক ইতি স্মৃতি। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই ত্রিবিধ বর্ণ মধ্যে যাহারা কৃতদার, অর্থাৎ দার পরিগ্রহ করিয়াছে এবং অন্ধতা, বধিরতা, ও পঙ্গুত্বাদি দোষ শূন্য ব্যক্তিদিগের বিহিত। যে যে সমিধ দ্বারা হোম করিবেক তাহা এই—পয়ঃ, দধি, যবাগূ, ঘৃত,

ওদন, তণ্ডুল, সোমরস, মাংস, তৈল প্রভৃতি, কিন্তু কলিযুগে অর্থাৎ অধুনা কেবল দুগ্ধ, তণ্ডুল, এবং যব দ্বারা হোম করিলে সুসিদ্ধ হইবেক।

(পুং.) অগ্নি; ঘৃত; ইতি মেদনী।

অগ্নিহোত্রী, পুং. বি. [অগ্নিহোত্র, যজ্ঞ বিশেষ, ইন] অগ্নিহোত্র যাগকর্ত্তা; অগ্নিতে হোম কর্ত্তা; যজ্ঞে দীক্ষিত; ইতি মেদিনী। অগ্নিবৎ; আগুনের সদৃশ; আহিতাগ্নি অর্থাৎ নিত্য হোতা, ইতি হেমচন্দ্র।

সাগ্নিক; ইতি পুরাণ। অগ্নিচিৎ; ইতি অমরকোষ।

অগ্নীধ, পুং. বি. (অগ্নি-ইধ, ইন্ধন, অ) অগ্নিহোত্রী; পুরোহিত; যাগকর্ত্তা। (বিণ) যে ব্যক্তি হোম করে।

অগ্নীধ্র, পুং. বি. (অগ্নি-ইধ, ইন্ধন, র) অগ্নি রক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ; ঋত্বিগ্বিশেষ; হোমাগ্নি রক্ষাকর্ত্তা।

অগ্নীধ্রা, স্ত্রী. বি. (অগ্নি-ইধ, ইন্ধন, র-আ) অগ্নিকার্য্য; হবির্দানাদি পূর্ব্বক অগ্নিজ্বালন; হোমকরণ কালে অগ্নিপ্রদীপ্ত করণ মানসে ঘৃত প্রদান করিয়া প্রজ্বলিত করা; ইতি হেমচন্দ্র; আগুন জ্বালা।

অগ্নীন্ধন, ক্লী. বি. (অগ্নি-ইন্ধ, ইন্ধন, অনট) অগ্নিপ্রজ্বলিত করণ; অগ্নিজ্বালান; আগুন প্রদীপ্ত করন।

অগ্নীসোমীয়ৈকাদশকপাল, পুং. বি. (অগ্নীসোমীয়ৈকাদশক-পাল, রক্ষা, অল) একাদশ পাত্রে একাদশ সংখ্যক পিষ্টক প্রস্তুত করিয়া একাদশ পাত্রে অগ্নি ও সোমকে দান করা।

অগ্ন্যবতার, ত্রি. বিণ. (অগ্নি-অব তৃ, তারণ, ঘঞ) অতিকোপান্বিত; অগ্নিসম দুষ্প্রধর্ষ; অতিশয়ক্রোধী

অগ্ন্যস্ত্র, ক্লী. বি. (অগ্নি-অস, সত্তা, ত্র) আগ্নেয়-অস্ত্র; অগ্নি ঘটিত অস্ত্র; কামান; বন্দুকাদি।

অগ্ন্যাগার, পুং. বি. (অগ্নি-আ-গর, গৃহ, ঘঞ) যজ্ঞ মন্দির; যে মন্দিরে যজ্ঞাগ্নি রক্ষিত হয়; আগুনের গৃহ; যেঘরে সর্ব্বদা আগুনথাকে; হোম করিবার ঘর।

অগ্ন্যাধান, ক্লী. বি. (অগ্নি- আ-ধৈ, চিন্তা, অনট) শ্রুতিবিহিত অগ্নি সংস্কার; অগ্নি রক্ষণ; অগ্নিহোত্র; ইতি হেমচন্দ্র। যজ্ঞারম্ভ; যজ্ঞে মন্ত্রপাঠ পূর্ব্বক বহ্নি স্থাপন; হোম করণ মানসে বেদবিধিমতে অগ্নিজ্বালন।

অগ্ন্যালয়, পুং. বি. (অগ্নি-আ-লি, স্থান, অল) যজ্ঞের অগ্ন্যাধার কুণ্ড। ইতি জটাধর। যেকুণ্ডে যজ্ঞাগ্নি থাকে।

অগ্ন্যুত্তাপ, পুং. বি. (অগ্নি-উৎ-তপ, তাপ, ঘঞ) অগ্নির উত্তাপ; আগুনের প্রভা; আগুনের ভাব।

অগ্ন্যুৎপাত, পুং. বি. (অগ্নি-উৎ-পত, পতন, ঘঞ) আকাশাদিতে অগ্নিবিকার; আকাশ হইতে অগ্নিপতন; উল্কাপাত; অগ্নিভয়; ধূমকেতু; অগ্নিবিশিষ্ট উৎপাতাদি; আগুনের উৎপাত; গৃহদগ্ধ ভয়।

অগ্র, ক্লী. বি. (অগ, আগা, র) উপরিভাগ; অগ্রভাগ; আগা; শির; শিখর; ইতি অমরকোষ। পুরস্তাৎ; অবলম্বন; পলপরিমাণ; প্রান্ত; সমূহ; ইতি মেদিনী। শেষ ভাগ; কোন দ্রব্যের প্রথমাংশ।

(ত্রি. বিণ.) শ্রেষ্ঠ; উত্তম; আলম্বন ইতি অমর কোষ। প্রধান; অধিক; প্রথম; ইতি বিশ্ব।

অগ্রকর, পুং. বি. (অগ্র-কৃ, করা, অল) দক্ষিণ হস্ত; রশ্মির শেষ ভাগ; (বিণ) যাহাদ্বারা শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট অথবা অধিক হয়; প্রথমের কর।

অগ্রগ, ত্রি. বিণ. (অগ্র-গম, গমন, ড) অগ্রগামী; অগ্রসর; যিনি প্রথমে গমন করেন; আগেযান।

অগ্রগণ্য, ত্রি. বিণ. (অগ্র-গণ, গণনা, য) অগ্রে গণনীয়; আগে গণ; প্রথম সংখ্যা করিবার যোগ্য; অগ্রগণনার্হ; যদ্রূপ শমন ভবন গমন কালীন তদ্বিষয়ে তাহাকে অগ্রগণ্য বলিয়া প্রতীয়মানহয়; ইতি মহানাটক।

অগ্রগত, ত্রি. বিণ. (অগ্র-গম, গমন, ক্ত) অগ্রে গমন করিয়াছে; যে ব্যক্তি প্রথমে গিয়াছে।

অগ্রগামিত্ব, ত্রি. বি. (অগ্র-গম, গমন, ইন্-ত্ব) অগ্রে গমন কর্ত্তার বিষয়; আগে গমনশীল ব্যক্তির সাধারণ ধর্ম্ম; যে ব্যক্তি প্রথমে গমন করে তাহার বিষয়।

অগ্রগামী, ত্রি. বিণ. (অগ্র গম, গমন, ণিন্ ইন্) অগ্রে গমন কর্ত্তা; অগ্রসর; ইতি হেমচন্দ্র। যে আগে যায়।

অগ্রজ, পুং. বি. (অগ্র-জন, জন্মান, ড) জ্যেষ্ঠভ্রাতা; পূর্ব্বজ; অগ্রিম; ইতি অমরকোষ। বড় ভাই।

ব্রাহ্মণ জাতি; ইতি হেমচন্দ্র। (ত্রি.) প্রথমোৎপন্ন; অগ্রজাত; প্রথমজাত সন্তান; যে প্রথমে জন্মিয়াছে।

অগ্রজঙ্ঘা, স্ত্রী. বি. (অগ্র জন, জন্মান, ঘ-আ) জঙ্ঘার অগ্রভাগ; প্রতি জঙ্ঘা; ইতি হেমচন্দ্র।

অগ্রজন্মা, পুং. বি. (অগ্র-জন, জন্মান, মন্) ব্রাহ্মণ; পুরোহিত; ইতি অমরকোষ। জ্যেষ্ঠভ্রাতা; ব্রহ্মা; দেবগণের মধ্যে প্রথম জাত; ইতি বিশ্ব। প্রথম জাত।

অগ্রজা, স্ত্রী. বি. (অগ্র-জন জন্মান, ড-আ) জ্যেষ্ঠা ভগিনী; অগ্রজাতা সোদরা; যে ভগিনী প্রথমে জন্মিয়াছে; প্রথম জাতা।

অগ্রজাত, পু. বি. (অগ্র-জন, জন্মান, ক্ত) জ্যেষ্ঠ ভ্রাতা; অগ্রোৎপন্ন; প্রথমে জন্মিয়াছে; আগে জাত।

অগ্রজাতক, পু. বি. (অগ্র-জন, জন্মান, ক্ত-ক) ব্রাহ্মণ; দ্বিজ শ্রেষ্ঠ; অগ্রজন্মা; ইতি শব্দরত্নাবলী।

অগ্রজাতা, স্ত্রী. বি. (অগ্র-জন, জন্মান, ক্ত-আ) জ্যেষ্ঠা ভগিনী; প্রথমোৎপন্না; যে স্ত্রী অগ্রে জন্মিয়াছে।

অগ্রজাতি, পু. বি. (অগ্র-জন, জন্মান, ক্ত) ব্রাহ্মণ; শ্রেষ্ঠজাতি; ইতি হেমচন্দ্র; প্রথম জাতি।

অগ্রজ্যা, স্ত্রী. বি. (অগ্র-জন, জন্মান, য-আ) সূর্য্যের বক্রাতিচার গমন; দিবাকরের বক্র গমন অর্থাৎ যে দিকে সূর্য্য গমন করে তাহার বিপরীত দিকে কোন রাশি অতি ক্রমণ করিয়া যাওন।

অগ্রণী, ত্রি. বিণ. (অগ্র-নী, প্রাপণ, ক্বিপ্) অগ্রিম; শ্রেষ্ঠ; ইতি হেমচন্দ্র। অধ্যক্ষ; দক্ষ; প্রধান; সেনাপতি; যে অগ্রে লইয়া যায়; পথদর্শক; ইতি বিশ্ব।

অগ্রতঃ, (ব্য) অগ্রে; প্রথমে; পুরতঃ; পুরঃ; ইতি অমরকোষ। সম্মুখে; আগে।

অগ্রতঃসর, ত্রি. বিণ. (অগ্রতস্-সৃ, গমন, অল) অগ্রগামী; পুরোবর্ত্তী; অগ্রগ; যে আগে আগে যায়।

অগ্রদানী, পু. বি. (অগ্র-দান, দান, ইন্) পতিত ব্রাহ্মণ বিশেষ; প্রেতদিগকে যে সমস্ত ষড়ঙ্গ ও তিলাদি দ্রব্য সম্প্রদান করা যায়, সেই সকল দ্রব্য গ্রহণ কর্ত্তা। লুব্ধ ব্রাহ্মণগণ গ্রহণকালে এবং মৃত নিমিত্ত দানাদি গ্রহণ করিলে অগ্রদানী অর্থাৎ পতিত হয়। ইতি ব্রহ্ম বৈবর্ত্তপুরাণ। আগ্রহারিক, ইতি স্মৃতি।

অগ্রদানীয়, ত্রি. বিণ. (অগ্র-দা, দান, অনীয়) অগ্রদানোপযুক্ত; প্রথম দানের যোগ্য; অগ্রদানী সম্বন্ধীয়; পতিত ব্রাহ্মণের; গ্রহণানর্হ দান গ্রাহী।

অগ্রদেশ, পু. বি. (অগ্র-দেশ, ভাগ অল) অগ্রভাগ, আগা; শিখরাংশ; উপরিভাগ; চূড়া।

অগ্র-নিন্দক, ত্রি. বিণ. (অগ্র-নিন্দ, নিন্দা, অক) যে ব্যক্তি অগ্রে নিন্দা করে; প্রথম নিন্দা কারী।

অগ্রনিন্দন, ক্লী. বি. (অগ্র-নিন্দ, নিন্দা, অনট) অগ্রদোষানুসন্ধান; প্রথম কুৎসন; প্রথম নিন্দ।

অগ্রনিন্দনীয়, ত্রি. বিণ. (অগ্র-নিন্দ, নিন্দা, অনীয়) প্রথমে নিন্দা যোগ্য; আগা কুৎসোপযুক্ত।

অগ্রনিন্দা, স্ত্রী. বি. (অগ্র-নিন্দ, নিন্দা, ঙ) অগ্রকুৎসা; প্রথমাপবাদ; আগার দুর্নাম; আগের নিন্দা।

অগ্রনিন্দিত, ত্রি. বিণ. (অগ্র-নিন্দ, নিন্দা, ক্ত) প্রথম গর্হিত; যাহার নিন্দা বিশিষ্ট অগ্র; আগাভাল নয়।

অগ্রনিন্দ্য, পু. বিণ. (অগ্র-নিন্দ, নিন্দা, য) প্রথম নিন্দনীয়; যাহার অগ্রভাগ নিন্দোপযুক্ত।

অগ্রনিয়ম, ক্লী. বি. (অগ্র-নি-যম, নিয়ম, ক্বিপ্) প্রথম রীতি; অগ্রভাগের নিরূপণ; প্রথম নিয়ম।

অগ্রনিয়ামক, ত্রি. বিণ. (অগ্র-নি-যম, নিয়ম, ণিচ-ক) প্রথম নিয়মকর্ত্তা; যে ব্যক্তি আগার নিয়ন্তা; (বি.) প্রথম নাবিক; প্রথম কর্ণধার; প্রথম পোত বাহক।

অগ্রনিরূপক, ত্রি. বিণ. (অগ্র-নি-রূপ, স্থির, অক) প্রথম নিয়ামক; যিনি প্রথম নিরূপণের কারণ; যিনি অগ্রভাগের স্থিরকর্ত্তা; যে প্রথম নিয়ম করে।

অগ্রনিরূপণ, ক্লী. বি. (অগ্র-নি-রূপ, স্থির, অনট) অগ্রস্থির করণ; ভবিষ্যৎ কথন; প্রথম নির্দ্ধারণ।

অগ্রনিরূপনীয়, ত্রি. বিণ. (অগ্র-নি-রূপ, স্থির, অনীয়) প্রথমে স্থির করণোপযুক্ত; প্রথম নিরূপণ করণ যোগ্য।

অগ্রনিরূপিত, ত্রি. বিণ. (অগ্র-নি-রূপ, স্থির, ক্ত) প্রথম স্থিরীকৃত; যাহা অগ্রে নিরূপণ করা হইয়াছে।

অগ্রনিরূপ্য, ত্রি. বিণ. (অগ্র-নি-রূপ, স্থির, য) প্রথমে স্থির করণ যোগ্য; অগ্রে নিরূপণোপযুক্ত।

অগ্রনির্ণয়, ক্লী. বি. (অগ্র-নির-নি, স্থির, অল) প্রথম অবধারণ; অগ্রনিশ্চয়; প্রথম স্থির করণ।

অগ্রনির্ণীত, ত্রি. বিণ. (অগ্র-নির-নী, স্থির, ক্ত) প্রথম কৃত নিশ্চয়; স্থিরীকৃতাগ্র; প্রথমে স্থিরীকৃত।

অগ্রনিশ্চয়, পু. বি. (অগ্র-নিঃ-চি, চয়ন, অল) প্রথম নির্ণয়; অগ্রসিদ্ধান্ত; আগাস্থির; প্রথম নিশ্চয়।

অগ্রনিশ্চায়ক, ত্রি. বিণ. (অগ্র-নিঃ-চি, চয়ন, ণক) প্রথম নির্ণায়ক; যিনি অগ্রের অবধারণ কর্ত্তা।

অগ্রনিষেধ, পু. বি. (অগ্র-নি-সিধ, গতি অল) প্রথম নিবারণ; অগ্রে বারণ; অগ্রভাগ নিষেধ।

অগ্রনিষেধক, ত্রি. বিণ. (অগ্র-নি-সিধ, গতি, অক) অগ্রে নিষেধকর্ত্তা; প্রথম নিবারক।

অগ্রনিষ্পত্তি, স্ত্রী. বি. (অগ্র-নিঃ-পদ, পাদ, ক্তি) অগ্র সমাপ্তি; প্রথমে সিদ্ধি; অগ্রে অবধারণ; প্রথমে শেষ করা; প্রথমে সমাপন করা।

অগ্রনিষ্পন্ন, পু. বি. (অগ্র-নিঃ-পদ, পাদ, ক্ত) অগ্রসাঙ্গ; প্রথমে সমাপ্ত।

অগ্রনিষ্পাদক, ত্রি. বিণ. (অগ্র-নিঃ-পদ, পাদ ণক)

যিনি প্রথম নিষ্পন্ন করেন; প্রথম সম্পাদক; যে ব্যক্তি প্রথম শেষ করে; যে ব্যক্তি আগে নিষ্পন্ন করে।

অগ্রনিষ্পাদন, পু. বি. (অগ্র-নিঃ-পদ, পাদ, ণিচ্-অনট) প্রথম সিদ্ধান্ত করণ; প্রথম নিষ্পত্তিকরা; অগ্রে প্রতিজ্ঞা পূরণ; আগে প্রতিজ্ঞা সাধন করা।

অগ্রনিষ্পাদনীয়, ত্রি. বিণ. (অগ্র-নিঃ-পদ, পাদ, ণিচ্ অনীয়) প্রথম সমাপ্য; প্রথম নিষ্পত্তি করার উপযুক্ত; অগ্রশেষার্হ; প্রথম শেষ করিবার যোগ্য।

অগ্রনিষ্পাদিত, ত্রি. বিণ. (অগ্র-নিঃ-পদ, পাদ, ণিচ্ ক্ত) প্রথম সম্পাদিত; যাহা প্রথমে সম্পন্ন করা হইয়াছে; যাহা আগে সমাপন করা হইয়াছে।

অগ্রন্থি, ত্রি. বিণ. (অ-গ্রন্থ, গ্রন্থন, ই) গ্রন্থিবিশিষ্ট নহে; যাহাতে গাঁইট নাই; যাহাতে গিরা নাই।

অগ্রপর্ণী, স্ত্রী. বি. (অগ্র-পর্ণ, পত্র, ইন্) অজলোমা-বৃক্ষ; ইতি রত্ন মালা। আলকুশী; ইতি কেচিৎ অর্থাৎ কোন পণ্ডিত কর্ত্তৃক ব্যক্ত হইয়াছে যে অগ্রপর্ণী শব্দের অর্থ আলকুশী; দ্রব্য বিশেষ।

অগ্রপশ্চাৎ ত্রি. বিণ. [অগ্র-পশ্চাৎ, পেছু, চি] পূর্ব্বাপর; আবহমানকাল; বহুকালীন; চিরকাল; প্রথম এবং শেষ; যাহা চলিয়া আসিতেছে।

অগ্রপাণি, পু. বি. (অগ্র-পাণ, পান, ই) হস্তের অগ্র ভাগ; দক্ষিণ হস্ত; (বিণ.) যিনি প্রথমে হস্ত বাড়াইয়া দেন; প্রথমেই যাঁহার হাত; ডাইন হাত।

অগ্রবর্ত্তী, পু. বি. (অগ্র-বৃত, বর্ত্তন, ণিন্) অগ্রে গমন শীল; অগ্রে যাওয়া; (বিণ) যিনি আগে যাইতেছেন।

অগ্রবাচক, ত্রি. বিণ. (অগ্র-বচ, বাক্য, ণক) অগ্রবক্তা; যিনি প্রথমে বলেন; প্রথম বাক্য প্রয়োগ কর্ত্তা।

অগ্রবীজ, পু. বি. (অগ্র-বীজ, অঙ্কুর, ক) বীজাগ্র; বৃক্ষের অঙ্কুর; প্রথমকারণ; আগের শুক্র।

অগ্রভাগ, পু. বি. (অগ্র-ভজ, ভাগ, ঘঞ) প্রথমাংশ; প্রথমভাগ; ভাগাগ্র; শেষাংশ; আগা।

অগ্রমাংস, ক্লী. বি. (অগ্র-মান, মান, স) হৃদয়; ইতি অমরকোষ। বুকের কলিকার অগ্রভাগের মাংস; বক্ষঃস্থলে মাংস বর্দ্ধক রোগ বিশেষ; ইতি বিশ্ব। উদর মধ্যবর্ত্তী মাংস বর্দ্ধন রূপ রোগ বিশেষ; ইতি চিকিৎসা শাস্ত্র। কুক্ষির দক্ষিণ ভাগস্থ মাংসখণ্ড বিশেষ।

অগ্রযান, ক্লী. বি. (অগ্র-যা, গতি, অনট) নাগীর; সেনার অগ্রেগমন; অগ্রসর; ইতি হেমচন্দ্র।

অগ্রযায়ী, ত্রি. বিণ. (অগ্র-যা, গতি, ণিচ্ ইন্) অগ্রগামী; পুরঃসর; অগ্রবর্ত্তী; যে ব্যক্তি প্রথমে গমন করিতেছে; বৃক্ষাদির আগায় গমন শীল।

অগ্রলোহিতা, স্ত্রী. বি. (অগ্র-লোহ, বর্ণ বিশেষ, ক্ত-আ) বিল্লীশাক; ইতি রাজ নির্ঘণ্ট। শাক বিশেষ।

অগ্রসন্ধানী, স্ত্রী. বি. (অগ্র-সং-ধা, সন্ধান, অনট ঈ) যম পঞ্জিকা; অর্থাৎ যে পুস্তকে জীব সকলের শুভাশুভ কর্ম্ম লিখিত থাকে। যমের পুস্তক; চিত্র গুপ্ত কর্ত্তৃক জীবনের কার্য্যাকার্য্য লিখিত পুস্তক; অগ্রসন্ধান কর্ত্তা।

অগ্রসর, ত্রি. বিণ. (অগ্র-সৃ, গতি, অল) অগ্রেসর; অগ্রগামী; পুরঃসর; অগ্রগ; প্রথমে গমন।

অগ্রসরণ, ক্লী. বি. (অগ্র সৃ, গতি, অনট) অগ্রে গমন; প্রথমে স্খলন; (বিণ) যাহা প্রথমে স্খলিত হইয়াছে।

অগ্রসার, ত্রি. বিণ. (অগ্র-সৃ, গতি, ঘঞ) অগ্রবর্ত্তী; যে ব্যক্তি প্রথমে গমন করে; অগ্র গমনশীল।

অগ্রসূচক, ত্রি. বিণ. (অগ্র-সূচ, বোধন, অক) অগ্রবোধক; যাহা দ্বারা প্রথম বুঝায়; সূঁচাগ্র; যাহার আগা সুঁচল; যাহার অগ্রভাগ সুঁচের ন্যায় তীক্ষ্ণ।

অগ্রসূচনা, স্ত্রী. বিণ. (অগ্র-সূচ, বোধন, অন) অগ্রে কল্পনা; প্রথম অনুষ্ঠান; যাহার অনুষ্ঠিত শেষভাগ।

অগ্রসূচ্য, ত্রি. বিণ. (অগ্র-সূচ, বোধন, ক্যপ্) প্রথম সূচনীয়; অগ্রে অনুষ্ঠানের যোগ্য; অগ্রোদ্যোগার্হ।

অগ্রস্ত, পু. বি. (অ-গ্রস, গ্রাস, ক্ত) অভুক্ত; অনাচ্ছাদিত; যাহা গ্রাস করা হয় নাই; যাহা গেলে নাই।

অগ্রস্থ, পু. বি. (অগ্র-স্থা, স্থিতি, ড) প্রথম স্থিত; অগ্র ভাগ স্থিত; যিনি আগে আছেন; শেষভাগস্থিত।

অগ্রস্থাপক, ত্রি. বিণ. (অগ্র-স্থা, স্থিতি, ণিচ্-ণক) প্রথম স্থাপন কর্ত্তা; অগ্রস্থিতি কারক।

অগ্রস্থাপন, ক্লী. বি. (অগ্র-স্থা, স্থিতি, ণিচ্ অনট) প্রথমে স্থিতি করান; অগ্রেরক্ষণ; শেষভাগে রক্ষণ।

অগ্রস্থাপনীয়, ত্রি. বিণ. (অগ্র-স্থা, স্থিতি, ণিচ্ অনীয়) প্রথম রক্ষণীয়; প্রথম রাখিবার যোগ্য; অগ্রস্থ্য।

অগ্রস্থায়ী, পু. বি. (অগ্র-স্থা, স্থিতি, ইন্) প্রথম স্থিতিবিশিষ্ট; প্রথম অবধি যাহা আছে; শেষস্থ।

অগ্রস্থিত, ত্রি. বিণ. (অগ্র-স্থা, স্থিত, ক্ত) প্রথম স্থায়ী; প্রথম স্থাপিত; যাহা আগে আছে; শেষভাগস্থিত।

অগ্রহ, পু. বি. (অ-গ্রহ, গ্রহণ, অল) বান প্রস্থ; গার্হস্থ আশ্রমের বহির্ভূত; গ্রহশূন্য; বিরুদ্ধ গ্রহের অদর্শন।

অগ্রহণ, ক্লী. বি. (অ-গ্রহ, গ্রহণ, অনট) অস্বীকার; অনাদান; অনুপলব্ধি; গ্রহণাভাব; লওয়া নয়।

অগ্রহণার্হ, পু. বি. (অ-গ্রহণ-অর্হ, যোগ্যতা, অল) গ্রহণের অযোগ্য; গ্রহণ করিবার উপযুক্ত নহে।

অগ্রহায়ণ, পু. বি. (অগ্রহ-অয়, গতি, অনট) মার্গশীর্ষ মাস; আগ্রহায়ণিক; ইতি শব্দরত্নাবলী। হেমন্ত ঋতুর প্রথম মাস; অগ্রহায়ণ মাস।

অগ্রহার, পু. বি. (অগ্র-হৃ, হরণ, ঘঞ) ব্রাহ্মণকে দত্ত ভূমি; ব্রহ্মত্র; ব্রাহ্মণের নিষ্কর ভূমি।

অগ্রাহক, ত্রি. বিণ. (অ-গ্রহ, গ্রহণ, ণক) গ্রহণকর্ত্তা নহে; যে ব্যক্তি গ্রাহক নয়; যে গ্রহণ করে না।

অগ্রাহ্য, ত্রি. বিণ. (অ-গ্রহ, গ্রহণ, ঘ্যণ) অগ্রহণীয়; গ্রহণাযোগ্য; অর্থাৎ যাহা গ্রহণ করিবার যোগ্য নয় যথা শিব নির্ম্মাল্য শিব নৈবেদ্য প্রভৃতি সকলি গ্রহণের অযোগ্য ইতি তিথ্যাদি তত্ত্ব। তুচ্ছ; হেয়; ঘৃণা জনক; যাহা লইতে ইচ্ছা হয় না; মন্দ।

অগ্রাহ্য বচন, ক্লী. বি. (অগ্রাহ্য বচ, বাক্য, অনট) অগ্রহণীয় বাক্য; গ্রহণ করিবার উপযুক্ত বাক্য নহে; সামান্য কথা; শুনিবার অযোগ্য বাক্য; তুচ্ছকথা।

অগ্রিম, ত্রি. বিণ. [অগ্র, প্রথম, ইম] প্রধান; পূর্ব্বোৎপন্ন; প্রথম; উত্তম; ইতি হেমচন্দ্র। জ্যেষ্ঠ; অগ্রজ; ইতি জটাধর। আদ্য; উৎকৃষ্ট; শ্রেষ্ঠ।

অগ্রিমা, স্ত্রী. বি. [অগ্র, প্রথম, ইম-আ] লবনী ফল; অর্থাৎ লোনা ইতি শব্দচন্দ্রিকা। লোনা ফল।

অগ্রিয়, ত্রি. বিণ. [অগ্র, প্রথম, ইয়] প্রধান; প্রথম; অগ্রভাগ; (পু. বি.) অগ্রজ; জ্যেষ্ঠভ্রাতা; পূর্ব্বোৎপন্ন; যিনি অগ্রে জন্ম পরিগ্রহ করিয়াছেন।

অগ্রীয়, ত্রি. বিণ, [অগ্র, প্রথম, ঈয়] প্রধান; পূর্ব্বোৎপন্ন; প্রথম; (পু.) অগ্রভাগ; অগ্রজ; জ্যেষ্ঠভ্রাতা।

অগ্রু, স্ত্রী. বি. (অগ, প্রথম, রু) অঙ্গুল; আঙুল।

অগ্রুমাণ, পু. বিণ. (অগ্রু, বাক্য, শান) যে কথা কহিতে পারেনা; যাহার বাক্‌শক্তি নাই; অতিশয় শিশু; দুগ্ধপোষ্য বালক; যাহার বাক্য ফুটে নাই।

অগ্রে, ক্রি বিণ. [অগ্র, প্রথম, সপ্তমী বিভক্তি] প্রথমে; আগে আগে; যথা —উপায় চিন্তিয়া পরে যত দেবগণ। ইন্দ্রে অগ্রে করি চলে ব্রহ্মনিকেতন। ইতি কুমারসম্ভব।

অগ্রেগা, পু. বিণ. (অগ্রে-ইন, গতি, ড) অগ্রগামী; অগ্রসর; যে ব্যক্তি আগে আগে যায়।

অগ্রেগূ, পু. বিণ. (অগ্রে-গম, গমন, ড) অগ্রগামী; যে ব্যক্তি অগ্রে অগ্রে যায়; অগ্রে গমনকারী।

অগ্রেদিধিষু, পু. বি. (অগ্রে-দিধি, বিবাহিত, সন উ) যে দ্বিজের ভার্য্যার পূর্ব্বে একবার বিবাহ হইয়াছিল অর্থাৎ দ্বিবার বিবাহিতা স্ত্রীর স্বামী; দ্বিরূঢ়াপতি; (স্ত্রী) জ্যেষ্ঠ সহোদরা অবিবাহিত থাকিতে বিবাহিত কনিষ্ঠ সহোদরা। যে পুনর্ভুর স্বামী।

অগ্রেবন, ক্লী. বি. (অগ্রে বন, বৃক্ষাদি সমূহ, অল) বনের অগ্রভাগ; বনের প্রথমাংশ; বনের আগা।

অগ্রেসর, ত্রি. বিণ. (অগ্রে-সৃ, গমন, অল) অগ্রেগমন কর্ত্তা; পুরোগ; প্রষ্ঠ; অগ্রতঃ সর; পুরঃসর; ইতি অমরকোষ। প্রধান; অগ্রগামী; অগ্রসর; অগ্রগ; পুরোগম; পুরোগামী; অগ্রবর্ত্তী; ইতি হেমচন্দ্র।

অগ্রেসরিক, ত্রি. বিণ. (অগ্রে-সৃ, গমন, ইক) অগ্রগামী; দল পতি; পথ দর্শক; যে পথ দর্শন করায়।

অগ্র্য, ত্রি. বিণ. [অগ্র, প্রথম, য] প্রধান; উত্তম; আদ্য; শ্রেষ্ঠ; প্রধানের যোগ্য; উৎকৃষ্টোপযুক্ত।

অগ্লানি, ক্লী. বি. (অ গ্লৈ, হর্ষ ক্ষয়, ক্তি) শ্রান্তিশূন্য; নিন্দাভাব; অরোগ; পীড়াভাব; কষ্টশূন্য।

অঘ, ক্লী. বি. (অব, গতি-নিন্দা-আরম্ভ, অল) পাপ; কলহ; দুঃখ; ব্যসন; ইতি অমরকোষ। (পু.) অসুর বিশেষ; কংসের সেনাপতি; বীরাধ্যক্ষ বিশেষ।

অঘটন, ত্রি. বিণ. (অ-ঘট, ঘটন, অনট) ঘটনাযোগ্য; কার্য্যাসিদ্ধি; অনুষ্ঠানোপযুক্ত; উদ্যোগশূন্য।

অঘটনা, স্ত্রী. বি. (অ-ঘট, ঘটনা, অন) যাহা ঘটে না; ঘটনাশূন্য। (বিণ) যাহা ঘটিবার নহে।

অঘটনীয়, ত্রি. বিণ. (অ-ঘট, ঘটনা, অনীয়) দুর্ঘট; যাহা ঘটিবে না; ঘটিবার অনুপযুক্ত; ঘটনার যোগ্য নহে; বিহিত চেষ্টা করিলেও যে কার্য্য সিদ্ধ হয় না।

অঘটিত, ত্রি. বিণ. (অ ঘট, ঘটনা, ক্ত) যাহা ঘটনা হয় নাই; যাহা ঘটে নাই; অসম্পাদিত।

অঘট্ট, পু. বি. (অ-ঘট্ট, ঘাট, অ) অঘাট; নদ্যাদিতে স্নানাদি করণানুপযুক্ত স্থান; ঘাটের অভাব।

অঘন, ত্রি. বিণ. (অ-ঘন, মেঘ, অ) মেঘ রহিত; বিরল; মেঘ শূন্য; যে স্থানে মেঘ নাই; তরল।

অঘনাশক, ত্রি. বিণ. (অঘ-নশ, নাশ, ণক) অঘনাশক; কিল্বিষ নাশক; যে মেঘ নষ্ট করে। (বি.) বায়ু।

অঘবান, ত্রি. বিণ. (অঘ, পাপ, বতু) অঘবিশিষ্ট;

পাপী ; দুষ্কৃতী ; দুঃখী ; কলঙ্কযুক্ত ; দুর্নাম বিশিষ্ট।

অঘময়, ত্রি. বিণ. [অঘ, পাপ, ময়ট] পাপময় ; কলঙ্ক-বিশিষ্ট ; যেখানে পাপ ভিন্ন আর কিছুই নাই।

অঘমর্ষণ, ত্রি. বিণ. (অঘ-মৃষ, মর্ষণ, অনট) পাপনাশন ; সর্ব্বপাপ নাশক জপ ; বেদের মন্ত্র বিশেষ ; ইতি অমরকোষ। বৈদিক সন্ধ্যান্তর্গত মন্ত্র দ্বারা আঘ্রাত জল প্রক্ষেপ পূর্ব্বক পাপনাশক ক্রিয়া বিশেষ ; ইতি স্মৃতি। যে মন্ত্র পড়িলে সকল পাপ নষ্ট হয়।

তান্ত্রিক সন্ধ্যা করণ সময়ে ষড়ঙ্গন্যাসানন্তর বামহস্তে কিঞ্চিৎ জল লইয়া দক্ষিণ হস্ত তদুপরি সংযুক্ত করিবেক, পরে শিব, বায়ু, জল, পৃথ্বী, এবং বহ্নিবীজ তিনবার পাঠ করিয়া মূলমন্ত্র সাতবার উচ্চারণ পূর্ব্বক সেই জলের কিঞ্চিদংশ তিনবার ভূমিতে ও কিঞ্চিৎ মস্তকে নিক্ষেপ করিবেক, তদনন্তর অবশিষ্ট জল দক্ষিণ হস্তে লইয়া ইড়া দ্বারা আকর্ষণ করিলাম চিন্তা করিয়া নিশ্বাস গ্রহণ করিবেক, পরে দেহমধ্যে যত পাপ আছে তাহা বহির্ভূত করিলাম ইহা মনে করিয়া দক্ষিণ নাসা দ্বারা প্রশ্বাস পরিত্যাগ পূর্ব্বক সেই জলকে পাপজ্ঞান করত সম্মুখস্থ বজ্রতুল্য পাষাণের উপরি নিক্ষেপ করিলাম ইহা ভাবিয়া ভূমিতে নিক্ষেপ করার নাম অঘমর্ষণ ; ইতি তন্ত্রসার।

(পুং. বি.) তন্মন্ত্র প্রণেতা ঋষি।

অঘর্ষিত, ত্রি. বিণ. (অ-ঘৃষ, ঘর্ষণ, ক্ত) যাহা ঘর্ষিত হয় নাই ; যাহা ঘষা নয় ; ঘর্ষণ শূন্য ; ঘর্ষিত নহে।

অঘাট, পুং. বি. (অ-ঘট, ঘটনা, ঘঞ) ঘাট শূন্য ; নদী বা পুষ্করিণীর যে পার্শ্বে ঘাট নাই ; ঘাটাভাব।

অঘাতক, ত্রি. বিণ. (অ-হন, বধ, ণক) যে ঘাতক নহে ; যে ব্যক্তি বধ করে নাই ; হনন কর্ত্তা নহে।

অঘাসুর, পুং. বি. (অঘ-অ-সুর, দেবতা, অল) অঘনামক অসুর ; অসুর বিশেষ ; কংস রাজার সেনাপতি ; ইতি শ্রীমদ্ভাগবত। সমরাধ্যক্ষ বিশেষ।

অঘাহ, ক্লী, বি. [অঘ- অহন্, দিবস, ডট্] অশৌচ দিবস ; দৈবকর্ম্মানর্হ দিন ; অপবিত্র দিবস।

অঘূর্ণ, পুং. বি. (অ-ঘূর্ণ, ঘোরা, ক্ত) ঘূর্ণাভাব ; ভ্রমণ নহে ; ঘোরা নয়। (বিণ.) যাহা ঘূরিত নহে।

অঘূর্ণিত, ত্রি. বিণ. (অ ঘূর্ণ, ঘোরা, ক্ত) অভ্রমিত ; যে ভ্রমণ করে নাই, যাহা ঘূর্ণিত হয় নাই।

অঘূর্ণিতব্য, ত্রি. বিণ. (অ-ঘূর্ণ, ঘোরা, তব্য) ভ্রমণানুপযুক্ত ; যাহা ঘোরার যোগ্য নহে ; ভ্রমণানর্হা।

অঘৃণ, ত্রি. বিণ. (অ-ঘৃণ, অশ্রদ্ধা, ক) ঘৃণারহিত ; নির্ঘৃণ ; অশ্রদ্ধানুপযুক্ত ; যাহা হেয় বলিয়া গণ্য নয়।

অঘৃণার্হ, ত্রি. বিণ. (অ-ঘৃণা-অর্হ, যোগ্যতা, অল) ঘৃণার অযোগ্য ; ঘৃণানুপযুক্ত ; যাহা মন্দ নহে।

অঘৃণ্য, ত্রি. বিণ. (অ ঘৃণ, অশ্রদ্ধা, য) ঘৃণার অযোগ্য ; অশ্রদ্ধানুপযুক্ত ; শ্রদ্ধাযোগ্য ; অশ্রদ্ধানর্হ।

অঘো, (অ) সম্বোধন ; আহ্বান করা ; যেমন অঘোযজ্ঞ অর্থাৎ হে পুরোহিত ; ইতি মুগ্ধবোধ ব্যাকরণ।

অঘোর, পুং. বি. (অ ঘুর, ঘোর, অল) শিব ; মহাদেবের এক নাম ; (ত্রি.) ভয়ানক ; অভয়ানক।

অঘোরপন্থী, পুং. বি. [অঘোর-পথিন, পথ, প্রথমা বিভক্তি-ঈ] উন্মার্গগামী ; দুরাচার ; দুর্ব্যবহার।

অঘোরা, স্ত্রী. বি. (অ-ঘুর, ঘোর, অল-আ) ভাদ্রকৃষ্ণ চতুর্দ্দশী ; যথা—ভাদ্র মাসীয় অসিত পক্ষ অর্থাৎ কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীকে অঘোরা চতুর্দ্দশী বলে, তাহাতে যে ব্যক্তি শিবলিঙ্গ পূজা করেন তিনি নিশ্চয় শিবলোকে গমন করিবেন ; ইতি স্মৃতি। তিথিবিশেষ।

অঘোষ, ত্রি. বিণ. (অ-ঘুষ, ঘোষণ, অল) গোপশূন্য দেশাদি ; শব্দরহিত ; অল্পধ্বনিযুক্ত ; যে দেশে গোয়াল বা আহিরী নাই ; যেদেশে ঘোষণামাত্র নাই।

অঘোষণা, স্ত্রী. বি. (অ ঘুষ, ঘোষণ, অল) ঘোষণাশূন্য ; ঘোষণারহিত ; অপ্রচার ; প্রকাশাভাব।

অঘোষিত, ত্রি. বিণ. (অ-ঘুষ, ঘোষণ, ক্ত) যাহা ঘোষণা করা হয় নাই, যে বিষয় সকলকে জানান হয় নাই।

অঘ্ন, পুং. বি. (অ-হন, বধ, য) ব্রহ্মা ; অবধ্য ; প্রজাপতি ; ইতি উনাদি কোষ ; বধ করণানুপযুক্ত।

অঘ্ন্যা, স্ত্রী. বি. (অ হন, বধ, য-আ) স্ত্রীগবী ; গাভী।

অঙ্ক, পুং. বি. (অক, সংখ্যা সংস্থান, অ) চিহ্ন ; ক্রোড় ; ইতি অমরকোষ। যথা—বনবাসিনী রামবিরহে উন্মাদিনী জনক নন্দিনী সীতা অঙ্কস্থ সন্তানমুখে অশ্বধারণ বিষয়ান্তর্গত তদ্বনাগত স্বীয় পতি রামচন্দ্রের বৃত্তান্ত শুনিবামাত্র তাঁহার বিগলিত অশ্রুধারা প্রবাহিত হইতে লাগিল। ইতি বাল্মীকি রামায়ণ।

রূপক বিশেষ ; অপরাধ ; রেখা ; বিভূষণ ; সমীপ ; স্থান ; নাটকাংশ ; ইতি মেদিনী। চিত্রযুদ্ধ ; ইতি বিশ্ব। শরীর ; ইতি উনাদিকোষ। নবসংখ্যা ; ইতি জ্যোতিষ। দাগ ; সংখ্যা সংস্থান ; কলঙ্ক ; যথা—

প্রভা সহ দিন দিন বাড়ে শশি কলা। লাবণ্যের সহিত বাড়িছে গিরিবালা॥ শশধরে ধরে অঙ্ক হ্রাসবৃদ্ধি তায়। অকলঙ্ক উমাশশী নাহি সেই দায়॥ ইতি কুমারসম্ভব। দোষ; যুদ্ধ; নাটক গ্রন্থের পরিচ্ছেদ; আঁক; উৎসঙ্গ; চিত্রকরণ; নিন্দাজনক চিহ্ন; লক্ষণ।

যথা—যত সখীগণ, বিরস বদন, রাণীর নিকটে যায়। করি যোড় পানি, নিবেদয়ে বাণী, প্রণাম করিয়া পায়। ঠাকুর কন্যার, যে দেখি আকার, পাণ্ডু বর্ণ পেট ভারি। গর্ব্ভের লক্ষণ, এ ব্যাধি কেমন, ঠাহরিতে কিছু নারি। ইতি ভারতচন্দ্র।

অঙ্কক্রম, পু. বি. (অঙ্ক-ক্রম, নিয়ম, অল) অঙ্কনিয়ম; চিহ্নরীতি; রেখার প্রণালী; সংখ্যার নিয়ম।

অঙ্কগ, ত্রি. বিণ. (অঙ্ক-গম, গমন, ড) ক্রোড়স্থ; অপোগণ্ড; বালক; যে বালক ক্রোড়ে আছে।

অঙ্কগত, ত্রি. বিণ. (অঙ্ক-গম, গমন, ক্ত) চিহ্নগত; অঙ্কশাস্ত্রবিষয়; ক্রোড়স্থ করা; কোলে বসান।

অঙ্কতি, পু. বি. (অক, চিহ্ন, ক্তি) ব্রহ্মা; অগ্নি; অগ্নিহোত্রী ব্রাহ্মণ; ইতি বিশ্ব। বায়ু; বাতাস।

অঙ্কন, ক্লী. বি. (অক, চিহ্ন, অনট) সংখ্যাসংস্থান; চিহ্ন করণ; চিত্র করণ; দাগদেওন; আঁক দেওন।

অঙ্কনীয়, ত্রি. বিণ. (অক, চিহ্ন, অনীয়) অঙ্ক নাই; চিত্র করণ যোগ্য; চিত্র করিবার উপযুক্ত।

অঙ্কপরিবর্ত্তন, ক্লী. বি. (অঙ্ক-পরি-বৃত, বদল, অনট) চিহ্নের পরিবর্ত্তন; দাগবদল; রেখার পরিবর্ত্তন; স্থান পরিবর্ত্তন; লক্ষণ প্রকারান্তর করণ।

অঙ্কপাত, পু. বি. (অঙ্ক-পত, পাত, ঘঞ) অঙ্ক রাখা; চিহ্ন দেওয়া; রেখাস্থাপন; দাগ দেওয়া।

অঙ্কপালিকা, স্ত্রী. বি. (অঙ্ক-পাল, রক্ষা, ইক-আ) আলিঙ্গন; ইতি শব্দমালা। কোলাকোলি।

অঙ্কপালী, স্ত্রী. বি. (অঙ্ক-পাল, রক্ষা ঈ) আলিঙ্গন; কোলদেওয়া; ধাত্রী; গন্ধদ্রব্য বিশেষ; ইতি মেদিনী।

অঙ্কলোড্য, পু. বি. (অঙ্ক-লুড, দ্রব্য বিশেষ, য) চিঞ্চোটক বৃক্ষ; চেঁচকো গাছ; বিঞ্চোড় মূল; ইতি কেচিৎ। ইহার গুণ পরিচয়- গুরুত্ব; অজীর্ণ কারিতা; শীতলতা; ইতি রাজবল্লভ। বৃক্ষ বিশেষ।

অঙ্কপাশ, ক্লী. বি. (অঙ্ক-পাশ, পাত, অল) অঙ্কপাতন; আঁক রাখা; চিহ্ন দেওয়া।

অঙ্কপূরণ, ক্লী. বি. (অঙ্ক-পুর, পূরণ, অনট) অঙ্ক সকলের গুণ করণ; গুনন; অঙ্ক বৃদ্ধি করণ; আক বাড়ান।

অঙ্কবিদ্যা, স্ত্রী. বি. (অঙ্ক-বিদ, জ্ঞান, য-আ) গণিত বিদ্যা; অঙ্কশাস্ত্র। (বিণ) যে শাস্ত্র দ্বারা গণনা হয়।

অঙ্কবিদ্যা ব্যবসায়ী, পু. বিণ. (অঙ্ক-বিদ্যা-বি-অব-সৈ, বানিজ্য করণ, ইন) যে ব্যক্তি অঙ্কশাস্ত্র ব্যবসা করে; জ্যোতির্ব্বেত্তা; গণিত বিৎ; জ্যোতিঃশাস্ত্র পরিজ্ঞাত।

অঙ্কবৃদ্ধি, স্ত্রী. বি. (অঙ্ক-বৃধ, বর্দ্ধন, ক্তি) আঁক বাড়ান; অধিক অঙ্ক; অঙ্কের পূরণ করা।

অঙ্কশাস্ত্র, ক্লী. বি. (অঙ্ক শাস, শাসন, ত্র) অঙ্কবিদ্যা; গণিত বিদ্যা; যে শাস্ত্র দ্বারা গণনা হয়।

অঙ্কশাস্ত্রজ্ঞ, ত্রি. বিণ. (অঙ্ক-শাস্ত্র জ্ঞা, জানা, ড) গণিতশাস্ত্র বিৎ; যে ব্যক্তি অঙ্কবিদ্যা জানে।

অঙ্কস্থ, ত্রি. বিণ. (অঙ্ক-স্থা, স্থিতি, ড) ক্রোড়স্থ; যে কোলে অবস্থিত; যে বাহু দ্বয়ের মধ্যভাগে স্থিত।

অঙ্কস্থায়ী, ত্রি. বিণ. (অঙ্ক-স্থা, স্থিত, ইন্) ক্রোড়-স্থায়ী; কোলে অবস্থান বিশিষ্ট ব্যক্তি।

অঙ্কস্থিত, ত্রি. বিণ. অঙ্ক-স্থা, স্থিতি, ক্ত) ক্রোড়ে রক্ষিত; যাহাকে ক্রোড়ে রাখা হইয়াছে।

অঙ্কহরণ, ক্লী. বি. (অঙ্ক-হৃ, হরণ, অনট) হরণ; অঙ্ক ন্যূন করা; অঙ্ক হরন করা অর্থাৎ কমিয়ে আনা।

অঙ্কা, স্ত্রী. বি. (অঙ্ক, চিহ্ন, অল-আ) ক্ষুদ্র কড়া, ঢাক; মৃদঙ্গ; লৌহনির্ম্মিত ক্ষুদ্র পাত্র; বাদ্যবিশেষ।

অঙ্কার, ক্লী. বি. (অং-কৃ, করা, ঘঞ) চিহ্ন করা; শব্দ বিশেষ; গীতাদির স্বর বিশেষ; ধ্বনি করা।

অঙ্কিত, ত্রি. বিণ. (অক, চিহ্ন, ক্ত) চিহ্নিত; লাঞ্ছিত; অঙ্কন যুক্ত; ভূষিত; যাহাতে দাগ দেওয়া হইয়াছে।

অঙ্কী, স্ত্রী. বি. (অঙ্ক, চিহ্ন, ঈ) অঙ্ক বিশিষ্ট; মৃদঙ্গ বিশেষ; চিহ্নবিশিষ্ট; যাহাতে দাগ আছে।

অঙ্কুট, পু. বি. (অক, চিহ্ন, নিপাতনে উট্) চাবি; কুলুপ কাটি; ছোড়ান; চাবিকাটি।

অঙ্কুর, পু. বি. (অক, চিহ্ন, উর) বীজোদ্ভব; নূতনোৎপন্ন তৃণাদি; অভিনব উদ্ভিদ; ইতি অমরকোষ। উদ্ভেদ; রোহ; অঙ্কুর; ইতি হেমচন্দ্র। জল; রক্ত; লোম; ইতি মেদিনী। অচিরজাত; বৃক্ষের মূলোদ্ভেদ; ধান্যাদির কলা। (বিণ.) যাহা বীজ হইতে উৎপন্ন।

অঙ্কুরক, পু. বি. (অক, চিহ্ন, উর-ক) নীড়; পক্ষির বাসস্থান; ইতি শব্দমালা। কুলায়; পাখির বাসা।

অঙ্কুরান্বিত, ত্রি. বিণ. (অঙ্কুর-অয়, গতি, ক্ত) অঙ্কু-

রের তুল্য হওন; ফলবান হওয়া; ফুড়েওঠা।

অঙ্কুরিত, ত্রি. বিণ. (অক, চিহ্ন, উর-ক্ত) চিহ্নিত; যাহা উৎপন্ন হইয়াছে; উদ্ভেদিত; রূঢ়।

অঙ্কুরিত যৌবনা, স্ত্রী. বি. [অঙ্কুরিত-যুবন, যুবা, স্ক-আ] যৌবনের পূর্ব্বাবস্থা; যৌবনের প্রাতঃকাল; নূতন যৌবন প্রাপ্ত; নব যৌবনাবস্থাপন্ন ব্যক্তি।

অঙ্কুরোদয়, পুং. বি. (অঙ্কুর-উদি, প্রকাশ, অল) অঙ্কুর প্রকাশ; বীজোদ্ভব; বীজ প্রকাশ হওন।

অঙ্কুশ, পুং. ক্লী. বি. (অক, চিহ্ন, উশ) হস্তি চালনার্থ দণ্ড বিশেষ; ডাঙ্গশ; শৃণি; ইতি অমরকোষ। অঙ্কুষ; ইতি উনাদিকোষ।

অঙ্কুশগ্রহ, পুং. বি. (অঙ্কুশ গ্রহ, গ্রহণ, অল) মাহুত; হস্তিচালক; যে ব্যক্তি শাসন পূর্ব্বক হস্তিকে চালায়।

অঙ্কুশদুর্দ্ধর, পুং. বি. (অঙ্কুশ-দুর-ধৃ, ধারণ, অল) দুরন্ত হস্তী; দুর্দম্য হাতী; যে হাতী দমন করা কঠিন।

অঙ্কুশী, স্ত্রী. বি. (অক-চিহ্ন, উশ-ঈ) দেবী বিশেষ।

অঙ্কূর, পুং. বি. (অক, লক্ষণ, উর) অঙ্কুর; অভিনব উদ্ভেদ; ইতি হেমচন্দ্র। বীজোদ্ভব; নূতনোৎপত্তি।

অঙ্কূষ, পুং. ক্লী. বি. (অক, লক্ষণ, উষ) অঙ্কুষ; হস্তিশাসন দণ্ড; ডাঙ্গশ; যে দণ্ডাঘাতে হস্তি শাসিত হয়।

অঙ্কোট, পুং. বি. (অ কুট, দ্রব্য বিশেষ, অল) অঙ্কোঠ বৃক্ষ; বৃক্ষ বিশেষ; আঁকোট গাছ; ইতি কেচিৎ।

অঙ্কোঠ, পুং. বি. (অ-কুঠ, দ্রব্য বিশেষ, অল) বৃক্ষ বিশেষ; আকোড় গাছ; ধলআঁকুড়া ইতি কেচিৎ। নিকোচক; ইতি অমরকোষ। শ্বেত আকোড়গাছ। নিকোঠক; লিকোচক; ইতি কেচিৎ। বোধ; দীর্ঘকীলক; বৃক্ষবিশেষ; ইতি জটাধর। লম্বা খোঁটা। অঙ্কোট; গূঢ়পত্র; গুপ্ত স্নেহ; পীতসার; গূঢ় বল্লিকা; পীত; তাম্র ফল; দীর্ঘকীল; গুনাঢ্যক; কোলক; লম্বকর্ণ, গন্ধ পুষ্প; তৈলগর্ভ; যাহার অন্তরে তৈল। উক্ত উদ্ভিদ পদার্থের গুন পরিচয়-কটুতা; স্নিগ্ধতা, কফনাশক; বায়ু নাশক; রেচকতা। ইহার ফলের গুণ-শীতলতা; সুস্বাদুতা; শ্লেষ্মা নাশক; গুরুতা; বলকারক; ধাতুপোষক; বিরেচক; বাত, পিত্ত, দাহ ক্ষয়কারক; এবং দুষ্টরক্ত নাশক; ইতি রাজনির্ঘণ্ট।

অঙ্কোল, পুং. বি. (অ-কোল, দ্রব্য বিশেষ, অল) অঙ্কোঠ বৃক্ষ; আকোড় গাছ; শ্বেতবর্ণ বৃক্ষবিশেষ।

অঙ্কোলক, পুং. বি. (অ-কোল, দ্রব্যবিশেষ, কন) অঙ্কোঠবৃক্ষ; ইতি জটাধর। উদ্ভিজ্জবিশেষ।

অঙ্কোলিকা, স্ত্রী. বি. (অ কোল, ব্যবহার বিশেষ, ইক-আ) আলিঙ্গন; ইতি শব্দমালা। অশ্লেষ।

অঙ্কোল্লসার, পুং. বি. (অঙ্কোল্ল-সৃ, গতি, ঘঞ) স্থাবর বিষয় প্রভেদ; ইতি হেমচন্দ্র। স্থায়ী বিষয়ের ভিন্নতা।

অঙ্ক্য, পুং. বি. (অক, দ্রব্য বিশেষ, য) হরিতকীর আকৃতি বিশিষ্ট মৃদঙ্গ; পাখওয়াজ; অঙ্কনাই।

অঙ্গ, (অব্য) সম্বোধন; পুনরর্থ; ইতি অমরকোষ। (ক্লী. বি.) শরীরের একদেশ; অবয়ব; মূর্ত্তি; গাত্র; অপধান; প্রধানের সহকারী; উপায়; ইতি মেদিনী। মনঃ; ইতি কেচিৎ। আকৃতি; মস্তিষ্ক; ; দৈব প্রভৃতি যাবদীয় কার্য্যের কিঞ্চিদংশ; প্রধান ঘটকীভূত। বেদের মন্ত্র বিশেষ; বেদের অবয়ব গ্রন্থ; ঐ গ্রন্থ ছয় প্রকার, যথা শিক্ষা ১ কল্প ২ ব্যাকরণ ৩ ছন্দ ৪ নিরুক্ত ৫ জ্যোতিষ ৬। ইতি অমরকোষ। সহায়াঃ সাধনোপায়া বিভাগোদেশ কালয়োঃ বিপত্তেশ্চ প্রতীকারঃ সিদ্ধিঃ পঞ্চাঙ্গ মিষ্যতে, এই বচনোক্ত পঞ্চবিধ রাজ্যাঙ্গ; বৌদ্ধদিগের ধর্ম্ম শাস্ত্র বিশেষ; (পুং.) দেশ বিশেষ; মেদিনী মতে ইহা নিত্য বহুবচনান্ত শব্দ। (ত্রি.) অঙ্গ বিশিষ্ট; নিকট; ইতি মেদিনী। যাহার অঙ্গ আছে; সমীপ।

অঙ্গঅবশ, ত্রি. বি. (অঙ্গ-অ-বশ, বশীভূত, অল) অবশীভূতঅঙ্গ; অনায়ত্তদেহাঙ্গ; যাহার অঙ্গ বশ নাই; বিবশাঙ্গ ব্যক্তি; শিথিলাঙ্গ বিশিষ্ট মনুষ্য।

অঙ্গক, ক্লী. বি. (অগ, গাত্র, কন্) শরীর; গা।

অঙ্গগ্রহ, পুং. বি. (অঙ্গ-গ্রহ, গ্রহন, অল) আকর্ষণী; গাত্রবেদনা; গাত্র কামড়ান; ইতি বৈদ্য শাস্ত্র।

অঙ্গচ্ছেদ, পুং. বি. (অঙ্গ-ছিদ, ছেদ, অল) অঙ্গকাটা; কোন অঙ্গের কর্ত্তন করা; দেহাংশের ছেদ করা।

অঙ্গচ্ছেদক, পুং. বি. (অঙ্গ-ছিদ, ছেদ, ণক) অঙ্গচ্ছেদ কর্ত্তা; জীবচ্ছেদক; (বিণ.) যাহাদ্বারা অঙ্গের ছেদ হয়; যিনি দেহাংশ কর্ত্তন করেন।

অঙ্গচ্ছেদন, ক্লী. বি. (অঙ্গ ছিদ, ছেদ, অনট) অঙ্গকাটা; অঙ্গবিচ্ছেদ করা; পশুকাটা; বলীদান।

অঙ্গজ, ক্লী. বি. (অঙ্গ-জন, জন্মান, ড) রক্ত; ইতি মেদিনী। (পুং.) তনয়; সন্তান; পুত্র; আত্মজ; শরীরজাত; রোগাদি; কেশ; কাম; মদ; ইতি বিশ্ব। শরীরোৎপন্ন; যিনি অঙ্গ হইতে জন্মিয়াছেন।

অঙ্গজনু, পু. বি. (অঙ্গ-জন, উৎপত্তি, উ) অঙ্গের উৎপত্তি; অঙ্গ হইতে জন্মান; যথা—যারে কালে ধরে, সেই নিন্দে হরে, কি কহিব তুমি বাপ। তব অঙ্গজনু, তাজিব এ তনু, তবে যাবে মোর পাপ॥ ইতি ভারতচন্দ্র। ৩৬ পৃষ্ঠা।

অঙ্গজা, স্ত্রী. বি. (অঙ্গ-জন, জন্মান, ড-আ) কন্যা; পুত্রী; আত্মজা; যে কন্যা স্বদেহজাতা।

অঙ্গঠা, স্ত্রী. পু. বি. (অগ, গাত্র, ঠ-আ) অঙ্গারশকটী; অঙ্গারধানী; অঙ্গার রক্ষণপাত্র; আগুনের পাত্র।

অঙ্গণ, ক্লী. বি. (অগ, স্থানবিশেষ, অনট) অঙ্গন; চতুর; ইতি অমরকোষ টীকা। উঠান; যথা—নন্দের নন্দন ব্রজপুর মধ্যে যখন যাহার বাটী প্রবিষ্ট হইতেন প্রাঙ্গণে দাঁড়াইলেই ব্রজাঙ্গনারা মদনমোহনের রূপ লাবণ্য দেখিবামাত্র তৎক্ষণাৎ ধন, প্রাণ, মন সকলি সমর্পণ করিত। ইতি রসমাধুরি।

রাজবাটী; কাছারি; বিচারালয়; ধর্ম্মাধিকরণ।

অঙ্গতি, পু. বি. (অঙ্গ, গাত্র, ক্তি) ব্রহ্মা; বিষ্ণু; অগ্নি; অগ্নিহোত্রী ব্রাহ্মণ। ইতি শব্দরত্নাবলী।

অঙ্গত্যাগ, ক্লী. বি. (অঙ্গ-ত্যজ, ত্যাগ, ঘঞ) মৃত্যু; দেহ পরিত্যাগ; পরলোকপ্রাপ্তি; ইচ্ছামৃত্যু; মরণ।

অঙ্গত্ব, পু. বি. (অঙ্গ, দেহ, ত্ব) অঙ্গের অবস্থা; অঙ্গের বিষয়; দেহের সাধারণ ধর্ম্ম; দেহত্ব।

অঙ্গদ, ক্লী. বি. (অঙ্গ দা, দান, ড) কেয়ূর; তাড়; বাজু; বাহুভূষণ; ইতি অমরকোষ। যথা—ঐ সময়ে পুরোহিত, রোচনা, মাল্য ও অন্যান্য মাঙ্গল্য দ্রব্যজাত এবং দুঃখ মূর্চ্ছা নিবারক অঙ্গদ ও ঔষধ সমুদায় লইয়া সংগ্রামেচ্ছু জরাসন্ধের সমীপে সমুপস্থিত হইলেন। ইতি মহাভারত সভাপর্ব্ব ৩৪ পৃষ্ঠা।

(পু.) কপিবিশেষ; বালি নামক বানররাজার পুত্র; ইতি মেদিনী। সুগ্রীব রাজার ভ্রাতৃ পুত্র।

অঙ্গদা, স্ত্রী. বি. (অঙ্গ-দা, দান, ড-আ) দক্ষিণদিগ্‌হস্তির ভার্য্যা; যিনি অঙ্গ দান করেন; অঙ্গদাত্রী।

অঙ্গন, ক্লী. বি. (অগ, স্থানবিশেষ, অনট) অঙ্গনভূমি; অঙ্গিনা; উঠান; ইতি অমরকোষ। অঙ্গণ; প্রাঙ্গন; যান; গমন; ইতি মেদিনী। স্থানবিশেষ; যথা—রাখালরাজ গোচরণার্থে যাত্রা করিয়া ঘন ঘন বংশিনিনাদ করিতে করিতে ক্রমশঃ গোষ্ঠের সমীপবর্ত্তী হইলেন, এদিকে ব্রজাঙ্গনারা রাধা সমভিব্যাহারে নিকুঞ্জাঙ্গনে দণ্ডায়মান থাকিয়া হৃদয়বল্লভের আগমন প্রতীক্ষা করিতেছিলেন এমন সময়ে মুরলি ধ্বনি আগমন পূর্ব্বক হৃদয়কন্দর ভেদ করাতে ক্রীড়োৎসাহ কালব্যাজে অসমর্থ হইয়া পড়িল। ইতি রাধাকৃষ্ণবিলাস।

অঙ্গনা, স্ত্রী বি. (অঙ্গ, গাত্র, অনট-আ) নারী; যথা—উদ্ভিদ সমূহের শ্যামল পল্লবে চন্দ্রমার চারু কিরণ সুশোভিত, দেখিলেই প্রতীতি হয় যেন অনঙ্গ অঙ্গনা অঙ্গবিশিষ্ট প্রিয়তমকে গাঢ় আলিঙ্গন করিতেছে। ইতি প্রিয়দর্শন ১ পৃষ্ঠা।

কামিনী; সুন্দরাঙ্গী স্ত্রী; ইতি মেদিনী। সার্ব্বভৌম নামে উত্তরদিগহস্তীর পত্নী; ইতি অমরকোষ।

বৃষ, কর্কট; কন্যা, বৃশ্চিক, মকর, এবং মীন রাশি। ইতি জ্যোতিষতত্ত্ব।

অঙ্গনাজন, পু. বি. (অঙ্গনা-জন, উৎপত্তি, ক্বিপ্) স্ত্রীজাতি; স্ত্রীলোক; যোষিৎ; কামিনী; যথা—সুধা সমুদ্রের মাঝে, চিন্তামণি বেদী সাজে, কল্পতরু কদম্ব কানন। নানা পুষ্প বিকসিত, নানা পক্ষি সুশোভিত, সদানন্দময় বৃন্দাবন॥ কাম সদা মূর্ত্তিমান, ছয় ঋতু অধিষ্ঠান, রাগিণী ছত্রিশ আর যত। ব্রজাঙ্গনা জন সঙ্গে, সদা রাস রসরঙ্গে, নৃত্য গীত বাদ্য নানা মত॥

অঙ্গনাপ্রিয়, পু. বি. (অঙ্গনা-প্রী, প্রীতি, অ) অশোক বৃক্ষ; স্ত্রীলোকের কমনীয়; কামিনীর ভালবাসা।

অঙ্গন্যাস, পু. বি. (অঙ্গ নি-অস, সত্তা, ঘঞ) পূজা করণ সময়ে ভিন্ন ভিন্ন প্রত্যঙ্গস্পর্শ; ন্যাসবিশেষ।

অঙ্গপালি, পু. বি. (অঙ্গ-পাল, রক্ষা, ই) আলিঙ্গন; আশ্লেষ; কোলাকোলি; দেহ সংলগ্ন করা।

অঙ্গপ্রত্যঙ্গ, ক্লী. বি. (অঙ্গ-প্রতি-অঙ্গ, দেহাংশ, অল) সকল অঙ্গ; সমস্ত অবয়ব; আপাদমস্তক; সর্ব্বাঙ্গ।

অঙ্গপ্রায়শ্চিত্ত, ক্লী. বি. (অঙ্গ-প্রায়স্-চিত, চেতন, ক্ত) শরীর শোধনার্থ প্রায়শ্চিত্তবিশেষ; দেহ পবিত্রকরণ।

অঙ্গব, পু. বি. (অঙ্গ, দেহাংশ, ব) শুষ্কফল; ইতি শব্দচন্দ্রিকা। নিরস ফল; রসশূন্য শস্য।

অঙ্গবশ, ক্লী. বি. (অঙ্গ-বশ, বশীভূত, অল) স্বায়ত্ত হস্তপদাদি; বশীভূত অঙ্গ; বশতাপন্ন দেহাংশ।

অঙ্গবিকৃতি, স্ত্রী. বি. (অঙ্গ-বি-কৃ, করা, ক্তি) অঙ্গের বিকার; রোগবিশেষ; মৃগী রোগ; অপস্মার রোগ; ইতি রাজনির্ঘণ্ট। দেহাংশের বিপরীতভাব হওয়া।

অঙ্গবিক্ষেপ, পু. বি. (অঙ্গ বি-ক্ষিপ, ক্ষেপণ, অল)

অঙ্গচালন; অঙ্গ নাড়াচাড়া; অঙ্গহার; অঙ্গচালনরূপ নৃত্য; ইতি অমরকোষ। দেহাংশের সঞ্চালনক্রিয়া।

অঙ্গবৈকৃত, ক্লী. বি. [অঙ্গ-বিকৃত, বিকার, ষ্ণ] আকারভঙ্গি; অঙ্গের বিকার; আকার; ইঙ্গিত; ইতি জটাধর। অঙ্গচালন করিয়া মনের ভাব প্রকাশ।

অঙ্গ ভঙ্গি, স্ত্রী. বি. (অঙ্গ-ভজ, ভাগ, ই) অভিনয়; হস্তাদি দ্বারা সঙ্কেত বা ইঙ্গিত করণ; অঙ্গ চালনা দ্বারা মানস ব্যক্ত করা; অঙ্গ চালন দ্বারা ইসারা।

অঙ্গভঙ্গিমা, স্ত্রী. বি. [অঙ্গ-ভঙ্গ, ভাঙ্গা, ইমন্] অঙ্গবিকৃতি করা; শরীর চালনা; ইঙ্গিত করণ; ইসারা।

অঙ্গমর্দ্দ, পু. বি. (অঙ্গ-মর্দ্দ, মর্দ্দন, অনট) অঙ্গমর্দ্দনকারক ভৃত্য; শরীর সংবাহক; শরীর মর্দ্দক; ইতি হেমচন্দ্র। যে ব্যক্তি দেহকে মর্দ্দন করে।

অঙ্গমর্দ্দক, পু. বি. (অঙ্গ মর্দ্দ, মর্দ্দন, অ-ক) অঙ্গমর্দ্দ; সংবাহক; দেহ মর্দ্দনকারক; অঙ্গসেবক ভৃত্য।

অঙ্গমর্দ্দী, পু. বি. (অঙ্গ-মর্দ্দ, মর্দ্দন, ইন্) অঙ্গমর্দ্দ; ইতি হলায়ুধ। দেহ মর্দ্দনকারক ব্যক্তি।

অঙ্গরক্ত, পু. বি. (অঙ্গ-রন্জ, রাগ, ক্ত) বৃক্ষবিশেষ; গুণ্ডরোচনী; পিকাক্ষ; রোচনী; লঘুপত্রক; ইতি শব্দচন্দ্রিকা। কম্পিল্ল; কর্কশ; চন্দ্র; রক্তাঙ্গ; ইতি অমরকোষ। সুন্দরক্ষণী। যাহার দেহ রক্তবর্ণ।

অঙ্গরক্ষিণী, স্ত্রী. বি. (অঙ্গ-রক্ষ, রক্ষা, ইন্-ঈ) অঙ্গত্রাণ; সাঁজোয়া; কবচ। জালিকা; জাল প্রায়া; আয়সী; ইতি হেমচন্দ্র। অঙ্গরক্ষক; দেহ রক্ষাকারী।

অঙ্গরাখা, স্ত্রী. বি. (অঙ্গ-স্থা, স্থিতি, ণ্রি অনট-অঙ্গস্থাপনের ভাষা অঙ্গরাখা) গাত্রা বরণী; জামা; অঙ্গেরাখা; কুর্তি; গাউন; অঙ্গাবৃত বস্ত্রবিশেষ।

অঙ্গরাগ, পু. বি. (অঙ্গ-রন্জ, রাগ, ঘঞ) অঙ্গ সৌন্দর্য্য কারক দ্রব্য; গাত্ররঞ্জন; অঙ্গেচন্দনাদি লেপন। বিলেপন; ইতি হেমচন্দ্র। অঙ্গ সৌষ্ঠব করা।

অঙ্গরাজ, পু. বি. (অঙ্গ-রাজ রাজা, অ) অঙ্গ দেশাধিপতি; অঙ্গদেশের রাজা; কর্ণ; ইতি হেমচন্দ্র।

অঙ্গরুহ, ক্লী. বি. (অঙ্গ-রুহ, রোহণ, ক) শরীরাচ্ছাদিত লোম; ঊর্ণা; যে রোম দ্বারা দেহ আবৃত থাকে।

অঙ্গরোম, ক্লী. বি. (অঙ্গ-রোম, লোম, অ) মনুষ্যাদির দেহের লোম; কোন পশুর গাত্র লোম; জন্তুদিগের রোঁয়া; দেহাংশের লোম।

অঙ্গলেপ, পু. বি. (অঙ্গ-লিপ, লেপন, অল) অনুলেপন; শরীরে সুগন্ধদ্রব্যাদি লেপন করা।

অঙ্গলোড্য, পু. বি. (অঙ্গ-লুড, দ্রব্য বিশেষ, য) আদা; দ্রব্য বিশেষ; সারকতাশক্তি বিশিষ্ট দ্রব্য।

অঙ্গসংস্কার, পু. বি. (অঙ্গ-সং স্কৃ, করা, ঘঞ) কুঙ্কুমাদি দ্বারা শরীর শোভাকরণ; স্নানকালে গাত্র মার্জ্জনাদি ক্রিয়া; ঘর্ম্মাদিতে গাত্রগন্ধ দূরী করণার্থ চন্দনাদি লেপন; ইতি সারসুন্দরী। পরিকর্ম্ম; ইতি অমরকোষ। প্রতি কর্ম্ম; ইতি কেচিৎ। সুগন্ধ দ্রব্য গাত্রে লেপন।

অঙ্গসঙ্গ, পু. বি. (অঙ্গ-সনজ, সঙ্গ, অল) অঙ্গের পরস্পর সংযোগ; দুই অঙ্গ একত্রী করণ; অঙ্গে অঙ্গে সংযুক্ত করা; অঙ্গ দ্বয়ের পরস্পর মিলন।

অঙ্গসঙ্গী, পু. বি. (অঙ্গ সনজ, সঙ্গ, ইন্) দেহ সংযুক্ত; দেহসংলগ্ন; নিয়ত কাছে থাকা; সর্ব্বদা নিকটস্থ।

অঙ্গসৌন্দর্য্য, পু. বি. [অঙ্গ সুন্দর, সুগঠন, ষ্য] অঙ্গের সুন্দরতা; অঙ্গ সাজান; অঙ্গের বেশ ভূষা করণ; যথা —অনন্তর নিষধাধিপতি যে আজ্ঞা বলিয়া দময়ন্তী নিকেতনে গমন করিলেন। তথায় উপনীত হইয়া দেখিলেন দময়ন্তী সখীগণ পরিবৃতা হইয়া স্বীয় অঙ্গসৌন্দর্য্য দ্বারা দেদীপ্যমান হইতেছেন, বোধ হইল যেন তিনি স্বকীয় তেজপ্রভাবে শশধরের বিমল প্রভাকে মলিন করিতেছেন। ইতি মহাভারত বনপর্ব্ব ৮৮ পৃষ্ঠা।

অঙ্গসৌষ্ঠব, পু. বি. [অঙ্গ সুষ্ঠু, সুগঠন, ষ্ণ] সৌন্দর্য্য; অঙ্গের সুগঠন; সুন্দরতা; উৎকৃষ্টদেহাঙ্গ; উত্তমাঙ্গ।

অঙ্গহানি, পু. বি. (অঙ্গ হা, ত্যাগ, ক্তি) অসম্পূর্ণ কার্য্য; কোন ধর্ম্ম কর্ম্মের কিঞ্চিদংশ সুসম্পন্ন না হওয়া; অঙ্গের অনিষ্ট; দেহের মন্দ ঘটনা।

অঙ্গহার, পু. ক্লী. বি. (অঙ্গ-হৃ, হরণ, ঘঞ) অঙ্গচালন; অঙ্গবিক্ষেপ; নৃত্যাদি কালে অঙ্গভঙ্গী।

অঙ্গহারি, পু. বি. (অঙ্গ-হৃ, হরণ ঘঞ ই) অঙ্গহার; অঙ্গচালন; অঙ্গভঙ্গিমা বিশেষ; অঙ্গ নাড়াচাড়া।

অঙ্গহীন, ত্রি. বিণ. (অঙ্গ-হা, ত্যাগ, ক্ত) অবয়ব রহিত; অঙ্গহানি বিশিষ্ট; (পু.) কামদেব; পণ্ড; মদন; দেহশূন্য; যাহার অঙ্গ নাই।

অঙ্গাঙ্গী, পু. বি. (অঙ্গ-অঙ্গ, দেহাংশ, ইন্) পক্ষপাত; গণতা; উভয় পক্ষ হওয়া; এক পক্ষ হওয়া।

অঙ্গাঙ্গীভাব, পু. বি. (অঙ্গাঙ্গী-ভূ, উৎপত্তি, ঘঞ) অঙ্গে অঙ্গে পরস্পর মিলন; দুই অঙ্গের সংযোগ।

অঙ্গাধিপ, পু. বি. (অঙ্গ-অধি-পা, রক্ষা, ড) অঙ্গদে-

শাধিপতি ; কর্ণ ; কুন্তীপুত্র ; অঙ্গদেশের ভূপতি।

অঙ্গাবশ, ক্লী. বি. (অঙ্গ-অ-বশ, বশীভূত, অল) ব্যবহারাযোগ্য অঙ্গ ; অঙ্গ অসাড় ; অবশাঙ্গ।

অঙ্গার, পু. ক্লী. বি. (অঙ্গ ঋ, গতি অল) দগ্ধকাষ্ঠখণ্ড ; নির্ব্বাণাগ্নি ; আঙ্গার ; কয়লা ; সাগ্নি অর্থাৎ অগ্নিযুক্ত ; অলাত ; উল্মুক ; ইতি অমরকোষ। (পু.) মঙ্গলগ্রহ ; ইতি মেদিনী। হিতাবলী ; ইতি বৈদ্য শাস্ত্র।

অঙ্গারক, পু. বি. (অঙ্গার, দ্রব্যবিশেষ, অ ক) মঙ্গল গ্রহ ; ইতি অমরকোষ। অঙ্গার ; কুরুন্টক বৃক্ষ ; ইতি মেদিনী। ভৃঙ্গরাজবৃক্ষ ; ইতি রাজ নির্ঘণ্ট। ভীমরাজ।

অঙ্গারক তৈল, ক্লী. বি. [অঙ্গারক-তৈল, শস্য বিশেষ, ষ্ণ] স্বনাম খ্যাতি পক্বতৈল ; পক্বতৈল বিশেষ।

অঙ্গারকমণি, পু. বি. (অঙ্গারক-মণ, রত্ন বিশেষ, ই) প্রবাল ; পলা ; মণি বিশেষ ; প্রস্তরবিশেষ।

অঙ্গারকল্প, পু. বিণ. (অঙ্গার-কল্প ; কল্পনা, অল) অঙ্গারসদৃশ জ্ঞান করা ; কয়লাতুল্য ; অতিনীচ।

অঙ্গারকার পু. বিণ. (অঙ্গার-কৃ, করা, ঘঞ) যে ব্যক্তি অঙ্গার করে ; স্বর্ণকার ; কর্ম্মকার ; যথা—মালাকার উপবন হইতে নানাবিধ পুষ্প চয়ন করে, কিন্তু মূলচ্ছেদ করে না ; অতএব মালাকারের অনুকরণ করিবে, কদাচ অঙ্গারকারের অনুকরণ করিবে না, ইহার অনুষ্ঠান করিলে কি হয়, না করিলেই বা কি হইতে পারে, এইরূপ বিবেচনা করিয়া কর্ম্ম করিবে অথবা তাহা হইতে বিরত হইবে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৫২ পৃষ্ঠা।

অঙ্গারকুষ্ঠক, পু. বি. (অঙ্গার কুষ্ঠ, দ্রব্য বিশেষ, অ-ক) হিতাবলী ; ইতি রাজ নির্ঘণ্ট। দ্রব্যবিশেষ।

অঙ্গারতুল্য, ত্রি. বিণ. (অঙ্গার-তুল, সমান, য) অঙ্গার সদৃশ ; আঙ্গার ন্যায় ; কয়লা তুল্য।

অঙ্গারধানিকা, স্ত্রী. বি. (অঙ্গার-ধান, আধার, ইক-আ) অঙ্গারধারণ পাত্র ; আঙ্গাঠা ; আঙঠা। সাঁঙ্গাল ; ইতি কেচিৎ। অঙ্গারশকটী ; হসন্তী ; হসনী ; ইতি অমরকোষ। অগ্ন্যাধারবিশেষ।

অঙ্গার পরিপাচিত, ক্লী. বি. (অঙ্গার পরি-পচ, পাক, ণিচ-ক্ত) অঙ্গারপক্ব ; অঙ্গার দ্বারা দগ্ধ ; কাবাব ; শূলীপক্ব ; ইতি শব্দচন্দ্রিকা। উত্তাপপক্ব দ্রব্য।

অঙ্গারপর্ণ, পু. বি. (অঙ্গার-পর্ণ, পাতা, অ) চিত্ররথ নামক গন্ধর্ব্ব ; গন্ধর্ব্বগণের অধ্যক্ষ ; গন্ধর্ব্ববিশেষ।

অঙ্গারপুষ্প, পু. বি. [অঙ্গার-পুষ্প, ফুল, ব্রি] ইঙ্গুদী বৃক্ষ ; জিয়াপুতা ইতি রত্নমালা। অঙ্গার সম ফুল।

অঙ্গারবল্লরী, স্ত্রী. বি. (অঙ্গার-বল্ল, দ্রব্যবিশেষ, র-ইন্) করঞ্জবিশেষ ; ইতি অমরকোষ। করমচা। গুঞ্জা ; কুঁচ ; ভার্গী ; ইতি রাজনির্ঘণ্ট।

অঙ্গারবল্লী, স্ত্রী. বি. (অঙ্গার-বল্ল, দ্রব্যবিশেষ, ইন্) মহাকরঞ্জ ; কুঁচ ; গুঞ্জা ; ভার্গী ; দ্রব্যবিশেষ।

অঙ্গারমঞ্জী, স্ত্রী. বি. (অঙ্গার-মঞ্জ, দ্রব্যবিশেষ, ইন্) করঞ্জবিশেষ ; অঙ্গারমঞ্জরী ; ডর্ করম্চা।

অঙ্গারশকটী, স্ত্রী. বি. (অঙ্গার-শকট, দ্রব্যবিশেষ, ইন্) অঙ্গারধানিকা ; ইতি অমরকোষ। ক্ষুদ্র আগ্নেয় ; কটাহ ; কড়া ; লৌহময় পাত্রবিশেষ।

অঙ্গারসদৃশ, পু. বিণ. (অঙ্গার-সমান-দৃশ, দর্শন, টক্) অঙ্গারতুল্য ; কয়লার ন্যায় ; কয়লার সমান।

অঙ্গারি, স্ত্রী. পু. বি. (অঙ্গার, কয়লাদি, ই) অঙ্গারধানিকা ; ইতি জটাধর। ক্ষুদ্র আগ্নেয় ; কটাহ।

অঙ্গারিকা, স্ত্রী. বি. (অঙ্গার, কয়লাদি, ইক আ) ইক্ষুকাণ্ড ; পলাশকলিকা ; ইতি মেদিনী।

অঙ্গারিণী, স্ত্রী. বি. (অঙ্গার, কয়লাদি, ইন-ঈ) অঙ্গারধানিকা ; ভাস্কর ত্যক্তদিক্ ; ইতি মেদিনী। ক্ষুদ্র উনান ; চুলা ; যে দিক্ হইতে সূর্য্য অস্ত হয়।

অঙ্গারিত, ক্লী. বি. (অঙ্গার, কয়লাদি, ক্ত) পলাশকলিকার উদ্গাম ; (ত্রি. বিণ.) দগ্ধ ; ইতি বিশ্ব।

অঙ্গিকা, স্ত্রী. বি. (অগ, দেহাংশ, ইক-আ) কঞ্চক ; কাঁচুলী ; ইতি হেমচন্দ্র। কামিনীর বক্ষাবৃত বস্ত্র।

অঙ্গিরা, পু. বি. (অঙ্গির, ব্যক্তিবিশেষ, অস্-প্রথমা বিভক্তি) মুনিবিশেষ ; সপ্তর্ষির একজন ; সপ্তঋষির পরিচয়, যথা—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত, পুলহ, ক্রতু, বশিষ্ঠ, ইতি।

বৃহস্পতির পিতা। উক্তমুনি ব্রহ্মার মুখ হইতে জন্ম পরিগ্রহ করিয়াছেন। তাঁহার ভার্য্যার নাম শ্রদ্ধা ; তিনি কর্দ্দমমুনির কন্যা। দুই পুত্র —প্রথম উতথ্য ; দ্বিতীয় বৃহস্পতি। এবং চারি কন্যা, ১ম সিনীবালী, ২য় কুহূ, ৩য় রাকা, ৪র্থ অনুমতি, ইতি শ্রী ভাগবত।

অঙ্গী, ত্রি. বিণ. (অগ, দেহাংশ, ইন্) অঙ্গবিশিষ্ট ; অবয়বী ; প্রধান ; মুখ্য ; যে ব্যক্তির অবয়ব আছে।

অঙ্গীকরণ, ক্লী. বি. (অঙ্গী-কৃ, করা, অনট) প্রতিজ্ঞাকরণ ; পণ করা ; কোন কার্য্য করণে স্বীকার করা।

অঙ্গীকরণীয়, ত্রি. বিণ. (অঙ্গী-কৃ, করা, অনীয়) প্রতিজ্ঞা করণের যোগ্য; পণের উপযুক্ত; স্বীকার্য্য।

অঙ্গীকর্ত্তব্য, ত্রি. বিণ. (অঙ্গী কৃ, করা, তব্য) প্রতিজ্ঞা করা উচিত; পণ করা বিধেয়; স্বীকারের যোগ্য।

অঙ্গীকার, পু. বি. (অঙ্গী-কৃ, করা, ঘঞ) স্বীকার; সম্বিৎ; আগূ; প্রতিজ্ঞান; নিয়ম; আশ্রব; সংশ্রব; অভ্যুপগম; সমাধি; প্রতিশ্রব; ইতি অমরকোষ।

অঙ্গীকারকর্ত্তা, পু. বি. (অঙ্গীকার-কৃ, করা, তৃন্) যিনি অঙ্গীকার করেন; স্বীকারকারক; কবুলকারী।

অঙ্গীকারজন্য, ত্রি. বিণ. (অঙ্গীকার-জন, নিমিত্ত, য) অঙ্গীকারনিমিত্ত; স্বীকার জন্য; কবুল দ্বারা।

অঙ্গীকারজন্যে, ক্রি বিণ. (অঙ্গীকার জন, নিমিত্ত, য এ) অঙ্গীকার নিমিত্তে; স্বীকার দ্বারা; কবুলনিমিত্তে

অঙ্গীকার নিমিত্তক, ত্রি. বিণ. (অঙ্গীকার-নি-মিত, জন্য, ক্ত ক) যাহা স্বীকার দ্বারা হইয়াছে; কবুল কর্ত্তৃক সু সিদ্ধ হইয়াছে। (ক্রি বিণ.) স্বীকার বশতঃ।

অঙ্গীকারনিমিত্তে, ক্রি বিণ. (অঙ্গীকার-নি-মিত, জন্য, ক্ত-এ) স্বীকারের জন্যে; কবুল প্রযুক্ত।

অঙ্গীকার প্রযুক্ত, ত্রি. বিণ. (অঙ্গীকার-প্র-যুজ, যোগ, ক্ত) স্বীকার সম্ভূত; অঙ্গীকার বশতঃ কবুলজন্য;

অঙ্গীকার হেতুক, ত্রি. বিণ. [অঙ্গীকার-হেতু, কারণ, ক] যাহা অঙ্গীকার হইতে উদ্ভূত হইয়াছে; স্বীকার জন্য; প্রতিজ্ঞা করণ কারণে যাহা উৎপন্ন হইয়াছে।

অঙ্গীকারিত, ত্রি. বিণ. (অঙ্গী-কৃ, করা, ণিচ-ক্ত) স্বীকৃত; যাহা স্বীকার করান হইয়াছে; প্রতিজ্ঞাত।

অঙ্গীকৃত, ত্রি. বিণ. (অঙ্গী-কৃ, করা, ক্ত) স্বীকৃত; অভ্যুপগত; প্রতিশ্রুত; উপগত; উপশ্রুত; উরীকৃত; উররীকৃত; আশ্রুত; প্রতিজ্ঞাত; সংগীর্ণ; বিদিত; সংশ্রুত, সমাহিত; ইতি অমরকোষ। কবুল করা; স্বীকার করা; যাহা প্রতিজ্ঞা করা হইয়াছে।

অঙ্গীভূত, ত্রি. বিণ. (অঙ্গী-ভূ, উৎপত্তি, ক্ত) অঙ্গবিশিষ্ট হওয়া; অঙ্গমধ্যের; অবয়ব বিশিষ্ট হওয়া।

অঙ্গুরি, স্ত্রী. বি. (অঙ্গ, দেহাংশ, উর-ই) পাণি; পাদাঙ্গুলি; ইতি উনাদিকোষ। পায়ের আঙুল।

অঙ্গুরী, স্ত্রী. বি. (অঙ্গ, দেহাংশ, উর-ঈ) অঙ্গুলী; ইতি অমরকোষ টীকা। অঙ্গুলীভূষণ; আঙ্গুটী।

অঙ্গুরীয়, পু. ক্লী (অঙ্গ, দেহাংশ, উর-ঈয়) অঙ্গুলীয়ক; অঙ্গুলীভূষণ; আঙ্গুটী; করভূষণ।

অঙ্গুরীয়ক, ক্লী. পু. বি. (অঙ্গ, দেহাংশ, উর-ঈয়-ক) অঙ্গুলীয়ক; অঙ্গুলীভূষণ; আঙ্গুটী; মুকুটাদি; ইতি অমরকোষ টীকা। মস্তকের ভূষণবিশেষ; কিরীট।

অঙ্গুল, পু. বি. (অঙ্গ, দেহাংশ, উল) অঙ্গুষ্ঠ; বাৎস্যায়ন মুনি; ইতি হেমচন্দ্র। অঙ্গুলী; অষ্টযব পরিমাণ; ইতি অমরকোষ টীকা। অঙ্গুল, করশাখা। আঙুল; যথা—বীরসিংহ পুন কয় শুন বাপা মহাশয়, ওইযে কহিলা কালী কই। যদ্যপি দেখিতে পাই, তবেত প্রত্যয় যাই, তোমার কৃপায় ধন্য হই। হাসিয়া সুন্দর রায় অঙ্গুলে ছুঁইলা তায় বীরসিংহ পায় দিব্য জ্ঞান। দেখিকাল রাঙ্গাপায় আনন্দে অবশ কায় ভবানী করিলা অন্তর্দ্ধান॥ ইতি ভারতচন্দ্র।

অঙ্গুলি, স্ত্রী. বি. (অঙ্গ, দেহাংশ, উল-ই) করশাখা; হস্ত পদের প্রান্ত অবয়ব; অঙ্গুল; গজকর্ণিকা; হস্তি শুণ্ডাগ্রভাগ; ইতিহেমচন্দ্র। অঙ্গুষ্ঠ; ইতিউনাদিকোষ। নাচিল রতির হিয়া বীণা তার যথা অঙ্গুলি পরশে! চলি গেলা কাম বধূ দ্রুতগতি মধুমত্তী কৈলাস শিখরে। ইতি মেঘনাদ বধ কাব্য ৫১ পৃষ্ঠা।

অঙ্গুলিকৃত, ত্রি. বি. (অঙ্গুলি-কৃ, করা, ক্ত) অঙ্গুলি দ্বারা যাহা করা হইয়াছে; আঙুল সম্পন্ন কার্য্য।

অঙ্গুলি গলি, স্ত্রী. বি. (অঙ্গুলি গল, গলন, ই) দুই অঙ্গুলির মধ্যস্থান; কেবল আঙ্গুল থাকিতে পারে এরূপ স্থান; আঙুলের পার্শ্বস্থ সঙ্কীর্ণ স্থান।

অঙ্গুলি গ্রন্থি, স্ত্রী. বি. (অঙ্গুলি-গ্রথ, গ্রন্থন, ই) অঙ্গুলির সন্ধিস্থান; আঙ্গুলের গাঁইট; আঙুলের গ্রন্থি।

অঙ্গুলি চালন, পু. বি. (অঙ্গুলি চল চালন, ণিচ-অনট) অঙ্গুলি সঙ্কেত দ্বারা বাক্যালাপ করণ; আঙ্গুল নাড়া চাড়া; সম্মুখে অঙ্গুলি নাড়া; ইসারা বিশেষ।

অঙ্গুলিঠার, পু. বি. (অঙ্গুলি-ঠর, সঙ্কেত, ঘঞ) আঙ্গুল দ্বারা সঙ্কেত করণ; করশাখা দ্বারা ইসারা করণ।

অঙ্গুলি তোরণ, ক্লী. বি. (অঙ্গুলি-তুর, তোরণ, অনট) চন্দনাদি দ্বারা ললাটে অর্দ্ধ চন্দ্র করণ; অঙ্গুলীকৃত ফোটা।

অঙ্গুলিত্র, ক্লী. বি. [অঙ্গুলি, আঙ্গুল, এ] অঙ্গুলি রক্ষক; অঙ্গুষ্ঠানা; আঙুল রক্ষা কর্ত্তা; যে আঙুল রক্ষা করে।

অঙ্গুলিত্রাণ, ক্লী. বি. (অঙ্গুলি ত্রা, রক্ষা, অনট) অঙ্গুলি রক্ষা; চর্ম্ম অথবা লৌহনির্ম্মিত অঙ্গুল্যাধার বিশেষ।

অঙ্গুলিধ্বনি, পু. বি. (অঙ্গুলি-ধ্বন, শব্দ, ই) আঙুলের শব্দ; তুড়ি; অঙ্গুলে অঙ্গুলে ধ্বনি; করশাখার শব্দ।

অঙ্গুলি পর্ব্ব, পুং. বি. (অঙ্গুলি-পর্ব্ব, গ্রন্থি, অল) অঙ্গুলের গ্রন্থি; আঙুলের গাঁইট; করশাখার সন্ধির স্থান।

অঙ্গুলি মুদ্রা, স্ত্রী. বি. (অঙ্গুলি মুদ, হর্ষ, র-আ) স্বাক্ষর নির্ম্মিত মুদ্রা; স্বনামাঙ্কিত অঙ্গুরীয়ক;ছাপের আঙ্গুটি; মোহর যুক্ত আঙ্গুটি; মোহরখোদা করশাখা ভরণ।

অঙ্গুলি মুদ্রিকা, স্ত্রী. বি. (অঙ্গুলি-মুদ, হর্ষ, র-ইক-আ) অঙ্গুলিমুদ্রা; মোহরখোদা অঙ্গুলির অভরণ।

অঙ্গুলি মূল, পুং. বি. (অঙ্গুলি-মূল, শিকড, ক) আঙুলের গোড়া; করশাখা সংযুক্ত স্থান; আঙুলের মূল।

অঙ্গুলি মোটন, ক্লী. বি. (অঙ্গুলি-মুট, মোটন, অনট) অঙ্গুলি দ্বয় মর্দ্দন জাত শব্দ; দুই অঙ্গুলের মর্দ্দন শব্দ; আঙ্গুল মটকান; পুচ্ছটী; স্বচ্ছটী; অঙ্গুলি সন্দেশ; মুচুটী; ইতি জটাধর। মুচুটিত্ত; ইতি হেমচন্দ্র।

অঙ্গুলি সন্দেশ, পুং. বি. (অঙ্গুলি-সং-দিশ, উদ্দেশ, অল) অঙ্গুলি মোটন; আঙ্গুল মট্‌কান; শব্দ বিশেষ।

অঙ্গুলি সন্ধি, স্ত্রী. বি. (অঙ্গুলি-সং-ধা, সংযোগ, ই) আঙুলের গাঁইট; করশাখার সন্ধিস্থান; আঙ্গুলের গ্রন্থি।

অঙ্গুলিসুরসুর, পুং. বি. (অঙ্গুলি সুর-সুর, অনুষ্ঠান, ও) আঙ্গুল নোয়ান; অঙ্গুলি চুলকানর ইচ্ছা।

অঙ্গুলিস্ফোট, ক্লী. বি. (অঙ্গুলি-স্ফুট, স্ফোটন,অল) অঙ্গুলি দ্বয়ের শব্দ; টুস্কিমারন; আঙ্গুলে আঙ্গুলে শব্দকরণ

অঙ্গুলী, স্ত্রী. বি. (অঙ্গ, দেহাংশ, উল-ঈ) শরীরের অবয়ব বিশেষ; আঙ্গুল; করশাখা; প্রত্যঙ্গবিশেষ; হস্ত পদের শেষ অবয়ব। অঙ্গুলি; অঙ্গুরি; অঙ্গুরী; অঙ্গুল; ইহা ক্রমশঃ পঞ্চবিধ, যথা-অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা, কনিষ্ঠা, ইতি অমরকোষ।

যথা—সমুখে থুইয়া সিদ্ধি মুদিয়া নয়ন। বিজয়ার বীজমন্ত্র জপি পঞ্চানন॥ অঙ্গুলীর অগ্রভাগে অগ্রভাগ লয়ে ভবানীর নামে দিলা এক ভাব হয়ে। ইতি ভারতচন্দ্র।

হস্তি শুণ্ডের অগ্রভাগ; ইতি মেদিনী।

অঙ্গুলীক, পুং.ক্লী.বি.(অঙ্গ,দেহাংশ,উল-ঈ-ক)অঙ্গুলীয়ক।

অঙ্গুলিগলি, স্ত্রী. বি. (অঙ্গুলি-গল, মধ্যস্থান, ই) দুই অঙ্গুলীর মধ্যস্থান; কেবল অঙ্গুল থাকিতে পারে এইরূপ স্থান বিশেষ; তর্জ্জনী মধ্যমার পার্শ্ব স্থান।

অঙ্গুলীগ্রন্থি, স্ত্রী. বি. (অঙ্গুলী-গ্রথ, গ্রথন, ই) অঙ্গুলীর সন্ধিরস্থান; আঙুলেরগাঁইট; করশাখা; পর্ব্ব সংযোগ স্থান; যে যে স্থান আঙুলের পর্ব্ব সংযুক্ত।

অঙ্গুলী চালন, পুং. বি. (অঙ্গুলী-চল, চালন, ণি-অনট) অঙ্গুলীর সঙ্কেত দ্বারা বাক্যালাপ করণ; আঙ্গুল নাড়া চাড়া; সম্মুখে আঙ্গুল নাড়া; আঙুল দ্বারা ইসারা।

অঙ্গুলীত্র, ক্লী. বি. [অঙ্গুলী, করশাখা, ত্র] অঙ্গুলী রক্ষক; অঙ্গুষ্ঠানা; করশাখা রক্ষাকর্ত্তা; যে আঙুল রাখে।

অঙ্গুলীত্রাণ, ক্লী. বি. (অঙ্গুলী ত্রা, রক্ষা, অনট) অঙ্গুলী রক্ষা; চর্ম্ম অথবা লৌহ নির্ম্মিত অঙ্গুল্যাধার।

অঙ্গুলী দর্শন, ক্লী. বি. (অঙ্গুলী দৃশ-দর্শন, অনট) অঙ্গুলী দ্বারা দর্শন; করশাখা দ্বারা কোন বস্তু দেখান।

অঙ্গুলী দান, ক্লী. বি. (অঙ্গুলী দা, দান, অনট) অঙ্গুলী দ্বারা দান; আঙুল দেওয়া; অঙ্গুলী প্রক্ষেপ।

অঙ্গুলী ধ্বনি, পুং. বি. (অঙ্গুলী-ধ্বন,শব্দ, ই) আঙ্গুলের শব্দ; করশাখার ধ্বনি; আঙুলে আঙুলে শব্দ।

অঙ্গুলী নির্দ্দিষ্ট, ত্রি. বিণ. (অঙ্গুলী-নির-দিশ, স্থিরতা, ক্ত) অঙ্গুলী দ্বারা অবলোকন; করশাখার দ্বারা দেখান আঙুলের দ্বারা স্থিরীকৃত করা, অঙ্গুলি নিরূপণ।

অঙ্গুলী পঞ্চক, ক্লী. বি. (অঙ্গুলী-পঞ্চ, সংখ্যাবিশেষ, অল-ক)হস্তের পঞ্চাঙ্গুল; যথা--অঙ্গুষ্ঠ,তর্জ্জনী,ইত্যাদি।

অঙ্গুলীপর্ব্ব, পুং. বি. (অঙ্গুলী-পর্ব্ব, গ্রন্থি, অল) আঙ্গুলের গ্রন্থি; করশাখার সন্ধি স্থান; আঙুলের গাঁইট।

অঙ্গুলী প্রক্ষেপ, পুং. বি. (অঙ্গুলী-প্র-ক্ষিপ, ক্ষেপ, অল) অঙ্গুলীদান; আঙুলের দ্বারা দান; আঙুল দেওয়া।

অঙ্গুলী মূল, ক্লী. বি. (অঙ্গুলী-মূল, শিকড, ক) আঙ্গুলের গোড়া; করশাখার সংযোগ স্থান; প্রত্যঙ্গ মূল।

অঙ্গুলীয়, পুং. ক্লী. বি. [অঙ্গুল, করশাখা, ঈয়] অঙ্গুলীয়ক; করশাখার ভূষণ; আঙুলের অভরণ বিশেষ।

অঙ্গুলীয়ক, ক্লী. পুং. বি. [অঙ্গুল, করশাখা, ঈয়-ক] অঙ্গুলী ভূষণ; আঙ্গুটী; হস্তপদাদির আঙুলের অলঙ্কার। ইহার পরিচয় যথা—ঊর্ম্মিকা; ইতি অমরকোষ।

অঙ্গুরীয়ক; অঙ্গুরীয়; অঙ্গুলীয়; করারোট।

অঙ্গুলীসন্ধি, স্ত্রী. বি. (অঙ্গুলী-সং-ধা, সংযোগ, ই) আঙ্গুলের গাঁইট; করশাখার সন্ধি স্থান; আঙ্গুলের গ্রন্থি।

অঙ্গুলী সম্ভূত, পুং. বি. (অঙ্গুলী-সং-ভূ,উৎপত্তি, ক্ত) নখ; নখর; ইতিরাজনির্ঘণ্ট। অঙ্গুলি হইতে যাহাহইয়াছে।

অঙ্গুলীস্ফোট, ক্লী. বি. (অঙ্গুলী-স্ফুট, স্ফোটন, অল) অঙ্গুলিদ্বয়ের শব্দ; টুস্কিমারন; আঙুলে আঙুলেশব্দ।

অঙ্গুল্যগ্র, ক্লী. বি. (অঙ্গুলী-অগ, আগা, র) আঙ্গুলের অগ্রভাগ; করশাখার আগা; আঙুলের শেষাংশ।

অঙ্গুল্যাকার, ত্রি. বিণ. (অঙ্গুলী-আ-কৃ, করা, ঘঞ) যাহার আঙ্গুলের ন্যায় আকার; করশাখা সদৃশ আকৃতি; আঙ্গুল সমান অবয়ব বিশিষ্ট দ্রব্যাদি।

অঙ্গুষ্ঠ,-পু. বি. (অঙ্গু-স্থা, স্থিতি, ড) বৃদ্ধাঙ্গুলি; হস্তের বুড়ো আঙ্গুল; করশাখার প্রধান অঙ্গুলী।

অঙ্গুষ্ঠান, স্ত্রী. বি. (অঙ্গু-স্থা, স্থিতি, অন-আ) অঙ্গুলীত্র; হস্ত রাখা; যাহা দ্বারা অঙ্গুল্যাদি রক্ষা হয়।

অঙ্গূর, পু. বি. (অঙ্গু, ফলবিশেষ; উর) দ্রাক্ষাফল; ফল বিশেষ; আঙ্গুর ফল, ইতি প্রচলিত ভাষা।

অঙ্গূষ, পু. বি. (অঙ্গু-উষ, দ্রব্যবিশেষ, ক) নকুল; বাণ; ইতি উনাদি কোষ। জন্তু বিশেষ; নেউল।

অঙ্গে, ত্রি. বিণ. (অঙ্গ, দেহাংশ, অল-এ) দেহে; গাত্রে; দেহাংশে; দেহের সর্ব্বাঙ্গাংশে। যথা—পবিত্র তীর্থ জলে স্নান করিয়া রাজকুমার উজ্জ্বল শ্রী প্রাপ্ত হইলেন। অভিষেকানন্তর ধবল বসন উজ্জ্বল ভূষণ ও মনোহর মাল্য ধারণ পূর্ব্বক অঙ্গে সুগন্ধি গন্ধ দ্রব্য লেপন করিলেন। ইতি কাদম্বরী ৩৭ পৃষ্ঠা।

অঙ্ঘ, ক্লী. বি. (অঘি, পাপ, অস্) পাপ; অংহ; অধর্ম্ম; কলুষ; কিল্বীষ; দুষ্কর্ম্ম জনিত দুরদৃষ্ট।

অঙ্ঘ্রি, পু. বি. (অঘি, পাপ, ই) অঙ্ঘ্রি; ইতি বিশ্ব।

অঙ্ঘ্রি, পু. বি. (অঘি, বস্তু বিশেষ, রি) পাদ; বৃক্ষ মূল; চরণ; চতুর্থাংশ; সমচারি ভাগের একাংশ।

অঙ্ঘ্রিকমল, ক্লী. বি. [অঙ্ঘ্রি-কমল, পদ্ম, টি] পাদপদ্ম; চরণ কমল; (বিণ) যাহার পাদ পদ্ম তুল্য।

অঙ্ঘ্রিতল, ক্লী. বি. (অঙ্ঘ্রি-তল, নিম্ন, অল) পাদতল; চরণ-তল; পদের নিম্ন দেশ; পায়ের তলা।

অঙ্ঘ্রিনাম, ক্লী. বি. (অঙ্ঘ্রি-নম, নমন, ঞি- অন্) বৃক্ষ মূল; ইতি হেমচন্দ্র। অঙ্ঘ্রি নামক বস্তু বিশেষ।

অঙ্ঘ্রিনামক, পু. বি. (অঙ্ঘ্রি-নম, নমন, ঘঞ-ক) বৃক্ষ মূল; ইতি অমরকোষ। উদ্ভিজ্জ শিকড়।

অঙ্ঘ্রিপ, পু. বি. (অঙ্ঘ্রি-পা, পান, ড) বৃক্ষ; তরু; গাছ; ইতি হেমচন্দ্র। (বিণ) যে চরণ দ্বারা পান করে।

অঙ্ঘ্রিপদ্ম, ক্লী. বি. (অঙ্ঘ্রি-পদ, পাদ, ম) পাদপদ্ম; চরণপঙ্কজ; চরণকমল; যাহার পদ্মের ন্যায় চরণ।

অঙ্ঘ্রিপর্ণী ক্লী. বি. (অঙ্ঘ্রি-পর্ণ, পাতা বিশেষ; ঈ) পৃশ্নিপর্ণী; চাকুলিয়া; ইতি অমর কোষটীকা।

অঙ্ঘ্রিবল্লিকা, স্ত্রী. বি. (অঙ্ঘ্রি-বল্ল, দ্রব্য বিশেষ, ইক-আ) চিত্রপর্ণীবৃক্ষ; চাকুলিয়ালতা; ইতি অমর কোষ। ইহার রূপান্তরে নাম প্রভিন্ন, যথা,—অঙ্ঘ্রিবল্লী।

অঙ্ঘ্রি যুগল, ক্লী. বি. (অঙ্ঘ্রি-যুগ, দুই, ওল) চরণ দ্বয়; উভয় পাদ; দুই পদ; (বিণ) যাহার দুই পা।

অঙ্ঘ্রি যুগ্ম, ক্লী. বি. (অঙ্ঘ্রি-যুগ, দুই, ম) পাদ দ্বয়; উভয় চরণ; দুই পদ; যুগল পা।

অচ, পু. বি. (অচ, পূজা, ক্বিপ্) পূজা; শ্লিষ্ট উক্তি; স্বরবর্ণ বোধক শব্দ; সংজ্ঞাবিশেষ; অচ্ সংজ্ঞা। যথা—মুগ্ধবোধ ব্যাকরণ মতে সমাহার সংজ্ঞান্তর্গত অ অবধি-চ পর্য্যন্ত, অর্থাৎ অ ই উ ঋ ৯ ক এ ও ঙ ঐ ঔ চ; ইতি বোপদেব।

অচকিত পু. বিণ. (অ-চক, চমকান, ক্ত) যে ব্যক্তি চমকায় না; ভীত নহে; নির্ভয়; স্থির; হঠাৎ ভীত নাহওয়া; যে ব্যক্তি সহসা শঙ্কান্বিত হয় না।

অচক্র, ত্রি. বিণ. (অ-চক, চমকান, র) চক্র শূন্য; যাহার চাকা নাই; গোলাকার নহে; চাকা নয়; (বি) যেচাকা ঠিক গোলনয়; চক্রের গোলা ভাব।

অচক্রী, ত্রি. বিণ. (অ-চক, চমকান, র-ইন্) বাঁকানয়, অক্রূর; সত্; সরল; অখল; যেব্যক্তির চাকানাই।

অচঞ্চল, ত্রি. বিণ. (অ চল, চলন, অ) অস্থির নহে; চঞ্চল শূন্য; যে চঞ্চল নহে; স্থির; যাহার স্বভাব অস্থির নয়।

অচঞ্চলতা, স্ত্রী. বি. (অ-চল, চলন, অ-তা) স্থিরতা; চাঞ্চল্য বিহীন; অস্থির নহে; যাহার প্রকৃতি স্থির।

অচঞ্চলত্ব, ক্লী. বি. (অ-চল, চলন, অ-ত্ব) চঞ্চলতা শূন্য; স্থিরতা; চাঞ্চল্য হীন; যাহার অচঞ্চল স্বাধর্ম্ম্য।

অচঞ্চু ত্রি. বিণ. (অ-চন, বস্তু বিশেষ, চু) যে পক্ষীর ঠোঁট নাই; চঞ্চু শূন্য; এরগু বৃক্ষ নহে।

অচণ্ড, ত্রি. বিণ. (অ-চণ্ড, কোপন, অল) নম্র; শান্ত; শিষ্ট; রাগ শূন্য; যাহার ক্রোধ নাই; রাগী নহে।

অচণ্ডতা, পু. বি. (অ-চণ্ড কোপন, অল-তা) ক্রোধ শূন্যতা; শিষ্টতা; রাগাভাব; ক্রোধ স্বভাব নহে।

অচণ্ডত্ব, পু. বি. (অ-চণ্ড, কোপন, অল-ত্ব) সততা; নম্রতা; ক্রোধাভাব; ধীর প্রকৃতি; অক্রোধতা।

অচণ্ডাল, ত্রি. বিণ. [অ-চণ্ডাল, কোপন, প্রথমা বিভক্তি] চণ্ডালনয়; বর্ণশঙ্কর জাতি; ক্রোধ শূন্য; রাগী নয়।

অচণ্ডী, স্ত্রী. বি. (অ-চণ্ড, কোপন, অল-ঈ) সুশীল। গাভী; শান্ত গাই; সুকরী; ইতি অমরকোষ। অকোপাস্ত্রী; সুশীলা নারী; শান্তা কামিনী।

অচতুর, ত্রি. বিণ. (অ-চতু, চারি, র) চারি সংখ্যা নহে;

অকার্য্য দক্ষ ; নিপুণতা শূন্য ; যে ব্যক্তি চালাকনহে।

অচতুরঙ্গ, ত্রি . বিণ . (অচতুর-অঙ্গ, সহকারী, অল) যে সেনা হস্তী অশ্ব রথ পদাতি এই চারিভাগে বিভক্ত নহে ; চৌপাড় খেলা নহে ; যাহা চতুরঙ্গ বিশিষ্ট নয়।

অচতুরতা, স্ত্রী . বি . (অ-চতু, চারি, র-তা) অকৌশল ; ধূর্ত্ততা বিহীন ; চালাকি শূন্য ; চতুর স্বভাব নহে।

অচতুরত্ব, ক্লী . বি . (অ-চতু, চারি, র-ত্ব) অকৌশল ; ধূর্ত্ততা শূন্য ; চালাকি হীন ; ধূর্ত্ত স্বভাব নহে।

অচতুর্ব্বর্গ, ত্রি . বিণ . (অ-চতুর-বর্গ, সমূহ, অল) ধর্ম্ম অর্থ কাম মোক্ষ নহে ; পুরুষার্থ চতুষ্টয় শূন্য।

অচতুষ্পদ, ত্রি . বিণ . (অ চতুর-পদ, পাদ, অল) যাহার চারি পদ নহে ; পশুনয় ; যে চারি পদে নিযুক্ত নয়।

অচন্দন, ত্রি , বিণ . (অ-চদ দ্রব্যবিশেষ, অনট) চন্দন নহে ; সুগন্ধি কাষ্ঠ নয় ; যে বানর নয়।

অচন্দ্র, ত্রি . বিণ . (অ-চদ, দ্রব্য বিশেষ, র) চন্দ্র নহে ; স্বর্ণ নহে ; চন্দ্র শূন্য ; যে রাত্রিতে চন্দ্রোদয় হয় নাই।

অচন্দ্র হাস, ত্রি . বিণ . (অ চন্দ্র-হস, হাসন, ঘঞ) রৌপ্য নহে ; রজতনয় ; খড়গ শূন্য ; যাহা রূপার নহে।

অচন্দ্রাতপ , ত্রি . বিণ . (অ-চন্দ্র আ-তপ, তাপ, অল) যাহা আচ্ছাদন মধ্যেগণ্য নয় ; চাঁদোয়া নহে ; জ্যোৎস্না শূন্য ; আচ্ছাদন শূন্য ; অনাবৃত স্থান।

অচন্দ্রিক, ত্রি . বিণ . (অ-চন্দ, দ্রব্যবিশেষ, র-ইক) চন্দ্রকিরণ শূন্য ; চন্দ্রকিরণ দ্বারা প্রদীপ্ত নহে; জ্যোৎস্নানয়।

অচপল, ত্রি . বিণ . (অ চপল, চঞ্চল, অল) স্থির ; চাঞ্চল্য রহিত ; চঞ্চলতা বিহীন ; যে অস্থির নহে।

অচপলতা, স্ত্রী . বি . (অ-চপল, চঞ্চল, অল-তা) অচাপল্য ; অচাঞ্চল্য ; স্থিরতা ; চপল স্বভাব নয়।

অচপলত্ব, ক্লী . বি . (অ চপল, চঞ্চল, অল ত্ব) অচপলতা ; চাঞ্চল্য বিহীন ; অস্থিরতা নহে ; চঞ্চল প্রকৃতি নয়।

অচম্পক, ত্রি . বিণ . (অ-চম্প, দ্রব্যবিশেষ, অক) চম্পক পুষ্পনহে ; চাঁপাফুল নয় ; চম্পকা ভাব।

অচর, ত্রি . বিণ . (অ চর, স্থান বিশেষ . অল) অচঞ্চল ; অস্থাবর ; অজঙ্গম ; চর শূন্য ; যেস্থান চরনয়।

অচরক, পু . বি . (অ চর , স্থান বিশেষ, অল-ক) চলনাভাব ; অচরিষ্ণু ; আলস্য ; সর্ব্বদা যে ব্যক্তি বসিয়া থাকে ; স্থির ; যে কোন স্থানে যাইতে ইচ্ছা করে না।

অচরণ, ত্রি . বিণ . (অ-চর , স্থান বিশেষ; অনট) পদশূন্য ; যাহার পা নাই; চরণবিহীন; নিষ্পদ; পদ বিশিষ্ট নহে

অচরিত, ত্রি . বিণ . (অ-চর , স্থান বিশেষ , ক্ত) অচল ; অকৃত ; যাহা করা নয় ; চরিতা ভাব ; বিবরণ নহে।

অচরিতার্থ ত্রি . বিণ . (অ চরিত- অর্থ , দ্রব্যবিশেষ, অল) অসম্পূর্ণাভিলাষী ; অসন্তুষ্ট ; অকৃত কার্য্য।

অচরিত্র, ক্লী . বি . (অ চর , আচরণ, ইত্র) কদর্য্য চরিত্র ; কুস্বভাব ; স্থির ; মন্দ আচরণ ; যাহা বিবরণ নহে ;

অচরিষ্ণু , ত্রি . বিণ . (অ চর, আচরণ, ইষ্ণু) অচল ; স্থির ; চলৎশক্তি রহিত ; চলন শীল নহে ; চলনশূন্য।

অচর্চ্চ, ত্রি . বিণ . (অ চর্চ্চ, আলোচন, অল) চিন্তাশূন্য ; ভাবনা বিহীন ; যাহার চিন্তা নাই ; চর্চ্চাহীন।

অচর্চ্চা, স্ত্রী . বি . (অ-চর্চ্চ, আলোচন, ঙ) অনালোচনা ; চিন্তা শূন্যতা ; অনভ্যাস ; চর্চ্চাভাব ; অমুখস্ত।

অচর্ব্বণ, ক্লী . বি . (অ-চর্ব্ব , চর্ব্বণ , অনট) চর্ব্বণ শূন্য ; চিবান নয় ; (বিণ) যে খাদ্য চর্ব্বণ যোগ্য নয়।

অচর্ব্বণীয়, ত্রি . বিণ . (অ-চর্ব্ব, চর্ব্বণ, অনীয়) চর্ব্বণের যোগ্য নহে ; চর্ব্বণের অনুপযুক্ত ; যাহা চর্ব্বণার্হ নয়।

অচর্ব্বিত, ত্রি . বিণ . (অ-চর্ব্ব, চর্ব্বণ , ক্ত) চর্ব্বিত নয় ; যাহা চর্ব্বণ করা হয় নাই ; চিবান নয়।

অচর্ব্ব্য, ত্রি . বিণ. (অ চর্ব্ব, চর্ব্বণ, য) অচর্ব্বণীয় ; চর্ব্বণের অনুপযুক্ত ; চিবান যায় না ; অচর্ব্বণীয়।

অচর্ম্ম, ত্রি . বিণ . (অ-চর , আচরণ, মন্) চর্ম্ম শূন্য ; চামড়া নহে ; ঢাল শূন্য ; চর্ম্ম রহিত ; চর্ম্মাভাব।

অচর্ম্মী, ত্রি . বিণ . (অ-চর্ম্ম, চামড়া, ইন্) চর্ম্মবিশিষ্ঠ নহে ; যে ব্যক্তির হস্তে ঢাল নাই ; যাহার চর্ম্ম নাই।

অচল, পু . বি . (অ-চল, চলন, অল) পর্ব্বত ; কীলক ; ইতি মেদিনী। অনির্ব্বাহ ; অকম্প ; (ত্রি . বিণ .) যে চলিতে পারেনা ; অনড় ; স্থির ; চলৎশক্তি বিহীন ; ধরণীধর। যথা—সহস্রলোচন ইন্দ্র দেবরাজধীর। তাহার উপরে মেঘ গরজে গভীর ॥ মেঘের শুনিয়া নাদ মাতি কামশরে। পর্ব্বত ধরণীধর তাহার শিখরে॥ ইতি ভারতচন্দ্র।

অচলকীলা, স্ত্রী . বি . (অচল-কীল, স্তম্ভ, ঙ আ) পৃথিবী ; ইতি শব্দ রত্নাবলী। ধরণী ; পৃথী ; মেদনী ; ধরিত্রী।

অচলতা, স্ত্রী . বি . (অ-চল, চলন, তা) স্থিরতা ; চলৎশক্তির অভাব ; গমনশক্তিবিহীনতা ; অস্থিরতাশূন্য ;

অচলত্ব, ক্লি . বি . (অ-চল, চলন, ত্ব) অচলৎশক্তিত্ব ; গমন শক্তি শূন্যতা ; চলৎ শক্তি বিহীনতা।

অচলদ্বিট, পু . বি . (অ চল , চলন, দ্ব-ইষ) কোকিল ;

পক্ষি বিশেষ; পিক ইতি শব্দ চন্দ্রিকা। অরণ্যপ্রিয়।
অচলন, ত্রি. বিণ. (অ চল, চলন, অনট) যাহা চলেনা; চলন শূন্য; কুস্বভাব; মন্দ প্রকৃতি; চলনাক্ষম।
অচলনীয়, ত্রি. বিণ. (অ চল, চলন, অনীয়) চলনের যোগ্য নহে; যাহা চলিবার উপযুক্ত নয়; চলনানর্হ।
অচলভ্রাতা, পু. বি. (অচল-ভ্রা, দিপ্তিবিশেষ, তৃন্) বৌদ্ধগণাধিপ বিশেষ; শৈব জৈনাচার্য্যের একাদশ শিষ্যের অন্তর্গত শিষ্য; ইতি হেমচন্দ্র।
অচলশৃঙ্গ, পু. বি. (অচল-শৃঙ্গ, চূড়া, অল) অচলের ঊর্দ্ধাংশ; পর্ব্বতের শৃঙ্গ; পর্ব্বতের শিখরাংশ; যথা—এদিকে কিন্নর মিথুনও প্রাণপণে দৌড়িয়া গিয়া এক পর্ব্বতের উপরি আরোহণ করিল। ঘোটক তথায় উঠিতে পারিল না, রাজকুমার পর্ব্বতের উপত্যকা হইতে ঊর্দ্ধদৃষ্টে দেখিতে লাগিলেন, উহারা পর্ব্বতের শৃঙ্গে আরোহণ পূর্ব্বক ক্রমে ক্রমে দৃষ্টিপথের অগোচর হইল। ইতি কাদম্বরী ৩৯ পৃষ্ঠা।
অচলা, স্ত্রী. বি. (অ-চল চলন, অল-আ) পৃথিবী; ইতি মেদিনী। মেদিনী; স্থিরা; পৃথ্বী; অচল স্থায়ী।
অচলিত, ত্রি. বিণ. (অ-চল, চলন, ক্ত) যাহা চলিতেছে না; যাহা চলে নাই; চলিত নহে; স্থিরা।
অচলিতব্য, ত্রি. বিণ. (অ-চল, চলন, তব্য) চলনের অযোগ্য; যাহা চলিবার উপযুক্ত নহে; অচলনীয়।
অচলিষ্ণু, ত্রি. বিণ. (অ-চল, চলন, ইষ্ণু) চলনশীল নহে; যাহা চলন বিশিষ্ট নহে; যাহা চলিতেছেনা।
অচঞ্চল, ত্রি. বিণ. (অ-চঞ্চল, অস্থির, অল) স্থির; স্থায়ী; যাহা নড়ে চড়ে না; যাহা অস্থির নহে।
অচাঞ্চল্য, ক্লী. বি. [অ-চঞ্চল, অস্থির, ষ্ণ্য] অচঞ্চলতা; সুস্থির; চঞ্চলতা বিহীন; চঞ্চল স্বভাব নহে।
অচাণ্ডাল, ত্রি. বিণ. [অ-চণ্ডাল, নীচজাতি, ষ্ণ] বর্ণশঙ্কর জাতি বিশেষ নহে; যে ব্যক্তি চণ্ডাল নয়; নীচ নয়।
অচাতুরী, ত্রি. বিণ. [অ-চতুর, নিপুণ, নিন্] অচতুরতা; ছলশূন্য; নিপুণতা বিহীন; অকৌশল; ধূর্ত্ততা হীন।
অচাপ, ত্রি. বিণ. (অ-চপ, চাপ, ঘঞ) ধনু নহে; যাহা ভার নয়; মৃত্তিকা খণ্ড নয়; কোদণ্ড বিহীন।
অচাপল্য, ক্লী. বি. [অ-চপল, চঞ্চল, ষ্ণ্য] চাঞ্চল্যাভাব; সুস্থির নহে, চপলতা শূন্য; চঞ্চলতা বিহীন; স্থৈর্য্য।
অচামর, ত্রি. বিণ. [অ-চমর, চামর, ষ্ণ] চামর নহে; যাহা চমরী নামক মৃগ বিশেষের পুচ্ছ লোম নির্ম্মিত ব্যজন নয়; লোমনির্ম্মিত ব্যজন নহে।
অচার, ত্রি. বিণ. (অ-চর, চরণ, ঘঞ) যাহাচর নহে; গতি শূন্য; কারাগৃহ নয়; পিয়াল বৃক্ষ নয়; ভক্ষ্য নয়।
অচারু, ত্রি. বিণ. (অ চর, চরণ, উ) সুদৃশ্য নহে; যাহা মনোহর নয়; অসুন্দর; সুন্দরাভাব; কুৎসিত।
অচালন, ত্রি. বিণ. (অ-চল, চলন, ণিচ অনট) সরান নয়; প্রেরিত নহে; অঝাড়ন; যাহা পাঠান হয় নাই।
অচালনীয়, ত্রি. বিণ. (অ-চল, চলন, ণিচ-অনীয়) যাহা চালন করার যোগ্য নহে; প্রেরণের অনুপযুক্ত।
অচালিত, ত্রি. বিণ. (অ-চল, চলন, ণিচ-ক্ত) যাহা চালন করা হয় নাই; প্রেরণ করা নহে; সরান নয়; চালা নয়।
অচালিতব্য, ত্রি. বিণ. (অ-চল, চলন, ণিচ-তব্য) চালন করিবার অযোগ্য; সরানর উপযুক্ত নয়; অপ্রেরণীয়।
অচাল্য, ত্রি. বিণ. (অ-চল, চলন, ণিচ-য) অচালনীয়; চালনের যোগ্য নহে; সরানর অনুপযুক্ত; চালিত নয়।
অচাক্ষুষ, ত্রি. বিণ. [অ চক্ষুষ, দর্শন, ষ্ণ] চাক্ষুষ প্রত্যক্ষ নহে; যাহা চক্ষুদ্বারা অবলোকন করা হয় নাই; অপ্রত্যক্ষ; দর্শনেন্দ্রিয়ের অগোচর; অদৃষ্ট।
অচিকিৎস, ত্রি. বিণ. (অ কিত, কীর্ত্তন, সন্) ঔষধের ব্যবস্থাশূন্য; রোগের মন্দচিকিৎস; পীড়ার অব্যবস্থা।
অচিকিৎসক, ত্রি. বিণ. (অ-কিত, কীর্ত্তন, সন্-ক) যে ব্যক্তি চিকিৎসা কর্ত্তা নহে; যে পীড়ার প্রতিকার করিতে পারেনা; যে, বৈদ্যনয়; যে, রোগনির্ণয়াক্ষম।
অচিকিৎসনীয়, ত্রি. বিণ. (অ-কিত, কীর্ত্তন, সন্-অনীয়) চিকিৎসার অযোগ্য; যে রোগের চিকিৎসা নাই; দুশ্চিকিৎস্য; চিকিৎসার অনুপযুক্ত, চিকিৎসানর্হ। যথা—আমার নিকটে ধৈর্য্য, গাম্ভীর্য্য, বিবেচনা এসকল কথাও অন্তগত হইয়াছে। এ সময় উপদেশের সময় নয়, যাবৎ জীবিত থাকি এই অচিকিৎসনীয় রোগের প্রতীকারের চেষ্টা পাও। ইতি কাদম্বরী ৫৮ পৃষ্ঠা।
অচিকিৎসা, স্ত্রী. বি. (অ-কিত, কীর্ত্তন, সন্-আ) রোগের অপ্রতীকার; পীড়ার প্রতিক্রিয়াদি শূন্য।
অচিকিৎসিত, ত্রি. বিণ. (অ-কিত, কীর্ত্তন, সন্-ক্ত) যাহার চিকিৎসা করা হয় নাই; যেব্যক্তির রোগের কোন প্রতীকার করা হয় নাই; যে রোগীকে কোন বৈদ্য দেখে নাই; চিকিৎসাবিশিষ্ট নহে।
অচিকিৎস্য, ত্রি. বিণ. (অ-কিত, কীর্ত্তন, সন-য) অপ্রতিকার্য্য; অপ্রতি বিধেয়; যাহা চিকিৎসার যোগ্য নহে।

অচিকীর্ষ, ত্রি. বিণ. (অ কৃ, করা, সন্) কর্ম্ম করিতে অনিচ্ছুক; যাহার কোন কার্য্য করিতে ইচ্ছা নাই; অকরণেচ্ছুক ব্যক্তি; করণের মানস রহিত।

অচিকীর্ষিত, ত্রি. বিণ. (অ-কৃ, করা, সন্-ক্ত) যে ব্যক্তির কর্ম্ম করিতে ইচ্ছা নাই; যে কার্য্য করিবার আবশ্যক নাই; শীঘ্র করিবার প্রয়োজন বিরহ।

অচিকুর, ত্রি. বিণ. [অ চিকুর, কেশ, চ্বি] কেশশূন্য; যাহা কুন্তল নহে; পর্ব্বত শূন্য; যাহাকে বৃক্ষাদি বিশেষ বলিয়া বোধ হয় না; কেশরহিত; পক্ষী নয়।

অচিক্কণ, ত্রি. বিণ. [অ-চিক্কণ, চিকণা, চ্বি] স্নিগ্ধশূন্য; গুবাক নহে; যাহার চিক্কণ নাই; যাহা চিক্কণ নহে।

অচিৎ, ক্লী. বি. (অ-চিত, জ্ঞান, ক্বিপ্) অজ্ঞান; মূর্খ; অচেতন; জ্ঞানাভাব; (বিণ) জ্ঞানশূন্য; যাহার জ্ঞান নাই; যাহাকে চেতন পদার্থ বলিয়া প্রতীয়মান হয় না; অন্তঃকরণ নহে; বুদ্ধিবিহীন।

অচিত্তবিভ্রম, ত্রি. বিণ. (অ-চিত্ত-বি-ভ্রম, ভ্রম, অল) মনের স্থিরতা; যাহার অন্তঃকরণ অস্থির নহে; যে ব্যক্তি উন্মত্ত নহে; পাগল নয়; অভ্রমচিত্ত।

অচিত্র, ত্রি. বিণ. (অ-চিত, জ্ঞান, র) ছবিশূন্য; পট নহে; যাহাকে আশ্চর্য্য বলা যায় না; অদ্ভুত নহে; অমনোহর; যাহা বিস্ময় জনক নয়; চিত্র শূন্য।

অচিত্রকর, ত্রি. বিণ. (অ-চিত্র-কৃ, করা, অল) যে ব্যক্তি চিত্র করে না; বর্ণশঙ্কর জাতিবিশেষ নহে; যে পটুয়া নয়; যে ব্যক্তি শিল্পকর্ম্ম বিশেষে নিপুণতা বিহীন।

অচিন্ত, ত্রি. বিণ. (অ-চিন্ত, চিন্তন, অল) চিন্তা রহিত; চিন্তাশূন্য; যাহার চিন্তা নাই; ভাবনা পরিবর্জ্জিত।

অচিন্তক, ত্রি. বিণ. (অ-চিন্ত, চিন্তন, অল-ক) চিন্তাকারী নহে; যে ব্যক্তি ভাবক নহে; যে চিন্তা করে না; ভাবনা শূন্য; যাহার কোন ভাবনা বিশেষ নাই।

অচিন্তন, ক্লী. বি. (অ-চিন্ত, চিন্তন, অনট) অঠাহরণ; ধ্যান যোগে অনবলোকন; চিন্তাভাব; ভাবনাবিরহ।

অচিন্তনীয়, ত্রি. বিণ. (অ-চিন্ত, চিন্তন, অনীয়) চিন্তার যোগ্য নহে; যাহা ভাবনার উপযুক্ত নয়; চিন্তার অনুপযুক্ত। যথা—বিরাট পুত্রমুখে এই সমস্ত অভাবনীয় ও অচিন্তনীয় বার্ত্তা শ্রবণে যৎপরোনাস্তি বিস্ময়াপন্ন হইয়া কহিলেন, তুমি যাহা যাহা কহিলে সকলই সত্য। ইতি বিরাটপর্ব্ব ১৭৭ পৃষ্ঠা।

চিন্তা করিয়া স্থির করা যায়না। যথা—এই সমস্ত কমনীয় ব্যাপার দ্বারা ইহাই প্রতীতি হয় যেন অবনী আপনার অচিন্তনীয় ঐশ্বর্য্য বিস্তার করিয়া ভাবুকগণের প্রীতি বর্দ্ধন করিতেছেন। ইতি প্রিয়দর্শন ২ পৃষ্ঠা।

অচিন্তনীয়তা, স্ত্রী. বি. (অ-চিন্ত, চিন্তন, অনীয়-তা) চিন্তার অযোগ্যতা; ভাবনার অনুপযুক্ততা।

অচিন্তনীয়ত্ব, ক্লী. বি. (অ-চিন্ত, চিন্তন, অনীয়-ত্ব) চিন্তার অযোগ্যত্ব; ভাবনার অনুপযুক্তত্ব; চিন্তাশূন্যত্ব।

অচিন্তা, স্ত্রী. বি. (অ-চিন্ত, চিন্তন, ও) চিন্তনাভাব; ধ্যান নহে; ভাবনা বিরহ; উদ্বেগাভাব; কাতর্য্য নহে; ভয় নাই; উৎকণ্ঠাভাব; বিষাদ নয়।

অচিন্ত্যানন্তশক্তিমৎ, ত্রি. বিণ. [অচিন্ত্য-অনন্ত শক্তি, ক্ষমতা, মতু] যে পুরুষের অচিন্ত্য শক্তি এবং অনন্ত শক্তি; যাহার সকল ক্ষমতা বিস্তার অনায়ত্ত, এবং যাহার শক্তির সীমা নাই; অচিন্ত্য ও অনন্ত শক্তি বিশিষ্ট; যাহার ক্ষমতা, চিন্তার অগোচর নহে।

অচিন্তিত, ত্রি. বিণ. (অ-চিন্ত, চিন্তন, ক্ত) অচিন্তান্বিত; অকৃতচিন্তন; ভাবিত নহে; যাহা ভাবনা যুক্ত নয়; যদ্বিষয় ভাবিয়া স্থির করা হয় নাই। যথা—নিমেষ শূন্য লোচনে সেই অঙ্গনাকে নিরীক্ষণ করিয়া মনে মনে ভাবিলেন কি আশ্চর্য্য! কত অসম্ভাবিত ও অচিন্তিত বিষয় স্বপ্নকল্পিতের ন্যায় সহসা উপস্থিত হয়, তাহা নিরূপণ করা যায় না। ইতি কাদম্বরী ৪২পৃষ্ঠা।

অচিন্তিতব্য, ত্রি. বিণ. (অ-চিন্ত, ভাবনা, তব্য) যাহা চিন্তার যোগ্য নহে; ভাবনার অনুপযুক্ত; যদ্বিষয় চিন্তা করা উচিত নয়; ভাবনানুচিত; অচিন্তনীয়।

অচিন্ত্য, ত্রি. বিণ. (অ-চিন্ত, ভাবনা, য) অচিন্তনীয়; ভাবনানুপযুক্ত; চিন্তার অযোগ্য; ভাবনানর্হ।

অচির, ত্রি. বিণ. (অ-চির, বহুকাল, অ) শীঘ্র; আশু; অনতিবিলম্ব; হঠাৎ; অনাদিকাল নহে; অসদাতন।

অচিরকাল, ত্রি. বিণ. (অ-চির-কাল, সময়, অল) দীর্ঘ কাল নহে; অনেক দিবস নয়; সদাশূন্য; সকল সময় নয়; অল্পকাল। যথা—যে শিনিরাজ সাত্যকি অর্জ্জুনের নিকট অচিরকাল মধ্যে সমস্ত বিদ্যা শিক্ষা করিয়াছেন, তিনি বীজ বপনের ন্যায় শর বর্ষণ করতঃ রণক্ষেত্রে দণ্ডায়মান হইবেন। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৯৯ পৃষ্ঠা।

অচিরক্রিয়, ত্রি. বিণ. (অচির-কৃ, করা, ইয়) শীঘ্রকর্ম্মকর্ত্তা; ক্ষিপ্রকারী; সতর্ক; যে ব্যক্তি আশু কার্য্যকরে।

অচিরগত, ত্রি. বিণ. (অচির-গম, গমন, ক্ত) যাহা চিরগত নহে; যাহা চিরকালের নয়; যথা—একদা তাদৃশ সময়ে অচিরগত পরম রূপবান প্রশান্ত মূর্ত্তি এক যুবা পুরুষ নর্ম্মদা নদীর তীরবর্ত্তী বিবুধারণ্যে কমনীয় সৌন্দর্য্য সলিলে নেত্রদ্বয় নিক্ষেপ করিয়া তত্রত্য এক বনস্পতির বিস্তৃত শাখার অধোদেশে আতিথ্য স্বীকার পূর্ব্বক উপবিষ্ট হইলেন। ইতি প্রিয়দর্শন ২পৃষ্ঠা।

অচিরজীবী, ত্রি. বিণ. (অচির-জীব, জীবন, ইন্) বহুকাল জীবনবিশিষ্ট নহে; যে ব্যক্তি চিরজীবী নয়; যে অধিক দিন বাঁচিবে না; অল্পায়ুঃ।

অচিরমৃত, ত্রি. বিণ. (অচির-মৃ, মরণ, ক্ত) শীঘ্র মৃত; অবিলম্বে মরিয়াছে; সহসা কালমুখে পতিত; হঠাৎ মৃত। যথা—কপিঞ্জল তাঁহার কণ্ঠ ধারণ করিয়া রোদন করিতেছেন। অচিরমৃত সেই মহাপুরুষকে এই হতভাগিনী ও পাপকারিণী আমি গিয়া দেখিলাম। ইতি কাদম্বরী ৬৪ পৃষ্ঠা।

অচিরত্ব, ত্রি. বিণ. [অ-চির, বহুকাল, ত্ব] অল্পকালিক; ক্ষণিক; যাহা অধিক দিন থাকিবেক না; চিরকালোৎপন্ন নহে; যাহা দীর্ঘকাল স্থায়ী নহে।

অচিরতা, স্ত্রী. বি. (অ-চির, বহুকাল, তা) শীঘ্রতা; ভূনিষ্ঠ নহে; চিরতিক্তাভাব; চিরতা নয়; দীর্ঘতা নয়।

অচিরত্ব, ক্লী. বি. (অ চির, বহুকাল, ত্ব) শীঘ্রত্ব; অস্থায়ীত্ব; অবিলম্বত্ব; বহুকাল স্থায়ীত্বাভাব।

অচিরদ্যুতি, স্ত্রী. বি. (অচির দ্যুত, প্রভা, ই) বিদ্যুৎ; ইতি ত্রিকাণ্ডশেষ। ক্ষণপ্রভা; তড়িৎ; ক্ষণস্থায়ীদীপ্তি।

অচিরন্তন, ত্রি. বিণ. [অ-চির, বহুকাল, তন] অপুরাতন; বহুকালীন নহে; চিরকালোৎপন্ন নয়; যাহা অনেক কাল থাকিবেক না; অল্পকাল ধ্বংসবিশিষ্ট।

অচিরপ্রভা, স্ত্রী. বি. (অচির-প্র-ভা, দীপ্তি, অল-আ) বিদ্যুৎ; ক্ষণপ্রভা; ইতি হেমচন্দ্র। সৌদামিনী; চপলা; অচিরদীপ্তি; যে প্রভা অল্পকাল মাত্র স্থায়ী।

অচিররোচি, স্ত্রী. বি. (অচির-রুচ, দীপ্তি, ইস্) বিদ্যুৎ; ক্ষণপ্রভা; ইতি জটাধর। সৌদামিনী; অস্থিরদীপ্তি; চঞ্চলপ্রভা; যে দীপ্তি ক্ষণ মাত্র থাকে।

অচিরস্থায়িতা, স্ত্রী. বি. (অচির-স্থা, স্থিতি, ণিন-তা) নশ্বরতা; অনিত্যতা; চিরকাল থাকিবার অনুপযুক্ততা।

অচিরস্থায়িত্ব, ক্লী. বি. (অচির-স্থা, স্থিতি, ণিন-ত্ব) অনিত্যত্ব; নশ্বরত্ব; বহুকালাস্থায়িত্ব; অল্পকাল স্থায়িত্ব; অল্পকাল মাত্র স্থিতি করা যাহার প্রকৃতি।

অচিরস্থায়ী, ত্রি. বিণ. (অচির স্থা, স্থিতি, ণিন-ইন্) অনিত্য; নশ্বর; যাহা চিরকাল স্থায়ী নহে; যাহা অধিককাল থাকিবেক না; যাহা অল্পকালে নষ্ট হয়। যথা—রূপ, যৌবন, রত্নসঞ্চয়, ঐশ্বর্য্য এবং প্রিয়নিবাস সকলই অনিত্য; পণ্ডিতগণ এই সমস্ত অচিরস্থায়ী বিষয়ে কদাচ লোভ করেন না। ইতি মহাভারত বনপর্ব্ব ৫ পৃষ্ঠা।

অচিরা, স্ত্রী. বি. (অ চির, বহুকাল, ঙ-আ) যোগ্যতাতে মাতৃবিশেষ; ইতি হেমচন্দ্র।

অচিরাংশু, স্ত্রী. বি. (অচির-অংশ, ভাগ, উ) বিদ্যুৎ; ক্ষণদীপ্তি; অস্থিরপ্রভা; ইতি হলায়ুধ। চঞ্চল কিরণ।

অচিরাৎ, (ব্য) অচির; আশু; শীঘ্র; অবিলম্বে। যথা—এই যজ্ঞে ব্রতাচারী ব্রাহ্মণগণ সামবেদ দ্বারা ষট্প্রকার অগ্নি সংস্থাপন করেন, এই যজ্ঞের অনুষ্ঠান করিলে অগ্নিহোত্র প্রভৃতি সমুদায় যজ্ঞের ফল লাভ হয়, এই যজ্ঞের শেষে অভিষেক করিলে লোক সর্ব্বজয়ী হইয়া উঠে, হে মহারাজ! আপনি যজ্ঞানুষ্ঠানে সমর্থ; আমরা সকলেই আপনার বশীভূত, অতএব আপনি অচিরাৎ ঐ রাজসূয় যজ্ঞের ফল লাভ করিবেন। ইতি মহাভারত সভাপর্ব্ব ২০ পৃষ্ঠা।

শীঘ্র; যথা—শাস্ত্রকারেরা কহেন শুভ ফলোদয়ের পূর্ব্বে শুভ লক্ষণ সকল দেখিতে পাওয়া যায়। যদি আমাদিগের চির প্রার্থিত মনোরথ সম্পন্ন হয়, তাহা হইলে ইহা অপেক্ষা আহ্লাদের বিষয় আর কি আছে? রাত্রি শেষে যে স্বপ্ন দেখা যায় তাহা প্রায় বিফল হয় না, রাজমহিষী বিলাসবতী অচিরাৎ পুত্র সন্তান প্রসব করিবেন সন্দেহ নাই। ইতি কাদম্বরী ২১ পৃষ্ঠা।

যিনি সন্যাস ও যোগ উভয়ই এক রূপ দেখেন, তিনিই যথার্থ দর্শী। কিন্তু কর্ম্মযোগ ব্যতীত সন্যাস দুঃখ প্রাপ্তির কারণ; কর্ম্মযোগ যুক্ত ব্যক্তি সন্ন্যাসী হইয়া অচিরাৎ ব্রহ্ম লাভ করেন। ইতি মহাভারত ভীষ্মপর্ব্ব ৪১ পৃষ্ঠা।

অচিরাভা, স্ত্রী. বি. (অচির-আ-ভা, দীপ্তি, অ) বিদ্যুৎ; ক্ষণপ্রভা; ক্ষণধ্বংসশীলদীপ্তি; যেদীপ্তি অল্পকালস্থায়ী।

অচিরায়, ক্রিবিণ. (অচির-অয়, গতি, অল) শীঘ্র; ত্বরা; সংক্ষেপে; ত্বরিত; দ্রুত; আশু; অবিলম্বে।

যথা—অতএব রাজসিংহাসনাধিরূঢ়দিগের স্বভাব কিরূপ পরিশুদ্ধ হওয়া আবশ্যক তাহা অনায়াসেই বোধগম্য হইতে পারে, যদি রাজা, ব্যসনানুরক্ত হইয়া কদাচারকে সদাচার বোধ করেন তবে প্রজারাও পাপাসক্ত হইবেক সন্দেহ কি পাপ-নিরত-প্রজাপুঞ্জ-পরিপূর্ণ রাজ্য অচিরায় ধ্বংস হইয়া যায়। ইতিপ্রিয়দর্শন ৯পৃষ্ঠা।

অচিরায়ু, ত্রি. বিণ. (অচির-অয়, গতি, উ) যে দেবতা নহে; দীর্ঘজীবী নয়; যে ব্যক্তি অধিককাল বাঁচে না; যাহার আয়ু চিরকাল থাকে না; অল্পায়ু।

অচিহ্ন, ত্রি. বিণ. (অ-চিহ্ন, দাগ, অল) অলক্ষণ; দাগশূন্য; চিনা নয়; পতাকা শূন্য; অকলঙ্কবিশিষ্ট।

অচিহ্নক, ত্রি. বিণ. (অ-চিহ্ন, দাগ, অল-ক) যে ব্যক্তি লক্ষণশূন্য; অচিনা; যে দাগ বিশিষ্ট নহে।

অচিহ্নিত, ত্রি. বিণ. (অ-চিহ্ন, দাগ, ক্ত) চিহ্নরহিত; দাগ দেওয়া নয়; যাহাকে চিহ্ন করা হয় নাই।

অচীরবস্ত্র, ক্লী. বি. (অ-চীর-বস, বাস, ত্র) বল্কল; চীরবস্ত্র নহে; জীর্ণবস্ত্র খণ্ড নহে। (বিণ) বস্ত্ররহিত; চীরবস্ত্রশূন্য; যাহার ছিন্নবস্ত্র মাত্র নাই; বস্ত্রহীন।

অচীর্ণ, ত্রি. বিণ. (অ-চৃ, অংশ, ক্ত) অবিভক্ত; ভাগ করা নহে; যাহা অংশ করা হয় নাই; চেরা নয়।

অচীর্ণব্রত, ত্রি. বিণ. [অচীর্ণ ব্রত, নিযুক্ত, চ্বি] যে নিয়তই ধর্ম্ম কর্ম্মে রত; যে ধর্ম্মকার্য্যে সদা নিযুক্ত।

অচুম্বন, ক্লী. বি. (অ-চুম্ব, চুম্বন, অনট) চুম্বনাভাব; মুখে মুখ সংযোগ না করা; চুমা নয়; ব্যবহার বিশেষ নয়।

অচুম্বনীয়, ত্রি. বিণ. (অ-চুম্ব, চুম্বন, অনীয়) চুম্বনের অযোগ্য; মুখে মুখ সংযোগ করিবার অনুপযুক্ত।

অচুম্বিত, ত্রি. বিণ. (অ চুম্ব, চুম্বন, ক্ত) যাহা চুম্বন করা হয় নাই; চুম্বন শূন্য; যাহা চুম্বিত নহে।

অচূড়, ত্রি. বিণ. (অ-চূড়, উপরিভাগ, ও) মস্তকবিহীন; কেশহীন মস্তক; যাহার চূড়া নাই; যে ব্যক্তির মস্তকে কিরীট নাই; মস্তকভূষণ পরিত্যক্ত।

অচূড়া, স্ত্রী. বি. (অ-চূড়, উপরিভাগ, ও-আ) শিরোমধ্যস্থ শিখাভাব; ময়ূর শিখা নহে; অগ্রভাগ নহে।

অচূর্ণ, ত্রি. বিণ. (অ-চূর্ণ, অংশ, অ) গুঁড়া নহে; ফাঁকি নয়; চূর্ণ নহে; অপেষণদ্রব্য; যাহা পিষ্ট নহে।

অচূর্ণনীয়, ত্রি. বিণ. (অ-চূর্ণ, অংশ, অনীয়) গুঁড়ার যোগ্য নহে; চূর্ণের অনুপযুক্ত; পিষ্ট করার অযোগ্য।

অচূর্ণয়িতব্য, ত্রি. বিণ. (অ-চূর্ণ, অংশ, তব্য) চূর্ণনীয় নহে; ফাঁকির উপযুক্ত নহে; যাহা পেষানুচিত।

অচূর্ণিত, ত্রি. বিণ. (অ-চূর্ণ, অংশ, ক্ত) যাহা গুঁড়া করা হয় নাই; অখণ্ডিত; ফাঁকি নয়; চূর্ণযুক্ত নয়।

অচূর্ণীকৃত, ত্রি. বিণ. (অ-চূর্ণী-কৃ, করা, ক্ত) গুঁড়া করা নয়; চূর্ণ করা নহে; অপিষ্ট; যাহা পেষণ হয় নাই।

অচূর্ণ্য, ত্রি. বিণ. (অ-চূর্ণ, গুঁড়া, য) চূর্ণের অযোগ্য; চূর্ণের উপযুক্ত নয়; অচূর্ণনীয়; চূর্ণাযোগ্য।

অচূষণীয়, ত্রি. বিণ. (অ-চূষ, চোষা, অনীয়) চুষিবার উপযুক্ত নহে; চুষিবার অযোগ্য; যাহা চোষা যায় না।

অচূষিত, ত্রি. বিণ. (অ-চূষ, চোষা, ক্ত) যাহা চোষা হয় নাই; যাহা চোষা নয়; যে দ্রব্য চূষিত নহে।

অচূষিতব্য, ত্রি. বিণ. (অ-চূষ, চোষা, তব্য) জিহ্বা দ্বারা রস আকর্ষণ করিবার অনুপযুক্ত; চুষিবার যোগ্য নয়।

অচূষ্য, ত্রি. বিণ. (অ-চূষ, চোষা, য) (চূষণীয় নহে; চুষিবার অযোগ্য; অচূষণীয়; যাহা চোষা যায় না।

অচেতন, ত্রি. বিণ. (অ-চিত, জ্ঞান, অনট) চেতনরহিত; যথা—শুষ্ক তরু মঞ্জরিত হইবে এবং মাধবীলতা তাহাকে অবলম্বন করিবে ইহা কাহার মনে বিশ্বাস ছিল? চেতনের কথা কি, অচেতন তরুলতা প্রভৃতিও উঁহার আজ্ঞার অধীন। ইতি কাদম্বরী ৫৮ পৃষ্ঠা।

চৈতন্যশূন্য; অজ্ঞান; যথা—অস্ত্রীদল অপবাদ ঘচাইব আজি বধি তোরে তীক্ষ্ণশরে। আয় মূঢ়মতি, ধিক্ তোরে, রক্ষোরাজ! নির্লজ্জ পামর আছে কিরে তোর সম এব্রহ্ম মণ্ডলে? এতেক কহিয়া সখি, গর্জ্জিলা শূরেন্দ্র! অচেতন হয়ে আমি পড়িনু স্যন্দনে! পাইয়া চেতন পুনঃ দেখিনু রয়েছি ভূতলে। ইতি মেঘনাদবধ কাব্য ১১৪ পৃষ্ঠা।

মুগ্ধ; যাহার চৈতন্য নাই। যথা—যে সকল বস্তুর জীবন নাই এবং ইচ্ছামত গমনাগমন করিতে পারে না তাহারা অচেতন পদার্থ। ইতি বোধোদয়।

অচেতনা, স্ত্রী. বি. (অ-চিত, চেতন, অন) চেতনাভাব; জ্ঞানশূন্য; জ্ঞানাভাব; নিশ্চেতনা; বোধাভাব।

অচেল, ত্রি. বিণ. (অ-চিল, চেলন, অল) বস্ত্রাভাব; বসনশূন্য; অধম নহে; বস্ত্রহীন; যাহার কাপড় নাই।

অচেষ্ট, ত্রি. বিণ. (অ-চেষ্ট, চেষ্টা, অল) চেষ্টারহিত; চেষ্টাশূন্য; যাহার চেষ্টা নাই; উদ্যোগবিহীন।

অচেষ্টক, ত্রি. বিণ. (অ-চেষ্ট, চেষ্টা, অল-ক) চেষ্টাশূন্য ব্যক্তি; যে ব্যক্তির কোন চেষ্টা নাই।

অচেষ্টা, স্ত্রী. বি. (অ-চেষ্ট, চেষ্টা, ঙ) চেষ্টাভাব; চেষ্টারহিত; উদ্যোগাভাব; চেষ্টা নাই; যত্নাভাব; প্রয়াসাভাব; পরিশ্রমাভাব; কায়িক ব্যাপার নহে।

অচেষ্টান্বিত, ত্রি. বিণ. (অ-চেষ্টা-অনু-ই, গতি, ক্ত) চেষ্টাযুক্ত নয়; যে ব্যক্তি কোন চেষ্টাবিশিষ্ট নয়।

অচেষ্টার্হ, ত্রি. বিণ. (অ চেষ্টা-অর্হ, যোগ্যতা, অল) চেষ্টার যোগ্য নহে; চেষ্টার অনুপযুক্ত; উদ্যোগানর্হ।

অচেষ্টিত, ত্রি. বিণ. (অ-চেষ্ট, চেষ্টা, ক্ত) চেষ্টা করা নয়; যে বিষয় চেষ্টা করা হয় নাই; যে ব্যক্তি কোন বিষয়ের তত্ত্বানুসন্ধান করে নাই; চেষ্টারহিত।

অচেষ্টিতব্য, ত্রি. বিণ. (অ-চেষ্ট, চেষ্টা, তব্য) চেষ্টা করিবার অযোগ্য; চেষ্টানুপযুক্ত; যাহা চেষ্টা করা উচিত নয়; উপায় চিন্তা বিধেয় নয়; যত্নযোগ্য নহে।

অচৈতন্য, ক্লী. বি. [অ-চেতন, বোধ, ষ্ণ্য] নিশ্চেতনা; চেতনাভাব; অজ্ঞান; সংজ্ঞাহীন; যাহার বোধ নাই।

অচোর, ত্রি. বিণ. (অ-চুর, চোর, অল) চোর নয়; সাধু; অপহারক নহে; যে ব্যক্তি চুরি করে না; চৌর্য্যক্রিয়াসক্ত নয়; চৌর্য্যাভাব; যে পরসত্ত্বাধিকার দ্রব্যে স্পৃহা করে না; মলিম্লুচ নহে; অস্তেয়কর্ত্তা।

অচৌর, ত্রি. বিণ. (অ-চুর, চোর, ঞি অল) পরদ্রব্যাপহারী নহে; তস্কর নয়; চোর নহে; যে ব্যক্তি পর সামগ্রী গ্রহণ করিতে ইচ্ছা করে না; অপহারক নয়।

অচৌর্য্যবৃত্তি, ত্রি. বিণ. (অ-চৌর্য্য-বৃত, বর্ত্তন, ক্তি) চোরের ধর্ম্ম নয়; তাস্কর্য্যাভাব; যাহার চুরিকর্ম্ম নহে।

অচ্ছ, ব্য. (অচ্ছ, নির্ম্মল, অল) আভিমুখ্য; সাম্মুখ্য; অভিমুখে; সম্মুখে; ইতি মেদিনী। (ত্রি. বিণ.) পরিষ্কৃত; ইতি অমর কোষ। স্বচ্ছ; নির্ম্মল; (পু. বি.) স্ফটিক; ভালূক; ইতি মেদিনী।

অচ্ছট, ত্রি. বিণ. (অ-ছট, ছটা, অল) শোভাহীন; জ্যোতিহীন; যাহা প্রদীপ্ত নহে; তেজঃপুঞ্জ নহে।

অচ্ছত্র, ত্রি. বিণ. (অ ছত, ছত্র, র) অরাজক; রাজহীন; যেখানে রাজা নাই; যে স্থানে বিচার নাই; বিচার বিহীন; ছত্র শূন্য; ছাতাহীন; আতপত্রশূন্য।

অচ্ছদ, ত্রি. বিণ (অ-ছদ, ছাদ, অল) খোলা; অনাবৃত; ঢাকা নহে; যাহা আবৃত নয়। যে স্থানের ছাদ নাই; আবরণ শূন্য; যে স্থান-অনাচ্ছাদিত।

অচ্ছদ্ম, ত্রি. বিণ. (অ ছদ, ছাদ, ম) ছদ্ম শূন্য; অনাবৃত; অনাচ্ছাদিত; নিষ্কপট; প্রতারক নহে।

অচ্ছন্ন, ত্রি. বিণ. (অ-ছদ, ছাদ, ক্ত) অনাবৃত; খোলা; যাহার আচ্ছাদন নাই; নির্জন স্থান নহে।

অচ্ছভল্ল, পু. বি. (অচ্ছ ভল্ল, প্রাণী বিশেষ, অ) ঋক্ষ; ভাল্লুক; ভালুক ইতি অমরকোষ। অচ্ছ, এবং ভল্ল, এই দুই শব্দ ও পৃথক রূপে কোন কোন মতে গ্রাহ্য ইতি কেচিৎ। হিংস্রজন্তু বিশেষ।

অচ্ছল, ত্রি. বিণ. (অ-ছল, ছলনা, অল) ছলনারহিত; অসাধু নহে; যাহার অন্তঃকরণ প্রতারণা প্রবঞ্চনাতে পরিপূর্ণ নহে; ক্রূরতা শূন্য; ছল শূন্য; সরল।

অচ্ছল গ্রাহক, ত্রি. বিণ. (অ-ছল-গ্রহ, গ্রহণ, ণক) ছল গ্রাহক নয়; যে ছল গ্রহণ করে না; যে অসাধুতা গ্রহণ করেনা; ছলগ্রাহী নহে; (বি.) সাধু।

অচ্ছল গ্রাহী, ত্রি. বিণ. (অ-ছল-গ্রহ, গ্রহণ, ণিন্) ছল গ্রাহী নহে; অচ্ছল গ্রহণ কর্ত্তা; যে ব্যক্তি কোন ছল গ্রহণ করে না; মন্দ অভিপ্রায় গ্রহণকর্ত্তা নয়।

অচ্ছলনা, স্ত্রী. বি. (অ-ছল, ছলনা, অন) ছলনা ভাব; ক্রূরতা নাই, ছলনা রহিত। প্রতারণাভাব; প্রবঞ্চনা শূন্য; খলতাভাব; চাতুরী না করা।

অচ্ছবি, ত্রি. বিণ. [অ-ছবি, চিত্র, ছি] প্রতিমূর্ত্তিনয়; চিত্র নহে; শোভা শূন্য; দীপ্তিবিহীন; যাহা তেজঃপুঞ্জ নহে; যে বস্তুর কিছুমাত্র প্রভা নাই।

অচ্ছাত্র, ত্রি. বিণ. (অ-ছাত্র, শিষ্য, অল) শিষ্য নয়; পড়ুয়া নহে; যে অন্তেবাসী নয়; যাহার ছাত্র নাই; শিষ্য বিহীন; পড়ুয়া রহিত; শিক্ষার্থী বিহীন।

অচ্ছাদনীয়, ত্রি. বিণ. (অ-ছদ, ছাদ, ঞি-অনীয়) আচ্ছাদনের অনুপযুক্ত; অগুপ্ত; অন্তর্দ্ধানের যোগ্য নয়; ছাতের অযোগ্য; আবৃত করিবার উপযুক্ত নহে।

অচ্ছাদিত, ত্রি. বিণ. (অ-ছদ, ছাদ, ঞি—ক্ত) আবরণ বিশিষ্ট নহে; অনাচ্ছাদিত; ছিন্ন নহে; কাটা নয়; অনাবৃত; যাহার উপরে কোন আচ্ছাদন নাই।

অচ্ছাদিতব্য, ত্রি. বিণ. (অ-ছদ, ছাদ, ঞি—তব্য) আবৃত করণাযোগ্য; যাহা আবৃত করিবার যোগ্য নয়।

অচ্ছাদ্য, ত্রি. বিণ. (অ-ছদ, ছাদ, য) ছাদের যোগ্য নহে; আচরণানুচিত; আচ্ছাদন করিবার উপযুক্ত নহে।

অচ্ছায়, ত্রি. বিণ. (অ-ছায়, ছায়া, অ) ছায়া শূন্য; প্রতিবিম্ব রহিত; সূর্য্য কিরণ বিশিষ্ট; অনাতপ নহে।

অচ্ছায়া, স্ত্রী. বি. (অ-ছায়, ছায়া, অল আ) ছায়াভাব; রৌদ্র শূন্য নহে; রৌদ্র পূর্ণ স্থান; সূর্য্য পত্নী নহে;

কান্তি রহিত ; উৎকোচ নহে ; উত্তম শোভা নয়।

অচ্ছিদ্র, ত্রি. বিণ. (অ ছিদ, ছেদ, র) নশ্ছিদ্র ; ছিদ্র হীন ; যাহাতে ছিদ্র নাই ; বিবরশূন্য ; রন্ধ্রহীন।

অচ্ছিদ্রতা, স্ত্রী. বি. (অ-ছিদ, ছেদ, র তা) ছিদ্রতা ভাব ; অচ্ছিদ্র প্রবৃত্তি ; নির্দ্দোষত ; যাহাকে দোষ দেওয়া যায় না ; সততা ; দোষশূন্যতা।

অচ্ছিদ্রত্ব, ক্লী. বি. (অ ছিদ, ছেদ, রত্ব) ছিদ্রহীন ভাব ; ছিদ্রত্ব বিহীন ; যাহা ছুদ্র নয় ; দোষহীনত্ব।

অচ্ছিদ্রবংশজা, স্ত্রী. বি. (অচ্ছিদ্র বংশ-জন, জন্মান, ড) ছিদ্রবংশজা নহে ; পবিত্রকুলজাতা ; নিষ্কলঙ্ক বংশজাতা ; যে কন্যা নির্দ্দোষকুলে জন্ম পরিগ্রহ করিয়াছে। যথা—ফলতঃ বৈদর্ভি ! তুমিই নলকে বশীভূত করিবে সন্দেহ নাই, দেখ সেই প্রসিদ্ধ প্রভাব মনোভব স্বকীয় কৌসুম ধনুর অবশ্য সেই নলকে অবশ্য বশ্য করণাভিলাষে অচ্ছিদ্রবংশজা অর্থাৎ নির্দ্দোষ ভীমকুলজা, অথচ ঘুণাদিজন্য ছিদ্ররহিত বেণুজাতা, তথা অধিগুণা অর্থাৎ অতিশয়িত সৌন্দর্য্যাদি গুণযুতা অথচ আরোপিত মৌর্ব্বিকা, তথা নিকষ পাষাণলগ্ন হেমরেখার ন্যায় সিন্দুর শোভিতা, ও পৃষ্ঠলগ্ন যে গ্রীবার অলঙ্কার স্বরূপ পট্টসূত্রলতা তাহাতেও শোভমানা এতাদৃশী ত্বন্ময়ী ধনুর্লতা লাভে কতই হর্ষিত হইতেছেন। ইতি নৈষধচরিত ১২৪ পৃষ্ঠা।

অচ্ছিদ্রাবধারণ, ক্লী. বি. (অচ্ছিদ্র অব ধৃ, ধারণ, অন) সমাপন ; শেষ ; বিধিমতে কর্ম্মাদির শেষ করা।

অচ্ছিন্ন ত্রি. বিণ. (অ ছিদ, ছেদ, ক্ত) ছেদন করা নহে ; ছেঁড়া নয় ; অচ্ছেদিত ; অখণ্ডিত ; যাহা কাটা নয় ; যে দ্রব্য ছিন্ন করা হয় নাই ; অচ্ছেদিত।

অচ্ছিন্নতা, ত্রি. বিণ. (অ-ছিদ, ছেদ, ক্ত-তা) ছিন্নতা নহে ; যাহা ছেদকরা হয় নাই। যাহা ভেদ করা হয় নাই ; অবিভক্ত ; কাটা নয় ; বিভাগ করা নয়।

অচ্ছিন্নত্ব, ত্রি. বিণ. (অ-ছিদ, ছেদ, ক্ত ত্ব) ছিন্নতা রহিত ; ছেদ বিশিষ্ট নহে ; অখণ্ডিত্ব ; কর্ত্তনশূন্য।

অচ্ছেদ, পু. বি. (অ-ছিদ ছেদ, অল) ছেদাভাব ; ছেদ নহে ; অখণ্ড ; বিভাগ নয় ; ভাগ করা নয়।

অচ্ছেদন, ক্লী. বি. (অ-ছিদ, ছেদ, অনট) ছেদনা ভাব ; কর্ত্তন নয় ; কাটা নহে ; অচ্ছেদন ; অস্ত্র দ্বারা দ্বিধাকরণ নহে ; অকাটন ; কর্ত্তনাভাব।

অচ্ছেদনীয়, ত্রি. বিণ. (অ-ছিদ, ছেদ, অনীয়) ছেদন যোগ্য নহে ; অচ্ছেদ্য ; কর্ত্তনানুপযুক্ত ; যাহা ছেদন করিবার উপযুক্ত নয় ; অকাট্য ; কর্ত্তনীয় নহে।

অচ্ছেদিত, ত্রি. বিণ. (অ-ছিদ, ছেদ, ক্ত) অচ্ছিন্ন কাটা নয় ; ছেঁড়া নয় ; যাহা ছেদন করা হয় নাই ; অচ্ছেদিত ; ছেদ রহিত ; অখণ্ডিত ; ভেদকরা হয় নাই।

অচ্ছেদিতব্য, ত্রি. বিণ. (অ-ছিদ, ছেদ, তব্য) যাহা ছেদন করা উচিত নয় ; ছেদনের অযোগ্য ; কাটা কর্ত্তব্য নয় ; অকাট্য ; অচ্ছেদ্য ; অচ্ছেদনীয়।

অচ্ছেদ্য, ত্রি. বিণ. (অ-ছিদ, ছেদ, য) অচ্ছেদনীয় ; ছেদোপযুক্ত নহে ; যথা—ইনি শস্ত্রে ছেদিত, অগ্নিতে দগ্ধ, জলে ক্লেদিত বা বায়ুতে শোষিত হন না ; ইনি নিত্য, সর্ব্বগত, স্থিরস্বভাব, অচল ও অনাদি, অতএব অচ্ছেদ্য, অদাহ্য, অক্লেদ্য, ও অশোষ্য। ইতি মহাভারত ভীষ্মপর্ব্ব ৩৮ পৃষ্ঠা।

ভেদ করিবার অযোগ্য ; কর্ত্তন যোগ্য নহে ; খণ্ডন করা উচিত নয় ; ভেদ করিবার অনুপযুক্ত।

অচ্ছোদ, পু. বি. (অ ছুদ, বিমল, অল) নির্ম্মল ; বিমল ; উৎকৃষ্ট ; কাল্পনিক শব্দমাত্র ; মনোরম্য ; যথা—একদা মধুমাসের সমাগমে কমল বন বিকসিত হইলে চূত কলিকা অঙ্কুরিত হইলে, মলয় মারুতের মন্দ মন্দ হিল্লোলে আহ্লাদিত হইয়া কোকিল সহকার শাখায় উপবেশন পূর্ব্বক সুস্বরে কুহুরব করিলে, অশোক কিংশুক প্রস্ফুটিত বকুল মুকুল উদ্গত এবং ভ্রমরের ঝঙ্কারে চতুর্দ্দিক প্রতি শব্দিত হইলে, আমি মাতার সহিত এই অচ্ছোদ সরোবরে স্নান করিতে আসিয়াছিলাম ইতি কাদম্বরী ৪৬ পৃষ্ঠা।

অচ্যুত, পু. বি. (অ-চ্যুত, ক্ষরণ, অল) বিষ্ণু ; কৃষ্ণ ; (ত্রি. বিণ.) স্থির ; অক্ষয় ; যাহার বিনাশ হয় না ; যাহার ক্ষয় নাই। যথা—অপর্ণা অপরাজিতা অচ্যুত অনুজা। অনাদ্যা অনন্তা অন্নপূর্ণা অষ্টভুজা॥ ইতি ভারতচন্দ্র ৩৭১ পৃষ্ঠা।

অচ্যুতাগ্রজ, পু. বি. (অচ্যুত অগ্র-জন, জন্মান, ড) কৃষ্ণের জ্যেষ্ঠ ; বলদেব ; বলরাম ; ইতি অমরকোষ। ইন্দ্র ; ইতি হেমচন্দ্র। যিনি কৃষ্ণের অগ্রে জন্মিয়াছেন।

অচ্যুতাবাস, পু. বি. (অচ্যুত-আ-বস, বাস, ঘঞ) অশ্বত্থ বৃক্ষ ; ইতি রাজনির্ঘণ্ট। যজ্ঞডুম্বুর বৃক্ষ ; দ্বারকা পুরী ; শ্রীকৃষ্ণের বাস স্থান ; বৈকুণ্ঠ।

অজ, পু. বি. (অ-জন, জন্মান, ড) ব্রহ্মা ; বিষ্ণু ; শিব ;

কামদেব; অনঙ্গ; সূর্য্যবংশীয় রাজা বিশেষ; রঘুরাজার পুত্র; রাজা দশরথের পিতা; ইতি মেদিনী। (পু. স্ত্রী.) ছাগল; মেষ; ইতি জ্যোতিষ। (বিণ.) যাহার জন্ম হয় নাই; যথা—হে পুরুষোত্তম! তুমিই নারায়ণ, হরি, ব্রহ্মা, সোম, সূর্য্য, ধর্ম্ম, বিধাতা, যম, অনল, অনিল, বৈশ্রবণ রুদ্র, কাল, আকাশ, পৃথিবী, দশদিক, অজ, চরাচর গুরু ও স্রষ্টা, তুমি পরমপবিত্র চৈত্ররথ কাননে বহুবিধ যজ্ঞ দ্বারা উৎকৃষ্ট দেবতাদিগকে অর্চ্চনা করিয়াছ। ইতি মহাভারত বনপর্ব্ব ২১পৃষ্ঠা। জন্ম রহিত; ধাতু বিশেষ; ইতি হেমচন্দ্র।

অজকর্ণ, পু. বি. (অজ-কর্ণ, কাণ, অ) অসন বৃক্ষ; বৃক্ষ বিশেষ, ইতি রত্নমালা। ছাগ কর্ণ; ছাগলের কাণ; অজ নামক রাজার কর্ণ।

অজকর্ণক, পু. বি. (অজ কর্ণ, কাণ, কন্) সাল বৃক্ষ; বৃক্ষ বিশেষ; সাল গাছ; ইতি রাজনির্ঘণ্ট।

অজকব, পু. ক্লী. বি. (অজ কু, দ্রব্য বিশেষ, অল) পিনাক; শিবের ধনুক, ইতি বিশ্ব। হরকোদণ্ড।

অজকাব, পু. ক্লী. বি. (অজ কু, দ্রব্য বিশেষ, ষঞ) পিনাক; মহাদেবের ধনুক; বাণনিক্ষেপ যন্ত্রবিশেষ।

অজগন্ধা, স্ত্রী. বি. (অজ-গন্ধ, দ্রব্য বিশেষ, অল আ) বন যবনী; বন যমানী ইতি কেচিৎ। বন যোয়াইন; ইহার পরিচয় যথা—অজমোদা; খরাশ্বা; কারবী; ইতি রত্নমালা। উগ্রগন্ধা; ইতি অমর কোষ। বৃক্ষ বিশেষ; বর্ব্বরী; ইতি হিন্দী ভাষা। তিলৌনি; ইতি রাজনির্ঘণ্ট। ইহার পরিচয় যথা—বস্তগন্ধা; খর পুষ্পা; অধি গন্ধিকা; উগ্র গন্ধা; ব্রহ্ম গর্ভা; ব্রাহ্মী; পূতি ময়ূরিকা এই সমস্তের গুণ যথা—কটুতা; উষ্ণতা; বাত, গুল্ম, উদর রোগ, ব্রণ এবং শূল প্রভৃতি রোগ নাশক। ইহার অঞ্জন হিতকর।

অজগন্ধিকা, স্ত্রী. বি. (অজ-গন্ধ, দ্রব্য বিশেষ, ইক-আ) বর্ব্বরা বৃক্ষ; বাবরি গাছ; ইতি অমর কোষ। বন যোয়ান; ইতি কেচিৎ। পাচক দ্রব্যবিশেষ।

অজগন্ধিনী, স্ত্রী. বি. (অজ-গন্ধ, দ্রব্যবিশেষ, ইন্ ঈ) অজ শৃঙ্গীবৃক্ষ; বৃক্ষ বিশেষ; যোয়ানবিশেষ।

অজগব, ক্লী. বি. (অজ-গব, দ্রব্য বিশেষ, অল) পিনাক; শিবের ধনুক; ইতি অমর কোষ। কোদণ্ড।

অজগাব, ক্লী. বি. (অজ-গব, দ্রব্য বিশেষ ষঞ) পিনাক; মহাদেবের ধনুক; হর ধনুক; বাণনিক্ষেপ যন্ত্র

অজগর, পু. বি. (অজ-গৃ, বৃহৎ, অল) স্বনামখ্যাত বৃহৎসর্প, অজাগর সর্প; ইহার পরিচয় যথা—শয়ু; বাহস্, ইতি অমরকোষ। প্রধান সরীসৃপ।

অজগর ব্রত, পু. বি. (অজগর-ব্রত, কর্ম্ম, অ) অলস; কুড়ে; দীর্ঘসূত্রী; কার্য্যোতৎপর নহে; নিশ্চিন্ত।

অজঘনা, ত্রি বিণ. (অ হন, বধ, যঙ) অগর্হিত; অধম নহে; নীচ নয়; চরম শূন্য; হেয় নয়; উৎকৃষ্ট

অজঙ্গম, ত্রি. বিণ. (অ গম, গমন, অ) চলন শীল নহে; অস্থাবর নয়, যাহা গতি শক্তি বিশিষ্ট নয়।

অজ জীবিক, পু. বি. (অজ জীব, জীবন, ইক) অজাজীবী; ছাগপালক; মেষোপ জীবী; ছাগল মেষাদি যাহার জীবিকা নির্ব্বাহের এক মাত্র উপায়। ইহার পরিচয় যথা—জাবাল; ইতি হেমচন্দ্র।

অজটা, স্ত্রী. বি. (অ জট, জটা, ঙ) জটাভাব; ভূমি আমলকী; জটা হীন; ইতি রাজ নির্ঘণ্ট। ইহার রূপান্তর, যথা—অজড়া; অজ্বটা; যাহার জটা নাই।

অজড়া, স্ত্রী বি. (অ জড়, দ্রব্যবিশেষ, ঙ) কপিকচ্ছু; আলকুশী; জড়াবিহীন; দ্রব্যবিশেষ।

অজথ্যা, স্ত্রী. বি. (অজ, উদ্ভিদবিশেষ, নিপাতনে থা-আ) স্বর্ণযূথিকা; হরিদ্রাবর্ণ চন্দ্রমল্লিকা।

অজদণ্ডী, স্ত্রী. বি. (অজ-দণ্ড, দ্রব্যবিশেষ, ইন্) ব্রহ্মদণ্ডীরক; বৃক্ষবিশেষ; ইতি রাজনির্ঘণ্ট।

অজন, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, অল) উৎপত্তিহীন; জননাভাব; উদ্ভববিহীন; জনশূন্য; যে স্থানে মনুষ্য মাত্রের অভাব; নির্মনুষ্য স্থান; বিজন স্থান।

অজনক, ত্রি. বিণ. (অ-জন, উদ্ভব, অ-ক) অনুৎপাদক; অজন্মদ; অচুৎপা; জন্মর হত; অজন্মদাতা; অস্রষ্টা; অকারক; যে উৎপন্ন হয় নাই।

অজনতা, স্ত্রী. বি. (অ-জন, জন্মান, তা) লোকসমূহাভাব; জনতা নহে; জনচরাভাব; গোলমালহীন; (বিণ.) কলরবশূন্য; যে স্থানে লোকসমারোহ নাই।

অজনন, ত্রি. বিণ. (অ জন, উৎপত্তি, অন) উৎপত্তিবিহীন; বংশশূন্য; জন্মরহিত; জননাভাব।

অজননি, পু. স্ত্রী. বি. (অ-জন, জন্মান, অন্ ই) উৎপত্ত্যভাব; না জন্মান; অভিশাপ; শাঁপ। (ত্রি. বিণ.) অনুৎপন্ন; উৎপত্তিরহিত; অজন্মা।

অজননীক, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, অন্ ঈক) মাতৃহীন; মাতাশূন্য; যাহার গর্ভধারিণী নাই।

অজননীয়, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, অনীয়) উৎপত্তির অযোগ্য; জননানুচিত; যাহা জন্মায় না।

অজনরব, ত্রি. বিণ. (অ জন-রব, ধ্বনি, অ) জনরবশূন্য; যে স্থানে গোলমাল নাই; জনশ্রুতি নহে; জনরবরহিত; যেখানে কোন কথা নাই; নিরবস্থান।

অজনিত, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, ক্ত) অপ্রযুক্ত; অনুৎপাদিত; জাত নহে; অনুদ্ভূত; যাহা জন্মায় নাই।

অজন্ত, ত্রি. বিণ. (অচ+অন্ত) স্বরান্ত; যে শব্দের শেষে অ আদি স্বরবর্ণ থাকে; যাহার অচ্ অন্তে।

অজন্ম, পুং. বি. (অ-জন, উৎপত্তি, মন্) অনুৎপত্তি; জন্মাভাব; (বিণ.) জন্মরহিত; অজাত; যে জন্ম পরিগ্রহ করে নাই; যাহার উৎপত্তি নাই।

অজন্মা, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, মন্ আ) অবৈধজাত; জারজ; যে বিধি পূর্ব্বক জন্মে নাই।

অজন্য, ক্লী. বি. (অ-জন, উৎপত্তি, য) উৎপাত; শুভাশুভ সূচক ভূকম্পাদি; ইতি অমরকোষ। অশুভচিহ্ন; অমঙ্গলের লক্ষণ; ভূমিকম্পন প্রভৃতির স্বাভাবিক অশুভচিহ্ন; (ত্রি. বিণ.) অজননীয়।

অজপ, পুং. বি. (অ জপ, মন্ত্রপাঠ, অল) অসদধ্যেতা; কুপাঠক; ইতি হেমচন্দ্র। অধার্ম্মিক গ্রন্থপাঠক; ছাগলপালক; মেষপালক; পশুপালনকর্ত্তা।

অজপা, স্ত্রী. বি. (অ-জপ, মন্ত্রপাঠ, অল আ) তান্ত্রিকদিগের পূজনীয় দেবী; হংসঃ ইত্যাকার মন্ত্রজপ; শ্বাস প্রশ্বাস; স্বাভাবিক নিশ্বাস প্রশ্বাসে জীবের জপ।

অজবীথি, স্ত্রী. বি. (অজ বীথ, পথ, ই) ধর্ম্মপথ; ঈশ্বরীয় পথ; সন্মার্গ; যে পথে কোন কষ্ট নাই।

অজভক্ষ, পুং. বি. (অজ-ভক্ষ, ভক্ষণ, অল) বর্ব্বুরবৃক্ষ; উদ্ভিজ্জবিশেষ; ইতি রাজনির্ঘণ্ট।

অজমীঢ়, পুং. বি. (অজ মিহ, শেচন, ক্ত) রাজা যুধিষ্ঠির; অজমিত্র; পঞ্চপাণ্ডবের মধ্যে শ্রেষ্ঠ; ধর্ম্মপুত্র।

অজমোদা, স্ত্রী. বি. (অজ-মুদ, হর্ষ, অল-আ) যবানিকা; যোয়ানি। ইহার পরিচয় যথা—উগ্রগন্ধা; ব্রহ্মদর্ভ; যমানিকা ইত্যাদি। বনযোয়ান ইতি কেচিৎ

অজমোদিকা, স্ত্রী. বি. (অজ-মুদ, হর্ষ, ইক-আ) যবানী ইতি বৈদ্যশাস্ত্র। দ্রব্যবিশেষ।

অজম্ভ, পুং. বি. (অ-জম্ভ, জম্ভন, অল) ভেক; বেঙ;

অজয়, পুং. বি. (অ-জি, জয় অল) পরাজয়; প্রসিদ্ধ নদীবিশেষ; অমঙ্গল; কুশলাভাব; জয়বিহীন।

অজয়তা, স্ত্রী. বি. (অ-জি, জয়, অল তা) পরাজয়ত্ব; অমঙ্গলতা; অকুশলতা; জয়বিহীনতা; ভগ্নতা।

অজয়ত্ব, ক্লী. বি. (অ-জি, জয়, অল-ত্ব) পরাভবতা; অজয়তা; অমঙ্গলত্ব; পরাজয়ত্ব; অকুশলত্ব।

অজয়পাল, পুং. বি. (অজয়-পাল, রক্ষা, অল) অবিধি; ভূপাল নহে; বৃক্ষবিশেষ নয়; রাজাবিশেষ নয়।

অজয়া, স্ত্রী. বি. (অ-জি, জয়, অল-আ) বিজয়া; ভাঙ্গ; সিদ্ধি; দ্রব্যবিশেষ; মহাদেবের গ্রহনীয়।

অজয়িতা, স্ত্রী. বি. (অ-জি, জয়, ই-তা) যুদ্ধবিষয়ে অপারকতা; রণে সক্ষমতা নয়; বিবাদে সক্ষমতা নয়।

অজয়িত্ব, ক্লী. বি. (অ-জি, জয়, ই-ত্ব) অজয়িতা; যুদ্ধে পরাস্ততা; পরাভবত্ব; অভিভবত্ব; হারনত্ব।

অজয়ী, ত্রি. বিণ. (অ জি, জয়, অল-ঈ) জয়যুক্ত নহে; অবিজয়ী; জেতা নয়; যে জয় করিতে পারে নাই।

অজয্য, ত্রি. বিণ. (অ জি, জয়, অ-য) জয়অশক্য; অজেয়; জয় করিতে অক্ষম; জয়করণানুপযুক্ত।

অজয্যত্বচিহ্নভূত, ত্রি. বিণ. (অজয্যত্বচিহ্ন-ভূ, সত্তা, ক্ত) জয্যত্বচিহ্নভূত নহে; জয় যোগ্যতা চিহ্ন করা নয়; যে কৃতচিহ্ন সাধারণ মানবের আয়ত্তী করনের অযোগ্য। যথা—আর যে নগরী পরিখামণ্ডলস্থলে পরাজিত রিপু কর্ত্তৃক বেষ্টন প্রাপ্তিতা হইয়া অন্য সমস্ত দানবগণের আয়ত্তী করনের অযোগ্য ছিল অর্থাৎ অজয্যত্বচিহ্নভূত বেষ্টন দৃষ্ট করিয়া রিপুচয় দূর হইতেই নগরী ত্যাগ করিয়া নিবৃত্ত হইত। ইতি নৈষধচরিত ৭২ পৃষ্ঠা।

অজর, ত্রি. বিণ. (অ-জৄ, জরা, অল) জরারহিত; বার্দ্ধক্যশূন্য; বৃদ্ধদশাহীন; যথা—অজরামরবৎ প্রাজ্ঞো বিদ্যামর্থঞ্চ চিন্তয়েৎ। গৃহীত্বা ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ। ইতি হিতোপদেশ।

(পুং. বি.) দেবতা; অমর; জরাভাব; চিরস্থায়ীব্যক্তি।

অজরা, স্ত্রী. (অ-জৄ, জরা, অল-আ) মুসব্বর; জীর্ণফঞ্জীলতা; বৃদ্ধদারকপ্রভেদ; গৃহকন্যা; ঘৃতকুমারী; উদ্ভিজ্জবিশেষ; স্বনামখ্যাত গুল্মবিশেষ।

অজর্য্য, ক্লী. বি. (অ-জৄ, জরা, য) সঙ্গত; সৌহার্দ্দ; মিলন; ইতি হেমচন্দ্র। (ত্রি. বিণ.) অজরার্হ; যে জরার উপযুক্ত নয়; বৃদ্ধানুপযুক্ত; জীর্ণযোগ্য নয়।

অজল, ত্রি. বিণ. (অ জল, উদক, অল) জলাভাব; জলশূন্য; জলহীন; নির্জ্জল; যে স্থানে জল নাই।

অজলম্বন, ক্লী. বি. (অজ-লম্ব, দ্রব্যবিশেষ, অনট) স্রোতোঞ্জন; রসাঞ্জন; শূর্মা; দ্রব্যবিশেষ।

অজলাশয়, ত্রি. বিণ. (অ-জল-আ-শি, শয়ন, অল) যে স্থানে জলাশয় নাই; নদী পুষ্করিণী প্রভৃতি শূন্য; জলবিহীন স্থান; যে স্থানে জল থাকিবার স্থান নাই।

অজলোমা, পু. বি. (অজ-লু, উদ্ভিদবিশেষ, মন্) বৃক্ষবিশেষ; শুয়াশিমা; শূয়াশিম্বী। ইহার পরিচয়, যথা—শিম্বী; কেশী; মহাহ্ম্বা; অগ্রপর্ণী; ইতি রত্নমালা। আলকুশী; উদ্ভিজবিশেষ।

অজশৃঙ্গী, স্ত্রী. বি. (অজ-শৃঙ্গ, দ্রব্যবিশেষ, ঈ) বৃক্ষবিশেষ; মেড়াশৃঙ্গী; মেঢ়াশৃঙ্গী। ইহার পরিচয়, যথা—বিষাণী; বিষানিকা; চক্রশ্রেণী; অজগন্ধিনী; মৌক্ষী; মেত্রৌষধী; আবর্ত্তিনী; মেষশৃঙ্গী; বর্ত্তিকা; সর্পদংষ্ট্রিকা; চক্ষুষ্যা; তিক্তদুগ্ধা; পুত্রশৃঙ্গী; কর্ণিকা; ইতি অমরকোষ। ইহার গুণ, যথা—তিক্ততা; কটুতা; কফ, অর্শ, শূল, শোথ, শ্বাসকাস, হৃদ্‌রোগ, বিষরোগ, কাসরোগ, এবং কুষ্ঠরোগ নাশক, চক্ষুর্হিতকারক। ইহার ফলের গুণ যথা—তিক্ত, উষ্ণ, কটু। কফ এবং বায়ুনাশক। রুচিকারক, লবণ ও অম্লরস। ইতি রাজনির্ঘণ্ট। ঔষধবিশেষ।

অজস্র, ক্লী. বি. (অ-জস, সর্ব্বদা, র) সতত; নিরন্তর; যথ—ব্যাসদেব এইরূপে উপাখ্যান সমাপন করিয়া কহিলেন, মহারাজ! দেবরাজ ইন্দ্র সুরভীর বাক্য শ্রবণ করিয়া বিস্ময়াবিষ্ট হইলেন। তদবধি তিনি পুত্রকে প্রাণাধিক বলিয়া স্বীকার করিলেন, তৎপরে কৃষীবলের বিঘ্ন করিবার নিমিত্ত অজস্র মূষলাধারে বারি বর্ষণ করিতে লাগিলেন। ইতি মহাভারত বনপর্ব্ব ১৫ পৃষ্ঠা। সর্ব্বদা; সর্ব্বকাল; ক্রমাগত; সমধিক অনবরত। যথা—হে বৈদর্ভি! তুমি অতি মহতী নলসম্বন্ধিনী চিন্তাসোপান পরম্পরায় অজস্রই আরোহণ করিতেছ, অর্থাৎ নলরাজ অনন্য হৃদয় হইয়া অনবরত কেবল তোমাকেই ভাবনা করিতেছেন। ইতি নৈষধচরিত ১১৭ পৃষ্ঠা।

অজহৎস্বার্থা, স্ত্রী. বি. (অজহৎ-স্ব-অর্থ, প্রয়োজন, ঙ আ) লক্ষনাখ্য বৃত্তি বিশেষ; উপাদান লক্ষণা; স্বীয় অর্থের অত্যাগিনী লক্ষণা; ইতি অমরকোষ।

অজহল্লিঙ্গ, পু. বিণ. (অজহৎ-লিঙ্গ, চিহ্ন বিশেষ, অল) বিশেষণী ভূত স্বলিঙ্গের অত্যাগী শব্দ। ইতি বিশ্ব।

অজহা, স্ত্রী. বি. (অজ-হন, গতি, ড-আ) শূকশিম্বী; ইতি অমর কোষ। অপরিত্যাগ; (বিণ.) অপরিত্যজ্য; পরিত্যাগের অযোগ্য; পরিত্যাগানর্হ।

অজা, স্ত্রী. বি. (অজ, গতি, ড-অ) ছাগী; ইতি অমর কোষ। মায়া; প্রকৃতি; আদ্যা শক্তি; ঈশ্বর শক্তি; ইতি পুরাণ। মেঢ়া; ছাগল; যথা—পূজা সমাপিত হইলে আমরা স্বহস্তে বন্য ফল মূল আহরণ ও স্বীয় অজা ও মেষদিগের দুগ্ধ দোহন করিয়া পরমানন্দে আহারাদি করিতাম। ইতি টেলিমেকস্ ৫০পৃষ্ঠা।

অজাগর, পু. বি. (অ-জাগৃ, নিদ্রাক্ষয়, অল) ভূঙ্গরাজ বৃক্ষ; বৃহৎ সর্প; (বিণ.) জাগরণ রহিত।

অজাগরণ, ত্রি. বিণ. (অ-জাগৃ, নিদ্রাক্ষয়, অনট) জাগরণ শূন্য; নিদ্রাভাব বিহীন; যে জাগে না।

অজাগরিত, ত্রি. বিণ. (অ-জাগৃ, নিদ্রাক্ষয়, ই-ক্ত) জাগরিত নহে; নিদ্রা বিশিষ্ট; যে জেগে নাই।

অজাজী, স্ত্রী. বি. (অজ-অজ, দ্রব্য বিশেষ, ঈ) শ্বেত জীরক; কৃষ্ণ জীরক; জীরা; ইতি রাজনির্ঘণ্ট।

অজাজীব, পু. বি. (অজ আ-জীব, জীবন, ক) জাবাল; ছাগোপজীবী; মেষোপজীবী; ইতি অমর কোষ। ছাগ-মেষব্যবসায়ী; ছাগ বিক্রয়ী; যে মেষবিক্রয় করে।

অজাত, ত্রি. বিণ. (অ-জন, জন্মান, ক্ত) অজন্ম বিশিষ্ট; অনুৎপন্ন; জন্ম রহিত; যে জন্মায় নাই।

অজাতকোপ, ত্রি. বিণ. (অজাত-কুপ, কোপ, অল) অতিশয় কোপ নহে; অজাতক্রোধ; অজাতরাগ।

অজাত ক্রোধ, ত্রি. বিণ. (অজাত-ক্রুধ, ক্রোধ, অল) মর্ম্মান্তিক ক্রোধ নহে; যে ক্রোধ জন্মায় নাই।

অজাতপাণিগ্রহণা, স্ত্রী. বি. (অজাতপাণি-গ্রহ, গ্রহণ, অনট আ) জাতপাণিগ্রহণাভাব; যাহার পাণিগ্রহণ হয় নাই; অনুবাহিতা; অবিবাহিতা। যথা—দময়ন্তি! তুমি যে নিশ্চয়ই সেই নলহস্তে যাবেনা তাহারই বা নিশ্চয় কি, কেননা বিধির হৃদয়ে প্রবেশ করিয়া কে দেখিয়াছে, আর যে হেতুক তোমাকে অজাতপাণিগ্রহণা ও অসীম রূপগুণের আশ্রয় দেখিতেছি ইহাতেই আমি অনুমান করি যে সেই এক যোগ্যপাত্র নল বিনা তোমাতে অন্যের অধিকার নাই। ইতি নৈষধচরিত ৯৪ পৃষ্ঠা।

অজাতলজ্জকর, ক্লী. বি. (অজাতলজ্জ-কৃ, কিরণ, অল) জাতলজ্জকর নহে; যে কিরণে লজ্জা জন্মায় নাই; নি-

র্ম্মল পূর্ণচন্দ্রের কিরণ। যথা—আর বিধির যে হস্ত পূর্ণিমায় বিধুকে পূর্ণ করিয়া থাকে সে অজাতলক্ষ্মকরে ধিক্, কেনন। নলানন বিদ্যমান থাকিতে যে পূর্ণচন্দ্রে পরিতোষ সে অতীব অসম্ভব। ইতিনৈষধচরিত ৮৭পৃষ্ঠা।

অজাতশত্রু, পু. বি. (অজাত-শত, ব্যবহার, ক্র) রাজা যুধিষ্ঠির; যিনি কখন কাহার দ্বেষ করেন না; (বিণ.) শত্রুবিহীন; রিপুশূন্য; যে শত্রু জন্মায় নাই।

অজাতারি, পু. বি. (অজাত-ঋ, গতি, ই) রাজা যুধিষ্ঠির; যিনি কখন কাহার শত্রুতা করেন না।

অজাতি, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, ক্তি) গোত্রাভাব; কুলহীন; জন্মরহিত; আমলকী নয়; জাতিহীন।

অজাতিভ্রংশ, পু. বি. (অজাতি-ভ্রন্‌শ, ধ্বংস, অল) জাতিপাত নহে; জাতি বিনাশ নয়; অব্যবহার্য্য নহে।

অজাতিভ্রষ্ট, ত্রি. বিণ. (অজাতি-ভ্রস্‌জ, নষ্ট, অল) কুল বিহীন নহে; যাহার জাতি ধ্বংস হয় নাই।

অজাদমী, স্ত্রী. বি. (অজা-দম, দমন, ঈ) ক্ষুদ্র দুরালভা; দ্রব্য বিশেষ। ইতি রাজ নির্ঘণ্ট।

অজানবিৎ, ত্রি. বিণ. (অজান-বিদ, জ্ঞান, ক্বিপ্) জানত নহে; অবিদিত; অপরিচিত; অজ্ঞাত; যে জানে না।

অজানয়, পু. বি. (অজ-অ-নী, গতি অল) সুজাতঘোড়া; উত্তম ঘোড়া; উৎকৃষ্ট দ্রুতগামি অশ্ব।

অজানু, ত্রি. বিণ. (অ-জন, উৎপত্তি, উ) উরুশূন্য জঙ্ঘার মধ্যভাগ বিহীন; যাহার হাঁটু নাই।

অজানেয়, পু. বি. (অজা-নী, গতি, য) উত্তম ঘোটক; ইহার পরিচয়, যথা—হয়োত্তম; বাতাশ্ব জাত্য; আজানেয়; কুলীন; ইতি অমর কোষ। (ত্রি. বিণ.) নির্ভয়; শঙ্কা বিহীন; ভয় রহিত; যাহার ত্রাস নাই।

অজান্ত্রী, স্ত্রী, বি. (অজা-অন্ত্র, দ্রব্য বিশেষ, ঈ) বৃক্ষ বিশেষ; নীলবর্ণ বোনা। ইহার পরিচয়, যথা—নীল বুহ্না; নীল পুষ্পী; অতি লোমশা; নীলিনী; ছাগলান্ত্রী; অন্তঃকোঠর পুষ্পী; বৃদ্ধদারক; ইতি রাজনির্ঘণ্ট।

অজাপালক, ত্রি. বিণ. (অজা-পাল, রক্ষা, নক) অজাজীবী; ছাগ রক্ষক; যে ছাগ মেষাদি রক্ষাকরে; মেষ পালক; মেষাদি পালন করাই যাহার জীবন ধারনের এক মাত্র উপায়; যাহার ছাগল মেষব্যবসায়।

অজার, ত্রি. বিণ. (অ-জৃ, জরা, ঘঞ) উপপতি বিহীন; গুপ্তপতি শূন্য; যাহার গোপনে পতি নাই।

অজারজ, ত্রি. বিণ. (অজার-জন, জন্মান, ড) বিজন্মা নহে; যে উপপতি জাত সন্তান নয়; জারজ নয়।

অজাশব্দসদৃশ, ত্রি. বিণ. (অজাশব্দ-সমান-দৃশ, দর্শনটক্) ছাগলের ডাকের ন্যায়; ছাগশব্দ তুল্য।

অজিঘাংস, ত্রি. বিণ. (অ-হন, বধ, সন) অহিংস্রক; হিংসা শূন্য; যে বধ করে না; হননেচ্ছুক নহে।

অজিঘাংসক, ত্রি. বিণ. (অ-হন, বধ, সন্‌ক) অহিংস্রক; হিংসা রহিত; যাহার হিংসাবৃত্তি নাই।

অজিঘাংসনীয়, ত্রি. বিণ. (অ-হন, বধ, সন্‌-অনীয়) হিংস্রক যোগ্য নহে; হিংসাবৃত্তির অনুপ যুক্ত।

অজিঘাংসিত, ত্রি. বিণ. (অ-হন, বধ, সন্‌ক্ত) জিঘাংসা বিশিষ্ট নহে; যাহার হিংসা বৃত্তি নাই।

অজিঘাংসু, ত্রি. বিণ. (অ-হন, বধ, সন্‌-উ) অহিংস্রক; ঘাতক নহে; যে ব্যক্তি বধ করে না।

অজিজ্ঞাস, ত্রি. বিণ. (অ জ্ঞা, বোধ, সন্) জিজ্ঞাসা বিহীন; জানিবার ইচ্ছা শূন্য; যে কোন বিষয় জিজ্ঞাসা করে না; যাহার জানিতে মানস নাই; প্রশ্নবিহীন।

অজিজ্ঞাসনীয়, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, সন্‌-অনীয়) জিজ্ঞাসা করনের অযোগ্য; জানিবার অনুপযুক্ত; জ্ঞাত হইবার ইচ্ছার যোগ্য নহে; অজিজ্ঞাসিতব্য।

অজিজ্ঞাসা, স্ত্রী. বি. (অ-জ্ঞা, বোধ, সন্‌-ঙ) জিজ্ঞাসাভাব; প্রশ্ন নহে; জানিতে ইচ্ছা নয়; অমানসকথন।

অজিজ্ঞাসিত, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, সন্‌-ক্ত) যাহা জিজ্ঞাসা করা হয় নাই; যাহা প্রশ্ন করা নয়।

অজিজ্ঞাসিতব্য, ত্রি. বিণ. (অ জ্ঞা, বোধ সন-তব্য) জিজ্ঞাসা করিবার অনুপযুক্ত; অজিজ্ঞাসনীয়; যাহা জ্ঞাত হওয়া উচিত নহে; জানিবার অযোগ্য।

অজিজ্ঞাসু, ত্রি. বিণ. (অ জ্ঞা, বোধ, সন্‌-উ) জিজ্ঞাসেচ্ছুক নহে; যে জ্ঞাত হইতে ইচ্ছাকরে না; যাহার জানিবার মানস নাই; প্রশ্নকারী নহে; অজিজ্ঞাসক।

অজিজ্ঞাস্য, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, সন্‌-য) জিজ্ঞাস্য নহে; জিজ্ঞাসার অনুপযুক্ত; যাহা জিজ্ঞাসার অযোগ্য; জানিবার উপযুক্ত নহে, অজিজ্ঞাসনীয়।

অজিত, ত্রি. বিণ. (অ-জি, জয়, ক্ত) অনির্জ্জিত; পরাজিত; ইতি হেমচন্দ্র। অনায়ত্ত; অবিজিত নহে; কৃতপরাজয়; অবশীভূত; অবশতাপন্ন; (পু. বি.) বিষ্ণু; বুদ্ধ; শিব; তীর্থ ক্লৈজ্জন বিশেষ।

অজিতচিত্ত, ত্রি. বিণ. (অজিত-চিত, চেতন, ক্ত) জিতচিত্ত নহে; অবশীভূত চিত্ত; যথা—অজিতচিত্ত ব্য-

ক্রিয়া প্রথমতঃ বিষয়চিন্তা, পরে বিষয় প্রাপ্তির অভিলাষ এবং তৎপরে কোন কারনজনিত ক্রোধে আক্রান্ত হইয়া ক্রমে ক্রমে মৃত্যুমুখে নিপতিত হয়। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৭৪পৃষ্ঠা।

অজিতেন্দ্রিয়, ত্রি. বিণ. (অজিত-ইদ, গতি, র-ইয়) জিতেন্দ্রিয় নহে; ইন্দ্রিয়ের বশীভূত; যে ব্যক্তি রিপুগণ অর্থাৎ ইন্দ্রিয়দিগকে জয় করিতে পারে নাই। যথা—প্রসন্নাত্মার বুদ্ধি আশু নিশ্চল হইয়া উঠে, অজিতেন্দ্রিয় ব্যক্তির বুদ্ধি নাই; সুতরাং সে চিন্তা করিতেও পারে না; চিন্তা করিতে না পারিলে শান্তি হয় না; শান্তিহীন ব্যক্তির সুখ কোথায়? ইতি মহাভারত ভীষ্মপর্ব্ব ৩৬ পৃষ্ঠা।

অজিন, ক্লী. বি. (অজ, দ্রব্য বিশেষ, ইন) চর্ম্ম; যথা—আদরে ঈশান, ঈষত হাসিয়া দেব, অজিন-আসনে বসাইলা ঈশানীরে। ইতি মেঘনাদবধ কাব্য ৫৭ পৃষ্ঠা।

মৃগচর্ম্ম; যথা—জিতচিত্ত ও জিতেন্দ্রিয় ব্যক্তি আত্ম শুদ্ধির নিমিত্ত একাগ্রমনে পবিত্র স্থানে ক্রমান্বয়ে কুশ, অজিন ও বস্ত্র দ্বারা প্রস্তুত অনতি উচ্চ অনতি নীচ স্থিরতর আসন সংস্থাপন করত তাহাতে উপবেশন, শরীর, মস্তক ও গ্রীবা সম ও সরলভাবে ধারণ এবং দৃষ্টিকে অন্যান্য দিক্ হইতে আকর্ষণ পূর্ব্বক স্বীয় নাসিকার অগ্রভাগে সন্নিবেশিত করিয়া যোগ অভ্যাস করিবে। ইতি মাহাভারত ভীষ্মপর্ব্ব ৪২ পৃষ্ঠা।

পশুচর্ম্ম; চামড়া; ব্রহ্মচারীদিগের ধারন যোগ্য কৃষ্ণসার মৃগের ত্বক্; ইতি অমর কোষ। (বিণ.) জিন ভিন্ন; জিন নহে; জিন শূন্য; জিনরহিত।

অজিনধারী, পু. বিণ. (অজিন-ধৃ, ধারন, নিন্) চর্ম্মধারী; যে মৃগচর্ম্ম পরিধান করে; যথা—ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি রাজগণ ও অন্যান্য অনুযায়িবর্গ ইন্দ্রপ্রস্থের অনতি দূর হইতে বনবাসী পাণ্ডবগনের সমীপে সমাগত হইয়া কুরুগনের সহিত আপনার কুৎসা ও অজিনধারী-যুধিষ্ঠিরের উপাসনা করিতেছে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ১০১ পৃষ্ঠা।

অজিনপত্রা, স্ত্রী. বি. (অজিন-পত, পতন, র-আ) চর্ম্ম চটিকা; চামচিকা। ইহার পরিচয়, যথা—জতুক; জতুকা; ইতি অমরকোষ। রাত্রিচর পক্ষিবিশেষ।

অজিনপত্রী, স্ত্রী. বি. (অজিন-পত, পতন, র-ঈ) জতুকা; চামচিকা; পক্ষী বিশেষ ইতি রাজ নির্ঘণ্ট।

অজিনযোনি, পু. বি. (অজিন-যুন, প্রানি বিশেষ, ই) মৃগ; হরিন; পশু বিশেষ ইতি অমর কোষ।

অজির, ক্লী. বি. (অজ, দ্রব্য বিশেষ, ইর) চত্বর; অঙ্গন; উঠান; বায়ু; শরীর; মণ্ডূক; ভেক; বিষয়; ইতি মেদিনী। জিরাভাব; প্রাঙ্গন; আঙ্গিনা।

অজিহ্ব, পু. বি. (অ হ্বে, আহ্বান, যঙ-পরে তাহার লোপ-অ) মণ্ডূক; ভেক; জিহ্বাভাব; (বিণ.) জিহ্বা রহিত; রসনা শূন্য; স্বাদ গ্রহনে অক্ষম।

অজিহ্ম, ত্রি. বিণ. (অ-জিহ্ম, জিহ্মন, ক) অবক্র; সরল; ক্রূর নহে, যাহা বাঁকা নয়; খল নয়; অকুটিল; যাহা মন্দ নহে; (পু. বি.) ভেক; বেঙ।

অজিহ্মগ, পু. বি. (অজিহ্ম-গম, গতি, ড) বাণ; শর; ইতি অমরকোষ। (বিণ.) অবক্রগ; সরলগামী; যাহার বক্রগতি নয়; যে বাঁকা যায় না।

অজীব, ত্রি. বিণ. (অ-জীব, জীবন, ক) মৃত; অবসন্ন; নির্জ্জীব; জীবনরহিত; যাহার জীবন নাই।

অজীবন, ত্রি. বিণ. (অ-জীব, জীবন, অনট) জীবনশূন্য; প্রান নাই; জীবনবিহীন; যাহার জীবন নাই।

অজীবনি, স্ত্রী. বি. (অ-জীব, জীবন, ই) মৃত্যু; জীবনাভাব; অকরনি; শাঁপ; অভিসম্পাত; বৃত্ত্যভাব।

অজীবিক, ত্রি. বিণ. (অ-জীব, জীবন, ইক) জীবিকাবিহীন; জীবিকাশূন্য; আজীবরহিত; ভরণ পোষণ উপায়বিহীন; যাহার জীবিকা নির্ব্বাহের উপায় নাই।

অজীর্ণ, ক্লী. বি. (অ-জৄ, জরা, ক্ত) জীর্ণাভাব; অপাক; রোগবিশেষ; উদরাময়; ইহার পরিচয়, যথা—বায়ুগণ্ড; অন্তর্ব্বমি; পলতাশয়; ইতি নিদান। বৃদ্ধ নহে; জরাভাব; প্রাচীন নয়; গতযৌবন নহে।

অজীর্ণজনক, ত্রি. বিণ. (অজীর্ণ-জন, উৎপত্তি, অক) জীর্ণজনক নহে; যে অজীর্ণের কারন; যদ্দ্বারা জীর্ণ হয় না; অজীর্ণোৎপাদক; অপাক উৎপাদক।

অজীর্ণজনকতা, স্ত্রী. বি. (অজীর্ণ-জন, উৎপত্তি, অক-তা) অজীর্ণাবস্থা; অপাকজনকত্ব; জীর্ণ হওয়া সাধারণ ধর্ম্ম নহে; অজীর্ণোৎপাদকতা; অজীর্ণজনকতা।

অজীর্ণজনকত্ব, ক্লী. বি. (অজীর্ণ-জন, উৎপত্তি, অক-ত্ব) অপাকজনকতা; জীর্ণ হওয়া সাধারন ধর্ম্ম নহে।

অজীর্ণতা, স্ত্রী. বি. (অ-জৄ, জরা, ক্ত-তা) জীর্ণতাভাব; অপাকতা; অজীর্ণত্ব; বার্দ্ধক্য নহে।

অজীর্ণত্ব, ক্লী. বি. (অ-জৄ, জরা, ক্ত-ত্ব) জীর্ণত্বাভাব; জীর্ণাবস্থা নহে; বৃদ্ধাবস্থা নয়; বুড়া নয়; অপুরাতন।

অজুরা, স্ত্রী. বি. (যাঃ) মজুরীর মূল্য; পরিশ্রমের বেতন; মাহিনা; অপ্রাচীন; প্রাচীন নহে; যুবা।

অজুহনামা, ক্লী. বি. (যাং) মোকদ্দমার কারণ লিখন; অজুহাৎ নামা; মোকদ্দমার বিবরণ প্রকাশ করন।

অজ্‌মু, ত্রি. বিণ. (অ জ্‌মু, জৃম্ভন, অল) মুখাদির বিকাশহীন; হাইশূন্য; জৃম্ভনরহিত; জম্ভাহীন।

অজেয়, ত্রি. বিণ. (অ-জি, জয়, য) অজেতব্য; অজয়নীয়; দুর্জ্জয়; যাহাকে জয় করা উচিত নহে। যাহাকে জয় করিতে পারা যায় না; যথা—অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ কহিলা বলী সিন্ধু পানে চাহি;—" কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে, প্রচেতঃ! হা ধিক্, ওহে জলদলপতি! এই কি সাজে তোমারে, অলঙ্ঘ্য, অজেয় তুমি? ইতি মেঘনাদবধ কাব্য ১৬ পৃষ্ঠা।

অজৈকপাৎ, পুং. বি. (অজৈক, পাদ, পদবিশেষ, ক্বিপ্) একাদশ রুদ্রের মধ্যে একরুদ্র। ইতি শব্দরত্নমালা।

অজৈকপাদ, পুং. বি. (অজৈক-পাদ, পদবিশেষ, অ) রুদ্রবিশেষ; শিবমূর্ত্তি; মহাদেব; ইতিজটাধর।

অজ্জকা, স্ত্রী. বি. (অং-জুক, মন্দব্যবহার, আ) নাটোক্তিতে বেশ্যা; গণিকাবিশেষ; ইতি অমরকোষ।

অজ্‌ঝটা, স্ত্রী. বি. (অং-ঝট, দ্রব্যবিশেষ, ও আ) ভূমি আমলকী; ধাত্রীবৃক্ষ বিশেষ; গ্রহবিশেষের নাম।

অজ্ঝল, ক্লী. বি. (অং-ঝল, দ্রব্যবিশেষ, অল) ফলকবিশেষ; ঢাল; চর্ম্ম; ইতি হেমচন্দ্র। নিম্নস্থান।

অজ্ঞ, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, ড) জড়; মূর্খ; যথা—তিনি অনেকক্ষণের পর নয়ন উন্মীলন ও দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক, সখে! তুমি আদ্যোপান্ত সমুদায় বৃত্তান্ত অবগত হইয়াও অজ্ঞের ন্যায় কি জিজ্ঞাসা করিতেছ? এই মাত্র উত্তর দিয়া রোদন করিতে লাগিলেন। ইতি কাদম্বরী ৫৭ পৃষ্ঠা।

যথা—অজ্ঞব্যক্তিরা দুঃখ নিবারণের নিমিত্ত অতিকষ্টে অর্থরূপ শত্রুকে লাভ ও তাহার রক্ষণাবেক্ষণ করে; কম্ব উহা যে প্রাণনাশেরও কারণ হইয়া উঠে, তাহা একবারও চিন্তা করেনা। ইতি মহাভারত বনপর্ব্ব ৪ পৃষ্ঠা।

অজ্ঞান; নির্ব্বোধ; জ্ঞানহীন; যথা—অতিচপলশীল বালাজন হৃদয়ে অন্যের কথা দূরে থাকুক, চ্যুতিভয়ে স্বয়ং কুসুমেষু ও আশু ইষু মোচন অসমর্থ হয়েন, বালাজনের চিত্তচাঞ্চল্য হেতুক তোমার নলাভিলাষের নিশ্চয়াভাব ভাবিয়া আমি অজ্ঞই হইয়াছি, অতএব নিশ্চয়ার্থ পুনর্ব্বার বলাইতেছি। ইতিনৈষধচরিত ১০৩পৃষ্ঠা। যাহার কিছু জ্ঞান নাই; অনভিজ্ঞ; যথা কহিলা রঘুনন্দন; " আনন্দসাগরে ভাসিনু, গন্ধর্ব্বশ্রেষ্ঠ, এশুভ সংবাদে! অজ্ঞ নর আমি; হায়, কেমনে দেখাব কৃতজ্ঞতা? এই কথা জিজ্ঞাসি তোমারে। " ইতি মেঘনাদবধ কাব্য ৬৯ পৃষ্ঠা।

অজ্ঞতা, স্ত্রী. বি. (অ-জ্ঞা, বোধ, ড-তা) মূর্খতা; জড়তা; অবিদ্যা; মূর্খের সাধারণ ধর্ম্ম; জ্ঞানবিহীনতা; বোধশূন্যতা; বিদ্যাবুদ্ধিবিহীনতা; মূঢ়ের সাধারণধর্ম্ম।

অজ্ঞত্ব, ক্লী. বি. (অ জ্ঞা, বোধ, ড-ত্ব) মূর্খত্ব; জড়তা; অজ্ঞানত্ব; বোধবিহীনত্ব; মূঢ়ত্ব; অনভিজ্ঞত্ব।

অজ্ঞাত, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, ক্ত) অগোচর; না জানা; যাহা পরিজ্ঞাত নহে; অজ্ঞাপিত; যথা—আশার কি অসীম প্রভাব! যাহার প্রভাবে লোকেরা তরঙ্গাকুল ভীষণ সাগর পার হইয়া অপরিচিত ও অজ্ঞাত দেশে প্রবেশ করে। ইতি কাদম্বরী ৬৮ পৃষ্ঠা।

অজ্ঞাতপিতৃক, ত্রি. বিণ. (অজ্ঞাত-পা, রক্ষা, তৃন্-ক) যে পিতা জ্ঞাত নয়; যার অজ্ঞাতপিতা; যার অপরিচিতপিতা; জারজসন্তান; বিজন্মা; যে উপপতিজাত।

অজ্ঞাতপূর্ব্ব, ত্রি. বিণ. [অজ্ঞাত-পূর্ব্ব, প্রথম, ড্বি] যাহা পূর্ব্বে জ্ঞাত নহে; যাহা অগ্রে জ্ঞাতসার হয় নাই।

অজ্ঞাতযৌবনা, স্ত্রী. বিণ. [অজ্ঞাত-যৌবন, অবস্থাবিশেষ. আ] যে স্ত্রী স্বীয় যৌবনাবস্থা অপরিজ্ঞাত; যৌবনকাল পরিচিতা নহে; যৌবনকালাজ্ঞাতকামিনী।

অজ্ঞাতসার, ত্রি. বিণ. (অজ্ঞাত-সৃ, গতি, ঘঞ) অসাক্ষাৎ; পরোক্ষে; সমুখে নয়; অজ্ঞানত। যথা—নেত্রযুগল নিমীলিত ও অঙ্গ অবস করিয়া মূর্চ্ছা অজ্ঞাতসারে আমাকে আক্রমণ করিল। ইতিকাদম্বরী ৬০পৃষ্ঠা।

অজ্ঞাতা, স্ত্রী. বি. (অ জ্ঞা, বোধ, তৃন্) জ্ঞানশীল নহে; বোদ্ধা নয়; জ্ঞানপ্রাপ্তাভাব; যে জানে না।

অজ্ঞাতি, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, ক্তি) সপিণ্ড নহে; জ্ঞাতির অভাব; দায়াদ নয়; সগোত্রহীন।

অজ্ঞাতৃতা, স্ত্রী. বি. (অ জ্ঞা, বোধ, তৃন্-তা) নৈপুণ্য নহে; জ্ঞানাভাব; বুদ্ধি নয়; জ্ঞাতৃতাভাব।

অজ্ঞাতৃত্ব, ত্রি. বিণ. (অ-জ্ঞা, বোধ, তৃন্-ত্ব) জ্ঞাতৃত্ব নহে; জানিবার বিষয় নহে; অজ্ঞাতাবস্থা।

অজ্ঞাতে, ক্রিবিণ. (অ-জ্ঞা, বোধ, ক্ত-এ) অসাক্ষাতে; সমুখে নহে; জ্ঞানানুসারে নহে; অজ্ঞানত; জ্ঞান পূর্ব্বক নয়; বুদ্ধি পূর্ব্বক নহে; অজ্ঞাতসারে।

অজ্ঞান, ক্লী. বি. (অ-জ্ঞা, বোধ, অনট) বিরুদ্ধ জ্ঞান; জ্ঞানাভাব; নির্ব্বোধ। ইহার পরিচয় যথা—অবিদ্যা; অহম্মতি; ইতি অমর কোষ। সৃষ্টিকালে ব্রহ্মা প্রথম পঞ্চ প্রকার অজ্ঞান সৃজন করিয়াছিলেন, যথা—তম; মোহ; মহামোহ; তামিস্র; অন্ধ তামিস্র; ইতি শ্রী ভাগবত। সদসৎ অনির্ব্বচনীয় ত্রিগুণাত্মক ভাব রূপ জ্ঞানের বিরোধি; ইতি বেদান্ত। (ত্রি. বিণ.) জ্ঞান রহিত; যথা—"হে রাজন্, ভুবনবিখ্যাত, রাক্ষসকুলশেখর, ক্ষম এ দাসেরে! হেন সাধ্য কার আছে বুঝায় তোমারে এজগতে? ভাবি, প্রভু, দেখ কিন্তু মনে; অভ্রভেদী চূড়া যদি যায় গুঁড়া হয়ে বজ্রাঘাতে, কভু নহে ভূধর অধীর সে পীড়নে। বিশেষতঃ এভবমণ্ডল মায়াময়, বৃথা এর দুঃখ, সুখ যত। মোহের ছলনে ভুলে অজ্ঞান যে জন। ইতি মেঘনাদবধকাব্য ৮পৃষ্ঠা। জ্ঞানশূন্য; বোধ বিহীন; বিদ্যাবিহীন; মূঢ়; যথা—বরঞ্চ, অপরাপর অনেক দেশের ন্যায় আমাদিগের দেশেও এই প্রসিদ্ধ মত প্রচলিত আছে, যে আদৌ ভূলোক নির্ম্মল জ্ঞান ও পরম সুখের আস্পদ ছিল, ক্রমে ক্রমে তাহার হ্রাস হইয়া অজ্ঞান ও দুঃখের বৃদ্ধি হইতেছে, ও পরে ক্রমশঃ তাহার আধিক্য হইতেছে। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ১৮পৃষ্ঠা।

অজ্ঞানকারক, ত্রি. বিণ. (অজ্ঞান-কৃ, করা, ণক) জ্ঞান কর্ত্তা নহে; যে অজ্ঞান রূপে কার্য্যকরে; মূর্খতা রূপে কর্ম্ম করে; নির্ব্বোধরূপে কার্য্য করে; অজ্ঞানকর্ত্তা।

অজ্ঞানকারী, ত্রি. বিণ. (অজ্ঞান-কৃ, করা, নিন্) যে জ্ঞান কারী নহে; মূর্খত্ব রূপে কার্য্য করা; অজ্ঞান পূর্ব্ব কর্ম করে; যে বিবেচনা না করিয়া কর্ম্ম করে।

অজ্ঞানকৃত, ত্রি. বিণ. (অজ্ঞান-কৃ, করা, ক্ত) যাহা জ্ঞানকৃত নহে; অজ্ঞানাবস্থায় যাহা করিয়াছে; নির্ব্বোধ কৃত; মূর্খ দ্বারা যাহা করা হইয়াছে।

অজ্ঞানজনিত, ত্রি. বিণ. (অজ্ঞান-জন, জন্মান, ক্ত) অজ্ঞানোৎপাদিত; জ্ঞানহীন প্রযুক্ত; নির্ব্বোধ জাত; মূর্খ কর্ত্তৃক যাহা উৎপাদিত হইয়াছে; মূর্খ নিষ্পাদিত।

অজ্ঞানজন্য, ত্রি. বিণ. (অজ্ঞান-জন, নিমিত্ত, য) অজ্ঞানোৎপাদ্য; অজ্ঞান হেতু; অজ্ঞান জনক; বোধ শূন্য প্রযুক্ত; নির্ব্বোধ নিষ্পাদ্য; মূর্খ জনিত।

অজ্ঞানজন্যে, ক্রিবিণ. (অজ্ঞান-জন, নিমিত্ত, য-এ) অজ্ঞান কারণ; বোধ বিহীন হেতু; মূর্খতা নিমিত্ত; নির্ব্বোধ হেতু; অনভিজ্ঞতা হেতু; জ্ঞানশূন্যতা জন্যে।

অজ্ঞানজাত, ত্রি. বিণ. (অজ্ঞান জন, উৎপত্তি, ক্ত) অজ্ঞানোৎপন্ন; নির্ব্বোধ ব্যক্ত; মূর্খ দ্বারা যাহা জন্মিয়াছে; অনভিজ্ঞ কর্ত্তৃক যাহা উৎপন্ন হইয়াছে।

অজ্ঞানতঃ, ত্রি. বিণ. [অ-জ্ঞান, বোধ, তস্] অজ্ঞান পূর্ব্বক; অজ্ঞানতানুসারে; অজ্ঞানতাক্রমে; নির্ব্বোধ রূপে; বুদ্ধি পূর্ব্বক নহে; যাহা জানতঃ নয়।

অজ্ঞানতম, ত্রি. বিণ. [অ-জ্ঞান, বোধ, তম] অতিশয় নির্ব্বোধ; অনেকের মধ্যে অত্যন্ত অজ্ঞান; যাহার কিছুই বোধ নাই; যাহার কিছুমাত্র জ্ঞান নাই।

অজ্ঞানতা, স্ত্রী. বি. (অ-জ্ঞা, বোধ, অনট-তা) অজ্ঞতা; জ্ঞানাভাব; অবিজ্ঞতা; মূর্খতা; নির্ব্বোধতা; নাজানা।

অজ্ঞানতাকূপ, পু. বি. (অজ্ঞানতা-কূপ, জলাশয়, ক) অজ্ঞানতাস্বরূপ অল্প জলাধার; নির্ব্বোধতারূপ পাতকূয়া; যথা—তথাপি অবোধ নরে, নিয়ত কুতর্ক করে, তোমার অস্তিত্ব নাহি মানে। ডুবে অজ্ঞানতাকূপে, কথা কয় নানা রূপে, সার তত্ত্ব কিছুই না জানে। ইতি জ্ঞানবৃক্ষ ৫ম ভাগ।

অজ্ঞানতাবৃত, ত্রি. বিণ. (অজ্ঞান-আ-বৃ, বরণ, ক্ত) মূর্খতাবৃত; অজ্ঞতা বিশিষ্ট; নির্ব্বোধতা পরিপূর্ণ।

অজ্ঞান-তিমিরাবৃতমতি, স্ত্রী. বিণ. (অজ্ঞান-তিমির-আ-বৃত-মন, বোধ, ক্তি) যাহার অজ্ঞানরূপ তিমিরাচ্ছন্ন বুদ্ধি; যথা—অজ্ঞান তিমিরাবৃত মতি ব্যক্তিদিগের নিশাস্বরূপ ব্রহ্মনিষ্ঠাতে জিতেন্দ্রিয় যোগিগণ জাগরিত থাকেন; এবং প্রাণিগণ যে বিষয় নিষ্ঠস্বরূপ দিবায় প্রবোধিত থাকে; আত্মতত্ত্বদর্শী যোগীদিগের সেই রাত্রি। ইতি মহাভারত ভীষ্মপর্ব্ব ৩৬ পৃষ্ঠা।

অজ্ঞানত্ব, ক্লী. বি. (অ-জ্ঞা, বোধ, অনট-ত্ব) মূর্খত্ব; অনভিজ্ঞত্ব; অজ্ঞত্ব; নির্ব্বোধত্ব; জ্ঞানাভাবত্ব।

অজ্ঞানদ, ত্রি. বিণ. (অ-জ্ঞান-দা, দান, ড) যাহা অজ্ঞান বশতঃ হয়; নির্ব্বোধ হইলে যাহা ঘটে।

অজ্ঞানদাতা, ত্রি. বিণ. (অজ্ঞান-দা, দান, তৃন্) জ্ঞান

দাতা নহে; যে ব্যক্তি জ্ঞান প্রদান করেনা; শিক্ষা-দিতে অক্ষম; যে জ্ঞান পূর্ব্বক শিক্ষা দেয় না।

অজ্ঞানদায়ক, ত্রি. বিণ. (অজ্ঞান-দা, দান, ণক) জ্ঞান দায়ক নহে; অজ্ঞানদ; জ্ঞানদাতা নয়; যে মন্দ বুদ্ধি দান করে; বোধদায়ক নহে; চৈতন্যদান কর্ত্তা নয়।

অজ্ঞানধ্বংস, ত্রি. বি. (অজ্ঞান-ধ্বন্স, ধ্বংস, অল) অ-জ্ঞানধ্বংস করা; মন্দইচ্ছা পরিত্যাগ করা; মন্দবুদ্ধি দুরীভূত করা; কদাভিপ্রায় নষ্ট করা; কুবুদ্ধি নষ্ট করা।

অজ্ঞানধ্বংসী, ত্রি. বিণ. (অজ্ঞান-ধ্বন্স, ধ্বংস, অল-ঈ) অজ্ঞানধ্বংস কর্ত্তা; মন্দবুদ্ধি দুরীকরণকারী; অজ্ঞান নাশক; দুষ্টাভিসন্ধি বিনাশকারী; কুবুদ্ধিনাশক।

অজ্ঞাননাশ, পু. বি. (অজ্ঞান নশ, নাশ, ঘঞ) অ-জ্ঞান বিনষ্ট করা; মূর্খতাধ্বংসকরা; নির্ব্বোধতা বিনাশ।

অজ্ঞান নাশক, ত্রি. বিণ. (অজ্ঞান-নশ, নাশ, ণক) অজ্ঞান বিনাশকর্ত্তা; মূর্খতাদুরীকরণকারী; জ্ঞানদাতা; যে জ্ঞানশিক্ষাদেয়; মন্দবুদ্ধিনাশক; কুইচ্ছাধ্বংসকারী।

অজ্ঞাননিবর্ত্তক, ত্রি. বিণ. (অজ্ঞান-নি-বৃত, বর্ত্তন ণক) অজ্ঞান বিরতকরণকারী; নির্ব্বোধক্ষান্ত করণকর্ত্তা।

অজ্ঞাননিবারক, ত্রি. বিণ. (অজ্ঞান-নি-বৃ, বরণ, ণক) অজ্ঞান নিবারণকর্ত্তা; নির্ব্বোধ প্রতি বন্ধক; মূর্খতা নিবারক; কু অভিলায দুরীকরণকারী।

অজ্ঞাননিবারণ, ক্লী. বি. (অজ্ঞান-নি বৃ বরণ, ক্রি-অনট) অজ্ঞান নিবারন করা; মূর্খতা ধ্বংস করা; মন্দবুদ্ধি বিনাশ করা; মন্দ অভিপ্রায় দমন করা।

অজ্ঞাননিমিত্তক, ত্রি. বিণ. (অজ্ঞান-নি-মিদ, করণ ক্ত ক) মন্দবুদ্ধি হেতু; অজ্ঞান জন্য; মূর্খতা কারণ।

অজ্ঞাননিমিত্তে, ক্রিবিণ. (অজ্ঞান নি-মিদ, কারণ, ক্ত-এ) মূর্খতা জন্যে; মন্দবুদ্ধি হেতু; নির্ব্বোধতা কারণে।

অজ্ঞান পূর্ব্বক, ত্রি. বিণ. [অজ্ঞান-পূর্ব্ব, অগ্র, ক] জ্ঞান পূর্ব্বক নহে; নির্ব্বোধ বশতঃ; ভ্রম প্রযুক্ত; অজ্ঞানতঃ; মূর্খতা প্রযুক্ত; কুবুদ্ধ্যানুসারে।

অজ্ঞান প্রযুক্ত, ত্রি. বিণ. (অজ্ঞান-প্র-যুজ, কারণ, ক্ত) অজ্ঞান হেতু; নির্ব্বোধজন্য; জ্ঞান নিমিত্ত নহে; মূর্খতা জন্য; অজ্ঞতা প্রযুক্ত; মূঢ়তা জন্য।

অজ্ঞানবান, ত্রি. বিণ. [অ-জ্ঞান, বোধ, বতু-প্রথমা বি-ভক্তি] অজ্ঞানী; বোদ্ধা নহে; পাণ্ডিত নয়; অপ্রাজ্ঞ; অবিচক্ষণ; সুধার নহে; মূর্খ; নির্ব্বোধ; অনভিজ্ঞ।

অজ্ঞানবিনা, ক্রিবিণ. (অজ্ঞান-বি-নম, নমন, ড-আ) অজ্ঞানব্যতিরেকে; মূর্খতাভিন্ন; অজ্ঞান অভাবে।

অজ্ঞানবিশিষ্ট, ত্রি. বিণ. (অজ্ঞান-বি-শিষ, যুক্ত, ক্ত) অজ্ঞানযুক্ত; নির্ব্বোধ বিশিষ্ট; জ্ঞানযুক্ত নহে।

অজ্ঞান বিষয়ক, ত্রি. বিণ. (অজ্ঞান-বি-ষি, কারণ, অল-ক) অজ্ঞানসম্বন্ধীয়; নির্ব্বোধের কারণ; মূর্খতা হেতুক; অজ্ঞতা বিষয়ক; বোধহীনতা কারণ।

অজ্ঞানব্যতিরিক্ত, ত্রি. বিণ. (অজ্ঞান-বি-অতি-রিচ, রেচন, ক্ত) অজ্ঞানভিন্ন; অনভিজ্ঞ বিনা; মূর্খতা অ-ভাবে; নির্ব্বোধকতা ব্যতিরেকে; জ্ঞানাভাববিহীন।

অজ্ঞানব্যতিরেক, ক্লী. বি. (অজ্ঞান-বি-অতি-রিচ, রে-চন, ঘঞ) অজ্ঞানভিন্ন; নির্ব্বোধ বিনা; বোধভিন্নতা।

অজ্ঞানব্যতিরেকে, ক্রিবিণ. (অজ্ঞান-বি-অতি-রিচ, রেচন, ঘঞ-এ) অজ্ঞান বিনা; মূর্খতা অভাবে; অ-জ্ঞছাড়া; নির্ব্বোধ বিনা; জ্ঞানবশতঃ।

অজ্ঞানমূলক, ত্রি. বিণ. (অজ্ঞান-মূল, আদিকারণ, অক) যে অজ্ঞানের মূল; মূর্খতার আদিকারণ; নি-র্ব্বোধের মূল; যাহা দ্বারা লোকের জ্ঞান হ্রাস হয়।

অজ্ঞানযুক্ত, ত্রি. বিণ. (অজ্ঞান যুজ, যোগ, ক্ত) যে জ্ঞানযুক্ত নহে; নির্ব্বোধবিশিষ্ট; অজ্ঞানশালী।

অজ্ঞানরূপ পঙ্কহাহা, স্ত্রী. বি. (অজ্ঞান-রূপ-পঙ্ক-হাহা, ধ্বনিবিশেষ, অল-আ) খেদসূচক ধ্বনি; শব্দবিশেষ; অজ্ঞান সদৃশ পঙ্করূপ শোকধ্বনি। যথা—হায় হায় ভৈমি! তোমারই বিরহ জনিত নিবিড় পীড়া পরম্পরা রূপ যমুনার মূর্চ্ছারূপ দ্বীপে যে মহৎ অজ্ঞানরূপ পঙ্ক-হাহা তাহাতেই সেই ভটকুঞ্জর মহীভৃৎ নল নিঃশরণ্য হইয়া নিমগ্ন হইতেছেন, অন্য হস্তীও দ্বীপপঙ্কে মগ্ন হইয়া থাকে, ইহাই মূর্চ্ছারূপা কামদশা। ইতি নৈষধ চরিত ১২০ পৃষ্ঠা।

অজ্ঞানহেতুক, ত্রি. বিণ. [অজ্ঞান-হেতু, কারণ, ক] অজ্ঞানজন্য; মূর্খতা প্রযুক্ত; অনভিজ্ঞতা নিমিত্ত।

অজ্ঞানাবৃত, ত্রি. বিণ. (অজ্ঞান-আ-বৃ, বরণ, ক্ত) অ-জ্ঞানাচ্ছন্ন; অজ্ঞান দ্বারা আবৃত; যথা—যে পর্য্যন্ত মনুষ্য অসভ্য ও অজ্ঞানাবৃত থাকেন, সে পর্য্যন্ত তিনি অতি নিষ্ঠুর ইন্দ্রিয় পরায়ণ, ও ধর্ম্ম বিষয়ে নানা প্র-কার কুসংস্কারাবিষ্ট হইয়া নিন্দিত কর্ম্মে প্রবৃত্ত হন। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ১২ পৃষ্ঠা।

অজ্ঞানিতা, স্ত্রী. বি. [অ-জ্ঞান, বোধ, ঈ তা] মূর্খতা;

অবিবেচনা ; বোধশূন্যতা ; জ্ঞানবিহীনতা ; অজ্ঞতা।

অজ্ঞানিত্ব , ক্লী . বি . [অ-জ্ঞান , বোধ , ঈ-ত্ব] অজ্ঞত্ব ; মূর্খত্ব ; নির্ব্বোধত্ব ; বোধশূন্যত্ব ; অবিজ্ঞত্ব।

অজ্ঞানী , ত্রি . বিণ . (অ-জ্ঞা , বোধ , অনট-ঈ) মূর্খ ; অনভিজ্ঞ ; মূঢ় ; বিদ্বান নহে ; বোধশূন্য ; বিজ্ঞ নয়।

অজ্ঞানীকৃত , ত্রি . বিণ . (অজ্ঞানী-কৃ , করণ , ক্ত) নির্ব্বোধকৃত ; যাহা মূর্খ দ্বারা সম্পন্ন হইয়াছে ; মূঢ়কৃত ; অনভিজ্ঞসম্পাদিত ; জ্ঞানশূন্য ব্যক্তি যাহা করিয়াছে।

অজ্ঞানে , ক্রিবিণ . (অ-জ্ঞা , বোধ , অনট-এ) অজ্ঞানবশতঃ ; বোধপূর্ব্বক নহে ; অপ্রজ্ঞারূপে ; বিবেচনা পূর্ব্বক নহে ; অচৈতন্যে ; অনভিজ্ঞতা বশতঃ।

অজ্ঞানোত্তীর্ণ, ত্রি . বিণ . (অজ্ঞান-উৎ-তৄ , তরণ , ক্ত) মূর্খতা হইতে উত্তীর্ণ ; অনভিজ্ঞতা হইতে মুক্ত ; জ্ঞানবান্ ; বিদ্বান্ ; যে অজ্ঞান হইতে উত্তীর্ণ হইয়াছে।

অজ্ঞাপক , ত্রি . বিণ . (অ-জ্ঞা , বোধ , ণক) যে জ্ঞানে না ; জ্ঞাপন করা নহে ; কোন সমাচার না দেওয়া।

অজ্ঞাপন , ক্লী . বি . (অ-জ্ঞা , বোধ , ণি-অনট) জানান নহে ; অবিদিত করণ , অবোধন ; যাহা জ্ঞাপন করা নহে ; যাহা প্রকাশ করা নয় ; ব্যক্ত করা নয়।

অজ্ঞাপনীয় , ত্রি . বিণ . (অ-জ্ঞা , বোধ , ণি-অনীয়) জ্ঞাপনীয় নহে ; জানাবার উপযুক্ত নয় ; জ্ঞাতকরণাযোগ্য ; যাহা বিদিত করিবার যোগ্য নহে।

অজ্ঞাপিত , ত্রি . বিণ . (অ-জ্ঞা , বোধ , ণি-ক্ত) অপ্রকাশিত ; অবিদিত ; অজানিত ; যাহা জানিত নহে।

অজ্ঞেয় , ত্রি . বিণ . (অ-জ্ঞা , বোধ , য) জানিবার অযোগ্য ; কষ্টে জ্ঞান গম্য ; বোধগম্য নহে ; অজ্ঞাতব্য।

অজ্যেষ্ঠ , ত্রি . বিণ . [অ-প্রশস্য , দুই বা বহুর মধ্যে প্রধান , ইষ্ঠ] জ্যেষ্ঠ নহে ; অগ্রজ নয় ; দুই বা বহুর মধ্যে শ্রেষ্ঠ নহে ; অধিক বয়স্ক নহে ; বড় ভাই নয় ; বড়নয়।

অজ্যোতিঃ , ত্রি . বিণ . (অ-জ্যুত , দীপ্তি , ইস্) দীপ্তি নহে ; নক্ষত্রনয় ; অপ্রকাশ ; অগ্নিনয় ; সূর্য্য নহে , চন্দ্র নহে ; যাহা দ্বারা আলোক মাত্র হয় না।

অজ্বর , ত্রি . বিণ . (অ-জ্বর , রোগ বিশেষ , অল) সুস্থ ; রোগ বিহীন ; পীড়াহীন ; ক্লেশশূন্য ; শান্ত ; সুস্থির ; গ্লানি বিহীন ; যাহার দেহে কোন রোগ নাই।

অজ্বরী , ত্রি . বিণ . (অ-জ্বর , রোগবিশেষ , ইন্) জ্বর বিশিষ্ট নহে ; ক্লেশেতে অধৈর্য্য নয় ; পীড়াযুক্ত নয় ; ক্লিষ্ট নহে ; দুঃখে ব্যাকুল নহে ; রোগাক্রান্ত নয়।

অজ্বলন , ক্লী . বি . (অ-জ্বল , জ্বলন , অনট) অনুদ্দীপন ; দহনাভাব ; অগ্নি নহে ; কাতর হওন নয় ; জ্বলনাভাব।

অজ্বলনার্হ , ত্রি . বিণ . (অ-জ্বলন-অর্হ , যোগ্যতা , অল) উদ্দীপন যোগ্য নহে ; দহনাযোগ্য ; অদহনীয়।

অজ্বলনীয় , ত্রি . বিণ . (অ-জ্বল , জ্বলন , অনীয়) জ্বলনার্হ ; অদাহ্য ; শীঘ্র দহন শীল নহে ; অদহনীয়।

অজ্বলিত , ত্রি . বিণ . (অ-জ্বল , জ্বলন , ক্ত) জ্বলিত নহে ; জ্বলন বিশিষ্ট নয় ; অদগ্ধ ; অনুজ্জ্বল ; অদীপ্ত।

অজ্বাল , ত্রি . বিণ . (অ-জ্বল , জ্বলন , ঘঞ) অগ্নিশিখা নয় ; দীপ্তিবিশিষ্ট নহে ; প্রজ্বলিতনয় ; দহনশীল নয়।

অঝটিতি , ত্রি . বিণ . [অ-ঝটিতি , শীঘ্র ; চি] শীঘ্র নহে ; অদ্রুত ; অত্বরিত ; (ক্রিবিণ .) সাবকাশে ; আস্তে সুস্থে ; বিলম্ববশতঃ ; ত্বরা পূর্ব্বক নহে।

অঞ্চতি , পু . বি . (অনচ , নড়াচড়া , ক্তি) বায়ু ; বাতাস ; নড়াচড়া ; চঞ্চল ; অস্থির ; অনিল।

অঞ্চল , পু . বি . (অ-চল , চলন , অল) বস্ত্র প্রান্তভাগ ; যথা—শকুন্তলা রাজদত্ত অঙ্গুরীয় অঞ্চলের কোনে বাঁধিয়া রাখিয়াছিলেন ; এক্ষণে ব্যস্ত হইয়া অঙ্গুরীয় খুলিতেগিয়া দেখিলেন অঞ্চলের কোনে অঙ্গুরীয় নাই। ইতি শকুন্তলা ৬৯ পৃষ্ঠা।

বস্ত্রের শেষাংশ ; আঁচল ; ইতি হলায়ুধ। দিকপ্রদেশ ; সীমা ; ভিন্নদেশ ; অন্য স্থান ; শেষাংশ ; যথা—অনন্তর সেই নিয়োগিগণ যে তুরঙ্গ নিরন্তর চঞ্চল ক্ষুরাঞ্চল দ্বারা নিজ নিবাস ভূমির মধ্যভাগ ক্ষুণ্ণ করণে নিতান্ত নিপুণ তথা বিভূষিত ও সিত অর্থাৎ শুভ্র , এবং বেগে বা পরিমানে- পৌরুষাধিক অর্থাৎ বলবৎ সুদীর্ঘকায় মহাপুরুষাপেক্ষা সর্ব্বাধিক শ্রেষ্ঠ , এইরূপ এক অশ্বরাজ রাজসমীপে সমুপস্থিত করিল। ইতি নৈষধচরিত ২০ পৃষ্ঠা।

অঞ্চল প্রান্ত পু . বি . (অঞ্চল-প্র-অন্ত , শেষ , অল) অঞ্চলের শেষাংশ , বস্ত্রের শেষভাগ ; আঁচলের খুট ; যথা—নদীতে স্নান করিবার সময় , রাজদত্ত অঙ্গুরীয় শকুন্তলার অঞ্চলপ্রান্ত হইতে সলিলে ভ্রষ্ট হইয়াছিল। ভ্রষ্ট হইবামাত্র এক অতি বৃহৎ রোহিত মৎস্যে গ্রাস করে। ইতি শকুন্তলা ৭৬ পৃষ্ঠা।

অঞ্চিত , ত্রি . বিণ . (অনচ , পূজা , ক্ত) পূজিত ; ইতি অমর কোষ। অর্চ্চিত ; মনোহর ; গ্রথিত ; বক্রীকৃত ; যাহা বাঁকান হইয়াছে ; অসরল ; খুজিত।

অঞ্চিতভ্রূ, স্ত্রী. বি. [অঞ্চিত-ভ্রূ, অঙ্গ বিশেষ, ঢ়্] সুন্দরভ্রূ যুক্ত নারী ; যে কামিনীর ভ্রূ অতি মনোহর ; সুভ্রূ রমণী ; চক্ষু দ্বয়ের ঊর্দ্ধ ভাগস্থ লোমশ্রেণী উত্তম।

অঞ্জ, পুং বি. (অন্জ, পরিষ্কার করা, অল) পরিষ্কার করণ ; সৌন্দর্য্য করণ ; শোভাকরন ; পরিচ্ছন্ন করন।

অঞ্জন, ক্লী. বি. (অন্জ, ম্রক্ষন-গমন-ব্যক্তীকরণ, অনট) কজ্জল ; কাজল ; যথ—কিরীট ছুট। কবরী উপরী, হায়রে, শোভিল যথা কাদম্বিনী শিরে ইন্দ্রচাপ ! লেখা ভালে অঞ্জনের রেখা, ভৈরবীর ভালে যথা নয়নরঞ্জিকা শশিকলা ! উচ্চ কুচ আবরি কবচে সুলোচনা, কটিদেশ যতনে আঁটিলা বিবিধ রতনময় স্বর্ণ সার মনে। ইতি মেঘনাদ বধকাব্য ৭৩ পৃষ্ঠা।

চক্ষু রঞ্জনের বস্তু ; দীপ শিখার কালিমা ; ইহার গুণ পরিচয় যথা—তারা নির্ম্মল কারিত্ব ; চন্দ্রতুল্য নির্ম্মল ও নিরাকুল দৃষ্টি কারিতা ; ইতি রাজ বল্লভ। সৌবী রাঞ্জন ; রসাঞ্জন ; অক্তিমনী ; ইতিহেমচন্দ্র। অগ্নি ; ইতি বিশ্ব। ব্যঞ্জনাথাবৃত্তি ; ইতি অলঙ্কার। (পু.) পশ্চিম দিগ্ হস্তী ; জ্যেষ্ঠী ; জেঠী ; ইতি বিশ্ব এবং মেদিনী। কৃষ্ণবর্ণ ; কালবর্ণ ; যথা—বসি সারি সারি, যত শুক সারী, গান করি হরে মন। নাচিছে খঞ্জন, অঞ্জনবরণ, বেড়ায় হরিণগণ॥ ইতি কুমারসম্ভব ২৯ পৃষ্ঠা।

অঞ্জনাঞ্চিত, ত্রি. বিন. (অঞ্জন-অন্চ, গতি, ক্ত) অঞ্জন বিশিষ্ট ; অঞ্জন যুক্ত ; কাজল দ্বারা শোভিত ; যথা—মহারাজ দময়ন্তীর অবিলম্ব মনোহর নয়নযুগল দেখিয়া নলিনকে তো অতীব মলিন বোধ হয়, আর হরিণী-লোচনের অনুশোচনায় প্রয়োজন নাই, কেন না উক্ত নয়ন মলিনাঞ্জনাঞ্চিত হইলে খঞ্জনকেও কান্তিগর্ব্বে দরিদ্র হইতে হয়। ইতি নৈষধচরিত ৫৩ পৃষ্ঠা

অঞ্জনকেশী, স্ত্রী. বি. [অঞ্জন কেশ, দ্রব্য বিশেষ, ঈ] হট্ট বিলাসিনী নামক গন্ধদ্রব্য ; ইতি অমর কোষ।

অঞ্জনবর্ষণ, ক্লী. বি. (অঞ্জন-বৃষ, বর্ষণ, অনট) অঞ্জন বৃষ্টি ; কাজল বর্ষণ ; কৃষ্ণবর্ণবৃষ্টি ; ঘোর অন্ধকার ; যথা—তখন বোধ হইতে লাগিল যেন গগন মণ্ডল অঞ্জন বর্ষণ করিতেছে অন্ধকার গাত্রে লিপ্ত হইতেছে, অন্তরীক্ষ ভূমির সহিত সংলগ্ন হইয়া গিয়াছে এবং সমুদয় দিক্ একত্র সংহত হইয়া রহিয়াছে। ইতি রোমাবতী ২৫ পৃষ্ঠা।

অঞ্জনা, স্ত্রী. বি. (অন্জ, অঞ্জন, অনট-আ) বানরী বিশেষ ; হনুমানের মাতা ; ইতি মেদিনী। কেশরী নামক বানরপত্নী ; পশ্চিম দিকের হস্তিনী।

অঞ্জনকেশী, স্ত্রী. বি. (অঞ্জন-কেশ, দ্রব্যবিশেষ, অল] হরিদ্রা ; গন্ধদ্রব্যবিশেষ ; সদ্গন্ধবিশিষ্ট দ্রব্য।

অঞ্জনাঙ্কিত, ত্রি. বিন. (অঞ্জন-অঙ্ক, চিহ্ন, ক্ত) অঞ্জন চিহ্নিত ; যে চিহ্ন কাজল দ্বারা সুসম্পাদন হইয়াছে ; কৃষ্ণবর্ণ চিহ্ন যুক্ত ; কালির টিপ্ ; যথা—অলিচুম্বিত তিলক পুষ্প অবলোকন করিয়া প্রমদাগণের অঞ্জনাঙ্কিত তিলক বিন্দু স্মরণ হইতে লাগিল, প্রফুল্ল নবমল্লিকা বনভূমির অপূর্ব্ব শোভা সম্পাদন করিল, ইতি রঘুবংশ ৬৯ পৃষ্ঠা।

অঞ্জনাধিকা, স্ত্রী. বি. (অঞ্জন-অধিক, দ্রব্য বিশেষ, আ) অঞ্জনিকা ; জ্যেষ্ঠী বিশেষ।

অঞ্জনানন্দন, পু. বি. (অঞ্জনা-নন্দি, হর্ষ, অন) অঞ্জনার পুত্র ; পবনপুত্র ; হনুমান্ ; যথা—এতেক ভাবিয়া মনে অঞ্জনানন্দন (প্রভঞ্জন সনে যথা) কহিলা গভীরে ; —বন্ধী সম শিলা বন্ধে বাঁধিয়া সিন্ধুরে, হে সুন্দরী, প্রভু মম, রবিকুল রবি, লক্ষ লক্ষ বীর সহ আইলা এ পুরে। ইতি মেঘনাদ বধকাব্য ৭৭ পৃষ্ঠা।

অঞ্জনাবতী, স্ত্রী. বি. [অঞ্জনা, ব্যক্তি বিশেষ বতু-ঈ) সুপ্রতীক নামে দিগ্গজ ভার্য্যা ; অঞ্জনা ; অমর কোষ।

অঞ্জনাম্ভস্, ক্লী. বি. (অঞ্জন-অম্ভ, বারি, অস্) অশ্রু ; চক্ষের জল ; নেত্রবারি ; নয়ননীর ; নেত্রাম্বু।

অঞ্জনিকা, স্ত্রী. বি. [অঞ্জন, দ্রব্যবিশেষ, ইক-আ] জ্যেষ্ঠী বিশেষ ; আঁজ নাই ; আঞ্জিনা ; ইহার পরিচয় যথা অঞ্জনাধিকা ; হালিনী ; হলাহল ; ইতি হেমচন্দ্র। ক্ষুদ্র মূষিকা ; ইতি জটাধর। ক্ষুদ্র স্ত্রী মূষিক।

অঞ্জনী, স্ত্রী. বি. [অঞ্জন, দ্রব্য বিশেষ, ঈ] লেপ্যানারী ; চন্দনাদি লেপন যোগ্যা ; ইতি বিশ্ব এবং মেদিনী। যে কামিনী চন্দনাদি গন্ধ দ্রব্য লেপনের উপযুক্তা ; কটুকা বৃক্ষ ; কালাঞ্জনী বৃক্ষ ; ইতি রাজ নির্ঘণ্ট।

অঞ্জলি, পু. বি. [অঞ্জল, সংযোগ, ই] হস্ত সম্পুট ; আঁজলা ; যথা—শীঘ্র সজ্জা কর মধু শীঘ্র সজ্জা কর। রতি বিনা একদণ্ড বাঁচে না যে স্মর॥ পরে একাঞ্জলি জল দিওরে উদ্দেশে। দুজনে করিব পান একাসনে বসে॥ ইতি কুমারসম্ভব ৫১ পৃষ্ঠা।

পরিমাণ বিশেষ ; করপুট ; ইতি মেদিনী। যুক্তকর দ্বয় ; যথা—পৌর কন্যারা গবাক্ষ দ্বারে দণ্ডায়মান

হইয়া অঙ্গলি প্রসারণ পূর্ব্বক রঘুবীর পত্নী সীতাকে প্রণাম করিতে লাগিল এবং তাঁহার সর্ব্বাঙ্গে অত্রিপত্নী দত্ত উজ্জ্বলতর অঙ্গরাগ জ্বলন্ত অনল প্রায় নিরীক্ষণ করিয়া আশ্চর্য্য বোধ করিল। ইতি রঘুবংশ ১০৯ পৃষ্ঠা। যোড় হস্ত; কৃতাঞ্জলি পুট।

অঞ্জলিকা, স্ত্রী. বি. [অঞ্জল, সংযোগ, ইক-আ] বাল মূষিকা; ইতি জটাধর। অঞ্জনিকা; ইতি কেচিৎ।

অঞ্জলিকারিকা, স্ত্রী. বি. (অঞ্জলি-কৃ, করণ, ণিক-আ) লজ্জালুলতা; পুত্তলিকা; ইতি হেমচন্দ্র। লজ্জাবতী নামক বৃক্ষ; চৈতন্য যুক্তা বৃক্ষ বিশেষ; লতা বিশেষ।

অঞ্জলিপুট, পু. বি. (অঞ্জলি-পুট, সংযোগ, ক) কৃতাঞ্জলি; কর দ্বয়ের সংযোগ করা; হাত যোড় করা; যথা—কৃতাঞ্জলিপুটে পুনঃ কহিলা বাসব;—পরম অধর্ম্মাচারী নিশাচরপতি—দেবদ্রোহী; আপনি হে নগেন্দ্রনন্দিনি, দেখ বিবেচনা করি। ইতি মেঘনাদবধ কাব্য ৪৬ পৃষ্ঠা।

অনন্তর সঞ্জয় দীন নয়নে লব্ধসংজ্ঞ নৃপতিকে শোকাবেগে অনর্গল অশ্রুজল বিসর্জ্জন ও ঘন ঘন নিশ্বাস পরিত্যাগ করিতে দেখিয়া কৃতাঞ্জলিপুটে মধুর বাক্যে আশ্বাস প্রদান করিতে লাগিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩ পৃষ্ঠা।

অঞ্জলিবন্ধন, ক্লী. বি. (অঞ্জলি-বন্ধ, বন্ধন, অনট) করপুটে নমস্কার; দুই হস্ত একত্র সংযোগ করিয়া নমস্কার করা।

অঞ্জস, ত্রি. বিণ. (অঞ্জ, গতি, অস্) অবক্র; ঋজু; ইতিহেমচন্দ্র। সরল; সমান; যথার্থ; যাহা বাঁকা নয়।

অঞ্জসা, ব্য. [অঞ্জস্, শীঘ্রতা, প্রথমা বিভক্তি] দ্রুত; শীঘ্র; যথার্থ; প্রকৃত; ইতিঅমরকোষ। ঠিক; তথ্য।

অঞ্জাম, ক্লী. বি. (যাং) আয়োজন; আহরণ; সমাপন।

অঞ্জি, পু. বি. (অন্‌জ, গতি, ই) প্রেষণিক; প্রেরক; ইতি উণাদি কোষ। প্রধান ব্যক্তি; আজ্ঞা কারক।

অঞ্জিত, ত্রি. বিণ. (অন্‌জ, পরিষ্কার করা, ক্ত) পরিষ্কৃত; সুশোভিত; যথা—কিবা আসন সুরঞ্জিত, মণিগুণ গঞ্জিত, অঞ্জিত চারি দিক মৌক্তিক মালে। আহা তদুপরি শঙ্কর, শঙ্করী মনোহর, বিভাকর নিন্দিত অংশুক জালে॥ ইতি কুমারসম্ভব ১৪৩ পৃষ্ঠা।

অঞ্জিষ্ঠ, পু. বি. (অঞ্জি-স্থা, গতি নিবৃত্তি, ড) সূর্য্য; ভাস্কর; প্রভাকর; অরুণ; রবি; তেজোময়।

অঞ্জীর, ক্লী. বি. (অন্‌জ, গতি, ঈর) স্বনামখ্যাত ফল; বৃক্ষ বিশেষ; আঁজির; পেয়ারা; ইহার পরিচয়, যথা—মঞ্জুল; কাকোডুম্বরিকা ফল। ইহার গুণ যথা—শীতলতা; স্বাদুতা; গুরুতা। বায়ু, পিত্ত, রক্ত, ক্রিমি, শূল, হৃৎপীড়া, কফ, এবং মুখবৈর নাশক। বিশেষতঃ অগ্নিকারিতা। কিন্তু লঘু অঞ্জীর ফলের এতদপেক্ষা অত্যল্পগুণ। সর্ব্বতোভাবে রুচি কারক ইতি কেচিৎ।

অট, পু. বি. (অট, গতি, অল) গমন; ভ্রমণ; যাওন।

অটঙ্কার, ত্রি. বিণ. (অটন্-কৃ, করণ, ঘঞ) টঙ্কার শূন্য; ধনুর্গুণধ্বনি নহে; জ্যাশব্দ নয়; অবিস্ময়; অপ্রসিদ্ধ; যাহা বিখ্যাত নয়; কর্কশবিহীন; যাহা সকলে অজ্ঞাত।

অটঙ্কিত, ত্রি. বিণ. (অ-টঙ্ক, বন্ধন, ক্ত) অকোপিত; শব্দিত নহে; কর্কশ শব্দনয়; অবদ্ধ; অবিস্মিত।

অটন, ক্লী. বি. (অট, গমন, অনট) ভ্রমণ; চলন; গমন; যাওয়া; নানাবিধ স্থানে বেড়িয়া বেড়ান।

অটনি, স্ত্রী. বি. (অট, গমন, অনট-ইস্) ধনুর অগ্রভাগ; ধনুকের হুল; ধনুষ্কোটি; ইতি উণাদি কোষ।

অটনী, স্ত্রী. বি. (অট, গমন, অনট-ঈ) অটনি; ধনুষ্কোটি; ইতি অমর কোষ। ধনুকের হুল।

অটবি, স্ত্রী. বি. (অট, গমন, বন্-ই) বন; ;জঙ্গল অরণ্য; কানন; বিপিন; ইতি অমর কোষ।

অটবিক, ত্রি. বিণ. (অট, গমন, বন-ইক) কাষ্ঠনির্ম্মিত; দারুময়; যাহা কাষ্ঠ দ্বারা গঠিত হইয়াছে; (পু.) অরণ্যবাসী; বানপ্রস্থী; বনাশ্রমী।

অটবী, স্ত্রী. বি. (অট, গমন, বন্-ঈ) বন; অরণ্য; জঙ্গল; কানন; ইতি অমরকোষ। অগস্ত্যাশ্রম; যথা—ভারতবর্ষের মধ্য স্থলে বিন্ধ্যাচলের নিকটে এক অটবী আছে। উহাকে বিন্ধ্যাটবী কহে ঐ অটবীর মধ্যে গোদাবরী নদীর তীরে ভগবান্ অগস্ত্যের আশ্রম ছিল। যে স্থানে ত্রেতাবতার ভগবান্ রামচন্দ্র পিতৃ আজ্ঞা প্রতিপালনের নিমিত্ত সীতা ও লক্ষ্মণের সহিত পঞ্চবটীতে পর্ণশালা নির্ম্মাণ করিয়া কিঞ্চিৎকাল অবস্থিতি করিয়াছিলেন। ইতি কাদম্বরী ৪ পৃষ্ঠা।

অটরুষ, পু. বি. (অট-রুষ, রোষ, ক) বাসকবৃক্ষ; বৃক্ষবিশেষ; ইতি অমরকোষ। উদ্ভিজ্জবিশেষ।

অটরূষ, পু. বি. (অট-রূষ, রোষ, ক) বাসকবৃক্ষ; বৃক্ষবিশেষ; ইতি অমরকোষ। উদ্ভিজ্জবিশেষ।

অটল, ত্রি. বিণ. (অ-টল, টলা, অল) দৃঢ়; স্থির; স্থায়ী; অচল; যাহা নড়ে চড়ে না; দৃঢ়প্রতিজ্ঞ;

যথা—শুন ষড়ানন, মোরা দেবগণ, শরণ নিলাম তব। ত্রিদিব কাড়িয়া দিল তাড়াইয়া তারক নামে দানব। সমরে অটল, সে বড় বিটল, দেবে করে অপমান। না মানে কাহারে, কে পারে তাহারে, না রহে কাহার প্রাণ ॥ ইতি কুমারসম্ভব ১৪৮ পৃষ্ঠা।

অটল অচল, পুং. বি. (অটল-অ-চল, চলন, অল) স্থিরতর পর্ব্বত; অতিশয় সুদৃঢ় পর্ব্বত; যথা—দেখিলা রাক্ষসেশ্বর উন্নত প্রাচীর—অটল অচল যথা; তাহার উপরে, বীরমদে মত্ত, ফেরে অস্ত্রীদল যথা শৃঙ্গধরোপরি সিংহ। ইতি মেঘনাদবধ কাব্য ১২ পৃষ্ঠা।

অটলকথা, স্ত্রী. বি. (অটল-কথ, বাক্য, ঙ-আ) স্থিরবাক্য; দৃঢ়বাক্য; অচল সম্ভাষণ; যে কথা স্থায়ী; যে বাক্যের অন্যথা সাধন হয় না; অস্থির বাক্য নহে।

অটলচিত্ত, ত্রি. বিণ. (অটল-চিত, চেতন, ক্ত) দৃঢ়ান্তঃকরণ; স্থিরমন; অচঞ্চল মন; যাহার চিত্ত সর্ব্বদা অস্থির নহে; যাহার মনে সর্ব্বদা ভ্রম জন্মায় না।

অটলতা, স্ত্রী. বি. (অ-টল, টলা, তা) দৃঢ়তা; অস্থিরতা নহে; স্থায়িতা; অচঞ্চলতা; সুস্থিরতা।

অটলত্ব, ক্লী. বি. (অ-টল, টলা, ত্ব) অস্থিরত্ব নহে; অচঞ্চলত্ব, দৃঢ়ত্ব; স্থিতিশীলত্ব; স্থায়িত্ব; অচলত্ব।

অটলনীয়, ত্রি. বিণ. (অ-টল, টলা, অনীয়) টলনীয় নহে; দৃঢ়যোগ্য; স্থিরোপযুক্ত; যাহা চলনযোগ্য নহে।

অটলমতি, ত্রি. বিণ. (অটল-মন, অন্তঃকরণ, ক্তি) অচল বুদ্ধি; স্থির মতি; যাহার দৃঢ়ান্তঃকরণ।

অটলস্বভাব, ত্রি. বিণ. (অটল-স্ব-ভূ, সত্তা, ঘঞ) চঞ্চল স্বভাব নহে; স্থির প্রকৃতি; অচলস্বরূপ; অভ্রমপ্রকৃতি।

অটলাভিলাষ, পুং. বি. (অটল-অভি-লষ, বাঞ্ছা, ঘঞ) স্থির ইচ্ছা; দৃঢ় প্রতিজ্ঞা; অচল অভিলাষ।

অটলাভিলাষী, ত্রি. বিণ. (অটল-অভি-লষ, বাঞ্ছা, ণিন্) স্থির ইচ্ছুক; দৃঢ় প্রতিজ্ঞ; যাহার অভিলাষ অস্থির নহে; অটল মতি; যাহার ইচ্ছার অন্যথা হয় না।

অটলিত, ত্রি. বিণ. (অ-টল, টলা, ক্ত) টলিত নহে; যে টলে না; অবিচলিত; পণরক্ষক; প্রতিজ্ঞাপূরক।

অটাট্যা, স্ত্রী. বি. (অট-অট, গমন, য-আ) পর্য্যটন; ইতি অমর কোষ। পুনঃ পুনঃ ভ্রমণ; অতিশয় ভ্রমণ; দেশ ভ্রমণ; অবাধে নানা দেশ পর্য্যটন করা।

অটুট, ত্রি. বিণ. (অ-ত্রুট, কর্ত্তন, ক) অখণ্ড; ভগ্ন নহে; সম্পূর্ণ; যাহার কিছুমাত্র ভগ্ন বা কর্ত্তন করা হয় নাই।

অটোল, ত্রি. বিণ. (অ-টুল, স্থান, অল) চতুষ্পাটী নয়; পাঠশালা নহে; চৌবাড়ী নয়; যাহা টোল নয়।

অট্ট, ক্লী. বি. (অট্ট, অতিক্রম-বধ তুচ্ছ-অনাদর, অল) শুষ্ক; ভক্ত; অন্ন; ইতি মেদিনী। (পুং.) ক্ষৌম; ইতি অমর কোষ। হর্ম্ম্য; অট্টালিকা; প্রাসাদের-উপরি গৃহ; রাজ বাটী; উচ্চ গৃহ। প্রাকার মণ্ডপের উপরি গৃহ; ইতি কেচিৎ। অতিশয়; ইতি হেমচন্দ্র।

অট্ট অট্টহাস, পুং. বি. (অট্টঅট্ট-হস, হাস্য, ঘঞ) উচ্চহাস্য; ধ্বনিবিশিষ্ট হাস্য; যথা—কোন কোন খানে, নাচে ভূত গণে, আনন্দে তুলিয়া হাত। অট্ট অট্ট হাসে, ঘন ঘন ভাষে, জয় জয় বিশ্বনাথ ॥ ইতি কুমারসম্ভব ১২৭ পৃষ্ঠা।

ভয়ঙ্কর হাস্য; যথা—মার মার ঘের ঘার হান হান হাঁকিছে। হুপ্ হাপ্ দুপ্ দাপ্ আশ্ পাশ্ বাঁকিছে ॥ অট্ট অট্ট ঘট্ট ঘট্ট ঘোর হাস হাসিছে ॥ হূম্ হাম্ খুম্ খাম্ ভীম শব্দ ভাষিছে ॥ ইতি ভারতচন্দ্র ৩৯ পৃষ্ঠা।

অট্টট্ট (ব্য) অত্যুচ্চ; অতিশয়; অতিশয় উচ্চ শব্দ।

অট্টন, ক্লী. বি. (অট্ট, দ্রব্যবিশেষ, অনট) চক্রফলাস্ত্র; গোলাকার অস্ত্রবিশেষ; যে অস্ত্রের আকার গোল।

অট্টহাস, পুং. বি. (অট্ট-হস, হাস্য, ঘঞ) মহত্তর হাস; শব্দযুক্ত হাস্য; ইতি হেমচন্দ্র। উচ্চহাস্য অতিশয় ধ্বনি বিশিষ্ট হাস্য; যথা—কেহ টংকারিলা শিঞ্জিনী; হুঙ্কারি কেহ উলঙ্গিলা অসি; আস্ফালিলা শূল কেহ; হাসিলা কেহ বা অট্টহাসে টিটকারি; কেহ বা নাদিলা, গহনবিপিনে যথা নাদে কেশরিণী, বীরমদে, কামমদে উন্মাদ ভৈরবী। ইতি মেঘনাদবধ কাব্য ৮৫ পৃষ্ঠা।

অট্টহাসক, পুং. বি. (অট্ট-হস, হাস্য, ণক) কুন্দপুষ্পের বৃক্ষ; কুঁদফুলের গাছ; যাহার অতিশয় উচ্চ হাস্য।

অট্টহাসী, পুং. বি. (অট্ট-হস, হাস্য, ণিন্) শিব; মহাদেব; উচ্চ শব্দে হাসী; ধ্বনিবিশিষ্ট হাসি।

অট্টাল, পুং. বি. (অট্ট-অল, স্থান বিশেষ, অল) প্রাকারাদির উপরিস্থ উচ্চস্থান। ইতি শ্রীধরস্বামী।

অট্টালক, পুং. বি. (অট্ট-অল, স্থানবিশেষ, অল-ক) উপরিতন গৃহ; অট্টালিকার উপরের গৃহ; ইহার পরিচয়, যথা—ক্ষৌম; অট্ট; ইতি হেমচন্দ্র।

অট্টালিকা, স্ত্রী. বিণ. (অট্ট-অল, স্থান বিশেষ,

ইক-আ) রাজবাটী; উচ্চগৃহের উপরিভাগ; যথা—দুঃখিত কলিঙ্গ রায়, হাতি ঘোড়া ভেসে যায়, অট্টালিক উঠে রামাগন। মহলে প্রবেশে জল, রহিতে নাহিক স্থল, খাট পাট ভাসে নানা ধন॥ ইতি কবিকঙ্কন চণ্ডী ৮০ পৃষ্ঠা।

প্রাসাদ; রাজার গৃহ; ইহার পরিচয় যথা—নৃপাগার; হর্ম্ম্য; সৌধ; ধবলাগার; ইতি জটাধর। ইষ্টকাদি নির্ম্মিত বাটী; কোটা বাড়ী; যথা—আহা! প্রভু ব্যতিরেকে আমার কি দুরবস্থা না ঘটিয়াছে; আমার শত শত অট্টালিকা বিশীর্ণ হইতেছে, প্রাকারবেষ্টন সকল ভগ্ন হইয়া যাইতেছে, দিনাবসানের ঘনাবলী প্রচণ্ড বায়ুবেগে খণ্ড খণ্ড হইলে আকাশমণ্ডলী দেখিতে যেরূপ হয় সম্প্রতি অযোধ্যার ভগ্নাগার সকল সেইরূপ হইয়াছে। ইতিরঘুবংশ ১২৯পৃষ্ঠা। ইষ্টকাদি দ্বারা নির্ম্মিত অত্যুচ্চ বাটী; যথা—সেই সময়ে শষ্প আমাদিগের বসিবার আসন হইত; তরুগণ সুখসেব্য ছায়া দ্বারা অট্টালিকার কার্য্য সম্পাদন করিত। ইতি টেলিমেকস ৫০ পৃষ্ঠা।

অট্টালিকাকার, পু. বি. (অট্টালিকা-কৃ, করণ, ঘঞ) গৃহ গাঁথক; শূদ্রা গর্ব্ভে চিত্রকার ঔরসে জাত জাতি বিশেষ; গৃহ নির্ম্মাণাদি কর্ম্ম কারক; রাজ।

অট্টোপরি, প্র. বি. [অট্ট-উপর, উচ্চস্থান, ই] অট্টালিকা; প্রাসাদের উপরি ভাগ; যথা—আমরা সকলেই ইন্দ্রজাল দর্শনার্থ অট্টোপরি গমন করিয়াছিলাম; কিন্তু যাহাতে তোমাকে ঈদৃশাবস্থা হইতে হয়, উক্ত ক্রীড়াতে তাহার ত কোন কারণই অবলোকন করি নাই। ইতি রোমাবতী ২৬ পৃষ্ঠা।

অট্যা, স্ত্রী. বি. (অট, গমন, য-আ) পরিভ্রমণ; পর্য্যটন; গমন; পাদ বিহরণ; চতুর্দ্দিকে যাতায়াত করা।

অঠ, ক্লী. বি. (অঠ, গমন, অল) গমন; ভ্রমণ; যাওন।

অঠেল, ত্রি. বিণ. (অঠ-ইল, গমন, অল) যথেষ্ট; দৃঢ়; স্থির; প্রচুর; অত্যন্ত; পরিপূর্ণ; যাহা ঠেলা যায় না।

অঠেলকথা, স্ত্রী. বি. (অঠেল-কথা, কথন, ভ-আ) দৃঢ়বাক্য; স্থির কথা; অকাট্যকথা; প্রচুরবাক্য।

অড়, ক্লী. বি. (অড়, উদ্যম, ক) ব্যাপ্তি; গমন; চেষ্টা উদ্যম; অধ্যবসায়; যত্ন; উদ্যোগ; অন্বেষণ।

অড্ড, ক্লী. বি. (অড়, উদ্যম, ক্ত) অভিযোগ; সমাধান; চিত্তের একাগ্রতা; সিদ্ধান্ত করণ।

অড়র, ক্লী. বি. (অড, দ্রব্যবিশেষ, অ) কলায় বিশেষ; অড়হর নামক কলায়, দ্বিদল বিশেষ।

অড়হর, ক্লী. বি. (অড়-হৃ, হরণ, অল) কলায় বিশেষ; অড়হর নামক কলায়; দ্বিদল বিশেষ; ডাউল।

অড়হরিয়াধামন, ক্লী. বি. (অড়হরিয়া-ধ্মৈ, চিন্তা, মন্-অ) বৃক্ষবিশেষ; ঝোপবিশেষ; উদ্ভিজ্জ।

অণ, ক্লী. বি. (অণ, প্রাণ, অল) জীবন; প্রাণন; রবি; গলদেশ; প্রাণধারণ; বৃত্তি; দিনকর।

অণক, ত্রি. বিণ. (অণ, জীবন, কন্) কুৎসিত; অধম; ইতি অমরকোষ। নিন্দিত; দুষিত; কলঙ্কিত।

অণব্য, ক্লী. বি. [অণু, সূক্ষ্ম, অল-য) আনবীণ; অণুধান্যোৎপাদক ক্ষেত্র; যে ভূমিতে সূক্ষ্মধান্য উৎপন্ন হয়।

অণি, পু. স্ত্রী. বি. (অণ, দ্রব্য বিশেষ, ই) অক্ষাগ্র কীলক; রথচক্রের অগ্রস্থিত খোঁটা; ইতিঅমরকোষ। অশ্রি; অসেবা; সূচ্যাদির অগ্রভাগ; সীমা; ইতি মেদিনী। হুড়কা; শস্ত্রের অগ্রভাগ; কপাটের খিল।

অণিমা, পু. বি. [অণিমন্, সূক্ষ্ম, প্রথমা বিভক্তি) অণুভাব; অণুত্ব; সূক্ষ্মতা; ঐশ্বর্য্য বিশেষ; অতি সূক্ষ্মাবস্থা; অষ্টবিধ ঐশ্বর্য্য মধ্যে ঐশ্বর্য্যবিশেষ; ইতি অমর কোষ। ঈশ্বর ধর্ম্ম; সম্পত্তিবিশেষ; মহিমা।

অণীয়স্, ত্রি. বিণ. [অণ, দ্রব্য বিশেষ, ঈয়সু] অত্যল্প; অতি সূক্ষ্ম; ইতি অমরকোষ। অণুতর।

অণু, পু. বি. (অণ, দ্রব্য বিশেষ, উ) লেশ; ব্রীহিবিশেষ; সূক্ষ্মধান্য; চিনা ইত্যাদি ভাষা; ইতি অমরকোষ। সূক্ষ্ম বস্তু; ক্ষুদ্রতর ভাগ; কণিকা; সূক্ষ্মাংশ; যথা—যেমন বাষ্প শীতল হইয়া মেঘ জন্মায়, সেইরূপ, মেঘ শীতল হইলে তাহার অণু সমুদায় ঘন হইয়া জল হইয়া পড়ে। ইতি চারুপাঠ ৩য় ভাগ ৪০ পৃষ্ঠা।

(ত্রি. বিণ.) ক্ষুদ্র; সূক্ষ্ম; অত্যল্প; ইতি মেদিনী।

অণক, ত্রি. বিণ. (অণ, গুণবিশেষ, উক) চতুর; নিপুণ; অল্প; স্তোক; ইতিমেদিনী। বিদ্বান্; শিল্পী; ক্ষুদ্র।

অণুপ্রমাণ, ত্রি. বিণ. (অণু-প্র-মা, পরিমাণ, অনট) যাহার পরিমাণ সূক্ষ্ম; ক্ষুদ্রতর; অত্যল্প; যথা—কি আশ্চর্য্য! এক এক অণু-প্রমাণ স্থানে কতই বিস্ময়কর ব্যাপার সম্পন্ন হইতেছে, কতই সুখ ও সন্তোষ সঞ্চরিত হইতেছে, বিশ্বপতির কতই অবিনশ্বর কীর্ত্তি বিদ্যমান রহিয়াছে। ইতি চারুপাঠ ৩য় ভাগ ২০ পৃষ্ঠা।

অণুবীক্ষণ, ক্লী. বি. (অণু-বি-ঈক্ষ, দর্শন, অনট) যন্ত্র বিশেষ; সূক্ষ্মদর্শন; অণুবলোকন; যে যন্ত্র দ্বারা অতি সূক্ষ্মবস্তু দর্শন করা যায়; যথা—যে স্থান সহসা জীবশূন্য অকর্ম্মণ্য বোধ হয়, অণুবীক্ষণ সহকারে তাহা প্রাণিপুঞ্জে পরিপূর্ণ দৃষ্টি হইয়া থাকে। যে স্থান আপাততঃ গতি ও ক্রিয়াবিবর্জ্জিত বোধ হয়, অণুবীক্ষণ সহকারে সে স্থানে কোটি কোটি কীটাণু সতত সঞ্চরণ করিতে দৃষ্টি করা যায়। যেস্থলে আপাততঃ সচেতন পদার্থের সম্পর্কমাত্র দেখিতে পাওয়া যায় না অণুবীক্ষণ সহকারে তাহা সুখ ও সন্তোষের আধার রূপে প্রতীয়মান হয়। ইতি চারুপাঠ ৩য় ভাগ ১৭ পৃষ্ঠা।

অণুব্রীহি, পু. বি. (অণু-ব্রীহ, দ্রব্যবিশেষ, ই) সূক্ষ্মধান্য; প্রসাতিকা; সরুধান; সূক্ষ্ম সতুষ তণ্ডুল।

অণুভা, স্ত্রী. বি. (অণু-ভা, দীপ্তি, অল) বিদ্যুৎ; ক্ষণপ্রভা; অল্পক্ষণস্থায়িদীপ্তি; যে প্রভা ক্ষণস্থায়ী।

অণুমাত্র, ক্লী. বি. (অণু-মা, পরিমাণ, ত্র) সূক্ষ্ম অবধারণার্থ; কেবল অণু; কিঞ্চিৎ মাত্র; যথা—তাঁহার শাসনপ্রভাবে কেহ অসৎ পথ অবলম্বন করিতে সাহসিক হইত না এবং চিরাগত সদাচার পদ্ধতি অণুমাত্রও অতিক্রম করিতে পারিত না। ইতি রঘুবংশ ২পৃষ্ঠা।

অণুরেণু, স্ত্রী. বি. (অণু-রিণ, দ্রব্যবিশেষ, উ) ধূলিকণা; শুষ্কমৃত্তিকাচূর্ণ; পাংশুকণা; অতিশয় গুঁড়া।

অণুরেণুজাল, ক্লী. বি. (অণুরেণু-জল, দ্রব্যবিশেষ, ঘঞ) সূর্য্য রশ্মিতে ধূলি কণিকা দর্শন।

অণুরেবতী, স্ত্রী. বি. (অণু-রেব, উদ্ভিজ্জবিশেষ, ক্ত-ঈ) দন্তীবৃক্ষ; উদ্ভিজ্জ বিশেষ; বৃক্ষবিশেষ।

অণ্ড, ক্লী. বি. (অণ্ড, দ্রব্য বিশেষ, অল) অণ্ডা; ডিম; পেশী; ডিম্ব; ইতি মেদিনী। মৎস্য, পক্ষি, এবং কূর্ম্মের ডিমের গুণ-পরিচয়, যথা—স্বাদুতা; কটুপাকিত্ব, রুচি, এবং অগ্নিকারিত্ব; বাত, ও শ্লেষ্মনাশক; ইতি রাজবল্লভ। কোষ; মুষ্ক; বীর্য্য; অণ্ডকোষ; ইতি বিশ্ব। মৃগনাভি; গন্ধদ্রব্য; ইতি কেচিৎ।

অণ্ডক, পু. বি. (অণ্ড, দ্রব্যবিশেষ, অক) অণ্ডকোষ; ইতি হেমচন্দ্র। ক্ষুদ্রডিম্ব; দ্রব্য বিশেষ।

অণ্ডকটাহ, পু. বি. (অণ্ড-কট-অহ, স্থানবিশেষ, অল) জগৎ; ত্রিলোক; ব্রহ্মাণ্ড; বিশ্ব; সকল; সর্ব্ব।

অণ্ডকোটরপুষ্পী, স্ত্রী. বি. (অণ্ড-কোটর-পুষ্প, দ্রব্যবিশেষ, ঈ) অজান্ত্রীরক; নীলরাম্না; নীলবুহ্না।

অণ্ডকোশ; পু. বি. (অণ্ড-কুশ, কোষ, অল) অণ্ডকোষ; মুষ্ক; শরীরের অবয়ব বিশেষ; ইতি অমরকোষটীকা। মাংসলবস্তু বিশেষ; ডিমের ভাণ্ডার।

অণ্ডকোষ, পু. বি. (অণ্ড-কুষ, কোষ, অল) স্বনামবিখ্যাত শরীরের অবয়ব বিশেষ; মুষ্কঃ বৃষণ; ইতি অমরকোষ। অণ্ড; পেল; অণ্ডক; ইতি হেমচন্দ্র। বীজপেশিকা; সীমা; ইতি জটাধর। ফলকোষক; ফল; ইতি রামায়ণ। মাংসল দ্রব্য বিশেষ।

অণ্ডকোষক, পু. বি. (অণ্ড-কুষ, কোষ, অল-ক) অণ্ডকোষ; মুষ্ক; শরীরের অবয়ব বিশেষ; বৃক্ষবিশেষ।

অণ্ডজ, পু. বি. (অণ্ড-জন, জন্মান, ড) পক্ষী; সর্প; মৎস্য; কৃকলাস; টিকটিকি; ইতি মেদিনী। (ত্রি. বিণ.) অণ্ডজাত মাত্র; ইতি অমরকোষ। যাহার অণ্ড হইতে জন্ম হয়; যথা—ক্ষিতি, অপ্, তেজ, বায়ু, এই চারি পদার্থের পরস্পর সংযোগ দ্বারা জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জ প্রভৃতি বিবিধ বস্তু সৃষ্ট হইতেছে। অণ্ড হইতে যাহাদিগের উদ্ভব, তাহাদিগকে অণ্ডজ কহে, যথা পক্ষী সর্পাদি। ইতি পদার্থতত্ত্ব ১ পৃষ্ঠা।

অণ্ডজগণ, পু. বি. (অণ্ডজ-গণ, বহু, অল) অণ্ডজবর্গ; যাহারা অণ্ড হইতে জন্মিয়াছে; যথা—পশ্চাৎ তড়াগনীড়ের অণ্ডজগণ ক্রমে সমাগত হইয়া হংসকে বেষ্টন করিতে লাগিল, অনন্তর নলকর গ্রহণজনিত বিকৃতি দর্শনে অন্তরে শঙ্কিত হইয়া উচ্চৈঃস্বরে অন্তরে উড্ডীন হইল। ইতি নৈষধ চরিত ৪৮ পৃষ্ঠা।

অণ্ডজা, স্ত্রী. বি. (অণ্ড-জন, জন্মান, ড-আ) মৃগনাভি; কস্তুরী; গন্ধদ্রব্য বিশেষ; ইতি হেমচন্দ্র।

অণ্ডদ্রব, ক্লী. বি. (অণ্ড-দ্রু, ত্রাস, অল) অসাহস; ভীরুতা; ভয়ে বিমূঢ়ভাব; ভরসাভাব; ভয়ে ব্যাকুলিত হওয়া; উৎসাহ বিহীনতা; উৎকণ্ঠিত হওয়া।

অণ্ডপ্রসবন, ক্লী. বি. (অণ্ড-প্র-সূ, প্রসব, অনট) অণ্ড হইতে উৎপাদন; ডিম্ব জন্মান; ডিম প্রসব হওয়া।

অণ্ডস্থ, ত্রি. বিণ. (অণ্ড-স্থা, স্থিতি, ড) ডিম্বস্থ; যে অণ্ডে স্থিতি করে; ডিমে অবস্থান করে।

অণ্ডস্থিত, ত্রি. বিণ. (অণ্ড-স্থা, স্থিতি, ক্ত) ডিম্বস্থ; ডিমে স্থিত; ডিমে যে অবস্থান করে; অণ্ডে স্থিত।

অণ্ডস্ফোটন, ক্লী. বি. (অণ্ড-স্ফুট, স্ফোটন, অনট) ডিম ফাটান; ডিম হইতে শাবক জন্মান; ডিম হইতে

ছানা বাহির হওয়া; অণ্ড হইতে বাচ্ছা বাহির করা।

অণ্ডাকার, ত্রি. বিণ. (অণ্ড-অ-কৃ, করণ, ঘঞ) ডিম্বাকার; অণ্ডের ন্যায় আকার; ডিমসদৃশ আকার।

অণ্ডাকৃতি, ত্রি. বি. (অণ্ড-আ-কৃ, করণ, ক্তি) ডিম্বাকৃতি; ডিমের ন্যায় অবয়ব; অণ্ডের তুল্য আকার। যথা—কোন প্রকার কীটাণু গোলাকৃতি, কোন প্রকার বা অণ্ডাকৃতি, কোন প্রকার বা ঘণ্টাকৃতি, কোন প্রকার বা চক্রাকৃতি, কোন প্রকার বা মৎস্যাকৃতি, কোন প্রকার বা জলব্যাল-সদৃশ, কোন প্রকার বা কৃমি-সদৃশ, কোন প্রকার বা কেশাকৃতি, কোন প্রকার বা দ্বিশিরা, কোন প্রকার বা শৃঙ্গ-শালী, কোন প্রকার উদ্ভিদ-সদৃশ দৃষ্ট হইয়া থাকে। ইতি চারুপাঠ ৩ ভাগ ১৫ পৃষ্ঠা।

অণ্ডালু, পু. বি. (অণ্ড, দ্রব্যবিশেষ, আলু) মৎস্য; মীন; মচ; (বিণ.) যে অণ্ডবিশিষ্ট; অণ্ডশীল।

অণ্ডীর, পু. বি. (অণ্ড, দ্রব্য বিশেষ, ঈর) পুরুষ; শক্ত; ইতি মেদিনী। বলবান পুরুষ; মনুষ্য; মনুজ; (ত্রি. বিণ.) যাহার অতিশয় বল আছে।

অণ্বী, স্ত্রী. বি. (অণু, সূক্ষ্ম, ঈ) অঙ্গুলি; আঙ্গুল; করশাখা; ইতি বেদ। ক্ষীণা; কৃশা স্ত্রী;।

অতঃ, ব্য. (অত, বন্ধন নিরন্তর-গমন-প্রাপণ, অস্) কারণ; অপদেশ; নির্দ্দেশ; ইতি বিশ্ব।

অতঃপর, ক্রিবিণ. [অতস্-পর, পশ্চাৎ, চি] পশ্চাতে; পরেতে; ইহার পশ্চাৎ; ইহার পর; যথা—মৈনাক তাহার নাম রাখিল রাজন। যেহেতু মেনকা গর্ব্ভে তাহার জনন॥ অতঃপর পার্ব্বতীর জন্মবিবরণ। সংক্ষেপেতে কহি কিছু করুন শ্রবণ॥ ইতিকুমারসম্ভব ৪পৃষ্ঠা। যথা—অনন্তর একটী দুইটী তিনটী করিয়া অনেকগুলি তারা ক্রমে ক্রমে নভোমণ্ডলে সমুদিত হইয়া নীলাংশুকবিলম্বী হীরকমনির ন্যায় অল্প অল্প কিরণ বিস্তার করিতে লাগিল। অতঃপর বিরহিনীগণের কটাক্ষ-শর-বেধ-নিঃসৃত-রুধিরাপ্লুত হইয়াই যেন শশধর লোহিত-বর্ণ হইয়া অম্বর পথে প্রকাশমান হইলেন। ইতি রোমাবতী ২৫ পৃষ্ঠা।

অতএব, ব্য. (অতস-এব, কারন, ক্বিপ্) অস্মাদেব; এই কারন দ্বারাই; এই হেতু দ্বারা; এই হেতু; একারণ; তজ্জন্য; তন্নিমিত্ত; যথা—আপনি জগৎপতি আমি পতত্রজাতি, অতএব আপনার প্রত্যুপকার করিতে আমি কি সমর্থ হইব? কখনই না তাহা জানি, কিন্তু তথাপি পীড়া অর্থাৎ হায় উপকারীর প্রত্যুপকার করিতে পারিলাম না। এরূপ যাতনা আমাকে সততই প্রেরণা করিতেছে। ইতি নৈষধচরিত ৫০পৃষ্ঠা।

অতট, পু. বি. (অ-তট, স্থান বিশেষ, অল) পর্ব্বতের উচ্চস্থান; ইহার পরিচয়, যথা—প্রপাত; ভৃগু; ইতি অমর কোষ। (ত্রি. বিণ.) তট বিহীন; অকূল; কিনারাবিহীন; অগম্য; যেস্থান দিয়া গমন করা যায় না।

অতড়িৎ, ত্রি. বিণ. [অ-তড়িৎ, ক্ষণ প্রভা, চি] বিদ্যুৎ শূন্য; তড়িৎ নহে; সৌদামিনী বিহীন; অক্ষণপ্রভ।

অতণ্ডুল, ত্রি. বিণ. (অ তণ্ড, দ্রব্যবিশেষ, উল) তণ্ডুলের অভাব; তণ্ডুল বিহীন; চাউল শূন্য।

অতত, ত্রি. বিণ. (অ-তত, দ্রব্যবিশেষ, অল) অবিস্তৃত; ব্যাপ্ত বিহীন; তাবৎ নহে; সে সকল নয়; বীণাদি বাদ্য নহে; এতাবৎনয়; তৎ সমস্ত বিহীন।

অতৎপর, ত্রি. বিণ. (অ-তৎ-পর, শীঘ্রতা, অল) অনুদ্যুক্ত; অলস; নিপুণ নহে; অনাসক্ত; তদন্তর নয়; শীঘ্রতাবিহীন; যে ব্যক্তি কোন বিষয়ে উদ্যোগী নয়।

অতথ্য, ত্রি. বিণ. (অ-তথ, বিবরণ, য) মিথ্যা; শুদ্ধ নহে; অনৃত; অসত্য; অনিশ্চয়। (বি.) অযাথার্থ্য।

অতদন্ত, ত্রি. বিণ. (অ-তৎ+অন্ত। অন, শেষ, ক্ত) শেষ নয়; অসীমা; নির্গাসহীন; অনুসন্ধানশূন্য; তত্ত্ব নহে।

অতদাদি, ত্রি. বিণ. (অ-তৎ+আদি। অতৎ-অদ, ভক্ষণ, ণি) সেই অবধি নহে; তৎপ্রভৃতি নয়; যাহার বিশেষ আদি নাই; অপ্রথম; আরম্ভ বিহীন।

অতদ্রূপ, ত্রি. বিণ. (অ-তৎ+রূপ। অতৎ-রূপ, প্রকার, ক) সেইরূপ নহে; সেই প্রকার নয়; তদ্রূপ নয়।

অতনয়, ত্রি. বিণ. (অ তন, বিস্তার ই-অল) পুত্রবিহীন; সন্তান শূন্য; সুতহীন; যাহার আত্মজ নাই।

অতনু, ত্রি. বিণ. (অ-তন, বিস্তার, উ) বৃহৎ; বড়; শরীর বিহীন; দেহ শূন্য; অনল্প; সরু নহে; ক্ষীণ নয়; (পু. বি.) কাম; মদন; কন্দর্প; রিপুবিশেষ।

অতন্ত্রতা, স্ত্রী. বি. (অ-তন্ত্র, অধীন, তা) অবিস্তার; সংক্ষেপ না করা; অনধীনতা; পক্ষপাত নহে; গণতা নয়; অঙ্গাঙ্গি নহে; অনেক ক্রিয়ার একত্র অনুষ্ঠান নয়।

অতন্ত্রিত, ত্রি. বিণ. (অ-তন্ত্র, অধীন, ক্ত) অনলস; সতর্ক; যাহার কিছুমাত্র আলস্য নাই; যাহা তাঁত নয়।

অতন্দ্র, ত্রি. বিণ. (অ-তন্দ্রা, নিদ্রাবিশেষ, ড) কর্ম্মঠ;

চতুর ; চালাক ; জাগ্রত ; সতর্ক ; নিদ্রাযুক্ত নহে।

অতন্দ্রিত, ত্রি. বিণ. (অ-তন্দ্রা, নিদ্রাবিশেষ, ক্ত) নিদ্রারবশীভূত নহে ; চালাক; সুচতুর ; অনিদ্রিত ; যথা।—তিনি অতন্দ্রিত হইয়া প্রতিদিন অর্থি প্রত্যর্থিগণের ব্যবহার দর্শন করিতেন, এবং ব্যবহার দর্শনানন্তর অধিকৃত লোকদিগের আবেদন শুনিয়া পাত্রানুসারে ফল যোজনা করিতেন। ইতিরঘুবংশ ১৩৭পৃষ্ঠা। আলস্য যুক্ত নয় ; জাগরিত ; যে নিদ্রা যায় নাই।

অতপ, ত্রি. বিণ. (অ-তপ, তাপ, অল) শীতল ; দুঃখিত নহে ; অনাকাঙ্ক্ষী ; অবিরক্ত ; গ্রীষ্মকাল নহে।

অতপস্য, ত্রি. বিণ. (অ-তপ, তাপ অস্-য) ধর্ম্মাধর্ম্ম রহিত ; তপস্যা রহিত ; ফাল্গুন মাস নহে।

অতপস্বী, ত্রি. বিণ. [অ-তপস্, তপস্যা, বিন্] যে তপস্যা করে না ; তপস্যাকারী নহে ; ঋষি নয় ; মুনি নহে।

অতপ্ত, ত্রি. বিণ. (অ-তপ, তাপ, ক্ত) শীতল; অনুষ্ণ; সন্তাপযুক্ত নহে ; খেদান্বিত নয় ; দুঃখিত নয়।

অতম, ত্রি. বিণ. (অ-তম, অন্ধকার, অস্) দীপ্তি বিশিষ্ট ; অন্ধকার বিহীন ; তমোগুণ শূন্য ; অহঙ্কার হীন।

অতর, ক্লী. বি. (যাং) আতর ; গোলাপ ; সুগন্ধ দ্রব্য বিশেষ ; তরপণ্য নহে ; পারানি কড়ি নয়।

অতরঙ্গ, ত্রি. বিণ. (অ-তর-গম, গমন, ড) তরঙ্গ বিহীন ; লহরীশূন্য; ঊর্ম্মিবিহীন; বীচি নহে; ঢেউনয়।

অতরণার্হ, ত্রি. বিণ. (অ-তরণ-অর্হ, যোগ্যতা, অল) পার হইবার যোগ্য নহে ; উত্তীর্ণ হইবার উপযুক্ত নয়।

অতরণীক, ত্রি. বিণ. (অ-তৃ, তরণ, অনট-ঈক) নৌকা শূন্য ; তরী বিহীন ; যুতকুমারী নহে ; তরণী নয়।

অতরণীয়, ত্রি. বিণ. (অ-তৃ, তরণ, অনীয়) তরণের অযোগ্য ; পার হওয়ার উপযুক্ত নয় ; তরীর অযোগ্য।

অতরনীয়তা, স্ত্রী. বি. (অ-তৃ, তরণ, অনীয়-তা) পার হওনের অযোগ্যতা ; উত্তীর্ণ হইবার অনুপযুক্ততা।

অতরনীয়ত্ব, ক্লী. বি. (অ-তৃ, তরণ, অনট-ত্ব) পার হওনে অসামর্থ্য; উত্তীর্ণ হওনে অযোগ্যত্ব।

অতরদান, ক্লী. বি. (যাং) আতরদান ; আতরাধার ; যাহাতে আতর থাকে ; গোলাপাধার ; সুগন্ধ দ্রব্যবিশেষের আধার ; যাহাতে সুগন্ধ দ্রব্য থাকে।

অতরপাস, ক্লী. বি. (যাং) আতরাধার ; আতরদান ; যাহাতে আতর রাখিত হয় ; গন্ধ দ্রব্যের আধার।

অতরি, ত্রি. বিণ. (অ-তৃ, তরণ, ই) তরি শূন্য ; নৌকা বিহীন ; দ্রোণী নহে ; ডোঙ্গা নয় ; গদা বিহীন।

অতরিক, ত্রি. বিণ. (অ-তৃ, তরণ, ইক) তরণী শূন্য ; তরি বিহীন ; নৌকা হীন ; জলযান বিশেষ নহে।

অতরু, ত্রি. বিণ. (অ-তৃ, তরণ, উ) বৃক্ষ শূন্য ; দ্রুম বিহীন ; গাছ নয় ; মহীরুহ বিহীন ; ভুরুহ নহে।

অতরুণ, ত্রি. বিণ. (অ-তৃ, তরণ, উন) পুরাতন ; নূতন নহে ; যুবা নহে ; নবীন নয় ; বৃদ্ধ ; তরুণাবস্থা নয়।

অতরুণীক, ত্রি. বিণ. (অ-তৃ তরণ, উন-ঈক) তরুণী নহে ; যুবতী নয় ; নবীনা নহে ; ষোড়শ বর্ষীয়া স্ত্রী নহে ; বৃদ্ধা ; যে কামিনীর অধিক বয়ঃক্রম।

অতর্ক, পু. বি. (অ-তর্ক, বিবেচনা, অল) তর্ক নয় ; অহেতুক ; শুষ্ক তর্কপর ; যাহা বুদ্ধি দ্বারা বিবেচিত নয়।

অতর্কিত, ত্রি. বিণ. (অ-তর্ক, বিবেচনা, ক্ত) যাহা তর্কিত নয় ; অলক্ষিত ; যথা—অসভ্য জাতিরা মনে করিয়াছিল, অতর্কিত রূপে নগর আক্রমণ করিবেক, কিন্তু তাহা না হইয়া তাহারাই অতর্কিতরূপে আক্রান্ত ও পরাভূত হইল। ইতি টেলিমেকস ২৮ পৃষ্ঠা। অদৃশ্য ; অবিবেচিত ; অনালোচিত ; যে বিষয় বুদ্ধি দ্বারা বিবেচনা করা হয় নাই।

অতর্কিতচরবর, ক্লী. বি. (অতর্কিত-চর-বৃ, প্রার্থনাবিশেষ, অল) অবিবেচিত কপটবেশধারি দূতের প্রার্থনাবিশেষ ; যথা—আস্তিক কহিলেন, মহারাজ! আমি সুবর্ণ, রজত, গো, অশ্বাদির নিমিত্ত আপনার নিকট আসি নাই। মাতুল কুলের হিতার্থে আপনার নিকট অর্থিভাবে আসিয়াছি, অতএব যদি সেই অভিলষিত অর্থসাধনে কৃতকার্য্য হইতে না পারিলাম তবে রজত সুবর্ণাদি লইয়া কি করিব। আস্তিকের এইরূপ অতর্কিত চরবর প্রার্থনায় রাজা বিষাদসাগরে নিমগ্ন হইলেন, এবং বরান্তর দিবার নিমিত্ত পুনঃ পুনঃ অনুরোধ করিতে লাগিলেন। ইতি মহাভারত আদিপর্ব্ব ৯১ পৃষ্ঠা।

অতর্ক্য, ত্রি. বিণ. (অ-তর্ক, বিবেচনা, য) যাহা তর্কের যোগ্য নহে ; বিবেচনার অনুপযুক্ত ; আলোচনার অযোগ্য ; যাহা বিতর্কের উপযুক্ত নহে।

অতর্জ্জন, ত্রি. বিণ. (অ-তর্জ্জ, তর্জ্জন, অনট) ভৎসর্ন নহে ; তাড়ন বিহীন ; গর্জ্জন শূন্য ; ক্রোধেতে ঝঙ্কার করণ নহে ; অতিরস্কৃত ; লাঞ্ছনা না করণ।

অতর্জ্জনীয়, ত্রি. বিণ. (অ-তর্জ্জ, তর্জ্জন, অনীয়)

লাঞ্ছনার অযোগ্য ; গর্জ্জনানুপযুক্ত ; তাড়ন যোগ্যনহে।

অতর্জ্জিত, ত্রি. বিণ. (অ-তর্জ্জ, তর্জ্জন, ক্ত) তর্জ্জন শূন্য ; গর্জ্জিত নহে ; তাড়িত নয় ; তিরস্কার বিশিষ্ট নয় ; গঞ্জনাবিহীন ; যাহাকে তিরস্কার করা হয় নাই।

অতর্পণ, ক্লী. বি. (অ-তৃপ, তর্পণ, অনট) অতোষণ ; অপ্রীণন ; জলাঞ্জলি নহে ; পিত্রুদ্দেশে জলদান নয়।

অতর্পনীয়, ত্রি. বিণ. (অ-তৃপ, তর্পণ, অনীয়) যাহা তর্পণের যোগ্যনয় ; তোষণের অনুপযুক্ত ; জলাঞ্জলির উপযুক্ত নহে ; পিত্রুদ্দেশে জলদানের অযোগ্য।

অতর্পিত, ত্রি. বিণ. (অ-তৃপ, তর্পণ, ক্ত) তর্পিত নহে ; জলাঞ্জলি বিশিষ্ট নয় ; অতুষ্ট ; তোষযুক্ত নহে।

অতল, ক্লী. বি. (অ-তল, তলা, অল) প্রথম খণ্ড পাতাল ; ভূগর্ত্ত ; যথা—উঠিল গগনে রথ গম্ভীর নির্ঘোষে। শুনিনু ভৈরব রব ; দেখিনু সম্মুখে সাগর নীলোর্ম্মিময় ! বহিছে কল্লোলে অতল, অকুল জল, অবিরাম গতি। ইতি মেঘনাদবধ কাব্য ১২২ পৃষ্ঠা।

(বিণ.) যাহার তল পাওয়া যায় না।

অতলজল, ক্লী. বি. (অতল-জল, বারি, অল) অগাধজল ; যাহার তলা নাই ; যথা—এই যে লঙ্কা, হৈমবতী পুরী, শোভে তব বক্ষঃস্থলে, হে নীলাম্বুস্বামি, কৌস্তুভ রতন যথা মাধবের বুকে, কেন হে নির্দ্দয় তুমি এর প্রতি ? উঠ, বলি ; বীরবলে এ জাঙাল ভাঙি, দূর কর অপবাদ ; জড়াও এ জ্বালা, ডুবায়ে অতলজলে এ প্রবল রিপু। ইতি মেঘনাদবধ কাব্য ১৬ পৃষ্ঠা।

অতলস্পর্শ, ত্রি. বিণ. (অতল-স্পৃশ, স্পর্শন, অল) অগাধ ; অতি গভীর ; ইতি অমরকোষ।

অতলস্পৃশ, ত্রি. বিণ. (অতল-স্পৃশ, স্পর্শন, ক্বিপ্) অগাধ ; অতি গভীর ; অতলস্পর্শ ; ইহার পরিচয় যথা—আস্থা ; আস্থাগ ; আস্তাগ ; ইতি হেমচন্দ্র।

অতস, পু. বি. (অ-তস্, দ্রব্যবিশেষ অল) বায়ু ; ইতি উনাদিকোষ। আত্মা ; ইতি সিদ্ধান্তকৌমুদি। বল্কলনির্ম্মিত বস্ত্র ; অস্ত্র ; বৃক্ষত্বক দ্বারা নির্ম্মিত বস্ত্র।

অতসী, স্ত্রী. বি. (অতস, দ্রব্যবিশেষ, ঈ) কৃষ্ণপুষ্প ; ক্ষুদ্রবৃক্ষ বিশেষ ; পুষ্পবৃক্ষ বিশেষ ; মসিনা ; ইহার পরিচয় যথা—চণকা ; উমা ; ক্ষৌমী ; রুদ্রপত্নী ; সুবর্চ্চলা ; পিচ্ছিলা ; দেবী ; মদগন্ধা ; মদোৎকটা ; ক্ষুমা, হৈমবতী ; সুনীলা ; নীল পুষ্পিকা। ইহার গুণপরিচয়, যথা—উষ্ণত্ব ; তিক্তত্ব ; বাতহারিত্ব ; শ্লেষ্ম এবং পিত্তকারিত্ব। ইহার তৈলের গুণ, যথা—মধুরত্ব ; পিচ্ছিলত্ব ; মদগন্ধিত্ব ; কষায়ত্ব ; বায়ু, কফ এবং কাস নাশিত্ব ; স্বাদুত্ব ; উষ্ণত্ব ; অম্লত্ব ; পাকে কটুত্ব ; ইতি রাজনির্ঘণ্ট। শণ বৃক্ষ ; ইতি অমরকোষটীকা।

অতসীকুসুম শ্যামা, স্ত্রী. বি. [অতসী-কুসুম-শ্যাম, কৃষ্ণবর্ণ বিশিষ্ট, আ] যে স্ত্রীর অতসী পুষ্পের ন্যায় বর্ণ ; দুর্গা ; যথা—রত্নভরা খুঙ্গী পুথী ঘোড়ার হানায়। জনক জননী ভয়ে ভাটে না জানায় ॥ অতসীকুসুম শ্যামা স্মরি সকৌতুক। দড় বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক ॥ ইতি ভারতচন্দ্র ২২৯ পৃষ্ঠা।

অতস্কর, ত্রি. বিণ. (অতস্-কৃ, করণ, অল) চোর নহে ; তস্কর নয় ; অপহর্ত্তা নহে ; যে পরদ্রব্য অপহরণ করে না ; যে চুরি করে না ; পরদ্রব্যে অনভিলাষী।

অতাত, ত্রি. বিণ. [অ-তাতৃ, পূজা, সম্বোধন বিভক্তি] পিতা নহে ; অজনক ; অনার্য্য ; অমান্য ; অননুগ্রাহ্য ; পূজ্য নয় ; অসুস্থতা ; যে পূজার উপযুক্ত নহে।

অতাপ, ত্রি. বিণ. (অ-তপ, তাপ, ঘঞ) অনুষ্ণতা ; সন্তাপ নহে ; জ্বালা বিহীন ; মনঃ পীড়াশূন্য ; ক্লেশহীন ; যাহার দুঃখ নাই ; যাহার কোন কষ্ট নাই।

অতাপন, ত্রি. বিণ. (অ-তপ, তাপ, ণি-অনট) অতপ্তকরণ ; তাতান নহে ; জ্বালান নহে ; শোকযুক্তবিহীন ; পীড়নশূন্য ; সূর্য্য নহে ; যাহা কামবাণ নয়।

অতাপনীয়, ত্রি. বিণ. (অ-তপ, তাপ, ণি-অনীয়) তপ্ত করণের অযোগ্য ; পীড়নের উপযুক্ত নয়।

অতাপিত, ত্রি. বিণ. (অ-তপ, তাপ, ণি-ক্ত) তাপ যুক্ত নহে ; অপীড়িত ; দুঃখিত নহে ; যে ক্লিষ্ট নয়।

অতামসিক, ত্রি. বিণ. [অ-তমস, অন্ধকার, ষ্ণিক] অতামস ; যাহা তমোগুণের কার্য্য নহে ; যাহা ধর্ম্মের উদ্দেশে কৃত ; তামসিক কার্য্য নহে ; অহঙ্কৃত নহে।

অতাম্র, ত্রি. বিণ. (অ-তম, দ্রব্যবিশেষ, ণি-র) তামা নয় ; ধাতু দ্রব্যবিশেষ নহে ; যাহাকে কুষ্ঠরোগ বলিয়া প্রতীয়মান হয় না ; তাম্র বলিয়া বোধ হয় না।

অতার, ত্রি. বিণ. (অ-তর, দ্রব্যবিশেষ, ঘঞ) যে বানর বিশেষ নয় ; বীণাদির তাঁত নয় ; স্বর্ণাদির গুণ নহে (বি.) রৌপ্যাভাব ; মুক্তাভাব ; অনুচ্চৈঃস্বর।

অতারতম্য, ত্রি. বিণ. [অ-তরতম, ন্যূনাধিক, ষ্ণ্য] ন্যূনাধিক্য নহে ; ইতর বিশেষ নয় ; কম বেশী নয়।

অতাল, ত্রি. বিণ. (অ-তল, দ্রব্যবিশেষ, ঘঞ) তাল

নহে; বৃক্ষ নয়; গানের পরিমাণ শূন্য; করদ্বয়ের শব্দ বিহীন; যাহার বিস্তৃত কর দ্বয় নহে।

অতি, ব্য. (অ-তন, আতিশয্য, ডি) অতিশয়; যথা—যযাতি কহিলেন হে নরেন্দ্র! আপনার অতি উৎকৃষ্ট বহুসংখ্যক লোক আছে। সেই সকল লোক আপনাকে প্রতীক্ষা করিতেছে, উহা এত অধিক সংখ্যক, যে প্রতি সপ্তাহে এক এক লোক ভোগ করিলেও নিঃশেষিত হয় না। ইতি মহাভারত আদিপর্ব্ব ১৫২ পৃষ্ঠা।

অতি ক্রম; প্রশংসা; প্রকর্ষ; লঙ্ঘন; ইতি বিশ্ব। পূজন; অসম্ভাবনা; অতিবাদ; বিংশতি উপসর্গের অন্তর্গত উপসর্গ; যে শব্দের পূর্ব্বে থাকে তাহার অর্থের আধিক্য বুঝায়; আধিক্য বোধক উপসর্গ।

অতিঅদ্ভুতব্যক্তি, পু. বি. (অতি-অদ্ভুত-ব্যচ, প্রকাশ, ক্তি) অতিশয় আশ্চর্য্য পুরুষ; যথা—তিনি আমাকে আত্মীয়ভাবে সম্বোধন করিলে আমি তাঁহার সহিত কথোপকথন করিতেলাগিলাম। তিনি অতিঅদ্ভুতব্যক্তি; প্রতীত বিষয় সকল এরূপে বর্ণন করিতেন যে বর্ত্তমানবৎ প্রতীয়মান হইত, এরূপ সংক্ষেপে কহিতেন যে শুনিয়া বিরক্তিবোধ হইত না। ইতিটেলিমেকস ৪৮ পৃষ্ঠা।

অতিকঠোর, ত্রি. বিণ. (অতি-কঠ, কঠিন, ওর) যাহা অতিশয় কঠিন; যথা—সহস্রবৎসর অতিবাহিত হইল, তিনি মৌনাবলম্বন পূর্ব্বক ত্রিংশৎ বৎসর কেবল জলাহারী হইলেন। পরে এক বৎসর বায়ুমাত্র ভক্ষণ এবং অপর এক বৎসর পঞ্চাগ্নির মধ্যবর্ত্তী হইয়া অতি কঠোর তপস্যার অনুষ্ঠান করিয়াছিলেন। ইতি মহাভারত আদিপর্ব্ব ১৪৬ পৃষ্ঠা।

অত্যন্ত শক্ত; অতিশয় দৃঢ়; অতি কর্কশ।

অতিকথ, ত্রি. বিণ. (অতি-কথ, কথন, অল) অশ্রদ্ধেয়; নষ্ট; ইতি মেদিনী। নষ্টধর্ম্ম; ইতি হেমচন্দ্র। জাতীয় ধর্ম্ম কর্ম্ম বর্জ্জিত; যে ব্যক্তি স্বধর্ম্মে নাই।

অতিকথা, স্ত্রী. বি. (অতি-কথ, কথন, ও আ) অপার্থবাক্য; বৃথাবাক্য; ব্যর্থভাষণ; ইতি বিশ্ব। বহু বাক্য; অনেক কথা; যে বাক্যব্যয়ে কোন কায হয়না।

অতিকন্দক, পু. বি. (অতি-কন্দ, উদ্ভিজ্জবিশেষ, অক) হস্তিকন্দ বৃক্ষ; বৃক্ষবিশেষ; ইতি রাজনির্ঘণ্ট।

অতিকষ্টে, ক্রিবিণ. (অতি-কষ্ট, ক্লেশ, এ) অত্যন্ত দুঃখে; অতিশয় ক্লেশে; যথা—যুবরাজ দেবসেনাপতির ন্যায় প্রতীয়মান হইতে লাগিলেন; তাঁহার চতুর্দ্দিকে শোণিত নদী বহিতে লাগিল; তাঁহার রথচক্র ঘনীভূত ফেনিল কৃষ্ণবর্ণ শোণিতে লিপ্ত হইয়া রাশীকৃত মৃতদেহের উপর দিয়া অতিকষ্টে চলিতে লাগিল। ইতি টেলিমেকস ৫৭ পৃষ্ঠা।

যথা—অনন্তর মিথিলাধিপতি শত শত পার্শ্বচরদিগকে তৈজস ধনু আনয়ন করিতে আদেশ দিলেন। তাহারা আজ্ঞা মাত্র সেই দুর্ব্বহ শরাসন অতিকষ্টে আনয়ন করিল। রামচন্দ্র প্রসুপ্ত শেষ ভুজঙ্গমাকার সেই শিব ধনু হস্তে গ্রহণ করিয়া সুকুমার কুসুম চাপের ন্যায় অবলীলাক্রমে অধিজ্য করিলেন। ইতি রঘুবংশ ৮৪ পৃষ্ঠা।

অতিকায়, ত্রি. বিণ. (অতি-কায়, দেহ, অল) প্রকাণ্ড-শরীর; বৃহৎ দেহ; যাহার অবয়ব অত্যন্ত বড়; রাবণ রাজার পুত্র; বীরশ্রেষ্ঠ মধ্যে গণনীয়।

অতিকার্পণ্য, ক্লী. বি. [অতি-কৃপণ, নির্দ্দয়, ষ্ণ্য] অত্যন্ত কৃপণতা; অতিশয় দৈন্য; অত্যন্ত ব্যয়কুণ্ঠতা; অতি নির্দ্দয়তা; যৎপরোনাস্তি নিষ্ঠুরতা।

অতিকৃচ্ছ্র, ক্লী. বি. (অতি-কৃচ্ছ্র, কষ্ট, অল) ব্রতবিশেষ; ছয় দিবস ক্রমাগত এক মুষ্টি পরিমাণ অন্নভোজন করিয়া তিন দিবস উপবাস করা; অতিশয় কষ্ট; যথা—এদিকে মাধব যেস্থানে রঞ্জনকে অবস্থাপিত করিয়া তাঁহার হৃদয়াপহারিকার উদ্দেশে গমন করিয়াছিলেন, রঞ্জন তিন দিনকাল অতিকৃচ্ছ্রে তথায় অবস্থান করিলেন। ইতি রোমাবতী ৬৪ পৃষ্ঠা।

অতিকৃপণ, ত্রি. বিণ. (অতি-কৃপ, নির্দ্দয়, অনট) অত্যন্ত অদাতা; অতিশয় মন্দ; বিলক্ষণ ব্যয়কুণ্ঠ; অত্যন্ত কুৎসিত; অতিশয় দীন; বিলক্ষণ নিষ্ঠুর।

অতিকৃশ, ত্রি. বিণ. (অতি কৃশ, ক্ষীণতা, ক) অতিশয় ক্ষীণ; খুব অল্প; অতিশয় সূক্ষ্ম; অত্যন্ত দুর্ব্বল; যথা—আর দেখ ভৈমি! অনঙ্গ যে শর প্রহারে নলকলেবর ভেদ করত তাঁহাকে অতিকৃশ ও লাবণ্যমাত্রাবশিষ্ট করিয়াছেন সে বৃথা, কেন না সেই নল অনঙ্গতা অর্থাৎ অতিক্ষীণ শরীরতা অথচ অঙ্গশূন্যতা প্রাপ্ত হইয়াও সেই অনঙ্গ সহ স্পর্দ্ধা অর্থাৎ সাম্যাভিলাষ ত্যাগ করিতেছেন না, কেনই বা ত্যাগ করিবেন। ইতি নৈষধচরিত ১১৯ পৃষ্ঠা।

অতিকৃশ বিরহিগণ, পু. বি. (অতি-কৃশ-বিরহি-গণ, বর্গ, অল) যাহারা অত্যন্ত দুর্ব্বল এবং রমণী বিরহিত অর্থাৎ বিচ্ছেদযুক্ত; যথা—নলের পলাশ কুসুমবৃন্ত দ-

র্শন উক্ত হইতেছে। রতিপতির অর্দ্ধচন্দ্র বাণ সদৃশ, অতএব বিরহ হৃদয় বিদারক, তথা ঐ অতিকৃশ বিরহি গণের পলাশন জন্য অর্থাৎ মাংস ভোজন নিমিত্ত পলাশ, এই যৌগিক নামধারি যে পলাশ কুসুম তাহাতে সংলগ্ন বৃন্তকে যকৃৎ খণ্ডবৎ অবলোকন করিলেন। ইতি নৈষধচরিত ২৮ পৃষ্ঠা।

অতিকৃশা, স্ত্রী. বি. (অতি-কৃশ, ক্ষীণতা, ক-আ) অত্যন্ত দুর্ব্বলা; অতিশয় ক্ষীণা; যথা—আর পিতা যদি আমাকে নল ভিন্নে প্রদান করেন তবে অতি কৃশা এ তনয়াকে কি কৃশানুতে নিক্ষেপ করিবেন না? অবশ্যই অনলসাৎ করিবেন সন্দেহ নাই, কেননা নলের সহ পরিণয় পূর্ব্বে আমি প্রাণত্যাগ করিব। ইতি নৈষধচরিত ১০৬ পৃষ্ঠা।

অতিকৃশোদরী, স্ত্রী. বি. [অতি-কৃশ-উদর, পেট, ঈ] ক্ষীণোদরী; যে স্ত্রীর কটিদেশ অতিশয় কৃশ; যথা—এবং অতি কৃশোদরী ঐ দময়ন্তী প্রিয়দূত ঐ হংসের গমন বিষয়ে যে বেগ তাহা হইতেই স্থিতি বিরোধকারী অর্থাৎ মর্য্যাদা বিরোধিনী অধীরতা অধ্যয়ন করিয়াছিলেন, অর্থাৎ হংসের গমনাবধিই অতি অধৈর্য্যাবলম্বনে কালাতিপাত করিয়াছিলেন। ইতি নৈষধচরিত ১৩০ পৃষ্ঠা।

অতিকেজুয়া, ত্রি. বিণ. (অতি-কার্য্য-অর্হ, যোগ্যতা, অল-কার্য্যার্হর প্রচলিত ভাষা কেজুয়া) অতিশয় কার্য্যোপযুক্ত; অত্যন্ত কার্য্যের যোগ্য; বিলক্ষণ কার্য্যোপযোগী; যাহা দ্বারা বিস্তর কর্ম্ম সম্পন্ন হয়।

অতিকেশর, পু. বি. (অতি-কেশর, দ্রব্যবিশেষ, অল) কুব্জকবৃক্ষ; ইতিরাজনির্ঘণ্ট। ফুলের অনেক পাবড়ি।

অতিক্ত, ত্রি. বিণ. (অ-তিক্ত, কটু, ক্ত) তিত নহে; কটুতাবিহীন; তীব্ররসশূন্য; যে দ্রব্যাদি তিক্ত নয়।

অতিক্রম, পু. বি. (অতি-ক্রম, নিয়ম, অল) ক্রমোল্লঙ্ঘন; অতিপাত; উল্লঙ্ঘন; যথা—দেবযানী কহিলেন দৈবনির্ব্বন্ধ কেহই অতিক্রম করিতে পারে না, সুতরাং রাজকন্যা আমার পরিচারিকা হইবে ইহা বড় আশ্চর্য্য নহে, অতএব সে বিষয়ের আর অনুসন্ধান করিবার আবশ্যক নাই। ইতি মহাভারত আদিপর্ব্ব ১৩৮ পৃষ্ঠা।

যথা—ক্ষত্রিয় ধর্ম্মানুসারে যুদ্ধ করিয়া প্রাণত্যাগ করা যাহার পর নাই সুখজনক। দেখ, মানবগণ গৃহে অবস্থান করিলেও কদাচ মৃত্যুরে অতিক্রম করিতে পারে না। অতএব ক্ষত্রধর্ম্মানুসারে সংগ্রামে প্রবৃত্ত হওয়াই অবশ্য কর্ত্তব্য। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৪১ পৃষ্ঠা।

অধিক হওয়া; অবহেলা; যথা—যদি ইতর কন্যার ন্যায় লজ্জা ও ধৈর্য্য, বিনয় ও কুলে জলাঞ্জলি দিয়া জনাপবাদ অবহেলন ও সদাচার উল্লঙ্ঘন করিয়া, পিতা মাতা কর্ত্তৃক অননুজ্ঞাত হইয়া স্বয়ং অভিসারিকা বৃত্তি অবলম্বন করি, তাহা হইলে গুরুজনের অতিক্রম ও কুলমর্য্যাদার উল্লঙ্ঘন জন্য অধর্ম্ম হয়। ইতি কাদম্বরী ৬০ পৃষ্ঠা।

লঙ্ঘন; যথা—বিশ্বমধ্যে কত মহা মহা প্রকাণ্ড পদার্থ বর্ত্তমান আছে, মনুষ্যের দুর্ব্বল হস্ত কখনই তাহার দারুণ শক্তি অতিক্রম করিতে সমর্থ হয় না, কিন্তু করুণাকর বিশ্বকর্ত্তা তৎ সমুদায় তাঁহার আবশ্যক মত আয়ত্ত করিয়া দিয়াছেন। ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার ১ম ভাগ ১০ পৃষ্ঠা।

অন্যথাচরণ; পর্য্যায় ভঙ্গ; উত্তীর্ণ হওয়া; ক্ষেপণ; কাটান; যথা—বিধি যদি তোমাকে নলের পাত্রের সহিত যোজিতা করেন তবে তাঁহার লোকাপবাদরূপ অনবধি জলধি উত্তীর্ণ হইবার তরি কিরূপ হইবে? কেননা বিধি চিরদিন বিজ্ঞত্ব কীর্ত্তি দ্বারাই জন্ম যাপন করিলেন, অর্থাৎ সদৃশ বস্তুর পরস্পর মেলন দ্বারাই জন্ম অতিক্রম করিলেন, এক্ষণে তোমাকে অযোগ্য পাত্রের সহিত যোজিতা করিলে তাঁহার এ লোকনিন্দা চিরদিন থাকিবেক, সুতরাং জনাপবাদ শঙ্কি বিধি অবশ্যই তোমাকে নলের সহিত যোজিতা করিবেন সন্দেহ নাই। ইতি নৈষধচরিত ৯৫ পৃষ্ঠা।

অতিক্রমণ, ক্লী. বি. (অতি-ক্রম, নিয়ম, অনট) উত্তীর্ণ হওন; উল্লঙ্ঘন করণ; অন্যথাচরণ।

অতিক্রমণীয়, ত্রি. বিণ. (অতি-ক্রম, নিয়ম, অনীয়) উল্লঙ্ঘন যোগ্য; উত্তীর্ণ হইবার উপযুক্ত।

অতিক্রমি, ত্রি. বিণ. (অতি-ক্রম, নিয়ম, ই) অতিক্রমকর্ত্তা; যে অতিক্রম করিয়াছে; যথা—বরিষার কালে সখি, প্লাবনপীড়নে কাতর প্রবাহ ঢালে, তীর অতিক্রমি, বারিরাশি দুই পাশে; তেমতি যে মনঃ দুঃখিত দুঃখের কথা কহে সে অপরে। ইতি মেঘনাদবধ কাব্য ১০৩ পৃষ্ঠা।

অতিক্রমী, ত্রি. বিণ. (অতি-ক্রম, নিয়ম, ইন্) অতি-

ক্রম কর্ত্তা; উল্লঙ্ঘন কারক; যে ব্যক্তি অতিক্রম করিয়াছে; যে ব্যক্তি নিয়মানুসারে কার্য্য করে না।

অতিক্রান্ত, ত্রি. বিণ. (অতি-ক্রম, নিয়ম, ক্রি-ক্ত) কৃতাতিক্রম; যথা—শৈশবকালে বীণার ন্যায় এক অঙ্ক হইতে অঙ্কান্তরে যাইতাম ও অপরিস্ফুট মধুর বচনে সকলের মন হরণ করিতাম। সকলের স্নেহপাত্র হইয়া পরম পবিত্র বাল্যকাল বাল্যক্রীড়ায় অতিক্রান্ত হইল। ইতি কাদম্বরী ৪৬ পৃষ্ঠা।

অতীত; যথা—যেমন নিশীথ সময়ে কোন সঞ্চারিণী দীপশিখা রাজমার্গের পার্শ্বস্থ অতিক্রান্ত সৌধাবলীকে তিমিরাবগুণ্ঠিত করিয়া উত্তরোত্তরবর্ত্তী প্রাসাদ সকল ক্রমশঃ উজ্জ্বল করিতে থাকে, তদ্রূপ ইন্দুমতী যে যে ভূপালকে অতিক্রম করিয়া চলিলেন তাঁহাদিগের মুখশশী বিষাদে মলিন হইতে লাগিল এবং পুরোবর্ত্তী রাজগণের মুখমণ্ডল তদীয় অনুরাগ লাভাশয়ে সমুজ্জ্বল হইতে লাগিল। ইতি রঘুবংশ ৪৫পৃষ্ঠা।

লঙ্ঘিত; অন্যথা কৃত; উত্তীর্ণ; যথা—দেখিয়া শুনিয়া আমি অতিশয় ব্যাকুল হইলাম; কিন্তু মেণ্টর এরূপ বিষম সময়েও যেন কোন বিপদই উপস্থিত হয় নাই, এইরূপ ভাবে নির্ভয়তা ও প্রশান্ত চিত্ততা প্রদর্শন পূর্ব্বক রাজাকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন রাজন্! টেলিমেকসের অদ্যাপি শৈশবাবস্থা অতিক্রান্ত হয় নাই, ইনি কখন ট্রোজনদিগের বিপক্ষ পক্ষ অবলম্বন পূর্ব্বক অস্ত্রধারণ করেন নাই। ইতি টেলিমেকস ২৪ পৃষ্ঠা।

অতিক্রামক, ত্রি. বিণ. (অতি-ক্রম, নিয়ম, ণক) অতিক্রমকর্ত্তা; ক্রম উল্লঙ্ঘক; যে ব্যক্তি নিয়ম উল্লঙ্ঘন করিয়াছে; যে উত্তীর্ণ হইয়াছে; যে পার হইয়াছে।

অতিক্রুদ্ধ, ত্রি. বিণ. (অতি-ক্রুধ, ক্রোধ, ক্ত) অত্যন্ত ক্রোধযুক্ত; অতিশয়কোপান্বিত; যৎপরোনাস্তি রুষ্ট।

অতিক্রূর, ত্রি. বিণ. [অতি-ক্রূর, খলতা, চ্বি] পরদ্রোহকারী; অত্যন্ত নির্দ্দয়; অতিশয় নৃশংস; খুব কঠিন; অত্যন্ত খল; অতিশয় নিষ্ঠুর; করুণাশূন্য।

অতিখিদ্যমান, ত্রি. বিণ. (অতি-খিদ, খেদ, শান) অত্যন্ত খেদযুক্ত; অতিশয় দুঃখিত; যথা—অরে পান্থ! তুই দিন দিন যৎপরোনাস্তি ক্ষীণ হ, আর মুহুর্ম্মুহুঃ মূর্চ্ছাও লাভ কর, এবং বিয়োগ তাপেও তাপিত হ, এইরূপ প্রকারে যেন পান্থকেই অভিশাপ প্রদান করিতেছে, এইরূপ সেই লোহিত নয়ন দ্বিজগণকে অর্থাৎ পিকগণকে পান্থ নল অতিখিদ্যমান হইয়াই অবলোকন করিলেন। ইতি নৈষধচরিত ৩০ পৃষ্ঠা।

অতিখেঁচড়া, ত্রি. বিণ. (অতি খেঁচড়, মন্দ, ঙ-আ) অতিমন্দ; অত্যন্ত লজ্জা বিহীন; বিলক্ষণ নির্লজ্জ।

অতিগণনীয়, ত্রি. বিণ. (অতি গণ, সংখ্যা করণ, অনীয়) অতিশয় গণনার যোগ্য; সংখ্যা করিবার বিলক্ষণ উপযুক্ত; অতিগণনার্হ; বিলক্ষণ সংখ্যেয়; অতিগণ্য।

অতিগণ্ড, পু. বি. (অতি-গণ্ড, যোগ বিশেষ, অল) বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগ মধ্যে ষষ্ঠ যোগ; যোগ বিশেষ; অতি কপোল; বৃহৎ বিস্ফোটক।

অতিগন্ধ, পু. বি. (অতি-গন্ধ, আঘ্রাণ, অল) ভূতৃণ; চম্পক; সৌরভযুক্ত তৃণ; গন্ধক; (ত্রি.) সৌরভ বিশিষ্ট; যাহার অত্যন্ত গন্ধ; যৎপরোনাস্তি আমোদ।

অতিগন্ধালু, পু. বি. (অতি-গন্ধ, আঘ্রাণ, আলু) পুত্র দাত্রীলতা; লতা বিশেষ; অত্যন্ত গন্ধযুক্ত দ্রব্যাদি; অতিশয় সৌরভ বিশিষ্ট দ্রব্য; আমোদ বিশিষ্ট।

অতিগর্ব্বিত, ত্রি. বিণ. (অতি-গর্ব্ব, অহঙ্কার, ক্ত) মহা অহঙ্কৃত; অতিশয় গর্ব্বযুক্ত; সমুন্নদ্ধ; যাহার অত্যন্ত অহঙ্কার; মাৎসর্য্যগুণ বিশিষ্ট; তমোগুণে পরিপূর্ণ।

অতি-গাথক, পু. বি. (অতি-গৈ, গান, থক) উৎকৃষ্ট গায়ক; অতিশয় গান কারক; যে ব্যক্তির বিলক্ষণ গান করিবার ক্ষমতা আছে; গান বিদ্যায় পরিপক্ক।

অতিগাধা, পু. বি. (অতি-গাধ, পশুবিশেষ, ঙ) মহা গর্দ্দভ; অতি খর; অতিশয় নির্ব্বোধ; যে ব্যক্তির কিছুমাত্র বুদ্ধি নাই; অতিমূর্খ; যাহার কিছুজ্ঞান নাই।

অতিগায়ক, ত্রি. বিণ. (অতি-গৈ, গান, ণক) উৎকৃষ্ট গাথক; যে অত্যন্ত গান করে, অতি গায়ন; উত্তম গান কর্ত্তা; যাহার গান শুনিয়া অন্তঃকরণ মুগ্ধ হয়।

অতিগালাগালি, স্ত্রী. বি. (অতি-গালা-গল, দুর্ব্বাক্য, ণি) অতিশয় গালি; অত্যন্তশাপ; অভিসম্পাত; অতিশয় কটুবাক্য; অত্যন্ত দুর্ব্বাক্য; অসহ্য মন্দ কথা; রূঢ় বাক্য; অতিশয় কুৎসিত কথা।

অতিগুহা, স্ত্রী. বি. (অতি-গুহ, গহ্বরবিশেষ, ঙ-আ) পৃশ্নিপর্ণী বিশেষ; ক্ষুদ্র চাকুলিয়া; পর্ব্বতের গহ্বর বিশেষ; (ত্রি. বিণ.) যে গুহা অতিক্রমণ করিয়াছে।

অতিগোপন, ক্লী. বি. (অতি গুপ, গোপন, অনট) অতি অপহ্নব; অত্যন্ত অপ্রকাশ; বিলক্ষণ লুকান; লুকা-

ইয়া রক্ষণ ; যদ্বিষয় কোন প্রকারে প্রকাশিত হয় না।

অতিগোপনীয়, ত্রি. বিণ. (অতি-গুপ, গোপন, অনীয়) অত্যন্ত অপ্রকাশের যোগ্য ; ল,কানর উপযুক্ত ; গোপন করিবার যোগ্য ; যদ্বিষয় কোনরূপে প্রকাশের যোগ্যনয়।

অতিচতুর, ত্রি. বিণ. (অতি-চত, তীক্ষ্ণবুদ্ধি, উর) অতিশয় কার্য্যদক্ষ ; অত্যন্ত নিপুণ ; বিলক্ষণ চালাক ; অত্যন্ত নিরলস ; যাহার কিছুমাত্র আলস্য নাই।

অতিচপল, ক্লী. বি. (অতি-চপল, চঞ্চল, অল) অত্যন্ত চঞ্চল ; অতিশয় অস্থির ; স্থিরাভাব।

অতিচপলশীল, ত্রি. বিণ. (অতি-চপল-শী, যুক্ত, ল) অত্যন্ত চঞ্চলবিশিষ্ট ; অতিশয় অস্থিরযুক্ত ; যথা— কেবল ত্বদীয় চিত্তের স্থৈর্য্য বিপর্য্যয় সন্দেহ করিয়াই আমি তোমার পুনঃ পুনঃ শ্লেষকরন বিষয়ে অনভিজ্ঞের ন্যায়ই হইয়া রহিয়াছি, কারণ অতিচপলশীল বালাজন হৃদয়ে অন্যের কথা দূরে থাকুক চ্যুতিভয়ে স্বয়ং কুসুমেষু ও আশু ইষুমোচনে অসমর্থ হয়েন। ইতি নৈষধচরিত ১০৩ পৃষ্ঠা।

অতিচাপল্যহেতুক, ত্রি. বিণ. [অতি-চাপল্য-হেতু, কারন, কন্] অতিচপলতা কারন ; অতিশয় অস্থিরতা নিমিত্ত ; যথা—বিরহ যাতনায় বৈভমী মুখে হাস্য লেশও ছিল না, অন্য জড়মতি জনও পূর্ব্বানুভূত কিছুই স্মরণ করিতে সমর্থ হয় না, তথা অতিচাপল্য হেতুক তাঁহার নয়নরূপ খঞ্জন যুগলও অপাঙ্গরূপ নিজ প্রাঙ্গণ সমীপে ভ্রমন লেশেও পঙ্গু হইয়াছিল অর্থাৎ বিরহ ব্যথায় দময়ন্তী কটাক্ষ করিতেও অসমর্থা ছিলেন। ইতি নৈষধচরিত ১৩০ পৃষ্ঠা।

অতিচর, পু. বি. (অতি-চর, স্থান বিশেষ, অল) সীমালঙ্ঘন ; বৃক্ষ বিশেষ ; অতিশয় চর ; অস্থাবর ; জঙ্গম ; কপটবেশধারী দূত ; যে দূত ছদ্মবেশ ধারন করে।

অতিচরা, স্ত্রী. বি. (অতি-চর, দ্রব্যবিশেষ, ঙ-আ) পদ্ম চারিনী বৃক্ষ ; স্থল পদ্মিনী ইতি অমরকোষ।

অতিচার, পু. বি (অতি-চর, গমন, ঘঞ) শীঘ্রগমন ; অতিক্রমণ করিয়া গমন ; গ্রহদিগের রাশিতে ভোগকাল সমাপ্ত হইলে পর রাশিতে গমন ; (কিন্তু পূর্ব্বরাশিতে গমন করিলে তাহাকে বক্রাতি চার কহে) ইতি জ্যোতিষ। অতিশয় গূঢ় পুরুষ ; অত্যন্ত চর।

অতিচালাক, ত্রি. বিণ. (অতি-চত, তীক্ষ্ণবুদ্ধি, উর। চতুরের প্রচলিত ভাষা চালাক) অতিশয় চতুর ; অত্যন্ত নিপুণ ; অতিশয় দক্ষ ; তীক্ষ্ণবুদ্ধিবিশিষ্ট পুরুষ।

অতিচিক্কণ, ত্রি. বিণ. (অতি-চিক, চিক্কণ, কণ) অতিশয় চিক্কণ ; অত্যন্তস্নিগ্ধ ; অতি পরিষ্কার ; বিলক্ষন চক্‌চকে ; যাহা অতিশয় মসৃন ; যাহা অত্যন্ত সুশ্রী।

অতিচিন্তন, ক্লী. বি. (অতি-চিন্ত, চিন্তা, অনট) অতিশয় ভাবনা করিয়া দেখন ; অত্যন্তঠাহরণ ; আশংসন ; ধ্যানযোগে অবলোকন ; চিন্তা দ্বারা নিরীক্ষণ।

অতিচিন্তনীয়, ত্রি. বিণ. (অতি-চিন্ত, চিন্তা, অনীয়) অত্যন্ত চিন্তার উপযুক্ত ; চিন্তা করিবার যোগ্য ; ধ্যান যোগে অবলোকন যোগ্য ; অতিশয় ভাব নাই।

অতিচিন্তা, স্ত্রী. বি. (অতি-চিন্ত, চিন্তা, ঙ-আ) অতিচিন্তন ; অতিশয় ধ্যান ; অতি ভাবনা ; অত্যন্ত উদ্বেগ ; উৎকণ্ঠা ; অতিত্রাস ; অত্যন্ত কাতর্য্য ; অতিভয়।

অতিচেষ্টা, স্ত্রী, বি. (অতি-চেষ্ট, চেষ্টা, ঙ-আ) অতিশয় যত্ন ; অত্যন্ত উদ্‌যোগ ; অতিশ্রম ; অতিশয় অন্বেষন।

অতিচ্ছত্র, পু. বি. (অতি-ছত্র, ছাতি, অল) ভূতৃণ ; জলতৃণ বিশেষ ; লোহিতবর্ণ কুল্যা খাড়া ; ছত্রা ; কাট ছাতি ; ভুঁই ছাতি ; পোয়াল ছাতি ; ইতি অমরকোষ।

অতিচ্ছত্রক, পু. বি. (অতি-ছত্র, ছাতি, কন্) ছত্রবৃক্ষ ; ছাতারিয়া গাছ ; ইহার মূল ও পত্রের রস অতিশয় কটু ; এজন্য ইহাকে ছাতারিয়া বিষ বলিয়া থাকে ; ইতি কেচিৎ। অতিশয় তীব্রগুণ যুক্ত ; বৃক্ষবিশেষ।

অতিচ্ছত্রা, স্ত্রী. বি. (অতি-ছত্র, ছাতি, ঙ আ) অবক্‌পুষ্পী ; মৌরী ; ইতি অমর কোষ। শতাহ্বা ; শলুপা ; ইতি রত্নমালা। ওষধি বিশেষ ; শতাবরী।

অতিছেঁচড়া, ত্রি. বিণ. (অতিনির্-লজ্জ, লজ্জা, অল। অতিনির্লজ্জের অপভাষা অতিছেঁচড়া) অত্যন্ত নির্লজ্জ ; এক কালে লজ্জা বিহীন ; অতিশয় বেহায়া ; বিলক্ষন দুষ্ট ; অতিশয় জঘন্য ; অত্যন্ত অপকৃষ্ট।

অতিজগতী, স্ত্রী. বি. [অতি-জগত, ব্রহ্মাণ্ড, ঈ] ব্রহ্মাণ্ড ; ছন্দবিশেষ ; এয়োদশ বর্ণযুক্ত চতুষ্পদীছন্দ।

অতিজব, ত্রি. বিণ. (অতি-জু, গমন, অস্) অতিশীঘ্রগামী ; অত্যন্ত বেগবান্ ; জঙ্ঘাল ; জঙ্ঘিল ; অতিবল ; ইতি অমর কোষ। অতিশয় দ্রুত ; অত্যন্ত তূর্ণ ; যে অত্যন্ত গমন করিতে পারে ; শীঘ্র চলিতে সক্ষম।

অতিজাঁক ; ক্লী. বি. (অতি-সম-আ-রুহ, রোহণ, অল। অতিসমারোহর প্রচলিত ভাষা অতিজাঁক) অতিশয় সমারোহ ; অত্যন্ত ঘটা ; অতিগর্ব্ব ; বিলক্ষন দম্ভ ;

অতিশয় অহঙ্কার ; তমোগুণে পরিপূর্ণ ; অতিদর্প।

অতিজাঁকাল, ত্রি. বিণ. (অতি-সম-আরোহ-অনু-ই, গতি, ক্ত। অতিসমারোহান্বিতত্ব প্রচলিত ভাষা অতি-জাঁকাল) অতি সমারোহান্বিত ; দৃশ্যে সম্ভ্রান্ত ; বিলক্ষণ গর্ব্বিত ; ঘটাযুক্ত ; অত্যন্ত অহঙ্কৃত।

অতিজাগর, পু. বি. (অতি-জাগৃ, নিদ্রাক্ষয়, অল) নীলক্রৌঞ্চ ; কালবক ; ইতি রাজনির্ঘণ্ট। পক্ষিবিশেষ।

অতিজীর্ণ, ত্রি. বিণ. (অতি-জৄ, জরা, ক্ত) অত্যন্তজরা ; অতিজীরক ; অতিশয় বৃদ্ধ ; অধিক দিবসের পুরাতন ; যাহা প্রাচীন কালের ; অতিশয় পুরাণ।

অতিজ্বালা, স্ত্রী. বি. (অতি-জ্বল, জ্বলন, ঘঞ-আ) অত্যন্তদাহ ; অতিশয় তাপ ; প্রখর অগ্নিশিখা ; অতিশয় জ্বলন ; যৎপরোনাস্তি ক্লেশ।

অতিঝটিতি, ক্রিবিণ. (অতি-ঝট, তূর্ণতা, ক্তি) অতি-শীঘ্র ; অত্যন্তদ্রুত ; অতিশয় ত্বরিত ; অবিলম্বে।

অতিডীন, ক্লী. বি. (অতি-ডী. উড্ডয়ন, ক্ত) পক্ষি-দিগের প্রচণ্ড গমন ; ইতি মহাভারত। বিহঙ্গমদিগের বায়ুবেগে যাওয়া ; পক্ষীদিগের শীঘ্র গমন।

অতিতাম্রাক্ষ, ত্রি. বিণ. (অতি-তাম্র-অক্ষ, নেত্র, অল) অতি লোহিতবর্ণ চক্ষু ; অতিশয় তাম্রের ন্যায় চক্ষু ; যথা—আমি যেন নিরীক্ষণ করিতেছি, দুর্ব্বিষহ, দুর্ব্বার তীব্রবেগ, ও অতিতাম্রাক্ষ বৃকোদর আগমন করিতেছে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৯৭ পৃষ্ঠা।

অতিতীব্রদাহকত্ব, ক্লী. বি. (অতি-তীব্র-দহ ; দহন, ণক-ত্ব) অতিশয় দুঃসহ দাহকতা ; যথা—হরমস্তকে অবস্থিতি জন্য তাঁহার কণ্ঠ দেশস্থ গরল হইতে কি এ-রূপ দাহ দাতৃত্ব অভ্যাস করিয়াছ, না সমুদ্রে জন্মগ্রহণ করায় তদন্তর্গত বাড়বানল হইতে অভ্যাস করিয়াছ ? কেননা অন্য গুরু হইতে ঈদৃশ দাহাভ্যাস অতীব অ-সম্ভব, ফলতঃ অতিতীব্রদাহকত্ব হেতুক এইরূপ বিতর্ক। ইতি নৈষধচরিত ১৪৭ পৃষ্ঠা।

অতিতীব্রা, স্ত্রী. বি. (অতি-তীব্র, কটু, অল-আ) গণ্ড-দুর্ব্বা ; গেঁটেদুর্ব্বা ; বিস্তৃত নদীবিশেষ ; তুলসী বিশেষ।

অতিতীক্ষ্ণ, ত্রি. বিণ. (অতি-তীক্ষ্ণ, সূক্ষ্ম, অল) অতি সূক্ষ্ম ; অত্যন্ত প্রখর ; অতিশয় নিপুণ।

অতিতীক্ষ্ণা ; স্ত্রী. বিণ. (অতি-তীক্ষ্ণ, সূক্ষ্ম, ণ-আ) অত্যন্ত সূক্ষ্মা ; অতি প্রখরা ; যথা—সময় বিচার ক-রিতে প্রবৃত্ত হইলে এ অধীনীর প্রতি অবিচার করা হয়, দেখ যেরূপ অতিতীক্ষ্ণা শিষ্যপ্রজ্ঞা গুরূপদেশ প্রতীক্ষা করে না সেইরূপ বিরহ যাতনাও কদাচিৎ কাল বিচার প্রতীক্ষা করিতে পারে না। ইতি নৈষধচরিত ১১২ পৃষ্ঠা।

অতিতুচ্ছ, পু. বি. (অতি তুচ্ছ, হেয়, ক) অত্যল্প ; অতিশয় অবজ্ঞাত ; অত্যন্ত হেয় ; শস্য রহিত ধান ; অতি অধম ; অতি সামান্য ; অতিশয় ক্ষুদ্র।

অতিতুচ্ছার্হ, ত্রি. বিণ. (অতি তুচ্ছ-অর্হ, যোগ্যতা, অল) অতিশয় অবজ্ঞার উপযুক্ত ; অত্যন্ত ঘৃণা যোগ্য ; যাহা নিতান্ত অধম যোগ্য ; অতি ক্ষুদ্রের উপযুক্ত।

অতিতুষ্ট, ত্রি. বিণ. (অতি তুষ, তোষ, ক্ত) অত্যন্ত সন্তোষযুক্ত ; অতিশয় হর্ষান্বিত ; অত্যন্ত আহ্লাদিত।

অতিতুষ্টি, স্ত্রী. বি. (অতি-তুষ, তোষ, ক্তি) অতিশয় সন্তোষ ; অত্যন্ত তৃপ্তি ; অতিআহ্লাদ ; যৎপরোনাস্তি আনন্দ ; অতিশয় আমোদ ; অত্যন্ত হর্ষ।

অতিতুষ্টিকর, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-কৃ, করণ, অল) যদ্দ্বারা অতিশয় সন্তোষ হওয়া যায় ; যৎকর্তৃক অত্যন্ত সন্তুষ্টহয় ; বিলক্ষণতৃপ্তিকর ; যাহাতে অতিপরিতোষহয়।

অতি তুষ্টিকারক, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-কৃ, তৃপ্তিকরণ, ণক) অতিশয় সন্তোষকারক ; অত্যন্ত আহ্লাদকা-রক ; যাহা দ্বারা তুষ্ট হওয়া যায় ; তৃপ্তিকারক।

অতি তুষ্টিকারী, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-কৃ, তৃপ্তিকরণ, ণিন্) অতিশয় সন্তোষকর্ত্তা ; অত্যন্ত আহ্লাদকা-রক ; যিনি অতিশয় তৃপ্তি করেন ; যৎপরোনাস্তি সন্তুষ্টকারী ; যিনি অতিশয় তুষ্ট করেন।

অতি তুষ্টিজনক, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-জন, জন্মান, অল-ক) অতিশয় সন্তোষজনক ; অত্যন্ত তৃপ্তিকারক ; যাহা দ্বারা অতিশয় অহ্লাদ জন্মায় ; পরিতোষক।

অতিতুষ্টিজন্য, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-জন, নিমিত্ত য) অতিশয় সন্তোষনিমিত্ত ; অত্যন্ত তৃপ্তিহেতু ; অতি আহ্লাদকারণ ; পরিতোষ নিমিত্ত ; সন্তোষ জন্য।

অতিতুষ্টিজন্যে, ক্রিবিণ. (অতি-তুষ্টি-জন, নিমিত্ত, য-এ) অতি সন্তোষকারণে ; অত্যন্ত তৃপ্তিহেতু ; অ-তিশয় আহ্লাদ নিমিত্ত ; পরিতোষ জন্যে।

অতিতুষ্টিনিমিত্তক, ত্রি. বিণ. [অতি-তুষ্টি-নিমিত্ত, হেতু, কন্] অতি সন্তোষহেতু ; অত্যন্ত আহ্লাদ-কারণ ; অতি তৃপ্তি প্রয়োজন ; অতি তুষ্টি জন্যে।

অতিতুষ্টিপ্রদ, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-প্র-দা, দান,

ভ) অতিশয় তুষ্টিদাতা; যে অত্যন্ত সন্তোষ প্রদান করে; যে তৃপ্তি দেয়; পরিতোষ দানকর্ত্তা।

অতিতুষ্টিপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-প্র-যুজ, যোগ, ক্ত) অতিশয় সন্তোষযুক্ত; অত্যন্ত আমোদ হেতু; বিলক্ষণ তৃপ্তি নিমিত্ত; পরিতোষ কারণ।

অতিতুষ্টিবিনা, ক্রিবিণ. [অতি-তুষ্টি-বিনা, ব্যতিরেক, চি] অতিশয় সন্তোষ ব্যতিরেক; অত্যন্ত তৃপ্তি অভাবে; অতি আহ্লাদ বর্জ্জন; পরিতোষ ব্যতিরেকে।

অতিতুষ্টিযুক্ত, ত্রি. বিণ. (অতি-তুষ্টি-যুজ, যোগ, ক্ত) অতি সন্তোষবিশিষ্ট; অত্যন্ত আহ্লাদ যুক্ত; অতিশয় তৃপ্তি সংলগ্ন; যৎপরোনাস্তি পরিতোষ মিলিত।

অতিতুষ্টিরহিত, ত্রি. বিণ. (অতি তুষ্টি-রহ, বর্জ্জন, ক্ত) অত্যন্ত তুষ্টিবর্জ্জিত; অতিশয় সন্তোষ ত্যক্ত; অতিশয় তৃপ্তি নিবৃত্ত; যে পরিতোষ শূন্য।

অতিতুষ্টিহেতুক, ত্রি. বিণ. [অতি-তুষ্টি-হেতু, কারণ, কন্] অতিশয় সন্তোষ কারণ; অত্যন্ত তৃপ্তি হেতু; অত্যন্ত আহ্লাদ নিমিত্ত; অত্যানন্দ জন্য।

অতিতৃপ্ত, ত্রি. বিণ. (অতি-তৃপ, তৃপ্তি, ক্ত) অতিশয় পরিতোষান্বিত; অত্যন্ত হর্ষিত; অতিশয় আপ্যায়িত; অত্যন্ত সন্তুষ্ট; বিলক্ষণ পরিতুষ্ট।

অতিতৃপ্ততা, স্ত্রী. বি. (অতি-তৃপ, তৃপ্তি, ক্ত-তা) অতি হর্ষতা; অতিশয় সন্তুষ্টতা; যথা—পান করিয়া অতিতৃপ্ততা নিমিত্ত অথচ পানাধিক্য জন্য সেই পরিপীত বচনামৃতের উদ্গার তুল্য শত অর্থাৎ শুভ্রস্মিত অর্থাৎ ঈষৎ হাস্য করিলেন। ইতি নৈষধচ রত ৬০ পৃষ্ঠা।

অতিতৃপ্তি, স্ত্রী. বি. (অতি-তৃপ, তৃপ্তি, ক্তি) অতিশয় হর্ষ; অতিশয় পরিতোষ; অত্যন্ত ক্ষুন্নিবৃত্তি; অতি আহ্লাদ; অতিশয় ক্ষুধা নিবারণ; অতিতুষ্ট।

অতিতৃপ্তিক, ত্রি. বিণ. (অতি-তৃপ-কৃ, তৃপ্তিকরণ, অল) অতিশয় পরিতোষকর; যদ্দ্বারা বিলক্ষণ হর্ষ হয়।

অতিতৃপ্তিকারক, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-কৃ, তৃপ্তিকরণ, ণক) যে অতিশয় পরিতোষ করে; অত্যন্ত হর্ষকারক; যে ক্ষুন্নিবৃত্তি করে; অতিশয় আমোদকর্ত্তা।

অতিতৃপ্তিকারী, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-কৃ, তৃপ্তিকরণ, ণিন্) অত্যন্ত হর্ষকর্ত্তা; বিলক্ষণ ক্ষুন্নিবৃত্তিকারী; যে পরিতোষ করে; যিনি অতিশয় সন্তুষ্ট করেন।

অতিতৃপ্তিজনক, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-জন, জন্মান, অল-ক) অত্যন্ত পরিতোষজনক; অতিশয় হর্ষকারক; যদ্দ্বারা তৃপ্তি হয়; যাহা সন্তোষ জন্মায়।

অতিতৃপ্তিজনিত, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-জন, জন্মান, ক্ত) অতিশয় তৃপ্তি প্রযুক্ত; অত্যন্ত সন্তোষজাত; যাহা তৃপ্তিজন্য হয়; যৎপরোনাস্তি হর্ষ নিমিত্ত।

অতিতৃপ্তিজন্য, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-জন, জন্মান, য) অতিশয় ক্ষুন্নিবৃত্ত হেতু; অত্যন্ত পরিতোষনিমিত্ত; আহ্লাদজন্য; অতিশয় সন্তোষ কারণে।

অতিতৃপ্তিজাত, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-জন, জন্মান, ক্ত) যাহা অতিশয় হর্ষ দ্বারা জন্মায়; অত্যন্ত পরিতোষজাত; যাহা অতিশয় আমোদে জন্মিয়াছে।

অতিতৃপ্তিধ্বংস, পু. বি. (অতি-তৃপ্তি-ধ্বন্স, ধ্বংস, অল) অতিশয় পরিতোষ নাশ; অতিহর্ষ ভ্রংশ; অতিশয় তৃপ্তি হনন; অত্যানন্দাভাব; অতিসন্তোষ নহে।

অতিতৃপ্তিধ্বংসক, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-ধ্বন্স, ধ্বংস, অল ক) অত্যন্ত পরিতোষ নাশকর্ত্তা; অতিশয় তৃপ্তি বিনাশক; অতিশয় তৃপ্তি হিংসক; আমোদনাশক।

অতিতৃপ্তিধ্বংসী, ত্রি. বিণ. (অতি তৃপ্তি-ধ্বন্স, নাশ, ইন্) অতিশয় তৃপ্তিনাশকর্ত্তা; অত্যন্ত তৃপ্তিবিনাশী।

অতিতৃপ্তিনাশ, পু. বি. (অতি তৃপ্তি-নশ, নাশ, ঘঞ) অতিশয় তৃপ্তিক্ষয়; অত্যন্ত তৃপ্তিধ্বংস; অতি তৃপ্তিলয়।

অতিতৃপ্তিনাশক, ত্রি. বিণ. (অতি তৃপ্তি-নশ, নাশ, ণক) যে অতিশয় তৃপ্তিনাশ করে; অত্যন্ত তৃপ্তিধ্বংসক।

অতিতৃপ্তিনিবর্ত্তক, ত্রি. বিণ. (অতি তৃপ্তি-নি-বৃত, বর্ত্তন, ণক) অতিশয় তৃপ্তি নিবারণ কারক; তৃপ্তি নিবারণকর্ত্তা; যে হর্ষ নিবারণ করে।

অতিতৃপ্তিনিবারক, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-নি-বৃ, নিবারণ, ণক) অতিশয় তৃপ্তি নিষেধকারক; যে অত্যন্ত তৃপ্তি নিবারণ করে; অতিসন্তোষ নিবর্ত্তক।

অতিতৃপ্তিনিমিত্তক, ত্রি. বিণ. [অতি-তৃপ্তি-নিমিত্ত, হেতু, কন্] অতিতৃপ্তিহেতু; অতিশয় তৃপ্তিজন্য।

অতিতৃপ্তিনিমিত্তে, ক্রিবিণ. [অতি-তৃপ্তি-নিমিত্ত, হেতু, এ] অতিশয় সন্তোষজন্যে; অত্যন্ত আহ্লাদহেতু।

অতিতৃপ্তিপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-প্র-যুজ, যোগ, ক্ত) অত্যন্ত পরিতোষজন্য; অতিশয় হর্ষহেতুক।

অতিতৃপ্তিবিনা, ক্রিবিণ. [অতি-তৃপ্তি-বিনা, ব্যতিরেক, চি] অতিশয় তৃপ্তিব্যতিরিক্ত; অত্যন্ত হর্ষ ব্যতিরেকে।

অতিতৃপ্তিবিশিষ্ট, ত্রি. বিণ. (অতি-তৃপ্তি-বি-শিষ, বিশেষে শিষ্ট, ক্ত) অতিশয় তৃপ্তিযুক্ত; অত্যন্ত হর্ষ

মিশ্রিত ; অতিশয় সন্তোষযুক্ত , আমোদ সংলগ্ন ।

অতিতৃপ্তিব্যতিরিক্ত , ত্রি . বিণ . (অতি-তৃপ্তি-বি-অতি-রিচ , ভিন্নতা , ক্ত) অতিশয় পরিতোষ বিনা ; অত্যন্ত হর্ষ ভিন্ন ; অতিশয় আহ্লাদ অভাবে ।

অতিতৃপ্তিব্যতিরেকে , ক্রিবিণ . (অতি-তৃপ্তি-বি-অতি-রিচ , ভিন্নতা , অল-এ) অত্যন্ত সন্তোষ অভাবে ; অতিশয় তৃপ্তি বিনা ; অতি আমোদ ভিন্ন ।

অতিতৃপ্তিরহিত , ত্রি . বিণ . (অতি-তৃপ্তি-রহ , বর্জ্জন , ক্ত) অতিহর্ষ বর্জ্জিত ; অত্যন্ত পরিতোষ ত্যক্ত ।

অতিতৃপ্তিহেতুক , ত্রি . বিণ . [অতি-তৃপ্তি-হেতু , কারণ , কন্] অতিশয় আমোদ নিমিত্ত ; অত্যন্ত হর্ষ জন্য ; অতিসন্তোষ কারণ ; অতিশয় পরিতোষ জন্য ।

অতিতোষ , ত্রি . বি . (অতি-তুষ , তোষ , অল) অত্যন্ত সন্তোষ ; অতিশয় আনন্দ ; অতিশয় আহ্লাদ ।

অতিত্যক্ত , ত্রি . বিণ . (অতি-ত্যজ , ত্যাগ , ক্ত) অতিশয় বিবর্জ্জিত ; অত্যন্তবিরক্ত ; যাহা ত্যাগ করিয়াছে ।

অতিথি , পু . বি . (অত , গমন , ইথি) কুশ রাজার পুত্র ; যথা—প্রাচীন মন্ত্রীবর্গ সংগ্রামাভিমুখ প্রভুর পশ্চিম নিদেশ স্মরণ করিয়া তৎপুত্র অতিথির অভিষেকনিমিত্ত শিল্পিগণ দ্বারা চতুস্তম্ভাধিষ্ঠিত এক নবীন মণ্ডপ প্রস্তুত করাইলেন, এবং সেই মণ্ডপে সুবর্ণ কুম্ভস্থ তীর্থবারি দ্বারা ভদ্র পীঠোপবিষ্ট অতিথিকে অভিষেক করিলেন । ইতি রঘুবংশ ১৩৫ পৃষ্ঠা ।

শ্রীরামচন্দ্রের পৌত্র ; ইতি মেদিনী । কোপ ; ইতি বিশ্ব । (ত্রি .) অজ্ঞাত পূর্ব্ব গৃহাগত ব্যক্তি ; ইতি শ্রীধর স্বামী । অতিথ্ ; আগন্তু ; যথা—মহীরুহগণ , আছয়ে কেমন , যারা শুভ ছায়া দানে । শ্রম নিবারিয়া, ফল ফুল দিয়া, সেবয়ে অতিথি গণে ॥ ইতি কুমারসম্ভব ৭০ পৃষ্ঠা ।

গৃহাগত ; যথা—অনসূয়া ও প্রিয়ম্বদা, উভয়ের ভাব বুঝিতে পারিয়া রাজার অগোচরে শকুন্তলাকে সম্বোধন করিয়া কহিলেন প্রিয়সখি ! যদি পিতা আশ্রমে থাকিতেন, জীবিত সর্ব্বস্ব দিয়াও এই অতিথিকে তুষ্ট করিতেন । ইতি শকুন্তলা ১২ পৃষ্ঠা ।

আবেশিক ; ইতি অমরকোষ । (স্ত্রী .) আবেশিকী ; অতিথি ; আগান্তু ; প্রঘূর্ণ ; অভ্যাগত ; যথা—কেবল মৃত্যুই সকলের চিন্তাপথের একমাত্র অতিথি হইয়া উঠিল, তদীয় ভীষণ মূর্ত্তিই চতুর্দ্দিকে দৃষ্ট হইতে লাগিল । ইতি টেলিমেকস ৪৩ পৃষ্ঠা ।

প্রাঘূর্ণিক ; ইতি হেমচন্দ্র । প্রাঘুর্ণক ; ইতি বিশ্ব । ভিক্ষার্থী বা ভক্ষ্যার্থী হইয়া গৃহে উপস্থিত ; অনাহূত যাচ্ঞার্থী ; যাচক ; যথা—আর যে নগরীর শুভ্রোজ্জ্বল মণিনির্ম্মিত অতএব সমীপ ভূমি প্রকাশক এবম্ভূত গৃহে যেন রজনীতে একাকিনী পূর্ণিমা তিথি অতিথি হইয়া অর্থাৎ যাচক হইয়া প্রতিপদাদি নিখিল তিথির উপাসনা করিত, অর্থাৎ পূর্ণিমাই যেন সদা সেখানে বিরাজমান থাকিত । ইতি নৈষধচরিত ৬৭ পৃষ্ঠা ।

অতিথিদ্বেষ , পু . বি . (অতিথি দ্বিষ , দ্বেষ , অল) অতিথি হিংসা ; অভ্যাগত শত্রুতা ; অতিথি বিরোধ ।

অতিথিদ্বেষক , ত্রি . বিণ . (অতিথি-দ্বিষ , দ্বেষ , ণক) অভ্যাগত হিংসক ; যে ব্যক্তি অতিথির দ্বেষ করে ।

অতিথিদ্বেষী , ত্রি . বিণ . (অতিথি-দ্বিষ , দ্বেষ , ইন্) অভ্যাগত হিংসক ; অতিথি শত্রু ; অভ্যাগত বৈরি ।

অতিথিদ্বেষ্টা , পু . বি . (অতিথি দ্বিষ , দ্বেষ , তৃন্) অতিথি দ্বেষকর্ত্তা ; অভ্যাগত হিংসক ; যে অতিথিকে হিংসা করে ; গৃহাগত ব্যক্তিকে যে হিংসা করে ।

অতিথিনাশক , ত্রি . বিণ . (অতিথি-নশ , নাশ , ঘঞ-ক) অতিথিঘাতক ; অভ্যাগত নাশকর্ত্তা ; যে অতিথিকে নষ্ট করে ; যে গৃহাগত ব্যক্তির প্রাণ বিনাশ করে ।

অতিথিনিমিত্তক , ত্রি . বিণ . [অতিথি-নিমিত্ত , কারণ , কন্] অতিথি জন্য ; অভ্যাগত কারণ ; আগন্তুহেতু ।

অতিথিনিমিত্তে , ক্রিবিণ . [অতিথি-নিমিত্ত , কারণ , এ] অতিথি জন্যে ; আগন্তু কারণে ; অভ্যাগত হেতু ।

অতিথিপরিচর্য্যা , স্ত্রী . বি . (অতিথি-পরি-চর , সেবা , য-আ) অতিথি সেবা ; অতিথি শুশ্রূষা ; অভ্যাগত উপাসনা ; অতিথি সৎকার করা ; অভ্যাগত পূজা ।

অতিথিপরিচর্য্যাকাঙ্ক্ষা , স্ত্রী . বি . (অতিথি-পরিচর্য্যা-আ-কাঙ্ক্ষ , ইচ্ছা , ঙ-আ) অতিথি সেবার আকাঙ্ক্ষা ; অভ্যাগত শুশ্রূষা ইচ্ছা ; আগন্তু সেবাভিলাষ ।

অতিথিপরিচর্য্যাকাঙ্ক্ষী , পু . বিণ . (অতিথি-পরিচর্য্যা-আ-কাঙ্ক্ষ , ইচ্ছা , ইন্) অতিথি পূজা করিতে অভিলাষী ; অভ্যাগত সেবা ইচ্ছুক ; আগন্তু শুশ্রূষা করণাকাঙ্ক্ষী ; অতিথি সেবায় যাহার অত্যন্ত বাঞ্ছা ।

অতিথিপরিচর্য্যাকারক , ত্রি . বিণ . (অতিথি-পরিচর্য্যা-

কৃ, করণ, ণক) যে অতিথি সেবা করে; অভ্যাগত উপাসনাকর্ত্তা; আগন্তু সেবা কারক।

অতিথিপরিচর্য্যাকারী, ত্রি. বিণ. (অতিথি পরিচর্য্যা-কৃ, করণ, ণিন্) অতিথিসেবাকর্ত্তা; যে ব্যক্তি অভ্যাগত ব্যক্তিকে শুশ্রূষা করে; যে অতিথিকে পূজা করে।

অতিথিপরিচর্য্যাগত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-গম, গমন, ক্ত) অতিথি সেবাতীত; অভ্যাগত শুশ্রূষা যাত; যাহার অতিথি সৎকার হইয়া গিয়াছে।

অতিথিপরিচর্য্যাজনিত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-জন, উৎপাদন, ক্ত) অতিথি শুশ্রূষা উৎপাদিত; অভ্যাগত সেবা প্রযুক্ত; আগন্তু উপাসনাজাত।

অতিথিপরিচর্য্যাজন্য, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-জন, কারণ, য) অতিথি সেবা নিমিত্ত; অতিথি শুশ্রূষা কারণ; অতিথি উপাসনাহেতু।

অতিথিপরিচর্য্যাজাত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-জন, জন্মান ক্ত) যাহা অতিথি সেবা দ্বারা উৎপন্ন; যাহা অভ্যাগত উপাসনাতে জন্মিয়াছে।

অতিথিপরিচর্য্যানিমিত্তক, ত্রি. বিণ. [অতিথি পরিচর্য্যা-নিমিত্ত, কারণ, কন্] অতিথি সেবাজন্য; অভ্যাগত সৎকার কারণ; আগন্তু উপাসনা হেতু।

অতিথিপরিচর্য্যানিমিত্তে, ক্রিবিণ. [অতিথি-পরিচর্য্যা-নিমিত্ত, কারণ, এ] অতিথি সৎকার জন্যে; অভ্যাগত সেবা কারণে; অতিথি উপাসনা হেতু।

অতিথিপরিচর্য্যানুরক্ত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-অনু-রন্জ, রাগ, ক্ত) যে অতিথি সেবায় আসক্ত; অভ্যাগত শুশ্রূষায় রত; অতিথিসৎকারে নিযোজিত।

অতিথিপরিচর্য্যানুরাগ, পু. বি. (অতিথি-পরিচর্য্যা-অনু-রন্জ, রাগ, ঘঞ) অতিথি সেবায় আসক্তি; অতিথি সৎকারে প্রীতি; অভ্যাগত পূজায় রত।

অতিথিপরিচর্য্যানুরাগী, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-অনু-রন্জ, রাগ, ণিন্) অতিথি সেবায় অনুরক্ত; অভ্যাগত সৎকারে বিলক্ষণ অনুরাগ বিশিষ্ট।

অতিথিপরিচর্য্যান্বিত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-অনু-ই, গত, ক্ত) অতিথি সেবাবিশিষ্ট; অভ্যাগত সৎকার যুক্ত; আগন্তু উপাসনায় নিযোজিত।

অতিথিপরিচর্য্যা প্রতিবন্ধক, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-প্রতি-বধ, বন্ধন, অল-ক) অতিথি সেবায় ব্যাঘাত; অভ্যাগত সৎকারে বাধা।

অতিথিপরিচর্য্যাপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-প্র-যুজ, যোগ, ক্ত) অতিথি সেবা জন্য; অভ্যাগত শুশ্রূষা নিমিত্ত;; অতিথি সৎকার হেতু।

অতিথিপরিচর্য্যাবিনা, ক্রিবিণ. [অতিথি-পরিচর্য্যা-বিনা, ভিন্নতা, চি] অতিথি সেবা ব্যতিরেকে; অভ্যাগত সেবা অভাবে; ভক্ষার্থী হইয়া গৃহে উপস্থিত ব্যক্তির সেবা ভিন্ন; অতিথি পূজা ব্যতিরিক্ত।

অতিথিপরিচর্য্যাবিশিষ্ট, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-বি-শিষ, বিশেষে শিষ্ট, ক্ত) অতিথি সেবায় বিশেষে শিষ্ট; অভ্যাগত সেবাযুক্ত; অতিথিসেবান্বিত।

অতিথিপরিচর্য্যাব্যতিরিক্ত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-বি-অতি-রিচ, ভিন্নতা, ক্ত) অতিথি সেবা অভাবে; আগন্তু সেবা বিনা; অতিথি সেবা ভিন্ন।

অতিথিপরিচর্য্যা ব্যতিরেক, পু. বি. (অতিথি-পরিচর্য্যা-বি-অতি-রিচ, ভিন্নতা, ঘঞ) অতিথি সেবা ভিন্নতা; অতিথি উপাসনাভাব; অভ্যাগত সেবা বিনা।

অতিথিপরিচর্য্যাব্যতিরেকে, ক্রিবিণ. (অতিথি-পরিচর্য্যা-বি-অতি-রিচ, ভিন্নতা, ঘঞ-এ) অতিথি সেবা অভাবে; অভ্যাগত শুশ্রূষা বিনা; অতিথি পূজাভিন্ন।

অতিথিপরিচর্য্যাভিলাষ, পু. বি. (অতিথি-পরিচর্য্যা-অভি-লষ, ইচ্ছা, ঘঞ) অতিথি সেবা স্পৃহা; অভ্যাগত উপাসনা ইচ্ছা; আগন্তু পূজা বাঞ্ছা।

অতিথিপরিচর্য্যাভিলাষী, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-অভি-লষ, ইচ্ছা, ণিন্) অতিথি সেবা ইচ্ছুক; অভ্যাগত উপাসনা করিতে যাহার অভিলাষ।

অতিথিপরিচর্য্যারত, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-রম, আসক্ত, ক্ত) অতিথি সেবায় নিযুক্ত; অভ্যাগত উপাসনায় আসক্ত; আগন্তু পূজায় অনুরক্ত।

অতিথিপরিচর্য্যাহেতুক, ত্রি. বিণ. [অতিথি-পরিচর্য্যা-হেতু, কারণ, কন্] অতিথিসেবা জন্য; অতিথি পূজা নিমিত্ত; অভ্যাগত উপাসনা নিমিত্ত।

অতিথিপরিচর্য্যেচ্ছুক, ত্রি. বিণ. (অতিথি-পরিচর্য্যা-ইষ, ইচ্ছা, উক) অতিথি সেবাভিলাষী।

অতিথিপূজক, ত্রি. বিণ. (অতিথি-পূজ, পূজা, অল-ক) যে অতিথি পূজা করে; অভ্যাগত উপাসক।

অতিথিপূজন, ক্লী. বি. (অতিথি-পূজ, পূজা, অনট) অতিথিসেবা; আতিথ্যক্রিয়া; নৃযজ্ঞ; ইতি হেমচন্দ্র। অভ্যাগতের সৎকার; আগন্তুর উপাসনা।

অতিথিপ্রিয়, ত্রি. বিণ. (অতিথি প্রী, স্নেহ, অ) অতিথি হৃদ্য; অতিথি যাহার স্নেহের পাত্র; যে অতিথি ভাল বাসে; অভ্যাগত ব্যক্তিকে যে সমাদর করে।

অতিথিবিনা, ক্রিবিণ. [অতিথি-বিনা, ভিন্নতা, চ্রি] অতিথি অভাবে; অতিথি ভিন্ন; অভ্যাগত ব্যতিরিক্ত।

অতিথিবিশেষলাভ, পু. বি. (অতিথি-বিশেষ-লভ, লাভ, ঘঞ) মান্য অতিথির লাভ; আগন্তু বিশেষের প্রাপ্তি; সম্ভ্রমশীল অভ্যাগত লাভ; যথা—অনসূয়া, শকুন্তলাকে উত্তর প্রদানে পরাঙ্মুখী দেখিয়া রাজাকে কহিলেন, হাঁ মহাশয়! তপস্যার বৃদ্ধি হইতেছে; কিন্তু এক্ষণে অতিথি বিশেষলাভ দ্বারা বিশেষ বৃদ্ধি হইল। ইতি শকুন্তলা ১০ পৃষ্ঠা।

অতিথিব্যতিরিক্ত, ত্রি. বিণ. (অতিথি-বি-অতি-রিচ, ভিন্নতা, ক্ত) অতিথি ভিন্ন; অভ্যাগত বিনা; আগন্তু অভাবে; গৃহাগত ব্যক্তি ব্যতিরিক্ত।

অতিথিব্যতিরেক, ক্লী. বি. (অতিথি বি-অতি-রিচ, ভিন্নতা, অল) অতিথি বিনা; অভ্যাগত ভিন্নতা; অতিথি অভাব; গৃহাগত ব্যক্তির অভাব।

অতিথিব্যতিরেকে, ক্রিবিণ. (অতিথি-বি-অতি রিচ, ভিন্নতা, অল-এ) অভ্যাগত অভাবে; অতিথি বিনা।

অতিথিভক্ত, ত্রি. বিণ. (অতিথি-ভজ, সেবা, ক্ত) অতিথি সেবক; অভ্যাগত অনুগত; আগন্তু অনুরক্ত।

অতিথিময়, ত্রি. বিণ. [অতিথি, অভ্যাগত, ময়ট] কেবল অতিথি; চতুর্দ্দিকে অভ্যাগত, অধিক অতিথি।

অতিথিমাত্র, ক্লী. বি. (অতিথি-মা, পরিমাণ, ত্র) অতিথি অবধারণার্থ; কেবল অভ্যাগত; অতিথি ভিন্ন কিছুই নয়; নিরবচ্ছিন্ন গৃহাগত ব্যক্তি।

অতিথিযুক্ত, ত্রি. বিণ. (অতিথি যুজ. যোগ, ক্ত) অতিথি মিলিত; অভ্যাগতসংলগ্ন; অতিথি আসক্ত।

অতিথিরক্ষক, ত্রি. বিণ. (অতিথি-রক্ষ, রক্ষা, ণক) অতিথি পালক; অভ্যাগত রক্ষাকর্ত্তা; আগন্তু ত্রাণকারক; যে ব্যক্তি গৃহাগত ব্যক্তিকে রক্ষা করে।

অতিথিরক্ষণ, ক্লী. বি. (অতিথি-রক্ষ, রক্ষা, অনট) অতিথি রক্ষা; অভ্যাগত পালন; অতিথি ত্রাণকরণ।

অতিথিরহিত, ত্রি. বিণ. (অতিথি রহ, বর্জ্জন, ক্ত) অতিথি বর্জ্জিত; অভ্যাগত ত্যক্ত; অতিথি নিবৃত্ত।

অতিথিরূপধারী, ত্রি. বিণ. (অতিথি-রূপ-ধৃ, ধারণ, ণিন্) অতিথির বেশ ধারী; যে অভ্যাগতের ন্যায় বেশ ধারণ করিয়াছে; গৃহাগত সদৃশ বেশধারী।

অতিথিশালা, স্ত্রী. বি. (অতিথি-শল, গৃহ, ঘঞ-আ) অতিথির গৃহ; অভ্যাগত ব্যক্তিদিগের অবস্থানার্থ ঘর; আগন্তু সেবার ঘর; নৃযজ্ঞের গৃহ।

অতিথিশূন্য, ত্রি. বিণ. (অতিথি-শূন, অভাব, ক্যপ্) অতিথি অভাববিশিষ্ট; অভ্যাগত রহিত; যে স্থানে অতিথি নাই; যে স্থানে ভক্ষার্থী বা যাচ্ঞার্থী নাই।

অতিথিসৎকার, পু. বি. (অতিথি-সৎ-কৃ, করণ, ঘঞ) আতিথ্যক্রিয়া; গৃহাগত ব্যক্তির উপাসনা; অতিথি সেবা; যথা—দেখি তপোরমে, গৌরী সসম্ভ্রমে, অভ্যর্থনা করে তাঁকে। তপের আচার, অতিথি সৎকার, আদরে করিয়া থাকে॥ অতিথি সৎকার, করিয়া স্বীকার, বসিয়া বিষ্টরাসনে। ছলনা করিয়া, শ্রম নিবারিয়া, চাহেন উমার পানে॥ ইতিকুমারসম্ভব ৬৯ পৃষ্ঠা। অভ্যাগত ব্যক্তির সম্পূর্ণ রূপে আহারাদি করান; যথা—শত্রুঘ্ন ঋষিগণের পথ প্রদর্শনানুসারে নানা বন অতিক্রম করিয়া বাল্মীকির তপোবনে উপস্থিত হইলেন। মহর্ষি বাল্মীকি তপোবল লব্ধ রাজযোগ্য উপচার দ্বারা পরম সমাদরে রাজকুমারের অতিথি সৎকার করিলেন। ইতি রঘুবংশ ১১৯ পৃষ্ঠা।

অতিথিসৎকারব্রত, পু. ক্লী. বি. (অতিথি-সৎকার-ব্রজ, গমন, অ) নিয়মিত রূপে অতিথির পূজা করা; অতিথি সেবার নিয়ম; যথা—তিনি লোকান্তর গমন করিলেও তাঁহার আশ্রমস্থ তরুগণ ছায়া দানে পথিকগণের শ্রম চ্ছেদ ও সুমধুর প্রচুর ফলদানে ক্ষুধা নিবৃত্তি করিয়া যেন পুত্রের ন্যায় তদীয় অতিথিসৎকারব্রত প্রতিপালন করিতেছে। ইতি রঘুবংশ ১০৩ পৃষ্ঠা।

অতিথিসন্তোষ, পু. বি. (অতিথি-সংতুষ, তোষ, অল) অভ্যাগত পরিতোষ; অতিথিতৃপ্তি; অতিথি আনন্দ।

অতিথিসন্তোষক. ত্রি. বিণ. (অতিথি সং-তুষ, তোষ, ণক) অতিথি আনন্দদায়ক; অতিথি হর্ষজনক।

অতিথিসন্তোষকারক, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-কৃ, করণ, ণক) অতিথি সন্তোষকর্ত্তা; অতিথি সন্তুষ্টকারী; যে অভ্যাগতকে সন্তুষ্ট করে।

অতিথিসন্তোষকারী, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-কৃ, করণ, ণিন্) আগন্তু পরিতোষকারক; যে অতিথিকে সন্তুষ্ট করে; যে অভ্যাগত ব্যক্তিকে তৃপ্তি করে।

অতিথিসন্তোষজনক, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-জন,

জন্মান, অল-ক) অতিথির সন্তোষ উৎপাদক; যে অভ্যাগতের আনন্দ উৎপন্ন করে; যাহা দ্বারা অতিথি সন্তুষ্ট হয়; যাহাতে গৃহাগত ব্যক্তি তৃপ্তি হয়।

অতিথিসন্তোষজনিত, ত্রি. বিণ. (অতিথি সন্তোষ-জন, জন্মান, ক্ত) অভ্যাগত পরিতোষ প্রযুক্ত।

অতিথিসন্তোষজন্য, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-জন, কারণ, য) অতিথি সন্তোষ নিমিত্ত; অভ্যাগত আনন্দ হেতু; আগন্তুর আহ্লাদকারণ; অতিথিতৃপ্তিজন্য।

অতিথিসন্তোষনিবারক, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-নিবার, নিষেধ, ণক) অতিথির আনন্দনিষেধক; অভ্যাগতের সন্তোষনিবারণকর্ত্তা; যাহা দ্বারা অতিথি তৃপ্তি হয় না; যদ্দ্বারা ভক্ষার্থীর আনন্দ নিবারিত হয়।

অতিথিসন্তোষনিবারণ, ক্লী. বি. (অতিথি-সন্তোষ নিবার, নিষেধ, অনট) অতিথির আনন্দ নিষেধ; অভ্যাগতর আহ্লাদ মানা; গৃহাগতর তৃপ্তি নিষেধ।

অতিথিসন্তোষনিমিত্তক, ত্রি. বিণ. [অতিথি-সন্তোষ-নিমিত্ত, কারণ, কন্] অতিথি সন্তোষ হেতু; অভ্যাগতর আনন্দ কারণ; অতিথির আহ্লাদ জন্য।

অতিথিসন্তোষনিমিত্তে, ক্রি বিণ. [অতিথি-সন্তোষ-নিমিত্ত, কারণ, এ] অতিথি প্রীতি কারণে; অতিথি সন্তোষ জন্যে; অভ্যাগত ব্যক্তির আনন্দ হেতু।

অতিথিসন্তোষপ্রতিবন্ধক, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-প্রতি-বধ, বন্ধন, অল-ক) অতিথির আনন্দ প্রতিরোধক; অভ্যাগতর সন্তোষ নিবারক।

অতিথিসন্তোষপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-প্রযুজ, যোগ, ক্ত) অতিথির আমোদ জন্য; আগন্তুর সন্তোষের নিমিত্ত; অভ্যাগতর সন্তুষ্টি হেতু।

অতিথিসন্তোষবর্দ্ধক, ত্রি. বিণ. (অতিথি-সন্তোষ-বৃধ, বর্দ্ধন, ণক) অভ্যাগতর প্রীতি বৃদ্ধিকারক।

অতিথিসন্তোষবর্দ্ধন, ক্লী. বি. (অতিথি-সন্তোষ-বৃধ, বর্দ্ধন, অনট) গৃহাগত ব্যক্তির আনন্দ উন্নতকরন; আগন্তুর সন্তোষ বৃদ্ধি; অভ্যাগতর সম্মান বাড়ান।

অতিথিসন্তোষবিনা, ক্রিবিণ. [অতিথি-সন্তোষ-বিনা, ভিন্নতা, চ্রি] অতিথি সন্তুষ্ট অভাবে; আগন্তু প্রীতি ব্যতিরিক্ত; অভ্যাগত ব্যক্তির আহ্লাদ ব্যতিরেকে।

অতিথিসন্তোষব্যতিরেকে, ক্রিবিণ. (অতিথি-সন্তোষ-বি-অতি-রিচ, ভিন্নতা, ঘঞ-এ) অভ্যাগতর আনন্দ অভাবে; গৃহাগত ব্যক্তির প্রীতি ভিন্ন।

অতিথিসেবক, ত্রি. বিণ. (অতিথি-সেব, সেবা, ণক) অভ্যাগত উপাসক; অতিথিপরিচারক; অতিথিদাস।

অতিথিসেবা, স্ত্রী. বি. (অতিথি-সেব, সেবা, ঙ-আ) অতিথি সৎকার; আতিথ্য ক্রিয়া; অতিথি শুশ্রূষা।

অতিথিসেবাকাঙ্ক্ষা, স্ত্রী. বি. (অতিথি-সেব, সেবা-আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ঙ-আ) অতিথি সেবাভিলাষ; অতিথি সৎকার ইচ্ছা; আতিথ্যক্রিয়া বাঞ্ছা।

অতিথিসেবাকাঙ্ক্ষী, ত্রি. বিণ. (অতিথি-সেবা-আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ণিন্) অভ্যাগত উপাসনাভিলাষী; অতিথি সৎকারেচ্ছুক; অতিথি সেবা করিতে যাহার ইচ্ছা; যাহার অভ্যাগত উপাসনায় অত্যন্ত বাঞ্ছা।

অতিথিসেবাকারী, ত্রি. বিণ. (অতিথি-সেবা-কৃ, করণ, ণিন) অতিথিসৎকারকর্ত্তা; যে অভ্যাগতশুশ্রূষা করে।

অতিথিসেবাগত, ত্রি. বিণ. (অতিথি-সেবা-গম, গমন, ক্ত) অভ্যাগত সেবাতীত; অতিথি উপাসনা হইয়াছে।

অতিথিসেবাজন্য, ত্রি. বিণ. (অতিথি-সেবা-জন, কারণ, য) অতিথি সেবা নিমিত্ত; আতিথ্যক্রিয়া হেতু; অতিথি উপাসনা কারণ; আগন্তু পূজাজন্য।

অতিথিসেবানিপুণ, ত্রি. বিণ. [অতিথি-সেবা-নিপুন, পারগ, চ্রি] অতিথি সেবা পটু; অতিথি উপাসনায় পারগ; আতিথ্যক্রিয়াভিজ্ঞ; অভ্যাগত পূজায় দক্ষ।

অতিথিসেবানিমিত্তে, ক্রিবিণ. [অতিথি-সেবা-নিমিত্ত, কারণ, এ] অতিথি সৎকার জন্যে; আতিথ্য ক্রিয়া কারণে; অভ্যাগত সেবা হেতু; আগন্তুপূজাজন্যে।

অতিথিসেবাব্যতিরিক্ত, ত্রি. বিণ. (অতিথি-সেবা-বি-অতি-রিচ, ভিন্নতা, ক্ত) অতিথি সৎকার ভিন্ন; আতিথ্যক্রিয়া অভাবে; অভ্যাগতসৎকার ব্যতিরেকে।

অতিথিসেবারহিত, ত্রি. বিণ. (অতিথি-সেবা-রহ, বর্জ্জন, ক্ত) অতিথিসৎকারবর্জ্জিত; আতিথ্যক্রিয়াশূন্য।

অতিথ্যাদর, ক্লী. বি. (অতিথি-আ-দৃ, আদর, অল) অভ্যাগত মর্য্যাদা; অতিথি সমাদর; আগন্তু সম্মান।

অতিথ্যাদরকারক, ত্রি. বিণ. (অতিথি আদর-কৃ, করণ, ণক) অতিথিসমাদরকর্ত্তা; যে অতিথিকে সম্মানকরে।

অতিথ্যাদরজন্য, ত্রি. বিণ. (অতিথি-আদর-জন, কারণ, য) অতিথি আদরনিমিত্ত; অভ্যাগতসমাদরহেতু।

অতিথ্যুপাসক, ত্রি. বিণ. (অতিথি-উপ-আস, সেবা, ণক) অতিথি উপাসনকর্ত্তা; গৃহাগত ব্যক্তিকে যে উপাসনা করে; যে অভ্যাগতজনকে আহারাদি করায়।

অতিথ্যুপাসনা, স্ত্রী. বি. (অতিথি-উপ-আস, সেবা, অন-আ) অভ্যাগত সেবা; অতিথি সৎকার; গৃহাগত ব্যক্তির পূজা; উপস্থিত ব্যক্তির অভিলাষ পুরন।

অতিথ্যুপাসনেচ্ছুক, ত্রি. বিণ. (অতিথি-উপাসনা-ইষ, ইচ্ছা, উক) অতিথি সেবাভিলাষী; আগন্তু পুজেচ্ছুক।

অতিদাতা, পু. বিণ. (অতি-দা, দান, তৃন্) অতিশয় দানকর্ত্তা; অতিবদান্য; যে সর্ব্বদা যাচকের অভিলষিত দান করে; যেব্যক্তি সতত ধনাদি বিতরণ করে।

অতিদান, ক্লী. বি. (অতি-দা, দান, অনট) বহুদান; বহুবিতরণ; অপরিমিতদান; যথা—অতিদর্পে হতা লঙ্কা অতিমানে চ কৌরবাঃ। অতিদানে বলির্ব্বদ্ধঃ সর্ব্বমত্যন্ত গর্হিতং। ইতি চানক্য শ্লোক।

অতিদাহ, পু. বি. (অতি-দহ, দহন, ঘঞ) অতিশয় জ্বালা; অত্যুত্তাপ; অত্যন্তদহন; অতিশয়ভস্মীকরণ।

অতিদিষ্ট, ত্রি. বিণ. (অতি দিশ, দেশ, ক্ত) অতিদেশবিশিষ্ট; একে অন্যের আরোপ করা।

অতিদীপ্য, পু. বি. (অতি-দীপ, উদ্ভিজ্জবিশেষ, য) রক্তচিত্রক বৃক্ষ; রাংচিতার গাছ; উদ্ভিজ্জবিশেষ।

অতিদীন, ত্রি. বিণ. (অতি-দা, দরিদ্র, ক্ত) অতিশয় দরিদ্র; অত্যন্ত নিরন্ন; অতিদুঃখী; অতিভীত।

অতিদীর্ঘ, ত্রি. বিণ. (অতি-দীর্ঘ, লম্বা, ক) অত্যন্ত লম্বা; অপেক্ষাকৃত অধিকক্ষণ স্থায়ী; যথা— দেখ ভৈমি! যে হেতুক সেই নল নিরন্তর তোমায় ভাবনা করত তোমারই স্বরূপত্ব প্রাপ্ত হইয়া ভুয়োভুয়ঃ অতিদীর্ঘশ্বাস বর্ষণ করিতেছেন। ইতিনৈষধচরিত ১১৮পৃষ্ঠা।

অতিদীর্ঘকাল, পু. বি. (অতি-দীর্ঘ-কাল, সময়, অল) অত্যন্ত লম্বা সময়; অধিক সময়; যথা—মদনানলের জ্বালা সদৃশ তাঁহার সন্তপ্ত নিশ্বাস পবন, যাহার প্রত্যেক শ্বাস প্রশ্বাস অতিদীর্ঘকাল ব্যাপিয়া বহমান হইতেছে, তাহা তাঁহার শরীরকে নিরন্তর দগ্ধ করিতেছে। ইতি জয়দেব ৪৮ পৃষ্ঠা।

অতিদীর্ঘসোপানারোহন, ক্লী. বি. (অতিদীর্ঘ-সোপান-আ-রুহ, আরোহন, অনট) অতিশয় লম্বা সিঁড়িতে উঠা; অনেক সংখ্যক পইটায় উত্থান; অতিদীর্ঘ সুচনায় আরোহন; যথা—অতিদীর্ঘ সোপানারোহনে শ্রম বশতঃ সুদীর্ঘকাল অবশ্যই নিশ্বাস মোচন করিতে হয়, সুতরাং ভৈমি! তোমার বিশ্বাস করা উচিত যে সেই ভূপাল সর্ব্বকাল কেবল ত্বচ্চিন্তনে ত্বদ্রূপত্বই প্রাপ্ত হইয়াছেন। ইতি নৈষধচরিত ১১৮ পৃষ্ঠা।

অতিদুঃখ, ক্লী. বি. (অতি-দুঃখ, ক্লেশ, অল) অতিক্লেশ; অতিশয় পীড়া; অত্যন্ত দরিদ্রতা; অতিসন্তাপ।

অতিদুঃখী, ত্রি. বিণ. (অতি-দুঃখ, ক্লেশ, ইন্) অতিশয় দুঃখ বিশিষ্ট; অত্যন্ত ক্লেশ যুক্ত।

অতিদুঃসহ, ত্রি. বিণ. (অতি-দুর-সহ. সহ্যতা, অল) অসহ্যনীয়; যাহা অতি কষ্টে সহ্য করা যায়।

অতিদুরুহ, ত্রি. বিণ. (অতি-দুর্-রুহ, আরোহন, ক) অতিশয় কঠিন; অত্যন্ত কষ্টসাধ্য; যথা—ভূরুহগণ প্রথমে অতিদুরুহ বিঘ্নোত্তীর্ণ হওত যে ধাত্রীর উৎসঙ্গ তলে অর্থাৎ উপরিভাগে অথচ ক্রোড়দেশে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে। ইতি নৈষধচরিত ৩২ পৃষ্ঠা।

অতিদুর্গত, ত্রি. বিণ. (অতি-দুর-গম, গমন, ক্ত অতিক্লেশ; অতিদুঃখ; যাহা অতিশয় কষ্টে গিয়াছে।

অতিদুর্গম, ত্রি. বিণ. (অতি-দুর-গম, গমন, অল) অতিকষ্টগম্য; অত্যন্ত দুঃখে গমনীয়; অতিশয় কঠিন।

অতিদুর্ভাবনা, স্ত্রী. বি. (অতি-দুর-ভু, সত্তা, ণিঞ-অন) অতিশয় দুশ্চিন্তা; অত্যন্ত মন্দ ভাবনা।

অতিদুর্ভিক্ষ্য, ক্লী. বি. (অতি-দুর-ভিক্ষ, ভিক্ষা, য) অত্যন্ত ভিক্ষার অপ্রাপ্তিকাল; অতিশয় মহার্ঘ্যতার সময়; অতিশয় অকাল; যেসময় ভিক্ষা পাওয়া যায়না।

অতিদুর্ভেদ্য, ত্রি. বিণ. (অতি-দুর-ভিদ, ভেদ, য) অতিকষ্টভেদ্য; অত্যন্ত দুঃখে ভেদনীয়; যাহাকে কষ্টে ভেদ করা যায়; ক্লেশ দ্বারা বিদারণ করা যায়।

অতিদুর্ল্লভ, ক্লী. বি. (অতি-দুর্-লভ, লাভ, অল) অত্যন্ত কষ্টে লাভ; যাহা অতি ক্লেশে লাভ করা যায়; প্রায় অপ্রাপ্য; যথা—যাঁহার সহিত কিয়ৎ বিষয়ে ঐক্য হয়, আমরা এ সংসারে তাঁহাকে বন্ধুত্ব পদে প্রতিষ্ঠিত করিয়া মনের ক্ষোভ নিবারণ করি, এরূপ বন্ধুও অতিদুর্ল্লভ। ইতি চারুপাঠ ৩য় ভাগ ২২ পৃষ্ঠা।

অতিদুষ্ট, ত্রি. বিণ. (অতি-দুষ, দোষ, ক্ত) অতিঅধম; অতিশয় বিরুদ্ধান্তঃকরণ; অত্যন্ত কুষ্ঠ।

অতিদুষ্টা, স্ত্রী. বিণ. (অতি-দুষ, দোষ, ক্ত-আ) অতিভ্রষ্টা; অত্যন্ত পুংশ্চলী; অতিশয় ব্যভিচারিণী।

অতিদূর, ত্রি. বিণ. (অতি-দূর, অন্তর, ক) অতিশয় অনিকট, অত্যন্ত অসন্নিকৃষ্ট; অতি অন্তর।

অতিদূরদেশবাসী, পু. বি. (অতি-দূর-দেশ-বস, বাস, ণিন্) অত্যন্ত দূরদেশে যে বাস করে; যথা—তাঁহার

পরিচারকগণ অবিশ্রান্ত রোদন করিতে লাগিল। তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া দর্শনার্থ অতিদূরদেশবাসী প্রজারা চল্লিশ দিন পর্য্যন্ত অনবরত গতায়াত করিতে লাগিল। ইতি টেলিমেকস ৫৪ পৃষ্ঠা।

অতিদূরে, ক্রিবিণ. (অতি-দূর, অন্তর, এ) অতিশয় অন্তরে; যথা—সে বারম্বার বৃক্ষের মূলদেশ বেষ্টন করিয়া ক্লান্তিবোধ হওয়াতে রক্তবর্ণ রসনা বহির্গত করত এক স্থানে উপবিষ্ট হইয়া ব্যাদত্ত মুখে ঘন ঘন নিশ্বাস ফেলিতে লাগিল। অনন্তর দীর্ঘ লম্ফ প্রদান পূর্ব্বক অতিদূরে গমন করিয়া এক ভয়ঙ্কর গর্জ্জন করিল। ইতি রোমাবতী ৭২ পৃষ্ঠা।

অতিদূষণ, ক্লী. বি. (অতি-দূষ, দোষ, অনট) অতিশয় দোষ; অত্যন্ত নিন্দা; অতিশয় ত্রুটি।

অতিদূষণাবহ, ত্রি. বিণ. (অতি-দূষণ-আ-বহ, বহন, অল) অতিশয় নিন্দনীয়; অত্যন্ত কুৎসিত।

অতিদূষিত, ত্রি. বিণ. (অতি-দূষ, দোষ, ক্ত) অতিদোষ প্রাপ্ত; অতিশয় জঘন্য; অত্যন্ত নিন্দিত।

অতিদেশ, পু. বি. (অতি-দিশ, দেশ, অল) অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ; অতিশয় স্থান।

অতিধন, ক্লী. বি. (অতি-ধন, সম্পত্তি, অল) অতিজীবনোপায়; অতিশয় বিভব; অত্যন্ত বিত্ত।

অতিধনী, ত্রি. বিণ. (অতি-ধন, সম্পত্তি, ইন্) অতিশয় ধনবান; অতিশয় আঢ্য; অত্যন্ত ধনসম্পন্ন।

অতিধার্ম্মিক, ত্রি. বিণ. [অতি-ধর্ম্ম, পুণ্য, ষ্ণিক] অতিপুণ্যাত্মা; অতিশয় ধর্ম্মশীল; পুণ্যযুক্ত।

অতিধীর, ত্রি. বিণ. (অতি-ধীর, অচঞ্চল, ক) অতিধৈর্য্যান্বিত; অতিপণ্ডিত; অতিশয় প্রাজ্ঞ; যথা—হে রাজপুত্রি! তুমি যে অতিরমণীয় সৌন্দর্য্যগুণে তাদৃশ অতিধীর সেই নলকেও চঞ্চল করিয়াছ ইহাতে আর অধিক কি কহিব তুমি অতীব ধন্যা সন্দেহ নাই। ইতি নৈষধচরিত ১২১ পৃষ্ঠা।

অত্যন্ত অচঞ্চল; অতিসুস্থির; অতিশয় শান্ত।

অতিধূর্ত্ত, ত্রি. বিণ. [অতি-ধূর্ত্ত, বঞ্চক, ট্রি] অতিশয় বঞ্চক; অতিশয় প্রতারক; অতিশঠ; অতিচতুর।

অতিধৃতি, স্ত্রী. বি. অতি-ধৃ, ধারণ, ক্তি) চতুর্ব্বিংশতি বর্ণবিশিষ্ট চতুষ্পাদী; অতিধৈর্য্য; অত্যন্ত মনঃস্থৈর্য্য।

অতিনিকট, ত্রি. বিণ. (অতি-নি-কট, অদূর, অল) অতিশয় অদূর; অতিঅভ্যর্ণ; অত্যন্ত সমীপ।

অতিনিকটস্থ, ত্রি. বিণ. (অতি-নিকট-স্থা, নিকটেস্থিত, ড) অতিনিকটে স্থিত; যাহা অতি অদূরে আছে।

অতিনিকটস্থায়ী, ত্রি. বিণ. (অতি-নিকট-স্থা, নিকটে স্থিত, ইন্) অতিসমীপে স্থিত; যাহা অত্যন্ত অদূরে অবস্থিত; যাহা খুব নিকটে আছে; অতিসন্নিকটে।

অতিনিকটস্থিত, ত্রি. বিণ. (অতি-নিকট-স্থা, নিকটে স্থিত, ক্ত) অতি অদূরস্থ; যাহা অতি নিকটে আছে।

অতিনিদ্রা, স্ত্রী. বি. (অতি-নি-দ্রা, ঘুম, আ) অতিঘুম; অত্যন্ত মেধ্যানাড়ীতে মনঃ সংযোগ।

অতিনিম্ন, ত্রি. বিণ. (অতি-নি-ম্না, গভীর, ড) অতিঅধঃ; অতিনীচ; অতিশয় নাবাল; অতিশয় হেয়।

অতিনির্ণয়, পু. বি. (অতি-নির্-নি, স্থিরতা, অল) দৃঢ়নিশ্চয়; অতি অবধারণ; দৃঢ়তর স্থিরকরণ।

অতিনিশ্চয়, পু. বি. (অতি-নিঃ-চি, স্থিরতা, অল) অতি নির্ণয়; অত্যন্ত স্থির; অতিশয় সিদ্ধান্ত।

অতিনিশ্চিত, ত্রি. বিণ. (অতি-নিঃ-চি, স্থিরতা, ক্ত) অতিশয় নির্ণীত; অত্যন্ত স্থিরীকৃত।

অতিনিষিদ্ধ, ত্রি. বিণ. (অতি-নি-সিধ, নিষেধ, ক্ত) অতিনিষেধের বিষয়; অত্যন্ত নিবারিত; অতিশয় মানা করা; যাহা বিশেষ রূপে নিষেধ করা হইয়াছে।

অতিনিষেধ, পু. বি. (অতি-নি-সিধ, নিষেধ, অল) অতিশয় নিবারণ; অত্যন্ত মানা করণ; অতিবারণ।

অতিনু, ত্রি. বিণ. (অতি-নু, অবরোহণ, ক্বিপ্) নাবোত্তীর্ণ; অতীতনৌক; নাবমতিক্রান্ত; ইতি অমরকোষ।

অতিনৈকট্য, ক্লী. বি. [অতি-নিকট, অদূর, ষ্ণ্য] অতিনিকটতা; অত্যন্ত নিকট ভাব; যথা—সংখ্যা ও ভাষাশক্তি প্রভৃতি বুদ্ধি বৃত্তির সহিত ভূমণ্ডলের অতিনৈকট্য সম্বন্ধ রহিয়াছে। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ২য় ভাগ ১২ পৃষ্ঠা।

অতিনৌ, পু. স্ত্রী. বি. (অতি-নু, অবরোহণ, ডৌ) নৌকা হইতে অবরোহণ; নৌকা হইতে অবরোহণ করা; জলযান হইতে উত্তরণ; নৌকা হইতে নামন্।

অতিপক্ব, ত্রি. বিণ. (অতি-পচ, পাক, কন্) অতিশয় পরিণত; অত্যন্ত পাকা; অতিশয় সুদৃঢ়; নিপুণ।

অতিপটু, ত্রি. বিণ. (অতি-পট, দক্ষতা, উ) অতিশয় নিপুণ; অতি দক্ষ; অতিশয় পারগ; অতি নীরোগ।

অতিপণ, ক্লী. বি. (অতি-পণ, সংখ্যা বিশেষ, অ) অতিশয় নিয়ম; দৃঢ়তর প্রতিজ্ঞা; ঠিক্ অশীতি কপ-

র্দ্ধক; যথার্থ কুড়িগণ্ডা; ঠিক মূল বেতন।

অতিপতন, ক্লী. বি. (অতি-পত, পাত, অনট) অতিক্রমণ; অতিশয় পতন; বিনাশ; কর্ত্তব্যকর্ম্মে অনাস্থা।

অতিপতিত, ত্রি. বিণ. (অতি-পত, পতন, ক্ত) অতি পাপী; অতিশয় পরাভূত; অতিভ্রষ্ট; অত্যন্ত ত্যাজ্য; অতি অব্যবহার্য্য; অতিশয় পড়া।

অতিপন্থা, পু. বি. (অতি-পথ, মার্গ, ইন=পথিন, স্যাদি বিভক্তি প্রথমার একবচন) সন্মার্গ; সুপথ; ইতি অমরকোষ। রাজপথ; রাজবর্ত্ম; প্রকাশ্যরাস্তা।

অতিপত্র, ক্লী. বি. (অতি-পত, উদ্ভিজ্জবিশেষ, র) হস্তিকন্দক বৃক্ষ; শাক বৃক্ষ; উদ্ভিজ্জবিশেষ; ইতি রাজনির্ঘণ্ট। অত্যন্ত দল; অতিশয়পাতা; অতিশর।

অতিপবিত্র, ত্রি. বিণ. (অতি-পু, পবিত্র, ইত্র) অতিশয় শুদ্ধ; অত্যন্ত বর্ষণ; অতিশয় কুশ; তাম্র।

অতিপর, পু. বি. (অতি-পর, সম্বন্ধবিহীন; অল) অতিশয় শত্রু; মহাঅরি; অতি উদাসীন; (ত্রি. বিণ.) নিঃসম্বন্ধ; অসম্পর্ক; যাহার সহিত সম্বন্ধনাই।

অতিপশু, ত্রি. বি. (অতি-পশ, জ্ঞানশূন্যতা, উ) ঘোরমূর্খ; পশুসদৃশ; জ্ঞানশূন্য; নিঃসম্বন্ধ; অসম্পর্ক।

অতিপাকা, ত্রি. বিণ. (অতি-পচ, পাক, ঘঞ-আ) অতিপক্ক; অত্যন্ত পরিণতি অবস্থাপন্ন; অতিবালিকা।

অতিপাগল, ত্রি. বিণ. [অতি-পাগল, বাহ্যজ্ঞানশূন্যতা, চ্বি] অতিশয় উন্মত্ত; অত্যন্ত ক্ষিপ্ত; অতি বাতুল; অত্যন্ত বিকৃতচিত্ত; বাহ্যজ্ঞান বিহীন।

অতিপাচক, ত্রি. বিণ. (অতি-পচ, পাক, ণক) অতিশয় পাককর্ত্তা; অত্যন্ত জীর্ণকারী ঔষধবিশেষ; যে অতিশয় রন্ধন করিতে পারে; যদ্দ্বারা পরিপাক হয়।

অতিপাচকতা, স্ত্রী. বি. (অতি-পচ, পাক, ণক-তা) অত্যন্ত জীর্ণ করিবার গুন বা শক্তি; অতিশয় রন্ধনের কর্ম্ম; অতিশীঘ্র পরিপাক করিবার ক্ষমতা।

অতিপাণ্ডিত্য, ক্লী. বি. [অতি-পণ্ডিত, বিচক্ষণ, ষ্ণ্য] অতিপণ্ডিতের ধর্ম্ম বা কর্ম্ম; অত্যন্ত নৈপুণ্য; অতিশয় দক্ষতা; অতিশয় বিদ্যা; কার্য্যে পারকতা।

অতিপাত, পু. বি. (অতি-পত, পতন, ঘঞ) অতিক্রম; উপাত্যয়; পর্য্যয়; ইতি অমরকোষ। কার্য্যে অনাস্থা; ব্যাঘাত; পর্য্যায় ভঙ্গ; বিরুদ্ধ আচরন।

অতিপাতক, ক্লী. বি. (অতি-পত, পাপ, ণক) নব বিধ পাপ মধ্যে গুরুতর ত্রিবিধ পাপ; যথা—পুরুষ পক্ষে মাতৃ, কন্যা ও পুত্রবধু গমনজন্য পাপ। এবং কামিনী পক্ষে পুত্র, পিতা ও শ্বশুর গমনজন্য পাপ। ইতি প্রায়শ্চিত্তবিবেক। অতিশয় নরকসাধন।

অতিপাতকী, ত্রি. বিণ. [অতি-পাতক, পাপ, ণিন্] অতিপাপী; পাতকবিশিষ্ট; অতিশয় অঘবান।

অতিপান, ক্লী. বি. (অতি-পা, পান, অনট) দ্রবদ্রব্যের গলাধঃকরন; পেয়া; অতিশয় পান করা।

অতিপাপ, ক্লী. বি. (অতি-পাপ, অধর্ম্ম, অল) অতি-অধর্ম্ম; অত্যন্ত অপরাধ; অতিশয় দুরিত।

অতিপাপাত্মা, ত্রি. বিণ. [অতি-পাপ-আত্মন্, আত্মা, প্রথমা বিভক্তি] অতি অধর্ম্মশীল; অতিশয় পাপবিশিষ্ট; অত্যন্ত পাপী; অতিশয় অঘযুক্ত।

অতিপাপান্বিত, ত্রি. বিণ. (অতি-পাপ-অনু-ই, গমন, ক্ত) অতিশয় পাপবিশিষ্ট; অত্যন্ত পাপযুক্ত।

অতিপাপিষ্ঠ, ত্রি. বিণ. [অতি-পাপ, অধর্ম্ম, ইষ্ঠ] অতিশয় পাপী; অত্যন্ত দুরাত্মা; অপরাধযুক্ত।

অতিপাবন, ত্রি. বিণ. (অতি-পু, পবিত্র, অন) অতিপবিত্রকারক; অতি প্রায়শ্চিত্ত; অতিশয় অগ্নি।

অতিপামর, ত্রি. বিণ. (অতি-পামর, নীচ, অল) অতি অধম; অত্যন্ত নীচ; অতিপাপিষ্ঠ; অতিমূর্খ।

অতিপারক, ত্রি. বিণ. (অতি-পার, ক্ষমতা, ণক) অতিশয় সমর্থ; অতিপারগ; অত্যন্ত ব্যায়ামকারক।

অতিপারকতা, স্ত্রী. বি. (অতি-পার, সমর্থ, ণক-তা) অত্যন্ত সমর্থতা; অতিশয় ব্যায়াম করনের বিষয়।

অতিপারকতাপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতি-পারকতা-প্র-যুজ, যোগ, ক্ত) অত্যন্ত সমর্থতাজন্য; অতিদক্ষতানিমিত্ত।

অতিপার্শ্ব, পু. বি. (অতি-পার্শ্ব, নিকট, অল) অতিশয় সন্নিকট; অতি সমীপ; অত্যন্ত নিকট।

অতিপালন, ক্লী. বি. (অতি-পাল, রক্ষাকরন, অনট) অতিভরণ পোষন; বিলক্ষন প্রতিপালন; অতিশয় মান্য করন; প্রাণপণে রক্ষন।

অতিপালনীয়, ত্রি. বিণ. (অতি-পাল, রক্ষণ, অনীয়) অত্যন্ত প্রতিপালনের যোগ্য; অতিশয় মান্য করণোপযুক্ত; অত্যন্ত রক্ষণার্হ; পোষনের যোগ্য।

অতিপালিত, ত্রি. বিণ. (অতি-পাল, রক্ষণ, ক্ত) অতিশয় ভরন পোষণ বিশিষ্ট; অত্যন্ত মান্যকৃত।

অতিপাল্য, ত্রি. বিণ. (অতি-পাল, রক্ষন, য) অতিশয় ভরনপোষণের যোগ্য; অতিমান্যকরার উপযুক্ত।

অতিপিঙ্গল, ত্রি. বিণ. (অতি-পিঙ্গল, রংবিশেষ, অ) অতিশয় নীল পীত মিশ্রিত বর্ণ; যথার্থ পিঙ্গল রং।

অতিপিত্ত, ক্লী. বি. (অতি-পিত, ধাতুবিশেষ, ক্ত) শরীরের ধাতু বিশেষ; অতিশয় তিক্ত ধাতু।

অতিপিত্তকর, ত্রি. বিণ. (অতি-পিত্ত-কৃ, করণ, অল) অতিশয় পিত্তকারী; যাহা দ্বারা অত্যন্ত পিত্ত হয়।

অতিপিত্তকারক, ত্রি. বিণ. (অতি-পিত্ত-কৃ, করণ, ণক) যে অত্যন্ত পিত্ত করে; অতিশয় পিত্তকারী।

অতিপিত্তজনক, ত্রি. বিণ. (অতি-পিত্ত-জন, জন্মান, অল-ক) যদ্দ্বারা অত্যন্তপিত্ত জন্মায়; অতিপিত্তকারী।

অতিপিত্তদায়ক, ত্রি. বিণ. (অতি-পিত্ত-দা, দান, ণক) যে অতিশয় পিত্ত দান করে; অত্যন্ত পিত্তদ।

অতিপিত্তধ্বংস, পু. বি. (অতি-পিত্ত-ধ্বন্‌স, নাশ, অল) অতিশয় পিত্তের নাশ; অত্যন্ত পিত্তের অভাব।

অতিপিত্তধ্বংসক, ত্রি. বিণ. (অতি-পিত্তধ্ব-ন্স, নাশ, ণক) অতিশয় পিত্তনাশক; যে অধিক পিত্ত নষ্ট করে; অতিশয় পিত্ত নাশকর্ত্তা; পিত্ত নষ্টকারী।

অতিপিত্তনাশ, পু. বি. (অতি-পিত্ত-নশ, নাশ, ঘঞ) অত্যন্ত পিত্ত বিনাশ; অতিশয় পিত্ত ধ্বংস।

অতিপিত্তনাশক, ত্রি. বিণ. (অতি-পিত্ত-নশ, নাশ, ণক) অতিপিত্ত নাশকর্ত্তা; যে অতিপিত্ত নাশ করে।

অতিপিত্তনিরারক, ত্রি. বিণ. (অতি-পিত্ত-নি-বার, বারণ, ণক) অতিপিত্ত নিষেধক; যে অতিশয় পিত্তকে নিবারণ করে; যাহা দ্বারা পিত্ত জন্মাইতে পারে।

অতিপিত্তনিবারণ, ক্লী. বি. (অতি-পিত্ত-নি-বার, বারণ, অনট) অতিপিত্ত নিষেধ; অতিপিত্ত মানা।

অতিপিত্তপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতি-পিত্ত-প্র-যুজ, যোগ, ক্ত) অতিশয় পিত্তর জন্য; অত্যন্ত পিত্তর নিমিত্ত।

অতিপিত্তবিনা, ক্রিবিণ. [অতিপিত্ত-বিনা, ভিন্নতা, চ্বি] অতিপিত্ত ব্যতিরেকে; অত্যন্ত পিত্ত ভিন্ন; অতিশয় পিত্ত ব্যতিরিক্ত; অতি পিত্ত অভাবে।

অতিপিত্তমূলক, ত্রি. বিণ. (অতি-পিত্ত-মূল, আদি, ণক) অতিপিত্তই যাহার মুল; অতিশয় পিত্তই যাহার কন্দ বিশেষ; অতিশয় পিত্তই যাহার আদি।

অতিপিত্তরহিত, ত্রি. বিণ. (অতি-পিত্ত-রহ, বর্জ্জন, ক্ত) অতিশয় পিত্তশূন্য; অত্যন্ত পিত্ত ধ্বংশ; যাহার অতিশয় পিত্ত নাই; অতিপিত্তবিবর্জ্জিত; পিত্তহীন।

অতিপিত্তহেতুক, ত্রি. বিণ. [অতি-পিত্ত-হেতু, কারণ, কন্] অতিপিত্ত জন্য; অতিশয় পিত্তনিমিত্ত।

অতিপিত্তান্বিত, ত্রি. বিণ. (অতি-পিত্তঅনু-ই, গতি, ক্ত) অতিপিত্ত বিশিষ্ট; অতিশয় পিত্ত যুক্ত।

অতিপিত্তোপক্রম, পু. বি. (অতি-পিত্ত-উপ-ক্রম, নিয়ম, অল) অতিপিত্ত প্রক্রমসূচনা; অতিশয় পিত্তের অনুষ্ঠান; অত্যন্ত পিত্তের উপক্রম; অতিশয় পিত্তারম্ভ।

অতিপিত্তোপশম, ক্লী. বি. (অতি-পিত্ত-উপ-শম, শান্তি, অল) অতিপিত্ত শমতা; অত্যন্ত পিত্ত শান্তি; অতিশয় পিত্তের হ্রাস; পিত্তঘটিত পীড়া আরোগ্য।

অতিপীণোন্নত, ত্রি. বিণ. (অতি-পীন-উৎ-নম, নমন, ক্ত) অত্যন্ত স্থূল অথচ উচ্চ; অতিশয় উত্তুঙ্গ মাংসল; যথা—আর ভীমদুহিতার রুচির চিকুর জাল তো শিখিপুচ্ছকে অতিতুচ্ছই বোধ করে, এবং অতিপীণোন্নত নিবিড় কুচ শোভায় ইভকুম্ভকেও বিজ্রিত বোধ হয়। ইতি নৈষধচরিত ৫৬ পৃষ্ঠা।

অতিপীবর, ত্রি. বিণ. (অতি-পীবর, স্থূলতা, অল) অতিস্থূল; অতিশয় মোটা; অত্যন্ত পীণ; যথা—আহা! উপরি ধৃত নিবিড় ও অতিপীবর কুচদ্বয়াবরণ জন্যই ভৈমীর হৃদয় মদন জনিত সন্তাপ বাহুল্যে বিদীর্ণ হইয়া উৎপতিত হইতে পারে নাই। ইতি নৈষধচরিত ১৩২ পৃষ্ঠা।

অতিপেশল, ত্রি. বিণ. (অতি-পেশল, চতুরতা, অল) অতিশয় চালাক; অত্যন্ত সতর্ক; অতি সুচতুর।

অতিপ্রচুর, ত্রি. বিণ. (অতি-প্র-চুর, আধিক্য, ক) অনেক; অতিশয়; যথেষ্ট; যথা—তাঁহাদের গৃহনির্ম্মাণের সমগ্র প্রণালী বিবেচনা করিয়া দেখিলে বোধ হয়, গৃহ মধ্যে অতিপ্রচুর বায়ুসঞ্চার থাকা যে নিতান্ত আবশ্যক ইহা তাঁহাদের কদাচ হৃদয়ঙ্গম হয় নাই। ইতি চারুপাঠ ৩য় ভাগ ৮৫ পৃষ্ঠা।

অতিপ্রধান, ত্রি. বিণ. (অতি-প্র-ধা, শ্রেষ্ঠ, অনট) অতিশয় শ্রেষ্ঠ; অত্যন্ত প্রধান; অতিশয় বড়।

অতিপ্রফুল্ল, ত্রি. বিণ. (অতি-প্র-ফুল, ফোটন, ক্ত) অত্যন্ত বিকাশযুক্ত; অতি উৎফুল্ল; অতি বিকসিত।

অতিপ্রবল, ত্রি. বিণ. (অতি-প্র-বল, সামর্থ্য, অল) অতিশয় বলবান্; অত্যন্ত পাতা; অতিশয় পল্লব; প্রকৃষ্ট বলযুক্ত; যথা—তাঁহারদের অতিপ্রবল অর্জ্জন স্পৃহা বৃত্তি যে বুদ্ধি বৃত্তি ও ধর্ম্মপ্রবৃত্তি সমুদায়কে পরাভূত করিয়া রাখিয়াছে, তাহার সন্দেহ নাই। ইতি

বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ৩য় ভাগ ৬৩ পৃষ্ঠা।

অতিপ্রবলা, স্ত্রী. বিণ. (অতি-প্র-বল, সামর্থ্য, অল-আ) প্রকৃষ্ট বলযুক্তা; অতিশয় বলবতী; যথা— অতি ঘোরতর স্মারজ্বরের উপশমার্থ যে সমস্ত চিকিৎসক সমাগত হইয়াছিলেন অনুমান হয় লজ্জাশীল নলের অতি প্রবলা লজ্জা সাংক্রামিক ব্যাধিবৎ সেই সমস্ত চিকিৎসকে প্রবেশ করিয়াছিল। ইতি নৈষধচরিত ১১৯ পৃষ্ঠা।

অতিপ্রভাবশালী, ত্রি. বিণ. (অতি-প্রভাব-শল, যুক্ততা, নিন্) অতিশয় প্রভাব বিশিষ্ট; অত্যন্ত ক্ষমতাশীল; অতি তেজঃপুঞ্জ; যথা—মহারাজ! শুনিয়া থাকিবেন তৃণবিন্দু নামে এক অতিপ্রভাবশালী মহর্ষি ছিলেন, তিনি কোন সময়ে কঠোর তপস্যা আরম্ভ করেন। ইতি রঘুবংশ ৬৩ পৃষ্ঠা।

অতিপ্রভূত, ত্রি. বিণ. (অতি-প্র-ভূ, সত্তা, ক্ত) প্রচুর; উন্নত; যথেষ্ট; যথা--ইংলণ্ডীয় রাজ্য যে অতিপ্রভূত দুষ্পরিশোধনীয় ঋণজালে বদ্ধ হইয়া রহিয়াছে, তাঁহারদিগের ন্যায় বিরুদ্ধ যুক্ত প্রবৃত্তিই তাহার একমাত্র কারণ। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ২য় ভাগ ৯০ পৃষ্ঠা।

অতিপ্রশস্ত, ত্রি. বিণ. (অতি-প্র-শন্স, উত্তমতা, ক্ত) অতিশয় প্রশংসনীয়; অতিশ্রেষ্ঠ; অত্যন্ত পরিসরান্বিত; অতিশয় বিস্তৃত; যুক্তি বা শাস্ত্রসিদ্ধ।

অতিপ্রসঙ্গ, পু. বি. (অতি-প্র-সন্‌জ, প্রস্তাব, অল) অতিশয় পুনরুক্তি; অত্যন্ত দোষ; অতিশয় ব্যভিচার; অন্যত্র প্রসক্তি; অলক্ষ্যে লক্ষণ গমন।

অতি প্রসরণশীলকান্তিধারি, ত্রি. বিন. (অতি-প্রসরণ শীলকান্তি-ধৃ, ধারণ, নিন্) যে স্বার্থ প্রবৃত্তি বিশিষ্ট শোভা ধারণ করিয়াছে; যথা—আর গমন বেগে অতিপ্রসরণশীল কান্তিধারি হংস পথিমধ্যে বনের উচ্চতর পাদপ চারুতা দেখিয়াও কদাচিৎ বিশ্রাম করে নাই। ইতি নৈষধচরিত ৬৬ পৃষ্ঠা।

অতিপ্রিয়, ত্রি. বিণ. (অতি-প্রী, হৃদ্যতা, ক) অত্যন্ত হৃদ্য; অতিশয় স্নেহপাত্র; অতিশয় ভালবাসা ব্যক্তি।

অতিপ্রিয়া, স্ত্রী. বিণ. (অতি-প্রী, হৃদ্যতা, ক-আ) অতিশয় স্নেহের পাত্রী; যে কামিনীকে অতিশয় ভাল বাসে; যথা—স্বয়ং রতি যখন তাহা করেন নাই ইহাতে আমি অনুমান করি তোমার অতিপ্রিয়া সেই রতি তোমাকে বিরহিণী শতঘাতন পাতকী জানিয়াই পরিত্যাগ করিয়া থাকিবেন। ইতিনৈষধচরিত ১৬০পৃষ্ঠা।

অতিপ্রীতি, স্ত্রী. বি. (অতি-প্রী, হর্ষ, ক্তি) অতিতৃপ্তি; অতিশয় প্রমোদ; অ'ান্ত হর্ষ।

অতিপ্রীতিজনক, ত্রি. বিণ. (অতি-প্রীতি-জন, জন্মান, অল-ক) অতিশয় প্রীতি উৎপাদক; যাহা দ্বারা অতিশয় তৃপ্তি জন্মায়; যাহাতে অতিশয় সন্তোষ জন্মায়।

অতিপ্রীতিজন্য, ত্রি. বিণ. (অতি-প্রীতি-জন, নিমিত্ত, য) অত্যন্ত তৃপ্তি নিমিত্ত; অতিশয় হর্ষ হেতু।

অতিপ্রীতিধ্বংসক, ত্রি. বিণ. (অতি-প্রীতি-ধ্বন্স, নাশ, অল) অতিশয় তৃপ্তিনাশক; যে অত্যন্ত হর্ষ ধ্বংসকরে।

অতিপ্রীতিনিবারক, ত্রি. বিণ. (অতি-প্রীতি-নি-বার, নিবারণ, ণক) অত্যন্ত তৃপ্তি নিষেধক; যে অতিশয় প্রমোদনিবারণ করে; যদ্দ্বারা কিছুই আহ্লাদ হয়না।

অতিপ্রীতিনিমিত্তক, ত্রি. বিণ. [অতি-প্রীতি-নিমিত্ত, কারণ, কন্] অতিশয় হর্ষ নিমিত্ত; অত্যন্ত তৃপ্তি হেতুক; অতিশয় প্রমোদ জন্য; আহ্লাদ কারণ।

অতিপ্রীতিবিশিষ্ট, ত্রি. বিণ. (অতি-প্রীতি-বি-শিষ, বিশেষে শিষ্ট, ক্ত) অতিশয় প্রমোদযুক্ত; অতি তৃপ্তিবান্; অত্যন্ত হর্ষ মিলিত; অতিসন্তোষান্বিত।

অতিপ্রেত, ত্রি. বিণ. (অতি-প্র-ইত, গমন, অল) অতিশয় নরকস্থ; অত্যন্ত ভূত বিশেষ; ক্ষুদ্রাশয়।

অতিফলদায়ক, ত্রি. বিণ. (অতি-ফল-দা, দান, ণক) অতিশয় ফল দাতা; যে অত্যন্ত ফল দান করে; অতিশয় অভীষ্ট প্রদায়ক; যাহা দ্বারা কার্য্য সিদ্ধ হয়।

অতিবড়, ত্রি. বিণ. (অতি-বড়, শ্রেষ্ঠ, অল) অতিশ্রেষ্ঠ; অত্যন্ত বৃহৎ; অতিশয় প্রধান।

অতিবর্ত্তুল, পু. বি. (অতি-বৃত, দ্রব্যবিশেষ, উল) অতিশয় গোল বস্তু; কলায় বিশেষ; বাঁটলা কলায়; অতিশয় গোলাকার; যাহার বাঁটুলার ন্যায় আকার।

অতিবল, ত্রি. বিণ. (অতি-বল, বলাধিক্য, অল) প্রবল; অতি বলবান্; প্রকৃষ্ট বলবিশিষ্ট; ইতিমেদিনী।

অতিবলা, স্ত্রী. বি. (অতি-বল, বলাধিক্য; অল-আ) বৃক্ষ বিশেষ; বাট্য পুষ্পী; পুষ্প বিশেষ; মন্ত্রবিশেষ; যাহা গ্রহণে ক্ষুৎপিপাসা হয় না; যথা—পথি মধ্যে মহর্ষি সুকুমার দ্বয়কে বলা ও অতিবলা নামে দুই মন্ত্র প্রদান করিলেন। উক্ত মন্ত্র পাঠ করিলে পাঠকর্ত্তা

ক্ষুৎপিপাসায় কাতর হয় না। ইতি রঘুবংশ ৮০ পৃষ্ঠা।

অতিবাগড়া, স্ত্রী. বি. (অতি-বি-আ-হন, প্রতিবন্ধকতা, ঘঞ। অতিব্যাঘাতের অপভাষা অতি বাগড়া) অত্যন্ত ব্যাঘাত; অতিশয় প্রতিবন্ধক।

অতিবাত, পু. বি. (অতি বা, গমন, ক্ত) অত্যন্ত বাতাস; ঝটিকা; রোগ বিশেষ; বাতঘটিত পীড়া।

অতিবাদ, ক্রিবিণ. (অতি-বদ, আধিক্য, ঘঞ) অতিশয়; যথা—কিন্তু গৃহে কেহ নাই দেখিয়া মনঃ অতিবাদ উদাস হইল, একারন কেবল ভোজনকাল ব্যতীত প্রায় আর সকল সময়েই সোমনাথ পট্টনে থাকিতাম। ইতি বুদ্ধিমালা ১৯ পৃষ্ঠা।

অত্যন্ত; অধিক; ঘোরতর; অতিশয় বিতণ্ডা।

অতিবাদন, ক্লী. বি. (অতি-বদ, কথন, অনট) বাচালতা; বকামি; অতিশয় কথা কহা; অতিভাষন।

অতিবাধা, স্ত্রী. বি. (অতি-বাধ, বাধা, ঙ-আ) অতিশয় প্রতিবন্ধক; অত্যন্ত পীড়া; অতিশয় নিষেধ।

অতিবাধিত, ত্রি. বিণ. (অতি-বাধ, বাধা, ক্ত) অতিশয় বাধাযুক্ত; অত্যন্ত প্রতিরুদ্ধ; অতিশয় নিবর্ত্ত।

অতিবাধ্য, ত্রি. বিণ. (অতি-বাধ, বাধা, য) অতিশয় বাধনীয়; অত্যন্ত নিবর্ত্য; অতিশয় বশীভূত।

অতিবাবদূক, ত্রি. বিণ. (অতি-বদ, বাক্য, ঊক) অতিশয় বচনশীল; অত্যন্ত বাগ্মী; অতিশয় বক্তা। বিলক্ষন বাচাল; যাহার বক্তৃতার ক্ষমতা আছে।

অতিবালক, পু. বি. (অতি-বাল, অপ্রবীণতা, ণক) অতিশিশু; অতিশয় কুমার; অত্যন্ত অপ্রবীন; ঠিক হস্তিপুচ্ছ; অশ্বপুচ্ছ; যাহার বয়ঃক্রম অতিশয় অল্প।

অতিবাল্যাবস্থা, স্ত্রী. বি. (অতি-বাল্য-অব-স্থা, দশা, ক্বিপ্) অতিশয় বালক কাল; অত্যন্ত বালকের দশা; অতি শিশুর দুর্গতি; অতিশয় বালকের গতি।

অতিবাহন, ক্লী. বি. (অতি-বহ, বহন, অনট) উত্তরন; অতিযাপন; ক্ষেপন; যথা—আমরা সম্ভ্রান্ত কুলে জন্ম গ্রহন করিয়া কিয়ৎকাল পরম সুখেই অতিবাহন করিয়াছি। ইতি রোমাবতী ১০৯ পৃষ্ঠা।

অতিবাহিত, ত্রি. বিণ. (অতি-বহ, বহন, ক্ত) অতিযাপিত; উত্তীর্ণ; যথা—যখন দেখিলেন যৌবনসুখে সহস্র বৎসর অতিবাহিত হইয়াছে তখন আপনপুত্র পুরুকে কহিলেন, ইতিমহাভারত আদিপর্ব্ব ১৪৪পৃষ্ঠা।

অতিবিকট, ত্রি. বিণ. (অতি-বি-কট, বিপরীত, অল) অতিশয় করাল; অতিভয়ানক; অতিশয় বিদ্ঘোড়া।

অতিবিচক্ষণ, ত্রি. বিণ. (অতি-বি-চক্ষ, বিজ্ঞতা, অনট) অতিশয় পণ্ডিত; অত্যন্ত নিপুন; অতিবিজ্ঞ।

অতিবিচক্ষণতা, স্ত্রী. বি. (অতি-বি-চক্ষ, বিজ্ঞতা, অনট-তা) অতিশয় পাণ্ডিত্য; অত্যন্ত নৈপুণ্য; অতিশয় বিজ্ঞতা; অতিশয় অভিজ্ঞতা; অত্যন্ত দক্ষতা।

অতিবিচক্ষণতাপূর্ব্বক, ক্রিবিণ. [অতি-বিচক্ষণতা-পূর্ব্ব, অধীনত্ব, কন্] অতিশয় পাণ্ডিত্যানুসারে; অত্যন্ত নৈপুণ্য বশত; অতি দক্ষতাপ্রযুক্ত; অভিজ্ঞতাহেতু।

অতিবিতরন, ক্লী. বি. (অতি-বি-তৃ, দেওন, অনট) অতিশয় দান; অতিঅর্পণ; উত্তমরূপে বাঁটিয়াদেওন।

অতিবিনীত, ত্রি. বিণ. (অতি-বি-নী, সুশীলতা, ক্ত) অতিশিষ্ট; অত্যন্ত সুশীল; অতিশয় বিনয়ান্বিত; যথা—তিনি পক্ষপাত পরিশূন্য ও কামরাগ পরিবর্জ্জিত হইয়া অতিবিনীত ভাবে সেই ধর্ম্মোত্তর রাজ্যে সকল প্রাণীকে নির্ব্বিশেষে শাসন করিতে লাগিলেন। ইতি মহাভারত আদিপর্ব্ব ১৬৬ পৃষ্ঠা।

অতিবিপত্তি, স্ত্রী. বি. (অতি-বি-পদ, বিপদ, ক্তি) অতিশয়বিপদ; অত্যন্তআপদ; অতিশঙ্কট; অতিবিনাশ।

অতিবিপদ্গ্রস্ত, ত্রি. বিণ. (অতি-বিপৎ-গ্রস, গ্রাস, ক্ত) অতি বিপদাপন্ন; যাহাকে বিপদে গ্রাস করিয়াছে।

অতিবিবাদ, পু. বি. (অতি-বি-বদ, কথন, ঘঞ) অতিশয় বিরোধ; অত্যন্ত কলহ; অতি ঝকড়া।

অতিবিবাদী, ত্রি. বিণ. (অতি-বি-বদ, কথন, ণিন্) অত্যন্ত বিরোধী; অতিশয় প্রতিপক্ষ; অতিশয় বিরোধকারী; বিবাদবিশিষ্ট; অতিকলহান্বিত।

অতিবিবেক, পু. বি. (অতি-বি-বিচ, বিবেচনা, ঘঞ) অতিশয় বিবেচন; অত্যন্ত বিচার; সাংসারিক পদার্থে অতিশয় হেয় জ্ঞান; লৌকিক কার্য্যে ঘৃণাবোধ।

অতিবিভব, পু. বি. (অতি-বি-ভূ, সত্তা, অল) অতিশয় ধন; অতিসম্পত্তি; অতি ঐশ্বর্য্য; নিতান্ত মোক্ষ।

অতিবিরক্ত, ত্রি. বিণ. (অতি-বি-রন্জ, রাগ, ক্ত) অতিশয় বিরাগযুক্ত; অত্যন্ত অননুরক্ত; অতিশয় অসন্তুষ্ট; যৎপরোনাস্তি ত্যক্ত; অতিশয় বিষাদিত।

অতিবিশাল, ত্রি. বিণ. [অতি-বিশাল, অতিশয়তা, চ্বি] অতিশয় বৃহৎ; অতিপ্রকাণ্ড; অতিশয়; অতি মহৎ; যাহার পর আর বড় নাই; অতিদীর্ঘ; যথা—তপ করে করে, মালা ধরে ধরে, দাড়ি নেড়ে গেল কাল।

জটার ছটায়, ফণীরে হটায়, দেখিতে অতিবিশাল॥ ইতি কুমারসম্ভব ৬৮ পৃষ্ঠা।

অতিবিশিষ্ট, ত্রি. বিণ. (অতি-বি-শিষ, বিশেষে শিষ্ট, ক্ত) অতিভদ্র; অতিশয় উৎকৃষ্ট; অতিশয় মিলিত; অত্যন্ত যুক্ত; অত্যন্ত সাধু; বিলক্ষণ প্রধান।

অতিবিষণ্ণ, ত্রি. বিণ. (অতি-বি-ষদ, বিষাদ, ক্ত) অতি বিষাদ প্রাপ্ত; অতিশয় বিমর্ষ; অত্যন্ত খিন্ন; অতিশয় ভাবিত; অতিশয় দৈন্যগ্রস্ত; অতিদুঃখিত।

অতিবিষমকাল, পু. বি. (অতি-বিষম-কাল, সময়, অল) অতি কঠিন সময়; অত্যন্ত ভয়ানক কাল; অতিশয় ভয়ঙ্কর সময়; যথা—তুমি যুবা, মহারাজ তোমাকে যৌবরাজ্যে অভিষিক্ত করিতেও ধনসম্পত্তির অধিকারী করিতে ইচ্ছা করিয়াছেন। সুতরাং যৌবন, ধনসম্পত্তি, প্রভুত্ব তিনেরই অধিকারী হইলে। কিন্তু যৌবন অতিবিষমকাল। ইতি কাদম্বরী ৩৪ পৃষ্ঠা।

অতিবিষা, স্ত্রী. বি. (অতি-বিষ, দ্রব্যবিশেষ, ঙ-আ) লতা বিশেষ; উদ্ভিজ্জ বিশেষ; অতিশয় প্রজ্ঞা।

অতিবিস্তৃত, ত্রি. বিণ. (অতি-বি-স্তৃ, বিস্তার, ক্ত) অতিশয় কৃতবিস্তার; অতি তত; অত্যন্ত প্রসারিত; যথা—জগদীশ্বর আমারদিগকে অতিবিস্তৃত উর্ব্বরা ভূমি প্রদান করিয়াছেন। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার। ২য় ভাগ ৩৮ পৃষ্ঠা।

অতিবিহ্বল, ত্রি. বিণ. (অতি-বি-হ্বল, ব্যাকুলতা, ডল) অত্যন্ত ভয়াদি হেতুক অভিভূত; স্বাঙ্গ ধারণাশক্ত; অতিশয় বিক্লব; অতি ব্যাকুল; অতিকাতর।

অতিবুড়া, ত্রি. বিণ. (অতি-বৃধ, বর্দ্ধন, ক্ত=অতিবৃদ্ধ শব্দের প্রচলিত ভাষা অতি বুড়া) অতিশয় বৃদ্ধ; অত্যন্ত প্রাচীন; অতি স্থবির; যাহার গতযৌবন।

অতিবৃদ্ধ, ত্রি. বিণ. (অতি-বৃধ, বর্দ্ধন, ক্ত) অত্যন্ত গতযৌবন; অতিশয় বুড়া; অতিশয় পণ্ডিত।

অতিবৃদ্ধতর, ত্রি. বিণ. [অতি-বৃদ্ধ, প্রাচীন, তর] দুই জন বৃদ্ধের মধ্যে যে ব্যক্তি অধিক বৃদ্ধ; অতিশয় প্রাচীন; যথা—অতিবৃদ্ধতর, কাঁপে থর থর, অবনত কলেবর। করে ধরি বাড়ি, যান গুড়ি গুড়ি, চলনে অতিকাতর॥ ইতি কুমারসম্ভব ৬৯ পৃষ্ঠা।

অতিবৃদ্ধা, স্ত্রী. বি. (অতি-বৃধ, বর্দ্ধন, ক্ত-আ) অধিক বয়স্কা নারী; গত যৌবনা; অতি প্রাচীনা; যথা—দেখি ভয়ে ত্রিলোচন মুদিলা লোচন। ধূমাবতী হয়ে সতী দিলা দরশন॥ অতিবৃদ্ধা বিধবা বাতাসে দোলে স্তন। কাকধ্বজ রথারূঢ়া ধূমের বরন॥ ইতি ভারতচন্দ্র ৩০ পৃষ্ঠা।

অতিবৃদ্ধি, স্ত্রী. বি. (অতি-বৃধ, বর্দ্ধন, ক্তি) অতিশয় উন্নতি; অতি বর্দ্ধন; অতিশয় ঋদ্ধি; অতিবৃদ্ধি।

অতিবৃষ্টি, স্ত্রী. বি. (অতি-বৃষ, বর্ষণ, ক্তি) অতিশয় বর্ষণ; অধিক জল হওন; যাহা ক্রমাগত অধিকপরিমাণে পতিত হয়; মেঘ হইতে অত্যন্ত জলবিন্দুপতন।

অতিবৃহৎ, ত্রি. বিণ. (অতি-বৃহ, বড়, ক্বিপ্) অতিশয় বড়; অত্যন্ত মহৎ; অতিশয় শ্রেষ্ঠ।

অতিবেগ, ত্রি. বিণ. (অতি-বিগ, বেগ, অল্) অতিশয় প্রবাহ; মূত্র বিষ্ঠাদির নির্গম প্রবৃত্তি; অতিদ্রুত।

অতিবেগে, ক্রিবিণ. (অতি-বিগ, বেগ, এ) অতিশয় দ্রুত গমনে; অতি সত্বরে; যথা—পরিশেষে লবণ স্বয়ং উদ্বাহু হইয়া উৎপাত পবন চালিত, একমাত্র তালবৃক্ষ বিশিষ্ট গিরিশৃঙ্গের ন্যায় অতিবেগে ধাবমান হইল। ইতি রঘুবংশ ১২০ পৃষ্ঠা।

অতিবেল, ক্রিবিণ. (অতি-বিল, আতিশয্য, অল) অতিশয়; অত্যন্ত; পুনঃ পুন; বারম্বার; মুহুর্মুহু।

অতিবেগগামী, ত্রি. বিণ. (অতি-বেগ-গম, গমন, ণিন) অতিশয় দ্রুতগামী; সত্বর গমনকারী; যে অতি শীঘ্র গমন করে; যথা—আপনার আরোহনের নিমিত্ত মহারাজ ত্রিভুবনের এক অমূল্য রত্নস্বরূপ বায়ু ও গরুড়ের ন্যায় অতিবেগগামী ইন্দ্রায়ুধ নামা অপূর্ব্বঘোটক প্রেরণ করিয়াছেন। ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

অতিবৈলক্ষণ্য, ক্লী. বি. [অতি-বিলক্ষণ, ভিন্ন, ষ্ণ্য] অতিবিলক্ষণত্ব; অতিশয় ভাবান্তর; অন্য প্রকার।

অতিব্যগ্র, ত্রি. বিণ. (অতি-ব্যগ্র, চেষ্টা, অল) অতিশয় ব্যাসক্ত; অত্যন্ত আকুল; অতিশয় ব্যস্ত; অতি সচেষ্ট; যৎপরোনাস্তি উৎকণ্ঠা; অতিশয় কাতর।

অতিব্যথা, স্ত্রী. বি. (অতি-ব্যথ, ব্যথা, ঙ-আ) গুরু বেদনা; অতিশয় যাতনা; তীব্র বেদনা; অত্যন্তক্লেশ।

অতিব্যয়, পু. বি. (অতি-বি-অয়, গমন, অল) অর্থের অতিশয় অপগম; অত্যন্ত চিত্ত সমুৎসর্গ; অত্যন্ত খরচ; অতিশয় ধনক্ষয়; অতিযাপন; অতিক্ষেপন।

অতিব্যয়শীল, ত্রি. বিণ. (অতি-ব্যয়-শীল, স্বভাব, ক) অতিশয় ব্যয় বিশিষ্ট; যে অত্যন্ত ব্যয় করে; যথা—এখানকার অদূরদর্শী মনুষ্যদিগের নিকট হই-

তে বিনা প্রতিভূ ও বিনা মূল্যে ধন ও পণ্য গ্রহণ করেন, তদ্দ্বারা ছলে কলে কৌশলে নিজ নিজ বাণিজ্য কার্য্য বিস্তারিত করিতে থাকেন, ও আপনারা ইন্দ্রিয় পরায়ণ হইয়া নানা প্রকার ব্যসন ও ইন্দ্রিয়োপভোগ সমাধান বিষয়ে অতিব্যয়শীল হয়েন। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ২য় ভাগ ৫০ পৃষ্ঠা।

অতিব্যয়িতা, স্ত্রী. বি. (অতি-বি-অয়, গমন, ই-তা) অতিশয় ব্যয়ের বিষয়; যাহাতে অতিশয় খরচ।

অতিব্যয়ী, ত্রি. বিণ. (অতি-বি-অয়, গমন, নিন্) অতিশয় ব্যয়যুক্ত; অত্যন্তব্যয়শীল; অধিক ব্যয়বিশিষ্ট।

অতিব্যস্ত, ত্রি. বিণ. (অতি বি-অস, ব্যাকুলতা, ক্ত) অতিশয় ব্যাকুল; অতি সত্বর; অতি ব্যত্যয়।

অতিব্যাপ্তি, স্ত্রী. বি. (অতি-বি-আপ, প্রাপণ, ক্তি) অতিশয় ব্যাপন; অলক্ষ্যে লক্ষণের গমন; পূর্ব্ব পক্ষের ব্যভিচারে সিদ্ধান্ত করণ; অতিশয় আচ্ছাদন।

অতিব্যামোহ, পু. বি. (অতি-বি-আ মুহ, মোহন, অ) অতিশয় পীড়া; অত্যন্ত রোগ; অতিশয় ব্যাধি।

অতিভক্ত, ত্রি. বিণ. (অতি-ভজ, সেবা, ক্ত) অতিশয় অনুরক্ত; অত্যন্ত অনুগত; অতি সেবক।

অতিভক্তি, স্ত্রী. বি. (অতি-ভজ, সেবা, ক্তি) অতিরিক্ত শ্রদ্ধা; অত্যন্ত সমাদর; অতিশয় আনুরক্তি। যথা—রাজা কহিলেন সুন্দরি! অবিশ্বাসের বিষয় কি, নূতন ভৃত্য কখন প্রভুর আদেশের অতিরিক্ত করিতে পারে না। শকুন্তলা কহিলেন ঐ অতিভক্তি চোরের লক্ষণ। ইতি শকুন্তলা ৪৬ পৃষ্ঠা।

অতিভদ্র, ত্রি. বিণ. (অতি-ভদ, সাধুতা, র) অতিশয় সাধু; অত্যন্ত মঙ্গল; অতিশয় শ্রেষ্ঠ।

অতিভয়, ক্লী. বি. (অতি-ভী, ভয়, অল) অতিশয় ভয়; অতি ভীতি; অত্যন্ত ত্রাস; অতি আশঙ্কা।

অতিভয়ঙ্কর, ত্রি. বিণ. (অতি-ভয়ং-কৃ, করণ, অল) অতি ভয়জনক; অতিদারুণ; অতিশয় ভয়াবহ; অত্যন্ত ভয়ানক; যথা—অসাধুরা কদাচ সাধুবুদ্ধি লাভ করিতে পারে না। এত দান করিলাম, এত যজ্ঞ করিলাম, এত অধ্যয়ন করিলাম, এবং এত ব্রতানুষ্ঠান করিলাম, এইরূপ অহঙ্কার অতিভয়ঙ্কর, অতএব ইহা যত্ন পূর্ব্বক পরিত্যাগ করা কর্ত্তব্য। ইতি মহাভারত আদিপর্ব্ব ১৫০ পৃষ্ঠা।

অতিভাগ্য, ত্রি. বিণ. (অতি-ভজ, অদৃষ্টতা-ভাগ, ঘ্যণ) অতিশয় প্রাক্তন শুভাশুভ কর্ম্ম; অত্যন্ত দৈব; ভাগযোগ; অদৃষ্ট; অত্যন্ত ভবিতব্যতা; কপাল।

অতিভাব, পু. বি. (অতি-ভূ, সত্তা, ঘঞ) অতিশয় মানস বিকার; অতিসত্ত; অত্যন্ত চেষ্টা; অভিপ্রায়।

অতিভাবনা, স্ত্রী. বি. (অতি-ভূ, সত্তা, ণিচ-অন আ) অতিশয় চিন্তা; অতি ধ্যান; অত্যন্ত পর্য্যালোচনা।

অতিভাবিত, ত্রি. বিণ. (অতি-ভূ, সত্তা, ণিচ ক্ত) অতিশয় চিন্তিত; অত্যন্ত মিশ্রিত; অতিপ্রাপ্ত।

অতিভার, পু. বি. (অতি-ভৃ, গুরুতা, ঘঞ) অতিশয় গুরুত্ব; অত্যন্ত বোঝা; অতিশয় অনুমতি।

অতিভারগ, পু. বি. (অতি-ভার-গম, গমন, ড) খেসর; খচর; ইতি রাজনির্ঘণ্ট। ভারে গমন।

অতিভারাক্রান্ত, ত্রি. বিণ. (অতি-ভার-আ-ক্রম, নিয়ম, ক্ত) অতিশয় ভারযুক্ত; অত্যন্ত বোঝাই করা; অতিভার বিশিষ্ট; যাহার প্রতি অতিশয় ভার আছে।

অতিভাল, ত্রি. বিণ. (অতি-ভল, মঙ্গল, ঘঞ) অতিশয় মঙ্গল; অত্যুত্তম; যাহার ভ্রূর ঊর্দ্ধভাগ বিস্তৃত; যাহার প্রশস্ত কপাল; পরমকুশল; অতি উৎকৃষ্ট।

অতিভিন্ন, ত্রি. বিণ. (অতি ভিদ, ভেদ, ক্ত) অতিশয় ভেদবিশিষ্ট; অত্যন্ত ভাঙ্গা; অতি বিদারিত।

অতিভিক্ষুক, ত্রি. বিণ. (অতি-ভিক্ষ, যাচ্ঞা, উক) অতিশয় যাচক; ভিক্ষোপজীবী; অতি ভিক্ষাকারী।

অতিভীঃ, পু. বি. (অতি-ভী, ভয়, ইস) বজ্রজ্বালা; ইতি হলায়ুধ। অতিশয় ভয়; অত্যন্ত আশঙ্কা।

অতিভী, স্ত্রী. বি. (অতি ভী, ভয়, ক্বিপ্) বিদ্যুৎ; ক্ষণপ্রভা; তড়িৎ; যাহার প্রভা ক্ষণমাত্র স্থায়ী।

অতিভীতি, স্ত্রী. বি. (অতি-ভী, ভয়, ক্তি) অতিশয় ভয়; অতিশয় শঙ্কা; অত্যন্ত ত্রাস; অতিশয় ডর।

অতিভীষণ, ত্রি. বিণ. (অতি-ভী, ভয়, সন্-অনট) অতিঘোর; অত্যন্ত ভয়জনক; অতিভয়ানক; অত্যন্ত ভয়ঙ্কর; যথা—ভীষণ গর্জ্জন ঘন ঘন। যেন দুই দ্বীপ দ্বন্দ্বে দিগন্তে করে ঘোষণ। কিবা জহ্নুমুনি কন্যা, ধারাপাতে ধরাধন্যা, আইলে প্রবল বন্যা, গরজে অতিভীষণ॥ ইতি কর্ম্মদেবী ১০৬ পৃষ্ঠা।

অতিভুল, পু. ক্লী. বি. (অতি-ভু, ভ্রান্তি, ল) অতিশয় ভ্রম; অতি বিস্মৃতি; অতিশয় ভ্রান্তি; অতি চুক্।

অতিভূমি, স্ত্রী. বি. (অতি-ভূম, আতিশয্য, ইস্) আধিক্য; অতিশয়তা; আতিশয্য।

অতিভ্রম, পু. বি. (অতি ভ্রম, ভুল, অল) অতিশয় মিথ্যাজ্ঞান; অত্যন্ত ভ্রান্তি; অতিভুল; অতিভ্রমণ।

অতিমঙ্গল, পু. বি. (অতি-মঙ্গ, শুভ, ল) অতিকল্যাণ; অতিশয় অভিপ্রেতার্থসিদ্ধি; অতিশয় কুশল।

অতিমঙ্গল্য, পু. বি. [অতি-মঙ্গল, কুশল, য] বিল্ব-বৃক্ষ; (ত্রি. বিণ.) অতিশয় মঙ্গলজনক; অত্যন্ত অশুভদ; যাহা কোনরূপে মঙ্গল হইবার সম্ভাবনা নাই।

অতিমন্দ, ত্রি. বিণ. (অতি-মন্দ, অপকৃষ্ট, অল) অতিশয় অপকৃষ্ট; অত্যন্ত মূর্খ; অতিঅলস; অতিঅতীক্ষ্ণ।

অতিমনোজ্ঞ, ত্রি. বিণ. (অতি-মনস্-জ্ঞা, শোভন, ড) অতি সুন্দর; অত্যন্ত শোভন; অতি চারু; অতিশয় মনোহর; যথা—পরে অশ্বারোহণ যোগ্য অতি মনোজ্ঞ বেশধারণে প্রিয়দর্শন সেই নল মহারয় হয় অর্থাৎ অতি বেগবান্ অশ্ব অলঙ্কৃত করত প্রমোদ বশতঃ নিস্পন্দিত নয়ন নগরবাসি জনগণ কর্ত্তৃক সাদরে অবলোকিত হইলেন। ইতি নৈষধচরিত ২২ পৃষ্ঠা।

অতিমনোজ্ঞা, স্ত্রী. বিণ. (অতি-মনস্-জ্ঞা, শোভন, অল-আ) মনঃশীলা; মদিরা; অতিশয় মনোহরা; যথা—অনন্তর ধরাজয়ি ভীমরাজ ভুজপালিতা তথা কৈলাশ শৈল সদৃশ রাজভবন রাজিতা অতএব অতি মনোজ্ঞা কুণ্ডিন নগরী মরালের দৃক্‌পথগতা হইল। ইতি নৈষধচরিত ৬৬ পৃষ্ঠা।

অতিমনোলোভা, স্ত্রী. বি. (অতি-মনস্-লুভ, লোভ, অল-আ) মনোরমা; মনের মতন; যাহা দেখিলে মন অত্যন্ত লুব্ধ হয়; যথা—মরি কিবা শোভা, অতি মনোলোভা, দেখিয়া আঁখি যুড়ায়। যেন পদ্মবনে, কমলের সনে, অরুণ প্রকাশ পায়॥ ইতি কুমারসম্ভব ১২৬ পৃষ্ঠা।

অতিমনোহর, ত্রি. বিণ. (অতি মনস্-হৃ, হরণ, অল) অত্যন্ত উৎকৃষ্ট; অতিরমণীয়; যাহাতে অতিশয় মন হরণ করে; অত্যন্ত মনোজ্ঞ; অতিশয় সুন্দর।

অতিমনোহরা, স্ত্রী. বিণ. (অতি-মনস্-হৃ, হরণ, অল-আ) জাতি পুষ্প; জুঁই ফুল; অতিশয় মনোরমা; যাহাতে মন হরণ করে; যথা—তনু বিদারিত, ঈষৎ স্ফারিত, বীজের বিমল রেখা। যেন কামিনীর, দশন রুচির, মৃদু হাসে দেয় দেখা॥ কিবা অপরূপ, নাহিক স্বরূপ, মধুর আঙ্গুর ফল। অতি মনোহরা, সুধা দেহ ভরা, দেখা যায় সুবিমল॥ ইতি কর্ম্মদেবী ১০ পৃষ্ঠা।

অতিমর্য্যাদ, ত্রি. বিণ. (অতি-মর্য্যা-দা, সম্ভ্রম, ড) অতিসম্ভ্রম বিশিষ্ট; অত্যন্ত সম্মানযুক্ত; মর্য্যাদার বহির্ভূত; অতিশায়িত; সম্মানশালী; ইতি হেমচন্দ্র। (ক্লী. বি.) অতিশয়; অত্যন্ত।

অতিমহৎ, ত্রি. বিণ. [অতি-মহৎ, প্রধান, টি] অতিশয় বৃহৎ; অত্যন্ত বিশাল; অতিবিপুল; অতিবড়।

অতিমহতী, স্ত্রী. বিণ. [অতি-মহৎ, প্রধান, ঈ] অত্যন্ত বৃহৎ; অতিবড়; অতিশয় প্রধান; যথা—রাম, অতিমহতী লোকানুরাগ প্রিয়তার সহায়তায়, এ পর্য্যন্ত ধৈর্য্যাবলম্বন করিয়াছিলেন। ইতি সীতার বনবাস ১৩২ পৃষ্ঠা।

অতিমহান্, ত্রি. বিণ. [অতি-মহৎ, প্রধান, প্রথমাবিভক্তি] অতিশয় মহৎ; অতিপ্রধান; অত্যন্ত বৃহৎ; অতিশয়; যথা—মুনি তনয়ারা, সীতার সন্তান প্রসব দর্শনে, যার পর নাই হর্ষ প্রদর্শন করিতে লাগিলেন। সমস্ত আশ্রমে অতিমহান্ আনন্দ কোলাহল হইতে লাগিল। ইতি সীতার বনবাস ৭৭ পৃষ্ঠা।

অতিমাত্র, ক্লী. বি. (অতি মা, কেবল, ত্র) অতিশয়; যথা—যেমন জন সমাজস্থ সর্ব্ব সাধারণ লোকের মূর্খতা সুপণ্ডিত মহাশয় ব্যক্তিদিগের শুভাভিপ্রায় সম্পন্ন হইবার প্রধান প্রতিবন্ধক, সেইরূপ অর্থ ও বংশ মর্য্যাদার অতিমাত্র গৌরবও তাঁহাদের সমুচিত সমাদর লাভ ও লোকের শ্রীবৃদ্ধি সম্পাদনের অত্যন্ত প্রতিকূল। ইতি বাহ্যবস্তু—২য় ভাগ ৬৬ পৃষ্ঠা।

অধিক; কেবল অত্যন্ত; (ত্রি. বিণ.) অতিশয়যুক্ত।

অতিমিত, ত্রি. বিণ. (অ-তিমি, নিশ্চলতা, ক্ত) অনিশ্চল; অনার্দ্র; ভিজা নহে; অস্থির।

অতিমির, ত্রি. বিণ. (অ-তিমি, প্রভাবশূন্য, র) অন্ধকার শূন্য; আলোক বিশিষ্ট; অজ্ঞান নহে; যাহার বিলক্ষণ জ্ঞান আছে; তমোবিহীন; মাৎসর্য্যশূন্য।

অতিমিষ্ট, ত্রি. বিণ. (অতি-মিষ, মধুর, ক্ত) অতিমধুর রস; অতিশয় সুস্বাদু; অতি মিঠা।

অতিমুক্ত, পু. বি. (অতি-মুচ, দ্রব্যবিশেষ, ক্ত) মাধবী লতা; ইতি অমরকোষ। তিনিশ বৃক্ষ; ইতি হেমচন্দ্র। (ত্রি. বিণ.) নিষ্ফল; নিঃসঙ্গ; ইতি বিশ্ব। প্রাপ্ত নির্ব্বাণ; ইতি মেদিনী। যে মোচন হইয়াছে।

অতিমুক্তক, পু. বি. (অতি-মুচ, দ্রব্যবিশেষ, ক্ত-ক) তিনিশ বৃক্ষ; ইতি অমরকোষ। তিন্দুক বৃক্ষ; পুষ্প

বৃক্ষ বিশেষ ; ইহার পরিচয়, যথা— পুণ্ড্রক ; মল্লিনী ; ভ্রমরানন্দা ; কামুক কান্তা। ইহার গুণ, যথা—কষায়, শীতল, শ্রমনাশক, পিত্ত দাহ জ্বর উন্মাদ হিক্কা শর্দ্দি নিবারক। ইতিরাজনির্ঘণ্ট।

অতিমুক্তালতা, স্ত্রী. বি. [অতি-মুক্তা-লতা, উদ্ভিজ্জ-বিশেষ, প্রথমাবিভক্তি] অতিশয় স্খলিত লতা ; যথা—প্রিয়ম্বদা কহিলেন তুমি সমীপ বর্ত্তিনী হওয়াতে যেন সহকার তরু অতিমুক্তা লতার সহিত সমাগত হইল। ইতি শকুন্তলা ৬ পৃষ্ঠা।

অতিমূঢ়, ত্রি. বিণ. (অতি-মুহ, মূর্খতা, ক্ত) অতিশয় অবোধ ; অত্যন্ত মূর্খ ; অতিশয় জড় ; জ্ঞানহীন।

অতিমৃদু, ত্রি. বিণ. (অতি-মৃদ, শান্ত, উ) অতীক্ষ্ণ ; অতিশয় কোমল ; অতিশান্ত ; অতিশয় ধীর।

অতিমোদা, স্ত্রী. বি. (অতি-মুদ, হর্ষ, অল-আ) নবমল্লীকা ; ইতি রাজনির্ঘণ্ট। পুষ্পলতা বিশেষ।

অতিযত্ন, পু. বি. (অতি-যত, প্রবৃত্তি, ন) অত্যন্ত প্রবৃত্তি ; অতি উদ্যম ; অতিশয় চেষ্টা ; যথা—অশেষ বিদ্যাপারদর্শী মহামহোপাধ্যায় অধ্যাপকগণ অতি যত্নে আনীত ও শিক্ষা প্রদানে নিয়োজিত হইলেন। ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

অতিযত্নসহকারে, ক্রিবিণ. [অতিযত্ন-সহকার, সাহায্য, এ] অতিযত্নের সহিত ; অত্যন্ত চেষ্টার সহায়তায় ; যথা—কর্ণ অর্জ্জুনের বিনাশার্থ বহুদিন অতিযত্ন সহকারে যে শক্তি রাখিয়াছিলেন, তুমি কৌশল ক্রমে সেই শক্তি ঘটোৎকচের উপর নিক্ষেপ করাইয়া ব্যর্থ করিয়াছ। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৩ পৃষ্ঠা।

অতিযন্ত্রণা, স্ত্রী. বি. (অতি-যন্ত্র, ক্লেশ, অন-আ) অতিশয় ক্লেশ ; অতিশয় পীড়া ; অত্যন্ত বেদনা ; অতিশয় দুঃখ ; অতিশয় কষ্ট ; অত্যন্ত তীব্রবেদনা।

অতিযাতনা, স্ত্রী. বি. (অতি-যত, যাতনা, অন-আ) অতিশয় যন্ত্রণা ; অতিশয় তীব্র বেদনা ; অত্যন্ত কষ্ট ; অতিশয় ক্লেশ ; যৎপরোনাস্তি পীড়া।

অতিরথ, ত্রি. বিণ. (অতি-রথ, ক্ষমতাবিশেষ, অল) বৃহৎ রথ ; মহারথ ; দশসহস্র ধনুর্দ্ধারির সহিত যুদ্ধ করণে সক্ষম যোদ্ধা ; যথা—দেখ, ভীষ্ম প্রভৃতি সেই চারি মহাত্মা ভূমণ্ডলে অতিরথ বলিয়া প্রথিত আছেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৪ পৃষ্ঠা।

অতিরথী, পু. বি. (অতি-রথ, স্যন্দন, ণিন্) অতিশয় যোদ্ধা ; রথস্বামী ; রথারোহী ; রণপণ্ডিত।

অতিরমণীয়, ত্রি. বিণ. (অতি-রম, মনোহর, অনীয়) অতিশয় রম্য ; অতি মনোহর ; অত্যন্ত সুন্দর ; অতিশয় চারু ; যাহা দেখিলে মন অতিশয় প্রফুল্ল হয় ; যথা—হে নরেন্দ্র ! ভীম তনয়ানদের নীরাজনা সাধন শরাব সদৃশ, তথা কলঙ্কবৎ গোময় গর্ত্ত, অথচ অলেপনে ধবলীকৃত, এতাদৃশ বিধুকে যে বিধি বিধিবৎ ভ্রমণ করাইতেছেন সে উপযুক্তই বটে, কেননা অতি রমণীয়বস্তুর নিরাজনা বিধিরই যোজনা করা উচিত। ইতি নৈষধচরিত ৫৪ পৃষ্ঠা।

অতিরম্যদর্শন, ক্লী. বিণ. (অতি-রম্য-দৃশ, দর্শন, অনট) যাহা দেখিতে উৎকৃষ্ট ; যাহাকে দেখিলে মন সন্তুষ্ট হয় ; যথা—হে দর্শনীয় অতিরম্যদর্শন হংস ! তুমি স্বচ্ছতা নিমিত্ত অর্থাৎ শুদ্ধানুষ্করণতা নিমিত্ত সাধুজনগণের আদর্শতা অর্থাৎ দৃষ্টান্ততা প্রাপ্ত হইয়াছ। ইতি নৈষধচরিত।

অতিরসা, স্ত্রী. বি. (অতি-রস, দ্রব্যবিশেষ, ড-আ) মূর্ব্বালতা ; রাস্না ; ক্লীতনক ; কিঞ্চিদার্দ্র ; ভিজা।

অতিরস্কার, ত্রি. বিণ. (অ-তিরস্-কৃ, করণ, ঘঞ) ভর্ৎসনা নহে ; নিন্দা নয় ; অপমান বিহীন ; অনাদর শূন্য ; লাঞ্ছনা রহিত ; অপমান জনক বাক্য নয়।

অতিরস্কারার্হ, ত্রি. বিণ. (অ-তিরস্কার-অর্হ, যোগ্যতা, অল) তিরস্কারের যোগ্য নহে ; ভর্ৎসনানুপযুক্ত।

অতিরস্কৃত, ত্রি. বিণ. (অ-তিরস্-কৃ, করণ, ক্ত) প্রাপ্ততিরস্কার নয় ; অনাদৃত নহে ; নিন্দিত নহে।

অতিরাগ, পু. বি. (অতি-রন্‌জ, রাগ, ঘঞ) অতিশয় মাৎসর্য্য ; অত্যন্ত ক্রোধ ; অতিশয় অনুরাগ ; অতি অনুরঞ্জন ; যৎপরোনাস্তি কোপ ; অতিরোষ।

অতিরিক্ত, ত্রি. বিণ. (অতি-রিচ, আধিক্য, ক্ত) অধিক ; যথা—দেখ নিশানাথ নিজ পীযূষ ধারায় লোকলোচন সেবন করত যেরূপ পুলক প্রদান করিয়া থাকেন, তদপেক্ষায় আর অতিরিক্ত কি করিবেন। ইরি নৈষধচরিত ৯৭ পৃষ্ঠা।

অতিশায়িত ; সমধিক ; ইতি অমরকোষ। অত্যন্ত ; জিয়াদা ; বেশী ; অনেক ; বহু ; অতিশয় ; বহুল।

অতিরিক্ততা, স্ত্রী. বি. (অতি-রিচ, আধিক্য, ক্ত-তা) অধিকতা ; আতিশয্য ; সমধিকতা।

অতিরিক্তরূপে, ক্রিবিণ. [অতিরিক্ত-রূপ, প্রকার, এ]

অধিক রকমে ; অনেক প্রকারে ; অপরিত রূপে ; যথা—যাবতীয় গোপাঙ্গনাদিগের মদন লালসা তাহাদের অভিলাষের অতিরিক্ত রূপে পরিতৃপ্ত করিতেছেন। ইতি জয়দেব ২৪ পৃষ্ঠা।

অতিরেক, পু. বি. (অতি-রিচ, ভিন্নতা, অল) আধিক্য ; নিয়ম ভিন্ন ; প্রাচুর্য্য ; আতিশয্য ; (ত্রি. বিণ.) অতিশয় ; অনেক ; অধিক ; জিয়াদা।

অতিরোগ, পু. বি. (অতি-রুজ ; পীড়া, ঘঞ) ক্ষয় ব্যাধি ; ক্ষয়রোগ ; ইতি রাজনির্ঘণ্ট। অত্যন্তব্যামোহ।

অতিরোমশ, পু. বি. [অতি-রোম, লোম, চশস্] বন ছাগল ; বৃহৎ বানর ; (ত্রি. বিণ.) অতিশয় লোমযুক্ত ; অত্যন্তরোমযুক্ত; যাহার গাত্রে বেশীলোম।

অতিল, ত্রি. বিণ. (অ-তিল, শস্যবিশেষ, ক) শস্যবিশেষ নহে ; গাত্রচিহ্ন বিহীন ; অত্যল্পক্ষণ নয় ; নিমেষ শূন্য ; যাহা তিল প্রমাণ নহে ; অধিক।

অতিলক, ত্রি. বিণ. (অ-তিল, দ্রব্য বিশেষ, কন্) ধোঁটাশূন্য ; শ্রেষ্ঠ নয় ; প্রধান নহে ; তিলকশূন্য।

অতিলঘু, ত্রি. বিণ. [অতি-লঘু, হ্রস্ব, চ্রি] অতিশয় হ্রস্ব ; অত্যন্ত খর্ব্ব ; অতিসূক্ষ্ম ; অল্প ; অতিহাল্কা।

অতিলঘুগতি, ত্রি. বিণ. (অতি-লঘু-গম, গমন, ক্তি) অতিশয় অল্পগমন বিশিষ্ট ; যে আস্তে আস্তে গমন করে ; অতিধীর গামী ; অতিশয় শীঘ্রগামী ; যথা— অভিনব পল্লব রাজে বকুল ভব মৃদু অতি লঘুগতি কায়ে। সাজয়ে রতিপতি বসন্ত সেনাপতি বিহরতি বীর সুধীর সমাজে। ইতি কুমারসম্ভব ১২৯ পৃষ্ঠা।

অতিলঙ্ঘন, ক্লী. বি. (অতি-লঙ্ঘ, লঙ্ঘন, অনট) অতিক্রম ; চুক ; অতি উত্তরণ ; নিরম্বু উপবাস ; অত্যন্ত লঙ্ঘন ; অতিশয় ডিঙ্গান ; একেবারে পরিত্যাগ।

অতিলজ্জাকর, ত্রি. বিণ. (অতি-লজ্জা-কৃ, করণ, অল) অতিশয় লজ্জাযুক্ত; অত্যন্ত লজ্জাজনক ; যথা— শাস্ত্রকারেরা গর্হিত অকার্য্য দ্বারা সুহৃদের প্রাণরক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন ; সুতরাং অতিলজ্জাকর ও মানহানিকর কর্ম্মও আমার কর্ত্তব্য পক্ষে পরিগণিত হইল। ইতি কাদম্বরী ৫৮ পৃষ্ঠা।

অতিলভ্য, ত্রি. বিণ. (অতি-লভ, লাভ, য) অতিলব্ধব্য ; অতিশয় প্রাপ্য ; অত্যন্ত লাভ ; অতিপ্রাপ্তব্য।

অতিলম্পট, ত্রি. বিণ. (অতি-লম্পট, কামুক, অল) অতিশয় কামুক ; অতিলোচ্চা ; উপপতি।

অতিলম্বা, ত্রি. বিণ. (অতি-লম্ব, দীর্ঘতা, অল) অতিশয় দীর্ঘ ; অতিলম্বী ; অত্যন্ত তিক্ত তুম্বী।

অতিলক্ষণ, ক্লী. বি. (অতি-লক্ষ, চিহ্ন, অনট) অত্যন্ত চিহ্ন ; বিশেষ গুণ ; অতিশয় ভাব ; অতিশয় দাগ।

অতিলক্ষণযুক্ত, ত্রি. বিণ. (অতি-লক্ষণ-যুজ, যোগ, ক্ত) অতিশয় চিহ্নবিশিষ্ট ; অতিশয় বিশেষ গুণবান্।

অতিলক্ষণাক্রান্ত, ত্রি. বিণ. (অতি-লক্ষণ-আ-ক্রম, নিয়ম, ক্ত) বিশেষ চিহ্নযুক্ত ; যাহার অতিশয় মঙ্গল চিহ্ন আছে ; শুভসূচক দাগবিশিষ্ট; বিশেষ গুণযুক্ত।

অতিলক্ষণান্বিত, ত্রি. বিণ. (অতি-লক্ষণ-অনু-ই, গমন, ক্ত) অতি লক্ষণ বিশিষ্ট ; অতিশয় গুণবিশিষ্ট ; অতিশয় চিহ্নবান্ ; অত্যন্ত চিহ্নযুক্ত ; অতিগুণান্বিত।

অতিলাভ, পু. বি. (অতি-লভ, লাভ, ঘঞ) অতিশয় লভ্য ; অতিশয় বৃদ্ধি ; অনেক ব্যাজ ; অধিক সুদ ; মূল ধন হইতে অধিক বাণিজ্যোপার্জ্জিত ধন।

অতিলাভাকাঙ্ক্ষা, স্ত্রী. বি. (অতি-লাভ-আ-কাঙ্ক্ষ, আকাঙ্ক্ষা, ঙ-আ) অতিশয় লাভেচ্ছা ; অধিক ধন প্রাপ্ত হইবার প্রত্যাশা ; অতিশয় লভ্যাভিলাষ।

অতিলাভাকাঙ্ক্ষী, ত্রি. বিণ. (অতি-লাভ-আ-কাঙ্ক্ষ, আকাঙ্ক্ষা, ণিন্) অতি লাভেচ্ছুক ; অতিশয় লাভ প্রত্যাশী ; যে অধিকতর ধন পাইতে ইচ্ছা করে।

অতিলাভেচ্ছা, স্ত্রী. বি. (অতি-লাভ-ইষ, ইচ্ছা, ঙ-আ) অত্যন্ত লাভ ইচ্ছা ; অধিক ধন প্রাপ্তি বাসনা ; অতিশয় লাভাকাঙ্ক্ষা ; অতিশয় লাভের প্রত্যাশা।

অতিলাভেচ্ছুক, ত্রি. বিণ. (অতি-লাভ-ইষ, ইচ্ছা, উক) যাহার অত্যন্ত লাভ ইচ্ছা ; যাহার অতিশয় ধন পাইবার বাসনা ; যে ব্যক্তি অতিশয় অর্থ গৃধ্নু।

অতিলালচ, পু. বি. (অতি-লালস, লালসা, অল) অত্যন্ত লালসা ; অতিশয় স্পৃহা ; অতি লাভেচ্ছা ; অতিশয় লোভ ; অত্যন্ত প্রাপ্ত্যাশা ; অত্যন্ত ইচ্ছা।

অতিলালচী, ত্রি. বিণ. (অতি-লালস, লালসা, ণিন্) অতিশয় লালসা বিশিষ্ট ; অত্যন্ত স্পৃহাযুক্ত ; অতিশয় লাভেচ্ছুক ; অতিশয় লুব্ধ ; প্রাপ্তেচ্ছাবিশিষ্ট।

অতিলোমশা, স্ত্রী. বি. [অতি-লোমশ, দ্রব্যবিশেষ, আ] নীলবুহ্মা ; যে কামিনীর গাত্রে অতিশয় লোম।

অতিশক্করী, স্ত্রী. বি. (অতি-শক্কর, ছন্দবিশেষ, অল-ঈ) ছন্দবিশেষ ; পঞ্চদশবর্ণযুক্ত চতুষ্পদী ছন্দ।

অতিশক্তি, স্ত্রী. বি. (অতি-শক, ক্ষমতা, ক্তি) বি-

ক্রম ; মহাবল ; বিস্তর সামর্থ্য ; অতিশয় বল।

অতিশক্তিভাক্, পু. বি. (অতি-শক্তি-ভাজ, সামর্থ্য, ক্বিপ্) অতিশয় শক্তিবিশিষ্ট ; অত্যন্ত সমর্থ ; যথা—সবীর্য্যমতি শক্তি ভাক্ ইতি অমরকোষ।

অতিশয়, পু. বি. (অতি-শি, শয়ন, অল) অধিক ; ভর ; অতিবেল, ভৃশ ; অত্যর্থ ; অতিমাত্র ; উদ্গাঢ় ; নির্ভর ; তীব্র ; একান্ত ; নিতান্ত ; গাঢ় ; বাঢ় ; দৃঢ় ; বলবৎ ; সুষ্ঠু ; কিমুত ; সু ; অতীব ; অতি ; অতিরিক্ত ; সমধিক ; ইতি অমরকোষ। অতিমর্য্যাদ ; উৎকর্ষ ; ইতি হেমচন্দ্র। অতিরেক ; বিস্তর ; অত্যন্ত ; বাহুল্য ; জিয়াদা।

অতিশয়কোপনস্বভাব, ত্রি. বিন. [অতিশয়-কোপন-স্বভাব, প্রকৃতি, চি্ব] অত্যন্ত ক্রোধ প্রকৃতি ; যাহার অতিশয় রাগ স্বভাব ; যথা—ধৃতরাষ্ট্র কহিলেন, হে সঞ্জয়! আমার আত্মজ দুর্য্যোধন অতিশয় কোপন স্বভাব। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৯ পৃষ্ঠা।

অতিশয়তা, স্ত্রী. বি. (অতি-শি, শয়ন, অল-তা) আতিশয্য ; আধিক্য ; অতিরিক্ততা ; উৎকর্ষতা।

অতিশয়দীর্ঘ, ত্রি. বিন. [অতিশয়-দীর্ঘ, লম্বা, চি্ব] অত্যন্ত লম্বা ; যথা—কেহ কেহ চূড়াসম্পন্ন, কেহ কেহ অতিশয় হ্রস্ব, কেহ কেহ অতিশয় দীর্ঘ। ইতি মহাভারত সৌপ্তিক পর্ব্ব ১১ পৃষ্ঠা।

অতিশয়দুঃখ, পু. বি. [অতিশয়-দুঃখ, ক্লেশ, চি্ব] অত্যন্ত কষ্ট ; অতিশয় ক্লেশ ; যথা—কিন্তু কার্য্যানুষ্ঠানে পরাঙ্মুখ হইলে নিশ্চয়ই অতিশয় দুঃখ ভোগ করিতে হয়। ইতি মহাভারত সৌপ্তিক পর্ব্ব ৪ পৃষ্ঠা।

অতিশয়ন, ক্লী. বি. (অতি শি, শয়ন, অনট) অতিশয় ; অধিক ; (ত্রি. বিন.) অতিশয় যুক্ত।

অতিশয়নৃশংসব্যবহার, ত্রি. বিন. (অতিশয়-নৃশংস-বি-অব-হৃ, চরিত্র, ঘঞ) অত্যন্ত নিষ্ঠুর আচরণ ; অতি নির্দ্দয় ব্যবহার ; যথা—পাণ্ডবেরা ভূরিশ্রবা, কর্ণ, ভীষ্ম ও দ্রোণের প্রতি অতিশয় নৃশংস ব্যবহার করিয়াছে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৯ পৃষ্ঠা।

অতিশয়পান, ক্লী. বি. (অতিশয়-পা, পান, অনট) অত্যন্ত পান ; অতিশয় পেয় ; দ্রবদ্রব্যের গলাধঃকরণ।

অতিশয়প্রযুক্ত, ত্রি. বিন. (অতিশয়-প্র-যুজ, যোগ, ক্ত) অতিশয়বিশিষ্ট ; অধিক যুক্ত ; অতিশয় জন্য।

অতিশয়বিনীতস্বভাব, ত্রি. বিন. [অতিশয়-বিনীত-স্বভাব, প্রকৃতি, চি্ব] অত্যন্ত ধীরপ্রকৃতি ; অতিনম্র স্বভাব ; অতিশয় সুশীল চরিত্র ; যথা—কুমারেরা স্বভাবতই অতিশয় বিনীতস্বভাব ছিলেন। ইতি রঘুবংশ ৭৮ পৃষ্ঠা।

অতিব্যথিত, ত্রি. বিন. (অতিশয় ব্যথ, ব্যথা, ক্ত) অত্যন্ত পীড়িত ; অতিশয় দুঃখিত ; যথা—তাঁহার ভ্রাতৃদ্বয়কে তাঁহারই পশ্চাদ্ভাগে বাসুদেবের রথে অবস্থান করিতে দেখিয়া অতিশয় ব্যথিত হইলেন। ইতি মহাভারত সৌপ্তিক পর্ব্ব ২৫ পৃষ্ঠা।

অতিশয়মনোলোভা, স্ত্রী. বিন. (অতিশয়-মনস্-লুভ, লোভ, ও আ) অতিশয় মনোরমা ; যাহা দেখিয়া মন অত্যন্ত লুব্ধ হয় ; যথা—হেরিয়া গিরির শোভা, অতিশয়মনোলোভা, বিস্ময়ে কহেন মুনিগণ। দ্যুলোকে পাবার তরে, মরিলাম তপ করে, কেবা জানে এ গিরি এমন॥ ইতি কুমারসম্ভব ৯৪ পৃষ্ঠা।

অতিশয়যশোলাভ, পু. বি. (অতিশয়-যশস্ লভ, লাভ, ঘঞ) অত্যন্ত যশের লাভ ; অতিশয় সুখ্যাতি প্রাপ্ত ; যথা—আর রাজা দুর্য্যোধনও ধর্ম্মযুদ্ধে প্রবৃত্ত হইয়া নিহতহইয়াছেন, অতএব উনি শাশ্বতগতি এবং ইহ লোকে অতিশয় যশোলাভ করিবেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২১ পৃষ্ঠা।

অতিশয়লুব্ধ, ত্রি. বিন. (অতিশয়-লুভ, লোভ, ক্ত) অত্যন্ত লোভযুক্ত ; অতিলোভী ; যথা—দেখ, অতিশয় লুব্ধ অর্থ লোভেও অত্যাশক্ত ব্যক্তি কাম প্রভাবে ধর্ম্মহীন হইয়া থাকে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২১ পৃষ্ঠা।

অতিশয় শান্তপ্রকৃতি, স্ত্রী. বিন. (অতিশয় শান্ত-প্র-কৃ, করণ, ক্তি) যে ব্যক্তির অতিশয় শান্ত স্বভাব ; যথা—তখন বাসুদেব কহিলেন, হে রাম! লোকে আপনাকে অতিশয় শান্ত প্রকৃতি ও ধর্ম্মবৎসল বলিয়া নির্দ্দেশ করিয়া থাকে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২১ পৃষ্ঠা।

অতিশয় সংশয়, পু. বি. (অতিশয়-সং-শি, সন্দেহ, অল) অত্যন্ত দ্বৈধজ্ঞান ; অতিশয় সন্দেহ ; যথা—আমাদের জয় লাভ হওয়াতেও আমার অন্তঃকরণে অতিশয় সংশয় উপস্থিত হইয়াছে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৭ পৃষ্ঠা।

অতিশয় হৃষ্ট, ত্রি. বিণ. (অতিশয় হৃষ, হর্ষ, ক্ত)

অতিশয় হর্ষিত; অত্যন্ত সন্তুষ্ট; অতিশয় আহ্লাদিত; যথা—বৃষসেন নকুলের অশ্ব বিনাশ করিলে আপনার আত্মজগণ অতিশয় হৃষ্ট হইয়াছিল। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১৭ পৃষ্ঠা।

অতিশয়হ্রস্ব, ত্রি. বিণ. (অতিশয়-হ্রস, হ্রাস, ব) অত্যন্ত বামন; অতিশয় খর্ব্ব; অত্যন্ত খাট; যথা—পরিচারকগণ মধ্যে কেহ কেহ চূড়া সম্পন্ন, কেহ কেহ অতিশয় হ্রস্ব, কেহ কেহ অতিশয় দীর্ঘ। ইতি মহাভারত সৌপ্তিক পর্ব্ব ১৯ পৃষ্ঠা।

অতিশয় ক্ষীনকলেবর, ত্রি. বিণ. [অতিশয়-ক্ষীন-কলেবর, দেহ, চ্ছি] অতি সুক্ষ্ম অবয়ব; অতিশয় কৃশ শরীর; অত্যন্ত দুর্ব্বল দেহ; যথা—ধৃতরাষ্ট্র মহিষী গান্ধারী অতি কঠোর তপোনুষ্ঠান পূর্ব্বক অতিশয় ক্ষীন কলেবর হইয়াছেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৭ পৃষ্ঠা।

অতিশয়িত, ত্রি. বিণ. (অতি-শি, শয়ন, ক্ত) অতিশয় নিদ্রাযুক্ত; অত্যন্ত নিদ্রিত; অতিশয়; অত্যন্ত; যথা—আর অবনীতে ঐ হংসের ছায়া অবলোকন করিয়া জনগণ তৎক্ষণাৎ আকাশে বা দিঙ্‌মণ্ডলে দৃষ্টি নিক্ষেপ করত গমনশীল হংসকে অবলোকন করিতে অক্ষম হইয়াছিল, কারন হংস অতিশয়িতবেগে দ্রুতই দৃক্‌পথ অতিক্রম করিত। ইতি নৈষধচরিত ৬৬ পৃষ্ঠা।

অতিশয়িন, ত্রি. বিণ. [অতিশয়, আধিক্য, ইন] শ্রেষ্ঠ; অধিক; অনেক; সমধিক; অতিরিক্ত।

অতিশয়োক্তি, স্ত্রী. বি. (অতিশয়-বচ, বাক্য, ক্তি) অতিশয় বাক্য; অধিক বলা; অসম্ভবরূপে প্রতিষ্ঠা করন; কাব্যের অলঙ্কার বিশেষ; অনেক কথা।

অতিশান্তি, স্ত্রী. বি. অতি-শম, উপশম, ক্তি (কাম ক্রোধাদির অত্যন্ত প্রশম; অতিশয় উপশম।

অতিশায়ন, ক্লী. বি. (অতি-শি, শয়ন, ণিচ-অনট) অতি শয়ন; অতিশয় নিদ্রা; অত্যন্ত ঘুম।

অতিশাসন, ক্লী. বি. (অতি-শাস, শাসন, অনট) অতি আজ্ঞা; অতিশয় আদেশ; অতিশয় শাস্তি।

অতিশীঘ্র, ত্রি. বিণ. (অতি-শীঘ, তুর্ণতা, র) অতিদ্রুত; বিলম্বাভাব; ত্বরিত; অতিক্ষিপ্র; অবিলম্বিত। যথা—উল্লিখিত বন্দী সকলের নিশ্বাসে উক্ত গৃহের সমস্ত বায়ু অতিশীঘ্র ভ্রষ্ট হইয়া গেল। ইতি চারুপাঠ ৩য় ভাগ ৮১ পৃষ্ঠা।

অতিশীঘ্রতা, স্ত্রী. বি. (অতি-শীঘ, তূর্ণতা, র-তা) অত্যন্ত দ্রুততা; অত্যন্ত সত্বরতা; অতিশয় ক্ষিপ্রতা।

অতিশীঘ্রতাপ্রযুক্ত, ত্রি. বিণ. (অতি-শীঘ্রতা-প্র-যুজ, যোগ, ক্ত) অতি সত্বরতাজন্য; অত্যন্ত দ্রুততাহেতু।

অতিশীতল, ত্রি. বিণ. (অতি-শীতল, শৈত্যগুণযুক্ত, অল) অত্যন্তশৈত্যগুণযুক্ত; অতিশয়স্নিগ্ধ; অতিহিম।

অতিশোভন, ত্রি. বিণ. (অতি-শুভ, শোভা, অনট) অতিশয় শোভাযুক্ত; অতি প্রশংসা; অত্যন্ত শ্রেষ্ঠ।

অতিশোভমান, ত্রি. বিণ. (অতি-শুভ, শোভা, শান) অতিশয় শোভাযুক্ত; অত্যন্ত সুন্দর; যথা—এইরূপে গিরিবর করে কন্যা দান। রত্ন অর্ঘ্য পট্টবাস অতি শোভমান॥ ইতি কুমারসম্ভব ১২৩ পৃষ্ঠা।

অতিশ্রম, পু. বি. (অতি-শ্রম, ক্লান্তি, অল) অতিশয় ক্লান্তি; অত্যন্ত খেদ; অতিশয় ক্লেশ; অধিক শ্রম।

অতিশ্রমিতা, স্ত্রী. বি. (অতি-শ্রম, ক্লান্তি, ইন্-তা) অধিক পরিশ্রমের বিষয়; অত্যন্ত ক্লেশতা; অতিশয় খেদতা; যাহা অতিশয় ক্লান্তির বিষয়।

অতিশ্রমী, ত্রি. বিণ. (অতি-শ্রম, ক্লান্তি, ইন্) অতিশয় পরিশ্রমযুক্ত; অত্যন্তখেদবিশিষ্ট; অতিক্লেশযুক্ত।

অতিশ্রান্ত, ত্রি. বিণ. (অতি-শ্রম, ক্লান্তি, ক্ত) অতিশয় শ্রমযুক্ত; অতি ক্লান্তি বিশিষ্ট; অতি খেদান্বিত।

অতিসংহিত, ত্রি. বিণ. (অতি-সং-ধা, যুক্ততা, ক্ত) অতিশয় মিলিত; অতি সংযুক্ত; অতিশয় সঞ্চিত।

অতিসংগোপন, ক্লী. বি. (অতি-সং-গুপ, গোপন, অনট) অতি অপহ্নব; অত্যন্ত লুকান; অতিশয় অপ্রকাশ; যথা—হে ভৈমি! নলান্তঃকরণ অতি সংগোপনে "হে প্রিয়ে! আমাতে আলিঙ্গন দান কর" এই রূপে তোমাকে সাদরে সম্ভাষা করে। ইতি নৈষধ চরিত ১১৮ পৃষ্ঠা।

অতিসঙ্গত, ত্রি. বিণ. (অতি-সং-গম, গমন, ক্ত) অতিশয় যুক্ত বাক্য; অতি হৃদয়ঙ্গম কথা; অত্যন্ত যোগ্য; যাহা সম্ভব মত; গানের ও বাদ্যের মিলন।

অতিসন্ধান, ক্লী. বি. (অতি-সং-ধা, অন্বেষণ, অনট) মিথ্যা বঞ্চনা; অতিশয় জাল; অতিশয় অন্বেষণ।

অতিসর, ত্রি. বিণ. (অতি-সৃ, দ্রব্যবিশেষ, অল) উৎকৃষ্ট সরোবর; অতিশয় জল; অত্যন্ত দুগ্ধের সার; অতিশয় দধির সার; দধির উপরি ভাগ।

অতিসরল, ত্রি. বিণ. (অতি-সরল, অবক্র, অল)

অতিশয় অবক্র; অত্যন্ত সোজা; অতি অক্রূর।

অতিসর্গ, পু. বি. (অতি-সৃজ, ত্যাগ, ঘঞ) বিসর্জ্জন; পরিত্যাগ; অতিদান; অতিশয় নিয়োগ।

অতিসর্জ্জন, ক্লী. বি. (অতি-সৃজ, ত্যাগ, অনট) অতিশয় দান; বিলম্ব; ইতি অমরকোষ। বধ; ইতি মেদিনী। নিয়োগ; অতিশয় নষ্ট।

অতিসাধু, ত্রি. বিণ. (অতি-সাধ, সজ্জন, উ) অতিশিষ্ট; অতিশয় সাধু; যথা—ত্রিভুবনে পুন্য সঞ্চয় করিতে আর তোমার আলস্য করা উচিত নয়, তবে পূর্ব্বে সেই গুরুজনাজ্ঞায় বা নিজেচ্ছায় অন্য বরাভিলাষ রূপ বৃথাশঙ্কা এক্ষনে পরিত্যাগ কর, আপনি অতি সাধু আপনার এরূপ সঙ্কোচ রূপ ভঙ্গী কখনই অঙ্গীকার করা উচিত নয়। ইতি নৈষধচরিত ১০৮ পৃষ্ঠা।

অতিসান্তপন, ক্লী. বি. (অতি-সাং-তপ, কষ্ট, অনট) অতিশয় কষ্ট; ব্রত বিশেষ; দুই দিনান্তে ঘৃত দুগ্ধ ছানা গোমুত্র আহার করিয়া জীবন ধারণ।

অতিসাবধান, ত্রি. বিণ. (অতি-স-অব-ধা, সতর্ক, অনট) অতিশয়সচেতন; অত্যন্তসতর্ক; অতিসচৈতন্য।

অতিসাম্যা, স্ত্রী. বি. (অতি-সাম, দ্রব্যবিশেষ, য-আ) বৃক্ষ বিশেষ; লতাযষ্টিমধু; ইতি রাজনির্ঘণ্ট।

অতিসার, পু. বি. (অতি-সৃ, গমন, ঘঞ) উদরাময়; উদরভঙ্গ; পেটের পীড়া; বহুদ্রব্য মল নিঃসরণ রোগ; অনগন্ধি; ইতি ত্রিকাণ্ডশেষ। অতীসার; ইতি চিকিৎসাশাস্ত্র। অত্যন্ত নবনীত; অতিশয় বল।

অতিসারকী, ত্রি. বিণ. (অতি-সৃ, গমন, ণক-ঈ) সাতিসার; অতিসার রোগ যুক্ত; উদরাময়ী; ইতি অমরকোষ। অতিশয় পেটের পীড়াবিশিষ্ট।

অতিসারঘ্ন, ত্রি. বিণ. (অতি-সার-হন, বধ, টক্) অতিসার রোগ নাশক; উদরাময় রোগহারা।

অতিসারজন্য, ত্রি. বিণ. (অতিসার-জন, কারণ, য) অতিসার রোগনিমিত্ত; উদরাময়হেতু; অতিসারজন্য।

অতিসার ধ্বংস, পু. বি. (অতিসার-ধ্বন্স, নাশ, অল) অতিসার রোগ নাশ; উদরাময় অভাব।

অতিসার ধ্বংসী, ত্রি. বিণ. (অতিসার-ধ্বন্স, নাশ, ণিন্) অতিসার রোগ নাশক; যে উদরাময় বিনষ্ট করে; যে নবনীত নষ্ট করে; অত্যন্ত বলনাশক।

অতিসারনাশক, ত্রি. বিণ. (অতিসার-নশ, নাশ, ণক) উদরাময় রোগ বিনষ্ট কারী; যে অতিসার নষ্ট করে।

অতিসার নিবারক, ত্রি. বিণ. (অতিসার-নি-বার, নিবারণ, ণক) যদ্দারা অতিসার রোগ নিবারণ হয়; যে ব্যক্তি উদরাময় রোগ আরোগ্য করে।

অতিসার প্রতিবন্ধক, ত্রি. বিণ. (অতিসার-প্রতি-বধ, বন্ধন, ণক) অতিসার প্রতিরোধক; উদরাময় নিবারক; নবনীতর ব্যাঘাত কারক; বলনিবারক।

অতিসার প্রযুক্ত, ত্রি. বিণ. (অতিসার-প্র-যুজ, যোগ, ক্ত) অতিসার রোগনিমিত্ত; উদরাময় যুক্ত; পেটের পীড়া জন্য; নবনীত নিমিত্ত; অতিশয় বলজন্য।

অতিসার রহিত, ত্রি. বিণ. (অতিসার—রহ, বর্জ্জন, ক্ত) অতিসার বর্জ্জিত; অতিসার বিহীন; উদরাময় শূন্য; বলবিহীন; নবনীত শূন্য।

অতিসারী, ত্রি. বিণ. [অতিসার, পীড়া বিশেষ; ণীন্] অতিসার রোগ বিশিষ্ট, উদরাময়ী; পেটের পীড়া যুক্ত; অতিশয় বলযুক্তা; নবনীতশালী।

অতিসাহায্য, ক্লী. বি. [অতি-সহায়, সপক্ষ, ষ্ণ্য] অতিশয় সহায়তা; অত্যন্ত সহকারিতা; অতিশয় সপক্ষতা; অত্যন্ত উপকার; সপক্ষে কার্য্য করা।

অতিসুকুমার, ত্রি. বিণ. [অতি-সু-কুমার, কোমল, ট্রি] অতিশয় ললিত; অত্যন্ত কোমল; যথা—মহাবাহো! তুমি পূর্ব্বে অতিসুকুমার ও রাঙ্কব চর্ম্মে শয়ন করিতে, এক্ষণে তোমার দেহ ভূতলে সন্নিবেশিত হইয়া কি ব্যথিত হইতেছে না। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ২৪ পৃষ্ঠা।

অতিসুকোমল, ত্রি. বিণ. [অতি-সু-কোমল, নরম, ট্রি] অতিশয় অকঠিন; অত্যন্ত মৃদু; অতিসুকুমার; অতিশয় নরম; যথা—অতিসুকোমল, এ কর কমল, ক্ষত হবে কুশ ছিঁড়ি। ভূমিতে চলনে, বাজিবে চরণে, কোমল কুশার কুঁড়ি॥ ইতি কুমারসম্ভব ৬৪ পৃষ্ঠা।

অতিসুগম, ত্রি. বি. (অতি—সু-গম, গমন, ক্বিপ্) অতিশয় সহজ; অত্যন্ত অনায়াস; যাহা কষ্টসাধ্য নয়; যে কার্য্যে কোন ক্লেশ হয় না; অত্যন্ত সোজা।

অতি সুগম্য, ত্রি. বিণ. (অতি-সু-গম, গমন, য) যাহা অতিশয় সহজ যোগ্য; উত্তম গমনীয়; যে স্থানে গমন করিতে কোন ক্লেশ হয়না; যাহা সুগমেরযোগ্য।

অতি সুগ্রাহ্য, ত্রি. বিণ. (অতি-সু-গ্রহ, গ্রহণ, ঘ্যণ) যাহা অতিশয় গ্রহণের যোগ্য; বিলক্ষণ মনোনীত।

অতি সুজ্ঞেয়, ত্রি. বিণ. (অ-সু-জ্ঞা, বোধ, য) যাহা

অতিশয় বোধগম্য; বিলক্ষণ জ্ঞাতব্য; যাহা জানিবার উপযুক্ত; যাহা পরিজ্ঞাত হইবার যোগ্য।

অতিসুদুষ্কর, ত্রি. বিণ. (অতি-সু দুঃ-কৃ, করণ, অল) অত্যন্ত ক্লেশকর; অতি দুঃখে ক্রিয়মাণ; অতিশয় কষ্টসাধ্য; যথা—জনমেজয় কহিলেন, ব্রহ্মণ্! আপনার মুখে অতি সুদুষ্কর বিষয় শ্রবণ করিলাম। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০ পৃষ্ঠা।

অতিসুনির্ম্মল, ত্রি. বিণ. (অতি-সু-নির-মল, মলাবিহীন, ক) অত্যন্ত মলরহিত; অতিশয় স্বচ্ছ; অত্যন্ত পরিষ্কৃত; অতিশয় শুদ্ধ; যথা—হে পুরন্দর! যে সকল ব্যক্তি এই ক্ষেত্রে কলেবর পরিত্যাগ করিবে, তাহারা অতি সুনির্ম্মল স্বর্গ লোকে গমন করিতে সমর্থ হইবে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০৮ পৃষ্ঠা।

অতি সুন্দর, ত্রি. বিণ. (অতি-সুন্দ, উৎকৃষ্ট, অর) অতিশয় মনোহর; অতিরুচির; অত্যন্ত শোভন।

অতিসুবুদ্ধি, স্ত্রী. বি. (অতি-সু-বুধ, বোধ, ক্তি) অতিশয় সুন্দর মতি; অত্যন্ত সুধী; বিলক্ষণ বুদ্ধি; (ত্রি. বিণ.) অতিশয় বুদ্ধিমান; যাহার সুন্দর বুদ্ধি আছে; ধীশক্তি সম্পন্ন; মেধাবিশিষ্ট।

অতি সুরক্ষিত, ত্রি. বিণ. (অতি-সু-রক্ষ, রক্ষা, ক্ত) উত্তমরূপে রক্ষাকৃত; উৎকৃষ্টরূপে প্রতিপালিত।

অতি সুরীতি, স্ত্রী. বি. (অতি সু-রী, চরিত্র, ক্তি) অতিশয় সু স্বভাব; অত্যন্ত সচ্চরিত্র; অতি সুন্দর ব্যবহার; অতি সুধারা; অতিশয় সুন্দর নিয়ম।

অতি সুলক্ষণ, ত্রি. বিণ. (অতি-সু-লক্ষ, চিহ্ন, অনট) অতিশয় সুচিহ্ন; অতি সুন্দর নিদর্শন; মঙ্গল অনুষ্ঠান; মঙ্গল সূচক দাগ; শুভ চিহ্নযুক্ত।

অতি সুলভ, ত্রি. বিণ. (অতি-সু লভ, লাভ, অল) অতিশয় সুখলভ্য; যাহা অনায়াস প্রাপ্য, যথা—অহিতকারী বস্তু সমুদয় দ্বারা গ্রামস্থ লোকের অতিসুলভ স্বাস্থ্য লাভের বিলক্ষণ ব্যতিক্রম ঘটে। ইতি চারুপাঠ ৩য় ভাগ ৯২ পৃষ্ঠা।

যাহা অতিশয় অল্পমূল্যে প্রাপ্ত হওয়া যায়; অতিশয় সুলভ্য; যাহা অক্লেশে প্রাপ্ত; অতিশয় শস্তা।

অতি সুলভ্য, ত্রি. বিণ. (অতি-সু লভ, লাভ, য) অতিশয় সুলব্ধব্য; অতি সুন্দররূপে প্রাপ্য; অতি সুলাভ; যাহা অনায়াসে লাভ হইতে পারে।

অতিশোভন, ত্রি. বিণ. (অতি-সু-শুভ, শোভা, অনট) অতিশয় শোভাজনক; অত্যন্ত শোভাযুক্ত; অতিশয় সুন্দর; যথা—হাসিয়া শঙ্কর তবে কহেন বচন। বাড়িল চাঁদের জ্যোতি অতি সুশোভন॥ ইতি কুমারসম্ভব ৯৩ পৃষ্ঠা।

অতি সুস্পষ্ট, ত্রি. বিণ. (অতি-সু-স্পশ্, ব্যক্ত, ক্ত) অতিশয় সুব্যক্ত; অত্যন্ত স্ফুট; অতি সুপ্রকাশ।

অতিসুস্বাদু ত্রি. বিণ. (অতি-সু স্বদ, আস্বাদন, ঞু) অতি মধুর রস; অত্যন্ত সুরস; অতি মনোজ্ঞ; অতিশয় মিষ্ট; যথা—তাহারা পুত্র কলত্র সমভিব্যাহারে তথায় সমাগত হইয়া শোণিত পান, মাংস ভক্ষণ, এবং মেদ, মজ্জা, অস্থি ও বসা আস্বাদন পূর্ব্বক ইহা অতি উপাদেয়, ইহা অতি পবিত্র, ইহা অতি সুস্বাদু, ইহা বলিয়া মহা আহ্লাদে নৃত্য করিতে আরম্ভ করিল। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৭ পৃষ্ঠা।

অতিসূক্ষ্ম, ত্রি. বিণ. (অতি-সূক্ষ্ম, সরু, অল) অতি মিহি; অত্যন্ত সরু; অতিশয় ক্ষীণ; অতি অল্প।

অতি সূক্ষ্মতা, স্ত্রী. বি. (অতি-সূক্ষ্ম, সরু, তা) অতিশয় ক্ষীণতা; অত্যন্ত অল্পতা; স্বাভাবিক অতি সরু।

অতি সৃষ্ট, ত্রি. বিণ. (অতি-সৃজ, সৃজন, ক্ত) দত্ত; ত্যক্ত; নিযুক্ত; উৎকৃষ্ট রূপে নির্ম্মিত; উত্তম রচিত।

অতি সৌরভ, ক্লী. বি. [অতি-সুরভি, সুগন্ধ, ষ্ণ] কুঙ্কুম; সদ্গন্ধ; অতি সুগন্ধ; যাহার উত্তম গন্ধ।

অতি স্ফির, ত্রি. বিণ. (অতি-স্ফির, স্ফূর্ত্তি, অল) অতি স্ফূর্ত্তিশালী; ইতি-জটাধর। ত্রাসযুক্ত; অতিশয় কম্পমান; অত্যন্ত কম্পন বিশিষ্ট; অতি প্রচুর।

অতি হসিত, ক্লী. বি. (অতি-হস, হাস্য ক্ত) অতিশয় হাস্য; শব্দযুক্ত হাস্য; ইতি জটাধর। ভীষণ হাস্য; অশ্বধ্বনির মত হাস্য; অতিশয় কৃত হাস।

অতিহাস, পু. বি. (অতি হস, হাস্য, ঘঞ) সশব্দ হাস্য; অধিক হাস্য; অট্ট হাস্য; ইতি হেমচন্দ্র। ভীষণ হাস্য; অশ্বের ধ্বনির মত হাস্য; যৎপরোনাস্তি হাসি।

অতি হাস্যাস্পদ, পু. বি. (অতি হাস্য আ-পদ, স্থান, অল) অতিশয় হাস্যের স্থান; অত্যন্ত উপহাস্য।

অতি হিংসক, ত্রি. বিণ. (অতি-হিন্স, হিংসা, ণক) অতিশয় হিংসাকারক; অতি শত্রু; ঘাতুক।

অতি হিংসা, স্ত্রী. বি. (অতি-হিন্স, হিংসা, ঙ-আ) অতিঘাত; অপকার; পরানিষ্ট; দস্যু কর্ত্তৃক মন্দ।

অতি হিংসা জন্য, ত্রি. বিণ. (অতি-হিংসা-জন, কা-

রণ, য) পরানিষ্ট নিমিত্ত; অপকার হেতু।

অতি হিংসা ব্যতিরিক্ত, ত্রি. বিণ. (অতি-হিংসা-বি-অতি-রিচ, ভিন্নতা, ক্ত) অতি অপকারভিন্ন; অতিশয় অনিষ্ট অভাবে; চৌর্য্যাদি কর্ত্তৃক অপকারভিন্ন।

অতি হিংসামূলক, ত্রি. বিণ. [অতি-হিংসা মূল, আদি, কন্] যাহার অত্যন্ত হিংসাই মূল; অনিষ্টই আদি।

অতি হৃষ্ট, ত্রি. বিণ. (অতি-হৃষ, হর্ষ, ক্ত) অতিশয় প্রীত; অতি জাত হর্ষ; অত্যন্ত আহ্লাদিত; অতি রোমাঞ্চিত; অতিশয় আনন্দযুক্ত; অত্যন্ত হর্ষিত।

অতি হৃষ্টচিত্ত, ত্রি. বিণ. (অতি-হৃষ্ট-চিত, চেতন, ক্ত) অতি সাহ্লাদ মনঃ; অতিশয় আনন্দিত; যাহার অন্তঃকরণ অতিশয় হর্ষযুক্ত; অতি হর্ষান্তঃকরণ; অতি সন্তোষ চিত্ত; অতি প্রফুল্লান্তঃকরণ।

অতিহৃষ্টমতি, ত্রি. বিণ. (অতি-হৃষ্ট-মন, অন্তঃকরণ, ক্তি) অতিশয় হর্ষিত বুদ্ধি; সন্তোষযুক্ত ইচ্ছা; অতিশয় হর্ষান্তঃকরণ; যথা—সুরপতি দেখি অতি হৃষ্টমতি হৈয়ে। করে ধরে পঞ্চশরে সমাদরে লয়ে॥ ইতি কুমারসম্ভব ২৩ পৃষ্ঠা।

অতি হ্রস্ব, ত্রি. বিণ. (অতি-হ্রস, বামন, ব) অতি বামন; অত্যন্ত খাট; অতিশয় খর্ব্ব; অতি বাউনে।

অতি হ্রাস, পু. বি. (অতি হ্রস, বামন, ঘঞ) অতিশয় ক্ষয়; অত্যন্ত ক্ষীনতা; অতিশয় ন্যূনতা।

অতিক্ষীণ, ত্রি. বিণ. (অতি-ক্ষি, বলহীনতা, ক্ত) অতি অবল; অত্যন্ত সূক্ষ্ম; অতিশয় দুর্ব্বল; যথা—যে চিত্রকরের বর্ণানুভাবকতা, শোভানুভাবকতা, নির্ম্মিমিৎসা, ও অনুচিকীর্ষা বৃত্তি অতিক্ষীণ, তাঁহারা নিজ নিজ বৃত্তি দ্বারা সমধিক উপার্জ্জন ও খ্যাতিপ্রতিপত্তি লাভ করিতে সমর্থ হয়েন না। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ২য় ভাগ ২৬ পৃষ্ঠা।

অতিক্ষুদ্রাশয়, ত্রি. বিণ. (অতি-ক্ষুদ্র-আ-শি, তাৎপর্য্য, অল) অতিমন্দ তাৎপর্য্য; অতিশয় মন্দ অভিপ্রায়; যাহার অত্যন্ত সামান্য অভিলাষ; যথা—হে মহারাজ! আচার্য্যতনয় অশ্বত্থামা এইরূপে কৃতনিশ্চয় হইয়া রথ হইতে অবতরণ পূর্ব্বক ভগবান ভবানীপতিরে প্রনাম করিয়া কহিলেন, হে দেবেশ! আমি অতিক্ষুদ্রাশয়। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১০ পৃষ্ঠা।

অতীচ্ছ, ত্রি. বিণ. (অতি-ইষ, ইচ্ছা, ড) অতিশয় ইচ্ছান্বিত; অত্যন্ত অভিলাষুক; যাহার অতিশয় বাঞ্ছা আছে; অতি বাঞ্ছাবিশিষ্ট; অতীচ্ছুক।

অতীত, ত্রি. বিণ. (অতি ই, গমন, ক্ত) ভূত; অতিক্রান্ত; গত; যথা—কিয়ৎকাল অতীত হইল কতকগুলি তাপস তীর্থ পর্য্যটন ক্রমে সরস্বতীতে আগমন করিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৯০ পৃষ্ঠা।

যাহা হইয়া গিয়াছে; যে অতিক্রম করিয়াছে; মান প্রভেদ; ইতি সংগীত শাস্ত্র।

অতীতকাল, পু. বি. (অতীত—কল, সময়, ঘঞ) ভূতকাল; অতীত সময়; গতকাল; যে কাল গিয়াছে।

অতীতাবস্থা, স্ত্রী. বি. (অতীত-অব-স্থা, দশা, অল) অতীত দশা; ভূত সময়; গত দুর্গতি; অতীত গতি; যে অবস্থা অতীত হইয়াছে; অতিক্রান্ত কাল।

অতীতাবস্থা স্বরূপ, ত্রি. বিণ. (অতীত-অবস্থা-স্ব-রূপ, ন্যায়, ক) ভূত অবস্থাবৎ; অতীত দশার ন্যায়; গত দুর্গতির তুল্য; অতীত গতি সদৃশ; গতকালবৎ।

অতীন্দ্রিয়, ত্রি. বিণ. (অতী-ইদ, চক্ষুঃ কর্ণাদি পাঁচ জ্ঞান সাধন, ইয়) অপ্রত্যক্ষ; প্রত্যক্ষাবিষয়; ইন্দ্রিয়া গোচর; ইন্দ্রিয়া গ্রাহ্য; ইতি-অমরকোষ। যাহা কোনরূপে প্রত্যক্ষ হয় না; অদৃশ্য।

অতীব, (ব্য) অতিশয়; ইতি অমরকোষ। অধিক; অপরিমিত; অত্যন্ত; যথেষ্ট; যৎপরোনাস্তি; যথা—তাহাদের স্রষ্টা ও পাতা অতীব সহজ কৌশলে তাহাদিগের জীবন যাত্রা নির্ব্বাহের সুন্দর উপায় অবধারণ করিয়া দিয়াছেন। ইতি চারুপাঠ ৩য় ভাগ ১২৪ পৃষ্ঠা।

অতীবানুরক্ত, ত্রি. বিণ. (অতীব-অনু-রন্জ, রাগ, ক্ত) অত্যন্ত রত; অতিশয় আসক্ত; যথা—রজঃপুতদিগের কন্যারা বিধবা হইলে প্রায় দেবতার পরিচর্য্যাতেই অতীবানুরক্ত থাকে। ইতিবুদ্ধিমালা ২০পৃষ্ঠা।

অতীব্র, ত্রি. বিণ. [অ-তীব্র, তীক্ষ্ণ, ট্রি] কটুনহে; ঝাল বিহীন; তীক্ষ্ণ নয়; অতিশয় নহে; অত্যুগ্ররস শূন্য; উগ্র নয়; উচ্চৈঃস্বর বিহীন; ইতি বিশ্ব। ধারাল নহে; ভোঁতা; অচালাক।

অতীয়, পু. বি. (অতি, অত্যন্ত, ইয়) বৃহত্ত্ব; বহুত্ব।

অতীয়তা, স্ত্রী. বি. [অতি-ইয়ত্ত, অধিক, তা] বহুতা; অপরিমিততা; বহু-পরিমাণ; বৃহত্ত্ব।

অতীর, ত্রি. বিণ. [অ-তীর, কুল, ট্রি] নদীকুল নহে; তট বিহীন; রাঙ্গ নয়; তীর শূন্য।

অতীর্থ, ত্রি. বিণ. [অ-তীর্থ, ঘাট, চ্ছি] ঘাট শূন্য; পুণ্যক্ষেত্র নহে, শাস্ত্র শূন্য; উপায় বিহীন।

অতীসার, পু. বি. (অতী-সৃ, গমন, ঘঞ) অতিসার রোগ; উদরাময়; ইতি চিকিৎসাশাস্ত্র। পেটের পীড়া।

অতীক্ষ্ণ, ত্রি. বিণ. (অ-তীক্ষ্ণ; শীঘ্রতা, অল) অখর; উগ্র নহে; শীঘ্র নয়; নিরালস্য নহে; অনিপুণ; ত্বরা নয়; অপ্রাজ্ঞ; যাহা ধারাল নহে।

অতীক্ষ্ণতা, স্ত্রী. বি. (অ-তীক্ষ্ণ, শীঘ্রতা, তা) শীঘ্রতা নহে; খরতা নয়; অনুগ্রতা; অনিপুণতা।

অতুঙ্গ, ত্রি. বিণ. (অ-তুঙ্গ, উচ্চতা, অল) অনুচ্চ; খর্ব্ব; বামন; খাট; যে ব্যক্তি লম্বা নয়; বেঁটে।

অতুচ্ছ, ত্রি. বিণ. (অ-তুচ্ছ, হেয়, অল) অনল্প; অবজ্ঞাত নহে; হেয় নয়; ভুষি নয়; নীচ নহে।

অতুন্দ, ত্রি. বিণ. (অ-তুন্দ, আতিশয্য, অল) কৃশ; ক্ষীণ; অতিশয় পাতলা; অত্যন্ত দুর্ব্বল; উদরশূন্য।

অতুন্দি, পু. বি. (অ-তুন্দ, উদর, ই) উদরাভাব; নাভি নয়; গন্ধর্ব্ব বিশেষাভাব; পেট বিহীন।

অতুন্দিক, ত্রি. বিণ. (অ-তুন্দ, উদর, ইক) বিশাল জঠর বিহীন; যাহার স্থূলোদর নয়; পেটাল নহে।

অতুন্দিল, ত্রি. বিণ. (অ-তুন্দ, উদর, ইল) বিশাল উদর হীন; স্থূলোদর শূন্য; ভুঁড়ি-যুক্ত নহে; পেটাল নয়; ক্ষীণোদর; যাহার ক্ষুদ্র পেট।

অতুমুল, ত্রি. বিণ. (অ-তুমুল, আতিশয্য, ক) অতিশয় নয়; ঘোরতর নহে; গণ্ডগোল নহে; বিবাদশূন্য।

অতুর, ত্রি. বিণ. (অ-তুর, সুস্থতা, ক) পীড়িত; অসুস্থ; রোগী; যাহার শরীর ব্যাধিতে আক্রমণ করিয়াছে; যে হস্তপদাদি দ্বারা কর্ম্ম করিতে পারে না।

অতুরগ, ত্রি, বিণ. (অ-ত্বরা-গম, শীঘ্র গমন, ড) তুরঙ্গনয়; অশ্ব নহে; ঘোটক নয়; অন্তঃকরণ নহে; যে শীঘ্র গমন করিতে পারে না; মন্দগামী।

অতুরঙ্গ, ত্রি. বিণ. (অ-ত্বরা-গম, শীঘ্র গমন, ড) ঘোটক নয়; ঘোড়া নহে; চিত্ত নয়; শীঘ্র-গমনে অক্ষম; যে অল্পে অল্পে যায়; মৃদুগন্তা।

অতুল, পু. বি. (অ-তুল, তুলনা, ক) তিলবৃক্ষ; ইতি শব্দচন্দ্রিকা। পরিমাণ দণ্ডাভাব; (ত্রি. বিণ.) তুলনা রহিত; অনুপম; অসদৃশ; অপরিমেয়; যথা—আমরা যে আমাদের স্রষ্টা ও পাতার এই সমস্ত অতি প্রগাঢ় নিগূঢ় অভিপ্রায়ের অভ্যন্তরে প্রবেশ করিতে সমর্থ হইতেছি, ইহা আমাদের পরম সৌভাগ্য ও অতুল আনন্দের বিষয়। ইতিচারুপাঠ ৩য়ভাগ ১২১ পৃষ্ঠা। যাহার তুলনা নাই; যাহার সদৃশ প্রাপ্ত হওয়া যায় না।

অতুলবিভব, ক্লী. বি. (অতুল-বি-ভূ, সত্তা, অল) তুলনারহিত ধন; অদ্বিতীয় ঐশ্বর্য্য; অপরিমিত সম্পত্তি; যথা—তুমি সুনয়নী, ভুবন মোহিনী, রূপে রতি লাজ পায়। কুলে বিধাতার, জনম তোমার, অতুল বিভব তায়॥ ইতি কুমারসম্ভব ৭১ পৃষ্ঠা।

অতুলন, ত্রি. বিণ. (অ-তুল, তুলনা, অনট) যাহা পরিমাণ করণ নহে; সাদৃশ্য করণ বিহীন; উঠান নয়।

অতুলনা, ত্রি. বিণ (অ-তুল, তুলনা, অন) দৃষ্টান্ত শূন্য; সাদৃশ্য বিহীন; যাহার উপমা নাই।

অতুলনীয়, ত্রি. বিণ. (অ-তুল, তুলনা, তুলনার অযোগ্য; অসদৃশোপযুক্ত; অনুপম যোগ্য।

অতুলসভা, স্ত্রী. বি. [অতুল-সভা, সমাজ, চ্ছি] তুলনাবিহীন সমাজ; অসদৃশ মিটিং; উৎকৃষ্ট পরিষৎ; যথা—ভূতলে অতুলসভা-স্ফটিকগঠিত; তাহে শোভে রত্নরাজী, মানস সরসে সরস কমলকুল বিকসিত যথা। ইতি মেঘনাদবধ কাব্য ৪ পৃষ্ঠা।

অতুলিত, ত্রি. বিণ. (অ-তুল, তুলনা, ক্ত) তুলনাশূন্য; উপমারহিত; যাহার সদৃশ আর নাই; যথা—বিদ্যাধরীদল যথা, হায় রে ভূতলে অতুলিত! বীণা, বাঁশী, মৃদঙ্গ, মন্দিরা আদি যন্ত্র বাজে মিলি মধুর নিক্কণে। ইতি মেঘনাদবধ কাব্য ৮৪ পৃষ্ঠা।

অতুল্য, ত্রি. বিণ. (অ-তুল, তুলনা, য) নিস্তুল্য; অনুপম; অসাম্য; অসদৃশ; তুলনা রহিত; অভেদ নয়।

অতুল্যতা, স্ত্রী. বি. (অ-তুল, তুলনা, য-তা) তুল্যতা নহে; সাদৃশ্য নয়; যাহা কোনরূপে তুলনার বিষয় হইতে পারে না; বিলক্ষণ ভেদের বিষয়।

অতুষ, ত্রি. বিণ. (অ-তুষ, তোষণ অথবা আবরণ বিশেষ, ক) ধান্যাদির ত্বক্ নহে, খোসা নয়; হর্ষাভাব; অনাহ্লাদ; অসন্তুষ্ট; আবরণ নহে।

অতুষার, ত্রি. বিণ. [অ-তুষার, হিম, চ্ছি] নীহার বিহীন; হিমশূন্য; শীতল নয়; বরফ নহে।

অতুষ্ট, ত্রি. বিণ. (অ-তুষ, তোষণ, ক্ত) অসন্তোষ প্রাপ্ত; অনাহ্লাদিত; অনাপ্যায়িত; অতৃপ্ত; হর্ষযুক্ত নহে; যে ব্যক্তি আনন্দিত নয়।

অতুষ্টতা, স্ত্রী. বি. (অ-তুষ, তোষণ, ক্ত-তা) তৃপ্ততা

নহে ; সন্তোষ প্রাপ্তির বিষয় নয় ; হর্ষ যুক্ততা নয়।
অতুষ্টি, স্ত্রী. বি. (অ তুষ, তোষণ, ক্তি) অসন্তোষ ; বিরাগ ; বৈরক্তি ; অনাহ্লাদ ; অপরিতৃপ্তি।
অতুষ্টিকর, ত্রি. বিণ. (অতুষ্টি-কৃ, করণ, অল) যদ্দ্বারা পরিতৃপ্তি হয় না ; অসন্তোষজনক ; আহ্লাদকর নহে
অতুষ্ণীং, ত্রি. বি. (অ-তুষ, নীরব, নীং) মৌন নহে ; নিঃশব্দ নয় ; নীরব নয় ; যে ব্যক্তি মৌনব্রত করে নাই
অতুষ্ণীক, ত্রি. বিণ. (অ-তুষ, নীরব, ণীক) যে ব্যক্তি মৌনী নয় ; শব্দ-যুক্ত ; নিঃশব্দ নহে ; ধ্বনিবিশিষ্ট।
অতুহিন, পু. বি. (অ-তুহ, শীতলতা, ইন) সূর্য্য ; শীতলাভাব ; হিমাভাব ; তুষারাভাব ; জ্যোৎস্নাভাব।
অতুণ, ত্রি. বিণ. (অ-তুণ, আধার বিশেষ, ক) বাণাধার নহে ; বাণ রাখিবার পাত্র নয় ; নীর বিহীন ; ইষুধি শূন্য ; তূণীর বিহীন ; তুণ শূন্য।
অতূর্ণ, ত্রি. বিণ. (অ-তূ, শীঘ্রতা, ক্ত) শীঘ্র নহে ; দ্রুত নয় ; অত্বরিত ; বিলম্বিত ; সত্বর নয় ; আশু নহে
অতূলিক, ত্রি. বিণ. (অ-তুলিকা, তুলি, ড) তুলি শূন্য ; চিত্রকরের বর্ত্তি বিহীন ; যাহার চিত্র করিবার কলম নাই ; যে ব্যক্তির তুলি নাই ; যাহার মাকু নাই।
অতৃণ, ত্রি. বিণ. (অ-তৃ, দ্রব্য বিশেষ, ক্ত) ঘাসশূন্য ; খড় বিহীন ; পত্রাদি নহে ; যবস বিহীন।
অতৃপ্ত, ত্রি. বিণ. (অ-তৃপ, সন্তোষ, ক্ত) অপরিতোষান্বিত ; অসন্তুষ্ট ; হর্ষিত নহে ; অনাপ্যায়িত ; যথা—বিশ্বাধিপের বিশ্বরাজ্যের শাসন প্রণালীতে নানাপ্রকার অনিয়ম ও বিশৃঙ্খলা কল্পনা করিয়া ন্যায়পরতা বৃত্তি অতৃপ্ত থাকে। ইতি বাহ্যবস্তু ২য় ভাগ ৮ পৃষ্ঠা।
অতৃপ্ততা, স্ত্রী. বি. (অ-তৃপ, সন্তোষ, ক্ত-তা) অপরিতোষের বিষয় ; অসন্তুষ্টতা ; হর্ষের বিষয় নয়।
অতৃপ্তি, স্ত্রী. বি. (অ-তৃপ, সন্তোষ, ক্তি) তৃপ্ত্যভাব ; অপরিতুষ্টি ; (ত্রি. বিণ.) তৃপ্তিবিহীন ; অতৃপ্ত ; অসন্তুষ্ট ; আনন্দিত নয় ; আমোদ বিশিষ্ট নহে।
অতৃষ, ত্রি. বিণ. (অ-তৃষ, পিপাসা, ড) তৃষ্ণারহিত ; পিপাসাভাব ; পানেচ্ছুক নহে ; যাহার পিপাসানাই।
অতৃষান্বিত, ত্রি. বিণ. (অ-তৃষ-অনু-ই, গমন, ক্ত) অতৃষ্ণান্বিত ; পিপাসা বিশিষ্ট নহে ; যাহার পান করিতে ইচ্ছা হয় নাই ; পানে অনভিলষিত।
অতৃষিত, ত্রি. বিণ. (অ-তৃষ, পিপাসা, ক্ত) অপিপাসিত ; তৃষ্ণা যুক্ত নহে ; যে পিপাসায় কাতর নয়।
অতৃষ্ণ, ত্রি. বিণ. (অ-তৃষ, পিপাসা, ণ) তৃষ্ণাযুক্ত নহে ; পিপাসা বিশিষ্ট নয় ; পানেচ্ছা বিহীন।
অতৃষ্ণান্বিত, ত্রি. বিণ. (অ-তৃষ্ণা-অনু-ই, গমন, ক্ত) পিপাসা যুক্ত নহে ; তৃষ্ণা বিশিষ্ট নয় ; তৃষ্ণাকাতর নহে ; যাহার অন্তঃকরণ জল পানে উৎসুক নহে।
অতেজঃ, ক্লী. বি. (অ-তিজ, তেজ, অস্) ছায়া ; ইতি রাজ নির্ঘণ্ট। (ত্রি. বিণ.) তেজোবিহীন ; তেজ রহিত ; প্রভাশূন্য ; মলিন ; প্রদীপ্ত নহে।
অতেজস্ক, ত্রি. বিণ. [অ-তেজস্, দীপ্তি, কন্] অতেজস্বী ; অপ্রতাপান্বিত ; তেজ বিহীন ; দীপ্তি শূন্য ; যাহার কিছুমাত্র তেজ নাই ; প্রভাবিশিষ্ট নহে।
অতেজস্কর, ত্রি. বিণ. (অ-তেজস্-কৃ, করণ, অল) তেজোবৃদ্ধি কারক নহে ; তেজাল নয় ; যাহা প্রদীপ্ত নয় ; যাহার তেজ নাই ; প্রদীপ্ত বলিয়া গণ্য নয়।
অতেজস্বী, ত্রি. বিণ. [অ-তেজস্, দীপ্তি, বিন্] তেজাল নয় ; বলবান নহে ; অপ্রতাপান্বিত ; লঘুভার সহিষ্ণু ; অপ্রভাবশালী ; মাৎসর্য্যবিশিষ্ট নহে।
অতেজোময়, ত্রি. বিণ. [অ-তেজস্, দীপ্তি, ময়ট] তেজে পরিপূর্ণ নয়, যাহার সকলি তেজ নহে।
অতেজোহ্রাস, ত্রি. বিণ. (অ-তেজস্-হ্রস, হ্রাস, ঘঞ) তেজের ন্যূনতা নহে ; দীপ্তির অল্পতা নয়।
অতেমন, ত্রি. বিণ. (অ-তিম, সাদৃশ্য, অনট) তেমন নয় ; তাদৃশ নহে ; তদ্রূপ নয় ; সেরূপ নহে।
অতৈল, ত্রি. বিণ. [অ-তিল, স্নেহ দ্রব্য বিশেষ, ষ্ণ] তিলাদি জন্য স্নেহ নয় ; তেল নহে ; যে ব্যক্তি তৈল ব্যবহার করে না ; যাহাতে তৈল দেওয়া হয় নাই।
অতৈলাক্ত, ত্রি. বিণ. (অ-তৈল-অজ, মিশ্রিত, ক্ত) তৈল মিশ্রিত নয় ; তেল যুক্ত নহে ; যাহা তৈল দ্বারা প্রস্তুত হয় নাই ; অতৈলপক্ক ; তৈল মাখা নয়।
অতোক, ত্রি. বিণ. (অ-তুক, সন্তান, অল) নিঃসন্তান ; পুত্র বিহীন ; সন্ততি শূন্য ; যাহার পুত্র কন্যা নাই ; (পু. বি.) পুত্র কন্যাভাব ; সন্ততির অভাব।
অতোয়, ত্রি. বিণ. (অ-তুয়, জল, অল) জল শূন্য ; বারি বিহীন ; সলিল হীন ; যে স্থানে জল নাই।
অতোষ, ত্রি. বিণ. (অ-তুষ, তোষণ, অল) অতৃপ্তি ; হর্ষ বিহীন ; নিরানন্দ ; আহ্লাদ শূন্য ; তোষবিহীন।
অতোষণ, ত্রি. বিণ. (অ-তুষ, তোষণ, অনট) হর্ষ করণ নহে ; অনাহ্লাদ করণ ; আনন্দ করণ নয়।

অতোষণীয়, ত্রি. বিণ. (অ-তুষ, তোষণ, অনীয়) তৃপ্তি যোগ্য নহে; হর্ষানুপযুক্ত; আনন্দের উপযুক্ত নহে; আহ্লাদের অযোগ্য; তুষ্ট করণের অযোগ্য।

অতৌল, ত্রি. বিণ. (অ-তৌল, পরিমাপন, অল) পরিমান ক্রিয়া শূন্য; মাপন নহে; ওজোন বিহীন; সমতা করণ নয়; যাহা ওজোন করা হয় নাই।

অৎক, পু. বি. (অৎ, আকৃতি, কন্) শরীরাবয়ব; অঙ্গ; ইতি উনাদিকোষ। (ত্রি. বিণ.) পথিক; বর্ত্ম বাহী; পান্থ; মার্গস্থ; পথে স্থিতিশীল।

অত্তা, স্ত্রী. বি. (অৎ, আকৃতি, ক্ত-আ) অগ্রজা; জ্যেষ্ঠা ভগিনী; মাতা; অগ্রজস্বসা; শ্বশ্রূ; শাশুড়ী; পত্নীর-মাতা; ইতি অমরকোষ। মাতাগ্রজস্বসা; মাতার জ্যেষ্ঠা ভগিনী; মাসী; ইতি কেচিৎ।

অত্তি, স্ত্রী. বি. (অৎ, আকৃতি, ক্তি) নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী; ইতি শব্দরত্নাবলী। অগ্রজাতা।

অত্তিকা, স্ত্রী. বি. (অৎ, আকৃতি, ক্তি-ক-আ) নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী; অগ্রজা; ইতি মেদিনী।

অত্ব, পু. স্ত্রী. বি. (অদ, ভক্ষণ, ব-নিপাতনে সিদ্ধ) যে ব্যক্তি ভোজন করায়; যে খাওয়ায়।

অত্নু, পু. বি. (অৎ, আকৃতি, নু) সূর্য্য; ভানু।

অত্য, পু. বি. (অৎ, আকৃতি, য) অশ্ব; ঘোটক।

অত্যক্ত, ত্রি. বিণ. (অ-ত্যজ, ত্যাগ, ক্ত) অবিরক্ত; অবিবর্জ্জিত; বিক্ষিপ্তচিত্ত নহে; যে দেক হয় নাই; কৃত ত্যাগ নহে; অনুজ্ঝিত; অপরিত্যক্ত।

অত্যতি পাতক, ক্লী. বি. (অতি-পত, পাপ, ণক) অত্যন্ত অতি পাতক; নববিধ অতি পাতক মধ্যে প্রধান অতিপাতক; অতিশয় পাপ; অতিশয় নরকসাধন।

অত্যন্ত, ত্রি. বিণ. (অতি+অন্ত। অতি-অন, আধিক্য, ক্ত) অতিশয়; অধিক; অতীব; বিস্তর; যৎপরোনাস্তি; যথা—শুকনাশ সেই অসীম সাম্রাজ্য কার্য্য অনায়াসে সুশৃঙ্খল রূপে সম্পন্ন করিতেন; তাঁহার অপক্ষপাতিতা ও সদ্বিচার গুনে প্রজারা অত্যন্ত বশীভূত ও অনুরক্ত হইয়াছিল। ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অত্যন্ত কোপ, পু. বি. (অত্যন্ত-কুপ, কোপ, অল) অতিশয় ক্রোধ; অত্যন্ত রাগ; যৎপরোনাস্তি রোষ।

অত্যন্ত কোপন, ত্রি. বিণ. (অত্যন্ত-কুপ, কোপ, অনট) অতিশয় ক্রোধী; অতিচণ্ড; ইতি অমর কোষ। প্রচণ্ড কোপান্বিত; অতিশয় রাগ বিশিষ্ট; অত্যন্ত ক্রুদ্ধ।

অত্যন্ত গামী, ত্রি. বিণ. (অত্যন্ত-গম, গমন, ণিন্) অতিশয় গমনশীল; অতিশীঘ্রগমনকর্ত্তা; দ্রুতগামী।

অত্যন্ত বাসী, পু. বিণ. (অত্যন্ত-বস, বাস, ণিন্) যোগী; নিরাশ্রমী; নৈষ্ঠিক ব্রহ্মচারী; আশ্রমশূন্য।

অত্যন্ত সুকুমার, পু. বি. (অত্যন্ত-সু-কুমার, কোমলতা, অল) অতিশয় সুকোমল; কঙ্গুনী বৃক্ষ; শস্য বিশেষ। পঞ্চম বর্ষীয় অতিশয় সুন্দর বালক।

অত্যন্তস্নেহ, ক্লী. বি. (অত্যন্ত-স্নিহ, প্রণয়, অল) অতিশয় প্রণয়; যৎপরোনাস্তি প্রেম; যথা—বিশেষতঃ মহারাজ আমার প্রতি অত্যন্ত স্নেহ করেন আমি কিরূপে তাঁহাকে এতাদৃশ অপ্রিয় শ্রবণ করাইব, ইতি রোমাবতী ১০৮ পৃষ্ঠা।

অত্যন্তাভাব, পু. বি. (অত্যন্ত+অভাব। অত্যন্ত-অভূ, সত্তা, ঘঞ) ন্যায়দর্শনে সর্ব্বতোভাবে অভাব পদার্থ; সম্পূর্ণ অবর্ত্তমানত্ব; অতিশয় অভাব।

অত্যন্তিক, পু. বি. [অত্যন্ত, অতিশয়, ইক] অতিশয় ভ্রমণ কর্ত্তা; অত্যন্ত গামী; ইতি হেমচন্দ্র। (ত্রি. বিণ.) অতিশয়; অধিক; অনেক; অত্যন্ত।

অত্যন্তীন, ত্রি. বিণ. [অত্যন্ত, অতিশয়, ঈন] ভৃশগামী; অতিশয় গমনশীল; ইতি অমরকোষ। দ্রুতগামী; শীঘ্রগ; যে সত্বর গমন করিতে পারে।

অত্যম্ল, ক্লী. বি. (অতি+অম্ল। অতি-অম্ল, টক, অল) বৃক্ষাম্ল; তেঁতুল; অতিশয় অম্লরস; বড় টক।

অত্যম্লপর্ণী, স্ত্রী. বি. (অত্যম্ল-পর্ণ, দ্রব্যবিশেষ, ঈ) লতাবিশেষ; তীক্ষ্ণা; কণ্ডুরা; অরণ্যবাসিনী। ইহার গুণ পরিচয়—যথা—তীক্ষ্ণাম্লত্ব; প্লীহা ও শূল নিবারক; বাতহারক; অগ্নি ও রুচিকারক; গুল্ম, শ্লেষ্ম রোগাপহারক; এবং অপাক নাশক; ইতি বিশ্ব।

অত্যম্লা, স্ত্রী. বি. (অতি-অম্ল, টক, ঙ-আ) বনবীজপুর; মধুর নেবু; মধু টাবা; উৎকৃষ্ট নেবু।

অত্যয়, পু. বি. (অতি+অয়। অতি-অয়, গমন, অল) মৃত্যু; অতিক্রম; দণ্ড; দোষ; কৃচ্ছ্র; ইতি অমরকোষ। বিনাশ; অপচয়; অপগম; হানি; ক্ষতি।

অত্যয়িত, ত্রি. বিণ. (অতি-অয়, গমন, ক্ত) অতিক্রান্ত; অন্যথা করা; বিনষ্ট; বিপন্ন; আপদগ্রস্ত।

অত্যর্থ, ত্রি. বিণ. (অতি+অর্থ। অতি-অর্থ, নিমিত্ত, অল) অতিশয়; অধিক; বিস্তর; অতিনিমিত্ত; অতিজন্য; সমূহ; বাক্ প্রপঞ্চ; ভূরি; প্রচুর।

অত্যল্প, ত্রি. বিণ. (অতি+অল্প। অতি-অল্প, ন্যূনতা, অল) অতিসূক্ষ্ম; অল্পিষ্ঠ; যৎকিঞ্চিৎ; যথা—তাঁহারা অত্যল্প মূল ধন লইয়া কার্য্যারম্ভ করেন; ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার ২য় ভাগ ৪৯ পৃষ্ঠা।
অল্পীয়; কণীয়; অণীয়; ইতি অমরকোষ। যৎসামান্য; কিঞ্চিৎ; কিছু; অল্প; ন্যূন; কম।

অত্যষ্টী, স্ত্রী. বি. (অতি+অষ্টী। অতি-অস, ছন্দবিশেষ, তী) চতুষ্পদীছন্দ বিশেষ; যে কবিতার প্রতি ছন্দে চারিটি পদ থাকে; চারিপদ বিশিষ্ট ছন্দ।

অত্যসম, ত্রি. বিণ. (অতি+অসম। অতি-অ-সম, সমান, অল) বন্ধুর; অতিশয় অসমান; উচু নিচু।

অত্যাকার, পু. বি. (অতি+আকার। অতি-আ-কৃ, করণ, ঘঞ) ন্যক্কার; তিরস্কার; ইতি হেমচন্দ্র। (ত্রি. বিণ.) কুৎসিত; কদাকার; মন্দাকৃতি।

অত্যাগ, ত্রি. বিণ. (অ-ত্যজ, ত্যাগ, ঘঞ) অবর্জ্জন; অপরিহৃত; অনুৎসর্গ; অমুক্ত; যাহা পরিত্যাগ করা হয় নাই; অদত্ত; যাহা বিসর্জ্জন করা হয় নাই।

অত্যাচরণ, ক্লী. বি. (অতি+আচরণ। অতি-আ-চর, ব্যবহার, অনট) গর্হিত ব্যবহার; মন্দরীতি; কুৎসিত আচার; উপদ্রব করণ; বল পূর্ব্বক মন্দকর্ম্ম করা।

অত্যাচরিত, ত্রি. বিণ. (অতি-আ-চর, আচরণ, ক্ত) যে দৌরাত্ম্য করে; যে অত্যাচার করে; যথা—অত্যারী আততায়ী জন্তু যদি অত্যন্ত অনিষ্টকর কর্ম্ম না করে, তবে অত্যাচরিত জন্তু তাহাকে কুক্রিয়াতে নিবৃত্ত দেখিব মাত্র নিরস্ত হয়, ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার ২য় ভাগ ১১৫ পৃষ্ঠা।

অত্যাচার, পু. বি. (অতি+আচার। অতি-আ-চর, ব্যবহার, ঘঞ) অসঙ্গতাচরণ; আচারোল্লঙ্ঘন; অন্যায়; কুব্যবহার; ক্লেশ দেওয়া; দৌরাত্ম্য; যথা—আমি বিধাতার অনুরোধে এতদিন তাহার ঘোরতর অত্যাচার সহ্য করিয়াছি। ইতি রঘুবংশ ৭৬ পৃষ্ঠা।

অত্যাচারকর্ত্তা, পু. বি. (অত্যাচার-কৃ, করণ, তৃন্) যে ব্যক্তি অত্যাচার করে; আচারোল্লঙ্ঘনকারী; অন্যায় কর্ত্তা; কুব্যবহার কারক; ক্লেশ দায়ক।

অত্যাচারজন্য, ত্রি. বিণ. (অত্যাচার জন, নিমিত্ত, য) অত্যাচার নিমিত্ত; কুব্যবহার বশতঃ; দৌরাত্ম্যহেতু।

অত্যাচারনিবারক, ত্রি. বিণ. (অত্যাচার-নি-বার, নিষেধ, ণক) যে অত্যাচার নিবারণ করে; দৌরাত্ম্য নিষেধক; যে ব্যক্তি অন্যায় কার্য্য নিবারণ করে।

অত্যাচারনিবারণ, ক্লী. বি. (অত্যাচার-নি-বার, নিষেধ, অনট) দৌরাত্ম্য নিষেধ; অত্যাচার বারণ; কুব্যবহারবারণ; দুষ্টতা নিবারণ; অন্যায় নিবারণ।

অত্যাচারনিমিত্তক, ত্রি. বিণ. [অত্যাচার-নিমিত্ত, কারণ, কণ্] অত্যাচার হেতু; দৌরাত্ম্য কারণ; দুষ্টতা প্রযুক্ত; কুব্যহার জন্য; কুৎসিত কার্য্য-হেতু।

অত্যাচার পূর্ব্বক, ত্রি. বিণ. [অত্যাচার-পূর্ব্ব, প্রথম, কণ্] দৌরাত্ম্য-হেতুক; দুষ্টতা জন্য; যে কার্য্যের পূর্ব্বে অত্যাচার করা হয়; অসঙ্গতাচরণ জন্য।

অত্যাচার প্রযুক্ত, ত্রি. বিণ. (অত্যাচার-প্র-যুজ, যোগ, ক্ত) অত্যাচার-জন্য; দৌরাত্ম্য নিমিত্ত।

অত্যাচার বিনা, ক্রিবিণ. [অত্যাচার-বিনা, ভিন্নতা, ট্রি] অত্যাচার ব্যতিরেক; দৌরাত্ম্য ভিন্ন; কুৎসিত ব্যবহার-অভাবে; অন্যায়-কার্য্য ব্যতিরিক্ত।

অত্যাচার-বিশিষ্ট, ত্রি. বিণ. (অত্যাচার-বি-শিষ, বিশেষে-শিষ্ট, ক্ত) অত্যাচার যুক্ত; দৌরাত্ম্য-বিশিষ্ট; নিন্দিত ব্যবহার যুক্ত; কুব্যবহারশালী।

অত্যাচাররহিত, ত্রি. বিণ. (অত্যাচার-রহ, বর্জ্জন, ক্ত) অত্যাচার বর্জ্জিত; দৌরাত্ম্য ত্যক্ত; দুষ্টতানিবৃত্ত; যে ব্যক্তি অত্যচার করে না; অন্যায় বিরহিত।

অত্যাচার শূন্য, ত্রি. বিণ. (অত্যাচার-শূন, অভাব, য) দৌরাত্ম্য বিহীন; কুৎসিত-আচার-হীন।

অত্যাচারাকাঙ্ক্ষা, স্ত্রী. বি. (অত্যাচার-আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ঙ-আ) দৌরাত্ম্য ইচ্ছা; কুৎসিত-ব্যবহারাভিলাষ; অত্যাচারাভিপ্রায়; অসঙ্গতাচরণাভিলাষ।

অত্যাচারাকাঙ্ক্ষী, ত্রি. বিণ. (অত্যাচার-আ-কাঙ্ক্ষ, আকাঙ্ক্ষা, ণিন্) অত্যাচারাভিলাষী; দৌরাত্ম্য করিতে ইচ্ছুক; যাহার কুৎসিত-ব্যবহারে মানস।

অত্যাচারী. ত্রি. বিণ. (অতি-আ-চর, আচরণ, ণিন্) অত্যাচারকারী; দস্যু; মন্দব্যবহার কর্ত্তা; যথা—দ্বিতীয়তঃ অত্যাচারী আততায়ী জন্তু যদি অত্যন্ত অনিষ্টকর কর্ম্ম না করে, ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ১১৫ পৃষ্ঠা।

অত্যাচারোদ্যোগ, পু. বি. (অত্যাচার-উৎ-যুজ, যোগ, ঘঞ) অত্যাচার যত্ন; দৌরাত্ম্য চেষ্টা; কুৎসিত ব্যবহার প্রয়াস; অন্যায় অধ্যবসায়; মন্দ অনুষ্ঠান।

অত্যাচারোদ্যোগী, ত্রি. বিণ. (অত্যাচার-উৎ-যুজ, যোগ, নিন্) অত্যাচারোদ্যোগ বিশিষ্ট; দৌরাত্ম্যে যত্নবান্; কুৎসিত কার্য্যে উৎসাহী; দুষ্টতাতে উদ্যমী; যে ব্যক্তি অসঙ্গতাচরণের অনুষ্ঠান করে।

অত্যাচারোপক্রম, পু. বি. (অত্যাচার-উপ-ক্রম, নিয়ম, অল) অত্যাচার প্রথমারম্ভ; দৌরাত্ম্যের প্রথম সূচনা; কুৎসিতব্যবহারের অনুষ্ঠান; কদাচারোদ্যোগ।

অত্যাজ্য, ত্রি. বিণ. (অ-ত্যজ, ত্যাগ, ঘ্যণ) ত্যাগানর্হ; অত্যক্তব্য; অত্যজনীয়; ত্যাগাযোগ্য; যাহা পরিত্যাগের উপযুক্তনয়; যাহা ত্যাগকরা যায়না।

অত্যাদর, ক্লী. বি. (অতি-আ-দৃ, সম্মান, অল) অতিশয় সম্মান; অত্যন্ত সমাদর; অতিশয় মর্য্যাদা; যথা— হে দময়ন্তি! সেই নৃসিংহ নল অত্যাদরে নির্নিমেষ হইয়া ভিত্তির বিভূষণ রূপ স্বহস্ত চিত্রিত যে তোমার অব বেং প্রতিকৃতি তাহা লোচন দ্বারা অবলোকন করায় ইতি নৈষধচরিত ১১৬ পৃষ্ঠা।

অত্যাবশ্যক, ত্রি. বিণ. (অতি+আবশ্যক। অতি-আ-বশ, উচিত, য-ক) অত্যন্ত অবশ্য কর্ত্তব্য; অতিশয় প্রয়োজ; অতি-নৈশ্চয়িক; অত্যন্ত উচিত। যথা—সখি! জরা রাক্ষসীর প্রতি তোমার প্রশ্ন করা অত্যাবশ্যক হইতেছে। ইতি নৈষধচরিত ১৫৫ পৃষ্ঠা।

অত্যারূঢ়, ক্লী. বি. (অতি×আরূঢ়। অতি-আ-রুহ, আরোহণ, ক্ত) অতিশয় বৃদ্ধি; অত্যুন্নতি।

অত্যারূঢ়ি, স্ত্রী. বি. (অতি-আ-রুহ, আরোহণ, ক্তি) অতিশয় বৃদ্ধি; অত্যুন্নতি; অতিসমৃদ্ধি।

অত্যাল, পু. বি. (অতি-আল, উদ্ভিজ্জ বিশেষ, অল) রক্তচিত্রক বৃক্ষ; রাং চিতার গাছ; ইতিরাজনির্ঘণ্ট।

অত্যাশা, স্ত্রী. বি. (অতি+আশা। অতি-আশ, আশা, ঙ-আ) অতিশয় আশা; অত্যন্তস্পৃহা; অসম্ভাবনীয় বাঞ্ছা; অত্যন্ত অভিলাষ; অতিশয় ইচ্ছা।

অত্যাশ্চর্য্য, ত্রি. বিণ. (অতি-আঃ-চর, অদ্ভুত, য) অতি বিচিত্র; অতিশয় বিস্ময়; অত্যন্ত অদ্ভুত; অতি বিস্মিত; অতি অপূর্ব্ব; যথা—ইতিপূর্ব্বে বারংবার অত্যাশ্চর্য্য রথ যুদ্ধ হইয়া গিয়াছে, এক্ষণে এই অদ্ভুত গদাযুদ্ধ আরম্ভ হউক। ইতি মহাভারত শল্য পর্ব্ব ৭০ পৃষ্ঠা।

অত্যাসঙ্গ, পু. বি. (অতি-আ-সন্জ, সঙ্গ, অল) সংসৃষ্টি; অত্যন্ত সম্ভোগ; অতিশয় আসক্তি; অতিসংসর্গ; যথা—কিন্তু অত্যাসঙ্গ দ্বারা পাছে সুললিত আমার প্রতি সানুরাগ হয় এই ভয়ে মাতা তাহা দেখিতে পারিতেন না। ইতি রোমাবতী ৯৩ পৃষ্ঠা।

অত্যাহার, পু. বি. (অতি+ আহার। অতি-আ-হৃ, আহার, ঘঞ) অতিশয় আহার; যথেষ্ট ভক্ষণ; অপরিমিত ভোজন; অধিক অশন; অনেক খাওয়া।

অত্যাহারী, ত্রি. বিণ. (অতি-আ-হৃ, আহার, নিন্) অতিশয় আহার কর্ত্তা; বহ্বাশী; অপরিমিত ভোজী; অধিক ভক্ষণকারী; যে ব্যক্তি অনেক খায়।

অত্যাহিত, ক্লী. বি. (অতি×আহিত। অতি-আ-ধা, অনুপকার, ক্ত) মহাভীতি; অতিশয় ভয়; বিপদ; আপদ; জীবনাপেক্ষ কর্ম্ম; জীব নাশারহিত-কর্ম্ম; ইতি অমর কোষ; অতিশয় ত্রাস; মহাবিপত্তি।

অত্যুক্তি, স্ত্রী. বি. (অতি+উক্তি। অতি-বচ বাক্য, ক্তি) অতিশয়উক্তি, আরোপিতকথন; অসম্ভববাক্য, অধিক বলা; যাহা বলিবার যোগ্য নহে তাহা বলা।

অত্যুগ্র, ত্রি. বিণ [অতি-উগ্র, কঠিন, চ্বি] অতিশয় কঠিন; অতি প্রখর; অত্যন্ত ক্রোধ; অতি উৎকট; যথা—সে কহিল মহাশয়! আমি শূদ্র, আমার নাম শম্বক, সাম্রাজ্যাভিলাষে এই অত্যুগ্র তপস্যা করিতেছি। ইতি রঘুবংশ ১২২ পৃষ্ঠা।

অত্যুচ্চ, ত্রি. বিণ. [অতি-উচ্চ, উপরি, চ্বি] অতিশয় উপরি; অত্যন্ত ঊর্দ্ধ; অতি উত্তুঙ্গ; অতিশয় উন্নত; যথা—তিনি আমার পৃষ্ঠে পদার্পণ করিয়া অত্যুচ্চ বৃষভ পৃষ্ঠে আরোহণ করেন। ইতি রঘুবংশ ১০ পৃষ্ঠা।

অত্যুচ্চতর, ত্রি. বিণ. [অতি-উচ্চ, উপরি, তর] দুই উচ্চ বস্তুর মধ্যে অধিক উচ্চ; অতিশয় উচ্চ; যথা— ফলতঃ নগরীয় গৃহগণ অতি রমণীয় ও অত্যুচ্চতর সন্দেহ নাই। ইতি নৈষধচরিত ৭৪ পৃষ্ঠা।

অত্যুচ্চতা, স্ত্রী. বি. [অতি-উচ্চ, উপরি, তা] অতিশয় উপরের পরিমাণ; অত্যন্ত উচ্চ; যথা—যে নগরীতে ভূপালভবন ইন্দুমৌলিতা অর্থাৎ অত্যুচ্চতা নিমিত্ত চন্দ্রলগ্ন শিখরত্ব; ইতি নৈষধচরিত ৬৮ পৃষ্ঠা।

অত্যুজ্জ্বল, ত্রি. বিণ. (অতি-উৎ-জ্বল, দীপ্ত, অল) অত্যন্ত তেজ বিশিষ্ট; অতিশয় প্রদীপ্ত; যথা—তাঁহার অত্যুজ্জ্বল প্রসন্ন ও অলৌকিক শান্ত স্বভাব অবলোকনে তাঁহাকে বনদেবতা জ্ঞান করিয়া বিহিত বিধানে নমস্কার করিলাম, ইতিচারুপাঠ ৩য় ভাগ ৩পৃষ্ঠা।

অত্যুৎকণ্ঠা, স্ত্রী. বি. (অতি+উৎকণ্ঠা। অতি-উৎ-কণ্ঠ, ভাবনান্বিত, ও-আ) অতিশয় ভাবনা; অতিশয়-উদ্বেগ; ইষ্টলাভে কালক্ষেপ; অসহিষ্ণুতা; অতি চিন্তা।

অত্যুৎকণ্ঠিত, ত্রি. বিণ. (অতি-উৎ-কণ্ঠ, ভাবনান্বিত, ক্ত) অতিশয় ভাবনা বিশিষ্ট; অত্যন্ত চিন্তান্বিত; অতিশয় উদ্বেগ যুক্ত; অতিশয় উৎকণ্ঠাশীল।

অত্যুৎকৃষ্ট, ত্রি. বিণ. (অতি-উৎ-কৃষ, উত্তমতা, ক্ত) উৎকর্ষ বিশিষ্ট; আতিশয্য যুক্ত; প্রকৃষ্ট; প্রশস্ত; শ্রেষ্ঠ; উত্তম; যথা—অতএব 'এক্ষণে আমাদিগকে জয় করিয়া রাজ্য শাসন কর, নতুবা আমাদিগের হস্তে নিহত হইয়া অত্যুৎকৃষ্ট ব্রহ্মলোক প্রাপ্ত হও। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৬৮ পৃষ্ঠা।

অত্যুত্তম, ত্রি. (বিণ. অতি+উত্তম। অতি উৎ-তম, উৎকৃষ্টতা, অল) অতিশয় উৎকৃষ্ট; অত্যন্ত প্রধান।

অত্যুত্তর, ত্রি. বিণ. (অতি+উত্তর। অতি-উৎ-তর, সিদ্ধান্ত, অল) সিদ্ধান্ত; মীমাংসা; পূর্ব্বপক্ষের-যথার্থ উত্তর; প্রশ্নের প্রত্যুত্তর; প্রতিবচন; অতি জবাব।

অত্যুষ্ণ, ত্রি. বিণ. (অতি-উষ, অশীত, ন) অতিশয় উষ্ণ; অত্যন্ত গরম; অতি উত্তপ্ত; যথা—কিন্তু অত্যুষ্ণ নিশ্বাস বায়ু স্পর্শে অর্দ্ধপথেই ঐ সরস কমল সকল শুষ্ক হইয়া যাইত। ইতি নৈষধচরিত ১৩৯পৃষ্ঠা।

অত্যূহ, পু. বি. (অতি+উহ। অতি-উহ, বিচারণ, অল) কালকণ্ঠ; দাত্যুহ পক্ষী; ইতি মেদিনী। অতিশয় বিতর্ক; অত্যন্ত অধ্যাহার; অতি উৎপ্রেক্ষণ।

অত্যূহা, স্ত্রী. বি. (অতি-উহ, বিচারণ, অল-আ) নীলিকা; শেফালিকা; ইতি-মেদিনী। পুষ্পবিশেষ।

অত্র, (ব্য) এতস্মিন্; এখানে; এইস্থানে; এস্থলে।

অত্রতত্র, ক্রিবিণ. [অত্র-তদ, সেই, ত্র] ইতস্তত; এস্থানে সেস্থানে; এখানে সেখানে; যথা—আমরাও ভাবিলাম অত্রতত্র নিরর্থক ভ্রমণ করা অপেক্ষা সম্মান সহকারে কিছুকাল এস্থানে অবস্থান করা অযুক্ত নহে। ইতি রোমাবতী ১০২ পৃষ্ঠা।

অত্রত্য, ত্রি. বিণ. [অত্র, এস্থান ত্য] এস্থানের; এখানের; এখানকার; যথা—প্রতিজ্ঞা করিতেছি যে, অত্রত্য কোন সুশীলা সুরূপা ব্রাহ্মণ তনয়াকে পুত্রিকা রূপে গ্রহণ পূর্ব্বক তাহার সহিত রঞ্জনের পরিণয় ক্রিয়া সম্পাদন করত তাঁহাকে সেই জামাতাই বজায় রাখিব, ইতি রোমাবতী ৬১ পৃষ্ঠা। এদেশের; এতদ্দেশীয়; এস্থলের; অত্র স্থানীয়।

অত্রপ, ত্রি. বিণ. (অ-ত্রপ, লজ্জা, অল) নির্লজ্জ; বেহায়া; যাহার লজ্জা নাই; ব্রীড়াবিহীন; লজ্জাশূন্য।

অত্রপান্বিত, ত্রি. বিণ. (অ-ত্রপ-অনু-ই, গমন, ক্ত) লজ্জা বিশিষ্ট নহে; নির্লজ্জিত; লজ্জাযুক্ত নয়।

অত্র ভবান্, ত্রি. বিণ. (অত্র-ভূ; সত্তা, শতৃ) পূজ্য; শ্লাঘ্য; মান্য; ইতি হেমচন্দ্র। প্রশস্য; উপাস্য।

অত্রস্ত, ত্রি. বিণ. (অ-ত্রস, ত্রাস, ক্ত) নির্ভয়; অসন্ত্রস্ত; নিঃশঙ্কিত; ভয়যুক্ত নহে; যে ব্যক্তি ভীতনয়।

অত্রস্থ, ত্রি. বিণ. (অত্র-স্থা, স্থিতি, ড) এইস্থানস্থিত; এখানে স্থাপিত; যাহা এস্থলে আছে।

অত্রাণ, ত্রি. বিণ. (অ-ত্রা, রক্ষা, অনট) অরক্ষণ; অনুদ্ধারণ; অরক্ষক; মুক্তি বিহীন; মোক্ষনয়।

অত্রাযোগ, পু. বি. (অত্র-অ-যুজ, যোগ, ঘঞ) অযোগ্যতা; অকর্ম্মণ্যতা; অনুপযুক্ততা।

অত্রাস, পু. বি. (অ-ত্রস, ত্রাস, ঘঞ) অভয়; নিঃশঙ্কা; অডর; আতঙ্কাভাব; বিতর্কাভাব।

অত্রাসিত, ত্রি. বিণ. (অ-ত্রস, ত্রাস, ক্ত) নির্ভীত; নিঃশঙ্কিত; শঙ্কাবিহীন; যে ভীতনয়; ত্রাসশূন্য।

অত্রি, পু. বি. (অত্রি, মুনি বিশেষ, ক্বিপ) সপ্তঋষির মধ্যে এক ঋষি; চন্দ্রের জনক। ইনি ব্রহ্মার চক্ষু হইতে জন্ম পরিগ্রহ করিয়াছেন, ইহাঁর ভার্য্যার নাম অনসূয়া, তিনি কর্দ্দম মুনির কন্যা, অত্রিমুনির তিন পুত্র যথা—দত্ত, দুর্ব্বাসা, এবং চন্দ্র; চন্দ্র অত্রি মুনির নেত্র হইতে জন্মিয়াছেন। ইতি শ্রীভাগবত।
যথা—মরীচি অঙ্গিরা অত্রি ভৃগু দক্ষ ক্রতু। পুলহ পুলস্ত্য হৈল সংসারের হেতু॥ ইতি কবিকঙ্কণ চণ্ডী ৮ পৃষ্ঠা।

অত্রি জাত, পু. বিণ. (অত্রি-জন, জন্মান, ক্ত) চন্দ্র; দ্বিজন্মা; অত্রিমুনির পুত্র; অত্রিমুনি কর্ত্তৃক যাহার জন্ম হইয়াছে; যে অত্রি মুনি হইতে উৎপন্ন।

অত্রিদৃগ্জ, পু. বিণ. (অত্রি-দৃক্-জন, জন্মান, ড) চন্দ্র; অত্রি মুনির নেত্র-ভব জ্যোতি। ইতি হেমচন্দ্র।

অত্রিনেত্রজ, পু. বিণ. (অত্রি-নেত্র-জন, জন্মান, ড) চন্দ্র; অত্রি-মুনির নেত্র হইতে যাহার জন্ম হইয়াছে; ইতি—জটাধর। ত্রিনেত্র হইতে উৎপন্ন।

অত্রিনেত্র প্রসুত, পু. বিণ. (অত্রি নেত্র-প্র-সূ, প্রসব, ক্ত) চন্দ্র; যে অত্রি-মুনির নেত্র হইতে প্রসুত হই-

য়াছে অর্থাৎ জন্মপরিগ্রহ করিয়াছেন ; ইতি—হলায়ুধ।

অত্রিনেত্রভূ, পু. বিণ. (অত্রি-নেত্র-ভূ, উৎপত্তি, ক্বিপ্) চন্দ্র ; অত্রি-মুনির নেত্র হইতে যাহার উৎপত্তি ; ইতি ত্রিকাণ্ডশেষ। ত্রিনেত্র হইতে যাহার উৎপন্ন হয় নাই।

অত্রিপত্নী, স্ত্রী. বি. (অত্রি-পত, পতন, নী) অত্রিমুনির পত্নী ; অনসূয়া ; যথা—অত্রিপত্নী অনসূয়া সীতার গাত্রে একরূপ পবিত্র অঙ্গরাগ প্রদান করিয়াছিলেন। ইতি রঘুবংশ ৯২ পৃষ্ঠা।

অত্রিভারদ্বাজিকা, স্ত্রী. বি. (অত্রি-ভারদ্বাজ-ই, উদ্বাহ, কন্-আ) অত্রি ভারদ্বাজী বিবাহ ; অত্রি ও ভারদ্বাজের মতে বিবাহ ; ইতি শব্দ-রত্নাবলী।

অত্রুটি, ত্রি. বিণ. (অ-ত্রুট, ত্রুটি, ই) ক্ষতিবিহীন ; অনপচয় ; অম্লানতা ; কোন বিষয়ের অঙ্গ হীন নহে।

অত্বক, ত্রি. বিণ. [অ-ত্বচ্, চর্ম্ম, প্রথমা বিভক্তি] চর্ম্মশূন্য ; বল্কলহীন ; ছালবিহীন ; বৃক্ষবিশেষ নহে ; দারুচিনী নহে ; চর্ম্মবর্জ্জিত ; যাহার চামড়া নাই।

অত্বর, ত্রি. বিণ. (অ-ত্বরা, শীঘ্র, ড) বেগবিহীন ; অদ্রুত ; বিলম্ব ; কালগত ; গৌণ ; দীর্ঘ-সূত্রী ; যে কার্য্যে তৎপর নহে ; যাহার কার্য্যে মনোযোগ নাই।

অত্বরিত, ত্রি. বিণ. (অ-ত্বরা, শীঘ্র, ক্ত) অসত্বর ; বেগযুক্ত নহে ; ত্বরাহীন ; আশুনয় ; দ্রুত নহে ; শীঘ্র নয় ; বিলম্বিত ; যে সত্বরে কোন কার্য্য করে না।

অথ, (ব্য) মঙ্গল ; অনন্তর ; আরম্ভ ; প্রশ্ন ; কার্ৎস্ন্য ; ইতি অমরকোষ। অধিকার ; সংশয় ; বিকল্প ; সমুচ্চয় ; ইতিমেদিনী। দৃঢ়তা ; চিহ্ন ; এক্ষণে ; অতএব ; আরম্ভার্থ ; সমাহার ; জিজ্ঞাসা ; সন্দেহ।

অথকিং (ব্য) স্বীকার ; ইতি শব্দরত্নাবলী। অঙ্গীকার ; হাঁ ; প্রতিশ্রুত ; অভ্যুপগম ; কবুল ; মানা।

অথচ, (ব্য) যোজনার্থ অব্যয় শব্দ ; আরো ; কিন্তু ; যথা—আর ভদ্র লোকেরা শিল্প কর্ম্ম করিতে চাহেন না, অথচ ইতর লোকে ভদ্রলোকের বৃত্তি অবলম্বন করিতেছে, ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ৪৮ পৃষ্ঠা।

অথবা, (ব্য) কিম্বা ; যথা—আমি জানিতাম পক্ষী ও পশুজাতি কেবল আহার, নিদ্রা, ভয় প্রভৃতিরই পরতন্ত্র, উহাদিগের বুদ্ধিশক্তি অথবা বাক্শক্তি কিছুই নাই। ইতি কাদম্বরী ৩ পৃষ্ঠা।

পক্ষান্তর ; কল্পান্তর ; অন্যপক্ষ ; দ্বিতীয়কল্প ; এবং।

অথর্ব্ব, ক্লী. বি. (অথ্, বেদবিশেষ, বনিপ্) বেদবিশেষ ; ইতি মেদিনী। চতুর্থ বেদ ; অতিবৃদ্ধ ; মন্ত্র বিশেষ ; শিবোক্ত গ্রন্থ বিশেষ ; ইতি কেচিৎ।

অথর্ব্বণ, পু. বি. [অথর্ব্বণ, বেদবিশেষ, প্রথমা বিভক্তি] শিব ; মহাদেব ; মহেশ ; শঙ্কর।

অথর্ব্বণি, পু. বি. [অথর্ব্বণ, বেদবিশেষ, ই] অথর্ব্ব বেদজ্ঞ-ব্রাহ্মণ ; পুরোহিত ; ইতি-মেদিনী।

অথর্ব্বা, পু. বি. [অথর্ব্ব, বেদ-বিশেষ, আ] ব্রাহ্মণ ; বেদজ্ঞ ; যে অথর্ব্ব-বেদ জানে ; চতুর্থবেদবিৎ।

অথো, (ব্য) মঙ্গল ; আনন্তর্য্য ; সমুচ্চয় ; প্রশ্ন ; আরম্ভ ; কার্ৎস্ন্য ; অধিকার ; সংশয় ; বিকল্প ; ইতি-মেদনী। অনন্তর ; দৃঢ়তা ; চিহ্ন ; এক্ষণে ; অতএব ; পরে ; অধিকন্তু, পশ্চাৎ ; এই হেতুক ; বিশেষত।

অদ, ক্লী. বি. (অদ, ভক্ষণ, অল) ভক্ষণ করণ ; ভোজন করণ ; আহার করণ ; খাওয়া ; গেলা।

অদংশন, ত্রি. বিণ. (অ-দন্শ, দংশন্, অনট) দন্তাঘাত করণশূন্য ; কামড়ান নয় ; হুলফুটান নহে ; বর্ম্ম বিহীন ; সাঁজোয়া শূন্য ; গাত্রীয় কবচ বিহীন।

অদংশনীয়, ত্রি. বিণ. (অ-দন্শ, দংশন্, অনীয়) দংশনের অযোগ্য ; হুলফুটাবার অনুপযুক্ত ; যাহা বর্ম্ম যোগ্য নহে ; সাঁজোয়ানুপযুক্ত ; তনুত্রানুপযুক্ত।

অদঃ, ত্রি. বিণ. (অদ, ভক্ষণ, অস্) এতৎ ; পুরোবর্ত্তি ; এই ; পরং ; পরোক্ষভূত ; সেই ; ইতি-মেদিনী। অগ্রবর্ত্তি ; সম্মুখস্থ ; তাহাই।

অদগ্ধ, ত্রি. বিণ. (অ-দহ, দহন, ক্ত) ভস্মীকৃত নয় ; পোড়ানয় ; জ্বলিত নহে ; যাহা অগ্নিহত নয় ; ভাজানয় ; যাহাকে দহন করা হয় নাই।

অদগ্ধদাহন, ক্লী. বি. (অদগ্ধ-দহ, দাহন, অনট) অজ্বলিতর দাহ ; যাহা দগ্ধ হয় নাই তাহার ভস্মীকরণ।

অদণ্ড, ত্রি. বিণ. (অ-দণ্ড, যষ্টি, অল) যষ্টিনয় ; যষ্ঠিপল পরিমিত কাল নহে ; লগুড় বিহীন ; ঘড়ীনয় ; দমনশূন্য ; নিগ্রহবিহীন ; অশাসন ; সন্যাস ধর্ম্ম নহে।

অদণ্ডার্হ, ত্রি. বিণ. (অ-দণ্ড-অর্হ, যোগ্যতা, অল) যাহা দণ্ডের অনুপযুক্ত ; শাসন যোগ্য নহে ; যষ্ঠির উপযুক্ত নয় ; দমনের অযোগ্য ; শাসনানুচিত।

অদণ্ডিত, ত্রি. বিণ. (অ-দণ্ড, শাসন, ক্ত) অকৃতদণ্ড ; দণ্ডপ্রাপ্ত নহে ; অশাসিত ; অসাধিত।

অদণ্ডী, ত্রি. বিণ. (অ-দণ্ড, শাসন, নিন্) চতুর্থা

শ্রমী নয়; সন্ন্যাসী নহে; জিন বিশেষ নয়; যে দণ্ড ধারণ করে নাই; দণ্ডশীল নহে; যতি শূন্য।
অদণ্ড্য, ত্রি. বিণ. (অ-দণ্ড, শাসন, য) দণ্ডানর্হ; দণ্ডিত হইবার অযোগ্য; অদণ্ডনীয়; অশাসনীয়।
অদত্ত, ত্রি. বিণ. (অ-দা, দান, ত) অকৃতদান; যাহা দান করা যায় নাই; দানশূন্য; রাজা বিশেষ নয়।
অদত্তা, স্ত্রী. বি. (অ-দা, দান, ক্ত-আ) অবিবাহিতা; ইতি স্মৃতি। কুমারী; অনূঢ়া; যে কন্যাকে দান করা হয় নাই; পাত্রসাৎ কৃতা নহে; অনুদ্বাহিতা।
অদধি, ত্রি. বিণ. (অ-দধি, দ্রব্যবিশেষ, ক্বিপ্) দুগ্ধের বিকারনহে; দধিশূন্য; দইনয়; গব্যবিশেষ নয়।
অদন, ক্লী. বি. (অদ, ভক্ষণ, অনট) ভক্ষণ; ভোজন; যথা—বদনে রদন নড়ে অদনে বঞ্চিত। সে মুখ চুম্বনে সুখ না হয় কিঞ্চিত॥ ইতি ভারতচন্দ্র ৩৫০ পৃষ্ঠা। ভক্ষ্যবস্তু; আহার; আহার সামগ্রী; ইতি হেমচন্দ্র।
অদনীয়, ত্রি. বিণ. (অদ, ভক্ষণ, অনীয়) ভক্ষণীয়; খাদ্য বস্তু; ভোজনের যোগ্য; ভক্ষণোপযুক্ত। যথা—অব্যবহিত পরক্ষণে আমি প্রকাণ্ড পক্ষবান বুভুক্ষু রাক্ষসের আকার ধারণ পূর্ব্বক তাঁহাদের অগ্রে গিয়া উপস্থিত হইলাম তাহাতে সমুদায় অদনীয় ও পানীয় অদৃশ্য হইল। ইতি সেক্সপিয়র ৪৪ পৃষ্ঠা।
অদন্ত, ত্রি. বিণ. (অ-দন্ত, চর্ব্বণ শক্তি, অল) দন্তবিহীন; চর্ব্বণ শক্তি শূন্য; যাহার দাঁত নাই; অকারান্ত; যাহার অন্তে অকার থাকে; স্বরান্ত; অজন্ত।
অদন্তক, ত্রি. বিণ. (অ-দন্ত, চর্ব্বণ শক্তি, ণক) যে ব্যক্তি দন্তহীন; যাহার দন্ত নাই; যাহার চর্ব্বণ শক্তি নাই; যে ব্যক্তি চর্ব্বণ করিতে অক্ষম; অকারান্ত।
অদভ্র, ত্রি. বিণ. (অ-দভ, অল্পতা, র) প্রচুর; বহু; ইতি অমর কোষ। অধিক; যথেষ্ট; প্রভূত; মহৎ; অনেক; অতিশয়; অত্যন্ত; যেমন ইচ্ছা; বিস্তর।
অদমন, ক্লী. বি. (অ-দম, দমন, অনট) অশাসন; বশী করণাভাব; অআটকান; দমনাভাব; অতাড়ন।
অদমনীয়, ত্রি. বিণ. (অ-দম, দমন, অনীয়) অশাসনের যোগ্য; বশীভূত করণানুপযুক্ত; যাহা আটকানর যোগ্য নয়; তাড়নানুপযুক্ত; দমনাযোগ্য।
অদম্ভ, ত্রি. বি. (অ-দম্ভ, গর্ব্ব, অল) অহঙ্কারবিহীন; গর্ব্ব শূন্য; দুষ্টতাহীন; যে কপট নয়; দম্ভশূন্য।
অদম্য, ত্রি. বিণ. (অ-দম, দমন, য) দমন করিবার অযোগ্য; দুর্দ্দান্ত; দমনানুপযুক্ত; তাড়নার অযোগ্য।
অদয়, ত্রি. বিণ. (অ-দয়া, কৃপা, ড) নির্দ্দয়; নিষ্ঠুর; কৃপাহীন; দয়া শূন্য; নৃশংস; অনুকম্পাবিহীন।
অদয়াবান্, ত্রি. বিণ. [অ-দয়া, কৃপা, বতু] অদয়ালু; সদয় নহে; অকরুণান্বিত; যাহার অন্তঃকরণে দয়ার সঞ্চার হয় না; কৃপাবান নয়; করুণাশীল নয়।
অদয়ালু, ত্রি. বিণ. (অ-দয়া, কৃপা, আলু) অকৃপাবান্; দয়াশীল নহে; যে ব্যক্তি দয়াযুক্ত নয়।
অদরিদ্র, ত্রি. বিণ. (অ-দরিদ্রা, ক্ষয়, ড) অনির্ধন; অনিঃস্ব; অদুর্গত; দুঃখী নহে; সঙ্গতিবান্; ভাগ্যবান্; ধনবান্; ঐশ্বর্য্যবান; যে ব্যক্তি দীন নহে।
অদর্প, ত্রি. বিণ. (অ-দৃপ, গর্ব্ব, অল) অহঙ্কার শূন্য; গর্ব্ববিহীন; যাহার আত্ম শ্লাঘা নাই; মাৎসর্য্যহীন।
অদর্পক, ত্রি. বিণ. (অ-দৃপ, গর্ব্ব, ণক) যাহার গর্ব্ব নাই; কামদেব নহে; মদন নয়; কন্দর্প নহে।
অদর্পিত, ত্রি. বিণ. (অ-দৃপ, গর্ব্ব, ক্ত) অহঙ্কারান্বিত নহে; অদাম্ভিক; অনুচ্ছৃঙ্খল; গর্ব্বিত নয়।
অদর্পীকৃত, ত্রি. বিণ. (অদর্প-কৃ, করণ, ক্ত) যে ব্যক্তি গর্ব্ব করে নাই; যে কাহার প্রতি অহঙ্কার করে নাই; কৃতমাৎসর্য্য নহে; কৃতাভিমান নয়।
অদর্শক, ত্রি. বিণ. (অ-দৃশ, দর্শন, ণক) অদর্শন কারক; দর্শয়িতা নহে; দ্বারপাল নয়; দ্বারীনয়; যে দেখায়না; অবলোকন কর্ত্তা নয়; অনিরীক্ষক।
অদর্শন, ক্লী. বি. (অ-দৃশ, দর্শন, অনট) দর্শনাভাব; অসাক্ষাৎ; দৃষ্টির অগোচর; বিনাশ; ইতি অমর কোষ। অন্তর্দ্ধান; যাহা দেখা যায় না; অনবলোকন; যথা—অনন্তর রাজা দশরথ পুত্রের অদর্শনে নিতান্ত কাতর হইয়া কতিপয় দিবসের মধ্যে প্রাণত্যাগ করিলেন। ইতি রঘুবংশ ৯১ পৃষ্ঠা।
অদর্শনজন্য, ত্রি. বি. (অদর্শন-জন, নিমিত্ত, য) অনবলোকন নিমিত্ত; অদর্শন কারণ; অদৃষ্টি হেতু; যথা—আর যে তিথির প্রতি সেই সমস্ত বিরহিগণ চন্দ্রের অত্যন্ত অদর্শন জন্য সেই বহুমানের অমিত অর্থাৎ অপরিমিততা বলিয়াছেন, ইতি নৈষধচরিত ১৫৩ পৃষ্ঠা।
অদর্শনীয়, ত্রি. বিণ. (অ-দৃশ, দর্শন, অনীয়) অদর্শনের যোগ্য; দৃষ্টি গোচরানুপযুক্ত; বিনাশ যোগ্য।
অদর্শনোৎকণ্ঠা, স্ত্রী. বি. (অদর্শন-উৎ-কণ্ঠ, চিন্তা, ড-

আ) অদর্শন জন্য উৎকণ্ঠা; অনবলোকন নিমিত্ত ব্যাকুলতা; যথা—প্রিয়ে! দীর্ঘকাল অদর্শনোৎকণ্ঠায় বাস ভূমি হইতে অগ্রসারিণী হইয়া মৎপ্রত্যাগমন প্রতীক্ষায় প্রতিক্ষণ পথ প্রতীক্ষণ করিতেছ, ইতি নৈষধচরিত ৪৩ পৃষ্ঠা।

অদর্শিত, ত্রি. বিণ. (অ-দৃশ, ক্ত) দর্শন করান নহে; অনুদিত; অপ্রকাশিত; যাহা দেখা হয় নাই; বিনষ্ট; অন্তর্দ্ধিত; অনিরীক্ষিত; অনবলোকিত।

অদল, পু. বি. (অ-দল, উদ্ভিজ্জ বিশেষ, অল) হিজ্জল বৃক্ষ; উদ্ভিজ্জ বিশেষ; ইতি শব্দ চন্দ্রিকা। (ত্রি. বিণ.) দল রহিত; পাল নহে; অনেকের এক তা শূন্য; পত্র বিহীন; যে বৃক্ষের কিছু মাত্র পাতা নাই।

অদলন, ক্লী. বি. (অ-দল, পেষণ, অনট) অমর্দ্দন; নিষ্পীড়ন নহে; পেষণাভাব; মাড়ান নহে।

অদলনীয়, ত্রি. বিণ. (অ-দল, পেষণ, অনীয়) মর্দ্দনের অযোগ্য; নিষ্পীড়নের-অনুপযুক্ত; পেষণ যোগ্য নহে; মাড়ানর অযোগ্য; দলনের যোগ্য নয়।

অদলা, স্ত্রী. বি. (অ-দল, পত্র, আ) ঘৃত-কুমারী; বৃক্ষবিশেষ; ইতি-শব্দচন্দ্রিকা। স্বনাম খ্যাত গুল্ম।

অদলাক্রান্ত, ত্রি. বিণ. (অদল-আ-ক্রম, পাদবিক্ষেপ, ক্ত) দলাক্রান্ত নহে; দলাধীন নয়; যে ব্যক্তি কোন দলভুক্ত নহে; একতা শূন্য; কোন দলে যায় নাই।

অদলিত, ত্রি. বিণ. (অ-দল, পেষণ, ক্ত) অমর্দ্দিত; পিষিত নয়; যাহা মাড়ান নয়; অবিদীর্ণ; অখণ্ডিত; বিকশিত নহে; প্রফুল্ল নয়; যাহা দল বিশিষ্ট নয়।

অদল্‌বদল্‌, ত্রি. বিণ. (যাং) পরিবর্ত্তন; এক দ্রব্য দিয়া দ্রব্যান্তর-গ্রহণ; কোন বস্তুর বিনিময়; বদলান।

অদশ, ত্রি. বিণ. [অ-দশ, সংখ্যাবিশেষ, ট্রি] সংখ্যা বিশেষ নয়; দ্বিগুণ পঞ্চনহে; দশবিহীন; দশভিন্ন।

অদস্‌, ত্রি. বিণ. (অদ, ভক্ষণ, অস্‌) এতৎ; পুরোবর্ত্তি; এই; পরং; পরোক্ষভূত; সেই; ইতি মেদিনী। উনি; ইনি; ইহা; ইদং; সম্মুখস্থ; এই জন।

অদস্যু, ত্রি. বিণ. [অ-দস্যু, অপহারক, ট্রি] অসাহসিক; চৌরনহে; ডাকাইত নয়; দুর্ব্বৃত্ত নহে।

অদহন, ক্লী. বি. (অ-দহ, দাহ, অনট) অদাহ; অজ্বলনাভাব; যাহা পোড়ান নয়; ভস্মী করণ নহে।

অদহনীয়, ত্রি. বিণ. (অ-দহ, দাহ, অনীয়) দহনের অনুপযুক্ত; ভস্মীকরণ যোগ্য নয়; পোড়ানর অযোগ্য।

অদক্ষ, ত্রি. বিণ. [অ-দক্ষ, নিপুণতা, ট্রি] অনিপুণ; কুৎসিত; অপটু; অপারগ; প্রজাপতি বিশেষ নহে; অক্ষম; যে ব্যক্তি কোন কার্য্য করিতে সক্ষম নহে।

অদাতব্য, ত্রি. বিণ. (অ-দা, দান, তব্য) দানের অযোগ্য; যাহা দান করা হয় নাই; দানের অনুপযুক্ত; উচিত দান নহে; যাহা দেওয়ার উপযুক্ত নয়।

অদাতা, ত্রি. বিণ. (অ-দা, দান, তৃন্‌) কৃপণ; দান শক্তিরহিত; যে দান করিতে পারে না; দাতা নয়।

অদাতৃত্ব, ক্লী. বি. (অ-দা, দান, তৃন্-ত্ব) বদান্যতা নহে; দান শীলতা নয়; দানশক্তির অভাব।

অদান, ক্লী. বি. (অ-দা, দান, অনট) অনুৎসর্গ; অত্যাগ; অবিতরণ; অপালন; অছেদন; অনর্পণ; হস্তির মদজল নহে; অদেওয়া; বিলনাভাব।

অদানব, ত্রি. বিণ. [অ-দনু, দৈত্যবিশেষ, ষ্ণ] অসুর নহে; দনুজের অপত্য নয়; দৈত্য বিশেষ নয়।

অদানশীল, ত্রি. বিণ. (অ-দান-শীল, স্বভাব, অল) অদাতা; দান কর্ত্তানয়; বদান্য নহে; দান স্বভাব নহে; যাহার দিতে ইচ্ছা নাই; যে প্রদানে অক্ষম।

অদান্ত, ত্রি. বিণ. (অ-দম, শাসন, ক্ত) তপঃক্লেশ অসহিষ্ণু; অকৃত বাহ্য ইন্দ্রিয় নিগ্রহ; অশাসিত।

অদাবৎ, ত্রি. বিণ. (যাং) শত্রুতা; দ্বেষ; হিংসা।

অদামা, ত্রি. বিণ. (অ-দা, দান, মন্‌—দামন্‌, প্রথমাবিভক্তি) রজ্জু বিহীন; কোটিবন্ধ শূন্য।

অদাম্ভিক, ত্রি. বিণ. [অ-দম্ভ, অহঙ্কার, ষ্ণিক] দম্ভ যুক্ত নহে; অহঙ্কৃত নয়; আত্মশ্লাঘা বিহীন; গর্ব্ব শূন্য; অভিমান বিহীন; অনহঙ্কারী; দম্ভযুক্ত নহে।

অদায়, পু. বি. (অ-দা, দান, য) পৈতৃক ধন নয়; বৈবাহিক ধনাভাব; বিপত্তি; আপদ; উৎপাত।

অদায়ক, ত্রি. বিণ. (অ-দা, দান, ণক) দানশীল নহে; অদাতা; দায়ী নয়; যে কিছুমাত্র দিতে পারে না।

অদায়াদ, ত্রি. বিণ. [অ-দায়াদ, জ্ঞাতি, ট্রি] জ্ঞাতি শূন্য; অপুত্র; অনুত্তরাধিকারী; অসপিণ্ড।

অদার, ত্রি. বিণ. [অ-দারা, দত্নী, ডট্‌] স্ত্রীশূন্য; পত্নী বিহীন; যাহার জায়া নাই; সহধর্ম্মিণী শূন্য।

অদারিদ্র্য, ত্রি. বিণ. [অ-দরিদ্র, দুঃখী, ষ্ণ্য] দরিদ্রতাবিহীন; দুঃখ শূন্য; দৈন্য নহে; অন্নাদি ক্লেশ হীন; নির্ধনতানয়; যে ব্যক্তি নিঃস্বতা নহে।

অদারুণ, ত্রি. বিণ. [অ-দারুণ, কঠিনতা, ট্রি] ভয়া-

নক নহে ; কঠিন নয় ; অসহ্য নয় ; অনতিশয়।

অদার্ঢ্য, ক্লী. বি. [অ-দৃঢ়, কঠিন, ষ্ণ্য] অদৃঢ়তা ; কাঠিন্য নহে ; অপ্রতাপ ; অসামর্থ্য ; অযোগ্যতা।

অদলৎ, ক্লী. বি. (যাং) বিচারালয় ; কাছারি।

অদাস, ত্রি. বিণ. (অ-দাস, ভৃত্য, অল) ভৃত্য নয় ; কিঙ্কর বিহীন ; যে কৈবর্ত্ত নয় ; শূদ্র নয় ; দাসশূন্য।

অদাসীক, ত্রি. বিণ. [অ-দাসী, কিঙ্করী, কন্] দাসী শূন্য ; কিঙ্করী বিহীন ; যাহার দাসী নাই ; কৈবর্ত্ত-পত্নী নয় ; অধীনাবিহীন ; যাহার চাক্‌রাণী নাই।

অদাহ, পু. বি. (অ-দহ, দহন, ঘঞ) অদহন ; ভস্মীকরণাভাব ; অজ্বালা ; তাপ নয় ; পোড়ান নয়।

অদাহন, ত্রি. বিণ. (অ-দহ, দহন, ণি-অনট) ভস্মীকরণ নয় ; যাহা পোড়ান নহে ; তাপন বিহীন।

অদাহনীয়, ত্রি. বিণ. (অ-দহ, দহন, অনীয়) দহনা-যোগ্য ; তাপনের উপযুক্ত নয় ; ভস্মীকরণ যোগ্য নয় ; পোড়ানর অনুপযুক্ত ; যাহা জ্বালার অযোগ্য।

অদাহ্য, ত্রি. বিণ. (অ-দহ, দহন, ঘ্যণ) দাহনের অনুপযুক্ত ; অজ্বলনীয় ; দাহার্হ নহে ; অতাপযোগ্য।

অদিতি, স্ত্রী. বি. (অ-দা, দান, ক্তি) দক্ষ প্রজাপতি কন্যা ; যথা—অতি দুর্গম প্রাগ্‌জ্যোতিষ নগরনিবাসী মহাবল পরাক্রান্ত ভূমিপুত্র নরকাসুর অদিতির মণি-ময় কুণ্ডল দ্বয় অপহরণ করিয়াছিল। ইতি মহাভারত উদ্‌যোগপর্ব্ব ৯০ পৃষ্ঠা।

কশ্যপ পত্নী ; দেবতাদিগের মাতা ; ভূমি ; অখণ্ড।

অদিতিনন্দন, পু. বি. (অদিতি-নন্দ, পুত্র, অনট) দেবতা ; সুর ; বিবুধ ; ত্রিদশ ; আদিতেয় ; যথা—কোন্ পিতা দুহিতারে পতিগৃহ হতে রাখে দূরে—জিজ্ঞাসিও অদিতিনন্দন! ত্র্যম্বকে না পাও যদি, অম্বিকার পদে কহিও এসব কথা। ইতি মেঘনাদ বধ কাব্য ৪৩ পৃষ্ঠা।

অদিৎসা, স্ত্রী. বি. (অ-দা, দান, সন্-ঙ) অদান-শীলতা ; অদানেচ্ছা ; দান করিতে অপ্রবৃত্তি।

অদিৎসু, ত্রি. বিণ. (অ-দা, দান, সন-উ) যে দান-শীল নয় ; বদান্য নহে ; অদানেচ্ছু ; দান করিতে যাহার ইচ্ছা হয় না ; অদাতা ; যে দিতে পারে না।

অদিন, ত্রি. বিণ. [অ-দিন, দিবস, ড্বি] সূর্য্য জ্যোতি-রবচ্ছিন্ন বিহীন কাল ; অবাসর ; দিবস নহে ; ঘস্রনয়।

অদিবস, ত্রি. বিণ. [অ-দিবস, দিবা, ড্বি] দিবস-শূন্য ; অনহঃ ; ঘস্র নহে ; দিবা বিহীন ; অদিন।

অদিষ্ট, ত্রি. বিণ. (অ-দিশ, উপদেশ, ক্ত) অনুপ-দিষ্ট ; ভাগ্য বিহীন ; কালশূন্য ; যাহাকে দাক হ-রিদ্র। বলা যায় না ; উপদেশ বিশিষ্ট নয় ; কপাল।

অদীন, ত্রি. বিণ. (অ-দী, অভাব, ক্ত) অদরিদ্র ; নিরন্ন নহে ; যে ব্যক্তি দুঃখী নয় ; যে ভীত নয় ; ক্লেশ শূন্য ; অনিঃস্ব ; ঐশ্বর্য্যবান্ ; সঙ্গতি বিশিষ্ট।

অদীনতা, স্ত্রী. বি. (অ-দী, অভাব, ক্ত-তা) অদা-রিদ্র্য ; অনিঃস্বতা ; দুঃখাভাব ; ক্লেশাভাব।

অদীনসত্ত্ব, ত্রি. বিণ. [অদীন-সৎ, প্রকৃতির গুণবিশেষ, ত্ব] অদীন প্রকৃতির গুণবিশেষ ; অদরিদ্রের বল ; অতিশয় ক্ষমতা ; অত্যন্ত সক্ষম ; যথা—ধৃতরাষ্ট্র ক-হিলেন হে সঞ্জয়! অদীনসত্ত্ব যোদ্ধাগণের নেতা, দু-রাত্মাগণের সংহর্ত্তা মহাত্মা ধনঞ্জয় কি কহিয়াছেন? ইতি মহাভারত উদ্‌যোগপর্ব্ব ৮৬ পৃষ্ঠা।

অদীপ, ত্রি. বিণ. (অ-দীপ, আলোক, ক) যাহা বর্ত্তিস্থ জ্বলন্ত অগ্নিশিখা নয় ; প্রদীপ শূন্য ; আলোকহীন।

অদীপ্ত, ত্রি. বিণ. (অ-দীপ, অগ্নিশিখা, ক্ত) জ্বলিত নহে ; অপ্রকাশিত ; স্বর্ণ শূন্য ; তেজ যুক্ত নয়।

অদীপ্তি, ত্রি. বিণ. (অ-দীপ, অগ্নিশিখা, ক্তি) শোভাবিহীন ; প্রকাশশূন্য ; প্রভাহীন ; সৌন্দর্য্যহীন।

অদীপ্তিকর, ত্রি. বিণ. (অদীপ্তি-কৃ, করণ, অল) অ-প্রভাকর ; যাহা দ্বারা শোভা হয় না ; তেজস্কর নহে।

অদীপ্তিকারক, ত্রি. বিণ. (অদীপ্তি-কৃ, করণ, ণক) যে প্রকাশ করে না ; প্রভাকারক নহে ; যাহা দ্বারা শোভা সম্পন্ন হয় না ; যাহা দ্বারা প্রজ্বলিত হয় নাই।

অদীপ্তিকারী, ত্রি. বিণ. (অদীপ্তি-কৃ, করণ, ণিন্) যাহা দ্বারা যাবদীয় প্রকাশ পায় না ; প্রভাকারী নয়।

অদীপ্যমান, ত্রি. বিণ. (অ-দীপ, প্রকাশ, শান) অ-প্রকাশমান ; প্রত্যক্ষ বিহীন ; প্রকাশ বিশিষ্ট নহে।

অদীয়মান, ত্রি. বিণ. (অ-দা, দেওয়া, শান) যাহা দেওয়া যাইতেছে না ; যাহা দান করা হইতেছে না।

অদীর্ঘ, ত্রি. বিণ. [অ-দীর্ঘ, লম্বা, ড্বি] অনায়ত ; লম্বা বিহীন ; হ্রস্ব ; অগুরু বর্ণ ; খর্ব্ব ; দীর্ঘশূন্য।

অদীর্ঘদর্শী, ত্রি. বিণ. (অদীর্ঘ-দৃশ, দর্শন, ণিন্) অদূরদর্শী ; যে পণ্ডিত নয় ; যে অনেক দর্শন করে নাই ; গৃধ্র নহে ; শকুনি নয় ; ভালুক নহে।

অদীর্ঘসূত্র, ত্রি. বিণ. (অদীর্ঘ-সূত্র, শৈথিল্য, অল)

শিথিল নহে ; সত্বর ; যে ব্যক্তি নিড়বিড়ে নহে।

অদীর্ঘিকা, স্ত্রী. বি. [অ-দীর্ঘিকা, জলাশয় চি্ব] অদীর্ঘ জলাশয় ; বাপী নহে ; দিঘী নয় ; দিগী নহে।

অদীক্ষ, ত্রি. বিণ. (অ-দীক্ষ, উপদেশ, অল) দীক্ষাশূন্য ; যে মন্ত্র গ্রহণ করে নাই ; উপদেশ বিহীন।

অদীক্ষা, স্ত্রী. বি. (অ-দীক্ষ, উপদেশ, ঙ-আ) মন্ত্রগ্রহণ নয় ; অনুপাসনা ; সংস্কারাভাব ; দীক্ষাভাব।

অদীক্ষিত, ত্রি. বিণ. (অ-দীক্ষ, উপদেশ, ক্ত) অনুপদিষ্ট ; উপদেশিত নহে ; গৃহীত মন্ত্র নয় ; ভজনে অপ্রবৃত্ত ; যে ব্যক্তি গুরুমন্ত্র গ্রহন করে নাই।

অদুঃখ, ক্লী. বি. (অ-দুঃখ, ক্লেশ, অল) অক্লেশ ; পীড়াভাব ; দরিদ্রতা নহে ; শোকাভাব ; অসন্তাপ।

অদুঃখিত, ত্রি. বিণ. (অ-দুঃখ, ক্লেশ, ক্ত) অক্লেশিত ; ক্লিষ্ট নহে ; সন্তাপিত নয় ; ক্ষুণ্ণ নয় ; অক্ষুব্ধ।

অদুঃখী, ত্রি. বিণ. (অ-দুঃখ, ক্লেশ, ণিন্) দরিদ্র নহে ; নিরন্ন নয় ; ক্লেশ বিহীন ; কষ্টশূন্য ; দুঃখীনয়।

অদুঃশীল, ত্রি. বিণ. (অ-দুর-শী, স্বভাব, ল) দুষ্টস্বভাব নহে ; দুশ্চরিত্র নয় ; যাহার কুরীতি নয়।

অদুঃসময়, ক্লী. বি. [অ-দুর-সময়, কাল, চি্ব] অসময় নহে ; অপ্রতুলের সময় নয় ; বিপৎকাল নয়।

অদুঃস্বপ্ন, ত্রি. বিণ. (অ-দুর-স্বপ, নিদ্রা, ক্ত) কুস্বপ্ন নহে ; মন্দ স্বপ্ন নয় ; নিদ্রাবস্থায় উৎকৃষ্ট জ্ঞান।

অদুঃস্বাপ, ক্লী. বি. (অ-দুর্-স্বপ, নিদ্রা, ঘঞ) মন্দ নিদ্রাভাব ; উৎকৃষ্ট শয়ন ; অজ্ঞান ; অচৈতন্য।

অদুগ্ধ, ত্রি. বিণ. (অ-দুহ, দোহন, ক্ত) অকৃতদোহন ; যাহা দোহন করা হয় নাই ; স্তন্য নয় ; দুধ নয়।

অদুরধৃষ্য, ত্রি. বিণ. (অ-দুর্-ধৃষ, লজ্জা, য) সহজে লজ্জিত ; যে অনায়াসে লজ্জাযুক্ত হয় ; হঠাৎ ব্রীড়িত।

অদুরন্ত, ত্রি. বিণ. [অ-দুরন্ত, দুষ্ট, চি্ব] অদুষ্ট ; বাধ্য ; অনুপদ্রবী ; যে ব্যক্তি কোন অত্যাচার করেনা।

অদুরবস্থ, ত্রি. বিণ. (অ-দুর্-অব-স্থা, স্থিতি, ড) দুর্দ্দশাপন্ন নহে ; উৎকৃষ্টাবস্থাবিশিষ্ট ; আপদবিশিষ্ট নহে ; মন্দ অবস্থাবিশিষ্ট নয় ; উত্তমাবস্থ।

অদুরিত, ত্রি. বিণ. (অ-দুর্-ই, পাপ, ক্ত) পাপবিহীন ; কলুষশূন্য ; অধর্ম্ম নহে ; অপরাধশূন্য।

অদুরূহ, ত্রি. বিণ. (অ-দুর্-বহ, কাঠিন্য, অ) অকঠিন ; কষ্টসাধ্য নহে ; যাহা দুর্ব্বোধ্য নয় ; সুবোধ্য।

অদুর্গ, ত্রি. বিণ. (অ-দুর্-গম, গমন, ড) দুর্গম নহে ; গড় নয় ; অসুর বিশেষ নহে ; অনায়াস গম্য।

অদুর্গত, ত্রি. বিণ. (অ-দুর্-গম, গমন, ক্ত) অবিপন্ন ; দুরবস্থ নহে ; দুঃখ বিহীন ; যে দরিদ্র নয়।

অদুর্গতি, স্ত্রী. বি. (অ-দুর্-গম, গমন, ক্তি) ক্লেশাভাব ; অদুরবস্থা ; দরিদ্রতা নহে ; উৎকৃষ্টাবস্থা।

অদুর্গন্ধ, ত্রি. বিণ. (অ-দুর্-গন্ধ, বাস, অল) পূতিগন্ধ শূন্য ; উৎকৃষ্টগন্ধ ; কুবাস বিহীন ; পলাণ্ডুশূন্য।

অদুর্গম, ত্রি. বিণ. (অ দুর্-গম, গমন, অল) কষ্টগম্য নহে ; দুঃখে গমনীয় নয় ; অকঠিন ; সুগম।

অদুর্গম্য, ত্রি. বিণ. (অ-দুর্-গম, গমন, য) অনায়াসগম্য ; যেস্থানে যাইতে কোনকষ্ট হয়না ; সহজেগমনীয়।

অদুর্জ্জন, ত্রি. বিণ. (অ-দুর্-জন, ব্যক্তিবিশেষ, অল) অক্রূর ; দুষ্ট নহে ; যে খল নয় ; কদাচারী নহে।

অদুর্জ্জয়, ত্রি. বিণ. (অ-দুর্-জি, জয়, অল) যাহা দুঃখে জয়নীয় নহে ; দুর্দ্দম্য নয় ; গুরুতর নহে।

অদুর্দ্দান্ত, ত্রি. বিণ. (অ-দুর্-দম, দমন, ক্তি-ক্ত) অদুরন্ত ; শান্ত ; প্রবল নহে ; অনায়াসে দমনীয়।

অদুর্দ্দিন, ত্রি. বিণ. [অ দুর্-দিন, দিবস, চি্ব] মেঘাচ্ছন্ন দিবস নহে ; বিপৎকাল নয় ; মন্দ দিন নহে।

অদুর্ধর্ষ, ত্রি. বিণ. (অ-দুর্-ধৃষ, লজ্জা, অল) নির্লজ্জ নয় ; অনপত্রপ নহে ; যে দুষ্ট নয় ; অনধম।

অদুর্নাম, ত্রি. বিণ. (অ-দুর্-নম, খ্যাতি, ঘঞ) অখ্যাতি নয় ; নিন্দাশূন্য ; কুৎসাবিহীন ; অপ্রশংসা নয়।

অদুর্ব্বল, ত্রি. বিণ. (অ-দুর-বল, শক্তি, অল) অশক্ত নয় ; যে কৃশ নয় ; সমর্থ যুক্ত ; অক্ষীণ ; বল বিশিষ্ট ; মন্দ বলবিহীন ; যে ব্যক্তি বলীয়ান্।

অদুর্ব্বিধ, ত্রি. বিণ. (অ-দুর্-বি-ধা, দুষ্টতা, ড) যে দুষ্ট নয় ; অদরিদ্র ; খল নয় ; মূর্খ নহে ; অধম নয়।

অদুর্ভাগ্য, ত্রি. বিণ. (অ-দুর ভজ, ভাগ্য, ঘ্যণ) দুরদৃষ্ট নহে ; মন্দ কপাল নয় ; সৌভাগ্য ; যাহার কপাল ভাল ; যে ব্যক্তি দুরবস্থাবিশিষ্ট নয় ; স্ববস্থ।

অদুর্ম্মনা, ত্রি. বিণ. (অ-দুর-মন, চিত্ত, ঙ-আ) অনুদ্বিগ্ন চিত্ত ; অন্য মনস্ক নহে ; যে ব্যক্তি চিন্তিত নয়।

অদুর্ম্মুখ, ত্রি. বিণ. (অ-দুর-মুখ, ভাষণ, ক) নিষ্ঠুর ভাষী নয় ; অমুখর ; অপ্রিয়বাদী নহে ; বানর বিশেষ নয় ; যে ব্যক্তি সহসা কোন দুর্ব্বাক্য প্রয়োগ করে ন।

অদুর্ম্মূল্য, ত্রি. বিণ. (অ দুর মূল, মূল্য, য) মহার্ঘ্য নহে ; অক্রেয় নয় ; সুলভ ; শস্তা ; যাহার মূল্যঅল্প।

অচুর্লভ, ত্রি. বিণ. (অ-চুর্-লভ, লাভ, অল) অচু ষ্প্রাপ্য; যাহা অতিশয় প্রশস্ত নহে; অপ্রিয়।

অচুশ্চরিত্র, ত্রি. বিণ. (অ-চুর্-চর, স্বভাব, ইত্র) মন্দ প্রকৃতি নহে; কুরীতি নয়; অবিটল; উৎকৃষ্ট স্বভাব।

অচুষ্কর, ত্রি. বিণ. (অ-চুঃ-কৃ, করণ, অল) যাহা কষ্ট সাধ্য নহে; অক্লেশ কর; যাহা চুঃখে ক্রিয়মাণ নহে।

অচুষ্কর্ম্মা, ত্রি. বিণ. (অ-চুঃ-কৃ, করণ, মন্) চুষ্কৃতী নহে; যে ব্যক্তি কুক্রিয়ান্বিত নয়; পাপী নয়; ভ্রষ্ট নহে; যে ব্যক্তি কোন চুষ্য কর্ম্ম করে না; নিষ্পাপ।

অচুষ্ক্রিয়, ত্রি. বিণ. (অ-চুঃ-কৃ, করণ, ইয়) যে ব্যক্তি চুষ্ক্রিয়া করে না; কুক্রিয়া বিশিষ্ট নহে; কুকর্ম্ম বিশিষ্ট নয়; পাপ বিহীন; যাহার ব্যভিচার দোষ নাই।

অচুষ্ট, ত্রি. বিণ. (অ-চুষ, দোষ, ক্ত) শুদ্ধ; পবিত্র; নির্দ্দোষ; যে চুষ্ট নয়; অসৎ নহে; পাপ শূন্য।

অচুষ্ট ভার্য্য, ত্রি. বিণ. (অ-চুষ্ট-ভৃ, ভরণ, ঘ্যণ) যাহার চুষ্ট ভার্য্যা নহে; অধম ভার্য্যা বিহীন; যাহার ভার্য্যা ভ্রষ্টা নহে; যাহার পত্নীর অন্তঃকরণ বিরুদ্ধ নহে; মন্দ ভার্য্যাশূন্য; যাহার পত্নী ব্যভিচারিণী নয়।

অচুষ্প্রাপ্য, ত্রি. বিণ. (অ-চুঃ-প্র-আপ, প্রাপণ, য) কষ্টে প্রাপ্য নহে; যাহা অনায়াসে প্রাপ্ত হওয়া যায়।

অচুর, ত্রি. বিণ. [অ-চুর, অন্তর, চ্রি] নিকট; সন্নিকৃষ্ট; অন্তর নহে; চুর শূন্য; (ক্রিবিণ.) অতি নিকটে; যথা—অচুরে মহারুদ্র ডাকে গভীরে। অরেরে অরে দক্ষ দেরে সতীরে॥ ইতি ভারতচন্দ্র ৩৮ পৃষ্ঠা।

অচুরদর্শী, ত্রি. বিণ. (অ দূর-দৃশ, দর্শন, ণিন্) দীর্ঘ দর্শী নহে; বহুদর্শী নয়; অপরিনাম দর্শী; অবিজ্ঞ; যথা—মহারাজ! তুমি এরূপ অচুর দর্শীর মত কথা বার্ত্তা কহিতেছ কেন? ইতি রঘুবংশ ১১ পৃষ্ঠা।

গৃধ্র নহে; যে চুরের বস্তু অবলোকন করিতে অক্ষম।

অদূর দৃষ্টি, ত্রি. বিণ. (অ-দূর-দৃশ দর্শন, ক্তি) দূর দৃষ্টি নহে; যাহার দূরচক্ষু নয়; যে ব্যক্তি দূরের বস্তু অবলোকন করিতে পারে না; দূরনিরীক্ষণ বিহীন।

অদূরবর্ত্তী, ত্রি. বিণ. (অ-দূর-বৃত বর্ত্তন, ণিন্) দূরবর্ত্তী নহে; যাহা অতি দূরে নাই; সন্নিকটস্থ; যথা—সেই শযান পুরুষের অদূরবর্ত্তী হওত যখন তাহার বদন নিরীক্ষণ করিলেন, ইতি সেক্সপিয়র ৪৯৩ পৃষ্ঠা।

অদূরস্থ, ত্রি. বিণ. (অ-দূর-স্থা, স্থিতি, ড) যাহা দূরস্থ নহে; নিকটস্থ; যাহা অতি নিকটে স্থাপিত।

অদূষিত, ত্রি. বিণ. (অ-দূষ, দূষণ, ক্ত) দোষযুক্ত নহে; অনিন্দিত; যথা—তোমরা সুরবন্দীগণের অদূষিত বেণীবন্ধ সকল অতিত্বরায়মুক্ত করিতে পারিবে। ইতি রঘুবংশ ৭৭ পৃষ্ঠা।

অদূষ্য, ত্রি. বিণ. (অ-দূষ, দোষণ, য) দূষণীয় নহে; অনিন্দনীয়; যাহা নিন্দার যোগ্য নহে; চুষণাযোগ্য।

অদৃক্, ত্রি. বিণ. (অ-দৃশ, দর্শন, ক্বিপ্) দৃষ্টি রহিত; অন্ধ; ইতি অমর কোষ। দৃষ্টি শূন্য; অবলোকনশূন্য।

অদৃঢ়, ত্রি, বিণ. (অ-দৃঢ়, কাঠিন্য, ক্ত) অকঠিন; সামর্থ্য যুক্ত নয়; বলবান নহে; অশক্ত; অস্থির।

অদৃঢ়তা, স্ত্রী. বিণ. (অ-দৃহ, কাঠিন্য, ক্ত তা) কাঠিন্যাভাব; অদার্ঢ্য; অস্থিরতা; অসামর্থ্য।

অদৃঢ় প্রত্যয়, ত্রি. বিণ. (অদৃঢ়-প্রতি-ই, জ্ঞান, অল) দৃঢ় বিশ্বাস নহে; কঠিন শপথ নহে; স্থির আচার বিহীন; স্থিরনিশ্চয় জ্ঞান রহিত; অকঠিনাধীন।

অদৃঢ় বন্ধন, ত্রি. বিণ. (অদৃঢ়-বধ, বন্ধন, অনট) কঠিন বন্ধন বিহীন; যে বন্ধন শক্ত নহে; অস্থির বন্ধন।

অদৃঢ় বোধ, পু. বি. (অদৃঢ়-বুধ, জ্ঞান, অল) দৃঢ় জ্ঞানাভাব; নিশ্চয় অনুভব নহে; দৃঢ় প্রত্যয় নয়।

অদৃশ্য, ত্রি. বিণ. (অ-দৃশ, দর্শন, য) অদর্শনীয়; অদ্রষ্টব্য; দর্শন করিবার যোগ্য নহে; চক্ষুর অগোচর; যথা—তাঁহার প্রসাদে, বিনাশিবে অনায়াসে চুর্ম্মদরাক্ষসে, যশস্বি! একাকী বৎস যাইও সে বনে, এতেককহিয়া মাতা অদৃশ্য হইলা। ইতিমেঘনাদ বধকাব্য ১৩২ পৃষ্ঠা।

অদৃশ্যা, স্ত্রী. বি. (অ-দৃশ, দর্শন, য আ) অদর্শনীয়া; যাহা দর্শন করিবার অযোগ্যা, চক্ষুর অগোচর; যথা—পরদিবস উষা সময়ে শোক সন্তপ্তা যুবতী রাজ সদন হইতে নির্গত হইয়া এক দিকে গমন পূর্ব্বক অদৃশ্যা হইলেন। ইতি সেক্সপিয়র ১৮৫ পৃষ্ঠা।

অদৃষ্ট, ত্রি. বিণ. (অ-দৃশ, দর্শন, ক্ত) অকৃত দর্শন; অনবীক্ষিত; যাহা দেখা যায় না; অনীক্ষিত। (ক্লী. বি.) অগ্নি জলাদি দ্বারা জাত ভয়; ইতি অমর কোষ। জন্মান্তরীয় সংস্কার; ভাগ্য; ধর্ম্মাধর্ম্ম; পাপ পুণ্য; কপাল; পূর্ব্বজন্মের প্রাক্তন শুভাশুভ কর্ম্ম।

অদৃষ্টপূর্ব্ব, ত্রি. বিণ. [অদৃষ্ট-পূর্ব্ব, অগ্র, চ্রি] পূর্ব্বে অনবলোকিত; যাহা পূর্ব্বে দর্শন হয় নাই; পূর্ব্বাদর্শিত; যথা—যতবার দেখেন অদৃষ্ট পূর্ব্ব ও অভিনব বোধ হয়। ইতি কাদম্বরী ২৪ পৃষ্ঠা।

অদৃষ্টপূর্ব্বা, স্ত্রী, বিণ. [অদৃষ্ট-পূর্ব্ব, অগ্র, আ] যে পূর্ব্বে দৃষ্ট হয় নাই; যে কামিনীকে পূর্ব্বে কখন অবলোকন করা হয় নাই; যথা—দেখিয়া শুনিয়া অবাক্ হইলেন, এবং এক দৃষ্টে অদৃষ্ট পূর্ব্বা রমণীর প্রতি দৃষ্টিপাত করিয়া স্তব্ধ হইয়া রহিলেন। ইতি সেক্সপিয়র ১২ পৃষ্ঠা।

অদৃষ্ট ফলক, ত্রি. বিণ. (অদৃষ্ট-ফল, অস্থিখণ্ড বিশেষ, কন্) অনবলোকিত অস্থিখণ্ড; ভাগ্য রূপ ফলক; কপাল স্বরূপ তক্তা; দেবদিষ্ট ফলক।

অদৃষ্ট বশতঃ, ত্রি. বিণ. (অদৃষ্ট-বশ, বশীভূত, তস্) অদৃষ্টের অধীনতা হেতু; ভাগ্যের বশীভূততা প্রযুক্ত; কপাল কারণে, ভাগ্য জন্য; ভবিতব্যতাজন্য। ভাগ্য ক্রমে; যথা—এবং মনে মনে এই বাক্য কহিলেন ইনিই আমার ঠাকুরাণী বটেন, ইহাঁকে জীবিতা দেখিলাম এই পরমলাভ, অদৃষ্টবশতঃ ইহাঁর অবস্থা ভাল মন্দ যাহা হউক আমার মনের উদ্বেগ দূর হইল। ইতি সেক্সপিয়র ৪৪৯ পৃষ্ঠা।

অদৃষ্টবান্, ত্রি. বিণ. [অদৃষ্ট, ভাগ্য, বতু] ভাগ্যবান্; কপালিয়া; যে ব্যক্তির উৎকৃষ্ট কপাল।

অদৃষ্টাধীন, ত্রি. বিণ. [অদৃষ্ট-অধীন, বশতাপন্ন, ষ্টি] ভাগ্যের আয়ত্ত; অদৃষ্টের বশতাপন্ন; কপাল পরবশ; প্রাক্তন শুভাশুভ কর্ম্মাধীন।

অদৃষ্টায়ত্ত, ত্রি. বিণ. [অদৃষ্ট-আয়ত্ত, অধীনতা, ষ্টি] ভাগ্যের অধীন; কপালের বশীভূত; দৈবদিষ্টাধীন।

অদৃষ্টি, স্ত্রী. বি. (অ-দৃশ, দর্শন, ক্তি) প্রতি কূলাদৃষ্টি; কুৎসিতা দৃষ্টি; সরোষ বক্র দৃষ্টি; কুটিল চক্ষু; অসৌম্যাক্ষি; বক্র দৃষ্টি যুক্ত চক্ষু; ইতি অমরকোষ। দর্শনাভাব; দৃষ্টির অভাব; অনবলোকন।

অদৃষ্টিকা, স্ত্রী. বি. (অ-দৃশ, দর্শন, ক্তি-ক-আ) সরোষ বক্র দৃষ্টি; ইতি শব্দ রত্নাবলী। ক্রোধদৃষ্টি।

অদেখা, ত্রি. বিণ. (অ দেখ, দেখা, ঙ) দৃষ্টিপাত বিহীন; সাক্ষাৎ শূন্য; দৃষ্ট নহে; নেত্রগোচর বিহীন।

অদেব, ত্রি. বিণ. (অ-দেব, দেবতা, অল) অমর নহে; অসুর; রাজা শূন্য; প্রকাশ বস্তু নহে; বিখ্যাত নহে।

অদেব মাতৃক, পু. বি. (অদেব-মা, মাতা, তৃন্-ক) দেব মাতৃক ভিন্নদেশ; নদী মাতৃক দেশ; যে স্থানে জল বর্ষণের উপর নির্ভর নয়; যেখানে নদী হেতু হয়।

অদেবল, পু. বি. (অ-দেব, দেবতা, ল) যে ব্রাহ্মণ পূজা জীবী নহে; যাহার দেবতা পূজাই উপজীবিকা নহে; যে দেবল নহে; যে ব্যক্তি পূজার ব্রাহ্মণ নয়।

অদেয়, ত্রি. বিণ. (অ-দা, দান, য) দানের অযোগ্য; প্রদান করিবার উপযুক্ত নয়; দিইবার অনুপযুক্ত।

অদেশ, ত্রি. বিণ. (অ-দিশ, দেশ, অল) দেশ ভিন্ন; পৃথিবীর খণ্ড নহে; স্থান বিহীন; মন্দ দেশ।

অদেহ, ত্রি. বিণ. (অ-দিহ, দেহ, অল) শরীর বিহীন; তনু শূন্য; যাহার কায়া নাই; অবয়ব বিহীন।

অদৈত্য, ত্রি. বিণ. [অ-দিতি, কশ্যপ পত্নী, ষ্ণ্য] দৈতেয় নহে; দিতির পুত্র নয়; যে অসুর নহে; দানব নয়; যে দনুজ নহে; যাহার দনু হইতে জন্ম হয়নাই।

অদৈন্য, ত্রি. বিণ. [অ-দীন, দরিদ্র, ষ্ণ্য] দারিদ্র্যাভাব; ধন সম্পন্ন; ভাগ্যবান্, দুঃখী নয়; অদীনতা।

অদৈব, ত্রি. বিণ. [অ-দেব, দেবতা, ষ্ণ] অদৃষ্ট নহে; বিধাতা নয়; অনৈশ্বরিক; দেবাধীন নহে; দৈব নয়।

অদৈবী, ত্রি. বিণ. [অ-দেব, দেবতা, ঈন্] হঠাৎ ঘটনা নহে; অনাপদ; যাহা দেব সম্বন্ধিনী নয়।

অদৈর্ঘ্য, ত্রি. বিণ. [অ-দীর্ঘ, লম্বা, ষ্ণ্য] দ্রাঘিমা বিহীন দীর্ঘতা শূন্য; লম্বাই নহে; দীর্ঘের পরিমাণবিহীন।

অদোল, ত্রি. বিণ. (অ-দুল, দোলন, অল) দোল শূন্য; দোলন নহে; শ্রীকৃষ্ণের যাত্রা বিশেষ নয়।

অদোষ, ত্রি. বিণ. (অ দূষ, দূষণ, অল) দোষ শূন্য; কলঙ্ক বিহীন; যাহার পাপ নাই; অপরাধ হীন।

অদোষণীয়, ত্রি. বিণ. (অ-দূষ, দূষণ, অনীয়) দোষের যোগ্য নহে; কলঙ্কানুপযুক্ত; পাপের উপযুক্ত নয়।

অদোষী, ত্রি. বিণ. (অ-দূষ, দূষণ, ণিন্) দোষী নহে; অনপরাধী; অশুদ্ধ নয়; পাপী নহে; অকলঙ্কিত।

অদৌরাত্ম্য, ক্লী. বি. [অ-দুরাত্মন্, উৎপাত, ষ্ণ্য] অনুৎপাত; দুষ্টতা নহে; ক্ষতিকরণ নয়; অত্যাচার নহে; উপদ্রবাভাব; উপসর্গ নহে; খলতা নয়।

অদৌর্ব্বল্য, ত্রি. বিণ. [অ-দুর্ব্বল, বলহীন, ষ্ণ্য] অক্ষীণতা; দুর্ব্বলতা নহে; বল হীনতা; সামর্থ্যশূন্য।

অদৌহিত্র, ত্রি. বিণ. [অ-দুহিতৃ, কন্যা, ষ্ণ] দুহিতার পুত্র নহে; কন্যার সন্তান নয়; লপ্তা শূন্য; নাতি বিহীন; যে ব্যক্তি দৌহিত্র শূন্য; ইতি মেদিনী।

অদ্দা, পু. বি. (অৎ-গম, গমন, ড) ঘৃত; পক্ক নবনীত; পাক করা ননী; আজ্য; হবি; গব্যবিশেষ।

অদ্ধা, (ব্য) যথার্থ; সত্য; ঠিক; তত্ত্ব; পথ; তথ্য ব্রহ্ম।

অদ্ভুত, ক্লী. বিণ. (অং-ভূ, আশ্চর্য্য, ক্ত) বিস্ময়; আশ্চর্য্য; অপূর্ব্ব; (ত্রি. বিণ.) বিস্ময়জনক; যথা—তবে এ বারতা এ অদ্ভুত বারতা, জননী, কোথায় পাইলে তুমি, শীঘ্র কহ দাসে। ইতি মেঘনাদ বধ কাব্য ৩৩ পৃষ্ঠা।

(পু. বি.) শৃঙ্গারাদি নবরস মধ্যে রস বিশেষ।

অদ্ভুতদর্শন, ক্লী. বিণ. (অদ্ভুত-দৃশ, দর্শন, অনট) আশ্চর্য্য দর্শন; যাহা দেখিলে আশ্চর্য্য বোধ হয়; যথা—দেবাধিদেব মহাদেব অদ্ভুত দর্শন বিকৃত বেশধারী ভূতগণে পরিবেষ্টিত হইয়া শৈলপুত্রীর সহিত একাসনে আসীন রহিয়াছেন। ইতি মহাভারত শল্য পর্ব্ব ৯২ পৃষ্ঠা।

অদ্ভুতস্বন, পু. বি. (অদ্ভুত-স্বন, শব্দ, অল) মহাদেব; আশ্চর্য শব্দ; অপূর্ব্ব ধ্বনি; অদ্ভুত নিনাদ।

অদ্ভুতসার, পু. বি. (অদ্ভুত সৃ, গতি, ঘঞ) আশ্চর্য্য বল; যথার্থ নবনীত; অপূর্ব্ব মজ্জা। খদির সার ইতি কেচিৎ। অদ্ভুত ঐশ্বর্য্য; আশ্চর্য্য স্থিরাংশ।

অদ্মনি, পু. বি. (অদ্মন, তেজবিশিষ্ট, ই) অগ্নি; অনল. ইতি উনাদি কোষ। রাংচিতা; আগুন।

অদ্মর, ত্রি. বিণ. (অদ, ভক্ষণ, মর) ভক্ষক; ভক্ষণ পর; ভোজন প্রিয়; যে অধিক ভোজনকরে; পেটুক; যথা—তাঁহার নির্দ্দোষ পুত্র উৎপন্ন হয় এবং কেহ তাঁহারে অদ্মর বলিয়া নিন্দা করে না। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬৪ পৃষ্ঠা।

অদ্য, (ব্য) বর্ত্তমান দিন; আজি; ইতি অমর কোষ। যথা—অদ্য চতুর্দ্দশী, মহাদেবের পূজা দিতে মহাকালের মন্দিরে গিয়াছিলেন, ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা। এক্ষণে; ইদানীং; এই দিন; আজ; এই কালে।

অদ্যকার, ত্রি. বিণ. (অদ্য-কৃ, করণ, ঘঞ) অদ্যতন; এই দিনের; আজি যাহা হইয়াছে; এক্ষনকার; বর্ত্তমান দিনের; যথা—রাজ্যের নিয়মানুসারে এই ক্ষণেই তোমাকে বধ্যভূমিতে প্রেরণ না করিয়া অদ্যকার সমুদায় দিবস কারাগৃহে থাকিতে অবকাশ দিলাম। ইতি সেক্সপিয়র ৭ পৃষ্ঠা।

অদ্যকার রাত্রি, ত্রি বিণ. (অদ্যকার-রা, তেজোভাব, ত্রি) অদ্যতন যামীনী; অদ্যকার রজনী; অদ্যরাত্রি।

অদ্যতন, পু. বি. [অদ্য, আজি, তন] কাল বিশেষ; পূর্ব্ব রাত্রির শেষার্দ্ধ অবধি পররাত্রির প্রথমার্দ্ধ পর্য্যন্ত; ইতি ভাষ্য। পূর্ব্বরাত্রির শেষ প্রহর অবধি পররাত্রির প্রথম প্রহর পর্য্যন্ত; ইতি ভর্ত্তৃহরি। (ত্রি. বিণ.) অদ্য যাহা হইয়াছে; অদ্যকার; অদ্য ভব; অদ্যজাত; যাহা আজি জন্মিয়াছে।

অদ্যতন ভূতকাল, ত্রি. বিণ. (অদ্যতন ভূত-কাল, সময়, অল) যাহা এইক্ষণেই হইয়া গিয়াছে; এক্ষনজাত।

অদ্য প্রসূতা, স্ত্রী. বি. (অদ্য-প্র-সূ, প্রসব, ক্ত আ) অদ্য উৎপন্না, অদ্যজাতা সন্ততি; আজিজাতা পত্যা; অদ্য প্রজাতা; যে কন্যা এইক্ষণে জন্মিয়াছে।

অদ্যশ্বীন, ত্রি. বিণ. (অদ্য-শ্বীন, অদ্য ভবিষ্যৎ ঘটন, অল) আসন্ন মরণাদি; অদ্যই যাহা ঘটিবে।

অদ্যশ্বীনা, স্ত্রী. বি. (অদ্য-শ্বীন, অদ্য ভবিষ্যৎ ঘটন, আ) আসন্নপ্রসবা; অদ্যই যাহা ঘটিবে; প্রসব সময়; মৃত্যুকালের উপসর্গাদি; মরণ সময়ের ভাবভঙ্গি।

অদ্যাপি, ক্রিবিণ. (অদ্য+অপি) অদ্য পর্য্যন্ত; আজও। যথা—তাঁহার নিরুপমা কীর্ত্তি অদ্যাপি ত্রিলোকে দেদীপ্যমান রহিয়াছে। ইতি রঘুবংশ ৪৬ পৃষ্ঠা।

অদ্যাবধি, ক্লী. বি. (অদ্য+অবধি। অদ্য-অব-ধা, সীমা, কি) অদ্যারভ্য; আজি ইস্তক; বর্ত্তমান দিবস পর্য্যন্ত; আজি নাগাইত; আজি অবধি; অদ্যাবধি।

অদ্যুতি, ত্রি. বিণ. (অ-দ্যুত, দীপ্তি, ই) দীপ্তি শূন্য; শোভা বিহীন; যাহার কিরণ নাই; তেজোভাব।

অদ্রব, ত্রি. বিণ. (অ-দ্রু, স্নেহ দ্রব্যাদি অল) স্নেহ দ্রব্য শূন্য; যাহা তরল নহে; রস বিহীন; গলন নয়।

অদ্রবীভূত, ত্রি. বিণ. (অদ্রবী-ভূ, সত্তা, ক্ত) অগলিত; মিশ্রিত নহে; যাহা গলিয়া যায় নাই।

অদ্রব্য, ত্রি. বিণ. (অ-দ্রব, বস্তু, য) সামগ্রী শূন্য; বস্তু বিহীন; পদার্থ নহে; যাহা কোন জিনিষ নয়।

অদ্রাঘিম, ত্রি. বিণ. [অ-দ্রাঘিমা, দীর্ঘতা, ডট্] যাহা দৈর্ঘ্য বিহীন; যাহার দীর্ঘত্ব নাই; লম্বাই শূন্য।

অদ্রাব্য, ত্রি. বিণ. (অ দ্রু, স্নেহ দ্রব্যাদি, ঘ্যণ) অগলনীয়; যাহা দ্রব পদার্থ বলিয়া গণ্য নহে; অগল্য।

অদ্রি, পু. বি. (অদ, দ্রব্য বিশেষ, রি) পর্ব্বত; সূর্য্য; বৃক্ষ; ইতি অমর কোষ। পরিমান বিশেষ; পাষান।

অদ্রিকর্ণী, স্ত্রী. বি. [অদ্রি-কর্ণ, দ্রব্যবিশেষ, ঈ] অপরাজিতা; ইতি রাজ নির্ঘণ্ট। পুষ্পলতাবিশেষ।

অদ্রিকীলা, স্ত্রী. বি. (অদ্রি কীল, ভূমি, ঙ আ) ভূমি; পৃথিবী; মহী; পর্ব্বতস্তম্ভ; পর্ব্বতের খোঁটা।

অদ্রিজ, ক্লী. বি. (অদ্রি-জন, জন্মান, ড) শিলাজতু; শৈলজ নামক গন্ধ দ্রব্য; ইতি রত্নমালা। (ত্রি. বিণ. শৈলজ; পর্ব্বতজাত; পর্ব্বতীয়; যে পর্ব্বতোৎপন্ন।

অদ্রিজা, স্ত্রী. বি. (অদ্রি-জন, জন্মান, ড-আ) দুর্গা; পার্ব্বতী; শৈলজাতা; ইতি হেমচন্দ্র। সৈংহলী বৃক্ষ।

অদ্রি তনয়া, স্ত্রী. বিণ. (অদ্রি-তন, দেহ, ই-আ) পার্ব্বতী; দুর্গা; পর্ব্বতের কন্যা; পর্ব্বত জাতা কন্যা।

অদ্রি নন্দিনী, স্ত্রী. বি. (অদ্রি-নন্দ, হর্ষ, ইন-ঈ) দুর্গা; পর্ব্বত জাতা কন্যা; পর্ব্বত রাজার কন্যা।

অদ্রি ভিদ্, পু. বি. (অদ্রি-ভিদ, ভেদ্, ক্বিপ্) ইন্দ্র; পর্ব্বত ভেদক; বজ্র; যে পর্ব্বত বিদারণ করিয়াছে।

অদ্রিভূ, পু. বি. (অদ্রি-ভূ, দ্রব্য বিশেষ, উস্) আখুকর্ণী লতা; যে লতা পর্ব্বতে উৎপন্ন হয়।

অদ্রিরাজ, পু. বি. (অদ্রি-রাজ, প্রাধান্য, অ) হিমালয় পর্ব্বত; পর্ব্বতের রাজা; ইতি হেমচন্দ্র। পৃথিবীর যাবতীয় পর্ব্বত হইতে উচ্চ পর্ব্বত; পর্ব্বতেন্দ্র।

অদ্রিসার, পু. বি. (অদ্রি-সৃ, গতি, ঘঞ) লৌহ; ধাতু বিশেষ; লোহা; ঔষধবিশেষ; অগুরু।

অদ্রীশ, পু. বি. (অদ্রি-ঈশ, পতি, অল) মহাদেব; শিব; হিমালয় পর্ব্বত; ইতি ধরণী। পর্ব্বতের স্বামী।

অদ্রুত, ত্রি. বিণ. (অ-দ্রু, শীঘ্র, ক্ত) শীঘ্র নয়; অত্বরিত; অপলায়িত; ঝটিতি নহে; দ্রুতবিহীন।

অদ্রুম, ত্রি. বিণ. (অ-দ্রুম, বৃক্ষ, ক) বৃক্ষশূন্য; পারিজাত বিহীন; যাহাকে কুবের বলা যাইতে পারে না; যাহাকে উদ্ভিজ্জ বলা যাইতে পারে না।

অদ্রোহ, ত্রি. বিণ. (অ-দ্রুহ, অনিষ্ট চিন্তন্, অল) জিঘাংসা বিহীন; যাহার অনিষ্ট চিন্তা নাই; অপকার শূন্য; ক্ষতিহীন; হিংসা বিহীন; দ্বেষশূন্য।

অদ্রোহী, ত্রি. বিণ. (অ-দ্রুহ, অনিষ্ট চিন্তন্, ণিন্) মন্দকারী নহে; অহিংসক; যে পরানিষ্ট চিন্তা করে না; পরের মন্দকরা যাহার অভিপ্রায় নহে।

অদ্বয়, পু. বি. (অ-দ্বয়, বিদিত, অল) বুদ্ধ; ইতি হেমচন্দ্র। বিদিত; ভগবানের অবতার বিশেষ।

অদ্বয়বাদী, পু. বি. (অদ্বয়-বদ, বাক্য, ণিন্) বুদ্ধবিশেষ; একেশ্বরবাদী; বৌদ্ধ; যে দুই ঈশ্বর মানেন।

অদ্বার, ত্রি. বিণ. [অ-দ্বার, দরোজা, ট্রি] দ্বার শূন্য; বিনির্গমন পথ বিহীন; যাহার দরোজা নাই।

অদ্বিজ, ত্রি. বিণ. (অ-দ্বি-জন, জন্মান, ড) দ্বিজ শূন্য; বারদ্বয় জাত নহে; ব্রাহ্মণাদি ত্রিবর্ণ নয়; অণ্ডজ নহে; পক্ষী নহে; দন্ত নয়; সর্প নহে।

অদ্বিতীয়, ত্রি. বিণ. [অ-দ্বি, দুই, তীয়] দ্বিতীয় রহিত; যথা—এই অখিল সংসার রূপ ভ্রমশূন্য প্রগাঢ় গ্রন্থের আলোচনাই পরমেশ্বরের স্বরূপ বিষয়ক জ্ঞান লাভের অদ্বিতীয় উপায়। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ১০ পৃষ্ঠা। অতুল্য; দুইয়ের পরিমাণ শূন্য; অসম।

অদ্বিধা, ত্রি. বিণ. [অ-দ্বি, দুই, ধাচ্] দুই প্রকার নহে; দ্ব্যর্থ নয়; নিঃসন্দেহ; দ্বিধাশূন্য; সংশয় নয়।

অদ্বিরুক্তি, ত্রি. বিণ. (অ-দ্বিঃ—বচ, বাক্য, ক্তি) পুনঃ কথন নহে; দুইবার কহা নয়; যাহা দুইবার বলানয়।

অদ্বেষ, ত্রি. বিণ. (অ-দ্বিষ, দ্বেষ, অল) দ্বেষ শূন্য; হিংসা বিহীন; শত্রুতা হীন; বিরোধ ভিন্ন।

অদ্বেষী, ত্রি. বিণ. (অ-দ্বিষ, দ্বেষ, ণিন্) অহিংসক; শত্রু নহে; যে বৈরী নয়; যে শত্রুতা সাধন করে না।

অদ্বৈত, ত্রি. বিণ. [অ-দ্বৈত, দ্বিতীয়, টি] দ্বিতীয় ভিন্ন; দ্বিতীয় রহিত; এক; দুই ছাড়া; দ্বিসংখ্যাশূন্য।

অদ্বৈতজ্ঞান, ত্রি. বিণ. (অদ্বৈত-জ্ঞা, বোধ, অনট) অদ্বৈত বাদ; ভিন্নেশ্বর জ্ঞান নহে; একেশ্বরবাদী।

অদ্বৈত বাদী, ত্রি. বিণ. (অদ্বৈত-বদ, বাক্য, ণিন্) দ্বৈতবাদী নহে; যে ব্যক্তি ভিন্নেশ্বর বাদী নয়।

অধঃ (ব্য) তল; নীচ; অধোভাগ; পাতাল; যোনি। (ক্রিবিণ.) নিম্নে; নীচে; অধোভাগে; পাতালে।

অধঃ কুণ্ডল, পু. বি. [অধস্-কুন্তল, লোম, ট্রি] অন্তর্লোম; অধোভাগের রোম; অধোদেশের চুল।

অধঃকৃত, ত্রি. বিণ. (অধস্-কৃ, করণ, ক্ত) নিন্দিত; অশ্রদ্ধেয়; ঘৃণিত; যথা—নলচরণ অত্যাহ্লাদ জনক কোমল কমল বা নবীন পল্লব এ উভয়কেই অধঃকৃত অর্থাৎ ঘৃণিত করিবে, ইতি নৈষধচরিত ৭ পৃষ্ঠা।

অধঃ ক্রিয়া, স্ত্রী. বি. (অধস্-কৃ, করণ, ইয়-আ) অধম কার্য্য; মন্দ কর্ম্ম; হেয় কর্ম্ম; নীচ কার্য্য; দুষিত কর্ম্ম।

অধঃ পতন, ক্লী. বি. (অধস্-পত, পতন, অনট) অধঃপাত; নিম্নে পতিতহওন; নিচে পড়ন; পাতালেপড়ন।

অধঃ পতনীয়, ত্রি. বিণ. (অধস্-পত, পতন, অনীয়) অধঃপাতের যোগ্য; নিম্নে পতনের উপযুক্ত; নিচে পড়া উচিত; অত্যন্ত হেয় স্থানে পড়া উচিত।

অধঃপতিত, ত্রি. বিণ. (অধস্-পত, পতন, ক্ত) যাহা

নিম্নে পতিত ; যাহা নিচে পড়িয়াছে ; কুস্থানে পড়া ; নিচে পড়া ; যথা—এমত সময়ে হ্রদ হইতে অধঃপতিত ভবদীয় জাজ্বল্যমান জৈত্রাভরণ অবলোকন করিয়া বাল চাপল্য প্রযুক্ত গ্রহণ করিয়াছে। ইতি রঘুবংশ ১৩৪ পৃষ্ঠা।

অধঃপাত, পু. বি. (অধস্-পত, পতন, ঘঞ) নিচে পড়ন ; নিম্নে পড়া ; নিম্নে পতিত হওয়া ; ধ্বংস ; নষ্ট ; নরকপাত ; সৌভাগ্য সম্পত্তি হইতে নিরাশ হওন।

অধঃপ্রদেশ, ত্রি. বিণ. (অধস্-প্র-দিশ, দেশ, অল) নিম্নস্থান ; নিম্নভাগ ; যথা—দময়ন্তীরবদন বিধু পরিবেষ্টন করণাভিপ্রায়ে চন্দ্র পরিত্যাগ করিয়া শশি পরিধিই অর্থাৎ চন্দ্রমণ্ডলই অধঃপ্রদেশে আগত হইয়াছে, ইতি নৈষধচরিত ৭৬ পৃষ্ঠা।

অধঃস্থ, ত্রি. বিণ. (অধস্-স্থা, স্থিতি, ড) নিম্নস্থ ; যথা—সিংহাসনোপবিষ্ট সুদর্শনের লাক্ষারস রঞ্জিত ক্ষুদ্র চরণ যুগল অধঃস্থ সৌবর্ণ পাদ পীঠে সংলগ্ন হইল না ; ইতি রঘুবংশ ১৪৪ পৃষ্ঠা।

যাহা নিচে আছে ; নরকস্থ ; কুৎসিত স্থানে স্থিত।

অধঃস্থান, ক্লী. বি. (অধস্-স্থা, স্থিতি, অনট) নিম্ন স্থান ; অতিশয় ঘৃণিত স্থান ; নরক ; অপকৃষ্ট স্থান।

অধঃস্থাপিত, ত্রি. বিণ. (অধস্-স্থা, স্থিতি, ণিচ্-ক্ত) নিম্নস্থিত ; যাহা নিচে আছে ; অপকৃষ্ট স্থানে আছে।

অধঃস্থিত, ত্রি. বিণ. (অধস্-স্থা, স্থিতি, ক্তি) অধঃস্থাপিত ; নরকস্থ ; যাহা কুৎসিত স্থানে আছে ; নিম্নস্থ ; যথা—অযোধ্যার অধঃস্থিত সরযুনদী উপান্তজাত বেতস বনে আচ্ছাদিত হওয়াতে হতশ্রী হইয়াছে। ইতি রঘুবংশ ১৩০ পৃষ্ঠা।

অধঃক্ষিপ্ত, ত্রি. বিণ. (অধস্-ক্ষিপ, ক্ষেপণ, ক্ত) অধস্ত্যক্ত বস্তু ; যাহা নিচে নিক্ষেপ করিয়াছে।

অধতে, ক্রিবিণ. (অধস্) নিম্নে ; নিচে ; নরকে ; কুস্থানে ; অত্যন্ত অধম স্থানে ; নিন্দিত স্থানে।

অধনবান্, ত্রি. বিণ. [অ-ধন, অর্থ, বতু] ধনী নহে ; যে ভাগ্যবন্ত নয় ; ধন বিশিষ্ট নহে ; অধনশালী।

অধনাঢ্য, ত্রি. বিণ. (অ-ধন-আ-ঢৌ্য, বিশিষ্ট, য) অধন বিশিষ্ট ; ধন যুক্ত নয় ; ঐশ্বর্য্যবান্ নহে।

অধনী, ত্রি. বিণ. (অ-ধন, অর্থ, ইন্) অধনবান্ ; অধনাঢ্য ; ধনসম্পন্ন নহে ; যাহার ধন নাই ; দরিদ্র।

অধন্য, ত্রি. বিণ. (অ-ধন ; অর্থ, য) অকৃত কর্ম্মা ; অসাধু ; ভাগ্যবান্ নয় ; যে পুণ্যবান্ নয় ; সুকৃতি নহে।

অধম, পু. বি. (অ-ধ্মা, নীচ, অল) উপপতি ভেদ ; (ত্রি. বিণ.) ম্লান ; নিন্দিত ; অপকৃষ্ট, নীচ ; গর্হ্য ; প্রতিকৃষ্ট ; কুৎসিত ; খেট ; আণক ; অতিহেয়। যথা—প্রভঞ্জন সম ভীম পরাক্রম ! কহ, এ নিগড় তবে পর তুমি কোন্ পাপে ? অধম ভালুকে শৃঙ্খলিয়া যাদু কর, খেলে তারে লয়ে ; ইতি মেঘনাদবধ কাব্য ১৬ পৃষ্ঠা।

অধম ভৃতক, ত্রি. বি. (অধম-ভৃ, ভরণ, ক্ত-ক) অধম ভৃত্য ; নীচ দাস ; দৌবারিক ; ভার বাহক।

অধমর্ণ, ত্রি. বিণ. (অধম-ঋণ, গতি, অল) ঋণ গৃহীতা ; যথা—ঋণলেখ্যের অঙ্গীকারানুসারে অধমর্ণের অঙ্গের অর্দ্ধসের মাংস উৎকর্ত্তন করিয়া লইব। ইতি সেক্সপিয়র ২৩২ পৃষ্ঠা।

ঋণী ; ঋণগ্রস্ত ; খাতক ; খেরো ; খাদক ; দেনাগ্রস্ত ; ইতি অমরকোষ। যাহার দেনা আছে।

অধমা, স্ত্রী. বি. (অ-ধ্মা, নীচ, অল-আ) স্বীয়াদ্যন্তর্গত নায়িকা ভেদ ; নিন্দিতা নারী ; কুৎসিতা স্ত্রী ; যে কামিনী হিতকারি প্রিয়তমের প্রতি অহিত কারিত্ব সাধন করে ; যে কামিনী সুন্দরী নহে ; জঘন্যা স্ত্রী ; যথা—হায় এ অধমা পাপীয়সী আমার উপরে এতাদৃশী ক্ষমতা প্রাপ্ত হইল, ইতি সেক্সপিয়র ২০৯ পৃষ্ঠা।

অধমাঙ্গ, ক্লী. বি. (অধম+অঙ্গ। অধম-অঙ্গ, অবয়ব, অল) পদ ; চরণ ; নিকৃষ্ট অবয়ব ; হেয় অঙ্গ ; নীচাকার ; কুৎসিত অঙ্গ ; দুষিত অবয়ব।

অধমাধম, ত্রি. বিণ. (অধম+অধম। অধম-অ-ধ্মা, নীচ, অল) অতি নিকৃষ্ট ; বড় মন্দ ; অত্যন্ত নীচ।

অধর, ক্লী, বি. (অ-ধৃ, ধারণ, অল) স্মরাগার ; রতি গৃহ ; যোনী ; ইতি শব্দ রত্নাবলী। (পু. বি.) মুখাবয়ব বিশেষ ; নীচের ঠোঁট ; রদনচ্ছদ ; দশন বাশ ; ইতি অমরকোষ। (ত্রি. বিণ.) অধ ; তল ; হীন ; অপকৃষ্ট ; অধম ; নিম্ন ; ইতি মেদিনী। হীনবাদী ; ইতি হেমচন্দ্র। যে ব্যক্তি অতিশয় নীচ বাক্য বলে ; অসহিষ্ণু ; ধারণে অক্ষম ; যথা—বশী গঙ্গাধর, হইল অধর, কাঁপে ওষ্ঠাধর তাঁর। চারি দিকে চান, দেখিবারে পান, মদনের এ ব্যবহার॥ ইতি কুমারসম্ভব ৪০ পৃষ্ঠা।

অধরণ, ক্লী. বি. (অ-ধৃ, ধারণ, অনট) পরিমাণ বি-

শেষ নহে; ২৪ রতি নয়; পর্ব্বতাভাব; অদিবাকর; লোকাভাব; স্তন নহে; ধান্য নয়; তেজোভাব।

অধরত, (ব্য) অধস্তাৎ; অধোভাগ; ইতি হলায়ুধ। নীচে; নিম্নে; নিম্নভাগে; নরকে; তলে।

অধরবিম্ব, ত্রি. বিণ. (অধর-বিম্ব, ফলবিশেষ, অল) বিম্বের ন্যায় অধর; বিম্ব হইতে উৎকৃষ্ট অধর; যথা—হে ভূপাল! দময়ন্তীর রদনচ্ছবাদি অধরবিম্ব এই পদটি বিম্ব নামক ফল ওষ্ঠাধর শোভায় অধর অর্থাৎ হীনপ্রভ, ইতি নৈষধচরিত ৫৩ পৃষ্ঠা।

অধর মধু, ক্লী. বি. [অধর-মধু, মিষ্টতা, চ্বি] বদনামৃত; অধরামৃত; অধর রস; মুখামৃত; থুথু।

অধরমাধুর্য্যলম্পট, ত্রি. বিণ. (অধর-মাধুর্য্য-লম্পট, কামুকতা, অল) অনঙ্গ; মদন; যে ব্যক্তি অধরমধুরতা জন্যই কামুক হইয়াছে; যথা—যাহাহউক হে অধরমাধুর্য্যলম্পট! তুমি অমরত্ব সাধন অমৃতপান অনঙ্গীকার করিয়াই অনঙ্গতা প্রাপ্ত হইয়াছ। ইতি নৈষধচরিত ১৬১ পৃষ্ঠা।

অধররসাস্বাদনে, ক্রিবিণ. (অধররস-আ-স্বদ, স্বাদ, অনট-এ) অধররস পান জন্যে; অধররসের আস্বাদন নিমিত্তে; যথা—অথবা স্বপ্রিয়া রতির অধররসাস্বাদনে গাঢ়ানুরাগ হেতুক ঘৃণা জন্যই অমৃতপানে বিরত হইয়াছে। ইতি নৈষধচরিত ১৬১ পৃষ্ঠা।

অধরস্তাৎ, ব্য. [অধর, নীচ, স্তাৎ] অধরত; নীচে; নিম্নে; ইতি হলায়ুধ। তলে; কুৎসিত স্থানে।

অধরস্মাৎ, ব্য. [অধর, নীচ, স্মাৎ] অধরস্মাৎ; অধরাৎ; অধর হইতে; অধঃ হইতে; নিম্ন হইতে।

অধরা, স্ত্রী, বি. [অধর, নীচ, আ] অধোদিক্; নিম্ন দিক্; নীচা; পৃথিবীর অভাব; যাহা পৃথ্বী নয়। অপকৃষ্টা; যথা—কিন্তু পশ্চাৎ ভূভূষণ স্বরূপা যে নগরী উক্ত পুরীকে অধরা অর্থাৎ অপকৃষ্টা অথচ অধোদেশ বর্ত্তিনী করিয়াছে। ইতি নৈষধচরিত ৬৯ পৃষ্ঠা।

অধরাৎ, ব্য. [অধর, নীচ, আৎ] অধরত; অধরেণ; অধরস্তাৎ; নীম্নে; নীচে; ইতি অমরকোষ টীকা।

অধরামৃত, ক্লী. বি. (অধর-অ-মৃ, মরণ, ক্ত) অধরমধু; বদনামৃত; অধররস; মুখের রস; মুখামৃত।

অধরীণ, ত্রি. বিণ. [অধর, নীচ, ঈন] তিরস্কৃত; ধিক্কৃত; তিরস্কার; ভৎর্সিত; যাহাকে তিরস্কার করা হইয়াছে।

অধরেদ্যু, (ব্য) অধরদিবস; পরদিন; ইতিশব্দরত্নাবলী।

অধর্ত্তব্য, ত্রি. বিণ. (অ-ধৃ, ধারণ, তব্য) ধর্ত্তব্য নহে; ধারণীয় নয়; অগ্রাহ্য; অমান্য; ধরা উচিত নহে।

অধর্ম্ম, পু. বি. (অ-ধৃ, ধারণ, ম) ধর্ম্মবিরোধি; দুষ্কৃত; ধর্ম্মবিরুদ্ধ; কলুষ; দুরদৃষ্ট; অপরাধ; পাপ; যথা—ঈশ্বরের ধর্ম্ম, মরি কি অধর্ম্ম, যা করেন তাই ধর্ম্ম,। পরে লোকে ভয়, এও কি রে সয়, জানিবি কি তার মর্ম্ম ॥ ইতি কুমারসম্ভব ৮৭ পৃষ্ঠা।

অধর্ম্মকারক, ত্রি. বিণ. (অ-ধর্ম্ম-কৃ, করণ, ণক) অধর্ম্মকর্ত্তা; যে ব্যক্তি অধর্ম্ম করে; পাপ কারক।

অধর্ম্মজনক, ত্রি. বিণ. (অধর্ম্ম-জন, জন্মান, কন্) যদ্দ্বারা অধর্ম্ম জন্মায়; পাপজনক; যাহাতে দুরদৃষ্ট জন্মায়; যাহা দ্বারা পাপ জন্মায়; দুষ্কৃতজনক।

অধর্ম্মজাত, ত্রি. বিণ. (অধর্ম্ম-জন, জন্মান, ক্ত) যাহা অধর্ম্ম হইতে উৎপত্তি; পাপজ; কলুষজাত।

অধর্ম্মনিবারক, ত্রি. বিণ. (অধর্ম্ম-নি-বার, নিবারণ, ণক) অধর্ম্ম নিবারণকর্ত্তা; যে পাপ নিবারণ করে।

অধর্ম্মপ্রযুক্ত, ত্রি. বিণ. (অধর্ম্ম-প্র-যুজ, যোগ, ক্ত) অধর্ম্মজন্য; পাপ নিমিত্ত; দুষ্কৃত প্রযুক্ত।

অধর্ম্মমূলক, ত্রি. বিণ. (অধর্ম্ম-মূল, আদি, অক) যাহার অধর্ম্মই মূল; পাপই আদি; দুরদৃষ্টমূলক।

অধর্ম্মাচারী, ত্রি. বিণ. (অধর্ম্ম-আ-চর, আচরণ, ণিন্) ধর্ম্মবিরুদ্ধাচারী; পাপাচারী; যে অধর্ম্ম আচরণকরে; যথা—কৃতাঞ্জলিপুটে পুনঃ কহিলা বাসব; পরম অধর্ম্মাচারী নিশাচরপতি-দেবদ্রোহী! আপনি, হে নগেন্দ্রনন্দিনি, দেখ বিবেচনা করি। ইতি মেঘনাদ বধ কাব্য ৪৬ পৃষ্ঠা।

অধর্ম্মাত্মা, ত্রি. বিণ. [অধর্ম্ম-আত্মন্, আত্মা, প্রথমা বিভক্তি] ধর্ম্মাত্মা নহে; অধার্ম্মিক; যে ব্যক্তি কোন বিষয়ে ধর্ম্ম করে না; যে গর্হিত আচরণ করে।

অধর্ম্মী, ত্রি. বিণ. [অধর্ম্ম, পাপ, ইন্] অধার্ম্মিক; অধর্ম্মাত্মা; পাপী; দুরাচার; যে ধর্ম্ম ভয় করে না।

অধর্ষণ, ক্লী. বি. (অ-ধৃষ, দৃষ্টতা, অনট) দৃষ্টতাব্যবহার নহে; সাহস করণ নয়; পরিভব করণ নহে।

অধশ্চর, পু. বি. (অধস্-চর, অপহরণ এবং গমন, অল) চোর; চৌর; (ত্রি. বিণ.) অধোগামী; অধঃস্থ; নিম্নগত; নরকস্থ; যে কুৎসিত স্থানে থাকে।

অধশ্চৌর, পু. বি. (অধস্-চৌর, অপহরণ, অল)

নীচ চৌর; সিঁদাল চোর; অধম চোর।

অধস্তন, ত্রি. বিণ. [অধস্, নিম্ন, তন] অধঃস্থ; নিম্নগত; অধোগামী; নিম্নের; পাতালের।

অধস্তাৎ, ব্য. [অধস্, নিম্ন, তাৎ] অধোভাগে; পশ্চাৎ; ইতি অমরকোষ টীকা। রতিগৃহ; ভগ।

অধাতু, ত্রি. বিণ. (অ-ধা, দ্রব্যবিশেষ, তু) শরীরধারক কফ বাত পিত্ত বিহীন; তাম্র পিত্তলাদি শূন্য; মাংস রক্ত রস প্রভৃতি নয়; অস্থি নহে; নাড়ীবিহীন; ক্রিয়াবাচক শব্দ ভিন্ন; ধাতুশূন্য; শিরা নয়।

অধামার্গব, পু. বি. (অধামার্গব, উদ্ভিজ্জবিশেষ, অল) ধামার্গব বৃক্ষ; উদ্ভিজ্জবিশেষ; ইতি অমরকোষটীকা।

অধার, ত্রি. বিণ. (অ-ধৃ, ধার, ঘঞ) দেনাবিহীন; ঋণশূন্য, জলধারা নহে; তীর নয়; তটহীন; কিনারা নয়; অস্ত্রের সূক্ষ্মভাগ নয়; প্রাথর্য্য বিহীন।

অধারণীয়, ত্রি. বিণ. (অ-ধৃ, ধারণ, অনীয়) ধারণের অযোগ্য; যাহা ধারণোপযুক্ত নহে; অধার্য্য।

অধার্ম্মিক, ত্রি. বিণ. [অ-ধর্ম্ম, পাপশূন্য, ঞিক] অধর্ম্মী; অধর্ম্মাত্মা; পাপী; পাপিষ্ঠ; নরাধম; যথা—সে ব্যক্তি যদিও দুরাত্মা ও অধার্ম্মিক ছিল, তথাপি নাগরিকার গুণনিকর স্মরণ করিয়া সহসা তাঁহার সংহারে সাহস করিল না; ইতি সেক্সপিয়র ৩৮৪ পৃষ্ঠা।

অধি, ব্য. (অ-ধা, আধিক, ই) প্র আদি বিংশতি উপসর্গ মধ্যে উপসর্গ বিশেষ; উপরিভাগ; অধিকার; ঈশ্বর; ইতি মেদিনী। অধিক; অধিমাস; উপরি; অতিক্রম; আধিক্য; প্রাধান্য। (পু. বি.) আধি; মনঃপীড়া; আধিক্য বোধক; প্রাধান্য বোধক।

অধিক, ক্লী. বি. (অ-ধা, অধিক, ইক) কাব্যালঙ্কার ভেদ; কাব্যের অলঙ্কার বিশেষ; (ত্রি. বিন.) অতিরিক্ত; অনেক; ইতি হেমচন্দ্র। বলবান্; বহুল; বিস্তর; অতিশয়; অতিরেক; জেয়াদা।

অধিকতর, ত্রি. বিন. [অধিক, অনেক, তর] অত্যন্ত; দুইয়ের মধ্যে বিলক্ষণ অধিক; যার পর নাই; যথা—রাজা মন্ত্রীর স্বপ্ন বৃত্তান্ত শ্রবনে অধিকতর আহ্লাদিত হইলেন; ইতি কাদম্বরী ২১ পৃষ্ঠা।

অধিকতা, স্ত্রী. বি. [অধিক, অনেক, তা] আধিক্য; অতিরিক্ততা; অধিকত্ব; বাড়তি; আতিশয্য।

অধিকন্তু, ক্রিবিন. [অধিক, অনেক, তু] আরো; যথা—স্বামী আহারার্থ আপনকার নিকটে আগমন করিতে অস্বীকার করিলেন, অধিকন্তু কহিলেন তাঁহার কলত্র কেহই নাই। ইতি সেক্সপিয়র ১১ পৃষ্ঠা। অপর; বিশেষত; অপরঞ্চ; বিশেষ রূপে।

অধিকরণ, ক্লী. বি. (অধি-কৃ, করণ. অনট) আধার; পাত্র; অধিকার করণ; কারক বিশেষ; সামীপ্য, একদেশসম্বন্ধ, বিষয়, ব্যাপ্তি, এই চতুর্ব্বিধ আধার; মীমাংসা দর্শনের গ্রন্থবিশেষ; ইতি হেমচন্দ্র।

অধিকর্দ্ধি, ত্রি. বিণ. (অধিক+ঋদ্ধি। অধিক-ঋধ, সম্পত্তি, ক্তি) অতিশয় সম্পত্তি যুক্ত; সমৃদ্ধি।

অধিকর্ম্মিক, পু. বি. (অধি-কর্ম্ম, কার্য্য, ইক) হট্টাধ্যক্ষ; হাটের অধ্যক্ষ; হাটের দারোগা।

অধিকর্ম্মকৃৎ, ত্রি. বিণ. (অধি-কর্ম্ম-কৃ, করণ, ক্বিপ্) কর্ম্মচারী; বৈতনিক; উৎকৃষ্ট; (পু. বি.) কর্ম্মকারী ভৃত্য; প্রধান কর্ম্মকার; যে ব্যক্তি অধীনে কর্ম্ম করে।

অধিকাংশ, পু. বি. (অধিক-অংশ, ভাগ, অল) অনেক ভাগ; যথা—এবং প্রিয় সম্ভাষণ পুরঃসর বলিলেন এ গল্পের অধিকাংশ অদ্ভুত ও করুনরসে পূর্ণ। ইতি সেক্সপিয়র ৫৩ পৃষ্ঠা।

অধিক; অনেক; জিয়াদা; অতিরিক্ত; প্রায় সকল।

অধিকাঙ্গ, ত্রি. বিণ. (অধিক-অঙ্গ, অবয়ব, অল) বিংশতি অঙ্গুলের অতিরিক্ত অঙ্গুল; অধিকঅবয়ব।

অধিকাধিক, ক্রিবিণ. (অধিক-অধিক, অনেক, অল) অত্যন্ত অধিক; অনেকানেক; অত্যধিক; অত্যন্ত; যথা—যেরূপ কৃষ্ণপক্ষে অধঃস্থিত সূর্য্যকিরণ দ্বারা সুধাকরের দিন দিন অধিকাধিক তিরোধান হয়, ইতি নৈষধচরিত ১৩১ পৃষ্ঠা।

অধিকায়াস, পু. বি. (অধিক-আ-যস্, শ্রম, ঘঞ) অধিক শ্রম; অত্যন্ত প্রয়াস; অনেক ক্লেশ; অধিক শ্রান্তি; অতিশয় প্রযত্ন; যৎপরোনাস্তি চেষ্টা।

অধিকার, পু. বি. (অধি-কৃ, করণ, ঘঞ) স্বামিত্ব; আয়ত্ততা; পদ; স্বীকার; নিয়োগ; প্রভুত্ব; স্বত্ব; দখল; উদ্দেশ; প্রস্তাব; অন্বেষণ; কর্ত্তৃত্ব; নিয়মিত ক্ষমতা; যথা—এ শূদ্র, ইহার তপস্যায় অধিকার নাই, অতএব ইহার শিরশ্ছেদন করা কর্ত্তব্য। ইতি রঘুবংশ ১২২ পৃষ্ঠা।

অধিকারচ্যুত, ত্রি. বিণ. (অধিকার, চ্যু, ত্যাগ, ক্ত) অধিকারভ্রষ্ট; অধিকার ত্যক্ত; প্রভুত্ব বিবর্জ্জিত।

অধিকারশাসক, ত্রি. বিণ. (অধিকার-শাস, শাসন,

ধক) যে ব্যক্তি স্বীয় অধিকার শাসন করে; স্বরাজ্য শাসন কর্ত্তা; তালুক দমন কর্ত্তা; জমিদারী শাসক।

অধিকারস্থ, ত্রি. বিণ. (অধিকার-স্থা, স্থিতি, ড) যে ব্যক্তি তালুকের মধ্যে বাস করে; জমীদারীর মধ্যে বসতিকারী; যে ব্যক্তি অধিকার মধ্যে অবস্থিত।

অধিকারিণী, ত্রি. বিণ. (অধি-কৃ, করণ, ণিন্-ঈ) অধিকারবিশিষ্টা; স্বামিনী; সত্ত্ববতী; যথা—সেই রমণী সুরূপা সুন্দরী এবং জনকের নিধনানন্তর সংপ্রতি অতুল সম্পত্তির অধিকারিণী হইয়াছেন; ইতি সেক্সপিয়র ৩৮৪ পৃষ্ঠা।

অধিকারী, ত্রি. বিণ. (অধি-কৃ, করণ, ণিন্) প্রভু; স্বামী; অধিপতি; অধিকারবিশিষ্ট; স্বত্ববান্; যাহার অধিকার আছে; যথা—ফলতঃ সেবিষয় আমি সাধন করিতে অধিকারী, তবে শ্রবণ করিতে কেন অধিকারী না হইব। ইতি নৈষধচরিত ১০০ পৃষ্ঠা।

(পু. বি.) বেদান্তশাস্ত্র বেত্তা; পুরুষ; কর্ত্তা।

অধিকৃত, ত্রি. বিণ. (অধি-কৃ, করণ, ক্ত) অধ্যক্ষ; আয় ব্যয় দর্শক; অধিকার করা; কার্য্যে নিবিষ্ট; যথা—বিদর্ভাধিপতি এইরূপে ইন্দুমতীর পাণিগ্রহণ সম্পাদন করিয়া অন্যান্য ভূপতিদিগের সৎকারার্থে অধিকৃত লোকদিগকে আদেশ করিলেন। ইতি রঘুবংশ ৫১ পৃষ্ঠা।

অধিকারী; নিযুক্ত; উদ্দিষ্ট; যাহা হস্তগত হইয়াছে।

অধিক্রম, পু. বি. (অধি-ক্রম, নিয়ম, অল) আক্রমণ; ইতি হেমচন্দ্র। দর্শক; যে ব্যক্তি অবলোকন করে।

অধিগত, ত্রি. বিণ. (অধি-গম, গমন, ক্ত) অবগত; জ্ঞাত; প্রাপ্ত; যাহা জানা হইয়াছে; বিদিত।

অধিগম, পু. বি. (অধি-গম, গমন, অল) লাভ; উপার্জ্জন; প্রাপ্তি; বোধ; রোজকার; আস।।

অধিগম্য, ত্রি. বিণ. (অধি-গম, গমন, য) অপ্রাপ্ত; অগম্য; যাহা পাওয়া যায় নাই; গমনের অযোগ্য।

অধিগুণ, ত্রি. বিণ. (অধি-গুণ, ছিলা, ক) গুণযুক্ত; ধনুকের ছিলা; ছিলাযুক্ত; যথা—শ্রবণ করিয়াছি এক রথে দুই কৃষ্ণ ও অধিগুণ গাণ্ডীব ধনু এই তিন তেজ একত্র মিলিত হইয়াছে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৯৮ পৃষ্ঠা।

অধিজ্যা, ক্লী. বি. (অধি-জ্যা, ছিলা, ড) জ্যাযুক্ত বা গুণযুক্ত ধনুক; যে ধনুকে ছিলা পরান হইয়াছে; ধনুষ্টঙ্কার; জ্যাশব্দ; যথা—রামচন্দ্র প্রসুপ্ত শেষ ভুজঙ্গমাকার সেই শিবধনু হস্তে গ্রহণ করিয়া সুকুমার কুসুম চাপের ন্যায় অবলীলা ক্রমে অধিজ্য করিলেন। ইতি রঘুবংশ ৮৪ পৃষ্ঠা।

অধিজগ্মিবস্, ত্রি. বিণ. (অধি-গম, গমন, বস্) প্রাপ্ত; জ্ঞাত; বিদিত; যাহা জানা গিয়াছে।

অধিজিহ্ব, পু. বি. (অধি-জিহ্বা, পীড়াবিশেষ, ড) জিহ্বাব্রণ; জিহ্বা স্ফোটক; রসনার ফোড়া।

অধিজ্যোতিষ, ক্লী. বি. [অধি-জ্যোতিষ্, শাস্ত্রবিশেষ, ট্রি] অধিকারস্থ জ্যোতিষ্‌শাস্ত্র; অধিকৃতজ্যোতিষ।

অধিত্যকা, স্ত্রী. বি. [অধি, উপরি, ত্যক-আ] পর্ব্বতোপরি ভূমি; পর্ব্বতের উপরিস্থ ভূমি; পর্ব্বতের উপরি বিস্তৃত ভূমি। ইতি অমরকোষ। পার্ব্বতাভূমি।

অধিদন্ত, পু. বিণ. (অধি-দম, দমন, ক্ত) গজদন্ত; দন্তোপরি যে দন্ত উঠে; যাহার হস্তির ন্যায় দাঁত।

অধিদেব, পু. বি. (অধি-দিব, দেবতা, অল) অধিষ্ঠাত্রী দেবতা; স্বামী; প্রভু; বাসুদেব; অধিপতি।

অধিদেবতা, স্ত্রী. বি. (অধি-দিব, দেবতা, তা) অধিষ্ঠাত্রী দেবতা; ইষ্ট দেবতা; উপাস্য দেবতা।

অধিদৈব, ক্লী. বি. [অধি-দেব, দেবতা, ষ্ণ] দেবগণ; অধিষ্ঠাত্রী দেবতা; স্বামী; প্রভু; ইষ্টদেবতা।

অধিদৈবত, ক্লী. বি. (অধি-দৈব, দেবতা, ক্ত) অধিষ্ঠাত্রী দেবতা; স্বামী; প্রভু; উপাস্য দেবতা।

অধিনী, স্ত্রী. বি. [অধিন্, বশীভূত, ঈ] অধীনে স্থিতিকারিণী; স্বপত্নী; বশীভূতা; আজ্ঞাকারিণী; যথা—হে প্রাণপতে কি অপরাধে এ অধিনীর প্রতি এত বিরক্তি হইল যে এক্ষণে বনিতা বলিয়াও স্বীকার কর না। ইতি সেক্সপিয়র ১২ পৃষ্ঠা।

অধিপ, পু. বি. (অধি-পা, রক্ষণ, ড) অধিপতি; স্বামী; ইতি অমরকোষ। রাজা; অধিকারী; অধিরাজ; যথা—বড্রামের প্রতি নায়কের ন্যায় ব্যবহার না করিয়া অধিপকে যে ভাবে দর্শন করিতে হয় সেই প্রকারে তাঁহাকে অবলোকন করিতেন। ইতি সেক্সপিয়র ১৭৫ পৃষ্ঠা।

প্রভু; যিনি অধিকারকে সর্ব্বদা রক্ষা করেন।

অধিপতি, পু. বি. (অধি-পা, রক্ষণ, ক্তি) প্রভু; স্বামী; ইতি হলায়ুধ। কর্ত্তা; রাজা; ভূপতি। যথা—ত্যজিয়া বৈকুণ্ঠধামে ত্বরা যাব আমি। নিজ-

দোষে মজে রাজা লঙ্কা অধিপতি। ইতি মেঘনাদবধ কাব্য ৩০ পৃষ্ঠা।

অধিপ্রজ, ক্লী. বি. (অধি-প্রজা, স্থিতি, ড) জগতের স্থিতি; পৃথিবী স্থিতি; ভূমণ্ডলের অবস্থিতি।

অধিবচন, ক্লী. বি. (অধি-বচ, বাক্য, অনট) নাম; সংজ্ঞা; আখ্যা; অভিধান; কীর্ত্তি; সম্ভাবনা।

অধিবাস, পু. বি. (অধি-বস, বাস, ঘঞ) শুভ কার্য্যের পূর্ব্বক্রিয়া; গৃহ; সুগন্ধের নিবিড় সংসর্গ; পূজা ও সংস্কারাদি শুভ কর্ম্মের প্রথমে কর্ত্তব্য গন্ধাদি দ্বারা সজ্জা ও সুগন্ধী করণ; নিবাস; ধূপনাদিভিঃ সংস্কার; ইতি মেদিনী। তাহার এই সকল দ্রব্য-যথা—মৃত্তিকা, গন্ধ, শিলা, ধান্য, দুর্ব্বা, পুষ্প, ফল, দধি, ঘৃত, স্বস্তিক, সিন্দূর, শঙ্খ, কজ্জল, রোচনা, শ্বেতসর্ষপ, স্বর্ণ, রৌপ্য, তাম্র, চামর, দর্পণ, দীপ, প্রশস্ত পাত্র, ইতি ভবদেব। শ্বেতসর্ষপের পরিবর্ত্তে সিদ্ধার্থ, ইতিকেচিৎ।

অধিবাসন, ক্লী. বি. (অধি-বস, বাস, অনট) অধিবাস; গন্ধ মাল্যাদি দ্বারা সংস্কার করণ; গৃহ।

অধিবিদ্য, পু. বি. (অধি-বিদ, জ্ঞান, য) শাস্ত্রবিদ্যাবান্; পণ্ডিত; কৃতবিদ্য ব্যক্তি; বিদ্যাসম্পন্ন।

অধিবিন্না, স্ত্রী. বি. (অধি-বিদ, জ্ঞান, তা) অধ্যূঢ়া; প্রথম বিবাহিতা স্ত্রী; দ্বিতীয়বার বিবাহিত পুরুষের প্রথম স্ত্রী; যে স্ত্রীর পতি অন্য স্ত্রী বিবাহ করে।

অধিবেত্তৃ, পু. বি. (অধি-বিদ, জ্ঞান, তৃন্) প্রথম বিবাহের পর অতিরিক্ত বিবাহিত পুরুষ।

অধিবেদন, ক্লী. বি. (অধি-বিদ, জ্ঞান, অনট) সপত্নী করণ; এক স্ত্রী সত্ত্বে পুনর্ব্বার বিবাহ করণ।

অধিবেশন, ক্লী. বি. (অধি-বিশ, স্থিতি, অনট) স্থিতি; অবস্থান; উপবেশন; যথা—এবং উভয়ে একাসনে অধিবেশন পুরঃসর কথোপকথন করত অনির্ব্বচনীয় সুখানুভব করিতে লাগিলেন। ইতি সেক্সপিয়র ৭৬ পৃষ্ঠা।

অধিভূ, পু. বি. (অধি-ভূ, সত্ত্বা, ক্বিপ্) স্বামী; অধিকারী; রাজা; প্রভু; কর্ত্তা; ভূপতি; অধিপতি।

অধিমাস, পু. বি. (অধি-মাস, কালবিশেষ, অল) রবিসংক্রান্তি দ্বয় মধ্যবর্ত্তি চান্দ্রমাস; রবিসংক্রান্তি শূন্য শুক্ল প্রতিপদাদি দর্শান্ত মাস; ইহার পরিচয় যথা—অধিক মাস; অসংক্রান্ত মাস; মলমাস; মলিম্লুচ; বিনামক; নপুংসক; ইতি মলমাসতত্ত্ব।

অধিরথ, পু. বি. (অধি-রথ, জাতিবিশেষ, অল) কর্ণপিতা; ক্ষত্রিয় জাতি; সারথি; ইতি মহাভারত।

অধিরাজ, পু. বি. (অধি-রাজ, স্বামী, অল) ভূপতি; যথা—মহারাজ আপনকার এই বিস্ময় দর্শনে আমার অপরিসীম সন্তোষ জন্মিতেছে, অধিরাজ এই প্রতিমূর্ত্তি মহারাণীর অনুরূপ কিনা। ইতি সেক্সপিয়র ৯২ পৃষ্ঠা।

সম্রাট; চক্রবর্ত্তী; স্বামী; প্রভু; স্বাধীন রাজা।

অধিরাট্, পু. বি. (অধি-রাজ, স্বামী, ক্বিপ্) সম্রাট্; চক্রবর্ত্তী; স্বামী; ইতি মহাভারত। ভূপতি; রাজা।

অধিরূঢ়, ত্রি. বিণ. (অধি-রুহ, আরোহণ, ক্ত) আরূঢ়; আরোহিত; অভিষিক্ত; যথা—তাঁহার অনুগ্রহ ক্রমে আমি প্রধান মন্ত্রিপদে অধিরূঢ় হইলাম। ইতি রোমাবতী ১০২ পৃষ্ঠা।

অধিরোহণ, ক্লী. বি. (অধি-রুহ, আরোহণ, অনট) আরোহণ; উঠা; যথা—টেলিমেকস্! তোমার পিতৃদর্শন বা পিতৃসিংহাসনে অধিরোহণের আশা শেষ হইয়াছে, ইতি টেলিমেকস্ ১৪ পৃষ্ঠা।

অধিরোহিণী, স্ত্রী. বি. (অধি-রুহ, আরোহণ, ইন্-ঈ) বংশ অথবা কাষ্ঠাদি নির্ম্মিত আরোহণ মার্গ; কাষ্ঠের সোপান; আরোহণপথ; সিঁড়ি; কাঠেরপৈটে।

অধিলোক, পু. বি. (অধি-লচ, লোক, ঘঞ) মনুষ্য; প্রজা; অধিকারে যে সমস্ত লোক অবস্থান করে।

অধিশ্রয়, পু. বি. (অধি-শ্রি, স্থান, অল) স্থান; আশ্রয়; অবলম্বন; শরণ; আধার। রক্ষণ।

অধিশ্রয়ণী, স্ত্রী. বি. (অধি-শ্রি, স্থান, অনট-ঈ) চুল্লী; চুলা; উনন; আকা; ইতি অমরকোষ।

অধিশ্রিত, ত্রি. বিণ. (অধি-শ্রি, স্থান, ক্ত) আশ্রিত; প্রাপ্ত; অবলম্বিত; স্থান প্রাপ্ত; যে স্থান পাইয়াছে।

অধিষ্ঠাতা, স্ত্রী. বি. (অধি-স্থা, স্থিতি, তৃন্) অবস্থিতিকারী; স্থিতিকারী; অবস্থিত; যে অবস্থানকরে।

অধিষ্ঠাত্রী, স্ত্রী. বি. (অধি-স্থা, স্থিতি, তৃন্-ঈ) অধিদেবতা; নিয়মকর্ত্রী; নির্ণয়কর্ত্রী; স্থিতিকারিণী; যথা—পথি মধ্যে নন্দনবনের অধিষ্ঠাত্রী দেবতা এই পারিজাত কুসুমমঞ্জরী হস্তে লইয়া আমাদের নিকটবর্ত্তিনী হইলেন। ইতি কাদম্বরী ৪৯ পৃষ্ঠা।

অধিষ্ঠান, ক্লী. বি. (অধি-স্থা, স্থিতি, অনট) নগর; চক্র; প্রভাব; অধ্যাসন; অবস্থান; ইতি অমর-

কোষ। অবস্থিতি; আবির্ভাব; স্থিতি; উপস্থিতি; যথা—যক্ষ রক্ষ বিদ্যাধর অপ্সরা কিন্নর নর, দেবতারা করে অধিষ্ঠান। স্বর্গমর্ত্ত্য এক ঠাঁই, হেন কোথা দেখি নাই, বিধাতার অদ্ভুত নির্ম্মাণ॥ ইতি কুমারসম্ভব ৯৬ পৃষ্ঠা।

আধার; সম্মান; ইতি মেদিনী। সম্ভ্রম; মর্য্যাদা।

অধিক্ষিপ্ত, ত্রি. বিণ. (অধি-ক্ষিপ, ক্ষেপ, ক্ত) প্রতিক্ষিপ্ত; ইতি অমরকোষ। প্রেরিত; প্রনিহত; স্থাপিত; কুৎসিত; ভৎর্সিত; ইতি মেদিনী। স্থিরকৃত; নিন্দিত; ক্ষেপণবিশিষ্ট; জুগুপ্সিত; গর্হিত।

অধিক্ষেপ, পু. বি. (অধি-ক্ষিপ, ক্ষেপ, অল) তিরস্কার; নিন্দা; কুৎসা; প্রেরণ; প্রতিক্ষেপ; আক্ষেপ; যথা—যে সকল ব্যক্তি স্বভাবতঃ কৌতুকামোদী হয় তাহাদিগকে ভণ্ড বলিলে বিশেষ অধিক্ষেপ হয়, ইতি সেক্সপিয়র ৯৯ পৃষ্ঠা।

অধীত, ত্রি. বিণ (অধি-ই, অধ্যয়ন, ক্ত) কৃতাধ্যয়ন; পঠিত; পঠিতশাস্ত্র; শিক্ষিত; (ক্লী. বি.) পাঠ।

অধীতবিদ্যা, ত্রি. বিণ. (অধীত-বিদ, জ্ঞান, ক্যপ্) সুশিক্ষিত; যে ব্যক্তি কেবল অধ্যয়ন করিয়া বিদ্যা লাভ করিয়াছে; যথা—যিনি অস্ত্রকে পুনর্ব্বার চতুষ্পাদ সম্পন্ন করিয়াছিলেন, সেই অধীতবিদ্যা কঠকৌথুমাদি চরণোপপন্ন গন্ধর্ব্ব কুমার সদৃশ, তপস্বী অশ্বত্থামারে কুশল জিজ্ঞাসা করিবে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪০ পৃষ্ঠা।

অধীতি, স্ত্রী. বি. (অধি-ই, অধ্যয়ন, ক্তি) অধ্যয়ন; পঠন; ইতি জটাধর। পাঠকরণ; পড়ন; ইতি বিশ্ব।

অধীতী, ত্রি. বিণ. (অধি-ই, অধ্যয়ন, ক্তি-ইন্) অধ্যয়ন বিশিষ্ট; কৃতাধ্যয়ন; অধ্যয়ন কারী; যাহার পাঠ সমাপ্ত হইয়াছে; ছাত্র; যে অধ্যয়ন করিয়াছে।

অধীন, ত্রি. বিণ. (অধি-ইন, গতি, ক) পরবশ; আয়ত্ত; অস্বচ্ছন্দ; বশতাপন্ন; বাধ্য; যে বশীভূত; যথা—প্রভুজনেরা অধীন লোকদিগকে দাসের ন্যায় জ্ঞান করে। ইতি কাদম্বরী ৩৫ পৃষ্ঠা।

অধীনতা, স্ত্রী. বি. (অধি-ইন, গতি, তা) দাসত্ব; পারতন্ত্র্য; বশতা; অস্বচ্ছন্দতা; বাধ্যতা; যথা—হে হংস! যাহার অধীনতায় আমি নিতান্ত চঞ্চলা হইয়া তটস্থ অর্থাৎ পূর্ব্বপরিচয়াভাব প্রযুক্ত উদাসীন স্বরূপ তোমার প্রতি যথোচিত উপদ্রব করিয়াছি, ইতি নৈষধচরিত ৯৬ পৃষ্ঠা।

অধীনস্থ, ত্রি. বিণ. (অধীন-স্থা, স্থিতি, ড) অধীনে স্থিত; যে বশীভূত হইয়া থাকে; যথা—অধীনস্থ পরী সকল ত্রাসে শস্যাদির ত্বক্‌মধ্যে লুক্কায়িত হইয়া থাকিত। ইতি সেকসপিয়র ৩৫২ পৃষ্ঠা।

অধীনী, স্ত্রী. বিণ. (অধি-ইন, গতি, ক-ঈ) বশতাপন্না; বশীভূতা; যথা—হে পরপ্রিয়করণ হংস! আপনি এ অধীনীর প্রার্থনা অতিক্রম করিবেন না, ইতি নৈষধচরিত ১০৮ পৃষ্ঠা।

অধীয়ান পু. বি. (অধি-ই, অধ্যয়ন, শানে) ছাত্র; বেদ পাঠক; বিদ্যার্থী; অধ্যয়নকারী; পাঠক।

অধীর, ত্রি. বিণ. (অ-ধীর, স্থির, ক) চঞ্চল; ইতি হলায়ুধ। কাতর; ইতি অমর কোষ। অস্থির; অসহিষ্ণু; ভীত; কাতর; চঞ্চল; সহ্যশীল নহে; যথা—তখন মহাবল মাদ্রীতনয় ক্রোধে একান্ত অধীর হইয়া অন্য কার্ম্মুক গ্রহণ পূর্ব্বক পাঁচ শরে সুষেণকে বিদ্ধ করিয়া এক শরে তাঁহার ধ্বজদণ্ড খণ্ড খণ্ড করিলেন, ইতি মহাভারত শল্যপর্ব্ব ২০ পৃষ্ঠা।

অধীরা, স্ত্রী. বি. (অ-ধীর, স্থির, ক-আ) বিদ্যুৎ; চঞ্চলা; নায়িকা বিশেষ; জ্যেষ্ঠা; কনিষ্ঠা; অস্থিরা; যথা—অধীরা হইয়া, বিলাপ করিয়া, এরূপে পার্ব্বতী সতী। তপস্যার তরে, ভাবিল অন্তরে, পাইবারে পশুপতি॥ ইতি কুমারসম্ভব ৫৭ পৃষ্ঠা।

অধীশ, পু. বিণ. (অধি-ঈশ, পতি, ক) অধিপতি; প্রভু; মহারাজ; অধ্যক্ষ; স্বামী; অধিপ।

অধীশ্বর, পু. বিণ. (অধি-ঈশ, পতি, বর) প্রণতাশেষ সামন্ত; মহারাজ; চক্রবর্ত্তী; ইতি অমরকোষ। অধিরাজ; প্রভু; সম্রাট; আসমুদ্র করগ্রাহী; যথা—দেখ, আমার পুত্র দুর্য্যোধন একাদশ অক্ষৌহিনী সেনার অধিপতি ও সমুদায় পৃথিবীর অধীশ্বর ছিল। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১১২ পৃষ্ঠা।

অধীশ্বরী, স্ত্রী. বি. (অধি-ঈশ, পতি, বর-ঈ) মহারাজ্ঞী; করগ্রাহিনী; কর্ত্রী; যথা—ঐ স্থানেই আমরা, এই অশেষ সুখাস্পদ পরম রমণীয় দ্বীপের অধীশ্বরী কৃপাময়ী দেবীর নেত্রপথে পতিত হইয়া, তদীয় অপ্রতিম স্নেহের ভাজন হইয়াছি, ইতি টেলিমেকস ৯০ পৃষ্ঠা।

অধুত, ত্রি. বিণ. (অ-ধু, কম্পন, ক্ত) অকম্পিত; স্থির।

অধুনা, বা. [ইদম, এই, না] অস্মিন্ কালে; ইদানীং; সম্প্রতি; ইতি অমর কোষ। এক্ষনে; যথা—কামিনীগণ চরণে উজ্জ্বলতর নূপুর ধারণ পূর্ব্বক সুমধুর রন রণায়িত শব্দে মনোহরণ করিয়া অযোধ্যার যে রাজপথে গমনাগমন করিত অধুনা সেই রাজমার্গ শিবাগণের সঞ্চারমার্গ হইয়াছে। ইতি রঘুবংশ ১২৯ পৃষ্ঠা।

অধুনাতন, ত্রি. বিণ. [অধুনা, এক্ষণে, তন] ইদানীন্তন; বর্ত্তমানকালবৃত্তি; এতৎ কালীন; আধুনিক এই সময়ে; একণকার; যথা—সৌচিক নিবেদন করিল মহাশয় অধুনাতন রীত্যনুসারে প্রস্তুত করিবার আদেশ হইয়াছিল, ইতি সেক্সপিয়র ১৩৬ পৃষ্ঠা।

অধূম, ত্রি. বিণ. [অ-ধূম, ধূয়াঁ, চি] ধূয়াঁ শূন্য; আর্দ্র-কাষ্ঠ সংযোগে অগ্নি হইতে নিঃসৃত পরমাণুপুঞ্জ বিহীন; ধূমরহিত; যে স্থানে ধূম নাই।

অধূর্ত্ত, ত্রি. বিণ. (অ-ধূ, বঞ্চনা, ক্ত) প্রবঞ্চক নহে; অপ্রতারক; যে ব্যক্তি শঠ নয়; অখল।

অধূসর, ত্রি. বিণ. [অ-ধূসর, বর্ণ বিশেষ, চি] ঈষৎ পাণ্ডুবর্ণ নহে; ধূলাপ্রভৃতি নয়; ধূলার ন্যায় বর্ণ নহে।

অধৃত, পুং. বি. (অ-ধৃ, ধারণ, ক্ত) বিষ্ণু; (ত্রি. বিণ.) ধৃত নহে; যাহা ধারণ করা হয় নাই; যাহা ধরা নয়।

অধৃষ্ট, ত্রি. বিণ. (অ-ধৃষ, ধর্ষণ, ক্ত) সলজ্জ; অপ্রগল্‌ভ; বিনীত; বিনয়ান্বিত; শিষ্ট; সুশীল।

অধৃষ্য, ত্রি. বিণ. (অ-ধৃষ, ধর্ষণ, য) প্রগল্‌ভ; অধর্ষণীয়; ইতি মেদিনী। যাহাকে অভিভব করা যায় না; যাহার নিকটে যাওয়া যায় না; ধর্ষণের যোগ্য নহে।

অধৃষ্যা, স্ত্রী. বিণ. (অ-ধৃষ, ধর্ষণ, য-আ) নদীবিশেষ; ইতি মেদিনী। প্রগল্‌ভা; যে নারীকে ধরা যায় না।

অধেয়, ত্রি. বিণ. (অ-ধা. ধারণ, য) অধরণীয়।

অধৈর্য্য, ত্রি. বিণ. [অ-ধীর, স্থির, ষ্ণ্য] ধীরতা শূন্য; ধৈর্য্য হীন; অস্থির; চঞ্চল; (ক্লী. বি.) ধৈর্য্যাভাব; (স্ত্রী. বিণ.) ধৈর্য্যহীনা; অস্থিরা; যথা—তাহার সহোদরা লুসিয়ানা তাহাকে এইরূপ অধৈর্য্যা দেখিয়া বিবিধ প্রবোধ বচন প্রয়োগ পুরঃসর শান্ত্বনা করিতে যথেষ্ট চেষ্টা পাইল, ইতি সেক্সপিয়র ১২ পৃষ্ঠা।

অধোংশুক, ক্লী. বি. (অধস্-অংশুক, বস্ত্র বিশেষ, ক) পরিধান বস্ত্র, ইতি অমর কোষ। পরিবার কাপড়; পরিচ্ছদ; যথা—পেত্রুসিও যেন পত্নীর সমস্ত কথা বুঝিতে পারিলেন না এবম্বিধ ভাব প্রদর্শন পূর্ব্বক কহিলেন প্রিয়ে! তুমি কি অধোংশুক দর্শনের বাসনা করিতেছ, ইতি সেক্সপিয়র ১৩৫ পৃষ্ঠা।

অধোগত, ত্রি. বিণ. (অধস্-গম, গমন, ক্ত) অবনত; নীচ গামী; নিম্নগামী; নরকগামী; নীচগ।

অধোগতি; স্ত্রী. বি. (অধস্-গম, গমন, ক্তি) জীর্ণ; হজম; নরক পাত; নিম্ন গতি; নীচগতি।

অধোগামী, ত্রি. বিণ. (অধস্-গম, গমন, ণিন্) যে নিম্নে যায়; নিম্নগত; নরক গামী; নরকে যায়।

অধোঘণ্টা, স্ত্রী. বি. (অধস্-ঘণ্ট, উদ্ভিজ্জ বিশেষ, অল-আ) অপামার্গ; বৃক্ষবিশেষ। (বিণ.) নিম্নঘণ্টা।

অধোজিহ্বিকা, স্ত্রী. বি. (অধস্-জিহ্ব, জিব, ইক-আ) তালু মূলস্থ ক্ষুদ্র জিহ্বা; আলজিব।

অধোদন্ত, পুং. বি. (অধস্-দম, দমন, ক্ত) নিম্নের দন্ত; নীচের দাঁত; যথা—পক্ষ সাগরেতে পড়ে অধোদন্তসার। মহারুদ্র ভৈরব বারাহী দেবী তার॥ ইতি ভারতচন্দ্র ৪৫ পৃষ্ঠা।

অধোদৃষ্টি, ত্রি. বিণ. (অধস্-দৃশ, দর্শন, ক্তি) নিম্নদৃষ্টি; নীচ দৃষ্টি; নরক দৃষ্টি; যাহার নীচে দৃষ্টি।

অধোদেশ, পুং. বি. (অধস্-দিশ, দেশ, অল) নিম্নস্থান; অপকৃষ্ট স্থান; গুহ্যদেশ; কুৎসিত স্থান; যথা—পশ্চাৎ ভূভূষণ স্বরূপা যে নগরী উক্ত পুরীকে অধরা অর্থাৎ অপকৃষ্টা অথচ অধোদেশবর্ত্তিনী করিয়াছে। ইতি নৈষধচরিত ৬৯ পৃষ্ঠা।

অধোবদন, ক্লী. বি. (অধস্-বদ, মুখ, অনট) অধোমুখ; হেটমুখ। (বিণ.) যে ব্যক্তির মুখ নিম্নদিকে; যথা—ধনুর্দ্ধরের জ্যাঘাতচিহ্নিত স্বকীয় বৃহৎ ভুজদণ্ডে ধিক্কার করিতে করিতে অধোবদনে প্রস্থান করিলেন। ইতি রঘুবংশ ৮৪ পৃষ্ঠা।

অধোবায়ু, পুং. বি. (অধস্-বায়ু, বাতাস বিশেষ, ক্বিপ্) অপান বায়ু; বাত কর্ম্ম; মরুৎক্রিয়া।

অধোভব, ত্রি. বিণ. (অধস্-ভূ, উৎপত্তি, অল) নীচ; নিম্নস্থিত; নরকস্থ; হেয়; যাহা কুৎসিত স্থানে স্থিত।

অধোভুবন, ক্লী. বি. [অধস্-ভুবন, পৃথিবী, চি] পাতাল; ইতি অমর কোষ। রসাতল; বলীসদ্ম।

অধোমর্ম্ম, ক্লী. বি. (অধস্-মৃ, অঙ্গ বিশেষ, মন্) গুহ্যদ্বার; ইতি হেমচন্দ্র। রহস্য পথ; ভগদ্বার।

অধোমুখ, ত্রি. বিণ. (অধস্-মুখ, বদন, ক) অধোবদন; পাংশুল মুখ; অবাঙ্মুখ; অধোদিকে মুখ।

অধোমুখা, স্ত্রী. বি. (অধস্-মুখ, বদন, ক-আ) গোজিহ্বা বৃক্ষ; (বিণ.) যে স্ত্রীর অধোবদন।

অধোমুখী, স্ত্রী. বিণ. (অধস্-মুখ, বদন, ক-ঈ) নম্রমুখী; নম্রমুখী; হেটমুখী; যথা—মনের বচন, করি আকর্ষণ, জিজ্ঞাসে দ্বিজতনয়। অচলদুহিতা, হইয়া লজ্জিতা, অধোমুখী হয়ে রয়॥ ইতিকুমারসম্ভব ৭৫ পৃষ্ঠা।

অধোক্ষজ, পু. বি. (অধোক্ষ-জন, উৎপত্তি, ড) বিষ্ণু; শ্রীকৃষ্ণ; ইন্দ্রিয়াতীত; ইতিঅমরকোষ। ইন্দ্রিয়াগোচর।

অধ্যগ্নি, ক্লী. বি. (অধি-অগ, ঐশ্বর্য্য, নি) স্ত্রীধন বিশেষ; বিবাহকালে কন্যাকে অগ্নি সমীপে যাহা দেওয়া হয়; যে ধন স্ত্রী ভিন্ন কাহার নয়।

অধ্যণ্ডা, স্ত্রী. বি. (অধি-অণ্ড, দ্রব্য বিশেষ, আ) কপিকচ্ছু, আলকুশী; ইতি অমর কোষ। দ্রব্যবিশেষ।

অধ্যধীন, ত্রি. বিণ. [অধি-অধীন, বশীভূত, চ্বি] অত্যন্ত অধীন; ভৃত্য; অতিশয় বশীভূত, দাস।

অধ্যবসায়, পু. বি. (অধি-অব-সো, যত্নতা, ঘ) অবিচ্ছিন্ন উৎসাহ; যত্ন; আস্থা; সাহস; কর্ম্ম; উত্তম করণের ঔৎসুক্য; কর্ম্ম দৃঢ়তা করণের মানস; অবিশ্রান্ত উদ্যোগ; নিরন্তর অনুষ্ঠান; উদ্যম; যথা—যাহাহউক এক্ষণে চিতাধিরোহণের অধ্যবসায় হইতে পরাঙ্মুখ হও। ইতি কাদম্বরী ৬৮ পৃষ্ঠা।

অধ্যবসায়ী, পু. বিণ. (অধি-অব-সো, যত্নতা, ঘ-আ) অবিচ্ছিন্ন উৎসাহ বিশিষ্ট; যত্ন শীল; উদ্যমী; মনস্থ কর্ত্তা; চেষ্টাবিশিষ্ট; উৎসাহবান্।

অধ্যয়ন, ক্লী. বি. (অধি-ই, অধ্যয়ন, অনট) পাঠ; পঠন; পড়া; পুস্তকাদি আবৃত্তি করণ; পড়ন; যথা—তিনিও অনন্যমনা ও ক্রীড়াশক্তি রহিত হইয়া ক্রমে ক্রমে সমস্ত বিদ্যা অধ্যয়ন করিলেন। ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

অধ্যয়নোপযুক্ত, ত্রি. বিণ. (অধ্যয়ন-উপ-যুজ, যোগ ক্ত) পঠনের উপযুক্ত; পাঠের যোগ্য; পড়ার উপযুক্ত।

অধ্যশন, ক্লী. বি. (অধি-অশন, ভক্ষণ, অল) বারম্বার ভক্ষণ; পুনঃপুন ভোজন; মুহুর্মুহু আহারকরণ।

অধ্যস্ত, ত্রি. বিণ. (অধি-অস, কল্পনা, ক্ত) আরোপিত; কল্পিত; কৃতাধ্যাস; মিথ্যা গঠিত; রচিত।

অধ্যক্ষ, পু. বি. (অধি-অক্ষ, দর্শন, অল) ক্ষীরিকা বৃক্ষ; উৎভিজ্জ বিশেষ; (ত্রি. বিণ.) প্রত্যক্ষ; ইন্দ্রিয় জন্য জ্ঞান; অধিকৃত; আয়ব্যয়াদি নিরীক্ষক; ইতি অমর কোষ। কর্ম্ম কর্ত্তা; তত্ত্বাবধারক; যথা—রাজা ঐ বালককে বহুবিদ্যায় নিপুণ দেখিয়া নিজ পুস্তকালয়ের অধ্যক্ষ ও পুরাবৃত্তের অধ্যাপকের পদে নিযুক্ত করিলেন। ইতি চরিতাবলী ১০ পৃষ্ঠা।

অধ্যক্ষতা, স্ত্রী. বি. (অধি অক্ষ, দর্শন, তা) কর্ত্তৃত্ব; তত্ত্বাবধারকতা; প্রত্যক্ষতা; আয়ব্যয়াদি নিরীক্ষণতা।

অধ্যক্ষর, ক্লী. বি. (অধি-অক্ষর, ওঁকার, অল) ওঁকার; ওঁ; প্রণব; আদ্যবীজ; প্রথম বীজ।

অধ্যাত্ম, ত্রি. বিণ. [অধি-আত্মন্, আত্মা, চ্বি) আত্ম সম্বন্ধী; আত্মবিষয়ক; পরমাত্ম বিষয়ক; আত্ম সম্পর্কীয়।

অধ্যাত্ম বিদ্যা, স্ত্রী. বি. (অধ্যাত্ম-বিদ, জ্ঞান, ক্যপ্-আ) ব্রহ্ম বিদ্যা; আত্মতত্ত্ব বিষয়ক শাস্ত্র; ব্রহ্মজ্ঞান।

অধ্যাত্ম দৃশ, পু. বি. (অধ্যাত্ম-দৃশ, দর্শন, ক্বিপ্) ঋষি; মুনি; যে পরমাত্ম বিষয় দেখিতে সক্ষম।

অধ্যাত্ম রতি, পু. বি. (অধ্যাত্ম-রম, চিন্তা, ক্তি) যে সর্ব্বদা ঈশ্বরের ধ্যান করে; পরমাত্ম চিন্তা; ব্রহ্মচিন্তা।

অধ্যাপক, ত্রি. বিণ. (অধি-ই, অধ্যয়ন, ণক) অধ্যাপন কর্ত্তা; পাঠ গুরু; অধ্যাপয়িতা; উপাধ্যায়; ইতি অমরকোষ। শাস্ত্রাদি শিক্ষক; আচার্য্য; উপদেশক; যথা—অশেষ বিদ্যা পারদর্শী মহোপাধ্যায় অধ্যাপকগণ অতি যত্নে আনীত ও শিক্ষাপ্রদানে নিযোজিত হইলেন। ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

অধ্যাপন, ক্লী. বি. (অধি-ই অধ্যয়ন, অনট) পাঠন; বিদ্যাদান; ব্রাহ্মণদিগের ষট কর্ম্মান্তর্গত কর্ম্ম; ষট কর্ম্ম—যথা—যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতি গ্রহ ইতি। শিখান; শিক্ষাদান; যথা—অধর্ম্মানুসারে অধ্যাপন ও অধ্যয়ন করিলে অধ্যাপক ও ছাত্র উভয়ই পাপগ্রস্ত বা বৈরভাব প্রাপ্ত হইয়া থাকে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০৭ পৃষ্ঠা।

অধ্যাপনা, স্ত্রী. বি. (অধি-ই, অধ্যয়ন, অন—আ) অধ্যয়ন করান; শিক্ষাদান; পাঠ দেওন; পড়ান; যথা—কলিকাতাস্থ বিদ্যালয় সমুদায়েও যে প্রকার প্রণালী ক্রমে অধ্যয়ন অধ্যাপনা সম্পন্ন হয় তাহাও উত্তম নহে, ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ২ ভাগ ৫৫ পৃষ্ঠা।

অধ্যাপনীয়, ত্রি. বিণ. (অধি-ই, অধ্যয়ন, অনীয়)

পাঠনীয় ; উপদেশ্য ; শিক্ষাদানেরযোগ্য ; শিক্ষনীয়।
অধ্যাপিত, ত্রি. বিণ. (অধি-ই, অধ্যয়ন, ক্ত) পাঠিত ; গ্রাহিত বিদ্য ; যাহাকে পাঠ দেওয়া হইয়াছে।
অধ্যাবাহনিক, ক্লী. বি. (অধি আ-বহ, বহন, অনট ইক) স্ত্রীধন বিশেষ; বিবাহের পর স্বামি গৃহে গমনার্থ পিতৃকুল হইতে স্ত্রীলোক যাহা প্রাপ্ত হয়।
অধ্যায়, পু. বি. (অধি-ই, অধ্যয়ন, ঘঞ) বেদাদি শাস্ত্রের বা যে কোন গ্রন্থের পরিচ্ছেদ ; সর্গ ; বর্গ ; স্কন্ধ ; অঙ্ক ; উল্লাস ; উচ্ছ্বাস ; কাণ্ড ; স্তবক ; পটল ; প্রকরণ ; পাঠ ; উদ্ঘাত ; সংগ্রহ ; পরিবর্ত্ত ; স্থান ; পর্ব্ব ; আহ্নিক ; পাদ প্রভৃতি ; উদ্যোগ ; বিরচন।
অধ্যারূঢ়, ত্রি. বিণ. (অধি-আ-রুহ, আরোহণ, ক্ত) সমারূঢ় ; কৃতারোহণ ; অত্যধিক ; অতিশয় ; ইতি মেদিনী। যে আরোহণ করিয়াছে ; অধিক ; চড়া ; যে চড়িয়াছে ; যে ব্যক্তি উঠিয়াছে ; আরোহিত।
অধ্যারোপ, পু. বি. (অধি-আ-রুপ, কল্পনা, অল) কল্পনা ; অধ্যাস ; আরোপ ; মিথ্যা ; অনৃত।
অধ্যারোহণ, ক্লী. বি. (অধি-আ-রুহ, আরোহণ, অনট) আরোহণ ; চড়ন ; নীচে হইতে উর্দ্ধে গমন।
অধ্যাস, পু. বি. (অধি-আস, আরোপ, অল) আরোপ ; এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা ; ভ্রম ; নিবাস।
অধ্যাসন, ক্লী. বি. (অধি-আস, স্থিতি, অনট) অধিষ্ঠান ; অধিরোহণ ; উপবেশন ; উপবিষ্ট হওন। যথা—সে সময় ভূপতি ভূরুহতলে তৃণাসন অধ্যাসন পুরঃসর সুহৃদ্বর্গের সহিত ভোজন করিতেছিলেন। ইতি সেক্সপিয়র ৪৮৮ পৃষ্ঠা।
অধ্যাসিত, ত্রি. বিণ. (অধি-আস, অবস্থান, ক্ত) বাস করা স্থান ; ভূমি ; গৃহ প্রভৃতি ; কৃতনিবাস ; যে স্থানে বসতি করা যায় ; (ক্লী. বি.) আক্রমণ।
অধ্যাসীন, ত্রি. বিণ. (অধি-আস, আসন, শান) উপবিষ্ট ; আসনস্থ ; কৃতাধিবেশন ; কৃতোপবেশন। যথা—বৈশম্পায়ন কহিলেন, হে ভরতর্ষভ! মহানুভব পাণ্ডব ও গন্ধর্ব্বগণ তথায় অধ্যাসীন হইলে, ইতি মহাভারত সভাপর্ব্ব ৬ পৃষ্ঠা।
অধ্যাহরণ, ক্লী. বি. (অধি-আ-হৃ, হরণ, অনট) অধ্যাহার ; তর্কণ ; উহন ; অসম্পূর্ণ বাক্যের পূরণার্থ পদান্তর যোজনা ; উহ্য করা ; কল্পনা করণ ; উহ্য করণ ; বিতর্ক করণ ; সংশয় করণ ; বিবেচন।
অধ্যাহার, পু. বি. (অধি-আ-হৃ, হরণ, ঘঞ) তর্ক ; উহ্য ; অস্পষ্টার্থ শব্দের শব্দান্তর কল্পনা দ্বারা অর্থ স্পষ্টী করণ ; বাক্য পূরণার্থে পদ যোজন ; আকাঙ্ক্ষা পূরক পদানুসন্ধান ; যে কথা দ্বারা বাক্য পূর্ণ হয়।
অধ্যুষিত, ত্রি. বিণ. (অধি-বস, বাস, ক্ত) বসতিকৃত ; অধ্যাসিত ; যে স্থানে বা যে দিকে বাস করা যায় ; যে স্থানে উপবেশন করা যায় ; যেখানে বসা যায়।
অধ্যুষ্ট, ত্রি. বিণ. (অধি-বস, সংখ্যাবিশেষ, ক্ত) সার্দ্ধত্রিসংখ্যা ; সাড়ে তিন ; অধিকার্থ তিন সংখ্যা।
অধ্যুষ্ট্র, পু. বি. (অধি-উষ্ট্র, জন্তুবিশেষ, অল) উষ্ট্রযুক্ত রথ ; উষ্ট্র বাহ্য প্রেস্থ ; উষ্ট্রবাহ্য যান ; ইতি হারাবলী। যে রথ বা গাড়ী উষ্ট্রে টানে।
অধ্যূঢ়, পু. বি. (অধি-বহ, উন্নতি, ক্ত) মহেশ্বর ; ইতি মেদিনী। (ত্রি. বিণ.) অধিক বৃদ্ধিযুক্ত ; সমৃদ্ধ ; উন্নতি ; ইতি ধরণী। অতিশয় ; বহুল।
অধ্যূঢ়া, স্ত্রী. বি. (অধি-বহ, উদ্বাহ, ক্ত আ) প্রথম বিবাহিতা স্ত্রী. কৃতসাপত্নিকা ; পরিণীতা ; অধিবিন্না ; যে স্ত্রীর পতি পুনর্ব্বার বিবাহ করে।
অধ্যেতব্য, ত্রি. বিণ. (অধি-ই, অধ্যয়ন, তব্য) অধ্যয়নের উপযুক্ত ; ছাত্রযোগ্য ; যাহা পড়া উচিত।
অধ্যেতা, পু. বি. (অধি ই, অধ্যয়ন, তৃন্) অধ্যয়নকর্ত্তা ; ছাত্র ; শিষ্য ; পাঠক ; যে ব্যক্তি অধ্যয়ন করে।
অধ্যেষণা, ক্লী. স্ত্রী. বি. (অধি-ইষ, ইচ্ছা, অন) যাচ্ঞা ; ইতি হেমচন্দ্র। প্রার্থনা ; বিনয় পূর্ব্বক জিজ্ঞাসা ; প্রশ্ন ; আদর পূর্ব্বক চাওয়া ; ভিক্ষাকরণ।
অধ্রীয়মান, ত্রি. বিণ. (অ-ধৃ, ধরণ, শান) ধরণের অনুপযুক্ত ; যাহা ধরা যায় না ; ধৃত করণাযোগ্য।
অধ্রুব, ত্রি. বিণ. (অ-ধ্রু, নিশ্চয়তা, ব) অনিশ্চিত ; ক্ষণভঙ্গুর ; ক্ষণধ্বংসী ; যাহা অনেক ক্ষণ থাকে না।
অধ্ব, পু. বি. (অধ্ব, পথ, অন্) বর্ত্ম ; পথ ; মার্গ ; যথা—সে যাহা হউক অধ্বমধ্যে গহ্বর দেখিয়া এক্ষণে তাঁহার আশা হইল ঐ স্থানে অবশ্য মনুষ্যের বসতি আছে, ইতি সেক্সপিয়র ৪৩৯ পৃষ্ঠা।
সময় ; পরাভব ; রাস্তা ; অভিভব ; প্রতিজ্ঞা।
অধ্বগ, পু. বি. (অধ্ব-গম, গমন, ড) পথিক ; পান্থ ; ইতি অমরকোষ। উষ্ট্র ; সূর্য্য ; খেসর ; খচর ; ইতি হেমচন্দ্র। যে ব্যক্তি পথে যায় ; গমনশীল।
অধ্বগভোগ্য, পু. বি. (অধ্বগ-ভুজ, ভোগ, য) আম্রা-

তক বৃক্ষ, উদ্ভিজ্জবিশেষ; ইতি ত্রিকাণ্ডশেষ।

অধ্বগমনখেদ, পু. বি. (অধ্বগমন-খিদ, খেদ, অল) পথগমন দুখ; পথগমন ক্লেশ; যথা—সুতরাং অধ্বগমন খেদ কিঞ্চিন্মাত্রও জানিতে পারিলেন না। ইতি রঘুবংশ ৮১ পৃষ্ঠা।

অধ্বগা, স্ত্রী. বি. (অধ্ব-গম, গমন, ড-আ) গঙ্গা; ভাগীরথী; জাহ্নবী; বিষ্ণুপদী; ত্রিপথগা।

অধ্বজা, স্ত্রী. বি. (অধ্ব-জন, উদ্ভিজ্জবিশেষ, ড-আ) স্বর্ণুলী বৃক্ষ; উদ্ভিজ্জবিশেষ; ইতি রাজনির্ঘণ্ট।

অধ্বন, পু. বি. (অধ্ব, পথ, ক্ত) পথ; সময়; পরাভব; স্থাপন; রক্ষণ; কাল; (ত্রি. বিণ.) শব্দশূন্য; রবহীন।

অধ্বনি, ত্রি. বিণ. (অ-ধ্বন, শব্দ, ই) শব্দবিহীন; ধ্বনিরহিত; রব ভিন্ন; যে স্থানে শব্দ নাই; শব্দ ভিন্ন।

অধ্বনীন, ত্রি. বিণ. [অধ্বন, পথ, ঈন্] পথিক; ইতি অমরকোষ। পর্য্যটক; ভ্রমনকর্ত্তা; পান্থ; পথভ্রমী; পর্য্যটনকারী; সূর্য্য; যে ব্যক্তিরা পথে চলিয়া যায়; যথা—অধ্বনীনগণ অ.গমনে বিরত হইয়া সমীপাশ্রমেই আশ্রয় লইতে আরম্ভ করিল, ইতি রোমাবতী ২৪ পৃষ্ঠা।

অধ্বন্য, ত্রি. বিণ. [অধ্বন, পথ, য] পথিক; পথভ্রমী; পর্য্যটনকারী; সূর্য্য; যে পথে যাইবার উপযুক্ত।

অধ্বর, পু. বি. (অধ্ব রা, দান, ড) যাগ; যজ্ঞ; বসুভেদ; সাবধান; ইতি মেদিনী। মনোযোগী; অষ্টবসুর মধ্যে এক জন; অবধানতা; সচেতন।

অধ্বরথ, পু. বি. (অধ্বন্ রথ, রথ, অল) অধ্বরথ; পথে গমনোপযুক্ত রথ; পথি ঘাতিক; ইতি হেমচন্দ্র।

অধ্বর্য্যু, পু. বি. (অধ্বর, ব্যক্তিবিশেষ, য়ু) যজুর্ব্বেদবেত্তা; যজুর্ব্বেদজ্ঞ ব্রাহ্মণ; যজুর্ব্বেদজ্ঞ হোমকর্ত্তা বিশেষ। (বিণ.) যে ব্রাহ্মণ যজুর্ব্বেদ পরিজ্ঞাত।

অধ্বশলা, পু. বি. (অধ্ব-শল, উদ্ভিজ্জবিশেষ, য) অপামার্গ; আপাং গাচ; উদ্ভিজ্জবিশেষ।

অধ্বশ্রম, পু. বি. (অধ্ব-শ্রম, পরিশ্রম, অল) পথক্লেশ; পথগমন ক্লান্তি; পথপরিশ্রম; যথা—তাহার সুশীতল বায়ু সেবনে অধ্বশ্রম অপনীত করিয়া তথায় শিবির সন্নিবেশ করিতে আদেশ দিলেন। ইতি রঘুবংশ ১৩১ পৃষ্ঠা।

অধ্বা, পু. বি. [অধ্বন্, পথ, প্রথমা বিভক্তি] পন্থা; পথ; সময়; কাল; সংস্থান; অবস্কন্দ; ইতি মেদিনী। শাস্ত্র; স্কন্ধ; অধ্বগমন জন্য গুণ; মেদ।

অধ্বান্ত, ক্লী. বিণ. (অ-ধ্বান্ত, অন্ধকার, অল) অন্ধকারবিহীন; তমোবিহীন; তেজোভাব নহে; আলোক।

অনংশুমৎফলা, স্ত্রী. বি. (অনংশুমৎ-ফল, ফলবিশেষ, ও আ) কদলী ফল; কলা; রম্ভা; ইতি জটাধর।

অন, ক্লী. বিঁ. (অন, জীবন, অস্) শকট; অন্ন; জননী; জন্ম; ইতি উণাদিকোষ। যান; যানবিশেষ।

অনক, ত্রি. বিণ. (অন, নীচ, অক) অধক; অধম; নীচ; হেয়; কুৎসিত; নিন্দিত; অতি অগ্রাহ্য।

অনগার, পু. বি. (অন্-অগার, গৃহ, অল) ঋষি; মুনি; ইতি হেমচন্দ্র। (ত্রি. বিণ.) অগারশূন্য।

অনগ্ন, ত্রি. বিণ. (অ-নস্জ, বিবস্ত্র, ক্ত) বিবস্ত্র নহে; নেঙ্গটা নয়; দিগম্বর নয়; যে সন্ন্যাসী নয়; সবস্ত্র।

অনগ্নি, পু. বি. (অন্-অগ, আগুন, নি) নিরগ্নি; শ্রুতি স্মৃতি বিহিত কর্ম্মহীন; অগ্নির অভাব।

অনঘ, ত্রি. বিণ. (অন্-অঘ, পাপ, অল) অপাপ; নির্ম্মল; মনোজ্ঞ; ইতি মেদিনী। পবিত্র; নিষ্পাপ; মলাশূন্য; কলুষহীন; শুদ্ধ; যাহা পরিষ্কার করা।

অনঘাচ, ক্লী. বি. (অনঘা-অচ, পরিমাণ, অল) তাল; গানের পরিমাণ বিশেষ; কর দ্বয়ের শব্দ।

অনঙ্গ, ক্লী. বি. (ন+অঙ্গ। অন্-অঙ্গ, অবয়ব, অল) আকাশ; মন; ইতি মেদিনী। (পু.) কামদেব; যথা—আশ্বাসি মদনে, হাসি কহিল শঙ্করি; চল রঙ্গে মোর সঙ্গে নির্ভয় হৃদয়ে, অনঙ্গ। ইতি মেঘনাদবধ কাব্য ৫৩ পৃষ্ঠা।

কন্দর্প; (ত্রি. বিণ.) অঙ্গরহিত; যাহার অঙ্গ ন

অনঙ্গক, পু. বি. (অন্-অঙ্গ, অবয়ব, অক) চিত্ত; মনঃ; কামদেব; অঙ্গরহিত; যাহার অঙ্গ নাই।

অনঙ্গপীড়া, স্ত্রী. বি. (অনঙ্গ-পীড়, রোগ, ও আ) কামপীড়া; মদনযাতনা; যথা—মূঢ়েরাই অনঙ্গপীড়ায় অধীর হয়। ইতি কাদম্বরী ৫৭ পৃষ্ঠা।

অনঙ্গবিলাস, পু. বি. (অনঙ্গ-বিলাস, রমণ, অল) কামলীলা; কামরমণ; যথা—কন্দমূল ফলাশী বনবাসীর মনে অনঙ্গবিলাস সঞ্চারিত হইবে ইহা স্বপ্নের অগোচর ইতি কাদম্বরী ৫৪ পৃষ্ঠা।

অনঙ্গাসুহৃৎ, পু. বি. (অনঙ্গ-আ-সু-হৃ, অপ্রিয়, ক্বিপ্) শিব; মহাদেব; ইতি হেমচন্দ্র। কামদেববৈরি।

অনচ্ছ, ত্রি. বিণ. (ন+অচ্ছ। অন্-অচ্ছ, নির্ম্মল,

অল) আবিল; অনির্ম্মল; কলুষ; মলাযুক্ত।

অনঞ্জন, ক্লী. বি. (অন্-অন্জ, শূন্যতা, অনট) আকাশ; (ত্রি. বিণ.) অঞ্জনশূন্য; কাজলহীন।

অনডুজ্জীহ্বা, স্ত্রী. বি. (অনডুৎ-জিহ্ব, জিব্, ঙ-আ) গোজিহ্বা বৃক্ষ; ইতি রাজনির্ঘণ্ট। উদ্ভিজ্জবিশেষ।

অনডুহ, পু. বি. (অনস্-বহ, বহন, অল) বৃষ; বলদ; বলীবর্দ্দ; ষাঁড়; দামড়া; অনড্বান্।

অনডুহী, স্ত্রী. বি. (অনস্-বহ, বহন, ঙিন্) অনড্বাহী; গাই; স্ত্রীগো; ধেনু; গাভী; গবী।

অনড্বান্, পু. বি. [অনডুৎ, বৃষ, প্রথমা বিভক্তি] বৃষ; ষাঁড়; এঁড়া; ইহার পরিচয়—যথা—গো; ভদ্র; বলীবর্দ্দ; দম্য; দান্ত; স্থির; বলী; উক্ষা; ককুদ্মান্; ঋষভ; বৃষভ; বৃষ; ধুর্য্য; ধুরীয়; ধৌরেয়; শাঙ্কর; শিববাহন; রোহিণীরমণ; বোঢ়া; গোনাথ; সৌরভেয়ক; ইতি রাজনির্ঘণ্ট।

অনড্বাহী, স্ত্রী. বি. [অনডুহ, বৃষ, ঙীন্] অনডুহী; স্ত্রীগবী; গাই; ইতি হেমচন্দ্র। গবী; ধেনু।

অনণু, পু. বি. (ন+অণু। অন্-অণু, সূক্ষ্ম, ক্বিপ্) মটরপ্রভৃতি; মোটাধান; অক্ষুদ্রবিষয়; যাহা সূক্ষ্মনয়।

অনতিক্রম, পু. বি. (অনতি-ক্রম, ক্রম, অল) সীমালঙ্ঘন নহে; অনুত্তীর্ণ; অতিক্রম নয়; অপারগত।

অনতিক্রমণীয়, ত্রি. বিণ. (ন-অতি-ক্রম, পাদবিক্ষেপ, অনীয়) অতিক্রমণীয় নহে; যাহা অতিক্রমের অযোগ্য; যথা—সেই ব্রহ্ম অনতিক্রমণীয় ও অজ্ঞানরূপ অন্ধকারের অতীত, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৮১ পৃষ্ঠা।

অনতিতীব্র, ত্রি. বিণ. (ন-অতি-তীব্র, কটু, অল) অতি কটু নয়; অত্যন্ত উগ্র নয়; অতিশয় তীক্ষ্ণ নয়; যথা—তৎপরে অযোধ্যায় উপস্থিত হইয়া অনতিতীব্র কর্ম্ম দ্বারা ধর্ম্মজ্ঞ মহাবল দীর্ঘযজ্ঞকে জয় করিলেন। ইতি মহাভারত সভাপর্ব্ব ৪১ পৃষ্ঠা।

অনতিদূরবর্ত্তী, ত্রি. বিণ. (ন-অতি-দূর-বৃত, বর্ত্তন, ণিন্) অতি দূরে নয়; নিকটবর্ত্তী; সন্নিকটে; যথা—রাজার গৃহ মহাকালের অনতি দূরবর্ত্তী। ইতি রঘুবংশ ৪২ পৃষ্ঠা।

অনতিদূরে, ক্রিবিণ. (ন-অতি-দূর, অন্তর, এ) অতিদূরে নয়; নিকটে; যথা—অন্তঃপুর বৃদ্ধারা অনতিদূরে উপবিষ্ট হইয়া প্রবোধ বাক্যে আশ্বাস প্রদান করিতেছে। ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অনতিপরিস্ফুট, ত্রি. বিণ. (ন অতি-পরি-স্ফুট, ব্যক্ত, ক) অতিপরিস্ফুট নয়; অস্পষ্ট; অব্যক্ত; যথা—অনতিপরিস্ফুট জন্মান্তরীণ সংস্কারবশাৎ উভয়ের পুনর্ম্মিলন হইল; ইতি রঘুবংশ ৫০ পৃষ্ঠা।

অনতিবিলম্ব, পু. বি. (ন-অতি-বি-লম্ব, অধিক সময়, অল) অতি বিলম্ব নহে; অতি দেরি নয়; অত্যন্ত গৌণ নহে; শীঘ্র; যথা—তাহাতেও অনতিবিলম্বেই কৃতবিদ্য হইলেন। ইতি রঘুবংশ ১৪৪ পৃষ্ঠা।

অনতিরিক্ত, ত্রি. বিণ. (অন্-অতি-রিচ, অধিক, ক্ত) অতিরিক্ত নহে; কম; অল্প; যাহা অধিক নয়।

অনতিসন্তুষ্ট, ত্রি. বিণ. (ন-অতি-সং-তুষ, সন্তোষ, ক্ত) অতিসন্তুষ্ট নয়; অনাহ্লাদিত; যথা—তন্নিমিত্ত অনতি সন্তুষ্টচিত্তে তাঁহারে সেই অস্ত্র প্রদান পূর্ব্বক কহিলেন, ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ২২ পৃষ্ঠা।

অনদ্য, পু. বি. (অনদ, দ্রব্যবিশেষ, য) গৌর সর্ষপ; শস্য বিশেষ; ইতি রাজনির্ঘণ্ট। শ্বেতসরিষা।

অনধিকার, ত্রি. বিণ. (অন্-অধি-কৃ, করণ, ঘঞ) অধিকাররহিত; স্বত্বহীন; দখলশূন্য; প্রভুত্বহীন।

অনধিকৃত, ত্রি. বিণ. (অন্-অধি-কৃ, করণ, ক্ত) অধিকৃত নহে; যাহা অধিকার হয় নাই; দখল করা হয় নাই; যাহাতে প্রভুত্ব সম্পাদন হয় নাই; যথা—অজরাজা অনধিকৃত রাজ্য লাভার্থ রাজনীতি বিশারদ মন্ত্রিবর্গের সহিত মিলিত হইলেন, ইতি রঘুবংশ ৫৭ পৃষ্ঠা।

অনধিগত, ত্রি. বিণ. (অন্-অধি-গম, গমন, ক্ত) অনবগত; অপ্রাপ্ত; অজ্ঞাত; যাহা জানা নয়।

অনধিষ্ঠিত, ত্রি. বিণ. (অন্-অধি-স্থা, স্থিতি, ক্ত) অধিষ্ঠিত নহে; অনুপস্থিত; যে অধিষ্ঠান হয় নাই।

অনধীন, ত্রি. বিণ. (অন্-অধি-ইন, গতি, অল) অনায়ত্ত; পরবশ নহে; বশতাপন্ন নয়; অধীন নয়।

অনধীনতা প্রযুক্ত, ত্রি. বিণ. (অনধীনতা-প্র-যুজ, জন্যতা, ক্ত) অধীনতা জন্য নহে; অনধীনতা হেতুক।

অনধ্যক্ষ, ত্রি. বিণ. (অন্-অধি-অক্ষ, দর্শন, অল) অপ্রত্যক্ষ; অধ্যক্ষ ভিন্ন; যাহা প্রত্যক্ষ হয় নাই।

অনধ্যায়, ত্রি. বিণ. (অন্-অধি-অ-ই, অধ্যয়ন, অল) পাঠশূন্য; পড়াবিহীন; শিক্ষার অযোগ্য; বেদ

পুরাণাদির পরিচ্ছেদ নহে ; পটল নহে ; স্তবক নয়।
অনু, ক্রিবিণ. (ন+অনু) উপসর্গবিশেষ নয় ; অপশ্চাৎ ; সহ নহে ; পশ্চাতে নয় ; পরেতে নয়।
অননুকুল, ত্রি. বিণ. (অন্-অনু-কুল, সহায়তা, ক) অনুকুল নহে ; সহায় হীন ; অননুগ্রাহী ; দয়াশূন্য।
অননুগত, ত্রি. বিণ. (অন্-অনু-গম, গমন, ক্ত) অনাশ্রিত ; যে ব্যক্তি শরণাগত নয় ; অনধীন।
অননুভবনীয়, ত্রি. বিণ. (অন্-অনু-ভু, উৎপত্তি, অনীয়) যাহা অনুভবের যোগ্য নয় ; উপলব্ধির অযোগ্য ; জ্ঞানের অনুপযুক্ত ; যাহা বোধ যোগ্য নহে।
অননুমতি, স্ত্রী. বি. (অন্-অনু-মন, আজ্ঞা, ক্তি) অসম্মতি ; আজ্ঞা নহে ; অনুজ্ঞা নয় ; অনির্দ্দেশ।
অননুমেয়, ত্রি. বিণ. (অন্-অনু-মা, অনুমান, য) যাহা অনুমানের অযোগ্য ; অনুমেয় নহে।
অননুষ্ঠান, ক্লী. বি. (অন্-অনু-স্থা, স্থিতি, অনট) অনারম্ভ ; অনুপক্রম ; অনাচরণ ; অনুদ্যোগ।
অনন্ত, ক্লী. বি. (ন×অন্ত। অন্-অম্-তন, শেষ, ড) আকাশ ; অভ্রক ; ইতি অমরকোষ। (পু.) বিষ্ণু ; ইতি মেদিনী। বলদেব ; সর্পরাজ ; ইতি হেমচন্দ্র। শেষ নাগ ; বাসুকী ; সিন্ধুবার বৃক্ষ ; (ত্রি. বিণ.) অন্ত রহিত ; অনবধি ; অশেষ ; অসীম ; অনশ্বর ; যাহার অন্ত নাই ; ইতি মেদিনী। অপরিনাম ; (স্ত্রী. বি.) পৃথিবী ; দুর্গা ; দুর্ব্বা ; শক্তিবিশেষ।
অনন্তচতুর্দ্দশী, স্ত্রী. বি. [অনন্ত-চতুর্দ্দশ, চৌদ্দ, ঈ] তিথিবিশেষ ; যে চতুর্দ্দশীতে অনন্ত ব্রত হয় ; ভাদ্রমাসের শুক্লা চতুর্দ্দশী ; যে দিবসে অনন্ত পূজা হয়।
অনন্তবিজয়, পু. বি. (অনন্ত-বি-জি, জয়, অল) রাজা যুধিষ্ঠিরের শঙ্খ ; যাহা দ্বারা সকল জয় হয়।
অনন্তবীর্য্য, পু. বি. (অনন্ত-বীর, ক্ষমতা, য) অপরিসীম পরাক্রম ; যাহার ক্ষমতার সীমা নাই ; যথা— দুর্য্যোধন কি অনন্তবীর্য্য অনন্তদেবকে পরাজিত করিতে অভিলাষ করে, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৯০ পৃষ্ঠা।
অনন্তভাব, পু. বি. (অনন্ত-ভূ, উৎপত্তি, ঘঞ) নানাপ্রকার মর্ম্ম ; নিত্যতা ; যে ভাবের অন্ত নাই।
অনন্তমূল, পু. বি. (অনন্ত-মূল, শিকড়, ক) বৃক্ষবিশেষ ; (ত্রি.) যে মূলের অন্ত নাই ; শেষশূন্য মূল।
অনন্তর, ত্রি. বিণ. (ন+অন্তর। অন্-অন্তর, ব্যবধান, অ) অনবকাশ ; অন্তর রহিত ; অব্যবহিত ; সংসক্ত ; অপটান্তর ; ইতি হেমচন্দ্র। পশ্চাদ্বর্ত্তী ; নিকটবর্ত্তী ; সন্নিহিত ; (ক্লী.) পশ্চাৎ ; অব্যবধান ; সমীপ ; পরে ; যথা—অনন্তর তাপসেরা কহিলেন মহারাজ ! ঐ মালিনী নদীর তীরে আমাদিগের গুরু মহর্ষি কণ্বের আশ্রম দেখা যাইতেছে। ইতি শকুন্তলা ২ পৃষ্ঠা।
অনন্তরজ, ত্রি. বিণ. (অনন্তর-জন, জন্মান, ড) পশ্চাৎজাত ; জারজ ; ক্ষত্রিয়ার গর্ব্ভে ব্রাহ্মণের ঔরষজাত।
অনন্তশীর্ষ, পু. বি. (অনন্ত-শীর্ষ, মস্তক, অল) বাসুকি ; অসংখ্যক মস্তক ; যাহার মস্তকের সংখ্যা নাই।
অনন্তশীর্ষা, স্ত্রী. বি. (অনন্ত-শীর্ষ, মস্তক, অল-আ) বাসুকিপত্নী ; যাহার মস্তকের সংখ্যা নাই।
অনন্তা, স্ত্রী. বি. (অন্-অম্-তন, শেষ, ড-আ) অসংখ্যা ; শেষহীনা ; পৃথিবী ; পার্ব্বতী ; অগ্নিশিখা বৃক্ষ ; শ্যামালতা ; দুর্ব্বা ; পিপ্পলী ; দুরালভা ; হরীতকী ; আমলকী ; গুড়ুচী ; ইতি মেদিনী। যবাস ; শ্বেতদুর্ব্বা ; নীলদূর্ব্বা ; অগ্নিমন্থ বৃক্ষ ; ইতি রাজনির্ঘণ্ট। অনন্তমূল ; ইহার পরিচয়—গোপবল্লী ; করালা ; সুগন্ধা ; ভদ্রবল্লিকা ; ভদ্রা ; নাগজিহ্বা ; ইতি রত্নমালা। গোপী ; শ্যামা ; শারিবা ; উৎপলশারিবা ; ইতি অমরকোষ। ইহার গুণ যথা—মলবন্ধকারক ; রক্তপিত্তনাশক, এবং শীতল গুণবিশিষ্ট।
অনন্য, ত্রি. বিণ. (অন্-অন, ভিন্নতা, য) অভিন্ন ; অন্য নহে ; সেই ; একই ; তাহাই ; সমান ; যথা— তুমি জ্ঞাতি ও বন্ধুগণের অনন্য অবলম্বন ছিলে, ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩ পৃষ্ঠা।
অনন্যগতি, স্ত্রী. বি. (ন-অন্য-গম, গমন, ক্তি) গত্যন্তর অভাব ; অন্যগতি নাই ; একাশ্রয় ; যথা—আজি আপনিই আমাদিগের অনন্যগতি। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১৩ পৃষ্ঠা।
অনন্যগতিক, ত্রি. বিণ. (অনন্য-গম, গমন, ক্তি-ক) গত্যন্তররহিত ; একাশ্রয় ; কেবল একের শরণাপন্ন।
অনন্যজ, পু. বি. (অন্-অন্য-জন, উৎপত্তি, ড) কন্দর্প ; কামদেব ; মদন ; মন্মথ ; ইতি অমরকোষ।
অনন্যপূর্ব্ব, ত্রি. বিণ. [অনন্য-পূর্ব্ব, পশ্চাৎ, কন্] অনুপম ; অতুল্য ; উপমারহিত ; যাহার সদৃশ নাই।
অনন্যবৃত্তি, ত্রি. বিণ. (অনন্য-বৃত, বর্ত্তন, ক্তি) এক মাত্রবৃত্তি ; একতান ; একাগ্র ; একায়ন ; একনিষ্ঠ ;

একসর্গ; ত্রকাগ্র্য; একানয় নগত; ইতি অমরকোষ।
অনন্যভেদ্য, ত্রি. বিণ. (অন-অন্য-ভিদ, ভেদ, য) অন্যভেদ্য নয়; যে অন্য দ্বারা ভেদনীয় নহে; যথা—যে ভৃত্য দর্পশূন্য, সামর্থ্যশালী, ক্ষিপ্রকারী, সদয়স্বভাব, সুদৃশ্য অনন্যভেদ্য, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬৪ পৃষ্ঠা।
অনন্যমনা, স্ত্রী. বি. (অন-অন্য-মন, চিন্তা, অস্) অনন্যমনা নয়; যে কামিনীর মন এক বিষয়ে অভিভূত; যথা—তৎকালে অবলাগণকে একান্ত অনন্যমনা দেখিয়া বোধ হইতে লাগিল, ইতি রঘুবংশ ৫০ পৃষ্ঠা।
অনন্যহৃত, ত্রি. বিণ. (অনন্য-হৃ, হরণ, ক্ত) অচৌর্য্য; চুরিকরা নহে; অপহৃতনয়; যাহা অন্যে চুরিকরেনাই।
অনন্বিত, ত্রি. বিণ. (অন্-অনু-ই, গমন, ক্ত) সংযোগহীন; বিয়োগ; অবিশিষ্ট; মিশ্রণশূন্য।
অনপচয়, ত্রি. বিণ. (অন্-অপ-চি, ক্ষতি, অল) ক্ষতিরহিত; অবিনষ্ট; যাহা নষ্ট হয় নাই; হানিশূন্য।
অনপচিত, ত্রি. বিণ. (অন-অপ-চি, বিনষ্ট, ক্ত) অপচয়বিশিষ্ট নয়; যাহা অপচয় হয় নাই; যথা—রাজা স্বীয় মহিষীর অবিকৃত আকৃতি ও অনপচিত রূপ লাবণ্য অবলোকন করত, ইতি সেক্সপিয়র ৯২ পৃষ্ঠা।
অনপত্য, ত্রি. বিণ. [অন্-অপত্য, সন্তান, ষ্ণি] নিঃসন্তান; যাহার সন্তান সন্ততি নাই; নির্ব্বংশ; যথা—আমাকে অনপত্য দেখিয়া আপনি কি এইরূপ দুঃখিত হইতেছেন না, ইতি রঘুবংশ ৪ পৃষ্ঠা।
অনপত্রপ, ত্রি. বিণ. (অন্-অপ-ত্রপ, লজ্জা, অল) নির্লজ্জ; লজ্জাহীন; যাহার লজ্জা নাই; হ্রীশূন্য।
অনপর, ত্রি. বিণ. (অন্-অপর, অন্য, অ) নিজ; আত্মীয়; অনন্য; (পু.) ব্রহ্ম; পরমেশ্বর।
অনপরাধ, পু. বি. (অন-অপ-রাধ, অপরাধ, অল) অপরাধাভাব; নির্দ্দোষ; যথা—আত্ম অপরাধ সপ্রমাণ করিতে উদ্যম করিতেছেন, ইতিসেক্সপিয়র ৭১ পৃষ্ঠা।
অনপরাধিনী, স্ত্রী. বিণ. (অন-অপ-রাধ, অপরাধ, ইন্, ঈ) অপরাধ বিশিষ্ট নহে; যে কামিনীর কোন দোষ নাই; যথা—আমার নিশ্চয় বোধ হইতেছে তোমার ভগিনী নিতান্ত অনপরাধিনী। ইতি সেক্সপিয়র ১১৪ পৃষ্ঠা।
অনপায়, ত্রি. বিণ. (অন্-অপায়, বিনাশ, অল) অনশ্বর; অপায়শূন্য; বিনাশ বিহীন; বিশ্লেষশূন্য।
অনপায়ী, ত্রি. বিণ. (অন্-অপায়, বিনাশ, ণিন্) নিশ্চল; অপায়শূন্য; অনশ্বর; অবিনাশী; অবিনশ্বর।
অনপেক্ষ, ত্রি. বিণ. (অন্-অপ-ঈক্ষ, অনুরোধ, অল) স্বাধীন; নিরপেক্ষ; অনুরোধবিশিষ্ট; উপরুদ্ধ।
অনপেক্ষিত, ত্রি. বিণ. (অন্-অপ-ঈক্ষ, অনুরোধ, ক্ত) অনুরুদ্ধ; অমান্যকৃত; অনুরোধবিশিষ্ট; উপরুদ্ধ।
অনবকাশ, পু. বি. (অন্-অব-কাশ, সময়, অল) অনবসর; অসময়; অবিশ্রাম; সময়াভাব; যথা—তথাপি তাঁহার অনবকাশ ও বিশেষ প্রয়োজনের কথায় আর অনুরোধ করিলেন না। ইতি সেক্সপিয়র ২৪১ পৃষ্ঠা।
অনবগত, ত্রি. বিণ. (অন্-অব-গম, গমন, ক্ত) জ্ঞাত নয়; যে জানে না; অপরিজ্ঞাত; যথা—মহারাজ আমার প্রতি যেরূপ বাৎসল্যভাব প্রদর্শন করেন তাহা আপনি অনবগত নহেন। ইতি রোমাবতী ১০৫ পৃষ্ঠা।
অনবগতি, স্ত্রী. বিণ. (অন্-অব-গম, ক্তি) অজ্ঞাত; না জানা; যথা—চিত্তগোচর বিষয়ে তাহাদিগের অনবগতির সম্ভাবনা কি, ইতি নৈষধচরিত ১০০ পৃষ্ঠা।
অনবগম, পু. বি. (অন্-অব-গম, গমন, অল) অজ্ঞান; অবোধ; অনুপলব্ধি; যথা—ব্রহ্মপ্রাপ্তির উপায় ভূত যোগের অনবগম প্রযুক্ত দেহী বিষয়বাসনার বশীভূত হয়, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৭৪ পৃষ্ঠা।
অনবদ্য, ত্রি. বিণ. (অন্-অ-বদ, সম্ভ্রম, য) মান্যমান; সম্ভ্রান্ত; সম্ভ্রমবিশিষ্ট; যাহার অতিশয় মান; যথা—সেই সকল অনবদ্য রমণীরে জিজ্ঞাসা করিবে, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪০ পৃষ্ঠা।
অনবধান, ক্লী. বি. (অন্-অব-ধা, মনোযোগ, অনট) অমনোযোগ, যথা—অনবধান বশত ক্ষুদ্র অরাতি হস্তে নিহত হইল। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ২২ পৃষ্ঠা।
চিত্তের একাগ্রতার অভাব; অপ্রণিধান; চিত্তের অনাবেশ; (ত্রি. বিণ.) অমনোযোগী; অনাবিষ্ট; অনভিনিবিষ্ট; অনভিনিবেশী।
অনবধানতা, স্ত্রী. বি. (অনব-ধা, মনোযোগ, অনট-তা) মনোযোগশূন্যত্ব; অসাবধানতা; অনবহিতত্ব; প্রমাদ; ভ্রম; চিত্তের একাগ্রতার অভাবত্ব; যথা—তবে লণ্ডন নগরস্থ অংশির ভ্রম, অনবধানতা, অথবা প্রতারণায় কলিকাতাস্থ অংশির সর্ব্বনাশ হইতে

পারে। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ-বিচার ৩৩ পৃষ্ঠা।

অনবধানী, ত্রি. বিণ, (অনব-ধা, মনোযোগ, অনট-ঈ) অন্যমনস্ক; অসাবধান; অসতর্ক; অনবহিত।

অনবধারিত, ত্রি. বিণ. (অনব-ধৃ, ধারণ, ক্রি-ক্ত) যাহা অবধারিত নয়; অনিশ্চিত; স্থিরীকৃত নহে।

অনবর, ত্রি. বিণ. (অন্-অ-বর, শ্রেষ্ঠ, অল) অক-নিষ্ঠ; শ্রেষ্ঠ; প্রধান; বড়; মন্দ নহে; অক্ষুদ্র।

অনবরত, ক্রিবিণ. [অন্-অবরত, বিচ্ছেদ, চ্বি] অজস্র; সর্ব্বদা; অবিরত; সতত; নিরন্তর; যথা—তখন সাগরের তরঙ্গের ন্যায় দুই চক্ষু দিয়া অনবরত অশ্রুধারা পড়িতে লাগিল, ইতি কাদম্বরী ৬৬ পৃষ্ঠা।

অনবরার্দ্ধ্য, ত্রি. বিণ. (অনব-রার্দ্ধ, উত্তমতা, য) উ-ত্তম; প্রধান; উৎকৃষ্ট; মুখ্য; শ্রেষ্ঠ; প্রশস্ত।

অনবলম্ব, ত্রি. বিণ. (অনব-লম্ব, আশ্রয়, অল) অব-লম্বনশূন্য; আশ্রয়হীন; যাহার আশ্রয় নাই।

অনবলম্বন, ত্রি. বিণ. (অনব-লম্ব, আশ্রয়, অনট) নি-রাশ্রয়; অনাশ্রয়; নিরাবলম্ব; অবলম্বনবিহীন।

অনবলোভন, ক্লী. বি. (অনব-লুভ, লোভ, অনট) চতুর্থ মাস কর্ত্তব্য গর্ব্ভসংস্কার বিশেষ; লোভশূন্য।

অনবসর, পু. বি. (অনব-সৃ, গতি, অল) নিরবকাশ; অবসরাভাব; অনবকাশ; সময়াভাব; অবিশ্রাম।

অনবসাদ, পু. বি. (অনব-সদ, দৃঢ়তা, ঘঞ) দৃঢ়তা; স্থিরতা; অনালস্য; কাঠিন্য; নিরুপদ্রব; নিষ্ঠুরতা।

অনবস্কর, ত্রি. বিণ. (অনব-স্কৃ, করণ, অল) নির্ম্মল; পরিষ্কার; মলাবিহীন; যাহা অপরিষ্কৃত নহে।

অনবস্থা, স্ত্রী. বি. (অনব-স্থা, স্থিতি, অল) অবস্থা-শূন্য; অনুপস্থিতি; সীমারহিত; পর্য্যবসানাভাব।

অনবস্থিত, ত্রি. বিণ. (অনব-স্থা, স্থিতি, ক্ত) অ-স্থির; চঞ্চল; যে অবস্থিত নহে; যাহা স্থির নয়।

অনবস্থিতি, স্ত্রী. বি. (অনব-স্থা, স্থিতি, ক্তি) না থাকা; অবস্থানাভাব; অস্থিরতা; অথাকা; বাসশূন্য।

অনবহিত, ত্রি. বিণ. (অনব-ধা, মনোযোগ, ক্ত) অ-ন্যচিত্ত; অমনোযোগী; যে মনোযোগ করে না; অস্থিরচিত্ত; যথা—মদমত্ত, উন্মত্ত ও অনবহিত ব্যক্তি দিগের প্রতি কদাচ শাস্ত্র প্রহার করিবে না। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ৯ পৃষ্ঠা।

অনভিজাত, ত্রি. বিণ. (ন+অভিজাত। অনভি-জন, জন্মান, ক্ত) কুজন্মা; অশুভক্ষণিয়া; অশুভজাত।

অনভিজ্ঞ, ত্রি. বিণ. (ন+অভিজ্ঞ। অনভি-জ্ঞা, বোধন, ড) মুর্খ; প্রজ্ঞারহিত; বুদ্ধিহীন; নির্ব্বোধ; অজ্ঞ; যথা—তোমার পিতার বুদ্ধি, বিক্রম, ধর্ম্মপরতা, ও প্রতিপত্তির বিষয়ে আমি নিতান্ত অনভিজ্ঞ নহি, ইতি টেলিমেকস ২৮ পৃষ্ঠা।

অনভিধান, ক্লী. বি. (অনভি-ধা, কথন, অনট) অক-থন; অনুক্ত; অনুল্লেখ; অনুচ্চারণ; অপ্রস্তাব।

অনভিভব, পু. বি. (অনভি-ভূ, উৎপত্তি, অল) বিবাদ বা পরাজয় হইতে উদ্ধার; কলহ হইতে উত্তীর্ণ।

অনভিভূত, ত্রি. বিণ. (অনভি-ভূ, উৎপত্তি, ক্ত) অ-জিত; অলজ্জিত; যাহাকে লজ্জন করা হয় নাই।

অনভিমত, ত্রি. বিণ. (অনভি-মন, মত, ক্ত) মতবি-রুদ্ধ; অসম্মত; যাহা অভিমত নহে; অভিপ্রায় নয়; যথা—কাহারও ন্যায্য বিষয়ের উপর আক্রমণ করা এ প্রবৃত্তির নিতান্ত অনভিমত। ইতি বাহ্য বস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ১২৪ পৃষ্ঠা।

অনভিলাষ, পু. বি. (অনভি-লষ, ইচ্ছা, ঘঞ) অ-নিচ্ছা; অরুচি; অবাঞ্ছা; অভিলাষাভাব।

অনভিষ্বঙ্গ, পু. বি. (অনভি-ষ্বন্জ, সঙ্গ, অল) বি-চ্ছেদ; বিয়োগ; অসংযোগ; সংসর্গাভাব।

অনভ্যাস, পু. বি. (অনভি-আস, শিক্ষা, অল) অশি-ক্ষা; অব্যবহার; অমুখস্থ; কণ্ঠস্থ নহে; অভ্যাসাভাব।

অনম, পু. বি. (অ-নম, বিপ্র, অল) ব্রাহ্মণ; ভূদেব; ধরামর; বিপ্র; দ্বিজোত্তম; দ্বিজ; জ্যেষ্ঠবর্ণ।

অনমিতম্পচ, ত্রি. বিণ. (অন্-অমিতম্-পচ, পাক, অল) মিতম্পচ; কৃপণ; অদাতা; অবদান্য; দানশীল নহে।

অনম্বর, ক্লী. বি. [অন্-অম্বর, শূন্য, চি] আকাশ; যথা—ডাকিনু বারীশে, জলচরে মনে মনে, কেহ না শুনিল, অবহেলি অভাগীরে; অনম্বর পথে চলিল কনক রথ মনোরথ গতি। ইতি মেঘনাদ বধকাব্য ১২৩ পৃষ্ঠা।

শূন্য; (ত্রি. বিণ.) নগ্ন; বস্ত্রহীন; বিবস্ত্র; নে-ঙ্গটা; দিগম্বর; সন্ন্যাসী; (পু. বি.) বৌদ্ধ বিশেষ।

অনমস্য, ত্রি. বিণ. [অ-নমস্, প্রণাম, য] প্রণামের অযোগ্য; যে ব্যক্তি নমস্কারের উপযুক্ত নয়।

অনয়, পু. বি. (অন্-ই, ব্যসন, অল) দৈব; অশুভ; ব্যসন; বিপদ; ইতি মেদিনী। কুনীতি; কদাচার।

অনর্গল, ত্রি. বিণ. [অন্-অর্গল, প্রতিবন্ধক, ট্বি] যাহার অর্গল নাই; অপ্রতিবন্ধ; সচ্ছন্দচারী; নির্গল; প্রতিবন্ধক রহিত; অবাধ; উচ্ছৃঙ্খল; উদ্দাম; নিযন্ত্রিত; নিরঙ্কুশ; ইতি হেমচন্দ্র। অপর্য্যাপ্ত; যথা—রাজমহিষীর নেত্র যুগলে শোকজ উষ্ণ বাষ্প নিরাকরণ পূর্ব্বক সুশীতল আনন্দাশ্রু অনর্গল প্রবাহিত হইতে লাগিল। ইতি রঘুবংশ ১০৮ পৃষ্ঠা।

অনর্ঘ্য, ত্রি. বিণ. (অন্-অর্ঘ, মূল্য, য) অমূল্য; অক্রেয়; দুর্ম্মূল্য; মহার্ঘ্য; যাহার অধিক মূল্য।

অনর্থ, পু. বি. (অন্-অর্থ, ইষ্ট, অল) অনিষ্ট; (ত্রি. বিণ.) বৃথা; নিষ্ফল; নিষ্প্রয়োজন; অপ্রয়োজন; নিরর্থক; যথা—প্রাজ্ঞ ব্যক্তি অনর্থ কলহ পরিত্যাগ করেন, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬৭ পৃষ্ঠা।

বিফল; ব্যর্থ; মিথ্যা; অনৃত; মৃষা।

অনর্থক, ক্লী. বিণ. (অন্-অর্থ, ইষ্ট, ণক) নিষ্ফল; নিরর্থক; অর্থশূন্য বাক্য; অবদ্ধ; অবদ্ধ্য; ইতি অমরকোষ। যাহা কোন কাযের নয়; যথা—অতএব তাহাদিগের নিমিত্ত অনর্থক শোক করিবার প্রয়োজন নাই। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১০ পৃষ্ঠা।

অনর্থকর, ত্রি. বিণ. (অন-অর্থ-কৃ, করণ, অল) নিষ্ফল; অনাবশ্যক; যাহা কোন কাযের নয়; যথা—যদি পিগ্ম্যালিয়ন্ এইরূপ অনর্থকর অহিতাচরণে বিরত না হয়েন, ইতি টেলিমেকস্ ৮১ পৃষ্ঠা।

অনর্থপাত, পু. বি. (অন্-অর্থ-পত, পতন, ঘঞ্) বিবাদবিসম্বাদ; উপদ্রব; বিদ্রোহ; দৌরাত্ম্য; যথা—ভূমণ্ডলে কেবল বিশৃঙ্খলা, অত্যাচার ও অনর্থপাত ঘটাইবার নিমিত্তই তাঁহার জন্ম হয়। ইতি টেলিমেকস ৬৩ পৃষ্ঠা।

অনর্হ, ত্রি. বিণ. (অন্-অর্হ, যোগ্যতা, অল) অনুপযুক্ত; অযোগ্য; যাহা উপযুক্ত নহে; সক্ষম নয়।

অনল, পু. বি. [অনল, অগ্নি, ট্বি] অগ্নি; আগুন; বসুভেদ; ইতি মেদিনী। চিত্রক; রক্তচিত্রক; ভল্লাতক; পিত্ত; তিলক; ভেলা গাছ; ইতি অমরকোষ।

অনলদগ্ধ, ত্রি. বিণ. (অনল-দহ, দহন, ক্ত) অগ্নিতে দগ্ধ; আগুনে পোড়া; যথা—কতকগুলি অবতীর্ণ, কতকগুলি শুষ্ক, কতকগুলি অনলদগ্ধ, কতকগুলি অনল উদ্ধৃত, ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৫ পৃষ্ঠা।

অনলপ্রভা, স্ত্রী. বি. (অনল-প্র-ভা, দীপ্তি, অল) জ্যোতিষ্মতী নামে লতাবিশেষ; অগ্নির দীপ্তি।

অনলপ্রিয়া, স্ত্রী. বি (অনল-প্রী, স্নেহপাত্র, আ) অগ্নিভার্য্যা; স্বাহা; অগ্নির পত্নী; অগ্নির স্ত্রী।

অনলশিখা, স্ত্রী. বি. (অনল-শিখ, রশ্মি, ঙ-আ) অগ্নিজ্বালা; অগ্নিচূড়া; অগ্নিরশ্মি; আগুনের শিষ; যথা—অথবা অন্য কেহ প্রজ্বলিত অনলশিখায় হস্তক্ষেপ করিবেক। ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা।

অনলস, ত্রি. বিণ. [অন্-অলস, পরিশ্রমহীনতা, অল) আলস্যবিহীন; উদ্যুক্ত; যে ব্যক্তি পরিশ্রমী; যথা—দেখ অনলস জন চিত্তের অগোচর পরমাত্মাকেও প্রাপ্ত হইতে পারে। ইতি নৈষধচরিত ১০০পৃষ্ঠা।

অনলসাৎ, ত্রি. বিণ. [অনল, আগুন, চসাৎ] অনলে সমর্পণ; আগুনে নিক্ষেপ; যথা—এ তনয়াকে কি কৃশানুতে নিক্ষেপ করিবেন না? অবশ্যই অনলসাৎ করিবেন সন্দেহ নাই। ইতি নৈষধচরিত ১০৬ পৃষ্ঠা।

অনল্প, ত্রি. বিণ. (ন+অল্প। অন্-অল্প, কিঞ্চিৎ, অল) অধিক; বিস্তর; বহু; কিঞ্চিৎ নহে; অম্লান; যাহা অল্প নয়; যাহা অসম্পূর্ণ নয়; ইতি বিশ্ব।

অনলি, পু. বি. (অ-নল, উদ্ভিজ্জবিশেষ, ই) বৃক্ষবিশেষ; অগস্তিদ্রু; উদ্ভিজ্জ বিশেষ; ইতি মেদিনী।

অনশন, ক্লী. বি. (অন্-অশ, ভোজন, অনট) ভোজনাভাব; উপবাস; ইতি হলায়ুধ। অভোজন; যথা—তবে দারিদ্র্যও অনশন নিমিত্তক অকাল মৃত্যু দ্বারা সে দেশের লোক সংখ্যা হ্রাস হয়। ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৩৫ পৃষ্ঠা।

অনাহার; (ত্রি. বিণ.) উপবাস বিশিষ্ট।

অনশনব্রত, পু. বি. (অনশন-ব্রত, নিয়ম, অল) অভোজনব্রত; যে ব্রত করিলে আহার করে না; যথা—বহিরিন্দ্রিয়গণ স্বস্ব বিষয়গ্রাহকত্ব রূপ অনশনব্রত অবিরত ধারণ করিতেছে। ইতি নৈষধচরিত ১১৫ পৃষ্ঠা।

অনশ্বর, ত্রি. বিণ. (অ-নশ, নাশ, বর) সনাতন; নিত্য; ধ্রুব; শাশ্বত; ইতি হেমচন্দ্র। অবিনাশী; যথা—আত্মা অনশ্বর, ভূতে তাহার কোন ক্ষতি করিতে সমর্থ নহে, ইতি সেক্সপিয়র ১৫০ পৃষ্ঠা।

অনস্, ক্লী. বি. (অন, যান বিশেষ, অস্) শকট; গাড়ি; রথ; অন্ন; সিদ্ধতণ্ডুল; জীবন; জন্ম।

অনসূয়া, স্ত্রী. বি. (অন্-অসূয়, দ্বেষ, আ) কর্দ্দমমুনি-

কন্যা; অত্রিপত্নী; শকুন্তলার সখী; যথা— সে দিবস শকুন্তলা অত্যন্ত অসুস্থ হওয়াতে, অনসূয়া ও প্রিয়ংবদা তাঁহাকে মালিনী তীরবর্ত্তী নিকুঞ্জবনে লইয়া গেলেন, ইতি শকুন্তলা ৩৪ পৃষ্ঠা।

(ত্রি. বিণ.) অসূয়াশূন্য; দ্বেষ বিহীন; অবিরোধ।

অনন্ত, ত্রি. বিণ. (অন্-অস, অবসান, ক্ত) অপ্রাপ্ত অন্ত; অনবসান; অনন্তাচল; পশ্চিমাচল নয়।

অনহঙ্কার, পু. বি. (অন্-অহং-কৃ, করণ, ঘঞ) অহঙ্কারশূন্য; গর্ব্বরহিত; তমো বিহীন।

অনহঙ্কৃত, ত্রি. বিণ. (অন্-অহং-কৃ, করণ, ক্ত) অহঙ্কার বিহীন; গর্ব্বশূন্য; মাৎসর্য্যবিহীন।

অনহঙ্কৃতি, স্ত্রী. বি. (অন্-অহং-কৃ, করণ, ক্তি) অহঙ্কারাভাব; অশোচ; অগর্ব্ব; অমাৎসর্য্য।

অনহিত, ত্রি. বিণ. (অন্-অ-ধা, উপকার, ক্ত) শত্রু-শূন্য; অনপথ্য; উপকার; মন্দ নয়; অনপকৃষ্ট।

অনক্ষ, ত্রি. বিণ. (অন্-অক্ষ, নেত্র, অল) অক্ষি-হীন; অন্ধ; অক্ষ ভিন্ন; চক্ষুরহিত; কাণা।

অনক্ষর, ক্লী. বি. (অন্-অক্ষর, পঞ্চাশদ্বর্ণ, অল) দুর্ব্বচন; অবচনার্হ; গালি প্রভৃতি অবক্তব্য; নিন্দা; অবাচ্য; ইতি অমরকোষ। (ত্রি. বিণ.) অক্ষর-হীন; বর্ণহীন; অপণ্ডিত; মুর্খ; বর্ণজ্ঞান বিহীন।

অনক্ষি, ক্লী. বি. (ন×অক্ষি। অন-অক্ষ, নেত্র, ই) কুৎসিত চক্ষু; অসৌম্যাক্ষি; ইতি হেমচন্দ্র।

অনাকর্ণনীয়, ত্রি. বিণ. (অন-আ-কর্ণ, শ্রবণ, অনীয়) শব্দ গ্রহণাযোগ্য; শুননের অনুপযুক্ত; অশ্রবণীয়; যথা—আমি তাহার এই অনাকর্ণনীয় নৃশংস অভি-লাষ অবগত হইয়া সাতিশয় কুপিত হইলাম, ইতি রোমাবতী ১০৭ পৃষ্ঠা।

অনাকর্ষণ, ক্লী. বি. (অন-আ-কৃষ, কর্ষণ, অনট) আ-কর্ষণাভাব; টানা নয়; বল দ্বারা আনয়ন নহে।

অনাকাঙ্ক্ষী, ত্রি. বিণ. (অন-আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ণিন্) অস্পৃহ; আকাঙ্ক্ষারহিত; নিস্পৃহ; অনিচ্ছু।

অনাকাঙ্ক্ষিত, ত্রি. বিণ. (অন-আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ক্ত) নিস্পৃহ; অনিচ্ছাযুক্ত; আকাঙ্ক্ষারহিত; যথা—আমরা সেই মহাপুরুষের অনাকাঙ্ক্ষিত এই অনুগ্রহ-বার্ত্তা শ্রবণ করিয়া কৃতজ্ঞতারসে একবারে আর্দ্র হইলাম, ইতি রোমাবতী ১১৩ পৃষ্ঠা।

অনাকার, ত্রি. বিণ. (অন-আ-কৃ, করণ, ঘঞ) আকার শূন্য; আকৃতিহীন; মূর্ত্তিভিন্ন; ইঙ্গিত বিহীন।

অনাকাল, ক্লী. বি. (অন-আ-কাল, সময়, অ) দুর্ভিক্ষ; অকাল; অসময়; ভিক্ষার অপ্রাপ্তি কাল; অসম্পৎ।

অনাকুল, ত্রি. বিণ. (অন-আ-কুল, অস্থিরতা, ক) স্থির, একাগ্র; অব্যাকুল; অব্যাগ্র; ইতি জটাধর। স্বচ্ছন্দ; আকুলশূন্য; স্বতন্ত্র; নিরুদ্বেগ; স্বাধীন।

অনাক্রমণীয়; ত্রি. বিণ. (অন-আ-ক্রম, পাদবিক্ষেপ, অনীয়) আক্রমণ যোগ্য নহে; যাহা আক্রমণের উপ-যুক্ত নয়; যাহা ব্যাপনের অনুপযুক্ত; কর্ষণাযোগ্য।

অনাক্রান্ত, ত্রি. বিণ. (অন-আ-ক্রম, পাদবিক্ষেপ, ক্ত) আক্রমণ নাকরা; অবেষ্টিত; অগৃহীত; বেষ্টনকরা নয়।

অনাক্রান্তা, স্ত্রী. বি. (অন-আ-ক্রম, পাদবিক্ষেপ, ক্ত-আ) কণ্টকারী বৃক্ষ; (বিণ.) অনাক্রমণ বিশিষ্টা।

অনাগত, ত্রি. বিণ. (অন-আ-গম, গমন, ক্ত) ভবিষ্যৎ; যথা—আমি মাতা, আমি পিতা, আমি পুত্র, আমি অতীত, অনাগত ও বর্ত্তমান সকলেরই আত্মা এবং আমিই বৃদ্ধ পিতামহ। ইতি মহাভারত উদ্যোগ-পর্ব্ব ৮৫ পৃষ্ঠা।

অনায়াত; অনুপস্থিত; অজ্ঞাত; যে আসে নাই।

অনাগতার্ত্তবা, স্ত্রী. বি. [অন-আগত-ঋতু, স্ত্রীধর্ম্ম, ঋ-আ] অপ্রাপ্ত ঋতুকা; অরজস্কা; গৌরী; নগ্নিকা; ইতি অমরকোষ। অজাত রজস্কা; কুমারী; যে বা-লিকা স্ত্রীধর্ম্মিণী হয় নাই; অঋতুমতি স্ত্রী।

অনাগম, ত্রি. বিণ. (অন-আ-গম, গমন, অল) ভবিষ্যৎ; অনুপস্থিত; অনাগমন; আগমন বিহীন; অনুপনীত।

অনাগা, ত্রি. বিণ. (অন-আ-গম, গমন, ড-আ) নি-ষ্পাপ; অনপরাধ; পবিত্র; কলুষবিহীন; পাপশূন্য।

অনাঘ্রাত, ত্রি. বিণ. (অন-আ-ঘ্রা, গন্ধ, ক্ত) আঘ্রাণ না করা; অস্পৃষ্ট; যাহার গন্ধ গ্রহণ করা হয় নাই।

অনাচার, পু. বি. (অন-আ-চর, আচরণ, ঘঞ) কদাচার, অশুদ্ধাচার, শ্রুতিস্মৃতি বিরুদ্ধ কর্ম্ম করণ; (ত্রি. বিণ.) শুদ্ধাচার বিহীন; কদাচার বিশিষ্ট; মন্দ।

অনাচারী, ত্রি. বিণ. (অন-আ-চর, আচরণ, ণিন্) কদাচারী, অশুদ্ধাচারী; যে ব্যক্তি শুদ্ধাচার নহে।

অনাচ্ছন্ন, ত্রি. বিণ. (অন-আ-ছদ, আচ্ছাদন, ক্ত) আ-চ্ছাদন রহিত; অনাবৃত; যাহার উপরে আবরণ নাই।

অনাজ, ক্লী. বি. (অনাজ, শস্য, অ) শস্যবিশেষ; তরকারী; ব্যঞ্জনের যোগ্য ফল মূলাদি; আনাজ।

অনাটন, ক্লী. বি. (অন আট, অল্পতা, অনট) অকুলন; অপ্রতুল; অভাব; অল্পতা; ন্যূনতা; অনিষ্পন্ন।

অনাড, ত্রি. বিণ. (অন আড়, গোপন, অল) গোপন; নিভৃত; যে স্থানে সর্ব্বদা কেহ যায় না; প্রচ্ছন্ন স্থান।

অনাড়ি, ত্রি. বিণ. (অ নড়, অজ্ঞতা, নি) অনভিজ্ঞ; জড়; নির্ব্বোধ; যে কিছু জানে না; মূর্খ; মূঢ়।

অনাড়িপনা, ক্লী. বি. [অনাড়িপন; অজ্ঞতা, আ] অনভিজ্ঞতা; মূর্খতা; বোধশূন্যতা; যার অভিজ্ঞতা নাই।

অনাঢ্য, ত্রি. বিণ. [অন আঢ্য, ধনবিশিষ্ট, চ্রি] দরিদ্র; গরিব; দুঃখী; ধনহীন; ক্লেশযুক্ত; যাহার অর্থ নাই।

অনাতপ, পু. বি. (অন-আ-তপ, তাপ, অল) রৌদ্রাভাব; ছায়া; সূর্য্য কিরণ বিহীন; আতপাভাব।

অনাতপত্র, ত্রি. বিণ. (অন্ আতপত্র, ছত্র, অল) ছত্রবিশিষ্ট নয়; যাহার ছাতা নাই; ছাতি বিহীন।

অনাতুর, ত্রি. বি. (অন্-আতুর, অসুস্থ, ক) অরোগী; সুস্থ; অক্লিষ্ট; ক্লেশযুক্ত নহে; পীড়িত নহে।

অনাত্মজ্ঞ, ত্রি. বিণ. (অন্-আত্ম জ্ঞা, বোধন, ড) অনাত্মদর্শী; যে ব্যক্তি আত্মাকে জানে না।

অনাত্মীয়, ত্রি. বিণ. [অন্-আত্মন্, আপনার, ঈয়] পর; বহিরঙ্গ; যে ব্যক্তি আপনার নয়; অন্য।

অনাথ, ত্রি. বিণ. (অ নাথ, স্বামী, অল) নাথশূন্য; প্রভুহীন; অস্বামিক; অনন্বুকুল; সহায়হীন; যথা—নরপতি সানন্দচিত্তে দীন, দুঃখী, অনাথ প্রভৃতিকে অর্থ দান করিতে লাগিলেন। ইতি কাদম্বরী ২৭ পৃষ্ঠা।

অনাথনিবাস, ত্রি. বিণ. (অনাথ নি-বস, বাস, ঘঞ) পিতা মাতাহীন বালকগণের আবাস স্থান; স্বামীবিহীন ব্যক্তিদিগের বসতি স্থান; অসহায়গণের স্থান।

অনাথা, স্ত্রী. বিণ. (অ-নাথ, স্বামী, অ) স্বামীহীনা; বিধবা; পতিহীনা; অসহায়া; অভিভাবক শূন্যা; যথা—অনাথা কৌরব বণিতাগণ কুরুক্ষেত্রে সমুপস্থিত হইয়া দেখিলেন, ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১৯ পৃষ্ঠা।

অনাথিনী, স্ত্রী. বিণ. (অ নাথ, স্বামী, ইন্ ঈ) স্বামিহীনা; প্রভুহীনা; যে কামিনীর কেহ নাই; যথা—শঙ্করে মারিতে বাণ, ইন্দ্রের লইলা পান, রতিরে করিতে অনাথিনী। ইতি কবিকঙ্কন ২৭ পৃষ্ঠা।

অনাদর, পু. বি. (অন্ আ দৃ, আদর, অল) নিরাদর; পরিভব; পরিভাব; তিরস্ক্রিয়া; রীঢ়া; অবমান; অবহেলন; অসূক্ষণ; ইতিঅমরকোষ; অনাদর; অবমানন; অবজ্ঞা; যথা—যে শ্রেয়স্কর কার্য্যে অনাদর প্রদর্শন করে সে অবিলম্বেই রাজ্য ভ্রষ্ট হয়, ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০ পৃষ্ঠা। অযত্ন; অসম্মান; মর্য্যাদাবিহীন; সম্ভ্রমশূন্য।

অনাদরণীয়, ত্রি. বিণ. (অন্-আ-দৃ, আদর, অনীয়) আদরণীয় নহে; যাহা অবজ্ঞার যোগ্য; আদরোপযুক্ত নয়; ঘৃণার উপযুক্ত; শ্রদ্ধাযোগ্য নহে।

অনাদি, ত্রি. বিণ. [অন্-আদি, প্রথম, চ্রি] আদিরহিত; উৎপত্তিশূন্য; স্বয়ম্ভূ; যাহার আদি নাই; যথা—তুমি রমা তুমি বাণী, যোগনিদ্রা নারায়ণী, ত্রয়ী বিদ্যা অনাদি বাসনা। ইতি কবিকঙ্কন ৬ পৃষ্ঠা।

অনাদিষ্ট, ত্রি. বিণ. (অন্-আ-দিশ, আদেশ, ক্ত) অননুজ্ঞাত; আদেশ না করা; যাহাকে আজ্ঞা করা হয় নাই; যে অনুমতি বিশিষ্ট নয়; ইতি মেদিনী।

অনাদীনব, ত্রি. বিণ. (অন আদী-নু, দোষশূন্য, অল) নির্ম্মল; নির্দ্দোষ; দোষ শূন্য; মলাবিহীন।

অনাদৃত, ত্রি. বিণ. (অন্-আ-দৃ, আদর, ক্ত) নিরাদর, অবজ্ঞাত; অবমানিত; ইতি হেমচন্দ্র।

অনাদেয়, ত্রি. বিণ. (অন্-আ-দা, গ্রহণ, য) অগৃহীত; না লওয়া; যাহা গ্রহন করা হয় নাই।

অনাদেশ, পু. বি. (অন্-আ-দিশ, আদেশ, অল) অননুমতি; অকথন; অনাজ্ঞা; বলা নয়।

অনাপদ, ত্রি. বিণ. (অন্-আ-পদ, বিপদ, অল) আপদশূন্য; বিপদহীন; বিপত্তি নয়; ব্যাঘাত নহে।

অনাপ্ত, ত্রি. বিণ. (অন-আপ পারকতা শূন্য, ক্ত) অনিপুণ; অকর্ম্মঠ; অপারক; কর্ম্মদক্ষ নহে; যথা—আপনি অনাপ্তদিগের সংগ্রহ ও আপ্তদিগের নিগ্রহ জন্য দুর্ব্বল হইয়া এই বিস্তারিত পৃথিবী রক্ষা করিতে অসমর্থ হইয়াছেন। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪৯ পৃষ্ঠা।

অনাবশ্যক, ত্রি. বিণ. (অন-আ-বশ, প্রয়োজন, যণক) অপ্রয়োজন; যথা—তাহাও অবগত হওয়া অনাবশ্যক নহে; ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধবিচার ১১৫ পৃষ্ঠা।

যাহাতে প্রয়োজন হয় না; যদভাবে কার্য্যের ব্যাঘাত ঘটে না; (পু. বি.) প্রয়োজনাভাব; উদ্দেশাভাব।

অনাবিল, ত্রি. বিণ. (অন অ-বিল, মলাশূন্যতা, ক) পরিষ্কার; নির্ম্মল; যাহার মলা নাই; স্বচ্ছ; অস-

ন্দিগ্ধ ; যথা—অখিল বস্তু অনাবিল অর্থাৎ সমস্ত বস্তু অসন্দিগ্ধ বলিয়া যাহারা জানিয়া থাকে, ইতি নৈষধচরিত ৬২ পৃষ্ঠা।

অনাবিষ্ট, ত্রি. বিণ. (অন-আ-বিশ, আবেশ, ক্ত) পাঠে অমনোযোগী ; আবেশ বিশিষ্ট নয়।

অনাবৃত, ত্রি. বিণ. (অন-আ-বৃ, আবরণ, ক্ত) আবরণ শূন্য ; অনাচ্ছাদিত ; নগ্ন ; খোলা ; যথা—অবিলম্বে, যখন সঙ্কেতানুসারে ভোজনপাত্র সকল অনাবৃত হইল, ইতি সেক্সপিয়র ৩৩৯ পৃষ্ঠা।

অনাবৃষ্টি, স্ত্রী. বি. (অন-আ-বৃষ, বর্ষণ, ক্তি) অবর্ষণ ; বর্ষাভাব ; জলকষ্ট ; বৃষ্টির অভাব ; জলাভাব ; যথা—পূর্ব্বে দ্বাদশ বার্ষিকী অনাবৃষ্টি অতীত হইলে সারস্বত মুনি ঐ তীর্থে ব্রাহ্মণগণকে বেদাধ্যয়ন করাইয়া ছিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০৫ পৃষ্ঠা।

অনামক, ক্লী. বি. (অ-নম, রোগ, ণক) রোগবিশেষ ; অর্শরোগ ; ইতি শব্দরত্নাবলী। (পু.) মলমাস ; কনিষ্ঠাঙ্গুলির নিকটস্থ অঙ্গুলি ; (ত্রি. বিণ.) দুর্নামক ; নির্নামক ; যাহার কুৎসিত নাম ; হেয় নাম।

অনাময়, ক্লী. বি. (অন-আ-ময়, সুস্থতা, অল) রোগাভাব ; আরোগ্য ; ইতি অমরকোষ। নির্ব্ব্যাধি ; স্বাস্থ্য ; (ত্রি. বিণ.) আরোগ্য বিশিষ্ট ; স্বাস্থ্যশীল ; যথা—তিনি অনাময়, মহৎ ও উদিত যশঃস্বরূপ ; ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬৭ পৃষ্ঠা।

অনামা, পু. বি. [অ-নামন্, অঙ্গবিশেষ, প্রথমাবিভক্তি] অনামিকাঙ্গুলী ; কনিষ্ঠাঙ্গুলির উপরিস্থিত অঙ্গুলি ; অনামিকা ; কনিষ্ঠ মধ্যমার মধ্যবর্ত্তী।

অনামিকা, স্ত্রী. বি. [অ-নামন্, অঙ্গবিশেষ, ইক-আ] কনিষ্ঠা মধ্যমার মধ্যবর্ত্তী অঙ্গুলী ; ইতি অমরকোষ। কনিষ্ঠাঙ্গুলির উপরিস্থ অঙ্গুলি।

অনামুখ, ত্রি. বিণ. (অন-আ-মুখ, দর্শনাপ্রিয়, ক) অপ্রিয়দর্শন ; কুৎসিত ; অমঙ্গলনীয় ; নিন্দার্হ।

অনাম্য, ত্রি. বিণ. (অ-নম, নামন, ঘ্যণ) নামানর অযোগ্য ; অবরোহণোপযুক্ত নহে ; যাহা নামান যায় না ; যথা—অনামা ইন্দ্রধনু অবনামিত করিতে পারে, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬৩ পৃষ্ঠা।

অনায়ক, ত্রি. বিণ. (অ-নী, অধ্যক্ষ, ণক) অধ্যক্ষবিহীন ; স্বামিহীন ; কর্ত্তা শূন্য ; যাহার প্রভু নাই।

অনায়ত, ত্রি. বিণ. (অন-আয়, বিস্তার, ক্ত) অবিস্তৃত ; অপ্রশস্ত ; যাহা বিস্তারিত নয় ; অতি শ্রেষ্ঠ।

অনায়ত্ত, ত্রি. বিণ. [অন্-আয়ত্ত, বশীভূত, চ্বি] অবশীভূত, অনধীন ; বশতাপন্ন নহে ; যথা—তদীয় অর্ণবপোত বায়ুবেগ বশে অনায়ত্ত হইয়া অদ্যাপি ইতস্ততঃ ভ্রমণ করিতেছে। ইতি টেলিমেকস ৮ পৃষ্ঠা।

অনায়াস, পু. বি. (অন্-আ-যস, শ্রম, ঘঞ) অক্লেশ ; যথা—উহারাও পূর্ব্বজন্মার্জ্জিত সংস্কার বশতঃ অনায়াসে শিখিতে পারে। ইতি কাদম্বরী ৩ পৃষ্ঠা। শ্রম ব্যতিরেক ; যত্নাভাব ; অল্পায়াস ; অযত্ন ; অল্প পরিশ্রম ; সহজ ; অক্লেশ ; স্বাভাবিক।

অনায়াসকৃত, ত্রি. বিণ. (অনায়াস-কৃ, করণ, ক্ত) যাহা অনায়াসে করা হইয়াছে ; যাহা বিনা যত্নে করা হইয়াছে ; অক্লেশে করা ; অল্পায়াস সাধ্যে করা।

অনায়াসগম্য, ত্রি. বিণ. (অনায়াস-গম, গমন, য) অল্প পরিশ্রমে গমনীয় ; অক্লেশে যেখানে যাওয়া যায় ; সহজে গমনোপযুক্ত ; যে গমন অযত্নসুলভ।

অনায়াসনাশ্য, ত্রি. বিণ. (অনায়াস-নশ, নাশ, য) সহজে নাশ যোগ্য ; যাহাকে অল্প পরিশ্রমে নষ্ট করিতে পারা যায় ; অযত্ন নাশোপযুক্ত ; অক্লেশনাশ্য।

অনায়াসপ্রাপ্ত, ত্রি. বিণ. (অনায়াস-প্র-আপ, প্রাপণ, ক্ত) অযত্নলব্ধ, যাহা সহজে পাওয়া যায়।

অনায়াসলব্ধ, ত্রি. বিণ. (অনায়াস-লভ, লাভ, ক্ত) অক্লেশলব্ধ ; সহজে যে লাভ হইয়াছে।

অনায়াসসাধ্য, ত্রি. বিণ. (অনায়াস-সাধ, সাধন, য) অযত্নসাধনযোগ্য ; যাহা অক্লেশে করিতে পারা যায় ; যথা—এইরূপ গুণসমন্বিত ব্যক্তিও একাকী হইলে শত্রুগণ তাঁহারে পরাজয় করা অনায়াস সাধ্যমান করিয়া থাকে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬২ পৃষ্ঠা।

অনার, পু. বি. (পাং) দাড়িম্ব ফল ; ডালিম।

অনারত, ক্লী. বি. (অন-আ-রম, সর্ব্বদা, ক্ত) সতত ; নিরন্তর, অনবরত ; নিত্য ; ইতি অমরকোষ।

অনারম্ভ, পু. বি. (অন-আ-রম্ভ, আরম্ভ, অল) আরম্ভাভাব ; আরম্ভ না করণ ; অনুদ্যোগ ; অনুপক্রম।

অনার্জ্জব, পু. বি. (অন-আর্জ্জ, সরলতা, ব) রোগ ; ঋজুস্বাভাব ; অসারল্য ; বক্রতা ; অখলতা নহে।

অনার্দ্র, ত্রি. বিণ. (অন-আর্দ্র, ভিজা, অল) ভিজাভাব ; সজল বস্তু নহে ; যে সামগ্রী জলযুক্ত নহে।

অনার্য্য, ত্রি. বিণ. (অন-আর্য্য, শ্রেষ্ঠ, অল) অ-

শ্রেষ্ঠ ; যথা।—ক্রোধ সম্পত্তি নাশ, অনার্য্য সেবাশীল নাশ, কামলজ্জা নাশ ও অভিমান সমুদায় নাশ করিয়া থাকে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৫৮ পৃষ্ঠা। অপ্রধান ; অসরল ; যে ব্যক্তি সৎকুলোদ্ভব নহে।

অনার্য্যক, ক্লী. বি. (অন আর্য্য, দ্রব্যবিশেষ, ণক) অগুরু কাষ্ঠ ; ইতি রাজনির্ঘণ্ট। পিতামহ শূন্য।

অনার্য্যতিক্ত, পু. বি. (অনার্য্য তিক্ত, দ্রব্যবিশেষ, ক্ত) ভূনিম্ব; চিরতা ; তিক্ত দ্রব্য; ইতি অমরকোষ।

অনালস্য, ত্রি. বিণ. [অন-অলস, কার্য্যাতৎপর, ষ্ণ্য] আলস্যহীন ; কুড়ে নহে ; কার্য্যে অনুৎসাহিত নয়।

অনালাপ, পু. বি. (অন-আ-লপ, আলাপ, ঘঞ) আলাপাভাব ; পরিচয়াভাব ; সম্ভাষণ নয়।

অনালোকন, ক্লী. বি. (অন-আ-লোক, অবলোকন, অনট) অবলোকনাভাব ; দর্শনাভাব ; ঈক্ষণাভাব।

অনালোচন, ক্লী. বি. (অন-আ-লুচ, লোচন, অনট) চর্চ্চা না করণ ; আলোচনাভাব ; অনান্দোলন।

অনালোচিত, ত্রি. বিণ. (অন আ-লুচ, লোচন, ক্ত) অকৃতালোচনা ; অবিবেচিত ; অচর্চ্চিত।

অনাশ, পু. বি. (অ-নশ, নাশ, ঘঞ) অক্ষয় ; ধ্বংসাভাব ; নিধনাভাব ; অমারণ ; হননাভাব।

অনাশনীয়, ত্রি. বিণ. (অ-নশ, নাশ, অনীয়) অনাশ্য ; ধ্বংসনীয়নহে ; অনিত্য ; যাহা নাশের অযোগ্য।

অনাশ্চর্য্য, ত্রি. বিণ. (অন-আঃ-চর, অদ্ভুত, য) অবিস্ময় ; অনদ্ভুত ; যাহা অপূর্ব্ব নয় ; বিচিত্র নহে।

অনাশ্য, ত্রি. বিণ. (অ-নশ, নাশ, য) নাশের অযোগ্য ; অনশ্বর ; যাহা ধ্বংসের উপযুক্ত নয়।

অনাশ্রমী, ত্রি. বিণ. (অন-আ-শ্রম, শ্রম, ইন্) আশ্রমশূন্য ; গৃহস্থাদি প্রভৃতি আশ্রম বিহীন।

অনাশ্রয়, পু. বি. (অন-আ-শ্রি, অবলম্বন, অল) নিরাশ্রয় ; অনবলম্বন ; শরণাভাব ; আশ্রয় রহিত ; যথা—আপনাকে অসহায় অনাশ্রয় ও হতভাগ্য বিবেচনা করিতেন। ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অনাসক্ত, ত্রি. বিণ. (অন-আ-সন্জ, অনুরাগ, ক্ত) অননুরক্ত ; স্নেহ রহিত ; প্রেমশূন্য ; প্রণয়বিহীন।

অনাসন্ন, ত্রি. বিণ. (অন আ-সদ, নিকট, ক্ত) আসন্ন নয় ; দূরবর্ত্তী ; অনিকট ; অনবসান ; অনুপস্থিত।

অনাসিক, ত্রি. বিণ. [অ-নাসা, নাসিকা, ষ্ণিক] নাসিকা রহিত ; যাহার নাক নাই ; নাসা বিহীন।

অনাস্তিক, ত্রি. বিণ. [অন-আস্তিক, ঈশ্বরবাদী, ঢি] নাস্তিকনয় ; অনীশ্বরবাদী ; অধার্ম্মিক ; ঈশ্বরপরায়ণনয়।

অনাস্থা, স্ত্রী. বি. (অন-আ-স্থা, যত্ন, অল) অযত্ন ; অশ্রদ্ধা ; অবিশ্বাস ; অনালম্বন ; অপ্রত্যয় ; যথা— ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও কৃষ্ণের বাক্যে অনাস্থা প্রদর্শন করিবেন না। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০ পৃষ্ঠা।

অনাস্থিক, ত্রি. বিণ. (অন-আ-স্থা, যত্ন, ডিক) অবিশ্বাসী ; যত্নবান নহে ; শ্রদ্ধাযুক্ত নয় ; অপ্রত্যয়ী।

অনাস্বাদ, ত্রি. বিণ. (অন-আ-স্বদ, স্বাদ, ঘঞ) আস্বাদবিহীন ; রসানুভাব নহে ; স্বাদ গ্রহণ শূন্য।

অনাস্বাদিত, ত্রি. বিণ. (অন-আ-স্বদ, স্বাদ, ক্ত) আস্বাদিতনহে ; স্বাদযুক্তনয় ; যাহার কিছুমাত্র স্বাদনাই ; যথা—অপরিহিত নূতন রত্নস্বরূপ অনাস্বাদিত অভিনব মধুস্বরূপ ; ইতি শকুন্তলা ২৭ পৃষ্ঠা।

অনাহত, ক্লী. বি. (অন আ-হন, দ্রব্যবিশেষ ও হনন, ক্ত) অধৌত নববস্ত্র ; ইতি অমরকোষ। তন্ত্রোক্ত ষট্‌চক্রান্তর্গত চতুর্থ চক্র ; অর্থাৎ হৃদয়স্থ ক আদি ঠ পর্য্যন্ত বর্ণযুক্ত সূর্য্যের ন্যায় আভা ও পদ্মের ন্যায় যে দ্বাদশ দল আছে ; ইহারই মধ্যে অযুত সূর্য্য তুল্য প্রভাযুক্ত শব্দ ব্রহ্মময় বাণলিঙ্গ আছে, ইতি তন্ত্রসার। (ত্রি. বিণ.) নূতন ; ছেদ ক্ষালন ভোগ রহিত বস্ত্র ; অকৃতাঘাত ; ইতি অমরকোষ। অগুণিত ; ইতি অঙ্কশাস্ত্র। তাড়নাবিহীন ; যে ব্যক্তি আঘাতিত নহে ; যথা—ভ্রাতৃবৎসল রাম স্বয়ং অনাহত হইয়াও শোকে আহত প্রায় হইলেন। ইতি রঘুবংশ ৯৬ পৃষ্ঠা।

অনাহার, পু. বি. (অন-আ-হৃ, ভক্ষণ, ঘঞ) নিরাহার ; ভোজনাভাব ; অভক্ষণ ; উপবাস ; ভোজন করিতে না দেওয়া ; যথা—ধনবান্‌কে দরিদ্র করিবেন, ও দীনহীনকে অনাহারে বধ করিবেন, ইতি টেলিমেকস ৫৩ পৃষ্ঠা।

অনাহারী, ত্রি. বিণ. (অন-আ-হৃ, ভক্ষণ, ণিন্) অভুক্ত ; উপবাসী ; যে কিছু মাত্র ভোজন করে নাই ; ভক্ষণ শূন্য ; অভক্ষক ; ভোক্তা নয় ; যে খাদক নহে।

অনাহার্য্য, ত্রি. বিণ. (অন-আ-হৃ, ভক্ষণ, ঘ্যণ) ভোজনাযোগ্য ; সংগ্রহের অনুপযুক্ত ; অভক্ষণীয়।

অনাহূত, ত্রি. বিণ. (অন-আ-হ্বে, আহ্বান, ক্ত) অকৃতাহ্বান ; অনিমন্ত্রিত ; আহ্বান বিহীন।

অনাহ্লাদ, পু. বি. (অন-আ-হ্লদ, আহ্লাদ, ঘঞ)

নিরানন্দ ; অসন্তোষ ; আহ্লাদাভাব ; হর্ষাভাব।

অনাহ্বান, ক্লী. বি. (অন-আ-হ্বে, আহ্বান, অনট) অনিমন্ত্রণ ; না ডাকা ; অনাবাহন ; অনামন্ত্রণ।

অনিকট, ত্রি. বিণ. [অ-নিকট, অদূর, চি্ব] নিকট-শূন্য ; দূর ; যে স্থান অধিক দূর ; অসমীপ ; অনভ্যর্ণ।

অনিগীর্ণ, ত্রি. বিণ. (অনি-গৄ, কথন, ক্ত) অনুক্ত ; অকথিত ; যাহা বলাহয়নাই ; অনুল্লেখিত ; অভাষিত।

অনিগ্রহ, ত্রি. বিণ. (অ-নি-গ্রহ, পীড়া, অল) অনিৰ্ব্বন্ধ ; অকঠিন ; অপীড়ন ; শাসন বিহীন ; অক্লেশ।

অনিচ্ছ, ত্রি. বিণ. (অন-ইচ্ছ, ইচ্ছা, অল) অস্পৃহ ; অভিলাষ শূন্য ; অরুচিবিশিষ্ট ; যাহার স্পৃহা নাই।

অনিচ্ছা, স্ত্রী. বি. (অন্-ইচ্ছ, ইচ্ছা, ঙ-অ) স্পৃহার অভাব ; অভিলাষ নয় ; বাঞ্ছার অভাব ; অরুচি ; যথা—তিনি আমার অন্তঃপুর প্রবেশের অনিচ্ছার কারণ অনুসন্ধান না করিয়াই বলপূর্ব্বক আমাকে তথায় লইয়া যাইতেন। ইতি রোমাবতী ১০৩ পৃষ্ঠা।

অনিচ্ছু, ত্রি. বিণ. (অন্-ইচ্ছ, ইচ্ছা, উস্) অনিচ্ছা বিশিষ্ট ; অনাকাঙ্ক্ষী ; অস্পৃহ ; ইচ্ছা বিহীন ; যথা—বেসানিও প্রেয়সীকে অসন্তুষ্ট করিতে অনিচ্ছু হইয়া কাতরস্বরে কহিলেন, ইতিসেক্সপিয়র ২৪৫পৃষ্ঠা। বাঞ্ছা বর্জ্জিত ; অনভিলাষী ; যে ব্যক্তি লোলুপ নয়।

অনিচ্ছুক, ত্রি. বিণ. (অন ইচ্ছ, ইচ্ছা, উক) অনভিলাষী ; স্পৃহাবিহীন ; ইচ্ছাশূন্য ; যথা—ব্যাপ্টিস্তা উক্ত কারণে তৎক্ষণেই বিদায় দিতে অনিচ্ছুক হইয়া জামাতাকে নিষেধকরিলেন, ইতিসেক্সপিয়র ১৩০পৃষ্ঠা।

অনিত্য, ত্রি. বিণ. (অ নিত, স্থিতিশীল, য) অস্থায়ী ; ধ্বংসশালী ; জন্য বস্তু ; সতত নহে ; নশ্বর ; যথা—জানিলাম সার, অনিত্য সংসার, ধৰ্ম্মই ত্রিবর্গ সার। নহিলে আপনি, তুমি কেন ধনি, উপাসনা কর তার ইতি কুমারসম্ভব ৭১ পৃষ্ঠা।

অনিদান, ত্রি. বিণ. [অ-নিদান, কারণ, চি্ব] অকারণ ; নির্হেতু ; অনিমিত্ত ; যাহার কারণ নাই ; অনবসান।

অনিদ্রা, স্ত্রী. বি. (অ নি-দ্রা, নিদ্রা, অল) নিদ্রাভাব ; অসুপ্ত ; (বিণ.) নিদ্রাবিহীন ; নিদ্রাশূন্য ; যথা—যুবরাজ তোমার মঙ্গলহেতু তিনি অনিদ্রায়, অনাহারে পূজেন উমেশে। ইতি মেঘনাদবধকাব্য ১৪৩ পৃষ্ঠা।

অনিদ্রিত, ত্রি. বিণ. (অ-নি দ্রা, নিদ্রা, ক্ত) নিদ্রাযুক্ত নহে ; সুপ্তবিহীন ; অশয়িত ; অনিদ্রান্বিত।

অনিন্দা, স্ত্রী. বি. (অ-নিন্দ, নিন্দা, ঙ-অ) অকুৎসা ; গর্হাভাব ; অনপবাদ ; অদুর্নাম ; কুঘোষণা নহে।

অনিন্দিত, ত্রি. বিণ. (অ-নিন্দ, নিন্দা, ক্ত) নিন্দারহিত ; অগর্হিত ; প্রনায্য ; সাধু ; উত্তম ; উৎকৃষ্ট।

অনিপুণ, [অ-নিপুণ, পটুতা, চি্ব] অপ্রবীণ ; অপটু ; অপারক ; অবিজ্ঞ ; যাহার কোন কার্য্যে পটুতা নাই।

অনিপ্সু, ত্রি. বিণ. (অন্-ইপ ; ইচ্ছা, সন্-উস্) অনিচ্ছুক ; লোভ রহিত ; অভিলাষ শূন্য।

অনিবার, ত্রি. বিণ. (অ-নি-বৃ, বারণ, ঘঞ) নিবারণ বিহীন ; নিষেধ শূন্য ; বারন নহে ; মানা নয় ; অবিচ্ছেদ ; যাহা নিবারণ হয় না ; যথা—নেত্রযুগল হইতে অনিবার অশ্রুধারা প্রবাহিত হইয়া বক্ষঃস্থল সিক্ত হইতে লাগিল। ইতি বুদ্ধিমালা ১৪ পৃষ্ঠা।

অনিবারিত, ত্রি. বিণ. (অন-বৃ, বারণ, ণিচ-ক্ত) অবারিত ; অনিষেধিত ; যাহা নিবারণ করা হয় নাই।

অনিবার্য্য, ত্রি. বিণ. (অ-নি-বৃ, নিবারণ, ঘ্যণ) অবারণীয় ; নিবারনের অনুপযুক্ত ; যাহা বারণকরা যায়না ; যথা—তোমার প্রতি তাঁহার সেইরূপ অনিবার্য্য প্রেমভাব অবলোকন করিয়া, ইতি রোমাবতী ১১৮ পৃষ্ঠা।

অনিবৃত্তি, ত্রি. বিণ. (অ-নি-বৃত, নিবৃত্ত, ক্তি) অনুপরম ; বিরতি শূন্য ; অক্ষান্তি ; অপ্রবৃত্তি।

অনিভৃত, ত্রি. বিণ. (অ-নি ভৃ, গোপন, ক্ত) অগোপনীয় ; অপ্রকাশিত ; অস্থির ; অব্যক্ত ; অপ্রচ্ছন্ন।

অনিমিষ, পু. স্ত্রী. বি. (অ-নিমিষ, চক্ষুর পলক পড়া, ক) দেবতা ; মৎস্য ; সূক্ষ্মকাল পরিমাণ ; ইতি অমরকোষ। (ত্রি. বিণ.) যাহার চক্ষুর পলক পড়ে না ; যথা—হরিন হরিণীগণ অশ্রুতপূর্ব্ব রথরব শুনিয়া অনিমিষ নয়নে রথের প্রতি দৃষ্টিপাত করিয়া রহিয়াছে ; ইতি রঘুবংশ ৩ পৃষ্ঠা।

অনিমিষাচার্য্য, পু. বি. [অনিমিষ-আচার্য্য, ব্যক্তিবিশেষ, চি্ব] দেবগুরু, বৃহস্পতি ; সুরাচার্য্য।

অনিমেষ, পু. বি. (অ-নিমিষ, চক্ষুর পলক পড়া, অল) দেবতা ; মৎস্য ; সুক্ষ্মকাল পরিমান ; ইতি হেমচন্দ্র।

অনিমেষলোচন, ত্রি. বিণ. (অনিমেষ-লচ, লোচন, অনট) নিমিষশূন্য চক্ষু ; যে চক্ষুর পলক পড়ে না ; যথা—স্বর্গীয় কামিনীগণ অনিমেষ লোচনে সেই নলকে অতিশয় সাদরে অবলোকন করিয়া, ইতি নৈষধচরিত ১০ পৃষ্ঠা।

অনিয়ত, ত্রি. বিণ. (অ-নি-যম, স্থিতিশীল, ক্ত) অনিত্য; অস্থায়ি; যাহা থাকে না; যাহা নিয়ত থাকে না; অনিয়মিত; যথা—কিন্তু তিনি অনিয়ত বিহারজনিত ক্ষয় রোগের আক্রমণ অতিক্রম করিতে পারিলেন না। ইতি রঘুবংশ ১৪৫ পৃষ্ঠা।

অনিয়তাত্মতা, স্ত্রী. বি. [অনিয়ত-আত্মন্, আত্মা, তা] যে আত্মতা স্থায়ী নয়; অনিত্য আত্মতা; যথা—তাঁহারা যে সকল সৎকর্ম্ম প্রদর্শন করিয়াছেন, আমি তাহা আশ্রয় করিতে ইচ্ছা করি, কিন্তু অনিয়তাত্মতা প্রযুক্ত কৃতকার্য্য হইতে পারি না। ইতি মহাভারত সভাপর্ব্ব ১১ পৃষ্ঠা।

অনিযন্ত্রিত, ত্রি. বিণ. (অ-নি-যন্ত্র, শাসন, ক্ত) অশাসিত; অনিবারিত; যাহা শাসন করা হয় নাই।

অনিয়ম, পু. বি. (অ-নি-যম, নিয়ম, অল) নিয়মাভাব; অনিশ্চয়; অনির্দ্ধার; অনিরূপণ; ব্রতাভাব।

অনিয়মিত, ত্রি. বিণ. (অ-নি-যম, নিয়ম, ক্ত) অনির্দ্ধারিত; অনিয়মবদ্ধ; অনিশ্চিত; যাহা নিরূপিতনয়।

অনিয়োজ্য, ত্রি. বিণ. (অ-নি-যুজ, নিয়োগ, য) নিযুক্তকরণাযোগ্য; নিযোজিত করণের অনুপযুক্ত।

অনিরাকরণ, ক্লী. বি. (অ-নির্-আ-কৃ, করণ, অনট) বারণ না করা; খণ্ডন না করা; অনিষেধ করণ।

অনিরাকৃত, ত্রি. বিণ. (অ নির-আ-কৃ, করণ, ক্ত) অবারিত; অনিষিদ্ধ; নিবারণ করা নয়; অদূরীকৃত।

অনিরাশ, ত্রি. বিণ. (অ-নির-আশ, আশা, ড) হতাশ; আশা শূন্য; প্রত্যাশা বিহীন; অতৃষ্ণ।

অনিরুদ্ধ, ক্লী. বি. (অ-নি-রুধ, রোধ, ক্ত) সন্দান; পশ্বাদি বন্ধন রজ্জু; (পু.) কামদেব পুত্র; উষাপতি; ব্রহ্মসূ; বিশ্বকেতু; ইতি অমরকোষ। ভগবানের চতুর্ব্ব্যূহের অন্তর্গত ব্যূহ; (ত্রি. বিণ.) রোধশূন্য; অপ্রতিবন্ধ; চর; প্রতিরোধ বিহীন; দূত; ইতি বিশ্ব। অনিবারিত; অদম্য; স্বেচ্ছাচারী।

অনিরুদ্ধপথ, ক্লী. বি. (অ নি-রুদ্ধ-পথ, পন্থা, অল) আকাশ; অরুদ্ধবর্ত্ম; অনিবারিত মার্গ; শূন্য।

অনিরুদ্ধভাবিনী, স্ত্রী. বি. (অ নিরুদ্ধ-ভূ, উৎপত্তি, ইন্-ঈ) উষা; কামদেবের পুত্রবধূ; বাণরাজারকন্যা।

অনিরূপণ, ক্লী. বি. (অ-নি-রূপ, স্থির, অনট) নির্ণয়করণাভাব; অবিতর্ক; স্থির করণাভাব; অনবধারণ।

অনিরূপিত, ত্রি. বিণ. (অ-নি-রূপ, স্থির, ক্ত) অকৃত নিরূপণ; নিযুক্ত নহে; অনির্ণীত; স্থিরীকৃত নয়।

অনির্ণয়, পু. বি. (অ-নিঃ-নী, নিশ্চয়, অল) অনির্দ্ধার; অনিশ্চয়; অস্থির; নির্ণয়াভাব; ঠিক নয়।

অনির্দ্দিষ্ট, ত্রি. বিণ. (অ-নির্-দিশ, নির্দ্দেশ, ক্ত) অনিশ্চিত; অনির্দ্দেশ; স্থিরীকৃত নহে; অনির্ণীত; যথা—উৎকীর্ণার ন্যায় কোন অনির্দ্দিষ্ট পদার্থের প্রতি নয়ন দ্বয় প্রোত করিয়া নিবাতস্থ বল্লীর ন্যায় নিষ্পন্দশরীরে দণ্ডায়মান আছেন। ইতি রোমাবতী ২৩ পৃষ্ঠা।

অনির্দ্দেশ্য, পু. বি. (অ-নির্-দিশ, নিশ্চয়তা, য) নিরূপণযোগ্য নয়; অনাদিষ্ট; অনির্ণয়োপযুক্ত; যথা—নিয়ম লঙ্ঘনের প্রতিফল বিবেচনা না করিয়া তাঁহার অনির্দ্দেশ্য বিড়ম্বনার ফল মনে করে। ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধবিচার ৮ পৃষ্ঠা।

অনির্ধারণ, ক্লী. বি. (অ-নির্-ধৃ, ধারণ, অনট) অনিশ্চয়; অনবধারণ; স্থির করণাভাব; নির্ণয়াভাব।

অনির্ধারিত, ত্রি. বিণ. (অ-নির্-ধৃ, ধারণ, ক্ত) অকৃত নির্ধারণ; অনিশ্চিত; অনবধারিত।

অনির্ব্বচনীয়, ত্রি. বিণ. (অ-নির্-বচ, বাক্য, অনীয়) বাক্যের অগম্য; উৎকৃষ্ট; অত্যুত্তম; বর্ণনের অসাধ্য; যাহা বাক্য দ্বারা বলাযায় না; যথা—পুরুষের পরিচ্ছদ পরিধান করাতে ইমোজেনের অনির্ব্বচনীয় সৌন্দর্য্য হইয়াছিল। ইতি সেক্সপিয়র ৪৪০ পৃষ্ঠা।

অনির্ব্বাচ্য, ত্রি. বিণ. (অ-নির্-বচ, বাক্য, ঘ্যণ) নির্ব্বচনার্হ; অতি উৎকৃষ্ট; বাক্যের উপযুক্ত নহে।

অনির্ব্বাণ, ত্রি. বিণ. (অ-নির্-বা, অস্তগমন, ক্ত) যাহা নির্ব্বাণ করা যায় না; যাহা অস্তগত নহে।

অনির্ব্বাহ, পু. বি. (অ-নির্-বহ, নিষ্পাদন, ঘঞ) অনিষ্পত্তি; অসঙ্গতি; যাহা নিষ্পন্ন হয় নাই।

অনির্ব্বাহ্য, ত্রি. বিণ. (অ-নির্-বহ, নিষ্পাদন, ঘ্যণ) সঙ্গতি বিহীন; নিষ্পাদনানর্হ; নির্ব্বাহ যোগ্য নয়।

অনির্ব্বিণ্ণ, ত্রি. বিণ. (অ-নির্-বিদ, অভাব, ক্ত) নির্ব্বেদ শূন্য; অভাব গ্রস্ত; নিঃস্ব; অনির্ব্বাহ; পরিবার পোষণে অক্ষম; যাহার কিছু নাই; অদুঃখিত।

অনির্ব্বৃতি, স্ত্রী. বি. (অ-নির্-বৃ, অভাব, ক্তি) দরিদ্রতা; অসংস্থান; অনির্ব্বাহ; দ্রব্যাদির অভাব।

অনির্ভর, ত্রি. বিণ. (অ-নির-ভৃ, আশ্রয়, অল) অনবলম্বন; অনতিশয়; ভারহীন; ভরসাশূন্য; আশাহীন।

অনির্ম্মল, ত্রি. বিণ. (অ-নির্-মল, মলা, অল) মলিন;

আবিল; অপরিষ্কৃত; পরিষ্কার শূন্য; মলাযুক্ত; ঘোল; অস্বচ্ছ; (ক্লী. বি.) নির্ম্মলাভাব।

অনির্ম্মাণ, ক্লী. বি. (অ-নির্-মা, গঠন, অনট) অগঠন; রচনাভাব; সৃষ্টিকরণাভাব; অগাঁথন।

অনির্ম্মাল্য, ত্রি. বিণ. (অ-নির্-মল, দ্রব্যবিশেষ, ঘ্যণ) দেবোচ্ছিষ্ট দ্রব্য নহে; নিবেদিত পুষ্পাদি নয়।

অনির্ম্মাল্যা, স্ত্রী. বি. [অ-নির্-মাল্য, উদ্ভিজ্জবিশেষ, আ] পৃক্কা নামক ঔষধি; বৃক্ষ বিশেষ।

অনির্ম্মিত, ত্রি. বিণ. (অ-নির্-মা, গঠন, ক্ত) অগঠিত; রচিত নহে; অকৃত নির্ম্মাণ; অগাঁথানি।

অনিল, পু. বি. (অন, অতি দ্রুত গমন, ইল) বায়ু; পবন; বাতাস; বসুবিশেষ; ইতি মেদিনী।

অনিলঘ্নক, পু. বি. (অনিল-হন, গতি, অল-ক) বিভীতক বৃক্ষ; (বিণ.) বাতাসগামী; যে বাতাসে যায়।

অনিলসখ, পু. বি. [অনিল-সখি, বন্ধুতা, ড] অগ্নি; অনল; আগুন; বায়ুর সখা; ইতি হেম চন্দ্র।

অনিলান্তক, পু. বি. (অনিল-অন্ত, শেষ, ণক) ইঙ্গুদী বৃক্ষ; উদ্ভিজ্জ বিশেষ; ইঙ্গোট গাছ; ইতি বিশ্ব।

অনিলাময়, পু. বি. (অনিল-অম, রোগ বিশেষ, ণিঅল) বাতরোগ; অজীর্ণ রোগ; অপরিপাক রোগ।

অনিলী, স্ত্রী. বি. (অনিল, নক্ষত্র বিশেষ; ঈ) স্বাতি নক্ষত্র; সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্র; ইতি বিশ্ব।

অনিলোচিত, ত্রি. বিণ. (অ-নি লুচ, আলোচনা, ক্ত) অনালোচিত; অবিবেচিত; যাহা চর্চ্চিত নহে।

অনিশ; ক্লী. বি. (অ-নিশ, নিরন্তর, ক) অনবরত; সতত; নিরন্তর; সর্ব্বদা; ইতি অমরকোষ। যথা—তথাপি অনিশ অন্যভাবে নিরীক্ষণ করাতে প্রণয়োৎপাদন করিতে পারে নাই। ইতিসেক্সপিয়র ১৯০পৃষ্ঠা।

অনিশ্চয়, পু. বি. (অ নিঃ-চি, স্থিরতা, অল) সংশয়; অনির্ণয়; অস্থির; অনবধারণ; অসিদ্ধান্ত।

অনিশ্চিত, ত্রি. বিণ. (অ-নিঃ-চি, স্থিরতা, ক্ত) নিশ্চয় রহিত; অনির্ণীত; স্থিরীকৃত নহে; অনিরূপিত; যথা—সেই রাজাধিরাজ সমীপে এরূপ অনিশ্চিত বিষয় প্রস্তাব করিতে কথনই সমর্থ হই না, ইতি নৈষধচরিত ১০৩ পৃষ্ঠা।

অনিষ্কর্ষ, ত্রি. বিণ. (অ-নিঃ-কৃষ, নির্ম্মলতা, অল) অপরিষ্কার; অনিশ্চিত; স্থিরীকৃত নহে; অনির্ণীত।

অনিষ্ট, ত্রি. বিণ. (অন্-ইষ, ইচ্ছা, ক্ত) অনভিলষিত; অবাঞ্ছিত; হানি; অপকার; অপচয়; মন্দ; যথা—অনসূয়া কহিলেন না মহাশয়! এমন কিছু অনিষ্ট ঘটনা হয় নাই। ইতি শকুন্তলা ১০ পৃষ্ঠা।

অনিষ্টকর, ত্রি. বিণ. (অনিষ্ট-কৃ, করণ, অল) অহিতকর; অনিষ্টকারক; অপকারক; মন্দকর; হানিকর; যথা—নৈরাশ্যে পতিত হইলে অনিষ্টকর বিষয়ের শীঘ্র স্মরণ হয়, ইতি সেক্সপিয়র ৪২৪ পৃষ্ঠা।

অনিষ্টকারক, ত্রি. বিণ. (অনিষ্ট-কৃ, করণ, ণক) অনিষ্টকর্ত্তা; হানিকারক; যে মন্দ করে; যথা—তাহারা প্রায় স্বার্থপর ও অন্যের অনিষ্টকারক হইয়া উঠে। ইতি কাদম্বরী ৩৫ পৃষ্ঠা।

অনিষ্টকারী, ত্রি. বিণ. (অনিষ্ট-কৃ, করণ ণিন্) অনিষ্ট কর্ত্তা; মন্দকারী; যে অপকার করে; হানিকারক; যথা—বিধি তোমাকে পুষ্পময় ধনুর্ল্লতা প্রদান করিয়াও কি অতি অনিষ্টকারী জানিয়া আবার পুনর্গ্রহণ করিয়াছেন? ইতি নৈষধচরিত ১৬৪ পৃষ্ঠা।

অনিষ্ট ক্রিয়া, স্ত্রী. বি. (অনিষ্ট কৃ, করণ, ক্যপ্) অহিত কর্ম্ম; মন্দকার্য্য; (বিণ.) যে কার্য্য দ্বারা মন্দ হয়; অপকারজনক কর্ম্ম; যাহা দ্বারা হানি হয়।

অনিষ্ট চর্চ্চা, স্ত্রী. বি. (অনিষ্ট-চর্চ্চ, আলোচনা, ও-আ) অহিত কার্য্যের আলোচনা; মন্দ বিষয়ের তর্ক বিতর্ক করণ; (বিণ.) যে আলোচনায় অপকার হয়।

অনিষ্ট চিন্তা, স্ত্রী. বি. (অনিষ্ট-চিন্ত, ভাবনা, ও-আ) মন্দ ভাবনা; (বিণ.) যে ভাবনায় অহিতসাধন হয়।

অনিষ্টশঙ্কা, স্ত্রী. বি. (অনিষ্ট-শঙ্ক, ভয়, ও-আ) অনিষ্ট হওন ভয়; অহিত শঙ্কা; মন্দ ঘটনার ভয়; যথা—তখন স্নেহ কাতর মনে অনিষ্ট শঙ্কাই প্রবল হইয়া উঠিল। ইতি কাদম্বরী ৫৫ পৃষ্ঠা।

অনিষ্টসম্পাদন, ক্লী. বি. (অনিষ্ট-সং-পদ, সমাপন, অনট; অহিত সম্পন্ন; মন্দনিষ্পন্ন; অহিতসাধন; যথা—কার্য্য দ্বারা কেবল অনিষ্টসম্পাদন করিয়া থাকে। ইতি টেলিমেকস ৫২ পৃষ্ঠা।

অনিষ্টা, স্ত্রী. বি. (অন-ইষ, দ্রব্যবিশেষ, ক্ত-আ) নাগবলা; গোরক্ চাউলিয়া; ঔষধি বিশেষ।

অনিষ্টাকাঙ্ক্ষা, স্ত্রী. বি. (অনিষ্ট-আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ও-আ) অহিতাভিলাষ; অনিষ্টবাসনা; মন্দ ইচ্ছা; যথা—এইরূপে নগরবাসি লোকের অনিষ্টাকাঙ্ক্ষা, ক-

রিতে করিতে বিপিনে প্রবেশ করিয়া বলিলেন, ইতি সেক্সপিয়র ৩৪০ পৃষ্ঠা।

অনিষ্টাচরণ, ক্লী. বি. (অনিষ্ট-আ চর, আচরণ, অনট) অহিত আচরণ; মন্দ ব্যবহার যথা—মহর্ষি প্রভাবে যমও আমার অনিষ্টাচরণ করিতে পারেন না। ইতি রঘুবংশ ১৩ পৃষ্ঠা।

অনিষ্টাপাত পু. বি. (অনিষ্ট-আ পত, পতন, ঘঞ) আপাতত অনিষ্ট; সম্প্রতি অহিত; মন্দ; যথা—অথবা তৎ সদৃশ অন্য কোন অনিষ্টাপাত অপেক্ষা অধিক ভয়ানক। ইতি টেলিমেকস ১২ পৃষ্ঠা।

অনিষ্টাশঙ্কা, স্ত্রী. বি. (অনিষ্ট-আ-শঙ্ক, ভয়, ঙ আ) অহিত ভয়; অনিষ্ট হইবার ভয়; যথা—সন্দিরা অনিষ্টাশঙ্কায় ধারণ করিয়া রাখিবার চেষ্টা করিলে, ইতি সেক্সপিয়র ১৫০ পৃষ্ঠা।

অনিষ্টোৎপাদন, ক্লী. বি. (অনিষ্ট উৎ-পদ, উৎপাদন, অনট) অহিতোৎপন্ন; মন্দ উৎপাদন; যথা—রাণী পাছে স্বাপ বাদ বিলোপ বাসনায় আপনাদের কোন অনিষ্টোৎপাদন করেন, ইতি রোমাবতী ১১২ পৃষ্ঠা।

অনিষ্ঠুর, ত্রি. বিণ. (অ-নি-স্থা, নির্দ্দয়তা, উর) অনির্দ্দয়; সরল চিত্ত; বদান্য; অনৃশংস; দানশীল।

অনিষ্ণাত, ত্রি. বিণ. (অ-নি-স্না, শোধন, ক্ত) অকুশল; অপ্রবীণ; অনভিজ্ঞ; অকৃতী; অপারক।

অনিষ্পত্তি, স্ত্রী. বি. (অ-নিঃ-পদ, নিষ্পাদন, ক্তি) অসমাপ্তি; শেষ না হওয়া; যাহার শেষ হয় নাই।

অনিষ্পন্ন, ত্রি. বিণ. (অ-নিঃ-পদ, নিষ্পাদন, ক্ত) নিষ্পত্তি রহিত; অসমাপ্ত; অসম্পূর্ণ; অনিষ্পাদিত।

অনিষ্পাদ্য, ত্রি. বিণ. (অ নিঃ-পদ, নিষ্পাদন, ঘ্যণ) অসমাপণীয়; নিষ্পাদনানর্হ; সমাপ্তানুপযুক্ত।

অনিসর্গ, ত্রি. বিণ. (অ নি সৃজ, স্বভাব, অ) অস্বাভাবিক; স্বভাবের বিরুদ্ধ; প্রকৃতির বিপরীত।

অনিস্তীর্ণ, ত্রি. বিণ. (অ-নিঃ-তৄ, মীমাংসা, ক্ত) অমীমাংসিত; যাহা সিদ্ধান্ত করা হয় নাই।

অনিহ্নব, পু. বি. (অ নি-হ্নু, অস্বীকার, অল) স্বীকার করণ; অঙ্গীকার করণ; প্রতিজ্ঞাকরণ।

অনিক্ষু, পু. বি. (অনিক্ষ, ইক্ষু, উস্) ইক্ষুবিশেষ; আনাথু; খাকড়া; ইক্ষু তুলা; ইক্ষুরালিকা; ইক্ষালিকা; ইতি রত্নমালা। (বিণ.) ইক্ষুবিহীন।

অনীক, পু. ক্লী. বি. (অ-নী, রণ, ইক) যুদ্ধ; সৈন্য; ইতি মেদিনী। সৈনিক পুরুষ; সেনা; যোদ্ধ সমূহ।

অনীকস্থ, পু. বি. (অনীক-স্থা, স্থিতি, ড) রণগত; সংগ্রামস্থ; হস্তি শিক্ষায় বিচক্ষণ; রাজরক্ষক; চিহ্ন; বীরমর্দ্দলক; জয়ঢাক; ইতি মেদিনী। প্রহরী; সচেত; হস্তিপক; হস্তিপালক; হস্ত্যারোহ।

অনীকিনী, স্ত্রী. বি. [অনীকিন্, সেনা, ঈ] সৈন্যসমূহ; সেনা; যোদ্ধ; সৈন্যসংখ্যাবিশেষ; সর্ব্ব রকমে এক বিংশতিসহস্র অষ্টশত সপ্ততি সংখ্যক সেনাসমূহ; যথা—অশ্বারোহী ৬৫৬১, হস্তি আরোহী ২১৮৭, পদাতি ১০৯৩৫, রথারোহী ২১৮৭। অক্ষৌহিণীর দশমাংশ; ইতি অমরকোষ। ফৌজ।

অনীচ, ত্রি. বিণ. (অ-নীচ, হেয়, ক) সম্ভ্রান্ত; অনধম; উৎকৃষ্ট; হেয় নয়; উত্তম; সম্মান বিশিষ্ট।

অনীচদর্শী, পু. বিণ. (অ-নীচ দৃশ, দর্শন, ইন্) বুদ্ধভেদ; বৌদ্ধধর্ম্মাবলম্বী; হেয় বিষয়ে যাহার দৃষ্টি নাই; কুৎসিত বিষয়ে যে দৃষ্টিপাত করে না।

অনীচৈঃ, ক্রিবিণ. (অ নীচ, উচ্চতা, ঐস্) উচৈচঃস্বরে; চীৎকার পূর্ব্বক; কঠোর ধ্বনিতে; উচ্চশব্দে।

অনীতি, স্ত্রী. বি. (অ-নী, নিয়ম, ক্তি) দুর্নীতি; অন্যায়; অত্যাচার; মন্দনীতি; দৌরাত্ম্য।

অনীদৃশ, ত্রি. বিণ. (অন্-ইদম-দৃশ, তুল্যতা, টক্) অতুল্য; অনেকপ্রকার; এই প্রকার নয়; অসদৃশ।

অনীশ, পু. বি. (অন্-ঈশ, পতি, ক) অস্বামী; অনধিকারী; বিষ্ণু; (বিণ.) ঈশ্বরভিন্ন; যে পতি নয়।

অনীশ্বর, ত্রি. বিণ. (অন্-ঈশ, পতি, বর) ঈশ্বরভিন্ন; পতিবিহীন; স্বামীশূন্য; নাস্তিক; যে ঈশ্বর মানেনা; প্রভুত্ববিহীন; যথা—নির্দ্ধনের অভিলাষ ও অনীশ্বরের ক্রোধ সুতীক্ষ্ণ কণ্টক স্বরূপ হইয়া তাহাদের হৃদয় ক্ষত বিক্ষত করে, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪৮ পৃষ্ঠা।

অনীশ্বরবাদ, ক্লী. বি. (অন্-ঈশ্বর, বদ, বাক্য, ঘঞ) নাস্তিকতা; নাস্তিকের সাধারণ ধর্ম্ম; আস্তিকতাভাব।

অনীহ, ত্রি. বিণ. (অন্-ঈহ, চেষ্টা, ক) নিশ্চেষ্ট; অলস; কুড়্যা; উদ্যোগ বিহীন; অনুষ্ঠানশূন্য।

অনীহার, ত্রি. বিণ. (অ-নী-হৃ, উষ্ণতা, ঘঞ) অশীতল; হিম শূন্য; তপ্ত; উষ্ণ; গরম; সন্তাপযুক্ত নয়।

অনু, (অ) উপসর্গ বিশেষ; পশ্চাৎ; সাদৃশ্য; লক্ষণ; বীপ্সা; ইত্থম্ভাব; ভাগ; হীন; সহার্থ; আয়াম; সমীপ; পরিপাটী; সদৃশ; অধীন; নিকৃষ্ট; সহিত;

অংশ ; পরম্পর ; বহির্ভাগ ; ইতি মেদিনী।

অনুক, ত্রি. বিণ. (অনু-কম, কাম, ড) কামুক ; কামী ; ইতি অমরকোষ। স্নেহ ; কামাসক্ত ; প্রণয়াসক্ত।

অনুকম্পা, স্ত্রী. বি. (অনু-কম্প, দয়া, ঙ-আ) কৃপা ; দয়া ; করুণা ; অনুগ্রহ ; ইতি অমরকোষ। যথা—তাঁহাদের অনুকম্পার উদয় হওয়াতে আমি আপনাকে পাইয়াছি। ইতি টেলিমেকস ৪৮ পৃষ্ঠা।

অনুকম্প্য, ত্রি. বিণ. (অনু-কম্প, দয়া, য) তরস্বী ; বেগবান ; কৃপাযোগ্য ; দয়াপাত্র ; অনুগ্রাহ্য।

অনুকম্প্রতা, স্ত্রী. বি. (অনু-কম্প্র, স্থিরতা, ক্ত-আ) অস্থিরতা ; চঞ্চলতা ; যথা—উৎসুকতা নিমিত্ত ও অনুকম্প্রতা অর্থাৎ চঞ্চলতা অথচ দয়ালুতা প্রাপ্ত হইয়া, ইতি নৈষধচরিত ৪০ পৃষ্ঠা।

অনুকরণ, ক্লী. বি. (অনু-কৃ, করণ, অনট) অনুকার ; সদৃশীকরণ ; প্রতিরূপ করণ ; পশ্চাৎ করণ ; যথা—দময়ন্তীর লজ্জোৎপাদন নিমিত্তই তৎসম্বন্ধিনী গতির অনুকরণ করিয়া উপহাস করিতে লাগিল। ইতি নৈষধচরিত ৮১ পৃষ্ঠা।

অনুকর্ষ, পু. বি. (অন-কৃষ, কর্ষণ, অল) রথের নিম্নস্থ কাষ্ঠ ; রথের তলা ; ইতি অমরকোষ। যথা—রথচক্র, ঈষা, যোক্ত্র, যুগ, ও অনুকর্ষ সমুদায়ই শরময় বলিয়া বোধ হইতে লাগিল। ইতি মহাভারত শল্যপর্ব্ব ২৮ পৃষ্ঠা।

আকর্ষণ ; টানন ; ইতি মেদিনী। পশ্চাৎ কর্ষণ করা।

অনুকর্ষণ, ক্লী. বি. (অনু-কৃষ, কর্ষণ, অনট) অবকর্ষণ ; আকর্ষণ ; টানন ; ইতি মেদিনী। খেচন।

অনুকর্ষা, পু. বি. (অনু-কৃষ, কর্ষণ, অন্) অনুকর্ষ ; রথের নিম্নস্থ কাষ্ঠ ; ইতি অমরকোষ টীকা। টানা।

অনুকল্প, পু. বি. (অনু-কল্প, অপ্রধান, অল) গৌণকল্প ; প্রধানের স্থানকল্প ; অপ্রধান ; শ্রেষ্ঠাভাব।

অনুকামীন, ত্রি. বি. (অনু-কাম, গতি, ঈন) কামগামী ; স্বেচ্ছাগমনশীল ; যথেচ্ছাক্রমে গমনশীল ; ইতি অমরকোষ। স্বেচ্ছাবিহারী ; যে স্বেচ্ছাবিশিষ্ট।

অনুকার, পু. বি. (অনু-কৃ, করণ, ঘঞ) সদৃশীকরণ ; প্রতিরূপকরণ ; অনুহার ; ইতি অমরকোষ। উপমা ; ইতি হেমচন্দ্র। তুল্যতাকরণ ; অনুরূপ করা।

অনুকারী, ত্রি. বিণ. (অনু-কৃ, করণ, ণীন্) সদৃশকারী ; তুল্যতাকারী ; সমকারী ; ইতি মেদিনী।

অনুকীর্ণ, ত্রি. বিণ. (অনু-কৃ, বিস্তার, ক্ত) বিস্তৃত ; ব্যাপ্ত ; পরিপূর্ণ ; ইতি অমরকোষ। সমাক্রান্ত।

অনুকূল, ত্রি. বিণ. (অনু-কূল, সহায়তা, ক) অপ্রতিকূল ; দক্ষিণ ; সহায় ; সপক্ষ ; হিতকারী ; যথা—তোমার নিকটই নল যাচ্ঞা করিতেছি, তুমিই অনুকূল হইয়া তাঁহাকে প্রদান কর। ইতি নৈষধচরিত ১১১ পৃষ্ঠা।

অনুরক্ত ; যোগ্য ; অনুগ্রাহী ; (পু. বি.) পতিভেদ।

অনুকূলগলহস্ত, পু. বিণ. (অনুকূল-গল-হস, হাত, ক্ত) মনোবাসনাপূর্ণ ; সপক্ষগলহস্ত ; অভীষ্টসিদ্ধ ; যথা—মাধব্য কহিলেন বয়স্য ! মন্দ কি, এ তোমার অনুকূলগলহস্ত। ইতি শকুন্তলা ৩০ পৃষ্ঠা।

অনুকূলজীবিকা, স্ত্রী. বিণ. (অনুকূল-জীব, জীবন, ইক-আ) সপক্ষ জীবিকা ; অনুকূল হইয়াছে যাহার জীবন ধারণের এক মাত্র উপায় ; যথা—এই জীবলোকে আরোগ্য, আনৃণ্য ; অপ্রবাস ; সৎসংসর্গ ; অনুকূলজীবিকা, ও নির্ভয়ে বাস এই ছয়টী জীবলোকের সুখ। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪৯ পৃষ্ঠা।

অনুকূলতা, স্ত্রী. বি. (অনু-কূল, সহায়তা, তা) আনুকূল্য ; দাক্ষিণ্য ; ইতি হেমচন্দ্র। সাহায্য ; হিতানুষ্ঠান ; উপকারোদ্যোগ ; সপক্ষতা ; সহকারিতা ; যথা—তিনি ব্রাহ্মণে বেদ, ক্ষত্রিয়ে তেজ, বৈশ্যে দক্ষতা, ও শূদ্রে সর্ব্ব বর্ণের অনুকূলতা প্রদান করিয়াছেন। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ৫ পৃষ্ঠা।

অনুকূলতাচরণ, ক্লী. বি. (অনুকূলতা-আ-চর, আচরণ, অনট) সপক্ষতাচরণ ; আনুকূল্যকরণ ; সাহায্যকরণ ; সহায়তাকরণ ; সপক্ষতা ব্যবহার। ইতি বিশ্ব।

অনুকূলা, স্ত্রী. বি. (অনু-কূল, সহায়তা, আ) দন্তীবৃক্ষ ; (বিণ.) অনুরক্তা ; যোগ্যা ; হিতকারিণী ; যথা—তুমি যদি আমার অনুকূলা হও তবে বিরহদুঃখানুভবের প্রধান হেতুভূত আমার শত্রুস্বরূপ জীবনকে তুমি কি বলিয়া ইচ্ছা করিতেছ, ইতি নৈষধচরিত ১৬৯ পৃষ্ঠা।

অনুকূলাচার, পু. বি. (অনুকূল-আ-চর, আচার, ঘঞ) সপক্ষাচার ; অনুকূলব্যবহার ; যোগ্যাচার।

অনুকৃত, ত্রি. বিণ. (অনু-কৃ, করণ, ক্ত) আদর্শ দেখিয়া করা ; পশ্চাৎকৃত ; নকল দেখিয়া করা।

অনুক্ত, ত্রি. বিণ. (অন-বচ, বাক্য, ক্ত) অকথিত ;

অবলা; যাহা বাক্য দ্বারা প্রকাশিত হয় নাই।

অনুক্রকচ, ত্রি. বিণ. (অনু-ক্রকচ, দ্রব্যবিশেষ, অচ) করাতবৎ দন্তবিশিষ্ট; যাহার দাঁত করাত সদৃশ।

অনুক্রম, পু. বি. (অনু-ক্রম, ক্রম, অল) যথাক্রম; আনুপূর্ব্বী; পরিপাটী; আরম্ভ; পর্য্যায়; পালা।

অনুক্রমণিকা, স্ত্রী. বি. (অনু ক্রম, ক্রম, অনট ইক-আ) ভূমিকা; মুখবন্ধ; গ্রন্থের অবতারণিকা; আভাস; সূচীপত্র; চুম্বক; অনুষ্ঠান; মুখবাঁধা।

অনুক্রিয়া, স্ত্রী. বি. (অনু-কৃ, করণ, ক্যপ্) অনুরূপকরণ; সদৃশকরণ; তুল্যতাকরণ; পশ্চাৎ কর্ম্ম।

অনুক্রোশ, পু. বি. (অনু-ক্রুশ, ক্রোশ, অল) করুণা; দয়া; অনুকম্পা; কৃপা; স্নেহ; ইতি অমরকোষ।

অনুগ, ত্রি. বিণ. (অনু গম, গমন, ড) পশ্চাদ্গামী; অনুচর; অনুসর; অন্বক্; অন্বক্ষ; অনুপদ; ইতি অমরকোষ। সেবক; দাস; ইতি হলায়ুধ। অনুযায়ী; সঙ্গত; ভৃত্য; দূত; যে ব্যক্তি সর্ব্বদা সঙ্গে চলে।

অনুগত, ত্রি. বিণ. (অনু-গম, গমন, ক্ত) অনুগ; আশ্রিত; শরণাগত; অধীন; অনুযায়ী; পশ্চাদ্গামী; সঙ্গত; ভৃত্য; যে ব্যক্তি বশীভূত; নিয়ত; যথা—সৌজন্য, গুরুভক্তি, অনুগত বাৎসল্য প্রভৃতি নানা বিভূষিতা হইয়া উঠিলেন। ইতি রোমাবতী ১২পৃষ্ঠা।

অনুগবীন, পু. বি. (অনু-গব, ব্যক্তিবিশেষ, ঈন) গোপ; গোরক্ষক; গোপাল; রাখাল; ইতিমেদিনী।

অনুগম, পু. বি. (অনু-গম, গমন, অল) পশ্চাদ্গমন; উপসর্পণ; বোধ; উপাসনা; অনুবৃত্তি।

অনুগমন, ক্লী. বি. (অনু-গম, গমন, অনট) পশ্চাদ্গমন; সঙ্গে যাওয়া; অনুমরণ; সহগমন; যথা—দিনকর করনিকর যেরূপ দিনকরের অনুগমন করে, ইতি নৈষধচরিত ২২ পৃষ্ঠা।

অনুগম্য, ত্রি. বিণ. (অনু গম, গমন, য] পশ্চাদ্গমনোপযুক্ত; পশ্চাদ্গমনেরযোগ্য; সঙ্গেযাইবারযোগ্য।

অনুগামী, ত্রি. বিণ. (অনু-গম, গমন, ণিন্) কামগামী; ইতি হেমচন্দ্র। পশ্চাদ্গামী; সহচর; তুল্যাচারী; যথা—মনুষ্যও সেই দৃষ্টান্তের অনুগামী হইয়া চলেন। ইতি বাহ্যবস্তুরসহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ১১৯ পৃষ্ঠা।

অনুগামিনী, স্ত্রী. বিণ. (অনু-গম, গমন, ণিন্-ঈ) কামগামিনী; সঙ্গিনী; তুল্যাচারিণী; পশ্চাদ্গামিনী; যথা—দুরাত্মা কন্দর্পের কি প্রভাব! উহার প্রভাবে কত শত কন্যা লজ্জা ও কুলে জলাঞ্জলি দিয়া স্বয়ং প্রিয়তমে অনুগামিনী হয়। ইতি কাদম্বরী ৪৮ পৃষ্ঠা।

অনুগৃহীত, ত্রি. বিণ. (অনু গ্রহ, অনুগ্রহ, ক্ত) অনুগ্রহবিশিষ্ট; দয়াযুক্ত; যাহাকে অনুগ্রহ করা হইয়াছে; যথা—ক্লাদিও এই কথায় আপনাকে অনুগৃহীত বোধ করিয়া সত্য করত অঙ্গীকার করিলেন, ইতি সেক্সপিয়র ১১৯ পৃষ্ঠা।

অনুগ্র, ত্রি. বিণ. (অন-উগ্র, ক্রোধ, অল) অক্রোধী; উগ্রস্বভাব বিশিষ্ট নহে; যেব্যক্তি রাগীনয়; যাহা প্রখর নহে; অনুৎকট; বিষম নয়; রাগ শূন্য।

অনুগ্রহ, পু. বি. (অনু-গ্রহ, কৃপা, অল) দুঃখদূর করনেচ্ছা; অনিষ্ট বারণ পূর্ব্বক ইষ্টসাধন; অভ্যুপপত্তি; ইতি অমর কোষ। অন্যের অনিষ্ট নিবারণের ইচ্ছা; অন্যের অভীষ্ট সাধনেচ্ছা; দয়া; উপকার; প্রসাদ; কৃপা; অনুকম্পা; ক্লেশনিবারণ প্রবৃত্তি; প্রসন্নতা; যথা—তদীয় অপ্রতিম স্নেহের ভাজন হইয়াছি ও অসম্ভাবনীয় অনুগ্রহ লাভ করিয়াছি। ইতি টেলিমেকস্ ৯০ পৃষ্ঠা।

অনুগ্রহপাত্রী, স্ত্রী. বি. (অনুগ্রহ-পাত্র, যোগ্যতা, ঈ) কৃপাপাত্রী; দয়ার যোগ্যা; যথা—সীতা তাপসীদিগের অনুগ্রহ পাত্রী হইয়া তাপসীর ন্যায় বল্কল ধারণ পূর্ব্বক সেই কুটীরে বাস করিতে লাগিলেন। ইতি রঘুবংশ ১১৮ পৃষ্ঠা।

অনুগ্রহবশতঃ, ক্রিবিণ. (অনুগ্রহ বশ, জন্যতা, তস্) অনুগ্রহ নিমিত্ত; অনুগ্রহজন্য; যথা—দৈবের অনুগ্রহ বশতঃ প্রৌঢ়তার শেষাবস্থায় রাজপত্নী অন্তর্ব্বত্নী হইলেন। ইতি রোমাবতী ৩ পৃষ্ঠা।

অনুগ্রাহক, ত্রি. বিণ. (অনু-গ্রহ, কৃপা, ণক) দয়াবান; করুণান্বিত; কৃপাবিশিষ্ট; উপকারী; ইতিবিশ্ব।

অনুগ্রাহ্য, ত্রি. বিণ. (অনু-গ্রহ, কৃপা, ঘ্যণ) অনুগ্রহের পাত্র; কৃপাভাজন; অনুগ্রহ করিবার উপযুক্ত।

অনুচর, ত্রি. বিণ. (অনু-চর, সহিত গমন, অল) সহচর; সহায়; ইতি অমরকোষ। দাস; ভৃত্য; সঙ্গী; সাথী; ইতি হলায়ুধ। কিঙ্কর; অধীন; বশীভূত; যথা—বহিছে বাসন্তানিল-চির-অনুচর-দেবীর কমলপদ পরিমল-আশে সুস্বনে।" ইতি মেঘনাদবধকাব্য ২৫ পৃষ্ঠা।

অনুচরী, ত্রি. বি. (অনু-চর, চরন্, ঈ) ধাত্রী; সঙ্গিনী; সাহায্যকারিণী; দাসী; যথা—বর্ত্তমান মাতার

নিকট বিদায় হইয়া জননীর অনুচরী হেলেনার সহিত সম্ভাষণ করিলেন, ইতি সেক্সপিয়র ১০৫ পৃষ্ঠা।

অনুচারী, ত্রি. বিণ. (অনু-চর, সহিত গমন, ণিন্) সহচর; সহিত গমনকারী; সমভিব্যাহারী; যে ভূত সঙ্গে যায়; পশ্চাদ্গমনশীল; সাহায্য কারক।

অনুচিকীর্ষা, স্ত্রী. বি. (অনু-কৃ, করণ, সন্-ও আ) অনুকরণ; যেমন দেখে তেমন করে; অনুকরণের ইচ্ছা; যথা—জগদীশ্বর আমারদিগকে অনুচিকীর্ষা-বৃত্তি অর্থাৎ অনুকরণের ইচ্ছা প্রদান করিয়াছেন, ইতিবাহ্যবস্তুরসহিতমানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৮০পৃষ্ঠা।

অনুচিত, ত্রি. বিণ. (অন্-বচ, যোগ্যতা, ক্ত) অযোগ্য; যাহা করা উচিত নয়; অকর্ত্তব্য; অনুপযুক্ত; যথা—পুরুবংশীয়েরা এরূপ দুরাচার নহে যে অনুচিত বস্তুরউপভোগে অভিলাষ করে। ইতিশকুন্তলা ২৬পৃষ্ঠা।

অনুচিন্তিত, ত্রি. বিণ. (অনু-চিন্ত, চিন্তন, ক্ত) অনুস্মৃত; পশ্চাৎস্মৃত; পরে যাহা চিন্তাকরা হইয়াছে।

অনুচ্চ, ত্রি. বিণ. (অন্-উচ্চ, ঊর্দ্ধ, অল) নিম্ন; নীচ; ঊর্দ্ধনয়; উচ্চবিহীন; অনত্তুঙ্গ; যাহা উঁচু নয়; অতিনম্র; যথা—তাহার কর্ণকুহরে অনুচ্চস্বরে কহিয়া আইস, ইতি সেক্সপিয়র ১০৫ পৃষ্ঠা।

অনুচ্চার্য্য, ত্রি. বিণ. (অন-উৎ চর, উচ্চারণ, ঘ্যণ) উচ্চারণের অযোগ্য; যাহা উচ্চারণ করা যায় না।

অনুচ্ছিষ্ট, ত্রি. বিণ. (অন-উৎ শিষ, ভুক্তাবশিষ্ট, ক্ত) উচ্ছিষ্টভিন্ন; পবিত্র; ইতি হলায়ুধ। শুদ্ধ, অভুক্ত; ভুক্তাবশিষ্ট নহে; যাহা এঁটো নয়; ইতিঅমরকোষ।

অনুজ, ক্লী. বি. (অনু-জন, জন্মান, ড) প্রপৌণ্ডরীক নাম সুগন্ধি দ্রব্য; (পু.) কনিষ্ঠ ভ্রাতা; যথা—এই বলিয়া কহিলেন এখন আমি রাজার অনুজ হইলাম; ইতি শকুন্তলা ৩১ পৃষ্ঠা।

জঘন্যজ; কনিষ্ঠ, যবীয়ান; অবরজ; ইতিঅমরকোষ।

অনুজা, স্ত্রী. বি. (অনু-জন, জন্মান, ড আ) কনিষ্ঠা ভগিনী; যে সহোদরা শেষে জন্মিয়াছে; স্বসা; যথা—আমি তোমার এই দণ্ড করিতে চাহি হিরোর অনুরূপ একটি অনজা আছে, ইতি সেক্সপিয়র ১১৯ পৃষ্ঠা।

অনুজাতা, স্ত্রী. বি. (অনু-জন, জন্মান, ক্ত-আ) কনিষ্ঠা; ভগিনী; যে সহোদরা শেষে জন্মিয়াছে।

অনুজাপ, পু. বি. (অনু-জপ, প্রবর্ত্তন, ঘঞ) প্ররোচনা; প্রবর্ত্তনা; প্রয়োজন; প্রবৃত্তি প্রেরণ।

অনুজিঘৃক্ষা, স্ত্রী. বি. (অনু-গ্রহ, গ্রহণ, সন্-ও আ) অনুগ্রহেচ্ছা; অনুগ্রহ প্রবৃত্তি; পশ্চাৎ গ্রহণের ইচ্ছা; করুণাভিলাষ; অনুকম্পা; প্রয়াস; কৃপা ইচ্ছা।

অনুজীবী, ত্রি. বিণ. (অনু-জীব, পরাধীনতা, ইন্) দাস; সেবক; অর্থী; ইতি অমরকোষ। পরাধীন; অনুচর; আশ্রিত; অনুবর্ত্তী; সহচর; ভৃত্য; চর প্রভৃতি; যথা—অনুজীবীগণ সেই নবীন রাজার প্রসন্ন মুখরাগ ও সস্মিত বচন প্রয়োগ দেখিয়া, ইতিরঘুবংশ১৩৬ পৃষ্ঠা। অন্যাবলম্বী; ইতি হলায়ুধ। যে সাহায্য করে।

অনুজ্জ্বল, ত্রি. বিণ. (অন্-উৎ-জ্বল, দীপ্তি, অল) দীপ্তিহীন; চাকচক্য রহিত; প্রভাশূন্য; তেজোবিহীন।

অনুজ্জ্বলা, স্ত্রী. বিণ. (অন্-উৎ-জ্বল, দীপ্তি, অল-আ) যাহার তেজ নাই; দীপ্তিবিহীনা; যথা—শোকে কৃশারতি, ভাবি সুখ প্রতি, প্রতীক্ষা করিয়া রয়। দিনে অনুজ্জ্বলা, যেন শশিকলা, রজনী বাঞ্ছিত হয়॥ ইতি কুমারসম্ভব ৫৫ পৃষ্ঠা।

অনুজ্ঞা, স্ত্রী. বি. (অনু-জ্ঞা, অনুমতি, অল) আজ্ঞা; অনুমতি; হুকুম; কোন কার্য্য করিতে বলা; আদেশ; যথা—ভ্রূভঙ্গে শঙ্কর তারে, আনিতে অনুজ্ঞা করে, হৈমবতী হৈলা আগুসার। ইতি কুমারসম্ভব ৩৮ পৃষ্ঠা।

অনুজ্ঞাত, ত্রি. বিণ. (অনু-জ্ঞা, অনুমতি, ক্ত) আজ্ঞাপ্রাপ্ত; যে অনুমতি পাইয়াছে; আদেশ বিশিষ্ট।

অনুজ্ঞানুসারে, ক্রিবিণ. (অনুজ্ঞা-অনু-সৃ, ক্রম, ঘঞ-এ) আজ্ঞাক্রমে; অনুমতি বশতঃ যথা—তুমি আমার অনুজ্ঞানুসারে তাহারে কহিও যে, ভীম নিয়ম লঙ্ঘন পূর্ব্বক আমারে বিনষ্ট করিয়াছে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৯ পৃষ্ঠা।

অনুতপ্ত, ত্রি. বিণ. (অনু-তপ, তাপন, ক্ত) অনুশোচী; পশ্চাত্তাপ বিশিষ্ট; অনুতাপশীল; দুঃখী।

অনুতর, ক্লী. বি. (অনু-তৃ, তরণ, অল) তরপণ্য; আতর; তরিপণ্য, পারানী কড়ী; নদ্যাদি পারের মূল্য।

অনুতর্ষ, পু. বি. (অনু-তৃষ, ইচ্ছা, অল) তৃষ্ণা; অভিলাষ; পিপাসা; স্পৃহা; পানপাত্র; চষক; মদ্যপানপাত্র।

অনুতর্ষণ, ক্লী. বি. (অনু-তৃষ, পানপাত্রবিশেষ, অনট) চষক; সুরা পানপাত্র; ইতি অমরকোষ।

অনুতাপ, পু. বি. (অনু-তপ, তাপন, ঘঞ) পশ্চাত্তাপ; অনুশোচন; পস্তান; ইতি অমরকোষ। খেদপ্রকাশ; যথা—তাঁহারা যৎপরোনাস্তি বিলাপ ও অনুতাপ

করিতে লাগিলেন। ইতি রোমাবতী ৪৪ পৃষ্ঠা।

অনুতাপানল, পু. বি. (অনুতাপ-অনল, অগ্নি, অল) অনুশোচন রূপ অগ্নি; খেদ; দুঃখানল; যথা—অনুতাপানলে আমার হৃদয় দগ্ধ হইয়া যাইতেছে, দর্শন দিয়া প্রাণ রক্ষা কর। ইতি শকুন্তলা ৮২ পৃষ্ঠা।

অনুতাপান্বিত, ত্রি. বিণ. (অনু তাপ-অনু-ই, গমন, ক্ত) অনুতাপবিশিষ্ট; অনুশোচন শীল; পশ্চাত্তাপযুক্ত; যথা—সাতিশয় লজ্জিত ও বিশেষ অনুতাপান্বিত হইলেন, ইতি সেক্‌সপিয়র ৪৮ পৃষ্ঠা।

অনুতাপিত, ত্রি. বিণ. (অনু-তাপ, তাপন, ক্ত) অনুতাপ যুক্ত; অনুশোচন বিশিষ্ট; পশ্চাদ্দুঃখিত; যথা—তোমার পতি এই অন্যায় অনুমতি নিমিত্ত অনতি বিলম্বে অনুতাপিত হইবেন। ইতি সেক্‌সপিয়র ৪৩৭ পৃষ্ঠা।

অনুতাপিনী, স্ত্রী. বিণ. (অনু তপ, তাপ, ণিন্-ঈ) পশ্চাত্তাপযুক্তা; অনুশোচনকারিণী; খেদপ্রকাশিনী; যথা—ক্লাদিওর অনুতাপিনী বনিতা জুলি এটের তুল্য আর কেহ দুষ্কর্ম্মে প্রবৃত্ত হইল না। ইতি সেক্‌সপিয়র ৩০২ পৃষ্ঠা।

অনুৎক, ত্রি. বিণ. (অন-উৎ, অনুশোচন, কন্) অননুশোচী; পশ্চাত্তাপীনহে; যেব্যক্তি পশ্চাদ্দুঃখিত নয়।

অনুৎকণ্ঠা, স্ত্রী. বি. (অন-উৎ-কণ্ঠ, উৎকণ্ঠা, ঙ-আ) নিরুদ্বেগ; উৎকণ্ঠারহিত; ভাবনা বিহীন; চিন্তাশূন্য।

অনুৎকর্ষ, পু. বি. (অন-উৎ-কৃষ; উত্তমতা, অল) অনুত্তম, নিকৃষ্ট; নীচ; অধম; যাহা উৎকৃষ্ট নহে।

অনুত্তম, ত্রি. বিণ. [অনুৎ, শ্রেষ্ঠতা, তম] শ্রেষ্ঠ; প্রধান; অত্যুত্তম; যদপেক্ষা উত্তম নাই; ইতি অমরকোষ। নঞ সমাসে-অধম; যাহা উত্তম নয়; অনুৎকৃষ্ট।

অনুত্তর, ত্রি. বিণ. [অন্-উত্তর, প্রত্যুত্তর, চ্বি] মুখ্য; ইতি হেমচন্দ্র। শ্রেষ্ঠ; প্রতি কল্প বিবর্জ্জিত; সর্ব্বশ্রেষ্ঠ উত্তরদানে অসমর্থ; প্রত্যুত্তরহীন; ইতি মেদিনী। স্থির; মৌনী; ইতি ধরণী। অধম; নীচ; দক্ষিণ দিগ্‌বর্ত্তী; ইতিঅমরকোষটীকা। (ক্লী.) প্রত্যুত্তরাভাব; উত্তর ভিন্ন দিক্; পূর্ব্ব, পশ্চিম ও দক্ষিণ দিক্।

অনুত্তান, ত্রি. বিণ. (অন-উৎ-তন, শয়ন বিশেষ, ঘঞ) উবুড় হইয়া শয়ন; চিৎ হওয়া নহে; ঊর্দ্ধমুখ শূন্য।

অনুত্তাপ, ত্রি. বিণ. (অন-উৎ-তপ, তাপন, ঘঞ) উষ্ণতা বিহীন; উষ্মা নহে; তেজোবিহীন; তপ্ত নয়।

অনুৎপত্তি, ত্রি. বিণ. (অন-উৎ, পদ উৎপন্ন, ক্তি) জন্ম বিহীন; উৎপত্তিরহিত; উৎপন্নশূন্য; অনুদ্ভব।

অনুৎসর্গ, ত্রি. বিণ. (অন-উৎ-সৃজ, উৎসর্গ, অল) অনিবেদন করা; যাহা ত্যাগ করাহয় নাই; দান করা নয়; অবিসর্জন; যাহা কাহার প্রীত্যর্থে সমর্পিত নয়।

অনুৎসাহ, ত্রি. বিণ. (অন উৎ সহ, উৎসাহ, ঘঞ) উৎসাহ বিহীন; হত সাহস; ভরসা শূন্য; উদ্যোগহীন।

অনুৎসুক, ত্রি. বিণ. [অন-উৎসুক, চেষ্টা, চ্বি] অচেষ্টিত; অনুদ্যোগী; উদ্যোগবিশিষ্ট নহে; যত্নবান নহে।

অনুসৃষ্ট, ত্রি. বিণ. (অন-উৎ সৃজ, উৎসর্গ, ক্ত) অনিবেদিত; অদত্ত; যাহা উৎসর্গ করা হয়নাই; এঁটোনয়।

অনুত্থান, ত্রি. বিণ. (অন উৎ-স্থা, উঠা, অনট) উত্থান রহিত; অনুদ্যম; উদ্যমশূন্য; উঠানহে; বৃদ্ধিবিহীন।

অনুত্থাপন, ক্লী. বি. (অন-উৎ-স্থা, উত্তোলন, অনট) অনুত্তোলন; উত্থাপন নাকরা; উঠান নহে।

অনুদক, ত্রি. বিণ. [অন-উদক, জল, চ্বি] নির্জল; জল রহিত; জলশূন্য; যে স্থানে জলমাত্র নাই।

অনুদগ্র, ত্রি. বিণ. (অন-উৎ অগ্র উচ্চতা, অ) অনুচ্চ; অত্যুচ্চ; যে মহৎ নহে; ক্ষুদ্র; যে ব্যক্তি নীচাশয়।

অনুদয়, পু. বি. (অন-উদি, প্রকাশ, অল) উদয়ের পূর্ব্ব কাল; অপ্রকাশ; উদয়াভাব; ইতি বিশ্ব।

অনুদর, ত্রি. বিণ. [অন-উদর, দুর্ব্বলতা, চ্বি] দুর্ব্বল; কৃশ; ক্ষীণ মধ্য; যাহার কটিদেশ অত্যন্ত ক্ষীণ।

অনুদাত্ত, পু. বি. (অন-উৎ-আত্ত, স্বরবিশেষ, অল) নীচ স্বর; যথা—পূর্ব্ব পরিচিত জ্ঞান করত অনুদাত্ত স্বরে কম্বালকে জিজ্ঞাসা করিলেন, ইতি সেক্‌সপিয়র ৪৪৯ পৃষ্ঠা।

স্বরবিশেষ; বেদের মন্ত্রবিশেষ; বেদগানের নীচ স্বর; যথা-উদাত্তশ্চানুদাত্তশ্চ স্বরিতশ্চ ত্রয়ঃ স্বরাঃ অর্থাৎ উদাত্ত, অনুদাত্ত এবং স্বরিত, এই তিনটি বেদাগানের স্বর ইতি শব্দরত্নাবলী।

অনুদার, ত্রি. বিণ. (অন-উদার, সরল-বা অসরল, অল) অতিশয় দাতা; অদাতা; অভিমহান; অমহান; অনুগত দার; ইতি বিশ্ব। যে ব্যক্তি দাতা নহে।

অনুদাসীন, পু. বিণ. [অন উদাস, বিরাগ, ঈন] সন্ন্যাসী নহে; নিঃ সঙ্গনয়; বৈরাগ্য বিহীন; ঔদাস্য নয়।

অনুদাহরণ, ক্লী. বিণ. (অন-উৎ আ-হৃ, উদাহরণ, অনট) দৃষ্টান্ত শূন্য; নিদর্শন বিহীন; চিহ্ন শূন্য।

অনুদিত, ত্রি. বিণ. (অন-উদি, প্রকাশ, ক্ত) উদ্গত বিহীন; অপ্রকাশিত; অকথিত; যাহা উদয়হয় নাই।

অনুদিন, ক্লী. বি. (অনু দিন, দিবা, ক) প্রতিদিন; প্রত্যহ; নিত্য; দিন দিন; রোজ রোজ; যথা—সাজি দণ্ড হাতে করি, কাননে কাননে ফিরি, অনুদিন যেন মালাকার। ইতি কবিকান ৩৯ পৃষ্ঠা।

অনুদৈর্ঘ্য, ক্লী. বি. [অনু-দির্ঘ লম্বা, ষ্ণ্য] দীর্ঘতা; লম্বার পরিমান; উচ্চতা; পশ্চাৎ লম্বা।

অনুদ্দিষ্ট; ত্রি. বিণ. (অন-উৎ-দিশ, সন্ধান, ক্ত) উদ্দেশ বিশিষ্ট নয়; যাহার সন্ধান করা হয়নাই; যথা—যেব্যক্তির অনুদ্দিষ্ট পিতার অন্বেষণার্থ জীবিতাশয় বিসর্জ্জন দিয়া সাহস মাত্র সহায় করিয়া, ইতি টেলিমেকস্ ৭ পৃষ্ঠা।

অনুদ্দেশ, পু. বি. (অন উৎ-দিশ, সন্ধান, অল) অনন্সন্ধান; যথা—অগ্রজ সোদর ও জননীর অনুদ্দেশ বিবরণ শ্রবন করিয়া ইতি সেক্সপিয়র ৫ পৃষ্ঠা।

উদ্দেশাভাব; অনন্বেষন; অনভিপ্রায়; অখোঁজা।

অনুদ্ধত, ত্রি. বিণ. (অন-উৎ-হন. দুষ্ট, ক্ত) বিনীত; শান্ত; দুষ্ট নহে; অদুরন্ত; ধৃষ্টতা বিহীন; শিষ্ট; যথা—সৎপুরুষদিগেরও প্রথা এই, সমৃদ্ধিশালী হইলে অনুদ্ধত স্বভাবই হয়েন। ইতি শকুন্তলা ৬৩ পৃষ্ঠা।

অনুদ্বাহ, পু. বি. (অন-উৎ-বহ, বহন, ঘঞ) অবিবাহ; অনূঢ়াবস্থা; অপরিনয়; (বিণ.) বিবাহশূন্য।

অনুদ্বিগ্ন, ত্রি. বিণ. (অন-উৎ-বিজ, উদ্বেগ, ক্ত) নিশ্চিন্ত; নির্ভাবনা; উদ্বেগ বিহীন; ভাবনা রহিত।

অনুদ্বিগ্নচিত্ত, ত্রি. বিণ. (অনুদ্বিগ্ন-চিত, মন, ক্ত) উদ্বেগ শূন্য মন; নিশ্চিন্ত চিত্ত; উৎকণ্ঠা বিহীন; নির্ভাবনা।

অনুদ্বেগ; ত্রি. বিণ. (অন উৎ বিজ, উদ্বেগ, অল) নিশ্চিন্ত; নির্ভাবনা; উদ্বেগবিহীন; যাহার চিন্তানাই।

অনুদ্যত, ত্রি. বিণ. (অন-উৎ-যম, প্রবৃত্ত, ক্ত) অপ্রবর্ত্ত; কর্ম্মে প্রবৃত্ত নহে; সমুদ্যুক্ত নহে; অনিচ্ছুক।

অনুদ্যাম, ত্রি. বিণ. (অন উৎযম, উদ্যোগ, অল) অযত্ন; উদ্যোগ নাকরা; অনুষ্ঠান বিহীন; নিশ্চেষ্ট।

অনুদ্যুক্ত, ত্রি. বিণ. (অন-উৎ যুজ, উদ্যোগ, ক্ত) চালাক নহে; অলস; অনুৎসাহী; উদ্যোগ বিশিষ্ট নয়; উদ্যম বিহীন; যত্নবান নহে; যাহার চেষ্টা নাই।

অনুদ্যূত, পু. বি. (অনু-দ্যূত, ক্রীড়া, অল) পাশাক্রীড়া; পাশা খেলা; যথা—আপনি অনুদ্যূতের পূর্ব্বে যাহা তাঁহারে দান করিয়াছিলেন; ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪৩ পৃষ্ঠা।

অনুদ্যোগ, পু. বি. (অন উৎ যুজ; যোগ, ঘঞ) অযত্ন; উদ্যোগ না করা; অনধ্যবসায়; অনুৎসাহ; উদাসভাব; প্রয়াস নহে; আয়োজন বিরহ; ইতি বিশ্ব।

অনুদ্রুত, ক্লী. বি. (অনু-দ্রু, পরিমান বিশেষ, ক্ত) তাল বিশেষ; সুক্ষ্মকাল পরিমাণ; (ত্রি. বিণ.) পশ্চাদ্ধাবিত; অনুগত; যে ব্যক্তি পশ্চাতে শীঘ্র যায়।

অনুধাবন, ক্লী. বি. (অনু ধাব, দ্রুতগতি, অনট) পশ্চাদ্ধাবন; অনুসন্ধান; যথা—ভ্রমরগণ সপবন উপবন হইতে উড্ডীন কুসুমরেণুর অনুধাবন করিতে লাগিল; ইতি রঘুবংশ ৬৯ পৃষ্ঠা।

পশ্চাদ্গমন; মনোনিবেশ; মনোযোগ; বিবেচনাকরণ।

অনুধ্যান, ক্লী. বি. (অনু-ধ্যৈ, চিন্তা, অনট) মঙ্গল চিন্তা; শুভ চিন্তা; পশ্চাৎ চিন্তা; ইষ্ট ভাবনা; যথা—রঘু অনুধ্যান পরিচয়ার্থ পবিত্র কুশাসনে উপবেশন করিতেন। ইতি রঘুবংশ ৫৭ পৃষ্ঠা।

অনুধ্যেয়, ত্রি. বিণ. (অনু-ধ্যৈ, চিন্তা, য) অনুগ্রহ পাত্র; স্নেহ ভাজন; যাহাকে দেখিলে দয়া হয়।

অনুনয়, পু. বি. (অনু-নী, স্তব, অল) বিনয়; যথা—শঙ্করের অভিপ্রায় বুঝিয়া শঙ্করী। লজ্জায় কহেন কথা অনুনয় করি॥ ইতি কুমারসম্ভব ৯২ পৃষ্ঠা।

প্রণিপাত; প্রণতি; স্তব; স্তুতি; ইতি হেমচন্দ্র। ক্রোধাপনয়; স্তবস্তুতি; প্রার্থনা; যাচ্ঞা; চাওয়া।

অনুনাদ, পু. বি. (অনু-নদ, শব্দ, ঘঞ) প্রতিধ্বনি।

অনুনাদিত, ত্রি. বিণ. (অনু-নদ, শব্দ, ক্ত) ধ্বনিবিশিষ্ট; শব্দিত; যথা—শঙ্খনাদ ও হর্ষজনিত কোলাহলে রণস্থল অনুনাদিত করিতে লাগিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩২ পৃষ্ঠা।

অনুনীত, ত্রি. বিণ. (অনু-নী, প্রাপণ, ক্ত) পশ্চাৎপ্রাপ্ত; অনুজ্ঞাত; উপদিষ্ট; পরিজ্ঞাত; যথা—ঐ দুরাত্মারা মহামতি ভীষ্ম ও দ্রোণ কর্ত্তৃক অনুনীত হইয়াও ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৩ পৃষ্ঠা।

অনুনেতা, ত্রি. বিণ. (অনু-নী, স্তব, তৃন্) বিনয়কারক; স্তুতিকারক; যে ব্যক্তি স্তব করে।

অনুন্নত, ত্রি. বিণ. (অন্ উৎ-নম, নমন, ক্ত) উন্নতবিহীন; অনুত্তুঙ্গ; উচ্চ নহে; বর্দ্ধিত নয়।

অনুন্নতি, স্ত্রী. বি. (অন উৎ-নম, নমন, ক্তি)

উন্নতির অভাব; সমৃদ্ধি নহে; বৃদ্ধি নয়; যথা—কোন দেশীয় লোকের দুর্ভাগ্য ও অনুন্নতির কারণ জিজ্ঞাসা করিলেন, ইতি বাহ্যবস্তু ইত্যাদি ৬ পৃষ্ঠা।

অনুন্মত্ত, ত্রি. বিণ. (অন-উৎ-মদ, মত্ততা, ক্ত) উন্মত্ত নহে; চিত্ত বিভ্রম নয়; পাগল নহে; যে বাতুল নয়।

অনুন্মাদ, ত্রি. বিণ. (অন-উৎ-মদ, মত্ততা, ঘঞ) বাতিক রোগযুক্ত নহে; বাতুল নহে; অক্ষিপ্ত; পাগল নয়;

অনুপ, ত্রি. বিণ. (অনু-পা, পান, ড) সজলদেশ।

অনুপকার, পুং. বি. (অনুপ-কৃ, করণ, ঘঞ) অহিত; অনিষ্ট, মন্দ; ক্ষতি; অত্যাচার; আনুকূল্য নহে।

অনুপদ, ব্য. (অনু-পদ, পশ্চাৎ, অল) পশ্চাৎ; অনন্তর; (ক্লী. বিণ.) অনুগ; পশ্চাদ্গামী; (ত্রি. বিণ) পদে পদে; ইতি অমর কোষ। সর্ব্বত্র; প্রতি শব্দে।

অনুপদী, ত্রি. বিণ. (অনু-পদ, অনুসন্ধান, ইন্) অন্বেষ্টা; অন্বেষণকর্ত্তা; ইতিহলায়ুধ। অনুসন্ধানকারী; যথা ধায় মৃগ অনুপদী, ঘামে অঙ্গে বহে নদী, বেগবাতে কাঁপে তরুগণ। ইতি কবিকঙ্কন ৫৫ পৃষ্ঠা।

অনুপদীনা, স্ত্রী. বি. (অনু-পদ, আবরণ বিশেষ, ঈন অ) পদাচ্ছাদন; মোজা; উপানৎ; পদের আবরণ; বুট; ইতি অমরকোষ। চর্ম্মাদি নির্ম্মিত পাদকোষ।

অনুপদিষ্ট, ত্রি. বিণ. (অনুপ-দিশ, উপদেশ, ক্ত) উপদিষ্ট নয়; যে উপদেশ প্রাপ্ত হয় নাই; অশিক্ষিত।

অনুপদে, ক্রিবিণ. (অনু-পদ, পশ্চাৎ, এ) পদে পদে; পশ্চাতে পশ্চাতে; যথা—মৃগ অনুপদে বীর ধায় শীঘ্র গতি, ইতি কবিকঙ্কন ৫৬ পৃষ্ঠা।

অনুপনীত, ত্রি. বিণ. (অনুপ-নী, উপনয়ন, ক্ত) যজ্ঞোপবীত বিহীন; গুরুর নিকট অপঠিত; অনুপস্থিত।

অনুপপত্তি, স্ত্রী. বি. (অনপ-পদ, সঙ্গতি, ক্তি) অসঙ্গতি; অনির্ব্বৃতি; অসমাধান; সিদ্ধান্ত নহে।

অনুপম, ত্রি. বিণ. (অন-উপ-মা, উপমা, ড) উপমাশূন্য; উত্তম; অত্যুৎকৃষ্ট; নিরুপম; অতুল্য; ইতি মেদিনী। অসদৃশ; যাহার সমান নাই; যথা—বসন্ত সমাগম, সামন্ত অনুপম, অনন্ত সেনাগণ সাজে। ইতি কুমারসম্ভব ১২৯ পৃষ্ঠা।

অনুপমশোভাসম্পন্ন, ত্রি. বিণ. (অনুপমশোভ-সং-পদ, সাধন, ক্ত) অসদৃশশোভাশীল; অসমশোভাবিশিষ্ট; যথা—পশুগণ পরিপূরিত পরিণাহ দ্বারা নীল নদের উভয় পার্শ্ব কি অনুপম শোভাসম্পন্ন লক্ষিত হইতে লাগিল। ইতি টেলিমেকস ৩৩ পৃষ্ঠা।

অনুপমা, স্ত্রী. বিণ. (অন-উপ মা, উপমা, ড-আ) অতুল্যা; উপমারহিতা; অগ্নিকোণের হস্তিনী; কুমুদনাম দিগ্‌গজ যোষা; ইতি অমরকোষ; সুপ্রতীক নাম দিক্‌হস্তীর স্ত্রী; ইতি মেদিনী। অসদৃশা; অসমা; যথা—নলের লোক ত্রয়েও অনুপমা কান্তি আমাদিগের মুখ হইতে, ইতি নৈষধচরিত ৮৭ পৃষ্ঠা।

অনুপমান; ত্রি. বিণ. [অন উপমান, সাদৃশ্য; ক্তি] অন্য বস্তুরদ্বারা যাহার তুলনা করা যায় না; যাহার সদৃশ নাই; তুলনা শূন্য অসাদৃশ্য; দৃষ্টান্তশূন্য।

অনুপযুক্ত, ত্রি. বিণ. (অনুপ-যুজ, যোগ, ক্ত) অযোগ্য; যাহা উপযুক্ত নয়; যথা—সুতরাং নৌকাচালন কার্য্যের অনুপযুক্ত, ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধবিচার ৩২ পৃষ্ঠা।

অনুপযোগী, ত্রি. বিণ. (অন-উপ-যুজ, সাধন, ণিন্) অক্রিয়াসাধন; অননুকূল; যথা—আবশ্যক বিষয়ের পর্য্যাপ্ত পরিমাণে অধিকার, অনাবশ্যক ও অনুপযোগী বিষয়ে অবজ্ঞা প্রদর্শন, ইতি টেলিমেকস ৪০ পৃষ্ঠা।

অনুপস্থিত, ত্রি. বিণ. (অনুপ-স্থা, স্থাপন, ক্ত) অনাগত; অসাক্ষাৎ; যে উপনীত হয়নাই; যে আসেনাই।

অনুপস্থিতি, স্ত্রী. বি. (অন-উপ-স্থা, স্থিতি, ক্তি) উপস্থিতি নয়; অনাগত; অনুপনীত; যথা—সুদীর্ঘকাল অনুপস্থিতি হেতু রাজদ্রোহী হইয়া ইতি সেক্সপিয়র ৩৭৪ পৃষ্ঠা।

অনুপাত, পুং. বি. (অনু-পত, পতন, ঘঞ) পশ্চাৎপতন; পূর্ব্ব অঙ্কপাতানুসারে অপর অঙ্কপাত; সমভাব; সমসূত্রভাবেপতন; সহপতন; ইতিশব্দরত্নাবলী।

অনুপাতক, ক্লী. বি. (অনু-পত, পতন, ণক) ক্ষুদ্রপাপ; মহাপাতক সদৃশ পাপ বিশেষ; উক্তপাপ পঞ্চ ত্রিংশৎ প্রকার যথা আগমা এবং অসূয়া পূর্ব্বক পরগামি মিথ্যাবচন; রাজগামি পরনিন্দা; পিতার মিথ্যা দোষ কথন; এই তিনটি পাপ ব্রহ্মহত্যা সদৃশ। বেদ ত্যাগ অর্থাৎ অধীতবেদ বিস্মরণ; বেদনিন্দা; মিথ্যাসাক্ষী; সুহৃদবধ; জঘন্য জাতির অন্ন ভক্ষণ; মাছরাঙ্গা পাখী প্রভৃতি ভক্ষণ; এই ছয় সুরাপান সম। নিক্ষেপ হরণ; নরহরণ; অশ্বহরণ; রজত হরণ; ভূমি হরণ; হীরক হরণ; মণি হরণ; এই সাত সুবর্ণ হরণ সম। সগুন হরণ; মণিহরণ; ... জঘন্য পুরুষান্তর্গত জাতির স্ত্রীগমন; কুমারী গমন; জঘন্য

জাতির স্ত্রী গমন ; বন্ধুর স্ত্রী গমন ; ঔরসজাত ভিন্ন পুত্র বধূগমন ; পুত্রতুল্য স্ত্রী গমন ; এইছয় বিমাতৃ গমন সদৃশ। মাতৃষস্ গমন ; পিতৃষসৃগমন ; শ্বশ্রূ গমন ; মাতুলানী গমন ; শিষ্য পত্নী গমন ; ভগিনী গমন ; আচার্য্য ভার্য্যা গমন ; শরনাগতা স্ত্রী গমন ; রাজ্ঞী গমন ; তাপসী গমন ; ধাত্রী গমন ; সাধ্বী গমন ; বর্ণোত্তমা গমন ; এই ত্রয়োদশ গুর্ব্বঙ্গনা গমন সদৃশ। ইতি প্রায়শ্চিত্ত বিবেক।

অন্‌পান , ক্লী . বি (অন্‌-পা, পান, অনট) ঔষধাঙ্গ পেয় বিশেষ ; ঔষধের সহিত পানীয় রসাদি ; ঔষধের সহ কারী ; ঔষধের সঙ্গে সেবনীয় দ্রব্য ; পশ্চাৎ পান।

অন্‌পায় , ত্রি . বিণ . [অন-উপায় , অবলম্বন , চ্চি] উপায় হীন ; নিরবলম্ব ; অবলম্বন শূন্য ; প্রতীকার বিহীন ; যথা – এদেশীয় বালকদিগের সুশিক্ষা প্রাপ্তির অনুপায় চিন্তা করিয়া অত্যন্ত আক্ষেপ করিতে দেখাযায়। ইতিবাহ্যবস্তুরসহিতমানবপ্রকৃতিরসম্বন্ধবিচার৫৬ পৃষ্ঠা।

অন্‌পায়ী , ত্রি . বিণ . [অন-উপায় , অবলম্বন , ঈ] যেব্যক্তির উপায় নাই ; চেষ্টা বিহীন ; অনবলম্বী।

অন্‌পার্শ্ব , ত্রি . বিণ . (অনু-পার্শ্ব , পাশ , অল) পার্শ্ব সম্বন্ধী ; পার্শ্বস্থ ; যে পার্শ্বে আছে ; একদেশস্থিত।

অন্‌পাসনা , স্ত্রী . বি . (অন-উপ-আস , উপাসনা , অন) অশুশ্রূষা ; সেবা নয় ; পরিচর্য্যাভাব ; অনারাধনা।

অন্‌পাস্য , ত্রি . বিণ . (অন-উপ-আস, উপসন , য) আরাধনা যোগ্য নহে ; অসেবনীয় ; অপূজ্য।

অনুপুষ্প , পু . বি . (অনু-পুষ্প , দ্রব্যবিশেষ , অল) শর ; খাকড়া ; খাক ; তৃণবিশেষ ; ইতি মেদিনী।

অনুপূর্ব্ব , পু . বি . [অনু-পূর্ব্ব , ক্রম, চ্চি] অনুক্রম ; রীতিমত ; যথা—শুনিবে কি হে সুজন কর্ম্মদেবী কথা। বিরচিব অনুপূর্ব্ব শ্রুত আছে যথা। ইতি কর্ম্মদেবী ৩ পৃষ্ঠা।

অনুপ্রবেশ , পু . বি . (অনু-প্র-বিশ , প্রবেশ , অল) পশ্চাৎপ্রবেশ ; মধ্যে প্রবেশ ; অধিষ্ঠান ; উপস্থিত।

অনুপ্রস্থ , ত্রি বিণ . (অনু প্র-স্থা , স্থিতি, ড) প্রস্থ সম্বন্ধীয় ; যেব্যক্তি পশ্চাৎ প্রস্থান করিয়াছে ; ইতি বিশ্ব।

অনুপ্রাস , পু . বি . (অনু-প্র-আস , বিন্যাস, অল) তুল্য বর্ণ বিন্যাস ; কাব্যের অলঙ্কার বিশেষ ; সমবর্ণ রচনা।

অনুপ্লব, পু . বি . (অনু-প্লু , সহায়তা, অল) সহায় ; অনুচর ; সহচর ; সঙ্গী ; ইতিঅমরকোষ। সাহায্যকারী।

অনুবৎসর , ক্রিবিণ . (অনু-বস , অব্দ , সর) প্রতি বৎসর ; বর্ষে বর্ষে ; বর্ষ ; ইতি হেমচন্দ্র। বৎসর ক্রমে।

অনুবন্ধ , পু . বি . (অনু-বধ , বন্ধন , অল) অন্বয় ; দোষোৎপত্তি ; প্রকৃতি আদি ; বিনশ্বর ; পূর্ব্বলক্ষণ ; উপক্রম ; ইৎ-অর্থাৎ ব্যাকরণে কোন কার্য্য নির্ব্বাহ মাত্রের নিমিত্ত উচ্চরিত বর্ণ ; শিশু , সন্তান ; বন্ধন ; অবিশ্রাম ; অবিচ্ছেদ ; অনুবৃত্তি, সম্বন্ধ ; ইতি মেদিনী। আরম্ভ ; লেশ ; ইতিশব্দরত্নাবলী। অধিকারি বিষয় সম্বন্ধ প্রয়োজন সমূহ ; ইতি বেদান্ত। বাতাদি দোষের অপ্রাধান্য ; ইতি বৈদ্যশাস্ত্র।

অনুবন্ধি , স্ত্রী . বি . (অনু-বধ , বন্ধন, ইন্) হিক্কা ; তৃষ্ণা ; রোগের উপসর্গবিশেষ ; ইতি মেদিনী। (ত্রি . বিণ .) সম্বন্ধীয় ; সহচারী ; অনুবন্ধবিশিষ্ট ; অবিচ্ছিন্ন।

অনুবর্ত্তন , ক্লী . বি . (অনু-বৃত , বর্ত্তন , অনট) পশ্চাৎ-গমন ; অনুবৃত্তি করণ ; নিকটে থাকা ; আনুগত্য ; যথা—আমি কিয়ৎক্ষণ প্রভুর চিত্তবৃত্তি অনুবর্ত্তন করি। ইতি শকুন্তলা ২৪ পৃষ্ঠা।

অনুবর্ত্তী , ত্রি . বিণ . (অনু-বৃত , বর্ত্তন , ইন্) পশ্চাদ্বর্ত্তী ; যথা—সেনাগণ রাজাজ্ঞা পাইয়া তাঁহার অনুবর্ত্তী হইল। ইতি রঘুবংশ ১১৯ পৃষ্ঠা। সদৃশকারী ; তুল্যকারী ; যে সমান কার্য্যকরে।

অনুবর্ত্তিনী , স্ত্রী . বিণ . (অনু-বৃত , বর্ত্তন , ইন্ ঈ) পশ্চাদ্বর্ত্তিনী ; সদৃশকারিণী ; তুল্যকারিণী ; যথা—যে কারণে অয়স্কান্তমণিশলাকা লৌহধাতুর অনুবর্ত্তিনী হইতে চাহে, ইতি রোমাবতী ২২ পৃষ্ঠা।

অনুবল , ক্লী . বি . (অনু-বল , সেনা , অল) সৈন্য ; সেনা ; ভৃত ; যুদ্ধার্থ নিযুক্ত ভৃত্য ; যোদ্ধা ; ইতিবিশ্ব।

অনুবাক্ , পু . বি . (অনু-বচ , বাক্য , ঘঞ) বেদাংশ ; শ্রুতি ; বেদ ; পশ্চাৎ বাক্য ; বেদের এক ভাগ।

অনুবাদ , পু . বি . (অনু-বদ , বাক্য , ঘঞ) পুনঃ কথন ; ভাষান্তর করণ ; এক ভাষা হইতে ভাষান্তর করা।

অনুবাদক , পু . বিণ . (অনু-বদ , বাক্য , ণক) অনুবাদকারী ; ভাষান্তর কারক ; যে ব্যক্তি এক ভাষা হইতে অন্য ভাষা প্রস্তুত করে ; অনুবাদকর্ত্তা ; তর্জ্জমাকারী।

অনুবাদী , ত্রি . বিণ . (অনু-বদ , বাক্য , ণিন্) তুল্য ; অনুবাদক ; সদৃশ ; সম ; যে পশ্চাৎ বাক্য বলে।

অনুবাসন , ক্লী . বি . (অনু-বস , স্নেহ , অনট) স্নেহন ; ধূপন ; স্নেহবস্তি ; নির্য্যাস ; ধুনা ; বৃক্ষের রস ; সার।

অনুবৃত্তি, স্ত্রী. বি. (অনু-বৃত, বর্ত্তন, ক্তি) পশ্চাদ্গমন; সম্বন্ধ; অনুবর্ত্তন; অনুরোধ; ইতি হেমচন্দ্র। যথা—হে কুরুনন্দন! কৃষ্ণ সর্ব্বদাই তোমার অনুবৃত্তি করে, ইতি মহাভারত সভাপর্ব্ব ৫০ পৃষ্ঠা।

অনুবেল্লিত, পু. বি. (অনু বেল্ল, গমন, ক্ত) পশ্চাদ্গমন; পটিবন্ধন, চাঁদনি; বস্ত্রবিশেষ দ্বারা বন্ধন।

অনুবোধ, পু. বি. (অনু বুধ, বোধ, অল) গন্ধোদ্দীপন; সৌগন্ধির উৎপাদন; প্রবোধন; ইতি অমরকোষ। পশ্চাদ্বোধ; প্রবোধ; অনুশোচনা; জ্ঞান।

অনুবোধিত, ত্রি. বিণ. (অনু-বুধ, বোধ, ক্ত) সৌগন্ধি উৎপাদিত; প্রবোধিত; অনু-শোচিত; বিজ্ঞাপিত।

অনুবোধ্য, ত্রি. বিণ. (অনু-বুধ, বোধ, য) প্রবোধের যোগ্য; সৌগন্ধি উৎপাদনোপযুক্ত; অনুবোধার্হ।

অনৃজু, ত্রি. বিণ. (অন-ঋজু, সরলতা, অল) বক্র; অসরল; ক্রূর; খল; যাহার অন্তঃকরণ ভাল নয়।

অনুব্যাধ, পু. বি. (অনু-ব্যধ, মিল, ঘঞ) সংসর্গ; মিলন; সম্বন্ধ; সহবাস; সঙ্গ; ঐক্য হওয়া।

অনুব্রজন, ক্লী. বি. (অনু-ব্রজ, গমন, অনট) অনুব্রজ্যা; গৃহাগত ব্যক্তির গমন সময়ে কিয়দ্দূর পর্য্যন্ত পশ্চাৎ গমন রূপশিষ্টাচার; আগ্‌বাড়ান; অনুবর্জ্জন।

অনুব্রজ্যা, স্ত্রী. বি. (অনু-ব্রজ, গমন, য-আ) পশ্চাদ্গমন; প্রত্যুত্থান; অভ্যুত্থান; গাত্রোত্থান।

অনুব্রত, ত্রি. বিণ. [অনু-ব্রত, আসক্ত. চি] রত।

অনুভব, পু. বি. (অনু-ভূ, সত্তা, অল) অনুমানাদি; যথা—অন্তঃপুরের নীরবতা অনুভব করিয়া সভাসদ্‌দিগকে কহিলেন। ইতি রোমাবতী ৬ পৃষ্ঠা।

স্মৃতি ভিন্ন জ্ঞান; ধারা বাহিক জ্ঞান; উপলম্ভ; ইতি অমর কোষ। উপলব্ধি; জ্ঞান; বোধ; প্রাপ্তি।

অনুভবসিদ্ধ, ত্রি. বিণ. (অনুভব-সিধ, সাধন, ক্ত) অনুমান সিদ্ধ; যাহা অনুমান সাধন করা হইয়াছে; যথা—হে রাজন! আমি স্নেহ পূর্ব্বক আপনারে অনুভবসিদ্ধ বিষয় সকল কীর্ত্তন করিলাম। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৮০ পৃষ্ঠা।

অনুভাব, পু. বি. (অনু-ভূ, সত্তা, ঘঞ) প্রভাব; ভাব বোধক; নিশ্চয়; তেজঃ; মহিমা; সামর্থ; সঙ্কেত; ইশারা; নির্ণয়; অনুভব; আন্দাজ।

অনুভূত, ত্রি. বিণ. (অনু-ভূ, সত্তা, ক্ত) উপলব্ধ; জ্ঞাত; মানস দ্বারা অবগত; অবগত; অনুভব করা; যথা—তীক্ষ্ণতর চট চট শব্দ অনুভূত হইল। ইতি রোমাবতী ২৮ পৃষ্ঠা।

অনুভূতি, স্ত্রী. বি. (অনু-ভূ, সত্তা, ক্তি) উপলব্ধি; জ্ঞান; বোধ; অনুভব; ইহা চারি প্রকার—যথা প্রত্যক্ষ; অনুমিতি; উপমিতি; শাব্দ বোধ; ইতি ভাষা পরিচ্ছেদ; প্রাপ্তি; পাওয়া; ইতি অমরকোষ।

অনুভূতাদ্যবিস্মৃতি, স্ত্রী. বি. (অনুভূতাদি-অ-বি-স্মৃ, স্মরণ, ক্তি) সংস্কার; অনুভূত স্মরণের বিস্মৃতি।

অনুমত, ত্রি. বিণ. (অনু-মন মনন, ক্ত) অনুজ্ঞাত; অনুমোদিত; সম্মত; স্বীকৃত; অঙ্গীকৃত; প্রতিজ্ঞাত।

অনুমতি, স্ত্রী. বি. (অনু-মন, মনন, ক্তি) সম্মতি; অনুজ্ঞা; আজ্ঞা; আদেশ; যথা—তুমি কি জান না যে অনুমতি ব্যতিরেকে যে যখন আমার অধিকারে আসিয়াছে ইতি টেলিমেকস ৭ পৃষ্ঠা।

ন্যূনেন্দু কলা পূর্ণিমা; চতুর্দ্দশী যুক্তা পূর্ণিমা; ইতি মেদিনী। (ত্রি. বিণ.) অনুজ্ঞা; যে দিনে এক কলাহীন চন্দ্র উদয় হয়; শুক্লাচতুর্দ্দশী; ইতি মেদিনী।

অনুমন্তা, পু. বি. (অনু-মন, মনন, তৃণ) অনুমতিকারক; আজ্ঞাকর্ত্তা; সম্মতিদায়ক; যিনি আদেশকরেন।

অনুমরণ, ক্লী. বি. (অনু-মৃ, মরণ, অনট) সহমরণ; পশ্চাৎ মরণ; ভর্ত্তার মৃত্যু হইলে তৎপাদুকাদি গ্রহণ করিয়া জ্বলন্ত চিতারোহণ পূর্ব্বক স্ত্রীর মরণ।

অনুমা, স্ত্রী. বি. (অনু-মা, অনুমান, অল) অনুমিতি; অনুমান; হেতু বা তর্ক দ্বারা কোন বস্তুর জ্ঞান।

অনুমান, ক্লী. বি. (অনু-মা, অনুমান, অনট) অনুমিতি করণ; অনুমিতি; অনুমা; হেতুদ্বারা নির্ণয়করণ; তর্ক; অনুভব; যথা—কি প্রকারে সম্ভাবিত বিপদাপাত অনুমান করিতে হয়। ইতি টেলিমেকস ৫৭ পৃষ্ঠা।

অনুমানি, ত্রি. বিণ. (অনু-মা, অনুমান, ই) অনুভববিশিষ্ট; অনুমান হওয়া; যথা—এত অনুগ্রহ হবে, আপনারা দেখা দিবে, স্বপনেও নাহি অনুমানি। ইতি কুমারসম্ভব ৯৭ পৃষ্ঠা।

অনুমানোক্তি, স্ত্রী. বি. (অনুমান-বচ, বাক্য, ক্তি) তর্ক; ঊহ; তর্কবাক্য; যেকথা অনুভবদ্বারাপ্রয়োগহয়।

অনুমাপক, পু. বিণ. (অনু-মা, অনুমান, ণি—ণক) নির্ণায়ক; অনুমানের হেতু; যাহা দ্বারা অনুমান হয়।

অনুমাপন, ক্লী. বি. (অনু-মা, অনুমান, ণি—অনট) অনুমান করান; নির্ণয় করান; যাহাদ্বারা অনুমানহয়।

অনুমিত, ত্রি. বিণ. (অনু মা, অনুমান, ক্ত) অনুমান করা; অনুমান বিশিষ্ট; অনুভব; যথা—যে দিকে নিরীক্ষণ করা যায় সেই দিকেই পীতবর্ণ সর্ষপ কুসুম বিকসিত অনুমিত হইতে থাকে। ইতি প্রিয়দর্শন ১৩ পৃষ্ঠা।

অনুমিতি, স্ত্রী. বি. (অনু-মা, অনুমান, ক্তি) অনুমান করণ; হেতু বা তর্কদ্বারা কোন বস্তুর জ্ঞান; অনুভব বিশেষ; ব্যাপ্তি বিশিষ্ট পক্ষধর্ম্মতা জন্যজ্ঞান; ধূম দর্শন হেতু বহ্নিমান্ পর্ব্বত ইত্যাকার জ্ঞান।

অনুমৃত, ত্রি. বিণ. (অনু-মৃ, মরণ, ক্ত) সহমৃত; পশ্চাৎ মৃত; যে পরেই মরিয়াছে; সঙ্গে পরলোক গত।

অনুমৃতা, স্ত্রী. বিণ. (অনু মৃ, মরণ, ক্ত—আ) সহমৃতা; অনুগামিনী; সতী; যে স্ত্রী পশ্চাদ্গামিনী;

অনুমেয়, ত্রি. বিণ. (অনু-মা, অনুমান, য) অনুমান যোগ্য; হেতু দ্বারা নির্ণয় করণোপযুক্ত; অনুমানার্হ।

অনুমোদন, ক্লী. বি. (অনু-মুদ, হর্ষ, অনট) আহ্লাদ পূর্ব্বক সম্মতি; প্রবর্ত্তন; প্রবৃত্তি প্রদান; আমোদ করণ; সন্তোষ প্রকাশ; হর্ষান্তঃকরণে সম্মতি প্রদান; যথা—নীতিবিশারদ মন্ত্রীগণ মৃগয়াকে হিতকর বলিয়া অনুমোদন করিলে, ইতি প্রিয়দর্শন ৬ পৃষ্ঠা।

অনুমোদিত, ত্রি. বিণ. (অনু-মুদ, হর্ষ, ক্ত) কৃতানুমোদন; অনুমত; আহ্লাদিত; অনুজ্ঞাত; হর্ষিত।

অনুযাত, ত্রি. বিণ. (অনু যা, গমন, ক্ত) অনুগত; পশ্চাৎগত; অনুকৃত; যে ব্যক্তি অনুগমন করিয়াছে।

অনুযাত্রিকগণ, পু. বি. (অনুযাত্রিক-গণ, দল, অল) যাহারা পশ্চাৎ যাত্রোপযুক্ত; পান্থগণ; পথিকের দল; যথা—অনুযাত্রিকগণ দেখিয়া তত্ত্বপরিজ্ঞানাভাবে বিস্ময়াপন্ন হইল, ইতি রোমাবতী ১৫০ পৃষ্ঠা।

অনুযায়িনী, স্ত্রী. বিণ. (অনু-যা, গমন, ইন-ঈ) পশ্চাদ্গামিনী; অনুবর্ত্তিনী; তুল্যা; সদৃশা; যথা—এতদ্ভিন্ন কার্ত্তিকেয়ের অনুযায়িনী আরও অসংখ্য মাতৃকা আছেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৯৭ পৃষ্ঠা।

অনুযায়ী, ত্রি. বিণ. (অনু-যা, গমন, ইন্) সদৃশ; পশ্চাদ্গামী; তুল্য; অনুবর্ত্তী; অনুগামী; যথা—রাজগণ ও অন্যান্য অনুযায়ি বর্গ ইন্দ্রপ্রস্থের অনতিদূর হইতে, ইতিমহাভারতউদ্যোগপর্ব্ব ১০১ পৃষ্ঠা।

অনুযুক্ত, ত্রি. বিণ. (অনু যুজ, অনুযোগ, ক্ত) জিজ্ঞাসিত; তিরস্কৃত; আক্ষেপিত; লজ্জিত; খেদিত।

অনুযোক্তা, পু. বিণ. (অনু-যুজ, অনুযোগ, তৃন্) অনুযোগকারী; তিরস্কার কর্ত্তা; জিজ্ঞাসাকারক।

অনুযোগ, পু. বি. অনু-যুজ, যোগ, ঘঞ) জিজ্ঞাসা; প্রশ্ন; আক্ষেপ; তিরস্কার; ইতিঅমরকোষ। যথা—অকস্মাৎ পতি সম্বোধনে অনুযোগ করে এ অতি চমৎকার। ইতি সেক্সপিয়র ১২ পৃষ্ঠা।

অনুযোগকারী, পু. বিণ. (অনুযোগ-কৃ, করণ, ণিন্) প্রশ্নকর্ত্তা; তিরস্কারক; আক্ষেপক; ইতি বিশ্ব।

অনুযোগকৃৎ, পু. বি. (অনু যোগ-কৃ, করণ, ক্বিপ্) আচার্য্য; ইতি হেম চন্দ্র। অনুযোগ কর্ত্তা।

অনুযোজন, ক্লী. বি. (অনু-যুজ, যোজন, অনট) প্রশ্ন; জিজ্ঞাসা; ইতি হেমচন্দ্র। অধ্যেষণা; পৃচ্ছা।

অনুযোজ্য, ত্রি. বিণ. (অনু-যুজ, যোজন, য) নিন্দার্হ; অনুযোগার্হ; নিন্দাযোগ্য; তিরস্কারোপযুক্ত।

অনুরক্ত, ত্রি. বিণ. (অনু-রন্জ, রাগ, ক্ত) আসক্ত; অনুরাগ যুক্ত; রত; অনুরাগ বিশিষ্ট; যথা—কুমারীর অন্তঃকরণ সেই পরম সুন্দর যুবার প্রতি নিতান্ত অনুরক্ত হইয়াছে, ইতি রঘুবংশ ৪৬ পৃষ্ঠা।

অনুরক্তা, স্ত্রী. বিণ. (অনু-রন্জ, রাগ, ক্ত-আ) অনুরাগবিশিষ্টা; আসক্তা; যথা—আপনারা তাঁহাকে ইন্দ্রজাল-দৃষ্ট অলীক পুরুষে অনুরক্তা ভাবিয়া ইতি রোমাবতী ৬২ পৃষ্ঠা।

অনুরক্তি, স্ত্রী. বি. (অনু-রন্জ, রাগ, ক্তি) আসক্তি; প্রীতি; আসঙ্গ; আমোদ; তৃপ্তি।

অনুরঞ্জন, ক্লী. বি. (অনু-রন্জ, রাগ, অনট) অনুরাগ; হর্ষ জনন; প্রীতি সম্পাদন; অনুরাগ জন্মান; রঞ্জকরা; অনুরাগ করণ; প্রমোদ করণ।

অনুরঞ্জিত, ত্রি. বিণ. (অনু-রন্জ, রাগ, ক্ত) প্রীতিসম্পাদিত; অনুরাগান্বিত; যথা—শিরোরত্ন কিরণে তদীয় চরণযুগল অনুরঞ্জিতকরিল, ইতিরঘুবংশ৬৮পৃষ্ঠা।

অনুরণন, ক্লী. বি. (অনু-রণ, ধ্বনিবিশেষ, অনট) ধ্বনির পশ্চাৎধ্বনি; শব্দের পর শব্দ; ক্রমাৎ ধ্বনি।

অনুরত, ত্রি. বিণ. (অনু-রম, রাগ, ক্ত) অনুরাগ বিশিষ্ট; প্রীত; অনুরক্ত; প্রণয় বিশিষ্ট।

অনুরতি, স্ত্রী. বি. (অনু-রম, রাগ, ক্তি) অনুরাগ; প্রীতি; ইতি হেমচন্দ্র। হর্ষ; আনন্দ।

অনুরাগ, পু. বি. (অনু-রন্জ, রাগ, ঘঞ) প্রীতি; আসক্তি; রতি; রাগ; অনুরতি; ইতি হেমচন্দ্র।

স্নেহ ; রত ; প্রেম ; প্রণয় ; যথা—অতি অনুরাগ ভরে, মধুকরী মধুকরে, এক ফলে মধু করে পান। ইতি কুমার সম্ভব ৩২ পৃষ্ঠা।

অনুরাগভাজন, ত্রি. বিণ. (অনুরাগ-ভাজ, পাত্র, অনট) প্রীতিভাজন ; প্রণয় পাত্র ; স্নেহের পাত্র ; যথা—রঘু ন্যায়ানুগত প্রজাপালন দ্বারা সকলের অনুরাগভাজন হইয়া উঠিলেন। ইতি রঘুবংশ ২৩ পৃষ্ঠা।

অনুরাগী, ত্রি. বিণ. (অনু-রন্জ, রাগ, ণিন্) অনুরাগ বিশিষ্ট ; অনুরক্ত ; অনুরাগযুক্ত ; আসক্ত ; যথা—ইনি প্রজারঞ্জন বিষয়ে নিতান্ত অনুরাগী ইতি রঘুবংশ ৪১ পৃষ্ঠা।

অনুরাগিণী, স্ত্রী. বিণ. (অনু-রন্জ, রাগ, ণিন্—ঈ) অনুরাগ যুক্তা ; আসক্তা ; যে কামিনী প্রীতি যুক্তা ; অনুরক্তা ; প্রণয় বিশিষ্টা ; আসক্তা ; যথা—যদি তুমি পরিশেষে নলেতর আশ্রয় করিতে অনুরাগিণী হও, ইতি নৈষধচরিত ১০৪ পৃষ্ঠা।

অনুরাধা, স্ত্রী. বি. (অনু-রাধ, নক্ষত্র বিশেষ, ড—আ) সপ্তদশ নক্ষত্র ; নক্ষত্র বিশেষ ; ইতি মেদিনী।

অনুরুদ্ধ, ত্রি. বিণ. (অনু-রুধ, অনুরোধ, ক্ত) অনুরোধ কৃত ; স্বীকৃত ; কৃতানুরোধ ; অনুরোধ করা ; পশ্চাৎ রুদ্ধ ; গৌরবান্বিত ; অপেক্ষিত ; অনুরোধবিশিষ্ট ; যথা—সাইপ্রস্ দ্বীপে যুদ্ধ করিতে অনুরুদ্ধ হইলেন, ইতি সেক্সপিয়র ৫৬ পৃষ্ঠা।

অনুরূপ, ত্রি. বিণ. (অনু-রূপ, তুল্যতা, ক) তুল্যরূপ ; সদৃশ ; সমান ; এক প্রকার রূপ ; যোগ্য ; যথা—নিয়মিত সময় উপস্থিত হইলে মহীপাল, তনয়ানুরাগের অনুরূপ, ইতি রোমাবতী ১০ পৃষ্ঠা।

অনুরূপা, স্ত্রী. বিণ. (অনু-রূপ, তুল্যতা, ক-আ) তুল্যরূপা ; সদৃশা ; যোগ্যা ; যথা—যুবরাজ অনুরূপা প্রেয়সীর প্রেম নিগড়ে বদ্ধ হইয়াছেন। ইতি সেক্সপিয়র ৮৯ পৃষ্ঠা।

অনুরোধ, পু. বি. (অনু-রুধ, অনুরোধ, অল) উপরোধ ; অনুবর্ত্তন ; ইতি অমর কোষ। অভীষ্টসাধনার্থ প্রবৃত্তি প্রদান ; অনুরাগ ; প্রতিরোধ ; প্রতীক্ষা ; অপেক্ষা ; উপকারার্থ ইচ্ছা দান ; গৌরব ; যথা—হৈল বড় ক্রোধ, ছাড়ি অনুরোধ, গালি দেন দ্বিজবরে। ইতি কুমারসম্ভব ৮৩ পৃষ্ঠা।

অনুলাপ, পু. বি. (অনু-লপ, ভাষণ, ঘঞ) মুহুর্ভাষণ ; পুনঃপুনঃ কথন ; মুহুর্ভাষা ; পুনরুক্তি ; ইতি অমর কোষ। দ্বিতীয়বার বলা ; পুনশ্চ বলা।

অনুলিপ্ত, ত্রি. বিণ. (অনু-লিপ, লেপন, ক্ত) কৃত লেপন ; পশ্চাৎ সংযুক্ত ; অনুরঞ্জিত ; রংকরা। অনুমিলিত ; যাহা লেপন করা হইয়াছে ; পশ্চাৎ মিলিত।

অনুলেপ, পু. বি. (অনু-লিপ, লেপন, অল) গাত্রে গন্ধদ্রব্যাদি লেপন ; অঙ্গলেপ ; পশ্চাৎ মৃক্ষণ।

অনুলেপন, ক্লী. বি. (অনু-লিপ, লেপন, অনট) গাত্রে গন্ধদ্রব্যাদি লেপন ; পশ্চাদাক্ত দ্রব্যাদি মৃক্ষণ।

অনুলেপনীয়, ত্রি. বিণ. (অনু-লিপ, লেপন, অনীয়) গন্ধদ্রব্যাদি লেপনের যোগ্য ; লেপনোচিত।

অনুলোম, পু. বি. [অনু-লোম, ক্রম, অল] যথাক্রম ; অবিলোম ; অনুকূল ; অনুক্রম ; পশ্চাৎ লোম।

অনুলোমজ, ত্রি. বি. (অনু লোম-জন, জন্মান, ড) অনুলোম জাত ; অপ্রতি লোমজ ; নিম্ন ক্রমে উৎপন্ন ; ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ব্ভজাত ; ক্ষত্রিয়ের ঔরসে বৈশ্যার গর্ব্ভজাত ; উত্তমের ঔরসে অধমের গর্ব্ভজাত।

অনুল্লঙ্ঘনীয়, ত্রি. বিণ. (অন-উৎ-লঙ্ঘ, অতিক্রম, অনীয়) অতিক্রমণের অযোগ্য ; ডিঙ্গানর অনুপযুক্ত ; বিরুদ্ধাচরণের উপযুক্ত নহে ; যথা—এদিকে তপস্বীদিগের ওদিকে গুরুজনের আজ্ঞা, উভয়ই অনুল্লঙ্ঘনীয়, ইতি শকুন্তলা ৩১ পৃষ্ঠা।

অনুল্লাস, পু. বি. (অন-উৎ-লস, উল্লাস, ঘঞ) নিরানন্দ ; অসন্তোষ ; অনাহ্লাদ ; হর্ষ নহে ; ইতি বিশ্ব।

অনুশয়, পু. বি. (অনু-শী, অনুতাপ, অল) দীর্ঘদ্বেষ ; পূর্ব্ববৈরতা ; অনুতাপ ; ইতি অমর কোষ। দ্বেষ ; অনুবন্ধ ; পশ্চাত্তাপ ; পূর্ব্ব শত্রুতা ; ঘৃণা ; অনুধাবন ; মনো নিবেশ ; ইতি মেদিনী। অশ্রদ্ধা ; হেয় জ্ঞান।

অনুশয়ানা, স্ত্রী. বি. (অনু-শী, অনুতাপ, শান আ) পরকীয় অন্তর্গত নায়িকা ভেদ ; ইতি অমরকোষ।

অনুশয়ী, স্ত্রী. বি. (অনু-শী, অনুতাপ, অল-ঈ) ক্ষুদ্র রোগের অন্তর্গত পাদরোগ ; রোগ বিশেষ ; (ত্রি. বিণ.) পশ্চাত্তাপী ; অশ্রদ্ধেয় ; ঘৃণাবিশিষ্ট।

অনুশর, পু. বি. (অনু-শৃ, রাত্রিচর বিশেষ, অল) রাক্ষস ; নিশাচর ; চোর ; পেচকাদি ; প্রহরী।

অনুশাসন, ক্লী. বি. (অনু-শাস, আজ্ঞা, অনট) আদেশ ; আজ্ঞা ; ব্যুৎপাদন ; উপদেশ ; পশ্চাৎ শাসন।

অনুশাসিত, ত্রি. বিণ. (অনু-শাস, আজ্ঞা, ক্ত) আ-

দেশিত ; আজ্ঞা করা ; উপদিষ্ট ; পশ্চাৎ শাসনকরা।
অনুশাস্তা, পু. বি. (অনু-শাস, শাসন, তৃন্) শাসন কারক ; অনুশাসিতা ; উপাধ্যায় ; রাজা ; শাসনকর্ত্তা।
অনুশিষ্ট, ত্রি. বিণ. (অনু-শাস, আদেশ, ক্ত) আদেশিত ; উপদিষ্ট ; বশবর্ত্তী ; অনুজ্ঞাত ; কথিত।
অনুশিষ্য, পু. বি. (অনু-শিষ, উপদেশ, য) শিষ্যের শিষ্য ; পশ্চাৎ দিশা ; উপদিশা ; ইতি মেদিনী।
অনুশীলন, ক্লী. বি. (অনু-শীল, শীলন, অনট) পুনঃ পুনঃ অভ্যাস ; মুহুর্মুহুসেবা ; আন্দোলন ; আলোচনা ; যথা—এই সমস্ত কর্ম্ম করিয়া অবসর পাইলেই বিদ্যার অনুশীলন করিতেন। ইতি চরিতাবলী ৩৪ পৃষ্ঠা।
অনুশোক, পু. বি. (অনু-শুচ, শোক, ঘঞ) পশ্চাত্তাপ ; মনস্তাপ ; আন্তরিক দুঃখ ; অনুতাপ।
অনুশোচন, ক্লী. বি. (অনু শুচ, শোক অনট) অনুশোচনা ; মন্যু ; শোক ; শুক্ ইতি জটাধর। পশ্চাত্তাপ ; পশ্চাৎ পর্য্যালোচনা ; শোক করণ ; যথা—কিন্তু অনুশোচন দ্বারা তাহার সেই দুঃখ কদাচ নিরাকৃত হয় না। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৪ পৃষ্ঠা।
অনুশ্রব, পু. বি. (অনু-শ্রু, শ্রবণ, অল) শ্রুতিধর ; মেধাবী ; যে ব্যক্তির ধারণাবতী বুদ্ধি ; বুদ্ধিমান্।
অনুষক্ত, ত্রি. বিণ. (অনু-সন্জ, সঙ্গ, ক্ত) দুই বা বহু শব্দের অন্বয় ; পশ্চাৎ সঙ্গ ; সহবাস ; মেলন।
অনুষঙ্গ, পু. বি. (অনু-সন্জ, সঙ্গ, অল) কারুণ্য ; দয়া ; ইতি হলায়ুধ। প্রণয় ; স্নেহ ; সম্বন্ধ ; সম্পর্ক ; মিলন ; একত্র অন্বিত পদের অন্যত্র অন্বয় ; প্রসঙ্গ।
অনুষেক, পু. বি. (অনু-সিচ, সেচন, ঘঞ) পুনর্ব্বার জলসেক ; পশ্চাৎ জলসেচন ; আর্দ্রীকরণ ; জলদেওন।
অনুষেচক, ত্রি. বিণ. (অনু-সিচ, সেচন, ণক) পুনর্ব্বার জলসেচন কর্ত্তা ; যে জল সেচন করে ; ইতি বিশ্ব।
অনুষেচন, ক্লী. বি. (অনু সিচ, সেচন, অনট) পুনর্ব্বার জল সেচন ; পুনর্জ্জলপ্রদান ; জলদেওন ; ইতি মেদিনী।
অনুষ্টুপ্, স্ত্রী. বি. (অনু-স্টুভ, ছন্দ বিশেষ, ক্বিপ্) অষ্টাক্ষর পদছন্দ বিশেষ ; সরস্বতী ; ইতি অমরকোষ।
অনুষ্ঠাতা, পু. বি. (অনু-স্থা, অনুষ্ঠান, তৃন্) অনুষ্ঠান কর্ত্তা ; সম্পাদনকারী উদ্যোগ কর্ত্তা ; যে আরম্ভকরে।
অনুষ্ঠান, ক্লী. বি. (অনু-স্থা, অনুষ্ঠান, অনট) কর্ম্মারম্ভ ; করণ ; প্রথমোদ্যোগ ; নির্ব্বাহ ; সম্পাদন ; প্রদান ; আরব্ধ ; উপক্রম ; আচরণ ; সূচনা ; কার্য্য ; উদ্যোগ ; যথা—এই বলিয়া বলিপ্রদানের অনুষ্ঠান সকল করিতে আজ্ঞাদিলেন। ইতি টেলিমেকস ২৬পৃষ্ঠা।
অনুষ্ঠায়ী, পু. বি. (অনু-স্থা, অনুষ্ঠান, ণিন্) অনুষ্ঠান কারী ; আচরণ কর্ত্তা ; যে উদ্যোগ করে ; আরম্ভক।
অনুষ্ঠিত, ত্রি. বিণ. (অনু-স্থা, অনুষ্ঠান, ক্ত) আরব্ধ ; আচরিত ; সম্পাদিত ; উদ্যুক্ত ; যথা—এক্ষণে আপনাকে জিজ্ঞাসা করি রাজা হইয়া অনুষ্ঠিত কার্য্যের অপলাপে প্রবৃত্ত হইল, ইতি শকুন্তলা ৬৬ পৃষ্ঠা।
অনুষ্যূত, ত্রি. বিণ. (অনু-ষ্যূ, অবিচ্ছেদ, ক্ত) অবিচ্ছিন্ন ; পরস্পর সম্বন্ধ ; পরস্পর সংযোগ।
অনুষ্ঠেয়, ত্রি. বিণ. (অনু-স্থা, অনুষ্ঠান, য) অনুষ্ঠানের যোগ্য ; উপক্রমোপযুক্ত ; আচরণ যোগ্য। ইতি বিশ্ব।
অনুষ্ণ, ক্লী. বি. (অন্ উষ, উত্তপ্ত, ন) উৎপল ; ইতি রাজনির্ঘণ্ট। (ত্রি. বিণ.) জড় ; অলস ; শীতল ; অক্রোধী ; উষ্ণভিন্ন ; ইতি অমর কোষ। গরম নয়।
অনুষ্ণবল্লিকা, স্ত্রী. বি. (অনুষ্ণ-বল্ল, দ্রব্য বিশেষ, ইক-আ) নীলদূর্ব্বা ; নীলবর্ণ দূর্ব্বা ; তৃণ বিশেষ।
অনুসন্ধান, ক্লী. বি. (অনু-সং-ধা, তত্ত্ব, অনট) অন্বেষণ ; চেষ্টা ; সন্ধান করণ ; তত্ত্ব ; যথা—ঐ ব্যক্তির প্রতি রাজা আমাদিগের বিষয় সবিশেষ অনুসন্ধান করিবার ভার প্রদান করিলেন। ইতি টেলিমেকস ৪১ পৃষ্ঠা।
অনুসন্ধানী, পু. বি. (অনু-সং ধা, তত্ত্ব, অনট-ঈ) অনুসন্ধানকারী ; নানা বিষয়ের অন্বেষণ কর্ত্তা।
অনুসরণ, ক্লী. বি. (অনু-সৃ, গমন, অনট) পশ্চাৎ গমন ; অনুবর্ত্তন ; অনুযান ; যথা—সরোবরের শোভা দেখিয়া মনে মনে চিন্তা করিলেন, কিন্নর মিথুনের অনুসরণ নিষ্ফল হইলেও ইতি কাদম্বরী ৪১ পৃষ্ঠা।
অনুসার, পু. বি. (অনু-সৃ, গমন, ঘঞ) পশ্চাদগমন ; অনুবর্ত্তন ; অনুসরণ ; অনুযান ; অনুক্রম ; অনুদ্যোগ।
অনুসূচন, ক্লী. বি. (অনু-সূচ, সূচনা, অনট) নিদর্শন ; লক্ষণ ; প্রদর্শন ; দৃষ্টান্ত দেখান ; উদ্যোগ।
অনুসূচনা, স্ত্রী. বি. (অনু-সূচ, সূচনা, অন-আ) আন্দোলন ; অনুষ্ঠান ; পর্য্যালোচন ; বিবেচনাকরণ।
অনুস্মরণ, ক্লী. বি. (অনু স্মৃ, স্মরণ, অনট) পশ্চাৎস্মরণ ; মনেকরণ ; আধ্যানকরণ ; চিন্তা ; ইতি অমরকোষ।
অনুস্বর, পু. বি. (অনু স্, বিন্দুমাত্র, অল) এক বিন্দু মাত্র বর্ণ ; অনুস্বার ; কণিকামাত্র ; ইতি অমরকোষ।
অনুস্বার, পু. বি. (অনু-স্, বিন্দুমাত্র, ঘঞ) একবিন্দু

মাত্রবর্ণ; অনুবর; কনিকামাত্র; ইতি মেদিনী।

অনুহার, পুং. বি. (অনু-হৃ, তুল্যতা, ঘঞ) সদৃশী করণ; সাদৃশ্য; অনুকরণ; অনুকার; সদৃশরূপ বেশ ভাষাদির আবিষ্করণ; ইতি অমরকোষ। উপমা; ইতি হেমচন্দ্র। তুল্যতাকরণ; সমান; ইতি বিশ্ব।

অনুহার্য্য, পুং. বি. (অনু-হৃ, হরণ, ঘ্যণ) মাসিক শ্রাদ্ধ; মাসে মাসে যে শ্রাদ্ধ হয়; প্রেত শ্রাদ্ধ বিশেষ।

অনুক্ষণ, ক্লী. বি. (অনু-ক্ষণ, সময়, অল) প্রতিক্ষণ; সর্ব্বদা; অনবরত; নিরন্তর; সকল সময়; যথা—তুমি পতিগৃহে গিয়া গৃহিণীপদে প্রতিষ্ঠিত হইয়া সাংসারিক ব্যাপারে অনুক্ষণ এরূপ ব্যস্ত থাকিবে, ইতি শকুন্তলা ৫৮ পৃষ্ঠা।

অনূক, ক্লী. বি. (অনু-উক, কুল, ক) কুল; বংশ; শীল; স্বভাব; ইতি মেদিনী। (পুং.) গত জন্ম; পূর্ব্ব জন্ম; ইতি মেদিনী। স্বজাতীয়গন; গোষ্ঠী।

অনূচান, পুং. বি. (অনু-বচ, বাক্য, শান) সাঙ্গবেদবেত্তা; বেদ বিচক্ষণ; শিক্ষাদি ষড়ঙ্গ সহিত বেদবেত্তা; ইতি অমর কোষ। (ত্রি. বিণ.) বিনীত; সবিনয়; সুশীল; ইতি মেদিনী। শান্ত; অতিশয় নম্র।

অনূঢ়, ত্রি. বিণ. (অনু-বহ, বহন, ক্ত) অবিবাহিত; অনুদ্বাহিত; আইবড়; ইতি অমরকোষ। অপরিণীত।

অনূঢ়া, স্ত্রী. বিণ. (অনু-বহ, বহন, ক্ত-আ) অবিবাহিতা; আইবড় কন্যা; ইতি অমর কোষ। যথা— ষোড়শী রূপসী বালা, লাবণ্য পুষ্পের ডালা, অনূঢ়া সরলা চারুশীলা। ইতি কর্ম্মদেবী ২৫ পৃষ্ঠা।

অনূদ্য, ত্রি. বিণ. (অনু-বদ, বাক্য, য) অনুবাদ্য; অনুবাদনীয়; যাহা অনুবাদের উপযুক্ত; ইতি বিশ্ব।

অনূন, ত্রি. বিণ. (অন্-উন, পূর্ণ, ক) পূর্ণ; অখণ্ড; সমগ্র; সম্পূর্ণ; সমস্ত; যাহা খণ্ড নয়; যাহা কাটা নয়।

অনূনক, ত্রি. বিণ. (অন্-উন, পূর্ণ, ণক) সকল; পূর্ণ; অখণ্ড; ইতি অমর কোষ। যাহা খণ্ড করা হয় নাই।

অনূপ, ত্রি. বিণ. (অনু-বপ, স্থান বিশেষ, অ) জল বহুলদেশ, জল প্লাবিত স্থান; সজল দেশ; জল প্রায় স্থান; ইতি অমরকোষ। ইহারগুণ যথা—শীতল, স্নিগ্ধ, বাত ও শ্লেষ্মকারক, এবং গুরুতা। (পুং. বি.) মহিষ।

অনূপজ, ক্লী. বি. (অনূপ-জন, জন্মান, ড) আর্দ্রক; আদা; (ত্রি. বিণ.) যাহা সজল স্থানে উৎপন্ন হয়।

অনূরু, পুং. বি. (অন্-উরু, ব্যক্তি বিশেষ, ক্বিপ্) সূর্য্যের সারথি; অরুণ; দিবাকর; ইতি অমর কোষ।

অনূরুসারথি, পুং. বি. [অনূরু-সারথি, সূর্য্য, টি] সূর্য্য; দিবাকর; দীপ্তিকারক; তমোনাশক; ইতি বিশ্ব।

অনূর্দ্ধ, ত্রি. বিণ. (অন্-উর্দ্ধ, উচ্চতা, ক্বিপ্) অনুচ্চ; খর্ব্ব; খাট; বেঁটে; যে ব্যক্তি অধিক লম্বা নয়।

অনূষর, ত্রি. বিণ. (অন্-ঊষর, লোণা, অল) যে স্থান লোণা নয়; অক্ষার ভূমি; যথা—সেই অনূষর প্রদেশেই যুদ্ধের উপযুক্ত বলিয়া স্থির করিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১১১ পৃষ্ঠা।

অনূহ, ত্রি. বিণ. (অন্-উহ, অনুসন্ধান, ক) অনন্বেষিত; যাহা অনুসন্ধিত নহে; অখোঁজা; ইতি মেদিনী।

অনৃচ, ত্রি. বিণ. (অন্-ঋচ, বাক্যবিশেষ, ক) ঋক্ বেদের বচন নহে; বেদোচ্চারণাধিকার রহিত।

অনৃজু, ত্রি. বিণ. (অন্-ঋজু, সরলতা, ক্বিপ্) অসরল; শঠ; ইতি অমর কোষ। বক্র; ধূর্ত্ত।

অনৃণী, ত্রি. বিণ. (অন্-ঋণ, গমন, ইন্) অঋণী; অধারী; যাহার ঋণ নাই; যে ঋণ গ্রস্ত নয়।

অনৃত, ক্লী. বি. (অন্-ঋত, সত্যতা, অল) অসত্য; মিথ্যা; বিতথ; কৃষি; কৃষিকর্ম্ম; ইতি অমর কোষ।

অনেক, ত্রি. বিণ. [অন্-এক, সংখ্যাবিশেষ, টি] এক ব্যতিরিক্ত সংখ্যা; এক ভিন্ন; বহু; অধিক; বিস্তর; ভূরি; অনল্প; অম্লান; ইতি শব্দরত্নাবলী।

অনেকজ, পুং. বি. (অনেক-জন, জন্মান, ড) পক্ষী; দ্বিজ; (ত্রি. বিণ.) বহুজাতি; বার দ্বয়ে জাত।

অনেকতা, স্ত্রী. বিণ. [অনেক, অধিক, তা] অনৈক্য; আধিক্য; অমিল; অপ্রণয়; মিলনাভাব।

অনেকধা, ব্য. [অনেক, প্রকারতা, ধাচ্] অনেক প্রকার; বহুধা; নানা প্রকার; বহুবিধ। অনেকবার; ইতি কেচিৎ। অনেক রূপ; বহুরূপ।

অনেকপ, পুং. স্ত্রী. বি. (অন্-এক পা, পান, ড) হস্তি; হস্তিনী; মুখ নাসিকা দ্বারা পান কারী; হাতী; গজ; ইতি অমর কোষ। যে একাঙ্গ দ্বারা পান করে না।

অনেকবর্ণ সমীরণ, ক্লী. বি. (অনেকবর্ণ সমান-কৃ, করণ, অনট) অনেক বর্ণের একত্রীকরণ; বহুবর্ণ একত্রীকৃত করণ; ভূরি ভূরি বর্ণের সংযোগ করণ।

অনেকশ, ব্য. [অনেক, প্রকার, চশস্] অনেকবার; বহুপ্রকার; ভূরি প্রকার; অধিক বার; বহুবিধ।

অনেকাশ্রয়, পুং. বি. (অনেক-আ-শ্রি, আশ্রয়, অল)

বহুজনের রক্ষক; অনেক লোকের প্রতিপালক; অনেকের আশ্রয়; যে অনেকের ভরণ পোষণ করে।

অনেকাশ্রিতগুণ, পু. বি. (অনেক-আশ্রিত গুণ, বিশেষণ, ক) বহুনিষ্ঠ গুণ; অনেকের আছে যে গুণ; সংযোগ; বিভাগ; দ্বি পৃথকত্বাদি; একত্বানা সংখ্যা; ইতি সিদ্ধান্তমুক্তাবলী। (ত্রি. বিণ.) বহুবিশিষ্ট গুণ।

অনেডমূক, পু. বি. (অন্-এড-মূক, বাক্যহীনতা, ক) ধূর্ত্ত; শঠ; শ্রুতিবাক বিহীন; কালাবোবা; বধির-মূক; ইতি মেদিনী। যে শুনিতে ও বলিতে পারে না।

অনেনস্, ত্রি. বিণ. [অন্-এনস, পাপহীনতা, ঢ়ি] নির্দ্দোষ; নিষ্পাপ; অপরাধ শূন্য; দোষবিহীন।

অনেব, বা. [অন্-এব, প্রকার, ঢ়ি] কিম্বা; অন্যপ্রকার।

অনেহস্, পু. বি. [অন্-এহস, কাল, ঢ়ি] সময়; কাল; ইতি অমরকোষ। ক্ষণ দণ্ড মুহূর্ত্ত প্রভৃতি।

অনৈক্য, ক্লী. বি. [অন্-এক, সংখ্যাবিশেষ, ষ্ণ্য] ঐক্যাভাব; অনেকতা; একের ভাব; পরস্পর অসম্মিলন; অপ্রণয়; একতাভাব; এক পরামর্শী নহে।

অনৈশ্বর্য্য, ক্লী. বি. [অন্-ঈশ্বর, প্রভু, ষ্ণ্য] ঈশ্বর-ধর্ম্ম নহে; অসম্পত্তি; অমহিমা; অনীশ্বরতা।

অনো, (ব্য.) নিষেধার্থ; অভাব; না; ইতি অমরকোষ টীকা। নিবারণার্থ; বিরহ; ইতি মেদিনী।

অনোকহ, পু. বি. (অন্-ওক, উদ্ভিজ্জবিশেষ, নিপাতনে হ) বৃক্ষ; তরু; গাছ; দ্রুম; উদ্ভিজ্জ বিশেষ।

অনোখা, ত্রি. বিণ. (অন্-ওখ; পরিচয়, ঙ) অপরিচিত; অনীক্ষিত; অনালাপিত; অজানিত

অনৌচিত্য, ক্লী. বি. [অন্-উচিত, কর্ত্তব্য, ষ্ণ্য] উপযুক্ততাবিহীন; কর্ত্তব্যতাশূন্য; ইতি অমরকোষ।

অনৌষধ, পু. বি. (অন্-ঔষধ, দ্রব্যবিশেষ, অল) রোগনাশক দ্রব্য নহে; ভেষজ নয়; অগদ নয়।

অন্কী, ক্লী. বি. (এন কীট হইতে নিপাতনে সিদ্ধ) ক্ষুদ্র কীট বিশেষ; অন্কী নামক পোকা।

অন্ত, ক্লী. বি. (অন্ত, শেষ, অল) স্বরূপ; স্বভাব; ইতি মেদিনী। (ক্লী. পু.) সমাপ্তি; শেষ; যথা—ক্ষয়স্তপের অন্ত, পতন উন্নতির অন্ত, বিয়োগ সংযোগের অন্ত, এবং মৃত্যুই জীবনের অন্ত। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৩ পৃষ্ঠা।

অবসান; বিরাম; ইতি মেদিনী। জঘন্য; চরম; অন্ত্য; পাশ্চাত্য; পশ্চিম; ইতি অমরকোষ। (পু.) নাশ; ইতিঅমরকোষ। স্বরূপ; প্রান্ত; সীমা; নিশ্চয়; অবয়ব; আকৃত; ইতিহেমচন্দ্র। (ত্রি. বিণ.) অন্তিক; নিকট; ইতি মেদিনী। অতিমনোহর; ইতি বিশ্ব।

অন্তঃকরণ, ক্লী. বি. (অন্তর্ কৃ, করণ, অনট) অন্তরিন্দ্রিয়; ধীন্দ্রিয়; মনঃ; নিগু; স্বান্ত; চিত্ত। ইহার সংশয়, নিশ্চয়, গর্ব্ব, স্মরণ, এই চতুষ্টয় কার্য্যভেদে চতুষ্টয়নাম যথা মনঃ; বুদ্ধি; অহঙ্কার; চিত্ত; ইতিবেদান্ত। যথা—আমার অন্তঃকরণ তাঁহার প্রতি এরূপ অনুরক্ত হইল ইতি কাদম্বরী ৫১ পৃষ্ঠা।

অন্তঃকুটিল, পু. বি. (অন্তর-কুট, বক্রতা, ইল) শঙ্খ; যাহার ভিতরে বক্র; (ত্রি. বিণ.) কুটিলান্তঃকরণ; খল; অসরল; যাহার উদার স্বভাব নহে।

অন্তঃক্রুদ্ধ, ত্রি. বিণ. (অন্তর-ক্রুধ, ক্রোধ, ক্ত) মনোমধ্যে জাতক্রোধ; যে মনেমনে রুষ্ট; আন্তরিক রাগী।

অন্তঃপাতি, ত্রি. বিণ. (অন্তর-পা, রক্ষণ, ক্তি) মধ্যবর্ত্তি; অন্তর্ভূত; অন্তর্গত; যথা—সুইজলণ্ড দেশের অন্তঃপাতি উরি প্রদেশের এক শাসনকর্ত্তা ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ বিচার ১০০ পৃষ্ঠা।

অন্তঃপাতী, ত্রি. বিণ. (অন্তর-পা, রক্ষণ, তী) মধ্যবর্ত্তী; অন্তর্গত; অন্তর্ভূত; মধ্যে স্থিত; যথা—ঐ প্রদেশের অন্তঃপাতী মার্কেট বসওয়ার্থ নামক গ্রামে ইতি চরিতাবলী ৩৭ পৃষ্ঠা।

অন্তঃপুর, ক্লী. বি. (অন্তর-পুর, বাটী, ক) স্ত্রীমহল; রাজাদিগের স্ত্রীগৃহ; অবরোধন; অবরোধ; শুদ্ধান্ত; অন্তঃপুরচারি স্ত্রীলোক; বাটীর মধ্য; স্ত্রীলোকদের পুরী; ইতি অমরকোষ। যথা—একদা মহিষী অতিশয় দুঃখিত অন্তঃকরণে অন্তঃপুরে বসিয়া আছেন, ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অন্তঃপুরচারিণী, স্ত্রী. বিণ. (অন্তর-পুর-চর, চরণ, ণিন্-ঈ) অন্তঃপুরচারি স্ত্রীলোক; যে কামিনী অন্তঃপুরে অবস্থান করে; যথা—কুন্তী ও অন্যান্য অন্তঃপুরচারিণীদিগকে সমভিব্যাহারে লইয়া, ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১২ পৃষ্ঠা।

অন্তঃপুরসুন্দরী, স্ত্রী. বি. (অন্তর-পুর সুন্দ, শ্রী, র-ঈ) অন্তঃপুরের স্ত্রী; অন্তঃপুরের উত্তমা নারী; যথা—অবরোহণ কালে তদীয় অন্তঃপুরসুন্দরীগণের কেয়ূর বিঘট্টন রবে, ইতি রঘুবংশ ১৩২ পৃষ্ঠা।

অন্তঃপুররক্ষী, পু. বি. (অন্তর-পুর-রক্ষ, রক্ষণ, ইন্)

স্ত্রীলোকদের রক্ষক ; খোজা ; যে অন্তঃপুর রক্ষাকরে।

অন্তঃপুরে, ক্রিবিন. (অন্তর-পুর, বাটী. এ) স্ত্রীমহলে ; বাটীর মধ্যে ; যথা —একবার বহির্ব্বাটীতে যাই একবার অন্তঃপুরে আসি, ইতি রোমাবতী ৯০ পৃষ্ঠা।

অন্তঃপ্রজ্ঞ, স্ত্রী. বি. (অন্তর-প্র জ্ঞা, বোধন, ড) যে অন্তর জানে ; যে মনে জানিতে পারে ; মনোজ্ঞাত।

অন্তঃশয্যা, স্ত্রী. বি. (অন্তর-শী, শয়ন, য-আ) ভূমি-শয্যা ; মৃত্যু ; শ্মশান ; ভিতরের শয্যা।

অন্তঃসত্ত্বা, স্ত্রী. বি. (অন্তর-সত্ত্ব, বিশিষ্ট, আ) ভল্লাতক ; ইতি অমরকোষ। (ত্রি. বিণ.) গর্ব্ভবতী ; গর্ব্ভিণী ; যে স্ত্রীর অন্তরে অর্থাৎ উদর মধ্যে প্রাণী জন্মিয়াছে ; যথা—শুনিয়াছি শ্রেষ্ঠিকন্যা অন্তঃসত্ত্বা হইয়াছেন। ইতি শকুন্তলা ৮৫ পৃষ্ঠা।

অন্তঃসন্তাপ, পু. বি. (অন্তর সং-তপ, তাপ, ঘঞ) অভ্যন্তর কষ্ট ; ভিতরের ক্লেশ ; মনোদুঃখ ; যথা—বিক্ষুব্ধ চিত্ততা প্রযুক্ত অন্তঃসন্তাপে জর্জ্জরিত হইতে লাগিলেন, ইতি সেক্সপিয়র ৬৬ পৃষ্ঠা।

অন্তঃসলিলবাহিনী, স্ত্রী. বি. (অন্তর-সলিল-বহ, বহন, ণিন্-ঈ) যে নদীর ভিতরে জল প্রবাহিত ; ভিতরে স্রোতযুক্তা ; যেনদীর স্রোত মৃত্তিকার ভিতরে আছে।

অন্তঃসলিলা, স্ত্রী. বিণ. [অন্তর-সলিল, জল, আ] ভিতরে জল ; যে নদীর ভিতরস্থজল ; যথা—হে মহারাজ ! সরস্বতী ঐ স্থানে অন্তঃসলিলা হইলেও ইতি মহাভারত শল্যপর্ব্ব ৭৮ পৃষ্ঠা।

অন্তঃস্নিগ্ধ, ত্রি. বিণ. (অন্তর স্নিহ, স্নেহ, ক্ত) শীতল-মনঃ ; শিষ্টান্তঃকরণ ; যাহার মন অতি নম্র ; যথা—তরুণী ওলিভিয়া অন্তঃস্নিগ্ধ বচনে ইতি সেক্সপিয়র ৩১ পৃষ্ঠা।

অন্তঃস্বেদ, পু. বি. (অন্তর-স্বেদ, উত্তাপ, ক) হস্তী ; (ত্রি. বিণ.) যাহার অন্তরে উত্তাপ ; ভিতরে ঘর্ম্ম।

অন্ত, পু. বি. (অন্ত, শেষ, ক) নাশ ; প্রান্ত ; সমীপ ; পার ; মধ্য ; স্বরূপ ; নিশ্চয় ; অভিপ্রায় ; অবয়ব ; (পু. স্ত্রী.) অবসান ; (স্ত্রী.) স্বভাব ; অবস্থা ; (ত্রি. বিণ.) নিকটস্থ ; সুন্দর ; বিনাশক ; যথা—তুমি আদি তুমি অন্ত তুমি মধ্য হও। পঞ্চ ভূতময় পঞ্চ ভূত পঞ্চ নও। ইতি ভারতচন্দ্র।

অন্তক, পু. বি. (অন্ত, শেষ, ণক) যম ; নাশকারী ; বিনাশক ; কৃতান্ত ; ইতি অমরকোষ। যথা—সে মনুষ্যগণের সর্ব্বসংহার কর্ত্তা, প্রাণিদিগের অন্তক কাল। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৭ পৃষ্ঠা।

অন্তকর, ত্রি. বিণ. (অন্ত-কৃ, করণ, অল) নাশকর ; বিনাশক ; যিনি শেষ করেন ; ধ্বংসকারী ; ইতি বিশ্ব।

অন্তকাল, পু. বি. (অন্ত-কাল, সময়, অল) শেষসময় ; অন্তিম সময় ; মৃত্যুকাল ; চরমকাল ; যথা—অন্তকালে একবার তোমার সহিত সাক্ষাৎ করিতে বাসনা করি ইতি সেক্সপিয়র ২৩১ পৃষ্ঠা।

অন্তকোপম, ত্রি. বিণ. (অন্তক-উপ-মা) উপমান, ড) কালসম ; যম সদৃশ ; মৃত্যু সদৃশ ; যথা—কোন্ যোদ্ধা স্বীয় জীবনের প্রত্যাশা পরিত্যাগ করিয়া অন্তকোপম নকুল, সহদেব, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪ পৃষ্ঠা।

অন্তগ, ত্রি. বিণ. (অন্ত-গম, গমন, ড) অন্তগামী ; পারগ ; মৃত ; শেষগামী ; প্রান্তবর্ত্তী ; পশ্চাদ্গামী।

অন্ততঃ, ব্য. [অন্ত, শেষ, তস্] সম্ভাবনা ; অবয়ব ; পঞ্চম্যর্থ ; শাসন ; ইতি বিশ্ব। শেষে ; ন্যূনকল্পে ; তুল্য ; নিকৃষ্টকল্পে ; ইতি মেদিনী। বরঞ্চ ; যথা—অন্ততঃ আমার প্রত্যুত্তর প্রদানের কাল পর্য্যন্ত অপেক্ষা করাও আবশ্যক ছিল, ইতি প্রিয়দর্শন ২৩ পৃষ্ঠা।

অন্তর, ব্য. (অন্ত, শেষ, র) মধ্য ; প্রান্ত ; স্বীকার ; শেষে ; ইতি বিশ্ব। (ক্লী. বি.) অবকাশ ; অবধি ; পরিধান ; অন্তর্দ্ধান ; ভেদ ; তাদর্থ্য ; অবসর ; মধ্যে ; অন্তরাত্মা ; ছিদ্র ; আত্মীয় ; বিনা ; বহি ; ইতি অমরকোষ। সদৃশ ; মধ্যস্থান ; স্থান ; রন্ধ্র ; সময় ; অবসর ; আচ্ছাদন ; ব্যবধান ; ব্যতিরেক ; আত্মা ; সাদৃশ্য ; অবশিষ্ট ; স্বকীয় ; হেতু ; অন্য ; বিশেষ ; ইতিমেদিনী। মনঃ ; যথা—পিতৃহন্তাকে প্রতিফল প্রদানের অভিপ্রায় অন্তর হইতে অন্তর হইয়া গিয়াছে ইতি সেক্সপিয়র ১৫১ পৃষ্ঠা।

অন্তরঙ্গ, ত্রি. বিণ. (অন্তর অঙ্গ, আয়ত্তা, অল) আত্মীয় ; স্বসম্পর্ক ; সুহৃদ ; স্বজন ; জ্ঞাতি ; আত্মীয়লোক ; (ক্লী. বি.) অন্তঃকরণ ; মনঃ ; ইতি অমরকোষ।

অন্তরঙ্গতা, স্ত্রী. বি. (অন্তর-অঙ্গ, আয়ত্তা, তা) আত্মীয়তা ; সৌহৃদ্য ; সৌখ্য ; বন্ধুত্ব ; ইতি মেদিনী।

অন্তরতা, স্ত্রী. বি. (অন্তর, দূর, তা) দূরতা ; ভিন্নতা।

অন্তরতাপ, পু. বি. (অন্তর-তপ, তাপ, ঘঞ) অন্তঃকরণ ক্লেশ ; মনোদুঃখ ; অভ্যন্তর দহন ; ভিতরস্থ ক্লেশ ; যথা—নিরন্তর অন্তর তাপে তাপিত হইয়া আ-

মার শরীর বিবর্ণ হইয়াগিয়াছে ; ইতিশকুন্তলা৩৭পৃষ্ঠা।

অন্তরস্থ, ত্রি. বিণ. (অন্তর-স্থা, স্থিতি, ড) মনোগত ; আন্তরিক ; অন্তঃকরণ সহিত ; মনঃস্থ ; হৃদয়স্থ।

অন্তরা, ব্য. (অন্তর, মধ্য. আ) বর্জ্জন ; বিনা ; মধ্যে ; সমীপে ; ব্যতিরেক ; ইতি অমরকোষ। মনোগতকথা।

অন্তরাত্মা, পু. বি. [অন্তর-আত্মন্, আত্মা, প্রথমা বিভক্তি] দেহী ; দেহান্তর্ব্বর্ত্তী ; জীবাত্মা ; যথা— তাহা আমার অন্তরাত্মাই জানেন। ইতি শকুন্তলা ৯৬ পৃষ্ঠা।

অন্তরাপত্যা, স্ত্রী. বি. (অন্তর-অপত্য, সন্তান, আ) গর্ভিণী ; সসত্ত্বা ; যাহার উদরে অপত্য ; যথা— কন্যা অন্তরাপত্যা, কিরূপে সমুদ্রপথে তাহাকে প্রেরণ করিব ইতি সেক্সপিয়র ৩৭৪ পৃষ্ঠা।

অন্তরায়, পু. বি. (অন্তর-অয়, গতি, অল) বিঘ্ন ; প্রতিবন্ধক ; ইতি অমরকোষ। ব্যাঘাত ; হানি ; যথা— যে বিষয় অন্য লোকের সম্পন্ন করিতে কত অন্তরায় কত বিলম্ব ইতি রোমাবতী ৫৫ পৃষ্ঠা।

অন্তরাল, ক্লী. বি. (অন্তর-আল, মধ্য, অল) মধ্যপ্রদেশ ; অভ্যন্তর ; ব্যবধান ; আড়াল ; ইতিঅমরকোষ। যথা—অনন্তর আস্তে আস্তে আসিয়া বৃক্ষের অন্তরাল হইতে দৃষ্টিপাত করিলাম ; ইতিকাদম্বরী ৫৫ পৃষ্ঠা।

অন্তরালক, ক্লী. বি. (অন্তর-আল, মধ্য, ণক) অভ্যন্তর ; মধ্য ; আরাল ; ব্যবধান ; ইতি রাজনির্ঘণ্ট।

অন্তরালবর্ত্তী, ত্রি. বিণ. (অন্তরাল-বৃত, বর্ত্তন, ণিন্) ব্যবধানে স্থিত ; আড়ালে স্থায়ী ; যথা—কোন স্থানে তরুচ্ছায়ার অন্তরালবর্ত্তী শরৎকালীন চন্দ্রকিরণের ন্যায় ; ইতি রঘুবংশ ১০৪ পৃষ্ঠা।

অন্তরিত, ত্রি. বিণ. (অন্তর, মধ্য, ক্ত) অন্তর্দ্ধান ; প্রাপ্ত ; ব্যবহিত ; মৃত ; প্রসৃত ; ব্যবকলিতাঙ্ক ; দূরীভূত ; পৃথককৃত ; যাহাকে দূর করা হইয়াছে।

অন্তরিক্ষ, ক্লী. বি. (অন্তর-ঋক্ষ, গমন, অল) অন্তরীক্ষ ; আকাশ ; গগন ; শূন্য ; ইতিঅমরকোষটীকা।

অন্তরীণ, ত্রি. বিণ. (অন্তর মধ্য, ঈন) অন্তর্ব্বর্ত্তী ; মধ্যস্থ।

অন্তরীপ, ক্লী. পু. বি. (অন্তর-অপ্, জল, অ) দ্বীপ ; জলবেষ্টিত ভূভাগ ; ইতি অমরকোষ। যে ভূমি অল্প পরিসর হইয়া সমুদ্রের জলোপরি পতিত হইয়াছে।

অন্তরীয়, ক্লী. বি. (অন্তর, মধ্য, ঈয়) অন্তর্ব্বর্ত্তী ; মধ্যস্থ ; পরিধানবস্ত্র ; অধোবস্ত্র ; ধুতি ; ইজের প্রভৃতি।

অন্তরীক্ষ, ক্লী. বি. (অন্তর-ঈক্ষ, শূন্য, ক) আকাশ ; যথা—দিঙ্মণ্ডল মাতঙ্গময়, অন্তরীক্ষ আতপত্রময়, সমীরণ মদগন্ধময়, ইতি কাদম্বরী ৩৮ পৃষ্ঠা। গগন ; ইতিঅমরকোষ। অভ্র ধাতু ; ইতিরাজনির্ঘণ্ট।

অন্তরীক্ষচর, ত্রি. বিণ. (অন্তর-ঈক্ষ-চর, চরণ, অল) শূন্যচর ; আকাশচর ; আকাশপথে ভ্রমণকারী।

অন্তরীক্ষজল, ক্লী. বি. (অন্তরীক্ষ-জল, অপ, অল) আকাশের জল ; শূন্যোদক ; দিব্যোদক ; বৃষ্টির জল।

অন্তরে, ব্য. (অন্তর, মধ্য, এ) মধ্যে ; অভ্যন্তরে।

অন্তরেণ, ব্য. (অন্তর, মধ্য, এন) মধ্যে ; বিনা ; অভ্যন্তরে ; ব্যতিরেকে ; অভাবে ; ইতি অমরকোষ।

অন্তর্গডু, ত্রি. বিণ. (অন্তর-গড, অকার্য্যের, উস্) নিরর্থক ; বৃথা ; ইতি হেমচন্দ্র। অকিঞ্চিৎকর ; যাহা কোন কাযের নয় ; ব্যর্থ ; নিষ্ফল ; ইতি অমরকোষ।

অন্তর্গত, ত্রি. বিণ. (অন্তর-গম, গমন, ক্ত) বিস্মৃত ; মধ্যপ্রাপ্ত ; ইতি হেমচন্দ্র। হৃদ্গত ; মনোগত ; মধ্যবর্ত্তী ; মধ্যে নিবিষ্ট ; ইতি অমরকোষ। যথা—আমরা যে দিকে যাইতেছি, দেখিতেছি সকলই তাঁহার রাজ্যের অন্তর্গত। ইতি কাদম্বরী ৩৭ পৃষ্ঠা।

অন্তর্গৃহ, ক্লী. বি. (অন্তর-গৃহ, ঘর, ক) গৃহমধ্যে ; ঘরের ভিতর ; মধ্যগৃহ ; মধ্যবাটী ; ইতি অমরকোষ।

অন্তর্জল, ক্লী. বি. (অন্তর-জল, অপ, অল) ভূমধ্যজল ; অন্তঃসলিল ; ভিতরের জল ; মৃত্যুকালে জলমধ্যে শয়ন।

অন্তর্জলী, পু. বি. (অন্তর-জল, অপ, ইন্) মৃত্যুকালীন অর্দ্ধ অঙ্গ জলে মগ্ন করিয়া ভগবানের নামোচ্চারণ করণ ; চরম সময় জলে নামান ; ইতি হেমচন্দ্র।

অন্তর্জঠর, ক্লী. বি. (অন্তর-জঠর, উদর, অল) কুক্ষিমধ্য ; কোষ্ঠ ; উদরের অভ্যন্তর ; ইতি অমরকোষ।

অন্তর্দ্দগ্ধ, ত্রি. বিণ. (অন্তর-দহ, দহন, ক্ত) ভিতর দগ্ধ ; ক্লিষ্টমন ; যাহার মন দুঃখিত ; যথা—বৃদ্ধভূপাল দুঃশীলা গনেরিল্‌কে অবলোকন করিয়া অন্তর্দ্দগ্ধ হইতেছিলেন। ইতি সেক্সপিয়র ২১৭ পৃষ্ঠা।

অন্তর্দ্ধন ক্লী. বি. (অন্তর-ধা, অঙ্কুর, অন) সুরাবীজ ; সুরার আদি কারণ ; ইতি শব্দ চন্দ্রিকা।

অন্তর্দ্দাহ, পু. বি. (অন্তর-দহ, দহন, ঘঞ) কোষ্ঠসন্তাপ ; শরীরাভ্যন্তরজ্বালা ; শরীর মধ্যে জ্বালা ; যথা—কক্ষস্থিত তীক্ষ্ণশর নিরন্তর তাহার অন্তর্দ্দাহ করিতে থাকে ; ইতি টেলিমেকস ২১ পৃষ্ঠা।

অন্তর্দ্ধা, স্ত্রী. বি. (অন্তর-ধা, অন্তর্দ্ধান, ঙ) অন্তর্দ্ধান; তিরোধান; লুকান; অদৃশ্যহওয়া; ইতি অমরকোষ। দর্শনেন্দ্রিয়ের অগোচর হওয়া।

অন্তর্দ্ধান, ক্লী. বি. (অন্তর ধা, অন্তর্দ্ধান, অনট) আচ্ছাদন; অন্তর্দ্ধা; ব্যবধা; অন্তর্দ্ধি; অপবারণ; অপিধান; তিরোধান; পিধান; ছদন; ইতি অমরকোষ। লুকান; অদৃশ্য হওয়া; যথা—তারাগণ তাঁহার দুঃখ দর্শনে অসমর্থ হইয়াই যেন একে একে অন্তর্দ্ধান করিতে লাগিল, ইতি রোমাবতী ৭৬ পৃষ্ঠা।

অন্তর্দ্ধি, স্ত্রী. বি. (অন্তর-ধা, অন্তর্দ্ধান, ক্তি) অন্তর্দ্ধান; তিরোধান; অদৃশ্য হওন; লুকান; ইতি অমরকোষ।

অন্তর্দ্ধ্যান, ক্লী. বি. (অন্তর-ধ্যৈ, চিন্তা, অনট) মনোমধ্যে চিন্তন; মনে মনে ভাবনা; নিবিষ্ট মনে ধ্যান।

অন্তর্দ্বার, ক্লী. বি. (অন্তর দ্বার, দরোজা, অল) প্রকোষ্ঠদ্বার; গৃহাভ্যন্তরদ্বার; গৃহের অভ্যন্তর; প্রচ্ছন্ন; খড়্‌কিকাদ্বার; পক্ষদ্বার; বাটীর মধ্যগত দ্বার।

অন্তর্ব্বংশিক, পু. বি. (অন্তর-বংশ, মধ্যপুর, ইক) অন্তঃপুরাধিকৃত; অন্তঃপুরাধ্যক্ষ; অন্তঃপুর রক্ষক; ইতি অমরকোষ। যে ব্যক্তি ভিতর বাটী রক্ষাকরে।

অন্তর্ব্বত্নী, স্ত্রী. বি. [অন্তর, ভিতর, বতু-নী] গর্ব্বিণী; গর্ভবতী; অন্তরাপত্যা; অন্তঃস্বত্বা; যথা—দৈবের অনুগ্রহ বশতঃ প্রৌঢ়তার শেষাবস্থায় রাজপত্নী অন্তর্ব্বত্নী হইলেন। ইতি রোমাবতী ৩ পৃষ্ঠা।

অন্তর্ব্বমি, পু. বি. অন্তর-বম, বমন, ই) অপাক; অজীর্ণ।

অন্তর্ব্বর্ত্তী, ত্রি. বিণ. (অন্তর-বৃত, বর্ত্তন, ইন্) মধ্যস্থ; মধ্যে থাকা; অন্তঃপাতী; ইতি অমরকোষ। যথা—আরবেরা বাণিজ্যার্থ সীরিয়াদেশের অন্তর্ব্বর্ত্তী ডেমাস্কস্ নগরে গমন করিয়াছিল; ইতিটেলিমেকস২৫পৃষ্ঠা।

অন্তর্ব্বাণি, ত্রি. বিণ. [অন্তর-বাণি, অন্তর্ব্বাক্য, ঢ়ি) শাস্ত্রবিৎ; শাস্ত্রজ্ঞ; যে অন্তর্ব্বাক্য জানে; ইতি অমরকোষ। অভিজ্ঞ; যে মনের কথা পরিজ্ঞাত।

অন্তর্ব্বিগাহন, ক্লী. বি. (অন্তর-বি-গহ, প্রবেশ, অনট) প্রবেশন; প্রবেশকরণ; ইতিহেমচন্দ্র। ভিতরেযাওয়া।

অন্তর্ব্বেদী, পু. বি. (অন্তর-বেদ, দেশবিশেষ, ইন্) দেশবিশেষ; ব্রহ্মবর্ত্তদেশ; গঙ্গাযমুনয়োর্ম্মধ্য দেশ; প্রয়াগ অবধি হরিদ্বার পর্য্যন্ত দেশ; ইতি মেদিনী।

অন্তর্ব্বেধ, পু. বি. (অন্তর-বিধ, পীড়া, অল) মর্ম্মবেধ; আন্তরিকপীড়া; মানসিক ক্লেশ; ইতি বিশ্ব।

অন্তর্ব্ব্যথিত, ত্রি. বিণ. (অন্তর-ব্যথ, কষ্ট, ক্ত) মনোদুঃখিত; যে ব্যক্তি আন্তরিক ক্লিষ্ট; যথা- ঐরূপ সম্মানান্বিত বচন প্রয়োগ করিতে দেখিয়া অন্তর্ব্ব্যথিত এবং কোপে কম্পিত, ইতি সেক্সপিয়র ১৭০ পৃষ্ঠা।

অন্তর্ভবন, ক্লী. বি. (অন্তর-ভূ, উৎপত্তি, অনট) অন্তর্ভাব; তিরোধান; ভিতরের ভাব; মনোভাব।

অন্তর্ভাব, পু. বি. (অন্তর-ভূ, উৎপত্তি, ঘঞ) মধ্যে পতন; অন্তর্গত; গুণীভাব; অভ্যন্তরে স্থিতি; মধ্যে নিবেশ; ভিতরে যাওয়া; ভিতরে থাকা।

অন্তর্ভূত, ত্রি. বিণ. (অন্তর ভূ, সত্ত্বা, ক্ত) গুণীভূত; অন্তর্গত; মধ্যস্থিত; অন্তরস্থ; মধ্যনিবিষ্ট; যথা—ধর্ম্মভীরুতার লক্ষণ ও অন্তর্ভূত শোকানলের চিহ্ন ইতি টেলিমেকস ৬৩ পৃষ্ঠা।

অন্তর্ম্মনা, ত্রি. বিণ. (অন্তর-মন, অন্তঃকরণ, অস্) দুর্ম্মনা; বিমনা; ব্যাকুলচেতা; বিষণ্ণ; উদ্বিগ্ন; ব্যাকুল।

অন্তর্যামী, পু. বি. (অন্তর যম, জ্ঞাত হওয়া, িন্) অন্তঃকরণ নিয়ামক; অন্তরাত্মা; অন্তর্জ্ঞানী; জীব; মনোগামী; যথা—যিনি অন্তর্যামি সর্ব্বজীবের অন্তরে অধিষ্ঠান করিতেছেন, ইতি টেলিমেকস ৩২ পৃষ্ঠা।

অন্তর্যামিনী, স্ত্রী. বিণ. (অন্তর-যা, গমন, মিন্-ঈ) ঈশ্বরী, মনোজ্ঞাতা; মনোগামিনী; যিনি মনের সকল জানেন; যথা—মানব মনের কথা, হে অন্তর্যামিনী, তুমি যত জান, হায়, মানব রসনা পারে কি কহিতে তত? ইতি মেঘনাদবধকাব্য ১৩৪ পৃষ্ঠা।

অন্তর্লক্ষ্য, ত্রি. বিণ. (অন্তর-লক্ষ, দর্শন, য) ভিতর দর্শনীয়; নিরীক্ষ্য; যথা—স্থানান্তরে শুভ্র শরদভ্রের অন্তর্লক্ষ্য নীলবর্ণ নভস্তলের ন্যায়; ইতি রঘুবংশ ১০৪ পৃষ্ঠা।

অন্তর্হাস, পু. বি. (অন্তর-হস, হাস্য, ঘঞ) অব্যক্তহাস; গূঢ়হাস্যবিশিষ্ট; অল্পহাস্য যুক্ত; মৃদুহাস।

অন্তর্হিত, ত্রি. বিণ. (অন্তর ধা, গোপন, ক্ত) লুক্কায়িত; গুপ্ত; সংবীত; রুদ্ধ; আবৃত; সংবৃত; পিহিত; ছন্ন; স্থগিত; অপবারিত; তিরোধান; অদৃষ্ট; অদৃশ্য; ইতি হেমচন্দ্র। যথা—তুমি সত্বর লতা মণ্ডপ হইতে নির্গত ও অন্তর্হিত হও। ইতি শকুন্তলা ৪৭ পৃষ্ঠা।

অন্তর্হিতা, স্ত্রী. বিণ. (অন্তর-ধা, গোপন, ক্ত-আ) লুক্কায়িতা; অপবারিতা; অদৃশ্যা; যথা—দেবী রাজাকে নানা অভিলসিত বর প্রদান দ্বারা চরিতার্থ ক-

রিয়া অন্তর্হিতা হইলেন। ইতি বেতালপঞ্চবিংশতি ৪৯ পৃষ্ঠা।

অন্তর্হৃষ্ট, ত্রি. বিণ. (অন্ত স্বষ, হর্ষ, ক্ত) যাহার মন হর্ষযুক্ত; অভ্যন্তর সন্তুষ্ট; যথা—ইয়াগো অন্তর্হৃষ্ট হইয়া বাহ্য বিষাদ প্রদর্শন পুরঃসর কহিল, ইতি সেক্সপিয়র ৬৫ পৃষ্ঠা।

অন্তশয্যা, স্ত্রী. বি. (অন্ত-শয়, শয়ন, য-আ) ভূমিশয্যা; মৃত্যু; শ্মশান; মৃত্যুকালীন ভূমিশয্যা।

অন্তাবশায়ী, পু. বি. (অন্ত-অব-শী, ব্যক্তিবিশেষ, ণিন্) চণ্ডাল; মুনিবিশেষ; ইতি হেমচন্দ্র। নাপিত;

অন্তি, স্ত্রী. বি. (অন্ত, ব্যক্তিবিশেষ, ই) নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী; (ব্য.) সমীপ; ইতি শব্দরত্নাবলী। নিকট; অদূর; সন্নিহিত।

অন্তিক, ত্রি. বিণ. [অন্তিক, সমীপ, চ্রি] সন্নিহিত; নিকট; ইতিঅমরকোষ। (ক্লী. বি.) সামীপ্য; ইতি ধরণী। সমীপ; সন্নিধান; ইতি হেমচন্দ্র।

অন্তিকতম, ত্রি. বিণ. [অন্তিক, নৈকট্য, তম] অতিনিকট; নেদিষ্ঠ; ইতি অমরকোষ। নেদীয়ান; অন্তিতম; ইতি জটাধর। দূরমাত্র নহে; খুব কাছে।

অন্তিকা, স্ত্রী. বি. [অন্তিক, নৈকট্য, আ] নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী; নিকটস্থা; সমীপস্থা; অগ্নিকা; চুলী; শাতলা নামক ঔষধ; চামার কষা।

অন্তিকাশ্রয়, পু. বি. (অন্তিকা-শ্রি, শ্রয়, অল) নিকটাশ্রয়; সমীপস্থাবলম্বন; উপঘ্ন; ইতি অমরকোষ।

অন্তিম, ত্রি. বিণ. [অন্তিম, শেষ, চ্রি] অন্তেভব; চরম; অন্ত্য; শেষ; অন্তকালীন; ইতি জটাধর। অতি নিকট, অবসান; ইতি নীলকণ্ঠ। চরম।

অন্তেবাসী, পু. বি. (অন্তে-বস, অবস্থান, ণিন্) ছাত্র; বিদ্যার্থী; শিষ্য; চণ্ডাল; নীচ; প্রান্তস্থায়ী।

অন্ত্য, ক্লী. বি. (অন্ত, শেষ, য) দশ সাগর সংখ্যা; সহস্র লক্ষকোটি; ইতি লীলাবতী। দ্বাদশলগ্ন; ইতি জ্যোতিষ তত্ত্ব। (ত্রি. বিণ. (অন্তেভব; শেষোৎপন্ন; অধম; জঘন্য; অন্তিম; চরম; অবশিষ্ট; নীচ; নীচজাতি; শূদ্র; শেষস্থ; ইতি মেদিনী। (পু. বি.) মুস্তা; মুতাঘাস; তৃণবিশেষ; ইতি মেদিনী। ম্লেচ্ছ; অপরিষ্কার; ইতি প্রায়শ্চিত্ত তত্ত্ব।

অন্ত্যজ, পু. বি. (অন্ত্য-জন, জন্মান, ড) শূদ্র; চতুর্থ বর্ণ; রজকাদি জঘন্য জাতি; রজকাদি সপ্ত জাতি; যথা—রজক, চর্ম্মকারক, নট, বরুড়, কৈবর্ত্ত, মেদ, ভিল্ল; (ত্রি. বিণ.) জঘন্যজ। যথা—এক মাত্র সদাচার অন্ত্যজ ব্যক্তিগণ কর্ত্তৃক অনুষ্ঠিত হইলেও ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৫৩ পৃষ্ঠা।

অন্ত্যজন্মা, পু. স্ত্রী. বি. (অন্ত্য-জন, জনন, মন্) চতুর্থ বর্ণ; শূদ্র; অবরবর্ণ; জঘন্য জাতি; শূদ্র; নীচবর্ণ।

অন্ত্যবর্ণ, পু. বি. (অন্ত্য বর্ণ, জাতি, অল) শূদ্র; শেষবর্ণ; জঘন্যজাতি; নীচজাতি; ইতি হেমচন্দ্র।

অন্ত্যভ, ক্লী. বি. (অন্ত্য-ভা, দীপ্তি, ড) রেবতীনক্ষত্র; মীনরাশি; ইতি জ্যোতিষ। শেষ নক্ষত্র; শেষতারা।

অন্ত্যাবসায়ী, পু. স্ত্রী. বি. (অন্ত্য-অব-সো, নীচজাতি, ণিন্) চাণ্ডালাদি জাতি; জঘন্যজাতি; নীচবর্ণ।

অন্ত্যেষ্টি, স্ত্রী. বি. (অন্ত্য-এষ, ক্রিয়াবিশেষ, ক্তি) শেষযজ্ঞ; শবদাহাদি; মৃত দেহের সংস্কার; মরণান্তর ক্রিয়া; শেষকার্য্য; সৎকার; ইতি ধরণী।

অন্ত্যেষ্টিক্রিয়া, স্ত্রী. বি. (অন্ত্যেষ্টি-কৃ, করণ, ক্যপ্, আ) শবদাহ; মৃতদেহ সৎকার; শেষকর্ম্ম; ইতি হেমচন্দ্র। যথা—তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়া দর্শনার্থ অতিদূরদেশবাসী প্রজারা ইতি টেলিমেকস ৫৪ পৃষ্ঠা।

অন্ত্র, ক্লী. বি. (অন, আঁৎ, ত্র) আঁত; আঁতড়ী; পুরীতৎ; নাড়ীভুড়ি; ইতি অমরকোষ। নাড়ীভেদ।

অন্দিকা, স্ত্রী. বি. (অন্দ, জ্বলনাধার, ইক-আ) চুলী; চুলা; উনান; অন্তিকা; ইতি নীলকণ্ঠ। আকা।

অন্দু, স্ত্রী. বি. (অন্দ, দ্রব্যবিশেষ, উ) হস্তিনিগড়; আন্দুয়া; মল, পঞ্চম ইত্যাদি স্ত্রীলোকের পাদভূষণ।

অন্দুক, পু. বি. (অন্দ, দ্রব্যবিশেষ, উক) হস্তিপাদবন্ধন শৃঙ্খল; নিগড়; স্ত্রীলোকের পাদালঙ্কারবিশেষ; পাদকটক; লৌহনির্ম্মিত বেড়ী; হস্তি নিগড়।

অন্দূ, স্ত্রী. বি. (অন্দ, দ্রব্যবিশেষ, উ) হস্তিপাদ বন্ধন লৌহনিগড়; আন্দুয়া; হাতির শৃঙ্খল; স্ত্রীপাদভূষণ; মল; গুজরী, ইতি মেদিনী। অলঙ্কারভেদ।

অন্ধ, ক্লী. বি. (অন্ধ, দৃষ্টিহীন, অল) অন্ধকার; জল; ইতি মেদিনী। অন্ন; ইতি অমরকোষ। (ত্রি. বিণ.) চক্ষুদ্বয় বিহীন; দৃষ্টিবিহীন; আন্ধা; আঁধলা; ইতি হিন্দীভাষা। অদৃক; ইতি অমরকোষ। যথা—মৃতপ্রায়, জড়, অন্ধ, নিদ্রিত, ভীত, মদমত্ত, ও অনবহিত ব্যক্তিদিগের প্রতি কদাচ শস্ত্রপ্রহার করিবে না। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ৯ পৃষ্ঠা।

অন্ধক, পু. বি. (অন্ধ, দৃষ্টিবিহীন, ণক) দেশবিশেষ; মুনিবিশেষ; অসুরভেদ; নৃপভেদ; (ত্রি. বিণ.) যে ব্যক্তি নয়নহীন; মোহযুক্ত; যথা—স্বয়ং মহাদেব মদজনিত হর্ষে অন্ধক অর্থাৎ বিমোহক ইতি নৈষধ-চরিত ১৬৬ পৃষ্ঠা।

অন্ধকরিপু, পু. বি. (অন্ধক-রিপু, শত্রু, ক্বিপ্) শিব; মহাদেব; সূর্য্য; চন্দ্র; অগ্নি; ইতি অমরকোষ।

অন্ধকার, পু. ক্লী. বি. (অন্ধ-কৃ, করণ, ঘঞ) তেজঃ-সামান্যাভাব; আঁধার; ধ্বান্ত; তমিস্র; তিমির; তম; ইতি অমরকোষ। ভূচ্ছায়; প্রকাশাভাব; যথা—ফলতঃ তাহার পক্ষে সংসার অসার ও অন্ধকার রূপে প্রতীয়মান হইয়াছিল। ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অন্ধকারসুহৃৎ, পু. বি. (অন্ধকার-সু-হৃ, হরণ, ক্বিপ্) শিব; মহাদেব; সূর্য্য; তমোনাশক; ইতিহেমচন্দ্র।

অন্ধকারাচ্ছন্ন, ত্রি. বিণ. (অন্ধকার-আ-ছদ, আবরণ, ক্ত) তমসাবৃত; অন্ধকারে পরিপূর্ণ; যথা—সেই গাঢ়তর অন্ধকারাচ্ছন্ন রজনীতে ইতি বেতালপঞ্চ-বিংশতি ৬৭ পৃষ্ঠা।

অন্ধকারাবৃত, ত্রি. বিণ. (অন্ধকার-আ-বৃ, আচ্ছাদন, ক্ত) অন্ধকারে আচ্ছন্ন; তেজোভাবে পরিপূর্ণ; তম-সাবৃত; যথা—তমাল বনে চারি দিক্ অন্ধকারাবৃত হইয়া থাকে। ইতি রঘুবংশ ৪৫ পৃষ্ঠা।

অন্ধকূপ, পু. বি. (অন্ধ-কূপ, জলাশয়বিশেষ, ক) অন্ধকারময়কূপ; আঁধুয়া; পাতকুয়া; গৃহবিশেষ।

অন্ধগোলাঙ্গুলন্যায়, পু. বি. (অন্ধ-গো-লাঙ্গুল-ন্যায়, সদৃশ, অল) অন্ধের গোপুচ্ছ ধরিয়া গমনতুল্যক্রিয়া।

অন্ধতমস, ক্লী. বি. [অন্ধ-তমস, অন্ধকার, টি] নিবিড় অন্ধকার; অত্যন্ত অন্ধকার; ঘোরতমসপূর্ণ।

অন্ধতা, স্ত্রী. বি. (অন্ধ, দৃষ্টিহীন, তা) অদৃষ্টি; দৃষ্টি-রাহিত্য; অন্ধের সাধারণ ধর্ম্ম; ইতি হেমচন্দ্র। যথা—সুরাপান না করিলেও চক্ষুর দোষ না থাকি-লেও ধনমদে মত্ততা ও অন্ধতা জন্মে। ইতি কাদ-ম্বরী ৩৫ পৃষ্ঠা।

অন্ধতামস, ক্লী. বি. [অন্ধ-তমস, দীপ্তিবিহীন, ষ্ণ) নি-বিড় অন্ধকার; গাঢ় অন্ধকার; ঘোরতিমির।

অন্ধতামিস্র, ক্লী. বি. [অন্ধ-তমিস্র, তমসযুক্ত, ষ্ণ] নিবিড় অন্ধকারযুক্ত নরক বিশেষ; অতি জঘন্য স্থান।

অন্ধমুষিকা, স্ত্রী. বি. (অন্ধ-মুষ, উদ্ভিজ্জবিশেষ, ইক-আ) তৃণ; ঘাস; দেবতাড়বৃক্ষ; ইতি শব্দচন্দ্রিকা।

অন্ধলা, ত্রি. বিণ. (অন্ধ, দৃষ্টিহীন, ল-আ) কাণা; অন্ধ; দৃষ্টিবিহীন; যে কিছুমাত্র দেখিতে পায় না।

অন্ধস্, ক্লী. বি. (অন্ধ, দৃষ্টিহীন, অস্) সিদ্ধতণ্ডুল; অন্ন; ভাত; পাক করা তণ্ডুল; ইতি অমরকোষ।

অন্ধাহি, পু. স্ত্রী. বি. (অন্ধ-অহি, জীববিশেষ, ক্বিপ্) মৎস্য বিশেষ; কুঁচিয়া; জলজন্তু বিশেষ।

অন্ধিকা, স্ত্রী. বি. (অন্ধ, রোগবিশেষ, ইক-আ) দ্যূত-বিশেষ; রাত্রি; ইতি মেদিনী। সর্ষপী; ইতি হেম-চন্দ্র। স্ত্রীবিশেষ; চক্ষুরোগবিশেষ; ইতিশব্দরত্নাবলী।

অন্ধিসন্ধি, পু. বি. (অন্ধি-সং-ধা, রন্ধ্র, কি) ছিদ্র; রন্ধ্র; ফাক্; বিবর; বিল; দূষণ; দোষ।

অন্ধু, পু. বি. (অন্ধ, জলাশয়বিশেষ, উ) কূপ; কুয়া।

অন্ধুল, পু. বি. (অন্ধ, উদ্ভিজ্জবিশেষ, উল) শিরীষ-বৃক্ষ; ইতি শব্দচন্দ্রিকা। উদ্ভিজ্জ বিশেষ।

অন্ধ্র, পু. বি. (অন্ধ, ব্যক্তিবিশেষ, র) ব্যাধ; মৃগয়া-জীবী; মৃগান্তক; দেশবিৎ; মৃগয়ু; মৃগজীবী।

অন্ন, ক্লী. বি. (অদ, ভক্ষণ, ক্ত) খিন্নতণ্ডুল; ভক্ত; অন্ধ; ভিস্যা; ওদন; দীধিবি; ইতি অমরকোষ। ক্রূর; ভোজনীয় বস্তু; ভাত; যথা—ইহা প্রসিদ্ধ আছে, অগ্নি দ্বারা অন্ন পাক হয়, ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধবিচার ১০৪ পৃষ্ঠা। (পু.) সূর্য্য; ইতি সিদ্ধান্তকৌমুদী। (ত্রি. বিণ.) ভুক্ত; খাদিত; ভক্ষিত; ইতি মেদিনী।

অন্নকষ্ট, ক্লী. বি. (অন্ন-কষ, ক্লেশ, ক্ত) দুর্ভিক্ষ; অকাল; অন্নাভাব; খাদ্য দ্রব্যাদির অভাব।

অন্নকষ্টী, ত্রি. বিণ. (অন্ন-কষ্ট, ক্লেশ, ইন্) আহারা-ভাবে ক্ষীণ; ভক্ষণ ব্যতিরেকে কৃশ; অন্নকষ্টবিশিষ্ট।

অন্নকোষ্ঠক, পু. বি. (অন্ন-কোষ্ঠ, স্থান, ণক) তণ্ডুলা-দিরক্ষণস্থান; গোলা; করুই; তণ্ডুলাধার; ইতি হেমচন্দ্র। তণ্ডুলাগার; তণ্ডুল প্রভৃতির স্থান।

অন্নগন্ধি, পু. বি. (অন্ন-গন্ধ, ব্যামোহ, ই) উদরাময় রোগ; অজীর্ণ রোগ; অপাক ব্যামোহ; মন্দাগ্নি।

অন্নদ, পু. বিণ. (অন্ন-দা, দান, ড) অন্নদাতা; যথা—তুমি কার্ত্তিকেয়, সত্য, অন্নদ, অচ্যুত ও অরাতিনা-শক। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬৪ পৃষ্ঠা। প্রতিপালক; ভরণকর্ত্তা; যে অন্ন দ্বারা পোষিত করে।

অন্নদাতা, পু. বিণ. (অন্ন-দা, দান, তৃন্) অন্নদান-

কর্ত্তা; প্রতিপালক; যে ব্যক্তি অন্নদান করে; যথা— যে রাজা প্রজাগণকে বধ ও ক্লেশ হইতে রক্ষা করিয়া তাহাদিগের দস্যুভয়াদি নিবারণে প্রবৃত্ত হন, সকল লোকেই তাঁহারে ধনদাতা, সুখদাতা, অন্নদাতা বলিয়া নির্দ্দেশ করে। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৫০ পৃষ্ঠা।

অন্নদান, ক্লী. বি. (অন্ন-দা, দান, অনট) আহারদান; ভাত দেওয়া; ভক্ষণীয় দেওয়া; অন্ন ব্যয়; যথা— আপনকার অন্নদান স্মরণ করিয়া নিরন্তর সকলে ইতি সেক্‌সপিয়র ৩৮২ পৃষ্ঠা।

অন্নদাস, পু. বি. (অন্ন-দাস, ভৃত্য, অল) অন্নের নিমিত্ত দাস; ভক্তদাস; ভাতুড়িয়া; কেবল অন্নজন্য ভৃত্যতুল্য; (বিণ.) যে অন্নের জন্য দাসত্ব করে।

অন্নপাপ, ক্লী. বি. (অন্ন-পাপ, দুষ্কৃত, অল) দুষ্টান্ন ভোজন নিমিত্ত অধর্ম্ম; অন্নভোজন জন্য পাপ।

অন্নপূর্ণা, স্ত্রী. বি. (অন্ন-পূ, পূরণ, ক্ত-আ) ভগবতী; বিশ্বেশ্বরী; অন্নাধিষ্ঠাত্রী দেবী; অন্নের কর্ত্রী।

অন্নপ্রাশন, ক্লী. বি. (অন্ন-প্র-অশ, ভোজন, অনট) বালকের প্রথম অন্ন ভক্ষণ; দশবিধ সংস্কারান্তর্গত সংস্কার; অন্নাশন; ইতি শব্দরত্নাবলী।

অন্নবিকার, পু. বি. (অন্ন-বি-কৃ, করণ, ঘঞ) শুক্র; বিষ্ঠা; মল; অন্নের বিকার; অন্নের অন্যথাভাব।

অন্নব্রহ্ম, ক্লী. বি. (অন্ন-বৃহ, ঈশ্বর, মন) অন্নস্বরূপ ব্রহ্ম;

অন্নভিক্ষা, স্ত্রী. বি. (অন্ন-ভিক্ষ, যাচ্ঞা, ও) অন্নযাচ্ঞা; অন্নের প্রার্থনা; ভাত চাওয়া; ইতি বিশ্ব।

অন্নভোক্তা, পু. বি. (অন্ন-ভুজ, ভোগ, তৃন্) যাহার সহিত ভোজ্যান্নতা আছে; অন্ন ভোজন কর্ত্তা।

অন্নময়, ত্রি. বিণ. [অন্ন, ভাত, ময়ট] অন্নস্বরূপ; অন্ন দ্বারা বর্দ্ধিত; কেবল অন্ন; সকলি ভাত।

অন্নময়কোষ, পু. বি. (অন্নময়-কুষ, বোষ, অল) স্থূলশরীর; ভৌতিক দেহ; মায়িক দেহ; ইতিমেদিনী।

অন্নমল, ক্লী. বি. (অন্ন-মল, মলা, অল) অন্নের মলা; মদ্য; মদিরা; সুরা; পৈষ্টী; ইতি প্রায়শ্চিত্তবিবেক।

অন্নরস, ক্লী. বি. (অন্ন-রস, সার, অল) অন্নের সারভাগ; ভাতের মণ্ড; ভাতের মাড়; ইতি মেদিনী। অন্নদ্বারা উদরের মধ্যে যে রস জন্মে; ইতি কেচিৎ।

অন্নসংস্থান, ক্লী. বি. (অন্ন-সং স্থা, স্থিতি, অনট) সঙ্গতি; সম্বল; উপজীব্য; সঞ্চিত; ধন জড় করা।

অন্নক্ষেত্র, ক্লী. বি. (অন্ন-ক্ষেত্র, আধিক্য, অল) প্রচুরান্ন; বহুজনের ভোজনোপযুক্ত ভাত; চতুর্দ্দিকে অন্ন।

অন্নাদ, পু. বি. (অন্ন-অদ, ভক্ষণ, অল) বিষ্ণু; (ত্রি. বিণ.) খাদক; ভোক্তা; অন্নাহারী; ভাত ভক্ষক;

অন্নাভাব, পু. বি. (অন্ন+অভাব। অন্ন-অ-ভূ, সত্তা, ঘঞ) অন্নের অসংস্থান; ভাত না থাকা; অন্নের অভাব; যথা—এক্ষণে মানবদিগের ক্রিয়াকলাপ উচ্ছিন্ন হওয়াতে আমাদিগের অন্নাভাব হইয়াছে। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৮৯ পৃষ্ঠা।

দুর্ভিক্ষ; ইতিঅমরকোষ। (বিণ.) যাহারকিছুনাই।

অন্নার্থী, পু. বিণ. (অন্ন-অর্থ, যাচ্ঞা, ইন্) বুভুক্ষু; ভোজনার্থী; অন্ন যাচ্ঞাকারী; ভাত যাচক;

অন্নাহারী, পু. বিণ. (অন্ন-আ-হৃ, আহার, ণিন্) অন্নভোক্তা; অন্নভক্ষক; ভাতখাদক; ইতি হেমচন্দ্র।

অন্য, ত্রি. বিণ. (অন, ভিন্নতা, য) বিভিন্ন; অপর; অসদৃশ; পর; অন্যতর; এক; ইতর; ইতি অমরকোষ। যথা—সকলেই অন্য অপেক্ষা আপনারে সমধিক বুদ্ধিমান জ্ঞান করিয়া ইতিমহাভারত সৌপ্তিকপর্ব্ব ৫পৃষ্ঠা।

অন্যকৃত, ত্রি. বিণ. (অন্য-কৃ, করণ, ক্ত) অন্য দ্বারা করা; যাহা অন্যে করিয়াছে; যথা—রাজ সন্নিধানে অবস্থান করিলে অন্যকৃত নিন্দা নিবন্ধন বিলক্ষণ কষ্ট ভোগকরিতে হয়। ইতিমহাভারত শান্তিপর্ব্ব ১৭২পৃষ্ঠা।

অন্যগামী, ত্রি. বিণ. (অন্য গম, গমন, ণিন্) ব্যভিচারী; পারদারিক; যে অন্যে গমন করে।

অন্যৎ, (ব্য.) ইতর; ভিন্ন; অন্য; ইতি মেদিনী।

অন্যতঃ ব্য. [অন্য, ভিন্নতা, তস্] অন্যত্র; অন্যস্মাৎ; অন্য হইতে; ভিন্ন স্থানে; পৃথক স্থানে।

অন্যতম, ত্রি. বিণ. [অন্য, ভিন্ন, তম] ভিন্নতম; যথা— বোধ হয় সেই অভীষ্টসিদ্ধি লাভ ও উহার তপশ্চর্য্যার অন্যতম উদ্দেশ্য ছিল, ইতি রোমাবতী ১৪৪ পৃষ্ঠা। বহুরমধ্যে একের নির্দ্ধারণ; অনেকের মধ্যে এক; ইতি মেদিনী। অনেক ভেদাবচ্ছিন্ন প্রতিযোগিতাক ভেদ।

অন্যতর, ত্রি. বিণ. [অন্য, ভিন্নতা, তর] অন্য; ভিন্ন; পৃথক; ইতি অমরকোষ। ভিন্নতর; দুয়ের মধ্যে একের নির্দ্ধারণ; দুয়ের মধ্যে এক; ইতি ব্যাকরণ। যথা—বেদজ্ঞ ব্রাহ্মণকে সর্ব্বস্ব বা জীবন যাপনোপযোগী ধন অথবা পরিচ্ছদ সমবেত গৃহ প্রদান এবং গো ও ব্রাহ্মণের রক্ষা সম্পাদন এই সকলের অন্যতর কার্য্যের অনুষ্ঠান করিলেও ব্রহ্মহত্যা জনিত পাপ

হইতে মুক্তিলাভ হইতে পারে। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৪ পৃষ্ঠা।

দ্বয়াবচ্ছিন্ন প্রতিযোগিতাকভেদ; ইতি ন্যায়।

অন্যতরেদ্যুঃ, ব্য. (অন্যতর-ইদি, দিবস, উস্) অন্যতর দিনে; দুই দিনের মধ্যে কোন এক দিন।

অন্যত্র, ব্য. [অন্য, ভিন্নতা, ত্র] বর্জ্জন; বিনা; অপর বিষয়ে; তদ্ভিন্ন; তদ্ব্যতিরেকে; ইতিবিশ্ব। ভিন্নস্থানে; যথা—সে কদাপি মহর্ষিরে পরিত্যাগ পূর্ব্বক অন্যত্র গমন করিত না ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৭৯ পৃষ্ঠা।

অন্যথা, ব্য. [অন্য, প্রকার, থাচ্] পরার্থ; মিথ্যা; ইতি মেদিনী। দুষ্ট; বিপরীত; বিরুদ্ধ; নতুবা; অসত্য; প্রতিকূল; বিপর্য্যয়; অন্যপ্রকার; ইতিবিশ্ব। যথা—এবং আপনি যে বৃত্তি বিধান করিয়া দিবেন কদাচ তাহার অন্যথা করিতে পারিবেন না। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৭২ পৃষ্ঠা।

অন্যথাকৃত, ত্রি. বিণ. (অন্যথা-কৃ, করণ, ক্ত) পরিবর্ত্তন; খণ্ডন; বদল করা; যাহা অন্যথা করিয়াছে। স্থিরীকৃত বিষয়ের বিপরীত করা; প্রকান্তর করা।

অন্যথাচরণ, ক্লী. বি. (অন্যথা-আ-চর, ব্যবহার, অনট) বিপরীত ব্যবহার; বিপর্য্যয়করণ; বিরুদ্ধাচরণ; যথা—যে রাজা ইহার অন্যথাচরণ করেন, তাঁহারে পাপ ভোগকরিতে হয়। ইতিমহাভারত শান্তিপর্ব্ব৫০ পৃষ্ঠা।

অন্যথাভূত, ত্রি. বিণ. (অন্যথা-ভূ, সত্তা, ক্ত) ভিন্ন রকম; অন্যপ্রকার; যথা—তাদৃশ গুণের অন্যথাভূত হইলে তাহার রাজ্য করভ্রষ্ট-উপলখণ্ডের ন্যায় অবাধ্য ইতি প্রিয়দর্শন ৯ পৃষ্ঠা।

অন্যথাসিদ্ধি, স্ত্রী. বি. (অন্যথা-সিধ, সিদ্ধি, ক্তি) কার্য্যাব্যবহিতপূর্ব্ববর্ত্তিত্বে সতি কার্য্যানুৎপাদকত্ব; হেতুরদোষ; হেত্বাভাসবিশেষ; অভাবনীয়কর্ম্মের উৎপত্তি।

অন্যদা, ব্য. (অন্য-দা, দান, ক্বিপ্) কালান্তরে; অন্যসময়ে; সময়ান্তরে; ভিন্ন সময়; পৃথক কালে।

অন্যদীয়, ত্রি. বিণ. (অন্য-দা, দান, ঈয়) অন্যের দাতব্য; অন্যে যাহা দিয়াছে; যথা—যেব্যক্তি অন্যদীয়বস্তু গ্রহণ করিয়া তাহাকেই পুনঃ প্রদানে কাতর হয়, ইতিনৈষধ চরিত ১০৯ পৃষ্ঠা।

অন্যদেশনিবাসী, ত্রি. বিণ. (অন্যদেশ-নি-বস, বাস, ণিন্) ভিন্নদেশবাসী; দেশান্তরস্থায়ী; যাহার ভিন্ন দেশে বাসস্থান; যাহার ভিন্নদেশে বসতি।

অন্যদেশী, ত্রি. বিণ. (অন্য-দিশ, দেশ, ণিন্) ভিন্নদেশী; স্থানান্তর নিবাসী; যাহার দেশান্তরে বাস।

অন্যধর্ম্মাক্রান্ত, ত্রি. বিণ. (অন্যধর্ম্ম-আ-ক্রম, নিয়ম, ক্ত) ভিন্নধর্ম্মাক্রান্ত; যাহাকে ভিন্নধর্ম্মে আক্রমণ করিয়াছে; ধর্ম্মান্তরাবলম্বী; পৃথক ধর্ম্ম অবলম্বনকারী।

অন্যপথ, পু. বি. (অন্য-পথ, পন্থা, অল) ভিন্নপথ; মার্গান্তর; ভিন্নবর্ত্ম; পৃথক রাস্তা; ইতিমেদিনী।

অন্যপুষ্ট, পু. স্ত্রী. বি. (অন্য-পুষ, পোষণ, ক্ত) কোকিল; পরভৃত; পরপুষ্ট; পিক; ইতিঅমরকোষ।

অন্যপূর্ব্বা, স্ত্রী. বি. [অন্য-পূর্ব্ব, পরপূর্ব্ব, আ] পরপূর্ব্বা; যে কন্যার বিবাহ সম্বন্ধের পর পতিমরণে পুনর্ব্বার অন্যের সহিত বিবাহ হয়; পৌনর্ভবা কন্যা; বাগ্দানের পর অন্য পাত্রে বিবাহিতা কন্যা।

অন্যপ্রকার, পু. বি. (অন্য-প্র-কৃ, করণ, ঘঞ) ভিন্নপ্রকার; প্রকারান্তর; ভিন্নরূপ; অন্যবিধ।

অন্যবচন, ক্লী. বি. (অন্য-বচ, বাক্য, অনট) ভিন্ন বাক্য; বচনান্তর; বাক্যান্তর; ভিন্নকথা; অন্যবাক্য।

অন্যবর্দ্ধিত, ত্রি. বিণ. (অন্য-বৃধ, বর্দ্ধন, ক্ত) অন্য দ্বারা পালিত; ভিন্ন ব্যক্তি প্রতিপালিত; অন্যপুষ্ট; পরৈধিত; ইতি জটাধর। যে অন্য দ্বারা বাড়ে।

অন্যবাদী, ত্রি. বিণ. (অন্য-বদ, বাক্য, ণিন্) অস্থিরবাদী; অন্যপ্রকার কথনশীল; ইতরবাদী; অন্যথাবাদী; যে ভিন্ন প্রকার বাক্য বলে; ইতি ধরণী।

অন্যবিধা, স্ত্রী. বি. [অন্য-বি, ভিন্নতা, ধাচ্] অন্য প্রকার; ভিন্নপ্রকার; যথা—কখনই তিনি আমাকে অন্যবিধা অনুমান করিতে পারিবেন না। ইতিরোমাবতী ১০৪ পৃষ্ঠা।

অন্যভাষা, স্ত্রী. বি. (অন্য-ভাষ, কথন, অ আ) ভিন্নভাষা; অন্যপ্রকার ভাষা; ভাষান্তর; ভিন্নকথা।

অন্যভৃৎ, পু. বি. (অন্য-ভৃ, ভরণ, ক্বিপ্) কাক; বায়স; কাগ; বলিপুষ্ট; ইতি হেমচন্দ্র। পক্ষিবিশেষ।

অন্যভৃত, পু. স্ত্রী. বি. (অন্য ভৃত, ভরণ, অস্) কোকিল; পরভৃত; অন্যপুষ্ট; ইতি হলায়ুধ।

অন্যমত, পু. বি. (অন্য-মন, ইচ্ছা, ক্ত) ভিন্নমত; পৃথক অভিপ্রায়; ইচ্ছান্তর; মতান্তর; ইতি বিশ্ব। যথা—জনক আমার, ইথে যেন আর, না করেন অন্যমত। ইতি কুমারসম্ভব ৬১ পৃষ্ঠা।

অন্যমতি, স্ত্রী. বিণ. (অন্য মন, ইচ্ছা, ক্তি) ভিন্নবুদ্ধি;

পৃথক বুদ্ধি; পৃথক ইচ্ছা; মতান্তর; অপর মতি।

অন্যমনস্ক, ত্রি. বিণ. [অন্য-মনস্, ইচ্ছা, ক] ভিন্নচিত্ত; অন্যমনা; যাহার উৎকণ্ঠিত মন; অন্যচিত্ত; যথা—তিনিও এরূপ অন্যমনস্ক হইয়া আমার মুখপানে চাহিয়াছিলেন। ইতি কাদম্বরী ৫১ পৃষ্ঠা।

অন্যমনস্কতা, স্ত্রী. বি. [অন্য-মনস্ক, মন, তা] অন্যচিত্ত হওয়া, অন্য দিকে মন দেওন; ভিন্নচিত্ততা; যথা—অতএব রাজতনয় অন্যমনস্কতা দ্বারা বয়স্যের সময় ক্ষেপ মানসে ইতি সেক্সপিয়র ১০১ পৃষ্ঠা।

অন্যমনাঃ, ত্রি. বিণ. [অন্য-মনস্, ইচ্ছা, প্রথমাবিভক্তি] অন্যমনস্ক; অন্যচিত্ত; ভিন্ন অভিপ্রায়।

অন্যরীতি, স্ত্রী. বি. (অন্য-রী, চরিত্র, ক্তি) ভিন্ন চরিত্র; অন্যব্যবহার; ভিন্ন স্বভাব; ধারান্তর।

অন্যাদৃক্, ক্রিবিণ. (অন্যৎ-দৃশ, দর্শন, ক্বিপ্) অন্য প্রকার; ভিন্নরূপ; ভিন্ন রকম; প্রকারান্তর।

অন্যাদৃশ, ক্রিবিণ. (অন্যৎ-দৃশ, দর্শন, টক্) ভিন্নরূপ; অন্যপ্রকার; ভিন্ন রকম; ইতি শব্দরত্নাবলী।

অন্যাধীন, ত্রি. বিণ. [অন্য-অধীন, বশীভুত, চ্বি] পরাধীন; পরের বশীভুত; অন্যের বশতাপন্ন।

অন্যান্য, ত্রি. বিণ. [অন্য-অন্য, অপর, চ্বি] অপরাপর; ভিন্নভিন্ন; পৃথক্‌পৃথক্; আরআর; যথা—সহস্র ধেনু পাত্রসাৎ করিতে পারিলে ব্রহ্মহত্যা ও অন্যান্য গুরুতর পাপ হইতে মুক্তিলাভ করা যায়। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৫ পৃষ্ঠা।

অন্যায়, পু. বি. (অ-ন্যায়, যথার্থ, অল) ন্যায়বহির্ভুত; অনুচিত; ন্যায়ভিন্ন; অযুক্তি; অপরামর্শ; যথা—আমাদিগের মধ্যে অন্যায় অত্যাচার উপস্থিত হইলে ইতি বুদ্ধিমালা ৯ পৃষ্ঠা।

অন্যায়তঃ, ক্রিবিণ. [অন্যায়, অযুক্তি, তস্] অযুক্তি বশতঃ; অন্যায় পূর্ব্বক; যথা—আপনার প্রতিনিধি হইতে অন্যায়তঃ আমার সতীত্ব ও সহোদরের প্রাণ বিনাশ হইয়াছে। ইতি সেক্সপিয়র ২৯৬ পৃষ্ঠা।

অন্যায়ী, ত্রি. বিণ. (অ ন্যায়, যথার্থ, ণিন্) অন্যায়কারী; অযথাকার্য্যকারক; অপরামর্শী; অত্যাচারী; যথা—এক প্রদেশের জনেক অন্যায়ী দুরাত্মা ইতি সেক্সপিয়র ৪৭৬ পৃষ্ঠা।

অন্যায্য, ত্রি. বিণ. (অ-ন্যায়, যথার্থ, য) অনুচিত; অযোগ্য; যাহা পরামর্শসিদ্ধ নহে; যুক্তির বহির্ভুত; যথা—কোন কর্ম্ম যত অন্যায্য ও নিষ্ঠুর হউক না কেন. ইতি টেলিমেকস ৯০ পৃষ্ঠা।

অন্যার্থ, পু. বি. (অন্য-অর্থ, প্রয়োজন, [অল) ভিন্ন অর্থ; অন্য ধন; প্রয়োজনান্তর; পৃথক্ অর্থ।

অন্যাশা, স্ত্রী. বি. (অন্য-আশ, আশা, ও-আ) ভিন্ন আশা; আশান্তর; পৃথক আশা; ভিন্ন আকাঙ্ক্ষা; অন্যতৃষ্ণা; প্রকারান্তরেচ্ছা; পৃথগভিলাষ।

অন্যাশ্রয়, পু. বি. (অন্য-আ-শ্রি, আশ্রয়, অল) ভিন্নাশ্রয়; পৃথক আশ্রয়; ভিন্ন অবলম্বন; আশ্রয়ান্তর।

অন্যাশ্রিত, ত্রি. বিণ. (অন্য-আ-শ্রি, আশ্রয়, ক্ত) ভিন্নাশ্রিত; যাহার ভিন্ন আশ্রয়; পৃথক অবলম্বন।

অন্যূন, ত্রি. বিণ. (অ-ন্যূন, অল্পতা, ক) ন্যূনতারহিত; সম্পূর্ণ; ইতি জটাধর; সমগ্র; ন্যূন নয়।

অন্যেদ্যুঃ, ব্য. (অন্য-ইদি, দিন, উস্) অন্যস্মিন্নহনি; দিবসান্তরে; অন্যদিনে; ইতি অমরকোষ। পরদিনে; অপরদিবসে; ভিন্ন সময়ে; অন্য কালে; ইতি বিশ্ব।

অন্যোদর্য্য, পু. স্ত্রী. বি. (অন্য-উদর, গর্ভ, য) বৈমাত্রেয়; বিমাতার গর্ভজাত ভ্রাতা; বিমাতৃজ।

অন্যোন্য, ত্রি. বিণ. (অন্য-উন, উভয়, য) উভয়তঃ; ইতরেতর; ইতি হেমচন্দ্র। পার্শ্বদ্বয়; পরস্পর; যথা—তাঁহাদের অন্যোন্যে অবয়ব সৌসাদৃশ্যে বৈলক্ষণ্য হয় নাই। ইতি সেক্সপিয়র ১০ পৃষ্ঠা।

অন্যোন্যাশ্রয়, ত্রি. বিণ. (অন্যোন্য-আ-শ্রি, আশ্রয়, অল) পরস্পর জ্ঞান সাপেক্ষ জ্ঞানের আশ্রয়।

অন্যোপদেশ, ক্লী. বি. (অন্য-উপ-দিশ, উপদেশ, অল) ভিন্নোপদেশ; উপদেশান্তর; পৃথক শিক্ষা।

অন্বক্, ত্রি. বিণ. (অনু-অচ, গমন, ক্বিপ্) পশ্চাদ্গামী; ইতি অমরকোষ। (ব্য.) অনুপদ; পশ্চাৎ।

অন্বঞ্চ, ত্রি. বিণ. (অনু-অন্চ, পশ্চাদ্গমন, অল) পশ্চাদ্গামী; অনুবর্ত্তী; পশ্চাৎ; সঙ্গে যাওয়া।

অন্ববায়, পু. বি. (অনু-অব-অয়, গমন, অল) বংশ; কুল; গোত্র; ইতি অমরকোষ। আদিপুরুষ।

অন্বয়, পু. বি. (অনু-অয়, গমন, অল) বংশ; কুল; ইতি অমরকোষ। পদ সমূহের পরস্পর আকাঙ্ক্ষা যোগ্যতা; ইতি দুর্গাদাস। আদিপুরুষ; ধারা; পরস্পর সম্বন্ধবাক্য; পদের শ্রেণী বিন্যাস; সম্বন্ধ; সম্পর্ক।

অন্বয়ী, ত্রি. বিণ. (অনু-অয়, গমন, ণিন্) সম্বন্ধবিশিষ্ট; সম্পর্কী; কুলীন; বংশবিশিষ্ট।

অন্বর্থ, ত্রি. বিণ. (অনু-অর্থ, যাথার্থ্য, অল) যথার্থ অর্থযুক্ত; পশ্চাৎ অর্থবিশিষ্ট; ইতি জটাধর।

অন্বষ্টকা, স্ত্রী. বি. [অনু অষ্টক, তিথি বিশেষ, আ] অষ্টকার পরতিথি; অষ্টকার পশ্চাৎ তিথি।

অন্বহ, ক্লী. বি. [অনু-অহন, দিবা, চ্বি] নিত্য; প্রত্যহ; প্রতিদিন; অহরহ; রোজ রোজ; ইতি হেমচন্দ্র।

অন্বক্ষ, ত্রি. বিণ. (অনু-অক্ষ, গমন, অল) পশ্চাদ্‌গামী; অনুবর্ত্তী; পশ্চাৎ; ইতি অমর কোষ।

অন্বাচয়, পু. বি. (অনু-আ-চি, গমন, অল) আনুষঙ্গিকতা; যোগকরণ; তপস্যা; সংযোগকারী।

অন্বাধি, পু. বি. [অনু-আধি, বন্ধক করণ, চ্বি] একবারবন্ধক দিয়া পুনর্ব্বার বন্ধককরণ; ইতি অমরকোষ।

অন্বাধেয়, ক্লী. বি. (অনু-আ ধে, ধন বিশেষ, য) স্ত্রীধন বিশেষ; বিবাহানন্তর ভর্ত্তৃকুল, পিতৃকুল, বা মাতৃকুল হইতে লব্ধ স্ত্রীধন; যে ধনে স্বামির সত্ত্ব নাই।

অন্বাসন, ক্লী. বি. (অনু-আস, স্নেহ, অনট) স্নেহ বস্তি; অনুশোচন; উপাসনা; ইতি বিশ্ব মেদিনী। শিল্পাদিগৃহ; ইতি হলায়ুধ। পশ্চাৎ আসন।

অন্বাহার্য্য, ক্লী. বি. (অনু-আ-হৃ, হরণ, ঘ্যণ) মাসিক শ্রাদ্ধ; ইতি অমরকোষ। প্রতি অমাবাস্যা বিহিত পার্ব্বণ শ্রাদ্ধ; অকৃত সপিণ্ডীকরণের বৎসরান্তে প্রতিমাসে যেশ্রাদ্ধ হয়; ইতিকেচিৎ। পশ্চাৎ হরণেরযোগ্য।

অন্বাহিত, পু. বিণ. (অনু-আ-হা, ত্যাগ, ক্ত) পুনর্গচ্ছিত; এক জনের নিকট হইতে অন্যত্র গচ্ছিত; পুনর্ব্বার বন্ধকীকৃত; গচ্ছিত দ্রব্য তাহার স্বামিকে দিতে অন্য হস্তে অর্পণ করা; ইতি অমরকোষ।

অন্বিত, ত্রি. বিণ. (অনু-ই, গমন, ক্ত) যুক্ত; মিলিত; অন্বয় করা পদাদি; সহিত; অনুগত; একত্রিত।

অন্বিষ্ট, ত্রি. বিণ. (অনু ইষ, বাঞ্ছা, ক্ত) অন্বেষিত; কৃতান্বেষণ; যাহা অন্বেষণ করা যায়; আকাঙ্ক্ষিত।

অন্বীত, ত্রি. বিণ. (অনু-ঈ, গমন, ক্ত) অন্বিত; যুক্ত; মিলিত; সহিত; অনুগত; একত্রিত; ইতি জটাধর।

অন্বীক্ষা, স্ত্রী. বি. (অনু-ঈক্ষ, অনুভব, ও-আ) অনুমান; উন্নয়ন; অনুভাব; মনোগত করা।

অন্বেষণ, ক্লী. স্ত্রী. বি. (অনু-ইষ, বাঞ্ছা, অনট) অন্বেষণা; ঢূঁড়ন; উটকন; তত্ত্ব করা; আকাঙ্ক্ষা; অনুসন্ধান; যথা—কোনস্থানে প্রস্থান করিয়াছেন, কিম্বা আমাকেই অন্বেষণ করিতেছেন ইতিকাদম্বরী ৫৫পৃষ্ঠা।

অন্বেষণা, স্ত্রী. বি. (অনু-ইষ, বাঞ্ছা, অন-আ) তর্কাদিতে উদ্ভাবিত ধর্ম্মাদি অন্বেষণ; অন্বেষণ; পরীক্ষা; পর্য্যেষণা; গবেষণা; ইতি অমর কোষ।

অন্বেষিত, ত্রি. বিণ. (অনু-ইষ, বাঞ্ছা, ক্ত) কৃতান্বেষণ; গবেষিত; অন্বিষ্ট; মার্গিত; মৃগিত; পর্য্যেষিত; অনুসন্ধিত; আকাঙ্ক্ষিত; যাহা অন্বেষণ করা।

অন্বেষী, ত্রি. বিণ. (অনু-ইষ, বাঞ্ছা, ণিন্) অনুসন্ধানকারী; অন্বেষণ কর্ত্তা; যে তত্ত্ব করে।

অন্বেষ্টা, ত্রি. বিণ. (অনু-ইষ, বাঞ্ছা, তৃন্) অন্বেষণ কর্ত্তা; আনুপদ্য; অনুসন্ধান কারী; অন্বেষক।

অপ, ব্য. (অপ, জল, ক্বিপ্) উপসর্গ বিশেষ; অনাদর; ভ্রংশ; অসাকল্য; বৈরূপ্য; ত্যাগ; নঞর্থ; অপকৃষ্টার্থ; বঞ্চনার্থ; বিয়োগ; বিপর্য্যয়; বিকৃতি; চৌর্য্য; নির্দ্দেশ; হর্ষ; ইতি মেদিনী। অধম; রহিত; বর্জ্জিত; বিরুদ্ধ; বিপরীত; কুৎসিত; (স্ত্রী. বি.) সলিল; বারি; জল; (ক্লী. বি.) যজ্ঞকর্ম্ম।

অপকরণ, ক্লী. বি. (অপ-কৃ, করণ, অনট) অনিষ্টকরণ; মন্দকরণ; কুৎসিত করণ; হানিকরণ।

অপকর্ম্ম, ক্লী. বি. (অপ-কৃ, করণ, মন্) কুকর্ম্ম; মন্দ কর্ম্ম; দুষ্ক্রিয়া; কুৎসিতকর্ম্ম; বিরুদ্ধ কর্ম্ম; যথা—তাদৃশ ব্যক্তিরা দুরাচারের ন্যায় সমুদায় অপকর্ম্ম করিয়া থাকে। ইতি টেলিমেকস ৭৪ পৃষ্ঠা।

অপকর্ষ, পু. বি. (অপ কৃষ, কর্ষণ, অল) অপকৃষ্টতা; জঘন্যতা; অপ্রধান; মুখ্যকালসত্ত্বে গৌণকালে কর্ম্মকরণ।

অপকর্ষণ, ক্লী. বি. (অপ কৃষ, কর্ষণ, অনট) কদর্য্যরূপে কর্ষণ; মন্দরূপে কর্ষণ;

অপকলঙ্ক, পু. বি. [অপ-কলঙ্ক, মিথ্যাপবাদ, চ্বি] দুর্নাম; মিথ্যাপবাদ; অখ্যাতি মাত্র।

অপকার, পু. বি. (অপ-কৃ, করণ, ঘঞ) দ্রোহ; অনুপকার; মন্দকরণ; ইতি হলায়ুধ। অনিষ্ট; হানি; যথা—তৃণগুল মাঝে বল কেবা বল ধরে। যে তোমার এ প্রকার অপকার করে॥ ইতি কুমারসম্ভব ২৩ পৃষ্ঠা।

অপকারক, ত্রি. বিণ. (অপ-কৃ, করণ, ণক) মন্দকারক; অনিষ্টকারী; যে অপকার করে।

অপকারগীঃ, স্ত্রী. বি. [অপকার-গীর, বাক্য, চ্বি] অপকারবাক্য; ভর্ৎসন; তিরস্কারবাক্য; ইতিঅমরকোষ।

অপকারী, ত্রি. বিণ. (অপ-কৃ, করণ, ণিন্) দ্রোহক; অপকারক; যে ব্যক্তি হানি করে; মন্দ কারক;

যথা—কিঞ্চিৎ অপকারী হইলে কিছু কিছু ক্লেশানুভব হয়, ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার ১০৫ পৃষ্ঠা।

অপকার্য্য, স্ত্রী. বি. (অপ-কৃ, করণ, ঘ্যণ) মন্দকর্ম্ম; গর্হিত ক্রিয়া; কুৎসিত কার্য্য; ঘৃণিত ক্রিয়া।

অপকীর্ত্তি, স্ত্রী. বি. (অপ-কৄ, করণ, ক্তি) অপযশ; দুর্নাম; অকীর্ত্তি; কুকার্য্যের খ্যাতি।

অপকৃত, ত্রি. বিণ. (অপ-কৃ, করণ, ক্ত) যার অপকার করা হয়; কুৎসিত কার্য্য করা; অপকার প্রাপ্ত; যথা—এইরূপে সেই মহর্ষি কর্ত্তৃক অপকৃত হইয়া, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১২৭ পৃষ্ঠা।

অপকৃষ্ট, ত্রি. বিণ. (অপ-কৃষ, কর্ষণ, ক্ত) জঘন্য; যথা—অতএব অপকৃষ্ট বস্ত্র অঙ্গে থাকিলে হানি কি? ইতি সেক্সপিয়র ১২৯ পৃষ্ঠা।

অধম; নিকৃষ্ট; অপনীত; কাণ্ড; কুৎসিত; প্রতিকৃষ্ট; যাপ্য; রেফ; ধ্রুব; খেট; পাপ; অপশব্দ; অর্ব্বাচ; ইতি হেমচন্দ্র।

অপক্রম, পু. বি. (অপ ক্রম, পাদবিক্ষেপ, অল) পলায়ন; ক্রমবিপর্য্যয়; প্রস্থান; ইতি অমরকোষ।

অপক্রিয়া, স্ত্রী. বি. (অপ-কৃ, করণ, ক্যপ-আ) দ্রোহ; অপকার; হানি; কুকর্ম্ম; ঘৃণাজনক কার্য্য।

অপক্রোশ, পু. বি. (অপ-ক্রুশ, ক্রোশ, অল) নিন্দন; জুগুপ্সন; ভৎর্সন; ইতি শব্দরত্নাবলী।

অপক্ক, ত্রি. বিণ. (অ-পক্ক, পাকা, অল) পক্ক ভিন্ন; আম; অসিদ্ধ; অশৃত; কাঁচা; যথা—স্বয়ং আমার এই অপক্ক বস্তু গ্রহণ পূর্ব্বক পাক করিয়া লউন, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১২০ পৃষ্ঠা।

অপক্কাশী, ত্রি. বিণ. (অপক্ক-অশ, ভোজন, ণিন্) অপক্কভোজী; কাঁচা খাদক; অসিদ্ধ ভোজনকর্ত্তা।

অপগত, ত্রি. বিণ. (অপ-গম, গমন, ক্ত) মৃত; গত; ইতি হেমচন্দ্র। প্রস্থিত; পলায়িত; দূরীভূত; যথা—সেই ভ্রান্তা অবলার ভ্রম কোন ক্রমে অপগত হইল না, ইতি সেক্সপিয়র ১৩ পৃষ্ঠা।

অপগম, পু. বি. (অপ-গম, গমন, অল) নির্গম; প্রস্থান; পলায়ন; নাশ; নাবলিয়া যাওয়া।

অপগা, স্ত্রী. বি. অপ-গম, গমন, ড-আ) আপগা; নদী; স্রোতস্বতী; ইতি অমরকোষটীকা।

অপঘন, পু. বি. (অপ-ঘন, আকার, অল) অবয়ব; অঙ্গ; প্রত্যঙ্গ; আকার; ইতি অমরকোষ।

অপঘাত, পু. বি. (অপ-হন, বধ, ঘঞ) অপহনন; রোগ ব্যতিরেকে অন্য কোন আকস্মিক কারণে মৃত্যু; হত্যা; অস্বাভাবিক কারণে নাশ; অপঘাত।

অপঘাতী, ত্রি. বিণ. (অপ-হন, বধ, ণিন্) খুনী; হন্তা; ঘাতক; অপহননকর্ত্তা; যে অকারণে মারে।

অপচয়, পু. বি. (অপ-চি, চয়ন, অল) ক্ষতি; হানি; অপহার; ইতি অমরকোষ। অপকার; মন্দ করা; যথা—সেই সকল আহারীয়াহরণাসমর্থ প্রাণ সম শাবকচয়ের অপচয় তো নিশ্চয় হইল, ইতি নৈষধচরিত ৪৫ পৃষ্ঠা।

অপচয়ী, ত্রি. বি. (অপ-চি, চয়ন, ঈ) ক্ষতিকারক; মন্দকারী; অনিষ্টকারক; যে ব্যক্তি হানি করে।

অপচায়িত, ত্রি. বিণ. (অপ-চি, চয়ন, ণিচ ক্ত) পূজিত; সম্বর্দ্ধিত; বন্দিত; ইতি অমরকোষ।

অপচার, পু. বি. (অপ-চর, আচরণ, ঘঞ) অহিতাচরণ; যে বর্ণের যে ধর্ম্ম তাহার ব্যতিক্রম; অত্যাচার; অপাক; অজীর্ণরোগ; উদরের পীড়া; ইতি বিশ্ব।

অপচিত, ত্রি. বিণ. (অপ-চি, চয়ন, ক্ত) পূজিত; অপচয় বিশিষ্ট; ব্যয়িত; ম্লানীভূত; ইতিঅমরকোষ।

অপচিতি, স্ত্রী. বি. (অপ-চি, চয়ন, ক্তি) হানি; ব্যয়; পূজা; নিষ্কৃতি; ইতি মেদিনী। আরাধনা।

অপচ্ছায়, ত্রি. বিণ. (অপ-ছায়, প্রভাহীন, ঙ) নিষ্প্রভ; দেব; উপদেব; ভূতপ্রেতাদি; উপদেবতা; যথা—যদিও সেই অপচ্ছায় এপর্য্যন্ত কাহারও কথায় প্রত্যুক্তি করে নাই, ইতি সেক্সপিয়র ৬৪৮ পৃষ্ঠা।

অপঞ্চীকৃত, স্ত্রী. বি. (অপঞ্চী-কৃ, করণ, ক্ত) সূক্ষ্মভূত; পঞ্চীকৃত ভিন্ন আকাশাদিপঞ্চভূত; ইতিবেদান্ত।

অপজয়, পু. বি. (অপ জি, জয়, অল) পরাজয়; পরাভব; অভিভব; হারণ; ইতি অমরকোষ।

অপটান্তর, ত্রি. বিণ. [অপট-অন্তর, চ্রি] অপদান্তর; অব্যবহিত; যাহারব্যবধাননাই; ইতিঅমরকোষটীকা।

অপটী, স্ত্রী. বি. [অপট, বস্ত্রবিশেষ, ঈ] বস্ত্রপ্রাবরণ; বস্ত্রের আবরণ; পর্দ্দা; কানাৎ; বস্ত্রের আচ্ছাদন।

অপটু, ত্রি. বিণ. [অ-পটু, ক্ষমতা, চ্রি] অক্ষম; অসুস্থ; রোগী; ব্যাজিত; ইতি অমরকোষ। কার্য্যাক্ষম; পটুতারহিত; অনিপুণ; অকুশল; অপারক; যথা—অপটু রাজা প্রজারক্ষা করিতে কিছুতেই সমর্থ

হন না, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৪৩ পৃষ্ঠা।

অপঠন, ক্লী. বি. (অ-পঠ, পাঠ, অনট) অধ্যয়নাভাব; পাঠ করণ নহে; অপড়ন; পড়া নয়; ইতিবিশ্ব।

অপঠিত; ত্রি. বিণ. (অ-পঠ, পাঠ, ক্ত) অনধীত; অকৃতপাঠ; অবাচিত; অনুচ্চারিত; পড়া হয় নাই।

অপণ্ড, ত্রি. বিণ. (অ-পণ্ড, নিরর্থক, অল) নিরর্থক নহে; অনপুংসক; অক্লীব; নিষ্ফলনয়; ইতিমেদিনী।

অপণ্ডিত, ত্রি. বিণ. (অ-পণ্ড, নিরর্থক, ক্ত) মূর্খ; অনভিজ্ঞ; মূঢ়; যে পণ্ডিত নয়; নির্ব্বোধ; অবিজ্ঞ।

অপতন, ক্লী. বি. (অ-পত, পতন, অনট) অপাত; পতিত হওন নহে; অপড়ন; পড়া নয়; ইতিঅমরকোষ।

অপতিত, ত্রি. বিণ. (অ-পত, পতন, ক্ত) অপরাভূত; ভ্রষ্ট নহে; অত্যাজ্য; অব্যবহার্য্য নয়; অপড়া।

অপতিব্রতা, স্ত্রী. বিণ. [অ-পতিব্রত, পতিতে অনুরক্ত, অ.] যে স্ত্রী স্বাম্যনুরক্তা নয়; অসাধ্বী; অসতী।

অপতর্পণ, ক্লী. বি. (অপ-তৃপ, তর্পণ, অনট) লঙ্ঘন; রোগাদিতে ভোজনাভাব; উপবাস; ইতি হেম চন্দ্র।

অপত্য, ক্লী. বি. (অ-পত, পতন, য) পুত্র; সন্তান; কন্যা; সন্ততি; তোক; যদ্দ্বারা বংশ রক্ষা হয়।

অপত্যদা, স্ত্রী. বিণ. (অপত্য-দা, দান, আ) ভার্য্যা; গর্ব্ভদাত্রী বৃক্ষ; যে সন্তান দেয়। ইতি রাজ নির্ঘণ্ট।

অপত্যনির্ব্বিশেষ, ত্রি. বিণ. (অপত্য নি-বি-শিষ, অল) পুত্রের ন্যায়; সুতবৎ; পুত্রবিশেষ; যথা—ঐ মহাত্মা নিয়ত অপত্যনির্ব্বিশেষে প্রজাগণ প্রতিপালন করিতেন, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৪১ পৃষ্ঠা।

অপত্য পথ, পু. বি. (অপত্য-পথ, পন্থা, অল) ভগ; যোনি; গর্ব্ভস্থ সন্তান বহির্গমন দ্বার; ইতি হেমচন্দ্র।

অপত্য রহিত, ত্রি. বিণ. (অপত্য, রহ, বর্জন, ক্ত) অপত্য বর্জ্জিত; নিঃসন্তান; পুত্র হীন; আঁট কুড়া।

অপত্য শত্রু, পু. বি. (অপত্য-শত, জলজন্তু বিশেষ, রু) কর্কট; কাঁকড়া; কুলীর; ইতি শব্দ চন্দ্রিকা।

অপত্য শূন্য, ত্রি. বিণ. (অপত্য-শূন, অভাব, য) সন্তান হীন; যাহার পুত্র কন্যা নাই; সন্তান রহিত।

অপত্য স্নেহ, পু. বি. (অপত্য-স্নিহ, মোহ, অল) পুত্র কন্যার প্রতি বাৎসল্যভাব; সন্তান সন্ততির প্রতি স্বাভাবিক মায়া; যথা—তথাপি তাহাদিগের প্রতি আমার অপত্যস্নেহ নিতান্ত বলবান ছিল, ইতি মহাভারত শলাপর্ব্ব ৩ পৃষ্ঠা।

অপত্রপ, ত্রি. বিণ. (অপ ত্রপ, লজ্জা, অস্) ত্রপারহিত; নির্লজ্জ; লজ্জাবিহীন; যাহার লজ্জা নাই।

অপত্রপা, স্ত্রী. বি. (অপ-ত্রপ, লজ্জা, ঙ-আ) লজ্জা; ত্রপা; ব্রীড়া; ইতি রত্নকোষ। যথা—হর্ষ ও অপত্রপা তদীয় চিত্তমধ্যে ইতি সেক্সপিয়র ২১৭ পৃ।

অপত্রপিষ্ণু, ত্রি. বিণ. (অপ ত্রপ, লজ্জা, ইষ্ণু) স্বভাব সত্রপ; লজ্জাশীল; লাজুক; সলজ্জ; লজ্জাবিশিষ্ট।

অপথ, ক্লী. ব্য. বি. (অ-পথ, পন্থা, অল) অপন্থা; মার্গ নহে; ইতি অমর কোষ। কুপথ; মন্দ পথ; যথা—তুমি যে এইরূপ অপথে অর্থাৎ মদ্যাহনরূপ অসৎকার্য্যে, ইতি নৈষধচরিত ৮২ পৃষ্ঠা।

ঘৃণা জনক পথ; যোনি; ইতি শব্দরত্নাবলী।

অপথিন্, পু. বি. (অ-পথ, পন্থা, ইন্) পথ; মার্গ।

অপথ্য, ত্রি. বিণ. (অ-পথ, পন্থা, য) পথ্য ভিন্ন; অহিত; অনুপকার জনক খাদ্য; অহিত ভোজন।

অপথ্যাশী, ত্রি. বিণ. (অপথ্য-আশ, আশ, ইন্) কুপথ্যাভিলাষী; মন্দ দ্রব্য ভোজনেচ্ছুক; মন্দভক্ষক।

অপদ, ত্রি. বিণ. (অ-পদ, সম্ভ্রম, অল) পদ রহিত; পঙ্গু; কর্ম্মচ্যুত; যাহার পদ নাই; যথা—অচক্ষু সর্ব্বদা চান, অকর্ণ শুনিতে পান, অপদ সর্ব্বত্র গতাগতি। ইতি ভারতচন্দ্র ২৫ পৃষ্ঠা।

অপদস্থ, ত্রি. বিণ. (অপদ-স্থা, স্থিতি, ড) পদচ্যুত; যথা—কৌশলে বৈর নির্যাতন পুর্ব্বক বিপক্ষ ক্যাশিওকে অপদস্থ করিয়া, ইতি সেক্সপিয়র ৬১ পৃষ্ঠা।

অসম্ভ্রম; মানচ্যুত; যাহার কিছুমাত্র সম্ভ্রম নাই।

অপদান, ক্লী. বি. (অপ-দা, দান, অনট) অবদান; বৃত্তকর্ম্ম; কুৎসিতদান; উৎসর্গ; ইতিঅমরকোষটীকা।

অপদান্তর, ত্রি. বিণ. [অপদ-অন্তর, মধ্য, চ্রি] অব্যবহিত; সংযুক্ত; (ক্লী. বি.) অভিন্নপদ; পৃথকপদ নহে।

অপদার্থ, ত্রি. বিণ. (অ-পদ-অর্থ, যোগ্যতা, অল) অযোগ্য; অবস্তু; পদার্থ ভিন্ন; যাহা কোন কাযের নয়; যথা—তখন প্রগাঢ় ধীশক্তি সম্পন্ন লোকেরাও নিতান্ত অসার ও অপদার্থ হইয়া যান ইতি কাদম্বরী ৫৪ পৃষ্ঠা।

অপদিশ, ক্লী. ব্য. বি. (অপ-দিশ, দিক্‌বিশেষ, অল) দিকোণ; দিকের মধ্যভাগ; অগ্ন্যাদি কোণ।

অপদেবতা, স্ত্রী. বি. (অপ-দেব, দেবতা, তা) পিশাচাদি; দেবযোনি প্রভৃতি; ইতি মেদিনী।

অপদেশ, পু. বি. (অপ-দিশ, স্থান, অল) স্থান;

ছল ; চিহ্ন ; কারণ ; সুখ্যাতি ; ব্যবহার ; নিমিত্ত ; শরব্য ; স্বরূপাচ্ছাদন ; ব্যাজ ; লক্ষ্য ; ইতি অমর কোষ। কপট ; চাতুরী ; পরের অনিষ্টকর ভিন্ন শঠতা ; যথা—এই অপদেশে রাজত্বের কণ্টকোদ্ধার করিতে পারিব. ইতি সেক্সপিয়র ১৭৪ পৃষ্ঠা।

অপধ্বংস, পু. বি. (অপ-ধ্বন্স, বিনাশ, অল) বিনাশ ; খণ্ডন ; সংহার ; বিনষ্ট ; অদর্শন।

অপধ্বংসক, ত্রি. বিণ. (অপ-ধ্বন্স, বিনাশ, ণক) বিনাশক ; সংহারকর্ত্তা ; যে বিনষ্ট করে ; নাশকারী।

অপধ্বংসজ, পু. বি. (অপ ধ্বংস-জন, জন্মান, ড) বর্ণ সঙ্কর ; জাতি বিশেষ ; মিশ্রিতজাতি ; সঙ্কীর্ণবর্ণ।

অপধ্বস্ত, ত্রি. বিণ. (অপ-ধ্বন্স, বিনাশ, ক্ত) পরিত্যক্ত ; নিন্দিত ; চূর্ণীকৃত ; নিক্ষেপিত ; ইতিমেদিনী।

অপনয়, পু. বি. (অপ-নী, ত্যাগ, অল) দূরীকরণ ; পরিত্যাগ ; প্রমার্জন ; খণ্ডন ; অপহরণ ; অপকার।

অপনয়ন, ক্লী. বি. (অপ-নী, ত্যাগ, অনট) খণ্ডন ; দূরীকরণ ; পরিত্যাগ ; অপহরন ; অপকার ; যথা—শরীরৈকদেশে বিদ্যমান দংশনশীল কটু কীটগণকে অপনয়ন করিয়াছিল, ইতি নৈষধচরিত ৪৮ পৃষ্ঠা।

অপনীত, ত্রি. বিণ. (অপ-নী, ত্যাগ, ক্ত) খণ্ডিত ; পরিত্যক্ত ; অপসারিত ; অপহৃত ; ইতি মেদিনী। দূরীকৃত ; যথা—সকলেরই কর্ণবিনাশ জনিত দুঃখ অপনীত হইল। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১৪ পৃষ্ঠা।

অপনোদন, ক্লী. বি. (অপ নুদ, হর্ষক্ষয়, অনট) খণ্ডন ; দূরীকরণ ; পরিত্যাগ ; অপহরণ ; অপকার।

অপন্থা, পু. বি. [অ-পথিন, পথ, প্রথমা বিভক্তি] অপথ ; কুপথ ; কুৎসিত পথ ; ইতি অমরকোষ।

অপবন, ক্লী. বি. (অপ-বন, বাগান, অল) উপবন ; কৃত্রিম বন ; বাগান ; আরাম ; ইতি হেমচন্দ্র।

অপবরক, পু. বি. (অপ-বর, গৃহ বিশেষ, অক) অন্তর্গৃহ ; গর্ব্ভাগার ; বাসৌক ; শয়নাস্পদ ; ইতিহেমচন্দ্র।

অপবর্গ, পু. বি. (অপ, বর্গ, ত্যাগ, অল) মোক্ষ ; যথা—কি ধর্ম্মের অঙ্গ, কি অপবর্গ লাভের উপায়। ইতি কাদম্বরী ৫৪ পৃষ্ঠা। পরিত্যাগ ; কোন কর্ম্মের পরিণত ফল ; কর্ম্ম ফল ; ইতি বিশ্ব। ক্রিয়ান্ত ; কার্য্য সমাপ্তি ; ইতি জটাধর। পূর্ণতা ; ইতি ধরণী। জীবাত্মা পরমাত্মার ঐক্য ; সংসার বন্ধ মোচন ; নিষ্পত্তি ; সমাপ্তি ; শেষ ; ইতি জটাধর।

অপবর্জন, ক্লী. বি. (অপ-বর্জ, ত্যাগ অনট) দান ; মোক্ষ ; ত্যাগ ; ইতি মেদিনী। বিতরণ ; বিসর্জন ; পরিহার ; ছেদন ; অবজ্ঞা ; অনাদর ; ইতি ধরণী।

অপবর্ত্তন, ক্লী. বি. (অপ বৃত, বর্ত্তন, অনট) সংক্ষিপ্তকরণ ; কোন অঙ্ককে ক্ষুদ্র অঙ্ক দ্বারা বিভাগ করণ।

অপবর্ত্ত, ত্রি. বিণ. (অপ-বৃত, বর্ত্তন, য) সংক্ষেপকরণীয়।

অপবাদ, পু. বি. (অপ-বদ, বাক্য, ঘঞ) নিন্দা ; অপযশ ; নিয়ম ; আজ্ঞা ; বিশেষ বিধি ; আক্ষেপ ; নির্ব্বাদ ; পরীবাদ ; উপক্রোশ ; জুগুপ্সা ; কুৎসা ; গর্হন ; ইতি অমর কোষ। বিশ্বাস ; ইতি মেদিনী। বিশেষ ; বাধক ; অখ্যাতি ; কলঙ্ক ; দুর্নাম ; যথা—প্রজাগণ মিথ্যা অপবাদগ্রস্ত হইয়া ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৪২ পৃষ্ঠা।

অপবাদক, ত্রি. বিণ. (অপ-বদ, বাক্য, ণক) নিন্দক ; পরীবাদক ; আক্ষেপ কারী ; নিয়ম কর্ত্তা।

অপবাদিত, ত্রি. বিণ. (অপ-বদ, বাক্য, ক্ত) দুর্নামগ্রস্ত ; পরীবাদান্বিত ; কলঙ্কিত ; কুৎসিত ; যারঅপবাদআছে।

অপবারণ, ক্লী. বি. (অপ-বার, গমন, অনট) অন্তর্দ্ধান ; ব্যবধান ; ইতি অমর কোষ। আড়াল ; আড়।

অপবারিত, ত্রি. বিণ. (অপ-বার, গমন, ক্ত) অন্তর্হিত ; আচ্ছাদিত ; গোপিত ; ইতি মেদিনী।

অপবিত্র, ত্রি. বিণ. (অ-পূ, পবিত্র, ইত্র) পবিত্রতা রহিত ; যথা—যেমন উহা স্থানদোষে অপবিত্র হয়, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৮ পৃষ্ঠা। অশুদ্ধ ; যথা—অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপিবা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ। ইতি স্মৃতিঃ।

অপবিত্রতা, স্ত্রী. বি. (অ-পূ, পবিত্র, ইত্র-তা) অশুদ্ধতা ; অপ্রায়তা ; দুষ্টতা ; মন্দতা ; ইতিঅমরকোষ।

অপবিদ্ধ, ত্রি. বিণ. (অপ-বিধ, নিরাকরন, ক্ত) প্রত্যাখ্যাত ; নিরাকৃত ; ইতি হেমচন্দ্র। নিরস্ত ; পরিত্যক্ত ; ক্ষিপ্ত ; সম্প্রেষিত ; যাহা পরিত্যাগ করা হইয়াছে।

অপবিদ্ধপুত্র, পু. বি. (অপবিদ্ধ-পুৎ-ত্রৈ, রক্ষণ, ড) দ্বাদশ বিধ গৌণ পুত্র মধ্যে পুত্রবিশেষ ; ভরণ পোষণে অসমর্থ মাতা পিতা কর্ত্তৃক পরিত্যক্ত পরে অন্য দ্বারা গৃহীত কল্পিত পুত্র ইতি মনু।

অপব্যয়, পু. বি. (অপ-বি-অয়, গতি, অল) বৃথা-ব্যয় ; কুকর্ম্মে ধন ক্ষয় ; অসৎ কার্য্যে টাকা খরচ ;

যথা—কি প্রকারেই বা প্রজাপীড়ন করিয়া অপব্যয় সাধনের নিমিত্ত অর্থ সংগ্রহ করিবেন, ইতি টেলিমেকস ৫৪ পৃষ্ঠা।

অপব্যয়ী, ত্রি. বিণ. (অপ-বি-অয়, গতি, ইন্) নিরর্থক অর্থনাশক; যে কদাচার কার্য্যে ধন নষ্ট করে।

অপভাষা, স্ত্রী. বি. (অপ-ভাষ, কথন, ঙ-আ) অসাধু-বাক্য; কুকথা; ইতর কথা; মন্দ বাক্য।

অপভ্রংশ, পু. বি. (অপ-ভ্রন্স, কথন বিশেষ, অল) কুৎসিত বাক্য; গ্রাম্য ভাষা; অপ ভাষা, অপশব্দ; পতন; ইতি অমরকোষ। অশ্লীল কথা; মন্দকথা।

অপম, পু. বি. (অপ-মা, পরিমাণ, ড) ক্রান্তি; খ-গোলের মধ্যবর্ত্তি ঈষদ্বক্র গোলরেখা; ইতিজ্যোতিষ।

অপমর্শ, পু. বি. (অপ-মৃশ, মর্শন, অল) অপহরণ; চুরি; চৌর্য্য; অন্যের দ্রব্যাদি লওয়া; ইতিমেদিনী।

অপমর্ষ, পু. বি. (অপ-মৃষ, হরণ, অল) অপহরণ; চৌর্য্য; চুরী; পরাধিকার দ্রব্যাদি গ্রহণ।

অপমান, ক্লী. বি. (অপ মন, মর্য্যাদা, ঘঞ) অনাদর; অমর্য্যাদা; তিরস্কার; ইতি শব্দরত্নাবলী। যথা—পদে পদে দিবিষদে করে অপমান। ইতি কুমারসম্ভব ৫৮ পৃষ্ঠা।

অপমানিত, ত্রি. বিণ. (অপ-মন, মর্য্যাদা, ক্ত) অপমানপ্রাপ্ত; মানবিহীন; যেব্যক্তি মানচ্যুত হইয়াছে।

অপমাননা, স্ত্রী. বি. (অপ-মান, অপমান, অন-আ) অপমান; অবমান; যথা—ব্রাহ্মণগণ রাক্ষসকৃত অপমাননায় নিতান্ত ক্রোধাবিষ্ট হইয়া ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬২ পৃষ্ঠা।

অপমান্য, ত্রি. বিণ. (অপ-মন, মর্য্যাদা, য্যণ) অপমানজনক; সম্ভ্রমসূচক; অপমানের যোগ্য।

অপমিত্যক, ক্লী. বি. (অপ-মিত, দেনা, য ক) ঋণ; কর্জ্জ; দেনা; ইতি হলায়ুধ। ধার; অবশ্য দেয়।

অপমৃত্যু, পু. বি. (অপ মৃ, মরণ, ক্ত য-উস্) অপঘাতমরণ; রোগ বিনা মৃত্যু; অস্বাভাবিক কারণে মৃত্যু; উদ্বন্ধনাদি দ্বারা মৃত্যু; যথা—সঙ্গে সঙ্গে চিকিৎসা করিয়া অপমৃত্যু নিবারণ করিতে পারিবে ইতি সেক্সপিয়র ২৩৭ পৃষ্ঠা।

অপয়মন্ত, ত্রি. বিণ. [অ-পয়, ভাগ্য, মতু] দুর্ভাগ্য হতভাগ্য; অশুভক্ষণীয়; যাহার অদৃষ্ট মন্দ।

অপযশঃ, ক্লী. বি. (অপ-যশ, খ্যাতি, অস্) অখ্যাতি; কুযশ; দুর্নাম; কলঙ্ক; নিন্দা; যথা—তাঁহার মানের ত্রুটি ও প্রকাশ্যরূপে অপযশঃ ঘোষণা হয় না। ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৬৭ পৃষ্ঠা।

অপযান, ক্লী. বি. (অপ-যা, গতি, অনট) পলায়ন; প্রস্থান; অপগমন; ইতি অমরকোষ।

অপর, ক্লী. বি. (অ-পর, অন্য, অল) হস্তির পশ্চাদ্ভাগ; গজের অন্ত্য জঙ্ঘাদি অংশ; ইতি মেদিনী। (ত্রি. বিণ.) ইতরলোক; প্রতিকূল; অন্য; যথা—অপর সুধাবে যাহা মালিনী শুনাবে। ইতি ভারতচন্দ্র ২৬৭ পৃষ্ঠা।

বিপরীত; পর; ভিন্ন; হস্তির পশ্চিম পাদ; অর্ব্বাচীন; ইতি মেদিনী। (স্ত্রী. বি.) পশ্চিম দিক।

অপরতি, স্ত্রী. বি. (অপ-রম, বিরাম, ক্তি) বিরতি; নিরতি; ইতিহেমচন্দ্র। উপরম; বিরাম; ক্ষান্তি।

অপরব, পু. বি. (অপ-রব, শব্দ, অল) বিবাদ; কলহ; অপবাক্য; অপভাষা কথন; অপকৃষ্টধ্বনি।

অপররাত্র, পু. বি. [অপর-রাত্রি, নিশা, য] রাত্রিশেষ; রাত্রির শেষ প্রহর; নিশার শেষ।

অপরলোক, পু. বি. (অপর-লুচ, ব্যক্তি, ঘঞ) অন্য-ব্যক্তি; ইতর লোক; সামান্য ব্যক্তি; ভিন্নলোক।

অপরা, স্ত্রী. বি. [অপর, দিক বিশেষ, আ] জরায়ু; ইতি মেদিনী। পশ্চিম দিক; ইতি হেমচন্দ্র।

অপরাক্রমী, ত্রি. বিণ. (অ-পরা-ক্রম, ক্ষমতা, ণিন্) শক্তিহীন; নির্ব্বীর্য্য; অপ্রতাপান্বিত; যাহার পরাক্রম নাই; যে প্রতাপশালী নহে; ক্ষমতাশীল নয়।

অপরাঙ্গ, ক্লী. বি. (অপর-অঙ্গ, অবয়ব, অল) গুণীভূত ব্যঙ্গ প্রভেদ; অন্য অবয়ব; সামান্য অঙ্গ।

অপরাঙ্মুখ, ত্রি. বিণ. (অ-পরাং-মুখ, বিমুখ, ক) বিমুখ না হওন; যে কোন কার্য্যে প্রবৃত্ত হইয়া বিরত হয় না; অভিমুখ হওন; যথা—সমরে অপরাঙ্মুখ সত্যসন্ধ যজ্ঞানুষ্ঠায়ী শস্ত্রাবভূত পূত আর্য্যব্রত বীর পুরুষগণের ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২ পৃষ্ঠা।

অপরাজয়, পু. বি. (অ-পরা-জি, জয়, অল) অপরাভব; অবিনাশ; অনভিভব; অতিরস্কার; অহারণ।

অপরাজিত, ত্রি. বিণ. (অ-পরা-জি, জয়, ক্ত) অজিত; অপরাভূত; অনির্জ্জিত; (পু. বি.) শিব; বিষ্ণু; ঋষিবিশেষ; ইতিমেদিনী। যে পরাভবহয়নাই।

অপরাজিতা, স্ত্রী. বি. (অ-পরা-জি, জয়, ক্ত-আ)

দুর্গা; জয়ন্তী বৃক্ষ; অশনপর্ণী; ইতি মেদিনী। স্বল্প ফলা; বিষ্ণুক্রান্তা; শেফালী; শমীভেদ; শঙ্খিনী; ইতি বৈদ্যশাস্ত্র। ইহা শুক্ল ও নীল ভেদে দ্বিধা— যথা—আস্ফোতা; গিরিকর্ণী; গবাক্ষী; অশ্বখুরী; শ্বেতভণ্ডা; সিতপুষ্পী; ভদ্রা; সুপুত্রী; বিষহন্ত্রী; ইতি রত্নমালা। পুষ্প বিশেষ; যথা— ধুতুরা অতশী অপরাজিতা, চন্দ্রসূর্য্যমুখী অতি শোভিতা, ইতি ভারতচন্দ্র ২৫৬ পৃষ্ঠা।

অপরাজেয়, ত্রি. বিণ. (অ-পরা-জি, জয়, য) পরাজয়ের অযোগ্য; যথা—আপনারে পূজা করিয়া আপনার ই সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া সর্ব্বভূতের অপরাজেয় হইব, ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ২৪ পৃষ্ঠা।

অপরাদ্ধ, ত্রি. বিণ. (অপ-রাধ, অপরাধ, ক্ত) অপরাধী; স্খলিত; দোষী; কৃতাপরাধ; পাপযুক্ত।

অপরাদ্ধেষু, ত্রি. বিণ. (অপরাদ্ধ-ইষ ইচ্ছা, উ) যাহার বাণ লক্ষে লাগে নাই; ইতি শব্দরত্নাবলী।

অপরাধ, পুং. বি. (অপ রাধ, দোষ, অল) অকার্য্যাদি দোষ; দুষ্ক্রিয়া জন্য দোষ; মন্দকর্ম্ম করণ জন্য দোষ; ইতি অমরকোষ। যথা—ইহারা আমার বাক্য অনাস্থা প্রদর্শন পূর্ব্বক পাণ্ডবসৈন্যগণকে আক্রমণ করিয়াই নিহত হইতেছে ইহাতে আমার অপরাধ কি? ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩৮ পৃষ্ঠা।

অপরাধিত, ত্রি. বিণ. (অপ-রাধ, দোষ, ক্ত) দোষী; অকার্য্যকারী; দুষ্কর্ম্ম করণ জন্য নিন্দিত।

অপরাধিনী, স্ত্রী. বি. (অপ-রাধ, দোষ, ইন্-ঈ) অপরাধকারিনী; পাপিনী; দোষবিশিষ্টা; যথা— আপনি অতি মান্যব্যক্তি এ দুঃখিনীকে অকারণে অপরাধিনী করেন কেন, ইতি শকুন্তলা ৪৩ পৃষ্ঠা।

অপরাধী, ত্রি. বিণ. (অপ-রাধ, দোষ, ইন) অপরাধকারী; দণ্ডার্হ; পাপী; কুক্রিয়াশালী; দোষী; যথা—তন্নিমিত কিঙ্করদিগকে অপরাধি করিয়া অনল্প রোষ প্রকাশ পূর্ব্বক ইতি সেক্স্‌পিয়র ১৩২ পৃষ্ঠা।

অপরাধীন, ত্রি. বিণ. (অ-পর-অধি-ইন, গতি, ক) স্বাধীন; যে পরতন্ত্র নহে; পরের বশীভুত নয়।

অপরাপর, ত্রি. বিণ. (অপর-অপর, ভিন্ন, অ) ভিন্ন-ভিন্ন; অন্যান্য; যথা—অর্থলাভ ও অপরাপর অভীষ্ট সাধনই তাহার একমাত্র উদ্দেশ্য। ইতি টেলিমেকস ৫২ পৃষ্ঠা।

অপরামর্শ, ত্রি. বিণ. (অ-পরা-মৃশ, যুক্তি, অল) অযুক্ত; যুক্তিবিরুদ্ধ; বিবেচনা সিদ্ধ নহে।

অপরামৃষ্ট, ত্রি. বিণ. (অ-পরা-মৃষ, বিবেচনা, ক্ত) অবিবেচিত; অসম্বদ্ধ; যাহা বিবেচনা করা নয়।

অপরার্দ্ধ, পুং. বি. (অপর-অর্দ্ধ, আধা, অ) ভিন্ন অংশ; অন্য ভাগ; পরের অর্দ্ধেক; যথা—অপরার্দ্ধ রাজকোষে সমর্পিত হইবেক। ইতি সেক্স্‌পিয়র ২৪০ পৃষ্ঠা।

অপরাহ্ণ, পুং. বি. [অপর-অহন, দিন, স্যাদি বিভক্তি] শেষ অহ; দিনের শেষ ভাগ; বিকাল; ত্রিধা বিভক্তদিনের তৃতীয় ভাগ; ইতিঅমরকোষ।

অপরাহ্ণতন, ত্রি. বিণ. [অপর-অহ্ন, দিন, তন] অপরাহ্ণ-ভব বস্তু; অপরাহ্ণজাত; বৈকালিক।

অপরাহ্ণিক, ত্রি. বিণ. [অপর-অহ্ন, দিন, ষ্ণিক] বৈকালিক; যাহা বিকালে হয়; শেষাহ্নিত।

অপরিকলিত, ত্রি. বিণ. (অ-পরি-কল, জানা, ক্ত) অজ্ঞাত; অদৃষ্ট; অনবলোকিত; যাহা জানা নয়।

অপরিগ্রহ, ত্রি. বিণ. (অপরি-গ্রহ, গ্রহণ, অল) পরিগ্রহ শূন্য; যাহা পরিগ্রহ হয় নাই; লওয়া নয়।

অপরিচিত, ত্রি. বিণ. (অ-পরি-চি, পরিচয়, ক্ত) অদৃষ্ট; যাহার সহিত আলাপ নাই; পরিচয় শূন্য; যথা—কেন এই অপরিচিত ব্যক্তিকে নয়নগোচর করিয়া আমার মনে তপোবনবিরুদ্ধ বিকার উপস্থিত, ইতি শকুন্তলা ১১ পৃষ্ঠা।

অপরিচ্ছদ, ক্লী. বি. (অ-পরি ছদ, বেশাদি, অল) হীন বস্ত্র; মলিন বসন; অনুপযুক্ত বেশ; ইতিবিশ্ব।

অপরিচ্ছন্ন, ত্রি. বিণ. (অ-পরি ছদ, বেশাদি, ক্ত) পরিচ্ছদ শূন্য; বস্ত্রহীন; বেশভুষাদি রহিত; অ-পরিষ্কৃত; যাহা ময়লা মুক্ত; যাহা পরিষ্কার করা নয়।

অপরিচ্ছিন্ন, ত্রি. বিণ. (অ-পরি-ছিদ, ছেদ, ক্ত) পরিচ্ছেদ রহিত: অসীম; বহিরন্তরশূন্য; অপরিষ্কৃত।

অপরিণাম, পুং. বি. (অ-পরি-নম, পরিনাম, ঘঞ) অবস্থার অনন্যথা; পরিণাম হীন; অবস্থান্তর না হওন।

অপরিণীতা, স্ত্রী. বি. (অ-পরি-নী, পরিনয়, ক্ত-আ) অবিবাহিতা; অমূঢ়া; যে কামিনীর বিবাহ হয় নাই; যথা—এই হেতু দর্শাইলেন যে বাএন্‌কার অগ্রজা অপরিনীতা আছেন ইতি সেক্স্‌পিয়র ১২৩ পৃষ্ঠা।

অপরিতোষ, পুং. বি. (অ-পরি-তুষ, সন্তোষ, অল) অ-

সন্তোষ; অনাহ্লাদ; আনন্দাভাব; অতৃপ্তি।

অপরিপক্ক, ত্রি. বিণ. (অ-পরি-পচ, পাক, ক্ত) পরিপাক রহিত; কিঞ্চিৎ পক্ক; অপক্ক; যাহা পাকে নাই।

অপরিপূর্ণ, ত্রি. বিণ. (অ-পরি-পূ, পূরণ, ক্ত) পরিপূর্ণ বিহীন; কিঞ্চিৎ ন্যূন; ছাপাছাপিনয়; ইতিবিশ্ব।

অপরিবর্ত্ত, ত্রি. বিণ. (অ-পরি-বৃত, বর্ত্তন, অল) পরিবর্ত্ত নহে; যাহা বদল হয় নাই; বিনিময় নয়।

অপরিমাণ, ক্লী. বি. (অ-পরি-মা, পরিমাণ, অনট) মাপ নহে; ওজোন বিহীন; তুলা নয়; অসমতা।

অপরিমিত, ত্রি. বিণ. (অ-পরি-মা, পরিমাণ, ক্ত) পরিমাণ রহিত; যাহার কোন ওজোন নাই; প্রচুর; যথা—ঐ দেশে বসুমতী এত অপরিমিত শস্য প্রসব করেন, ইতি টেলিমেকস ৩৩ পৃষ্ঠা।

অপরিমেয়, ত্রি. বিণ. (অ-পরি-মা, পরিমাণ, য) পরিমাণের অযোগ্য; মাপিবার তুল্য নহে।

অপরিম্লান, পু. বি. (অ-পরি-ম্লৈ, ম্লানতা, অনট) রক্তাম্লান বৃক্ষ; উদ্ভিজ্জ বিশেষ; (ত্রি. বিণ.) ম্লানি রহিত; কান্তিক্ষয় বিহীন; মলিনতা শূন্য; ইতিবিশ্ব।

অপরিষ্কার, পু. বি. (অ-পরি-কৃ, করণ, ঘঞ) পরিষ্কারাভাব; (ত্রি. বিণ.) অনির্ম্মল, অশুদ্ধ; অস্পষ্ট; অপরিচ্ছন্ন; যাহা পরিষ্কার নহে; ইতি মেদিনী।

অপরিষ্কৃত, ত্রি. বিণ. (অ-পরি-কৃ, করণ, ক্ত) অমার্জ্জিত; অনির্ম্মল; অভূষিত; অনলঙ্কৃত; ময়লাযুক্ত।

অপরিস্ফুট, ত্রি. বিণ. (অ-পরি-স্ফুট, অপ্রকাশ, ক) অপ্রকাশিত; পরিস্ফুট নহে; যাহা স্পষ্টরূপে বোঝা যায় না; যথা—অপরিস্ফুট মধুর বচন শ্রবণে কর্ণ জুড়াইবে, ইতি কাদম্বরী ১৯ পৃষ্ঠা।

অপরিসীম, ত্রি. বিণ. (অ-পরি-সীম, সীমা, অ) সীমা রহিত; শেষশূন্য; যাহার পরিসীমা নাই; যথা—সৌন্দর্য্যের আতিশয্য দেখিয়া তিনি অপরিসীম হর্ষ প্রাপ্ত হইলেন। ইতি টেলিমেকস ১১ পৃষ্ঠা।

অপরিহরণীয়, ত্রি. বিণ. (অ-পরি-হৃ, হরণ, অনীয়) অপরিত্যাজ্য; অপরিহার্য্য; পরিহারের অযোগ্য।

অপরিহার্য্য, ত্রি. বিণ. (অ-পরি-হৃ, হরণ, ঘ্যণ) অপরিহরণীয়; অত্যাজ্য; পরিত্যাগের অযোগ্য।

অপরিহিত, ত্রি. বিণ. (অ-পরি-ধা, পরিধান, ক্ত) অনাচ্ছাদিত; ধৃত নহে; যাহা পরিধান করা নয়; যথা—নখাঘাত বর্জ্জিত নব পল্লব স্বরূপ, অপরিহিত নূতন রত্নস্বরূপ, ইতি শকুন্তলা ২৭ পৃষ্ঠা।

অপরুদ্ধ, ত্রি. বিণ. (অপ-রুধ, রোধ, ক্ত) ক্ষুব্ধ; অপ্রস্তুত; অপরোধ বিশিষ্ট; অপ্রতিভ; লজ্জিত।

অপরূপ, ত্রি. বিণ. (অপ-রূপ, অপকৃষ্টতা, ক) অপকৃষ্টরূপ; বিকৃতরূপ; আশ্চর্য্য; বিস্ময়কর; অদ্ভুত; যথা—দূরে থেকে দৃষ্ট হয়, অপরূপ জলাশয়, তাহে চারু তটিনী সঙ্গতা। ইতি কর্ম্মদেবী ৫ পৃষ্ঠা।

অপরেদ্যুঃ, ব্য. (অপরে-দিব, পরদিবা, অপরেহ্নি; অপর দিনে; পরশ্ব; পরদিনে; গত দিবস; আগামিদিন; ইতি অমরকোষ।

অপরোক্ষ, ত্রি. বিণ. (অ-পর উক্ষ, অনবলোকন, ক) প্রত্যক্ষ; সমক্ষ; দৃষ্টির সম্মুখ; নেত্রেন্দ্রিয়গোচর।

অপর্ণ, ত্রি. বিণ. (অ-পর্ণ, পাতা, অল) পত্রহীন; দল শূন্য; যাহার পাতা নাই; পত্রবিহীন; পানশূন্য।

অপর্ণা, স্ত্রী বি. [অপর্ণ, শক্তি বিশেষ, আ] দুর্গা; পার্ব্বতী; মৃড়ানী; ইতি অমরকোষ। যথা—করতোয়াতটে পড়ে বাম কর্ণ তাঁর। বামেশ ভৈরবী দেবী অপর্ণা তাঁহার॥ ইতি ভারতচন্দ্র ৪৬ পৃষ্ঠা।

অপর্য্যাপ্ত, ত্রি. বিণ. (অ-পরি-আপ, পর্য্যাপ্ত, ক্ত) পর্য্যাপ্তি শূন্য; অসীম; সমর্থ হীন; যথেষ্ট; সম্পূর্ণ; অধিক; ইতি হেমচন্দ্র। তৃপ্তিবিহীন; ইতি কেচিৎ।

অপল, ক্লী. বি. (অ-পল, সময়াদি, অল) কীলক; খোঁটা; (ত্রি. বিণ.) পল শূন্য; তৃণহীন।

অপলপন, ক্লী. বি. (অপ-লপ, নিন্দন, অনট) অপলাপ; অপহ্নব; নিন্দা; পরীবাদ; অমান্য করণ; গোপন; অপক্রোশ; ভর্ৎসন; ইতি মেদিনী।

অপলাপ, পু. বি. (অপ-লপ, নিন্দন, ঘঞ) সত্য অসত্যকথা; অপহ্নব; জ্ঞাতবিষয়ের গোপন; অপহ্নুতি; নিহ্নব; ইতি শব্দ রত্নাবলী। প্রেম; প্রণয়।

অপলাপবাদী, ত্রি. বিণ. (অপলাপ-বদ, বাক্য, ইন্) মিথ্যাবাদী; যে ব্যক্তি জ্ঞাত বিষয় গোপন করে।

অপলাষিকা, স্ত্রী. বি. (অপ-লষ, পানেচ্ছা, ইক আ) পিপাসা; তৃষ্ণা; ইতি হেম চন্দ্র। তৃষা; পানেচ্ছা।

অপশদ, পু. বি. (অপ-শদ, নীচতা, অল) নীচ; অধম; হেয়; অপসদ; ইতি অমরকোষ টীকা। জঘন্য; মন্দ।

অপশব্দ, পু. বি. (অপ-শব্দ, নিনাদ, অল) অসংস্কৃত শব্দ; ইতর ভাষা; লৌকিক শব্দ; অপভ্রংশ; গ্রাম্য ভাষা; ইতিঅমর কোষ। অপরসাধারণ প্রচলিতভাষা।

অপশুক, পুং. বি. (অপ-শুচ, শোক, ক্বিপ্) আত্মা; জীব; দেহ; মন; ব্রহ্ম; ইতি শব্দরত্নাবলী।

অপশোক, পুং. বি. (অপ-শুচ, শোক, ঘঞ) অশোক বৃক্ষ; ইতি রাজনির্ঘণ্ট। মিথ্যাশোক; সামান্যশোক।

অপশ্চিম, ত্রি. বিণ. [অ-পশ্চিম, ব্যর্থ, ট্রি] অব্যর্থ; সত্য; যথার্থ; যাহা ব্যর্থ হয় না; পশ্চিম ভিন্ন।

অপষ্ট, ক্লী. বি. (অ-পশ, সুক্ষ্মতা, ক্ত) অঙ্কুশাগ্র; হস্তিশাসন দণ্ডের অগ্রভাগ; ডাঙ্গশের অগ্রভাগ।

অপষ্ঠু, ব্য. (অপ-স্থা, শোভনাদি, উ) বিপরীত; শোভন; (পুং. বি.) কাল; (ত্রি. বিণ.) বামে।

অপষ্ঠুর, ত্রি. বিণ. (অপ-স্থা, অন্যথা, উর) প্রতিকুল; অননুকুল; বিপক্ষ; বিরুদ্ধ; ইতি হেমচন্দ্র।

অপষ্ঠুল, ত্রি. বিণ. (অপ-স্থা, অন্যথা, উল) প্রতিকূল; বিপরীত; প্রতীপ; বিরুদ্ধ; বিপক্ষ; ইতি ধরণী।

অপসদ, পুং. বি. (অপ-সদ, নীচতা, অল) নীচ; ইতর লোক; চণ্ডাল; অতিহেয়; ইতি অমরকোষ।

অপসব্য, ক্লী. বি. (অপ-সব, অবয়ব বিশেষ, য) পিতৃতীর্থ; ইতি শ্রাদ্ধ তত্ত্ব। (ত্রি. বিণ.) শরীরের দক্ষিণ ভাগ; বাম হস্ত; প্রতিকূল; বিপরীত দিক।

অপসর, পুং. বি. (অপ-সৃ, গতি, অল) অপসরণ; স্থানান্তর গমন; সরিয়া যাওয়া; একস্থান হইতে অন্যস্থানে যাওয়া; প্রস্থান করণ; পলায়ন।

অপসরণ, ক্লী. বি. (অপ-সৃ, গতি, অনট) স্থানান্তর গমন; সরিয়া যাওয়া; যথা—পালিনা আপননিকেতনে গিয়া প্রতিমূর্ত্তির আবরণ অপসরণ করিলে ইতি সেক্সপিয়র ৯২ পৃষ্ঠা।

অপসর্জ্জন, ক্লী. বি. (অপ-সৃজ, গতি, অনট) পরিত্যাগ; মুক্তি; মোক্ষ; দান; বিসর্জ্জন; ইতি ভুরিপ্রয়োগ; অপবর্গ; মারণ; হত্যা; ইতি জটাধর।

অপসর্প, ত্রি. বি. (অপ-সৃপ, গতি, অল) চর; হরকরা; দূত; গুপ্তচর; ইতি অমর কোষ। চোপদার।

অপসর্পণ, ক্লী. বি. (অপ-সৃপ, গতি, অনট) গমন; ধাবন; স্থানান্তর গমন; সরিয়া যাওয়া; প্রস্থান করা।

অপসারিত, ত্রি. বিণ. (অপ-সৃ, গতি, ণিচ-ক্ত) বিবৃত; খোলা; চালিত; যথা—তোমার হৃদয় হইতে জন্মভূমি ও জনক জননীর স্নেহকে একবারেই অপসারিত করিবেক, ইতি টেলিমেকস্ ৬৮ পৃষ্ঠা।

অপসৃত, ত্রি. বিণ. (অপ-সৃ, গতি, ক্ত) অপগত; চলিত; কম্পিত; প্রচারিত; স্থানান্তরিত।

অপস্কর, পুং. বি. (অপ-কৃ, করণ, অল) রথাঙ্গ; রথ চক্রাদি; ইতি অমর কোষ। গুহ্য দ্বার; বিষ্ঠা।

অপস্নাত, ত্রি. বিণ. (অপ-স্না, স্নান, ক্ত) মরণোপলক্ষে কৃতস্নান; সংস্কারার্থ মৃত স্নাপিত; ইতি অমরকোষ।

অপস্নান, ক্লী. বি. (অপ-স্না, স্নান, অনট) মৃত স্নান; মৃতের উদ্দেশে অবগাহন; ইতি হেমচন্দ্র।

অপস্মার, পুং. বি. (অপ-স্মৃ, গতি, ঘঞ) রোগ বিশেষ; মৃগী রোগ; মূর্চ্ছা রোগ; অঙ্গ বিকৃতি; লানাধ; ভুত বিক্রিয়া; যে রোগে অঙ্গের বিকার হয়।

অপহন, পুং. বি. (অপ-হন, বধ; ক্বিপ্) বিনাশক; উচ্ছেদ কারক; ঘাতক; ইতি ধরণী। হন্তারক।

অপহনন, ক্লী. বি. (অপ-হন, বধ, অনট) হত্যা; অপঘাত; বধ; মারিয়া ফেলন; ইতি হলায়ুধ।

অপহরণ, ক্লী. বি. (অপ-হৃ, হরণ, অনট) চুরি, চৌর্য্য; কাড়িয়া লওয়া; ইতি মেদিনী। যথা—তাহারা তাহারদিগকে নিগ্রহ করিয়া যত অর্থ অপহরণ করিতে পারিতেন, ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৮৯ পৃষ্ঠা।

অপহর্ত্তা, পুং. বি. (অপ-হৃ, হরণ, তৃন্) তস্কর; অপহারক; চোর; যে ব্যক্তি অপহরণ করে; ইতি বিশ্ব।

অপহা, ত্রি. বিণ. (অপ-হন, বধ, থ) হন্তা; হত্যাকারী; হনন কর্ত্তা; ইতি বিশ্ব। যে মারিয়া ফেলে।

অপহার, পুং. বি. (অপ-হৃ, হরণ, ঘঞ) অপচয়; হানি; ইতি অমর কোষ। অপহরণ; চৌর্য্য; ত্যাগ; ক্ষতি; চুরি যাওয়া; সংগোপন ইতি বিশ্ব। যথা—দময়ন্তীর যে ঔদ্ধত্য প্রকাশ পাইতেছে কবি স্বয়ং তাহা অপহার করিতেছেন। ইতি নৈষধচরিত ১১৩ পৃষ্ঠা। ধনস্বামীর অনুপযোগী ব্যয়; ইতি দায়ভাগ।

অপহারক, ত্রি. বিণ. (অপ-হৃ, হরণ, ণক) অপহারী; অপহরণ কর্ত্তা; চোর; ক্ষতি কারক; তস্কর; চোর; মলিম্লুচ; ইতি মেদিনী। যে ব্যক্তি চুরি করে।

অপহারী, ত্রি. বিণ. (অপ-হৃ, হরণ, ণিন্) অপহরণ কর্ত্তা; চোর; যে অপহরণ করে; ইতি অমরকোষ।

অপহার্য্য, ত্রি. বিণ. (অপ-হৃ, হরণ, ঘ্যণ) অপহরণার্হ; অপহরণীয়; চুরির যোগ্য; ইতি মেদিনী।

অপহসিত, ক্লী. বি. (অপ-হস, হাস্য, ক্ত) মন্দহাস্য; অকারণ হাস্য (ত্রি. বিণ.) কুৎসিত হাস্য যুক্ত।

অপহাস, পু. বি. (অপ-হস, হাস্য, ঘঞ) অকারণ হাস্য; কুৎসিত হাস্য; পরিহাস; ঘৃণাজনক হাস্য।

অপহৃত, ত্রি. বিণ. (অপ-হৃ, হরণ, ক্ত) চুরি করা; চোরা; যাহা চুরি করা হইয়াছে; যথা—তোমার সর্ব্বস্ব অপহৃত হইয়াছে বুঝিতে পারিতেছ না, ইতিকাদম্বরী ৬২ পৃষ্ঠা।

অপহ্নব, পু. বি. (অপ-হ্নু, গোপন, অল) অপলাপ; অস্বীকার; জ্ঞান গোপন করা; চৌর্য্য; মুহুর্ত্তাযা।

অপহ্নুত, ত্রি. বিণ. (অপ-হ্নু, গোপন, ক্ত) গোপিত; লুক্কায়িত; অপহৃত; ইতি অমরকোষ।

অপহ্নুতি, স্ত্রী. বি. (অপ-হ্নু, গোপন, ক্তি) অপলাপ; অপহ্নব; অস্বীকার; জ্ঞান গোপন।

অপক্ষপাত, ত্রি. বিণ. (অ-পক্ষ-পত, পতন, ঘঞ) গণতা শূন্য; যে ব্যক্তি স্বপক্ষে বলে না।

অপক্ষপাতী, ত্রি. বিণ. (অ-পক্ষ-পত, পতন, ক্ত-ঈ) পক্ষপাত বিহীন; গণতা শূন্য; যে কোনপক্ষে বলে না; যথা—অমাত্যগণ সকলেই যেন পঞ্চাসৎ বর্ষ বয়স্ক, বিনীত, বুদ্ধিমান, অপক্ষপাতী, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৩৩ পৃষ্ঠা।

অপক্ষয়, পু. বি. (অপ-ক্ষি, ক্ষয়, অল) নাশ; ধ্বংস; হ্রাস; কমে যাওয়া; অপচয়; অনর্থক নাশ।

অপক্ষীণ, ত্রি. বিণ. (অপ-ক্ষি, ক্ষয়, ক্ত) বিনষ্ট; ধ্বস্ত; নাশ প্রাপ্ত; হ্রসিত; ইতি বিশ্ব। যাহা কম হইয়াছে।

অপাংনাথ, পু. বি. (অপাং-নাথ, স্বামী, অল) সমুদ্র; সাগর; অর্ণব; ইতিরাজনির্ঘণ্ট। বরুন; ইতিকেচিৎ।

অপাংনিধি, পু. বি. (অপাং-নি-ধা, আধার, ই) সমুদ্র; জলনিধি; সাগর; ইতি অমর কোষ।

অপাংপতি, পু. বি. (অপাং-পা, রক্ষন, ক্তি) সমুদ্র; সাগর; বরুন; জলাধিষ্ঠিতা; ইতি অমর কোষ।

অপাংপিত্ত, ক্লী. বি. (অপাং-পিত্ত, বহ্নিসংজ্ঞক, অল) অগ্নি; চিত্রক বৃক্ষ; বহ্নি সংজ্ঞক; ইতি অমর কোষ।

অপাক, পু. বি. (অ-পচ, পাক, ঘঞ) পাকাভাব; অজীর্ণতা; উদরাময়; (ত্রি. বিণ.) দক্ষিণ দিগ্‌ভব বস্তু; ইতি হেমচন্দ্র। পাকাভাব বিশিষ্ট; অজীর্ণ; রোগ বিশেষ; যাহা হজম হয় না; পরিপাকশূন্য।

অপাকরণ, ক্লী. বি. (অপ-আ-কৃ, করণ, অনট) প্রকৃতির অন্যথাভাব; অপসারণ; নিবারণ; প্রশমন।

অপাকর্ষ, পু. বি. (অপ-আ-কৃষ, কর্ষণ, অল) নিষেধ করণ; প্রকৃতির অন্যথা ভাব; অপসারণ।

অপাকৃতি, স্ত্রী. বি. (অপ-আ-কৃ, করণ, ক্তি) প্রকৃতির বিপরীত ভাব; নিবারণ; অপসারণ।

অপাকশাক, ক্লী. বি. (অপাক-শক, দ্রব্য বিশেষ, ঘঞ) আর্দ্রক; আদা; ইতি রাজ নির্ঘণ্ট।

অপাঙ্গ, পু. বি. (অপ-অঙ্গ, অবয়ববিশেষ, অল) চক্ষুর প্রান্তভাগ; নেত্রকোণ; তিলক; কটাক্ষ; যথা—আবার সে ভঙ্গিগত, যেন রৌদ্ররসে রত, উগ্রভঙ্গি অপাঙ্গ যুগলে। ইতি কর্ম্মদেবী ৮৩ পৃষ্ঠা।

কপালের ফোঁটা; ইতি অমর কোষ। (ত্রি. বিণ.) অঙ্গবিহীন; অবয়ব শূন্য; ইতি মেদিনী।

অপাঙ্গক, পু. বি. (অপ-অঙ্গ, অবয়ব, ণক) অপামার্গ বৃক্ষ; আপাং; (ত্রি. বিণ.) অঙ্গহীন; যাহার অঙ্গ নাই; অবয়ব বিহীন; যাহার আকার নাই।

অপাঙ্গ দর্শন, ক্লী. বি. (অপাঙ্গ-দৃশ, দর্শন, অনট) কটাক্ষ; কটাক্ষে অবলোকন; বক্রভাবে দেখা; ইতি বিশ্ব।

অপাঙ্গ নিক্ষেপ, পু. বি. (অপাঙ্গ-নি-ক্ষিপ, নিক্ষেপ, অল) কটাক্ষপাত; ঈষৎ অবলোকন; আড়ে দেখা।

অপাচী, স্ত্রী. বি. (অ-পাচ, দিক্‌ বিশেষ, অল-ঈ) দক্ষিণদিক্‌; ইতি হলায়ুধ। লতাবিশেষ নহে।

অপাচীন, ত্রি. বিণ. (অ পাচ, দিক্‌ বিশেষ, ঈন) দক্ষিণ দিগ্‌ভব বস্তু; বিপর্য্যস্ত; বিপরীত; ইতি বিশ্ব।

অপাচ্য, ত্রি. বিণ. (অ-পচ, পাক, ঘ্যণ) পচনাযোগ্য; পাকের অনুপযুক্ত; অপচনীয়; ইতি মেদিনী।

অপাটব, ক্লী. বি. [অ-পটু, নিপুণ, ষ্ণ] রোগ, ইতি হেমচন্দ্র। অপটুতা; জড়তা; অশক্ততা; দক্ষতা নহে।

অপাঠ, পু. বি. (অ-পঠ, পাঠ, ঘঞ) পাঠের অভাব।

অপাঠ্য, ত্রি. বিণ. (অ-পঠ, পাঠ, ঘ্যণ) পাঠের অনুপযুক্ত; যাহা পাঠের যোগ্য নয়; যাহা পড়া যায় না।

অপাত্র, ক্লী. বি. (অ-পা, আধার, ত্র) কুপাত্র; অসৎপাত্র; অযোগ্য; অনুপযুক্ত পাত্র; যথা—তিনি ভাবিলেন তবে ত বন্ধুর অপাত্রে অনুরাগ বিন্যস্ত হয় নাই। ইতি রোমাবতী ৫৮ পৃষ্ঠা।

অপাত্রীকরণ, ক্লী. বি. (অপাত্র-কৃ, করণ, অনট) অযোগ্যরূপে নির্ণয় করণ; জাতি ভ্রষ্ট করণ; নববিধ পাপ মধ্যে পাপ বিশেষ; ইহা চারি প্রকার, যথা—নিন্দিত ধনাদান; বাণিজ্য; শূদ্র সেবন; অসত্য কথন; ইতি প্রায়শ্চিত্ত বিবেক।

অপাদান, ক্লী. বি. (অপ-আ-দা, দান, অনট) যাহা হইতে কোন বস্তু বা ব্যক্তি চলিত, ভীত, গৃহীত, অথবা উৎপন্ন হয়; কারক বিশেষ; যাহা হইতে পার্থক্যাদি হয়; পূর্ব্ব অধি করণ; ইতি অমরকোষ।

অপান, ক্লী. বি. (অ-পা, পান, অনট) মলদ্বার; গুহ্য দ্বার; (পু.) মল দ্বারের বায়ু; বাত কর্ম্ম; ইতি অমর কোষ। বায়ু বিশেষ; মলৎক্রিয়া।

অপান্নাথ, পু. বি. (অপাং-নাথ, স্বামী, অল) সমুদ্র; সাগর; অর্ণব; জলস্বামী; ইতি হেমচন্দ্র।

অপাপ, ত্রি. বিণ. [অ-পাপ, দুষ্কর্ম্ম, চ্বি] পাপ শূন্য; নিষ্পাপ; দুষ্কর্ম্ম বিহীন; যাহার কিছুমাত্র পাপ নাই।

অপাবরণ, ক্লী. বি. (অপ-আ-বৃ, আবরণ, অনট) আবরণ মোচন; অনাচ্ছাদন; আঢাকা; আচ্ছাদন; স্বেচ্ছাপ্রবৃত্তি; প্রকাশ হওয়া; ব্যক্ত হওয়া।

অপাবৃত, ত্রি. বিণ. (অপ-আ-বৃ, আবরণ, ক্ত) পিহিত; আবৃত; স্বতন্ত্র; স্বাধীন; ইতি মেদিনী। স্বেচ্ছাপ্রবৃত্ত; আচ্ছাদিত; গোপিত; ঢাকা।

অপাবৃত্ত, ত্রি. বিণ. (অপ-আ-বৃত, বর্ত্তন, ক্ত) ভুমিলুণ্ঠিত; লোটা; যে গড়াগড়ি দেয়; ইতি হেমচন্দ্র। প্রত্যাবৃত্ত; প্রতি-নিবৃত্ত; অনিরুদ্ধ; বেষ্টিত নয়।

অপামার্গ, পু. বি. (অপ-আ-মৃজ, বস্তুবিশেষ, ঘঞ,) বৃক্ষবিশেষ; আপাং গাছ; ধামার্গব; ইতি ধরণী।

অপাম্পতি, পু. বি. (অপাং-পা; রক্ষণ, ক্তি) সমুদ্র; বরুণ; ইতি অমরকোষ। জলস্বামী; অর্ণব।

অপাম্পিত্ত, ক্লী. বি. (অপাং-পিত, বস্তুবিশেষ, ক্ত) অগ্নি; চিত্রক বৃক্ষ; ইতি শব্দরত্নাবলী।

অপায়, পু. বি. (অপ-অয়, গতি, অল) বিশ্লেষ; ক্ষতি; অপগম; চলন; বিনাশ; স্থানভ্রংশ; ধ্বংস; অপচয়; অনিষ্ট; অপকার; ইতি অমরকোষ।

অপার, ত্রি. বিণ. (অ-পার, কুলহীনতা, অল) পারশূন্য; অকূল; পারহীন; পারাপার শূন্য; অসীম; যথা—ইহাতে পরম মঙ্গলাকর পরমেশ্বরের কি অপার মহিমা ও আশ্চর্য্য কৌশল, ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ১০৬ পৃষ্ঠা। (ক্লী. বি.) আবার; নদ্যাদির অপর তীর।

অপারক, ত্রি. বিণ. (অ-পার, ক্ষমতা, অল) অক্ষম; ক্ষমতারহিত; পারকতা শক্তি বিহীন; ইতিমেদিনী।

অপার্থক্য, ক্লী. বি. [অ-পৃথক, ভিন্ন, ষ্য] পার্থক্যাভাব; অভিন্নতা; অপ্রভেদ; পৃথকতাশূন্য; একত্ব।

অপারনদী, স্ত্রী. বি. (অপার-নদ, শব্দ, অল-ঈ) পারাপারহীননদী; অকূলসরিৎ; যেনদী পারহওয়া যায়না।

অপার্য্যমাণ, ত্রি. বিণ. [অ-পার্য্যমাণ, ক্ষমতা, চ্বি] অক্ষম; অশক্ত; যে পারেনা; অপারক; ইতিবিশ্ব।

অপালন, ক্লী. বি. (অ-পাল, পালন, অনট) অরক্ষণ; অপ্রতিপালন; অঙ্গীকার পুরণ নহে; ইতিমেদিনী।

অপাশ্রয়, পু. বি. (অপ-আ-শ্রি, আশ্রয়, অল) প্রাঙ্গনাবরণ; চন্দ্রাতপ; সামিয়ানা; চাঁদোয়া; ঘেরা-জায়গা; (ত্রি. বিণ.) আশ্রয় শূন্য; সহায় হীন।

অপাষণ্ড, ত্রি. বিণ. [অ-পাষণ্ড, পামর, চ্বি] অধম; অপামর; নিষ্পাপী; অনাস্তিক; ইতি জটাধর।

অপাষাণ, ত্রি. বিণ. [অ-পাষাণ, প্রস্তর, চ্বি] পাতরনয়; প্রস্তরবিহীন; পাষাণ শূন্য; যাহা প্রস্তর নয়।

অপাসঙ্গ, পু. বি. (অপ-আ-সন্‌জ, দ্রব্য বিশেষ, ঘঞ) তূণ; বাণরক্ষার স্থান; বাণাধার; ইতি অমরকোষ।

অপাসন, ক্লী. বি. (অপ-অস, গমন, অনট) প্রহারণ; মারণ; বধ; হিংসা; আঘাত করণ; ইতিঅমরকোষ।

অপাস্ত, ত্রি. বিণ. (অপ-অস; গমন, ক্ত) অপগত; বিগত; খণ্ডিত; নিরস্ত; নিরাকৃত; দুরীকৃত।

অপাহরণ, ক্লী. বি. (অপ-আ-হৃ, হরণ, অনট) টানন; আকর্ষণ; অপনোদন; ইতি ধরণী। বল দ্বারা আনা।

অপাক্ষ, ত্রি. বিণ. (অপ-অক্ষি, নেত্র, ড) প্রত্যক্ষ; কুৎসিত চক্ষু; লোচন শূন্য; অন্ধ; যাহার চক্ষু নাই।

অপি, (ব্য.) উপসর্গ বিশেষ; আহরণ; সম্ভাবন; নিন্দা; অনুজ্ঞা; অল্পত্ব; সমুচ্চয়; ইতি দুর্গাদাস। প্রশ্ন; শঙ্কা; যুক্তপদার্থ; কামাচার ক্রিয়া; নিশ্চয়ার্থ; অপরার্থ; সন্দেহ; ইতি বিশ্ব। সংশয়; ইতি মেদিনী।

অপিগীর্ণ, ত্রি. বিণ. (অপি-গৄ, বর্ণন, ক্ত) স্তুত; বর্ণিত; প্রশংসিত; যাহা বর্ণনাকরা হইয়াছে।

অপিচ, (ব্য.) আরো; অপরঞ্চ; অন্য; ভিন্ন।

অপিচ্ছিল, ত্রি. বিণ. (অ-পিচ্ছ, পিচ্ছিল, ইল) পৈচ্ছিলাভাব; পিচ্ছিলতা শূন্য; যাহা পিছল নয়।

অপিতু, (ব্য.) যদ্যর্থ; যদ্যপি; বরঞ্চ; আরও; প্রত্যুত।

অপিতৃক, ত্রি. বিণ. [অ-পিতৃ, পিতা, ক] পিতৃহীন; পিতাশূন্য; যাহার পিতা নাই; জন্মদাতাবিহীন।

অপিধান, ক্লী. বি. (অপি-ধা, গমন, অনট) আচ্ছাদন; অন্তর্দ্ধান; আবরণ; তিরোধান; ঢাকন; ইতি বিশ্ব।

অপিনদ্ধ, ত্রি. বিণ. (অপি-নহ দ্রব্যবিশেষ, ক্ত) পরিহিত বস্ত্রাদি; ইতি অমরকোষ। পরিধান করা।

অপীত, ত্রি. বিণ. (অ-পা, পান, ক্ত) অকৃতপান; যে পান করেনাই; (পু. বি.) পীত ভিন্ন বর্ণ।

অপীনস, পু. বি. (অ-পীনস, রোগবিশেষ, অল) পীনসরোগ; পীনাস নামক রোগ; (বিণ.) পীনস রোগযুক্ত; ইতি রভস। যাহার নাসিকার রোগ আছে।

অপীব্য, ত্রি. বিণ. (অ-পীব, সুন্দরহীনতা, য) অতিসুন্দর; সুশ্রী; যাহাসর্ব্ব লোক আদরনীয়; উৎকৃষ্ট।

অপুচ্ছা, স্ত্রী. বিণ. (অপুচ্ছ, উদ্ভিজ্জবিশেষ, অল-আ) শিংশপাবৃক্ষ; বৃক্ষবিশেষ; ইতিশব্দরত্নাবলী।

অপুত্র, ত্রি. বিণ. (অ-পুৎ-ত্রা, রক্ষণ, ড) নিঃসন্তান; অনপত্য; নির্ব্বংশ; যথা—যিনি আপনার ইচ্ছানুসারে কলেবর পরিত্যাগ করিবেন, যিনি অপুত্র হইয়াও উৎকৃষ্ট লোক লাভ করিবেন, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৯ পৃষ্ঠা।

অপুত্রক, ত্রি. বিণ. (অ-পুৎ-ত্রা, রক্ষণ, ণক) সন্তানশূন্য; নিরপত্য; যাহার পুত্র হয় নাই; আঁটকুড়া।

অপুত্রতা, স্ত্রী. বি. [অ-পুত্র, সন্তান, তা] সন্তানহীনতা; নিরপত্যতা; যথা—কিয়ৎক্ষণ বিলাপ করিয়া রাজা অপুত্রতানিবন্ধন শোক সংবরন পূর্ব্বক, ইতি শকুন্তলা ৮৫ পৃষ্ঠা।

অপুনর্ভব, পু. বি. (অ-পুনর-ভূ, উৎপত্তি, অল) মুক্তি; কৈবল্য; ইতি হেমচন্দ্র। পুনর্জ্জন্মাভাব; যাহা পুনর্ব্বার উৎপত্তি হয় না; ইতি অমরকোষ।

অপুরস্কৃত, ত্রি. বিণ. (অ-পুরস্-কৃ, করণ, ক্ত) পারিতোষিক দত্ত নয়; অগ্রে করা নহে; অপূজিত; পশ্চাৎ কৃত; যথা—মূর্খ ও যে চামর অপুরস্কৃত অর্থাৎ পশ্চাৎকৃত অথচ অপূজিত করিয়াছে। ইতি নৈষধচরিত ৫২ পৃষ্ঠা।

অপুরাণ, ত্রি. বিণ. (অ-পুরা, পূর্ব্ব, অনট) নূতন; নব্য; পুরাতন নহে; আধুনিক; প্রাচীন নয়।

অপুষ্ট, ত্রি. বিণ. (অ-পুষ, পোষণ, ক্ত) অপরিপক্ব; কচি; অপাকল; পুষ্ট বিহীন; যে মোটা সোটা নয়।

অপুষ্প ফলদ, পু. বি. (অপুষ্প-ফল-দা, দান, ড) পনস বৃক্ষ; কাঁঠাল গাছ; পুষ্প ব্যতিরেক জাত ফল বৃক্ষ মাত্র; যে বৃক্ষে ফুল হয় না কিন্তু ফল হয়।

অপূপ, পু. বি. (অ-পূ-পা, পান, ড) পিষ্টক; পিটা; কটি; ইতি অমর কোষ। গোধূম নির্ম্মিত দ্রব্যভেদ।

অপূপ্য, পু. বি. (অ-পূ-পা, পান, ড্য) গোধূম চূর্ণ; ময়দা; ইতি জটাধর। শস্যবিশেষের গুঁড়া।

অপূরণী, স্ত্রী. বি. [অ-পূরন, উদ্ভিজ্জ বিশেষ, ঈ] শাল্মলি বৃক্ষ; শিমুল গাছ; ইতি শব্দ চন্দ্রিকা।

অপূর্ণতা, স্ত্রী. বি. (অ-পূর্ণ, সমাপন, তা) অসমাপ্তি; সম্পূর্ণের অভাব; অসম্পূর্ণের সাধারন ধর্ম্ম।

অপূর্ব্ব, ক্লী. বি. (অ-পূর্ব্ব; দৃষ্টতা, অল] অদৃষ্ট; পাপ বা পুণ্য; (ত্রি. বিণ.) যাহা পূর্ব্বে ছিল না; পূর্ব্বদিক্ ভিন্ন; আশ্চর্য্য; যথা—তাঁহার অতিভীষণ অপূর্ব্ব প্রাণী বলিয়া বোধ হইতে লাগিল। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৪ পৃষ্ঠা।

অপূর্ব্বাহ্ণ, পু. বি. [অ-পূর্ব্ব-অহ্ন, দিবা, টি] বৈকাল; দিবার শেষ ভাগ; পরাহ্ণ; পূর্ব্বভাগ নহে।

অপৃষ্ট, ত্রি. বিণ. (অ-পৃশ, জিজ্ঞাসা, ক্ত) অজিজ্ঞাসিত; যাহা জিজ্ঞাসা করা হয় নাই; অকৃতপ্রশ্ন।

অপেত, ত্রি. বিণ. (অ-পিত, গমন, অল) অপগত; ত্যক্ত; নির্গত; যাহা পরিত্যাগ করা হইয়াছে।

অপেতরাক্ষসী, স্ত্রী. বি. [অপেত-রাক্ষস, উদ্ভিজ্জ বিশেষ, ঈ] তুলসী বৃক্ষ; বৃক্ষবিশেষ; ইতিঅমরকোষ।

অপেয়, ত্রি. বিণ. (অ-পা, পান, য) পানা যোগ্য; অপানীয়; পানের অনুপযুক্ত; যথা—দেবতার উদ্দেশে অপ্রদত্ত পায়স, তিলমিশ্রিত ভক্ষ্য ও পিষ্টক গৃহস্থ ব্রাহ্মনের অভক্ষ্য ও অপেয়। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৮ পৃষ্ঠা।

অপেক্ষণ, ক্লী. বি. (অপ-ঈক্ষ, অপেক্ষা, অনট) কাল বিলম্ব করণ; প্রতীক্ষাকরণ; অনুরোধ করণ; আশা করণ; অপেক্ষাকরণ; ইতি বিশ্ব। কালাতিপাতকরণ।

অপেক্ষণীয়, ত্রি. বিণ. (অপ-ঈক্ষ, অপেক্ষা, অনীয়) অপেক্ষা যোগ্য; অপেক্ষ্য; অপেক্ষিতব্য; অনুরোধ করণার্হ; আশাকরণোপযুক্ত; যথা—বেনিস্ রাজ্যমধ্যে ওথেলোর সাহায্য নিতান্ত অপেক্ষণীয় হইয়াছিল, ইতি সেক্সপিয়র ৫৪ পৃষ্ঠা।

অপেক্ষা, স্ত্রী. বি. (অপ-ঈক্ষ, প্রতীক্ষা, ও-আ) প্রতীক্ষা; প্রার্থনা; আশা; আকাঙ্ক্ষা; দর্শন; বিলম্ব; সম্বন্ধ; বিবেচনা; মনোযোগ; উৎকর্ষ বা অপকর্ষ বোধক সম্বন্ধ; অনুরোধ; হইতে; যথা—সেরূপে প্রাণত্যাগ করা অপেক্ষা সমরস্থলে বিনষ্ট হওয়াই তোমা-

দের শ্রেয়ঃ। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৭ পৃষ্ঠা।

অপেক্ষাকৃত, ত্রি. বিণ. (অপেক্ষা-কৃ, করণ, ক্ত) অন্য হইতে বিবেচিত; অন্য হইতে উৎকৃষ্ট; যথা—ভীমসেন যে দুর্য্যোধনকে গদাযুদ্ধে আহ্বান পূর্ব্বক তাহারে অপেক্ষাকৃত শিক্ষানিপুণ দেখিয়া, ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১৬ পৃষ্ঠা।

অপেক্ষাবুদ্ধি, স্ত্রী. বি. (অপেক্ষা-বুধ, বোধ, ক্তি) অনেকের একত্ব বিষয়ক বুদ্ধি; এই এক এই এই ইত্যাকার বুদ্ধি; ইতি ভাষাপরিচ্ছেদ। বিলম্ব বোধ।

অপেক্ষিত, ত্রি. বিণ. (অপ-ঈক্ষ, বিলম্ব, ক্ত) কৃত বিলম্ব; অনুরুদ্ধ; দর্শিত; প্রার্থিত; কৃতপ্রতীক্ষা।

অপেক্ষ্য, ত্রি. বিণ. (অপ-ঈক্ষ, বিলম্ব, য) অপেক্ষা যোগ্য; অনুরুদ্ধ; বিলম্বোপযুক্ত; প্রতীক্ষার যোগ্য।

অপোগণ্ড, ত্রি. বিণ. (অ-পোগণ্ড, যোগ্যতা, অল) ন্যূনাধিকাঙ্গ বিশিষ্ট; বিকলাঙ্গ; শিশু; অপ্রাপ্ত ব্যবহার; না লায়েক; নাবালগ; বালক; অতিভীরু।

অপোড়, ত্রি. বিণ. (অ-পুড়, পোড়ন, অল) পোড় শূন্য; যাহা দগ্ধ করা নয়; পোড়ান নয়; ইতি বিশ্ব।

অপোঢ়, ত্রি. বিণ. (অপ-উহ, অতিক্রমণ, ক্ত) ত্যক্ত; নিরস্ত; নির্ণীত; অতিক্রান্ত; উদ্ঘাটিত; ভীত।

অপোদিকা, স্ত্রী. বি. [অপ-উদিক, উদ্ভিজ্জ বিশেষ, আ] উপোদিকা; পূতিকাশাক; ইতিঅমরকোষটিকা।

অপোহ, পু. বি. (অপ-উহ, তর্কাদি, অল) তর্কবিশেষ; নির্ণয়; নিষ্পত্তি; অপনোদন; নিরাস।

অপোহন, ক্লী. বি. (অপ-উহ, তর্কাদি, অনট) তর্ক; অপনোদন; নিরাস; বুদ্ধি দ্বারা বিবেচনা।

অপৌরুষ, ত্রি. বিণ. [অ-পুরুষ, লোক, ষ্ণ] অলৌকিক; লোকাতীত; ঐশ্বরিক; পুরুষাতীত।

অপৌরুষেয়, ত্রি. বিণ. [অ-পুরুষ, লোক, ষ্ণেয়] লোকাতিক্রান্ত; অলৌকিক; লোকাতীত; ঐশিক; ঐশ্বরিক; যাহা সামান্য পুরুষ দ্বারা হয় না।

অপ্ত, ক্লী. বি. (অপ, কার্য্যাদি, ক্ত) যজ্ঞ কর্ম্ম, দেবতার উদ্দেশে হোমাদি করণ; ইতি উনাদি কোষ।

অপ্তু, পু. বি. (অপ্ত, অবয়বাদি, উস্) শরীর; অঙ্গ; অবয়ব; ইতি উণাদি কোষ। দেহ; কায়া।

অপ্ন, ক্লী. বি. (অপ, জল, ন) জল; বারি; অম্বু।

অপ্‌পতি, পু. বি. (অপ্-পা, রক্ষণ, ক্তি) বরুণ, সমুদ্র; ইতি অমর কোষ। জলের অধিপতি দেবতা।

অপ্‌পিত্ত, ক্লী. বি. (অপ্-পিত্ত, তেজবিশিষ্ট, অ) অগ্নি; আগুন; ইতি অমরকোষ। চিত্রক বৃক্ষ।

অপ্রকট, ত্রি. বিণ. (অ-প্র-কট, ব্যক্ত, অল) অব্যক্ত; অপ্রকাশ; গুপ্ত; প্রচার বিহীন; যাহা বিখ্যাতনয়।

অপ্রকটিত, ত্রি. বিণ. (অ-প্র-কট, ব্যক্ত, ক্ত) অপ্রকাশিত; গুপ্ত; যাহা প্রচারিত হয় নাই।

অপ্রকটীকৃত, ত্রি. বিণ. (অপ্রকটী-কৃ, করণ, ক্ত) গোপন করা; লুকাইয়া রাখা; ব্যক্ত না করা।

অপ্রকর্ষ, পু. বি. (অ-প্র-কৃষ, কর্ষণ, অল) অধমত্ব; জঘন্যতা; নীচত্ব; হেয়তা; অপকৃষ্টতা।

অপ্রকাণ্ড, পু. বি. (অ-প্র-কাণ্ড, গুঁড়ি, অল) কাণ্ডরহিত বৃক্ষ; গুল্ম; ঝোপ; ঝিণ্টিকাদি; স্কন্ধশূন্য বৃক্ষ; ইতি অমরকোষ। (বিণ.) যাহা অতিশয় বড় নয়; প্রকাণ্ড বিহীন; ইতি অমরকোষটীকা।

অপ্রকাম, ত্রি. বিণ. (অপ্র-কম, অল্পতা, ঘঞ) অযথেষ্ট, স্বল্প; যাহা অধিক নহে; ন্যূন; ইতি বিশ্ব।

অপ্রকাশ, পু. বি. (অপ্র-কাশ, ব্যক্ত, অল) প্রকাশাভাব; জনান্তিক; (ত্রি. বিণ.) অন্ধকার; গোপন; নিভৃত; যে স্থানে তেজ মাত্রনাই; যেখানে কেহ নাই।

অপ্রকাশ্য, ত্রি. বিণ. (অপ্র-কাশ, ব্যক্ত, য) প্রকাশ করণাযোগ্য; গোপনীয়; ব্যক্তোচিত; প্রকাশ নয়।

অপ্রকৃত, ত্রি. বিণ. (অপ্র-কৃ, করণ, ক্ত) অযথার্থ; কল্পিত; যাহা ঠিক নহে; অসত্য; অবাস্তবিক; যথা—পাণ্ডুনন্দনদিগের গুণ প্রকৃত হউক বা অপ্রকৃতই হউক, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬৩ পৃষ্ঠা।

অপ্রকৃতিস্থ, ত্রি. বিণ. (অ-প্রকৃতি-স্থা, স্থিতি, ড) উন্মত্ত; বিক্ষিপ্ত চিত্ত; বাতুল; অস্বাভাবিক অবস্থা প্রাপ্ত; যথা—সেই অবধি আমার মন অপ্রশান্ত ও ইন্দ্রিয়গণ অপ্রকৃতিস্থ হইয়াছে। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪৫ পৃষ্ঠা।

অপ্রকৃষ্ট, পু. বি. (অপ্র-কৃষ, কর্ষণ, ক্ত) কাক; (ত্রি. বিণ.) অধম; মন্দ; নীচ; হেয়; জঘন্য।

অপ্রখর, ত্রি. বিণ. (অপ্র-খর, তীক্ষ্ণতা, অল) প্রাখর্য্য রহিত; অতীক্ষ্ণ; মৃদু; ইতি বিশ্ব।

অপ্রগল্‌ভ, ত্রি. বিণ. (অপ্র-গল্‌ভ, অশিষ্টতা, অল) শান্ত; শিষ্ট; মৃদু; অনুদ্ধত; যথা—এই নিমিত্ত তাঁহাদের অপ্রগল্‌ভ বাক্য প্রয়োগ করা নির্দ্ধারিত আছে। ইতি মহাভারত সভাপর্ব্ব ৩২ পৃষ্ঠা।

অপ্রগল্‌ভতা, স্ত্রী. বি. (অ-প্র-গল্‌ভ, অশিষ্টতা, অল-তা) মৃদুতা; শিষ্টতা; যথা—পূর্ব্বে যে আমার পাপে অনাশক্তি, লজ্জা শীলতা ও অপ্রগল্‌ভতা ছিল, ইতি টেলিমেকস ১৮ পৃষ্ঠা।

অপ্রগুণ, ত্রি. বিণ. (অপ্র-গুণ, উৎকণ্ঠতা, ক) ব্যাকুল; ব্যস্ত; উৎকণ্ঠ; ইতি অমর কোষ। যাহা তীক্ষ্ণ নহে।

অপ্রচণ্ড, ত্রি. বিণ. (অপ্র-চণ্ড, তীক্ষ্ণতা, অল) অ-তীক্ষ্ণ; অতীব্র; অপ্রতাপী; অক্রোধী; তীক্ষ্ণতাশূন্য।

অপ্রজ, ত্রি. বিণ. (অ-প্রজা, সন্তান, ড) নিঃসন্তান; অনপত্য; যাহার সন্তান নাই; যাহার প্রজামাত্রনাই।

অপ্রজ্ঞ, ত্রি. বিণ. (অ-প্র-জ্ঞা, বোধন, ড) অনভিজ্ঞ; অবিজ্ঞ; বোধ শূন্য; যাহার জ্ঞান নাই; মূঢ়।

অপ্রণয়, পুং. বি. (অপ্র-নী, প্রাপণ, অল) প্রীতিচ্ছেদ; ভেদ; প্রণয়াভাব; বিবাদ; ইতি মেদিনী। যথা— দুই বিখ্যাত রাজ্যের অধিপতিদিগের কোন কারণে পরস্পর সাতিশয় অপ্রণয় হইলে, ইতি সেক্‌সপিয়র ১ পৃষ্ঠা।

অপ্রণয়ী, ত্রি. বিণ. (অপ্র-নী, প্রাপণ, ইন্‌) বিবাদী; প্রণয়াভাববিশিষ্ট; যে প্রীতি চ্ছেদ করে; যথা—অপ্রণয়ির কর্ম্ম করিয়া অব্যবহিত পরেই মনোমধ্যে অনুতাপ করিতেন, ইতি সেক্‌সপিয়র ১৫৩ পৃষ্ঠা।

অপ্রতিকর, ত্রি. বিণ. (অপ্রতি-কৃ, করণ, অল) বিশ্বস্ত; বিশ্বাসপাত্র; ইতিজটাধর। যাহাকেপ্রত্যয়হয়।

অপ্রতিকার্য্য, ত্রি. বিণ. (অপ্রতি-কৃ, করণ, ঘ্যণ) দুশ্চিকিৎস্য; অচিকিৎসনীয়; যাহার প্রতিকার নাই; উপায় শূন্য; প্রতিকারের অনুপযুক্ত।

অপ্রতিপক্ষ, ত্রি. বিণ. (অপ্রতি-পক্ষ, প্রতিযোগিতা, অল) অপ্রতিযোগী; বিপক্ষ শূন্য; যাহার প্রতিপক্ষনাই; তুল্য ব্যক্তি বিহীন; অসদৃশ।

অপ্রতি বন্ধক, পুং. বি. (অপ্রতি-বন্ধ, ব্যাঘাত, ণক) অবাধ; অব্যাঘাত; (বিণ.) যাহার প্রতিবন্ধকনাই।

অপ্রতিবিধেয়, ত্রি. বিণ. (অ-প্রতি-বি-ধা, প্রতিবিধান, য) যাহা প্রতিবিধানের যোগ্য নয়; যথা— কিন্তু অপ্রতিবিধেয় বিষয়ে শোক ও দুঃখ করা বৃথা, ইতি কাদম্বরী ২০ পৃষ্ঠা।

অপ্রতিভ, ত্রি. বিণ. (অপ্রতি-ভা, প্রজ্ঞাবিশেষ, ড) অপ্রত্যুৎপন্নমতি; অপ্রগল্‌ভ; অপ্রস্তুত; প্রতিভাহীন।

অপ্রতিম, ত্রি. বিণ. (অ-প্রতি-মা, সাদৃশ্য, ড) অতুল্য; সমান নহে; অসদৃশ; যথা—হায় কেন কুৎসিত আকারে এই মত! অপ্রতিম অসীম সদ্গুণ থাকে কত! ইতি কর্ম্মদেবী ৪৯ পৃষ্ঠা।

অপ্রতিরথ, ক্লী. বি. (অপ্রতি-রথ, রথ, অল) যাত্রা; সামবেদ; মঙ্গল; (পুং.) যোদ্ধা; রথী; সেনা; (বিণ.) তুল্য যোদ্ধা রহিত; যথা—যিনি ইহলোকে অযুত নাগ তুল্য পরাক্রান্ত, অপ্রতিরথ, সিংহের ন্যায় দর্পিত, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৯ পৃষ্ঠা।

অপ্রতিরূপ, ত্রি. বিণ. (অপ্রতি-রূপ, তুল্যতা, ক) অতুল্য; অসমান; প্রতিরূপ বিহীন; অসদৃশ।

অপ্রতিষ্ঠ, ত্রি. বিণ. (অপ্রতি-স্থা, খ্যাতি, অ) প্রতিষ্ঠাহীন; যে খ্যাতিবিশিষ্ট নহে; যারে কেহ জানেনা।

অপ্রতিষ্ঠিত, ত্রি. বিণ. (অপ্রতি-স্থা, খ্যাতি, ক্ত) প্রতিষ্ঠা রহিত; নিন্দিত; খ্যাতি শূন্য।

অপ্রতিহত, ত্রি. বিণ. (অ-প্রতি-হন, গতি, ক্ত) প্রতিঘাত বিহীন; অপ্রাপ্ত; নিরাস নহে; অরুদ্ধ; যথা—ধর্ম্মরাজের যশ বিস্তার করিয়া সকলের ন্যায় অপ্রতিহত বেগে ভূমধ্যে প্রবেশ করিল। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩৬ পৃষ্ঠা।

অপ্রতুল, ক্লী. বি. (অপ্র-তুল, সঙ্গতি, ক) অসঙ্গতি; প্রকৃষ্টপরিমাণাভাব; অভাব; যথা—মহারাজ দিলীপের অতুল ঐশ্বর্য্য, কিছুরই অপ্রতুল ছিল না। ইতি রঘুবংশ ১৫ পৃষ্ঠা।

অপ্রত্যয়, পুং. বি. (অপ্রতি-অয়, গতি, অল) প্রত্যয়াভাব; অবিশ্বাস; যথা—নয়নের অবিকৃত কার্য্যে ক্ষণকাল অপ্রত্যয় করিতে লাগিলেন, ইতি সেক্‌সপিয়র ১২০ পৃষ্ঠা।

অপ্রত্যক্ষ, ত্রি. বিণ. (অপ্রতি-অক্ষ, দর্শন, অল) প্রত্যক্ষ শূন্য; ইন্দ্রিয়াগোচর; অতীন্দ্রিয়; অদৃষ্ট; পরোক্ষ; ইতি অমরকোষ। (ক্লী.) প্রত্যক্ষাভাব।

অপ্রধান, ক্লী. বিণ. (অপ্র-ধা, প্রধান, অনট) প্রাধান্য রহিত; কনিষ্ঠ; জঘন্য; ক্ষুদ্র।

অপ্রধৃষ্য, ত্রি. বিণ. (অ-প্র-ধৃষ, ধৃষ্টতা, য) অপ্রগল্‌ভ্য; প্রগল্‌ভতা শূন্য; যথা—তোমার পিতা পরম বিজ্ঞ ইউলিসিস, অপ্রধৃষ্য মহাবীর একীলিস, ইতি টেলিমেকস ৬ পৃষ্ঠা।

অপ্রবল, ত্রি. বিণ. (অপ্র-বল, সমর্থ, অল) বলহীন; ক্ষীণ; যে বলবান নহে; অপ্রধান; প্রতাপী নহে।

অপ্রবৃত্তি, স্ত্রী. বি. (অপ্র-বৃত, ইচ্ছা, ক্তি) অনিচ্ছা; অযত্ন; অশ্রদ্ধা; যথা—শাস্ত্রালোচন অথবা অন্যপ্রকার সচ্চিন্তনেও চিত্তের অপ্রবৃত্তি হইতে লাগিল। ইতি সেক্‌সপিয়র ১৪৬ পৃষ্ঠা।

অপ্রমত্ত, ত্রি. বিণ. (অপ্র-মত, সাবধানতা, ক্ত) অবধান বিশিষ্ট; সাবধান; অবহিত; হুঁসিয়ার; যথা—অতএব অপ্রমত্ত চিত্তে তাহাদিগকে পালন করা তাঁহার অবশ্য কর্ত্তব্য ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২২৩ পৃষ্ঠা।

অপ্রমাণ, ক্লী. বি. (অপ্র-মা, প্রমাণ, অনট) অনিদর্শন; অদৃষ্টান্ত; অশাস্ত্র; (ত্রি. বিণ.) প্রমাণরহিত।

অপ্রমাদ, ত্রি. বিণ. (অ-প্র-মদ, ভ্রম, ঘঞ) অবধানতা; ভ্রমশূন্য; যথা—আমিও স্বয়ং অপ্রমাদ, বুদ্ধি ও যোগ প্রভাববতী দৃষ্টিতে ইতি মহাভারত ৯১ পৃষ্ঠা।

অপ্রমেয়, ত্রি. বিণ. (অপ্র-মা, পরিচ্ছেদ, য) অজ্ঞেয়; পরিচ্ছেদ শূন্য; প্রমাণসাধ্যশূন্য; যথা—যখন সেই অপ্রমেয় সৌর্য্যশালী ধৃষ্টদ্যুম্ন সেনাপতি পদে অভিষিক্ত হইয়া ইতিমহাভারত উদ্যোগপর্ব্ব ৮৮পৃষ্ঠা।

অপ্রয়োগ, পু. বি. (অপ্র-যুজ, প্রয়োগ, ঘঞ) প্রয়োগাভাব; অনুল্লেখ; ইতিমেদিনী। যাহা বলাহয়নাই।

অপ্রলম্ব, ক্লী. বি. (অ-প্র-লম্ব, শীঘ্রতা, অল) শীঘ্র; অবিলম্ব; সত্বর; ইতি হলায়ুধ। চপল; তুর্ণ।

অপ্রশংস, ত্রি. বিণ. (অপ্র-শনস্, প্রশংসা, অ) প্রশংসাবিশিষ্ট নহে; যাহাকে প্রশংসা করা যায় না; সুখ্যাতি যুক্ত নহে; শ্লাঘাবিশিষ্ট নয়; অপ্রতিষ্ঠ।

অপ্রশংসনীয়, ত্রি. বিণ. (অপ্র-শনস্, প্রশংসা, অনীয়) প্রশংসার অনুপযুক্ত; খ্যাতি যোগ্য নহে।

অপ্রশস্ত, ত্রি. বিণ. (অ-প্র-শন্স, উৎকৃষ্টতা, ক্ত) অসৎ; অনুৎকৃষ্ট; অবিহিত; অশ্রেষ্ঠ; যথা—সম্ভ্রান্ত বংশে জন্মিয়াছি এবং অবস্থাও অপ্রশস্ত নহে। ইতি সেক্‌সপিয়র ৩১৩ পৃষ্ঠা।

অপ্রসন্ন, ত্রি. বিণ. (অপ্র-সদ, তোষ, ক্ত) আবিল; অনচ্ছ; অতুষ্ট; অসন্তুষ্ট; অনাহ্লাদিত; যথা—পরে অপ্রসন্ন মনে পরস্পর বিদায় গ্রহণ পুরঃসর ইতি সেক্‌সপিয়র ২৫৫ পৃষ্ঠা।

অপ্রসিদ্ধ, ত্রি. বিণ. (অপ্র-সিধ, বিখ্যাত, ক্ত) প্রসিদ্ধতা রহিত; অবিখ্যাত; ক্ষুদ্র; যৎসামান্য।

অপ্রসূতা, স্ত্রী. বিণ. (অপ্র-সূ, প্রসব, ক্ত-আ) যে স্ত্রী প্রসূতা নহে; যে প্রসব হয় নাই; বন্ধ্যা।

অপ্রস্তুত, ত্রি. বিণ. (অপ্র-স্তু, লজ্জা, ক্ত) লজ্জিত; পরাভূত; অপ্রতিভ; অপ্রক্রান্ত; নিষ্পন্ন নহে।

অপ্রহত, ত্রি. বিণ. (অ-প্র-হন, গতি, ক্ত) যে স্থলে লোকের গমনা গমন নাই; বিরল স্থান; অকৃষ্টভূমি; খিলাভূমি; ইতি অমর কোষ। বিনষ্ট নয়; ইতিবিশ্ব।

অপ্রাকৃত, ত্রি. বিণ. (অ-প্র-আ-কৃ, করণ, ক্ত) অলোক সামান্য; যাহা সামান্য লোকের হয় না; যথা—ধনাঢ্য ব্যক্তিরা আপনাদিগকে অপ্রাকৃত মনুষ্য জ্ঞান করিয়া তদনুরূপ আচরণ করেন ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৭৩ পৃষ্ঠা।

অপ্রাগ্র্য, ত্রি. বিণ. (অ-প্র-অগ্র, প্রধান, য) অপ্রধান; যাহা শ্রেষ্ঠ নহে; ইতি অমরকোষ। যাহা প্রশস্ত নয়।

অপ্রাচীন, ত্রি. বিণ. (অপ্র-অগ, পূর্ব্বের, ঈন) অপুরাতন; নব্য; নূতন; প্রাচীতর দিগ্‌জাত; বৃদ্ধ নহে।

অপ্রাজ্ঞ, ত্রি. বিণ. (অ-প্র-আ-জ্ঞা, বোধ, ড) অবিদ্বান্; পণ্ডিত নহে; অনিপুণ; মূর্খ; জ্ঞানহীন; যথা—মূর্খ, অপ্রাজ্ঞ, ক্ষুদ্রাশয় অজিতেন্দ্রিয় ও দুষ্কুল সম্ভূত, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৮২ পৃষ্ঠা।

অপ্রাপ্ত, ত্রি. বিণ. (অ-প্র-আপ, প্রাপণ, ক্ত) অলব্ধ; যাহা পাওয়া হয় নাই; যথা—সর্ব্বদা অপ্রাপ্ত বস্তুর লাভাকাঙ্ক্ষা ও প্রাপ্ত বস্তুর রক্ষা করিবেন। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১১০ পৃষ্ঠা।

অপ্রাপ্তি, স্ত্রী. বি. (অ-প্র-আপ, প্রাপণ, ক্তি) অপ্রাপণ; অলাভ; অপাওয়া; যাহা পাওয়া যায় নাই।

অপ্রাপ্য, ত্রি. বিণ. (অপ্র-আপ, প্রাপণ, য) অপ্রাপণীয়; অপ্রাপ্তব্য; দুর্লভ; পাওয়ার অযোগ্য; যথা—অপ্রাপ্যবিষয়ের কামনা করা কদাপি বিধেয় নহে। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১১২ পৃষ্ঠা।

অপ্রামাণিক, ত্রি. বিণ. [অ-প্রমাণ, অনলীক, ষ্ণিক] প্রামাণ্য রহিত; অপ্রামাণ্য; অলীক, মিথ্যা।

অপ্রামাণ্য, ক্লী. বি. [অ-প্রমাণ, অনলীক, ষ্ণ] প্রামাণ্যাভাব; (ত্রি. বিণ.) প্রমাণ রহিত; অলীক।

অপ্রিয়, ত্রি. বিণ. (অ-প্রী, স্নেহ, ক) অনভীষ্ট; অনীপ্‌সিত; প্রীতিকর নহে; মন্দ; অহৃদ্য; অস্নেহযুক্ত; যথা—নহে কেন দুঃখিনীরে হবে বামাচার, কখন অপ্রিয় প্রভু করনি আমার। ইতি কুমারসম্ভব ৪৫ পৃষ্ঠা।

অপ্রিয় বচন, ক্লী. বি. (অপ্রিয়-বচ, বাক্য, অনট) নিষ্ঠুর বাক্য; কুবাক্য; মন্দকথা; স্নেহবোধক বাক্য নয়।

অপ্রিয়বক্তা, পু. বি. (অপ্রিয়-বচ, বাক্য, তৃন্) নিষ্ঠুর ভাষী; উগ্রবক্তা; যে মন্দ কথা কয়; মিষ্টভাষী নয়।

অপ্রিয়া, স্ত্রী. বি. (অ-প্রী, স্নেহ, ক-আ) শৃঙ্গীমৎস্য; ইতি শব্দ রত্নাবলী। (বিণ.) অস্নেহ যুক্তা; যথা—এই নিমিত্ত, সে পতির অপ্রিয়া হইলেও ইতি শকুন্তলা ৬৬ পৃষ্ঠা।

অপ্রীত, ত্রি. বিণ. (অ-প্রী, সন্তোষ, ক্ত) প্রীতিরহিত; অসন্তুষ্ট; অনাহ্লাদিত; যথা—উহঁার নিধনে আমি নিতান্ত অপ্রীত হইয়াছি। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৫৮ পৃষ্ঠা।

অপ্রীতি, স্ত্রী. বি. (অ-প্রী, সন্তোষ, ক্তি) অপ্রণয়; অসদ্ভাব; সন্তোষ নহে; যথা—তুমি গর্হিত কার্য্যের অনুষ্ঠান করিলে উহা শুক্লবস্ত্রে শোণিত পাতের ন্যায় নিতান্ত অপ্রীতি কর হইবে। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ৮ পৃষ্ঠা।

অপ্রোষিত, ত্রি. বিণ. (অ-প্র-বস, বাস, ক্ত) অপ্রবাসী; যে ব্যক্তি প্রবাসে অবস্থান করে না।

অপ্রোক্ষণ, ক্লী. বি. (অপ্র-উক্ষ, সেচন, অনট) অসেচন; ধৌত না করণ; না ধোয়া; যথার্থ পশুহনন নয়।

অপ্রোক্ষিত, ত্রি. বিণ. (অপ্র-উক্ষ, সেচন, ক্ত) অধৌত; জলসেক বিহীন; জলে ধোয়া নয়; ইতিবিশ্ব।

অপ্সর, স্ত্রী. বি. (অপ-সৃ, গমন, অল) স্বর্ব্বেশ্যা: উর্ব্বশী মেনকাদি; স্বর্গ-গণিকা; স্বর্গবারাঙ্গনা।

অপ্সরা, স্ত্রী. বি. (অপ-সৃ, গমন, অল-আ) স্বর্গীয় বারাঙ্গনা; সর্গের বেশ্যা; যথা—যাহা হেরি সন্ধ্যা-ভ্রমে অপ্সরা সকলে, বেশভূষা ত্বরাত্বরি করে কুতুহলে। ইতি কুমারসম্ভব ২ পৃষ্ঠা।

অফল, ত্রি. বিণ. (অ-ফল, অর্থাদি, অল) বিফল; নিষ্ফল; বন্ধ্য; ব্যর্থ; ইতি হেমচন্দ্র। নিরর্থক।

অফলা, স্ত্রী. বি. (অ-ফল, অর্থাদি, অল-আ) ভুমি আমলকী; ঘৃতকুমারী; ইতি শব্দচন্দ্রিকা।

অফেন, ক্লী. বি. (অ-ফেন, নির্য্যাস বিশেষ, অল) বৃক্ষনির্য্যাস বিশেষ; আফিন; অহিফেনক; অহিফেন; (বিণ.) ফেন রহিত; যাহার ফেনা নাই।

অবকথন, ক্লী. বি. (অব-কথ, কথন, অনট) স্তব; উপাসনা; আরাধনা; গুণ বর্ণনা; গুণ ব্যখ্যা করা।

অবকর, পু. বি. (অব-কৃ, করণ, অল) আবর্জ্জনা; ওঁচলা; ঝাড়া; অবস্কর; জঞ্জাল; ইতি বিশ্ব।

অবকর্ত্তন, ক্লী. বি. (অব-কৃত, কর্ত্তন, অনট) কাটন; সূত্রযন্ত্র; চরকা; সূতা কাটিবার যন্ত্র বিশেষ।

অবকলন, ক্লী. বি. (অব-কল; কমান, অনট) বিয়োগ; অগণন; সংখ্যাকরণ নহে; কমিয়ে আনা; হরণ।

অবকাশ, পু. বি. (অব-কাশ, সময়, অল) অবসর; সময়; বিশ্রাম; ফাঁক; যে সময়ে কোন কার্য্য না করা হয়; যথা—তদীয় অধিকার মধ্যে রোগ অবকাশ পাইত না; ইতি রঘুবংশ ৬৭ পৃষ্ঠা।

অবকীর্ণ, ত্রি. বিণ. (অব-কৄ, করণ, ক্ত) বিক্ষিপ্ত; চূর্ণিত; ইতি হেম চন্দ্র। ত্যক্ত; বিক্ষেপণীয়।

অবকীর্ণী, ত্রি. বিণ. (অব-কৄ, করণ, ক্ত-ঈ) ক্ষতব্রত; নিয়ম ভ্রষ্ট; নিয়ম চ্যুত; স্ত্রীসংসর্গাদি নিয়ম ত্যক্ত।

অবকুঞ্চন, ক্লী. বি. (অব-কুঞ্চ, কুঞ্চন, অনট) বক্রকরণ বাঁকাকরণ; নোঁয়ান; নতকরণ; নম্রকরণ।

অবকুঞ্চিত, ত্রি. বিণ. (অব-কুঞ্চ, কুঞ্চন, ক্ত) বক্রীকৃত; যাহা বাঁকান হইয়াছে; যাহা নম্র করা হইয়াছে।

অবকুটন, ক্লী. বি. (অব-কুট, কথন, অনট) ঠোকরান; বারম্বার খিট্‌মিট্ করণ; বিরক্তজনক বাক্য।

অবকুণ্ঠন, ক্লী. বি. (অব-কুণ্ঠ, ভয়, অনট) অসাহস; ভীরুতা; ভয় করণ; (ত্রি. বিণ.) ভরসাবিহীন।

অবকুন্থন, ক্লী. বি. (অব-কুন্থ, কোঁথান, অনট) কদর্য্য কোঁথানি; মন্দ কোঁথ্ পাড়া; ক্লেশসূচক শব্দমাত্র।

অবকুজন, ক্লী. বি. (অব-কুজ, শব্দ, অনট) কুশ্রাব্য শব্দ; কুরব; মন্দ শব্দ; জঘন্য ধ্বনি; নিকৃষ্ট শব্দ।

অবকৃষ্ট, ত্রি. বিণ. (অব-কৃষ, মন্দ, ক্ত) মন্দ; জঘন্য; হেয়; ঘৃণিত; নীচ; বহিষ্কৃত; দূরীকৃত; অধঃ।

অবক্তব্য, ত্রি. বিণ. (অ-বচ, বাক্য, তব্য) অকথ্য; কথনা যোগ্য; বলার উপযুক্ত নয়; কথনার্হ্য।

অবক্রন্দন, ক্লী. বি. (অব-ক্রন্দ, ক্রন্দন, অনট) উচ্চস্বরে ক্রন্দন, চেঁচিয়ে কাঁদা; চীৎকার পুর্ব্বক রোদন।

অবক্রয়, পু. বি. (অব-ক্রী, ক্রয়, অল) নিন্দিত ক্রয়; যে ক্রয়ে নিন্দা হয়; ঘৃণিতকেনা; মূল্য; ইতিঅমর।

অবক্রীড়ন, ক্লী. বি. (অব-ক্রীড়, খেলা, অনট) কুৎসিত খেলা; মন্দ খেলা; ঘৃণাজনক খেলা; নীচ খেলা।

অবক্রুদ্ধ, ত্রি. বিণ. (অব-ক্রুধ, ক্রোধ, ক্ত) ক্রোধান্ধ; অতিশয় রাগান্বিত; রাগে পরিপূর্ণ; ক্রোধান্বিত।

অবক্রুষ্ট, ত্রি. বিণ. (অবক্রুষ, নিন্দা, ক্ত) ভর্ৎসিত; নিন্দিত; ঘৃণিত; অবজ্ঞাযুক্ত; জুগুপ্সিত।

অবক্বণ, ক্লী. বি. (অব-ক্বণ, শব্দ, অল) কুৎসিতধ্বনি; কদর্য্য শব্দ; মন্দ রব; কঠোর শব্দ; জঘন্য ধ্বনি।

অবখণ্ডন, ক্লী. বি. (অব-খণ্ড. খোঁড়ন, অনট) খনন; খোঁড়ন; গর্ত্ত খোলন; ভূমি কাটন; খোদন।

অবখাত, ত্রি. বিণ. (অব-খন, খনন, ক্ত) গহ্বর; গর্ত্ত; খানা; হ্রদ; খাত; ভূমিরন্ধ্র; গাড়া।

অবখেল, পুং. বি. (অব-খেল, খেলা, অল, কুৎসিত খেলা; মন্দ খেলা; ইতরক্রীড়া; জঘন্য খেলা।

অবগণন, ক্লী. বি. (অব-গণ, গণন, অনট) হেয় করণ; অমান্য করণ; অনাদর করণ; ভক্তি করণ নয়।

অবগণিত, ত্রি. বিণ. (অব-গণ, গণন, ক্ত) অবজ্ঞাত; অবমানিত; ঘৃণিত; তুচ্ছীকৃত; ইতি অমর কোষ।

অবগণ্ড, পুং. বি. (অব-গণ্ড, ফোড়া, অল) গণ্ডস্থ ব্রণ; বয়েস্ ফোড়া; (বিণ.) শিশু; অপ্রাপ্ত ব্যবহার; নাবালগ; বালক; যে বয়স প্রাপ্ত হয় নাই।

অবগত, ত্রি. বিণ. (অব-গম, গমন, ক্ত) জ্ঞাত; বুধিত; মনিত; প্রতিপন্ন; অবসিত; বিদিত; যথা—এই সংবাদ অবগত হইয়া ইতি রোমাবতী ৭ পৃষ্ঠা।

অবগতি, স্ত্রী. বি. (অব-গম, গমন, ক্তি) জ্ঞান; বোধ; জ্ঞান সামান্য; ইতি জটাধর। যথা—অবগতি মহোদয়, শত্রু প্রতি কিবা ভয়, ধ্যান করি তব শ্রীচরণ। ইতি কর্ম্মদেবী ৮২ পৃষ্ঠা।

অবগথ, ত্রি. বিণ. (অব-গম, গমন, থ) প্রাতঃস্নাত; প্রাতস্নায়ী; ইতি সিদ্ধান্ত কৌমুদী। প্রত্যুষে স্নাত।

অবগম, পুং. বি. (অব-গম, গমন, অল) জ্ঞান; বোধ; উপলব্ধি; অনুভব; বুদ্ধি; অনুমান।

অবগম্য, ত্রি. বিণ. (অব-গম, গমন, য) জ্ঞেয়; বোধ গম্য; অনুভব যোগ্য; প্রাপ্ত্যুপযুক্ত।

অবগাঢ়, ত্রি. বিণ. (অব-গহ, আতিশয্য, ক্ত) অতিশয় নত; নিম্ন; নাবাল; গভীর; ইতি মেদিনী।

অবগাদ, পুং. বি. (অব-গদ, পাত্র বিশেষ, ঘঞ) জল দ্রোণী; নৌকার জল সেচন কাষ্ঠপাত্র; ইতি ধরণী।

অবগাহ, পুং. বি. (অব-গহ, প্রবেশ, ঘঞ) স্নান; স্নানগৃহ; মজ্জন; প্রবেশ; যথা—তরল সলিলে পশি, কৌমুদিনী পুন অবগাহ দেহ রজোময়; ইতি মেঘনাদবধ কাব্য ৬৬ পৃষ্ঠা।

অবগাহন, ক্লী. বি. (অব-গহ, প্রবেশ, অনট) স্নানকরণ; অবগাহ; নিমজ্জন; প্রবেশন; ডুবদেওন; যথা—অদ্য মহিষেরা, নিপানে অবগাহন করিয়া, নিকম্বেগে জলক্রীড়া করুক; ইতি শকুন্তলা ২৫ পৃষ্ঠা।

অবগীত, ত্রি. বিণ. (অব-গৈ, দর্শন, ক্ত) খ্যাত গর্হণ; নিন্দিত; ইতিঅমর। দৃষ্ট; ইতিমেদিনী। মুহুর্দৃষ্ট; ইতিবিশ্ব) (ক্লী. বি.) নির্ব্বাদ; লোকাপবাদ; ইতি মেদিনী। লোক নিন্দা; ইতি অমরকোষ।

অবগুণ্ঠন, ক্লী. বি. (অব-গুঠ, ঘোমটা, অনট) স্ত্রীলোকের মুখাবরণক; মুখাবরণ; ভক্ষণ; রোচক; সন্ধান; ঘোমটা; ইতি বাজনির্ঘণ্ট। যথা—কন্যা অবগুণ্ঠন মধ্যে থাকিয়া উত্তর করিলেন ইতি সেক্সপিয়র ১১৯ পৃষ্ঠা।

অবগুণ্ঠিকা, স্ত্রী. বি. (অব-গুঠ, ঘোমটা, ইক-আ) মুখাবরণ; ঘোমটা; আবরণ; মুখাচ্ছাদন।

অবগুণ্ঠিত, ত্রি. বিণ. (অব-গুঠ, ঘোমটা, ক্ত) আবৃত; ঘোমটা দেওয়া; যাহার মুখ ঢাকা আছে; যথা—পার্শ্বস্থ অতিক্রান্ত সৌধাবলীকে তিমিরাবগুণ্ঠিত দেখিয়া ইতি রঘুবংশ ৪৫ পৃষ্ঠা।

অবগুণ্ডিত, ত্রি. বিণ. (অব-গুড, চূর্ণ, ক্ত) চূর্ণিত; গুঁড়া; পেষিত; ধূলা; চুর্ণা; ইতি বিশ্ব।

অবগোচর, ত্রি. বিণ. (অব-গো-চর, দর্শন, অল) অর্দ্ধদৃষ্ট; ঈষদবলোকিত; কটাক্ষেদেখা; আড়েদেখা।

অবগোরণ, ক্লী. বি. (অব গুর, তোলন, অনট) উত্তোলন; উর্দ্ধকরণ; উঠান; উপরে তোলন।

অবগ্রন্থন, ক্লী. বি. (অব-গ্রন্থ, গাথন, অনট) মন্দরচনা; কদর্য্যগাঁথা; জঘন্য বিন্যাস; হেয়রচনা।

অবগ্রহ, পুং. বি. (অব-গ্রহ, গ্রহণ, অল) অনাবৃষ্টি; বহুকাল অবর্ষণ; শাপবাক্য, বাধা; নিগ্রহ;।

অবগ্রাহ, পুং. বি. (অব-গ্রহ, গ্রহণ, ঘঞ) অনাবৃষ্টি; বাধা; নিগ্রহ; অভিশাপ; বর্ষণাভাব; ইতি অমর।

অবগ্রহণ, ক্লী. বি. (অব-গ্রহ, গ্রহণ, অনট) প্রতিবন্ধ; অসম্মান; অনাদর; সম্বর্দ্ধনা নহে; ইতি বিশ্ব।

অবঘাত, পুং. বি. (অব-হন, বধ, ক্ত) অপঘাত; অপমৃত্যু; রজ্জু বন্ধনাদি দ্বারামৃত্যু; ইতি অমরকোষ।

অবঘূর্ণ, ক্লী. বি. (অব-ঘূ, ঘূরণ, ক্ত) ঘূর্ণজল; জলভ্রমি; জলের আবর্ত্ত; ঘোরা জল।

অবঘ্রাণ, ক্লী. বি. (অব-ঘ্রা, গন্ধ, অনট) কুৎসিতগন্ধ; চুম্বন; পূতিগন্ধ; দুর্গন্ধ; পচাগন্ধ; অবকৃষ্ট গন্ধ।

অবচয়ন, ক্লী. বি. (অব-চি, চয়ন, অনট) সংগ্রহকরণ;

তোলন ; আহরন ; যথা—যখন আমার বিনির্ম্মুক্ত শর সমূহ যুবকগনের উত্তমাঙ্গ অবচয়ন করিবে ; ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৮৮ পৃষ্ঠা।

অবচক্কর, ত্রি. বিণ. (অবচস্-কৃ, করণ, অল) অবচনস্থ ; কথারঅবাধ্য ; যে কোন কথা শোনেনা।

অবচিত, ত্রি. বিণ. (অব-চি, আহরণ, অল) চয়নকরা ; আহরণকরা ; তোলা ; আনা ; সঞ্চয় করা।

অবচূড়া, স্ত্রী. বি. (অব-চূড়, দ্রব্যবিশেষ, অল-আ) মালা ; কণ্ঠাভরণ ; গলার আভরণ ; ইতি জটাধর।

অবচূর্ণ, পু. বি. (অব-চূ. গুঁড়া, ক্ত) সূক্ষ্মচূর্ণনহে ; মোটাগুঁড়া ; যে গুঁড়া অত্যন্ত সরু নয়।

অবচূর্ণিত, ত্রি. বিণ. (অব চূ, গুঁড়া, ক্ত) চূর্ণীকৃতদ্রব্য ; গুঁড়াকরা ; অবধ্বস্ত ; ইতি অমরকোষ।

অবচূল, পু. বি. (অব-চূল, বস্ত্রবিশেষ, ক) ধ্বজাগ্রবদ্ধাধোমুখবস্ত্র ; ধ্বজার অগ্রভাগেরবস্ত্রযাহাঅধোমুখহইয়া থাকে ; পতাকা ; ইতি হেমচন্দ্র। নিশান।

অবচূলক, ক্লী. বি. (অব-চূল, কেশবিশেষ, অক) চামর ; ইতি মেদিনী। কেশবিশেষ ; ইতি অমর।

অবচেষ্টা, স্ত্রী. বি. (অব-চেষ্ট, অনুসন্ধান, ঙ-আ) মন্দচেষ্টা ; অনাড়িপনা ; কুৎসিত যত্ন ; মন্দ উপায়।

অবচ্ছিন্ন, ত্রি. বিণ. (অব-ছিদ, ছেদ, ক্ত) অবচ্ছেদকতানিরূপক ; বিশিষ্ট ; সীমাবদ্ধ ; সাবধি ; যুক্ত।

অবচ্ছুরিত, ক্লী. বি. (অব-ছুর, ধ্বনি, ক্ত) মহাহাস্য ; ঘোটকেরশব্দ ; ইতি অমরকোষটীকা। অত্যন্ত হাসি।

অবচ্ছেদ, পু. বি, (অব-ছিদ, ছেদ, অল) পরিচ্ছেদ ; একদেশ ; বিশেষণত্ব ; সীমা ; পর্য্যন্ত ; খণ্ড ; ।

অবচ্ছেদাবচ্ছেদ, পু. বি. (অবচ্ছেদ-অব-ছিদ, ছেদ, অল) ব্যাপকত্ব ; সমস্ত ; সাকল্য ; সমূহ ; সম্পূর্ণ।

অবজীর্ণ, ত্রি. বিণ. (অব-জৄ, জরা, ক্ত) অতিবৃদ্ধ ; বহুপ্রাচীন ; অত্যন্ত পুরাতন ; যাহা অতিশয় পুরাণ।

অবজ্ঞা, স্ত্রী. বি. (অব-জ্ঞা, বোধ, ঙ) হেয়জ্ঞান ; অনাদর ; তাচ্ছল্য ; অবহেলা ; তিরস্কার ; অবমান ; উপেক্ষা ; অমান্যকরণ ; ইতি অমরকোষ। যথা—আপনারে মন্দবুদ্ধি বলিয়া অবজ্ঞা করিবেন, ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩৯ পৃষ্ঠা।

অবজ্ঞাত, ত্রি. বিণ. (অব-জ্ঞা, বোধ, ক্ত) অনাদৃত ; উপেক্ষিত ; অবমানিত ; তিরস্কৃত ; ইতি অকরকোষ। যথা—তাঁহারে কদাপি অনুতাপিত বা জনসমাজে অবজ্ঞাত হইতে হয় না। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৪৭ পৃষ্ঠা।

অবজ্ঞান, ক্লী. বি. (অব-জ্ঞা, বোধ, অনট) হেয়জ্ঞান ; ঘৃণা ; অবজ্ঞা ; অশ্রদ্ধা ; অভক্তি ; জঘন্য জ্ঞান।

অবট, পু. স্ত্রী. বি. (অ-বট, ছিদ্রবিশেষ, অল) খিল ; গর্ত্ত ; গহ্বর ; কূপ, ছিদ্র ; ইতি অমরকোষ।

অবটীট, ত্রি. বিণ. (অবটি-ইট, নিম্নতা, অল) নতনাসিক ; খাঁদা ; ছেপড়ানেকো ; যাহারনাক বসা।

অবটু, পু. স্ত্রী. বি. (অবট-অঙ্গবিশেষ, উ) গ্রীবারপশ্চাৎভাগ ; ঘাড় ; ইতি অমরকোষ। ঘাড়ের পেছন। কূপ ; গর্ত্ত ; ছিদ্র ; ইতি হেমচন্দ্র। বৃক্ষভেদ।

অবডঙ্গ, পু. বি. (অবডং-গম, গমন, ড) হট্ট ; হাট ; বাজার ; ইতি জটাধর। বিপণি ; ইতি বিশ্ব।

অবডীন, ক্লী. বি. (অব-ডী, উড্‌ডয়ন, ক্ত) পক্ষিদিগের নিম্নভাগে গমন ; পক্ষির নিম্ন দিকে উড়ন।

অবতংস, পু. ক্লী. বি. (অব-তন্‌স, ভূষণবিশেষ, অল) কর্ণভূষণ ; কিরীট ; কর্ণালঙ্কার ; শিরোভূষণ ; শেখর ; যথা—কে পারে হিংসিতে রঘুবংশ অবতংসে এ তিন ভুবনে ইতি মেঘনাদবধ কাব্য ১০৯ পৃষ্ঠা।

অবততি, স্ত্রী. বি. (অব-তন, বহু, ক্তি) সংহতি ; সমূহ ; বহু ; অনেক ; সকল ; ইতি অমরকোষ।

অবতমস, ক্লী. বি. [অব-তমস, অন্ধকার, অ] অল্পঅন্ধকার ; ইতি অমরকোষ। ঘোর অন্ধকার নয়।

অবতর, পু. বি. (অব তৃ, তরণ, অল) অবরোহণ ; নামন ; প্রবেশ ; উৎপত্তি ; অবতীর্ণ।

অবতরন ক্লী. বি. (অব-তৃ, তরণ, অনট) নামন ; প্রবেশ ; উৎপত্তি ; অবরোহণ ; যথা—অতি প্রত্যুষে নৌকা হইতে অবতরন পূর্ব্বক ইতিরোসাবতী ৬৫পৃষ্ঠা।

অবতরণিকা, স্ত্রী. বি. (অব-তৃ, তরন, অনট-ইক-আ) আভাস ; ভূমিকা ; মুখবন্ধ ; অভিপ্রায় ইতি জটাধর।

অবতান, ক্লী. বি. (অব-তন, আচ্ছাদন, ঘঞ) চন্দ্রাতপ ; চাঁদনি ; সামিয়ানা ; আচ্ছাদন বিশেষ।

অবতার, পু. বি. (অব-তৃ, তরণ, ঘঞ) অবতরণ ; পুষ্করিণ্যাদি ; তীর্থ ; ইতিমেদিনী। উৎপত্তি ; স্বর্গাদিহইতে মনুষ্য লোকে দেবাদির আবির্ভাব ; দেহান্তরধারণ ; দেবতার মনুষ্যরূপে প্রকাশ ; যথা-বিষ্ণুর ১০ অবতার - ১ মৎস্য, - ২ কূর্ম্ম, - ৩ বরাহ, - ৪ নৃসিংহ, - ৫ বামন, - ৬ পরশুরাম, - ৭ রামচন্দ্র,

৮ কৃষ্ণ, - ৯ বুদ্ধ, - ১০ কল্কী। ইতি অমরকোষ।

অবতারণ, ক্লী. বি. (অব-তৄ, তরণ, ণি-অনট) ভূত-দিগ্ধ্হ; বস্ত্রাঞ্চল; অর্চ্চন; ইতি বিশ্ব। নামান; যথা—কন্যাটীকে স্বক্রোড় হইতে অবতারণ পুরঃসর ইতি সেক্‌সপিয়র ৮০ পৃষ্ঠা।

দৈত্যের বাসস্থান বিশেষ; মন্ত্রপ্রাপ্ত; পাইড়; পূজা।

অবতারণিকা স্ত্রী. বি. (অব-তৄ, তরণ, অনট-ইকআ) নৌকা; সংগৃহীতবচন; আভাস; ভূমিকা।

অবতীর্ণ, ত্রি. বিণ. (অব-তৄ, তরণ, ক্ত) অবতরণবিশিষ্ট; প্রাদুর্ভূত; পৃথিবীতেআবির্ভূত; অপনীত; উচ্চ হইতে নীচে আগত; অবরূঢ়; যথা—অতএব তুমি রথ স্থির কর, আমি এই স্থানেই অবতীর্ণ হইতেছি ইতি শকুন্তলা ৮৮ পৃষ্ঠা।

অবথব, ত্রি. বিণ. (অব-থব, বলহীনতা, অল,) বলহীন; অসমর্থ; ক্ষীণ; অক্ষম; অশক্ত।

অবদংশ, পুং. বি. (অব-দন্‌শ, দংশন, অল) সুস্বাদবস্তু; সুরাপান সময়ে রুচিজনক চর্ব্বণদ্রব্যাদি; গজর।

অবদলন, ক্লী. বি. (অব-দল, দলন, অনট) মর্দ্দন; মাড়ান; নিষ্পীড়ন; পেষণ; চূর্ণন; ইতি অমরকোষ।

অবদাত, পুং. বি. (অব-দৈ, বর্ণ, ক্ত) শ্বেতবর্ণ; পীতবর্ণ; ইতিঅমরকোষ। (ত্রি. বিণ.) শুক্ল গুণবিশিষ্ট; পীতবর্ণযুক্ত; নির্ম্মল; মনোজ্ঞ; সুন্দর; ইতি হেমচন্দ্র। যথা—রাজা রঘুনাথ, গুণে অবদাত, রসিক মাঝে সুজন। ইতি কবিকঙ্কন চণ্ডী ৭৫ পৃষ্ঠা।

অবদান, ক্লী. বি. (অব-দা, দান, অনট) সম্পাদিতকর্ম্ম; মনোনীত ব্যবসায়; ছেদ; পরাক্রম; উৎসর্গ; নিবেদন; কুৎসিতদান; জঘন্য দান; দেওয়া।

অবদারণ, ক্লী. বি. (অব-দৄ, দারণ, অনট) খনিত্র; খননাস্ত্র; কোদালি; খন্তা; শাবলপ্রভৃতি; খনন।

অবদীর্ণ, ত্রি. বিণ. (অব-দৄ, বিদারণ, ক্ত) গলিত; দ্রবীভূত; দ্রুত; ইতিঅমরকোষ। বিদারিত; স্ফুটিত।

অবদূন, ত্রি. বিণ. (অব-দূ, শোক, উন) তাপিত; শোকাতুর; খেদিত; বিষাদযুক্ত; শোকবিশিষ্ট।

অবদোহ, পুং. বি. (অব-দুহ, দোহন, অল) দুগ্ধ; যাহা দোহন করা হইয়াছে; ইতি শব্দরত্নাবলী।

অবদ্ধ, ত্রি. বিণ. (অ-বধ, বন্ধন, ক্ত) প্রকৃতানুপযোগি বচন; সমুদায়ার্থ শূন্য বাক্য; অনর্থক কথা; ইতি অমরকোষ। বন্ধন শূন্য; অনিযন্ত্রিত; অনর্গল।

অবদ্ধমুখ, ত্রি. বিণ. (অবদ্ধ-মুখ, কথন, ক) অপ্রিয়বাদী; দুর্ম্মুখ; ইতি অমর কোষ। যে কটু বাক্য বলে।

অবদ্য, ত্রি. বিণ. (অ-বদ, বাক্য, য) অধম; কুৎসিত; গর্হিত; নিকৃষ্ট; নীচ; হীন; নিন্দনীয়; (ক্লী. বি.) অনিষ্ট; দোষ; ইতি বোপদেব। পাপ।

অবদ্যোত, ত্রি. বিণ. (অব-দ্যুত, দীপ্তি, অল) ঈষদুজ্জ্বল; কিঞ্চিৎ দীপ্তি; যথাকথঞ্চিৎ তেজোবান।

অবদ্রুত, ত্রি. বিণ. (অব-দ্রু, গমন, ক্ত) পলায়িত; পলায়ন কারী; যে ব্যক্তি পলায়ন করিয়াছে।

অবধান, ক্লী. বি. (অব-ধা, অবধান, অনট) মনোযোগ; সমাধান; প্রণিধান; অভিনিবেশ; ইতি হেমচন্দ্র। যথা—অবধান হোক বলি নমস্কার করে। ইতি ভারতচন্দ্র ২৩৪ পৃষ্ঠা।

অবধারণ, ক্লী. বি. (অব-ধৃ, ধারণ, অনট) নিশ্চয়; স্থিরীকরণ; যথা—যোদ্ধারা ইহার কিছুই অবধারণ করিতে পারিলেননা। ইতিমহাভারতশল্যপর্ব্ব ৩৩পৃষ্ঠা।

অবধারিত, ত্রি. বিণ. (অব-ধৃ, ধারণ, ক্ত) নির্ণীত; স্থিরীকৃত; নির্দ্দিষ্ট; নিশ্চিত; যথা—এবিষয় অবধারিত করিতে পারা যায় না ইতি বাহ্যবস্তু ৯৫ পৃষ্ঠা।

অবধার্য্য, ত্রি. বিণ. (অব-ধৃ, ধারণ, য) নির্ধার্য্য; নিশ্চয়; অবধারণীয়; স্থির করণের উপযুক্ত।

অবধি, পুং. বি. (অব-ধা, ধারণ, কি) অবধান; সীমা; কাল; বিল; পর্য্যন্ত; ছেদ; সময়; গর্ত্ত; অবসান; যথা—ক্রমে এক সীমা অবধি সীমান্তর পর্য্যন্ত ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৯২ পৃষ্ঠা।

অবধীরণ, ক্লী. স্ত্রী. বি. (অব-ধূ, ধারণ, অনট) অবজ্ঞা; হেয় জ্ঞান; তুচ্ছজ্ঞান; ঘৃণাজনক জ্ঞান।

অবধীরিত, ত্রি. বিণ. (অব-ধূ, ধারণ, ক্ত) অবজ্ঞাত; অনাদৃত; তুচ্ছীকৃত; ঘৃণিত; ইতি বিশ্ব।

অবধুত, ত্রি. বিণ. (অব-ধু, কম্পন, ক্ত) কম্পিত; অভিভূত; কম্পায়মান; ত্যক্ত; তিরস্কৃত; নিরস্ত।

অবধূক, ত্রি. বিণ. (অ-বধূ, স্ত্রী, কন্) স্ত্রীবিহীন; অবিবাহিত, যাহার বিবাহ হয় নাই; বধূশূন্য।

অবধূত, ত্রি. বিণ. (অব-ধূ, পরিষ্কার, ক্ত) বর্জ্জিত; পরিষ্কৃত; (পুং. বি.) উদাসীন; যোগী; সন্ন্যাসী; যথা—অবধূত জটাভস্মধারী সারি সারি। ইতি ভারতচন্দ্র ৩৩৭ পৃষ্ঠা।

অবধ্য, ত্রি. বিণ. (অ-বধ, মারণ, য) মারণার্হ; বধা-

যোগ্য ; অনর্থকবাক্য ; প্রাণদণ্ডের অনুপযুক্ত ; যথা— অরণ্যগজ রাজাদিগের অবধ্য, ইতিরঘুবংশ ৩৫পৃষ্ঠা।

অবধ্বংস, পু. বি. (অব-ধ্বন্‌স, নিন্দা, অল) পরিত্যাগ ; নিন্দন ; অবচূর্ণন ; ইতিমেদিনী। গুঁড়াকরণ।

অবধ্বস্ত, ত্রি. বিণ. (অব-ধ্বন্‌স, নিন্দা, ক্ত) পরিত্যাগ ; নিন্দিত ; অবচূর্ণিত ; ইতি মেদিনী। যাহা ত্যক্ত।

অবন, ক্লী. বি. (অব, গমন, অনট) প্রীণন ; ইতি অমর কোষ। রক্ষণ ; ইতি হেমচন্দ্র। গমন ; স্পৃহা ; তর্পণ ; শোভন ; শ্রবণ ; প্রাপ্তি ; আলিঙ্গন ; যাচন ; প্রবেশন ; সত্তা ; বৃদ্ধি ; গ্রহণ ; বধ ; শক্তি ; অবগমন ; কাম ; করণ ; তৃপ্তি ; পালন ; বেগগতি।

অবনত, ত্রি. বিণ. (অব-নম, নমন, ক্ত) নম্র ; যথা—সহকারও ফলভরে অবনত হইয়া রহিয়াছে, ইতি শকুন্তলা ৭ পৃষ্ঠা।

নতভাগ ; নোয়া ; অবাগ্র ; আনত ; নম্রীভূত ; (স্ত্রী.) নম্রীভূতা ; যথা—যৌবনেতে অবনতা, হয়েছেন গিরিসুতা, নিতম্বে বকুলমালাতায়। ইতিকুমারসম্ভব৩৭পৃষ্ঠা।

অবনতি, স্ত্রী. বি. (অব-নম, নমন, ক্তি) প্রহ্বীভবন ; নমন ; প্রণাম ; নমস্কার ; করশিরঃসংযোগ ;

অবনদ্ধ, ত্রি. বিণ. (অব-নদ, বাদ্য বিশেষ, ক্ত) প্রত্যুপ্ত ; বসান ; বদ্ধ ; (ক্লী. বি.) মৃদঙ্গাদি বাদ্য ; ঢক্কা ; বসন ভূষণ পরিধান ; সুসজ্জীভূত হওয়া।

অবনয়, পু. বি. (অব-নী, পতন, অল) নিপাতন ; অধঃপাতন ; নীচে পড়া ; অধোগমন।

অবনর্দ্দন, ক্লী. বি. (অব-নর্দ্দ, শব্দ, অনট) কুৎসিত শব্দ ; নিন্দিত ধ্বনি ; ঘৃণিত রব ; মন্দ শব্দ।

অবনাট, ত্রি. বিণ. (অব-নট, অঙ্গাদি, ঘঞ) নতনাসিক ; খাঁদা ; যাহার ছেপড়া নাক ; ইতি অমর।

অবনায়, পু. বি. (অব-নী, গমন, ঘঞ) অবনয় ; অধোনয়ন ; অনৈক্য ; অমিল ; অপ্রণয় ; নীচে ফেলান।

অবনাহ, পু. বি. (অব-নহ, অস্ত্রাদি, ঘঞ) কুৎসিতরূপে অস্ত্রাদি সজ্জা করণ ; নিন্দিত অস্ত্রাদি।

অবনি, স্ত্রী. বি. (অব, জগৎ, অন্-ই) পৃথিবী ; ভূমি।

অবনী, স্ত্রী. বি. (অব, জগৎ, অন্-ঈ) পৃথ্বী ; মেদিনী ; যথা—অবনীমণ্ডল যে একবারেই সম্পূর্ণ সুখোৎপাদক, ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ ৭ পৃষ্ঠা।

অবনীপতি, পু. বি. (অবনী-পা, রক্ষণ, ক্তি) ভূপতি ; রাজা ; ইতি জটাধর। যে অধিকারকে পালন করে।

অবনীপাল, পু. বি. (অবনী-পাল, পালন, অল) ভূপতি ; রাজা ; দেশাধিপতি ; অবনী রক্ষক।

অবনেজন, ক্লী. বি. (অব-নিজ, পরিষ্কার, অনট) ধৌতকরণ ; পরিষ্কার করণ ; নির্ম্মলকরণ ; শুদ্ধকরণ।

অবন্তি, পু. বি. (অবন, মিলন, তি) অবনায় ; অনৈক্য ; অমিল ; অবন্তীদেশ ; ইতি হেমচন্দ্র। নদী বিশেষ ; ইতি উনাদি কোষ। (স্ত্রী.) উজ্জয়িনী নগরী।

অবন্তিকা, স্ত্রী. বি. [অবন্তিক, নগর, আ] উজ্জয়নী নগরী ; মোক্ষদায়িকা নগরী ; ইতি স্কন্দ পুরাণ।

অবন্তিসোম, ক্লী. বি. (অবন্তি-সোম, দ্রব্য বিশেষ, অল) কাঞ্জিকা ; কাঁজি ; ইতি অমরকোষ।

অবন্তী, স্ত্রী. বি. (অবন, স্থান বিশেষ, তি-ঈ) মালব দেশের নগরী ; উজ্জয়নী ; বিশালা ; পুষ্করণিনী। ইতি হেমচন্দ্র। দেবীবিশেষ ; যথা—নম্রকর্ণ ভৈরব অবন্তী দেবী তায়। ইতি ভারতচন্দ্র ৪৫ পৃষ্ঠা।

অবন্দ্য, ত্রি. বিণ. (অ-বন্দ, বন্দনা, য) অপূজ্য ; বন্দনীয় নহে ; প্রণামের অযোগ্য ; সমাদরের যোগ্যনয়।

অবন্ধ্য, ত্রি. বিণ. (অ-বন্ধ, সফলতা, য) সফল ; ফলবান ; অমোঘ ফলোদয় ; যে বন্ধ্যা নহে ; ইতি অমর।

অবপক্ষ, ত্রি. বিণ. (অব-পক্ষ, অর্থশূন্য, অল) নিরর্থক ; পক্ষপাতী ; যাহার কোন অর্থ নাই ; সপক্ষ।

অবপাত, পু. বি. (অব-পত, পতন, ঘঞ) রন্ধ্র ; গর্ত্ত ; হস্তিধারণার্থ তৃণাদিচ্ছন্ন গর্ত্ত ; অধঃ পতন।

অবপাল, ত্রি. বিণ. (অব-পাল, রক্ষণ, অল) রক্ষক হীন ; পালক রহিত ; যে দেশে রাজা নাই।

অবপালন, ক্লী. বি. (অব-পাল, পালন, অনট) অপালন ; অরক্ষণ ; পালনাভাব ; ভরণপোষণাভাব।

অববাদ, পু. বি. (অব-বদ, বাক্য, ঘঞ) নিন্দা ; অপযশঃ ; অখ্যাতি ; বিশ্বাস ; আজ্ঞা ; ইতি মেদিনী।

অববৃত ত্রি. বিণ. (অব-বৃ, আবরণ, ক্ত) আচ্ছাদিত ; আবৃত ; বেষ্টিত ; কৃতবেষ্টন ; রুদ্ধ ; ঘেরা।

অববেষ্টন, ক্লী. বি. (অব-বেষ্ট, বেষ্টন, অনট) আচ্ছাদন ; আবরণ ; ঘেরণ ; বেষ্টন ; ইতি হেমচন্দ্র।

অববোধ, পু. বি. (অব-বুধ, বোধ, অল) পরিজ্ঞান ; নিন্দিতবুদ্ধি ; মতিভ্রম ; জ্ঞান ; সর্ব্বতোভাবে অবগতি।

অবভান, ক্লী. বি. (অব-ভা, অল্পজ্ঞান, অনট) অবভাস ; ঈষৎজ্ঞান ; অন্য প্রকার জ্ঞান ; প্রকাশ ; স্ফুরণ ; সাক্ষাৎকার ; যথাকথঞ্চিৎ বোধ।

অবভৃথ, পু. বি. (অব-ভৃ, যজ্ঞ, থ) দীক্ষান্ত যজ্ঞ; য-জ্ঞীয় জলে স্নান; শুদ্ধ জলে স্নান; ইতি অমরকোষ।

অবভ্রট, ত্রি. বিণ. (অব-ভ্রংশ, অঙ্গ বৈলক্ষণ্য, অ) নত নাসিক ব্যক্তি; খাঁদা; ইতি অমর কোষ।

অবম, ক্লী. বি. (অব, নিন্দা, ম) যে দিনকে তিন তিথি স্পর্শ করে; (ত্রি. বিণ.) অধম; নিন্দিত।

অবমত, ত্রি. বিণ. (অব-মন, অনাদর, ক্ত) অনাদৃত; অবজ্ঞাত; অবমানিত; ইতি অমর কোষ।

অবমতি, পু. বি. (অব-মন, প্রভুত্ব, ক্তি) স্বামী; ঈশ্বর; প্রভু; নেতা; (স্ত্রী) হেয়জ্ঞান; অবজ্ঞা।

অবমর্দ্দন, ক্লী. বি. (অব-মর্দ্দ, মর্দ্দন, অনট) পীড়ন; ব্যথন; দলন; ইতি অমর। শক্র নগরাদির উচ্ছেদ।

অবমান, ক্লী. বি. (অব-মান, মর্য্যাদা, অল) অপমান; অমর্য্যাদা; অপযশঃ; দুর্নাম; অনাদর; অসম্ভ্রম।

অবমাননা, স্ত্রী. বি. (অব-মান, মর্য্যাদা, অন আ) অবজ্ঞা; অনাদর; অপমান; ইতি অমর কোষ। যথা—আমার নিমিত্তই তাঁহার সেই অবমাননা ঘটিয়াছিল। ইতি টেলিমেকস ৫৫ পৃষ্ঠা।

অবমানিত, ত্রি. বিণ. (অব-মান, মর্য্যাদা ক্ত) কৃতাপমান; অবজ্ঞাত; অনাদৃত; অপমান গ্রস্ত।

অবমূর্দ্ধ, ত্রি. বিণ. (অব-মূর্দ্ধা, মস্তক, ড) অধঃশিরা; অধোমস্তক; নিম্ন মস্তক; যাহার নীচু দিকে মাতা।

অবমৃষ্ট, ত্রি. বিণ. (অব-মৃশ, ভ্রষ্ট, ক্ত) ভ্রষ্ট; নষ্ট; মর্দ্দিত; পতিত; দুষ্ট; ধূর্ত্ত; পেষিত; দলিত।

অবমোচন, ক্লী. বি. (অব-মুচ, মোচন, অনট) পরিত্যাগ; ছাড়িয়া দেওয়া; মুক্তকরণ; ইতি মেদিনী।

অবয়ব, পু. বি. (অব-যু, অঙ্গাদি, অল) অঙ্গ; যথা—ঐ যুবার অবয়বে ইউলিসিসের সম্পূর্ণ সাদৃশ্য লক্ষিত করিলেন। ইতি টেলিমেকস ৬ পৃষ্ঠ।

হস্ত পদাদি; অংশ; ইতি অমরকোষ। অঙ্গাংশ।

অবয়বী, ত্রি. বিণ. (অব-যু, অঙ্গাদি, ইন্) অঙ্গী; হস্তপদাদি বিশিষ্ট; যাহার অবয়ব আছে।

অবর, ত্রি. বিণ. (অ-বর, শ্রেষ্ঠ, অল) চরম; কনিষ্ঠ; অশ্রেষ্ঠ; নিকৃষ্ট; মন্দ; ক্ষুদ্র; ইতি মেদিনী।

অবরজ, পু. বি. (অবর-জন, জনন, ড) কনিষ্ঠ ভ্রাতা; অনুজ; অনুজাত; পশ্চাৎ জাত; শেষে জাত।

অবরত, ব্য. (অব-রম, বিরাম, ক্ত) চরম; (ক্রিবিণ.) পরে; পশ্চাতে; (ত্রি. বিণ.) নিরত; বিরত।

অবরতি, স্ত্রী. বি. (অব-রম, বিরাম, ক্তি) বিরাম; নিবৃত্তি; ইতি অমরকোষ। বিরতি; বিশ্রাম; ত্যাগ।

অবরবর্ণ, পু. স্ত্রী. বি. (অবর-বর্ণ, জাতি, অল) শূদ্র; চতুর্থবর্ণ; নীচবর্ণ; শ্রেষ্ঠ জাতি নহে; বর্ণ শঙ্কর।

অবরব্রত, পু. বি. (অবর-ব্রত, তেজঃ, অল) সূর্য্য।

অবরস, ত্রি. বিণ. (অব-রস, স্বাদু, অল) বিরস; কুস্বাদু; পানসা; রস শূন্য; শুষ্ক; রস হীন।

অবরস্তাৎ, ব্য. [অবর, অশ্রেষ্ঠ, স্তাৎ] পশ্চাৎ; চরম।

অবরা, স্ত্রী. বি. (অ-বর, শ্রেষ্ঠ, ঙ-আ) দুর্গা; ভগবতী।

অবরার্দ্ধ্য, ত্রি. বিণ. (অবর-অর্দ্ধ, অর্দ্ধাংশ, য) অবরার্দ্ধভব; শেষার্দ্ধজাত; ইতি কেচিৎ। শেষজাত।

অবরীন, ত্রি. বিণ. (অবর-ঈন, নিন্দা, অল) ধিক্কৃত; তিরস্কৃত; নিন্দিত; ইতি অমরকোষ। কুৎসিত।

অবরুগ্ন, ত্রি. বিণ. (অব-রুজ, রোগ, ক্ত) ভগ্ন; ভাঙ্গা।

অবরুদ্ধ, ত্রি. বিণ. (অব-রুধ, রোধ, ক্ত) অবরোধবিশিষ্ট; বদ্ধ; যথা—ক্রমাগত দশবৎসর অবরুদ্ধ রাখিয়া ইতি টেলিমেকস ৮ পৃষ্ঠা।

অবরোধ, পু. বি. (অব-রুধ, রোধ, অল) তিরোধান; রাজস্ত্রীগৃহ; রাজগৃহ; ইতি হেমচন্দ্র। রাজদারা; ইতি মেদিনী। অন্তঃপুর; অন্তঃপুরস্ত্রী; প্রতিবন্ধ; আটক; রুদ্ধ; যথা—চতুরঙ্গ বল সাহায্যে তাহাদিগকে অবরোধ করিয়া ইতি মহাভারত শল্যপর্ব্ব ৬ পৃষ্ঠা।

অবরোধক, ত্রি. বিণ. (অব-রুধ, রোধ, ণক) রোধকারক; অবরোধকর্ত্তা; যেরুদ্ধকরে; যে বদ্ধ করে।

অবরোধন, ক্লী. বি. (অব-রুধ, রোধ, অনট) রাজান্তঃপুর; রোধকরণ; ইতি অমরকোষ। বদ্ধকরণ।

অবরোধিক, পু. বি. (অব-রুধ, রোধ, ণিক) রাজার অন্তঃপুরাধ্যক্ষ; অন্তঃপুরের কর্ত্তা; ইতি হেমচন্দ্র।

অবরোহ, পু. বি. (অব-রুহ, অবরোহণ, অল) অবতরণ; নীচেআগমন; নামান; পরিত্যাগ; রোহণ; লতোদ্গম; ইতি মেদিনী। নীচু দিকে আসা।

অবরোহণ, ক্লী. বি. (অব-রুহ, নামন, অনট) অবতরণ; নীচেআগমন; যথা—প্রাসাদ হইতে অবরোহণ করিবার উপক্রম করিতেছি ইতি কাদম্বরী ৬১ পৃষ্ঠা।

অবরোহী, পু. বি. (অব-রুহ, অবরোহণ, ণিন্) বটবৃক্ষ; অবতরণ বিশিষ্ট; নিম্ন গন্তা।

অবর্ণ, পু. বি. (অ-বর্ণ, রং, অল) নিন্দা; পরীবাদ;

অযশঃ ; অ অক্ষর ; অকার ; (ত্রি . বিণ .) বর্ণহীন ; যার রং নাই ; নীচজাতি ; ইতি ধরণী । বর্ণাভাব ।

অবর্ত্তমান , ত্রি . বিণ . (অ-বৃত , বর্ত্তন , শান) অভাব ; অনুপস্থিত ; মৃত্যু ; যে ব্যক্তি নাই ; যাহা নাই ।

অবল , ত্রি . বিণ . (অ-বল , শক্তি , অল) বলরহিত ; দুর্ব্বল ; ক্ষীণ ; অশক্ত ; (পু . বি .) বরুণবৃক্ষ ; ।

অবলগ্ন , পু . ক্লী . বি . (অব-লস্‌জ , সংযোগ , ক্ত) কটিদেশ ; কাঁকালি ; মধ্যদেশ ; মাজা ; (ত্রি , বিণ .) সংলগ্ন ; সংযুক্ত ; ইতিমেদিনী । মিলিত ; ইতিকেচিৎ ।

অবলজ্জা , স্ত্রী . বি . (অব-লস্‌জ , লজ্জা , ঙ-আ) ঈষৎ-লজ্জা ; অল্পলজ্জা ; কথঞ্চিৎ অন্তঃকরণের বৃত্তিভেদ ।

অবলম্ব , পু . বি . (অব-লম্ব , আশ্রয় , অল) আশ্রয় ; শরণ , যাহাতে ঝুলিয়াথাকে ; যাহার শরণাগত হয় ।

অবলম্বন , ক্লী . বি . (অব-লম্ব , আশ্রয় , অনট) গ্রহণ ; স্থাপন ; যাহাতেঝুলিয়াথাকে ; ঠেস্ ; আশ্রয় ; যথা—নদীতীরবর্ত্তী বেতস যে কুব্জভাব অবলম্বন করে সে কি স্বেচ্ছাবশতঃ ইতি শকুন্তলা ২২ পৃষ্ঠা ।

অবলম্বনীয় , ত্রি . বিণ . (অব-লম্ব , আশ্রয় , অনীয়) অবলম্বনোপ যুক্ত ; আশ্রয় যোগ্য ; শরণোপযুক্ত ।

অবলম্বিত , ত্রি . বিণ . (অব-লম্ব , আশ্রয় , ক্ত) অবিলম্বিত ; শীঘ্র ; ইতিজটাধর ; অধোলম্বায়মান ; কৃতাবলম্বন ; আশ্রিত ; শরনাগত ; ধৃত ; গৃহীত ; অধীন ।

অবলক্ষ , পু . বি . (অব-লক্ষ , বর্ণবিশেষ , অল) শ্বেত-বর্ণ ; শাদারং ; ইতিঅমর । (ত্রি . বিণ .) নিরীক্ষণ ।

অবলা , স্ত্রী . বি . (অ-বল , শক্তি , ঙ-আ) নায়িকা ; স্ত্রী-লোক ; নারী ; বলহীনা ; দুর্ব্বলা ; যথা—ধিক্ এ সংসারে , ধিক্ বিধাতারে , অবলারে দেহ ক্লেশ । ইতি কুমারসম্ভব ৫১ পৃষ্ঠা ।

অবলাঞ্ছন , ক্লী . বি . (অব-লাঞ্ছ , চিহ্ন , অনট) অকীর্ত্তি জনকচিহ্ন ; অখ্যাতিরচিহ্ন ; অপবাদসূচক দাগ ।

অবলিপ্ত , ত্রি . বিণ . (অব-লিপ , লেপন , ক্ত) গর্ব্বিত ; প্রলিপ্ত ; লেপিত ; অভ্যাসিত ; ম্রক্ষিত ; দর্পিত ।

অবলিপ্ততা , স্ত্রী . বি . (অব-লিপ লেপন , ক্ত-তা) অহঙ্কার ; গর্ব্ব ; অভিমান ; ইতি হেমচন্দ্র ।

অবলীঢ় , ত্রি . বিণ . (অব-লিহ . লেহন , ক্ত) আস্বাদিত ; চাটিত ; যাহা স্বাদ গ্রহণ করা হইয়াছে ।

অবলীলা , স্ত্রী . বি . (অব-লীল , ক্রীড়ন , ঙ-আ) হেলা ; অনায়াস ; সহজ ; যথা—উড্ডীন বিহগাবলীকেও অবলীলা ক্রমে বাণবিদ্ধ করিতে লাগিলেন । ইতি কাদম্বরী ৩২ পৃষ্ঠা ।

অবলুণ্ঠন , ক্লী . বি . (অব-লুণ্ঠ , লোটন , অনট) লুণ্ঠন ; লোটা ; গড়াগড়ি ; লুণ্ঠিত হওয়া ; ইতি হেমচন্দ্র ।

অবলেপ , পু . বি . (অব-লিপ , লেপন , অল) অহঙ্কার ; লেপন ; ভূষণ ; গর্ব্ব ; বিদ্বেষ ; দূষণ ; অধিক্ষেপ ; প্রলেপ ; ক্ষেপণ ; সঙ্গ ; ম্রক্ষণ ; ইতিমেদিনী । যথা—ত্রিশূল সদৃশ জিহ্বা লুলি অবলেপে ইতি মেঘনাদবধ কাব্য ৭ পৃষ্ঠা ।

অবলেপন , ক্লী . বি . (অব-লিপ , লেপন , অনট) বিলে-পন ; ম্রক্ষণ ; মাখা ; প্রলেপ ; ইতি শব্দরত্নাবলী ।

অবলেহ , পু . বি . (অব-লিহ , লেহন , অল) লেহ্য ; চা-টিবার যোগ্য ; ঔষধ বিশেষ ; অমৃত ; সুধা ।

অবলেহন , ক্লী . বি . (অব-লিহ , লেহন , অনট) লেহন ; জিহ্বাদ্বারা স্বাদন ; চাটন ; । যথা—কুক্কুর হবি নিরীক্ষণ করিবা মাত্রই অবলেহন করিত ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২০ পৃষ্ঠা ।

অবলোকন , ক্লী . বি . (অব-লুচ , লোচন , অনট) দ-র্শন ; আলোচন ; ঈক্ষণ ; দৃষ্টিপাত ; ইতি হেমচন্দ্র । যথা—সৈন্যগণকে ভীমভয়ে ভীত ও পলায়ন পরায়ন অবলোকন করিয়া ইতি মহাভারত শল্য পর্ব্ব ৬ পৃষ্ঠা ।

অবলোকিত , পু . বি . (অব-লুচ , লোচন , ক্ত) লোক-নাথ ; বুদ্ধ ; জৈনমুনি ; (ত্রি . বিণ .) দৃষ্ট ; নিরী-ক্ষিত ; প্রেক্ষিত ; ইতি মেদিনী । যথা—দূর হইতে মাস্তুল সকল জঙ্গলের ন্যায় অবলোকিত হয় । ইতি টেলিমেকস ৭৬ পৃষ্ঠা ।

অবল্কল , ত্রি . বিণ . (অ-বল্কল , ছাল , অল) বল্কল-হীন ; ছালরহিত ; যাহারত্বক নাই ; ইতি জয়রকোষ ।

অবশ , ত্রি . বিণ . (অ-বশ , অধীন , অল) অবশীভূত ; বিবশ ; অবাধ্য ; অনায়ত্ত ; অনধীন ; যথা—শ্রমবা-হুল্য বশতঃ তাহার সর্ব্ব শরীর অবশ হইয়া উঠে । ইতি টেলিমেকস ১৯ পৃষ্ঠা ।

অবশিষ্ট , ত্রি . বিণ . (অব-শিষ্ট , শেষ , ক্ত) অবশেষ ; উদ্বর্ত্ত ; বাকি ; যথা—মহাবল পরাক্রান্ত ধনঞ্জয় অব-শিষ্ট সৈন্যগণকে ইতি মহাভারত শল্যপর্ব্ব ৭ পৃষ্ঠা ।

অবশেষ , পু . বি . (অব-শিষ , শেষ , অল) অন্ত ; শেষ ; বাকী ; অবশিষ্ট ; পরিশেষ ; যথা-কষ্টেঅবশেষ , ভাবি য়া বিশেষ , দেনগিরি অনুমতি । ইতিকুমারসম্ভব৬২পৃষ্ঠা ।

অবশোষণ, ক্লী. বি. (অব-শুষ, শোষণ, অনট) শুষ্ককরণ; শুকান; রসাকর্ষণ; চোষণ; ইতি বিশ্ব।

অবশ্য, ব্য. (অ-বশ, দমন, য) নিশ্চয়; নিশ্চিত; ইতি অমরকোষ। ত্রি. বিণ.) অনায়ত্ত; অদম্য; অবাধ্য; (ক্রিবিণ.) সর্ব্বথাকর্ত্তব্য; নিতান্ত; যথা—যাহা তোমারও বিস্ময় জন্মাইয়াছে সে বস্তু অবশ্যই রমণীয়। ইতি শকুন্তলা ২৭ পৃষ্ঠা।

অবশ্যম্, ব্য. (অ-বশ, নিশ্চয়, যম্) নিশ্চয়; সর্ব্বথা।

অবশ্যম্ভব, পু. বি. (অবশ্যং-ভূ, সত্তা, অল) যাহা অবশ্য হইবে; যাহানিশ্চয় হইবে; স্থিরতরভাবী।

অবশ্যম্ভাবী, ত্রি. বিণ. (অবশ্যং-ভূ, সত্তা, ণিন,) একান্তভাবী; নিশ্চয় হইবার যোগ্য; স্থিরতর হইবে।

অবশ্যায়, স্ত্রী. বি. (অব-শ্যৈ, হিম, অল) কুজ্ঝটিকা।

অবশ্যায়, পু. বি. (অব-শ্যৈ, হিম, অল) হিম; নীহার; শিশির; ইতি অমরকোষ। গর্ব্ব।

অবষ্কয়ণী, স্ত্রী. বি. (অবষ-কয়, জন্তুবিশেষ, অনট-ঈ) চিরপ্রসূতাগো; যে গরু চিরকাল প্রসবহয়।

অবষ্টব্ধ, ত্রি. বিণ. (অব-স্তন্ভ, বেষ্টন, ক্ত) বেষ্টিত; বদ্ধ; রুদ্ধ; ইতি ভরত। অবিছুর; সমীপ; অবলম্বিত; আশ্রিত; ইতি অমরকোষ। আক্রান্ত; ইতি মেদিনী।

অবষ্টম্ভ, পু. বি. (অব-স্তন্ভ, আরম্ভ, অল) আরম্ভ; স্তম্ভ; স্বর্ণ; সূচনা; থাম; উৎকর্ষ; স্তম্ভীভাব; স্থিরতা; খাড়া হইয়া থাকা; ইতি মেদিনী। সৌষ্ঠব; সূত্র; ইতি হলায়ুধ। নিকটবর্ত্তী; রক্ষিত।

অবঘান, স্ত্রী. বি. (অবষ, ভোজন, বসু) ভক্ষণ; ভোজন; অশন; ইতি হেমচন্দ্র। আহার করা; খাওয়া।

অবস, ব্য. (অ-বস, ভিন্নতা, অল) ব্যতিরেক; (পু.বি.) রাজা; সূর্য্য; ইতি সিদ্ধান্তকৌমুদী। (ক্লী.) রক্ষণ।

অবসক্থিকা, স্ত্রী. বি. (অব-সক্থ, দ্রব্যবিশেষ, ইক-আ) খট্টা; পরিকর; পর্য্যঙ্ক; ইতি হেমচন্দ্র। খাট।

অবসথ, পু. বি. (অব-সথ, স্থানবিশেষ, অল) ছাত্রনিলয়; পাঠশালা; চৌপাড়ী; ইতিহেমচন্দ্র। গ্রাম; গৃহ; আড্ডা; নিবাস; বাসস্থান; যেথানে থাকে।

অবসন্ন, ত্রি. বিণ. (অব-সদ, সাদন, ক্ত) অবসাদপ্রাপ্ত; বিসন্ন; দুর্ব্বল; বিনষ্ট; শ্রান্ত; ক্লান্ত; জড়ীভূত; যথা—রাত্রি জাগরনে শরীর অবসন্ন হইয়াছিল, ইতি প্রিয়দর্শন ২২ পৃষ্ঠা।

অবসন্নতা, স্ত্রী. বি. (অব-সন্ন, সাদন, ক্ত-তা) অবসাদ; শ্রান্তি; ক্লান্তি; ক্ষীণত; ক্লেশ; ইতি বিশ্ব।

অবসর, পু. বি. (অব-সৃ, গতি, অল) অবকাশ; সময়; যথা—এদিকেও পঞ্চশর, মারিবার অবসর, প্রতীক্ষা করিছে নিরন্তর। ইতি কুমারসম্ভব ৩৯ পৃষ্ঠা। বিরাম; বিশ্রাম; প্রস্তাব; মন্ত্রবিশেষ; বর্ষণ; ইতি মেদিনী। বৎসর; ক্ষণ; গোপনে পরামর্শ।

অবসর্গ, পু. বি (অব-সৃজ, আচার, ঘঞ) সেচ্ছাচার; অনুমান; আপনার ইচ্ছামত আচার; ইতি বিশ্ব।

অবসর্প, পু. বি. (অব-সৃপ, গতি, অল) দূত; প্রনিধি; গুপ্তচর; গোপনীয় দূত; গূঢ়চর।

অবসব্য, ত্রি. বিণ. (অব-সব, দক্ষিণ, য) বামেতর; দক্ষিণ; ডাইন; অপ সব্য; ইতি শব্দরত্নাবলী।

অবসাদ, পু. বি. (অব-সদ, অবসন্ন, ঘঞ) অবসন্নতা; বিষাদ; বিষণ্নতা; দৌর্ব্বল্য; ইতি হেমচন্দ্র।

অবসান, ক্লী. বি. (অব-সো, শেষ, অনট) ক্রিয়াসমাপ্তি; মৃত্যু; সীমা; শেষ; ইতিহেমচন্দ্র। যথা—দিবা অবসান হয়, নভোলোক তমোময়, ইতি কর্ম্মদেবী ৭৯ পৃষ্ঠা।

অবসায়, পু. বি. (অব-সো, সমাপন, য়) শেষ; সমাপ্তি; নিশ্চয়; ইতি মেদিনী। সংশয়াভাব।

অবসারন, ক্লী. বি. (অব-সৃ, গতি, অনট) বহিষ্করণ; বাহির করা; নিরাকরণ; নিঃসারণ; ইতিবিশ্ব।

অবসিত, ত্রি. বিণ. (অব-সো; সমাপন, ক্ত) সমাপ্ত; জ্ঞাত; গত; নিঃশেষিত; যথা—আমি অবসিতসন্ধ্যাবন্দনাদি কার্য্য হইয়া ইতি বিক্রমোর্ব্বশী ৩৭ পৃষ্ঠা।

অবসৃত, ত্রি. বিণ. (অব-সৃ, গতি, ক্ত) বিশ্রান্ত; অবকাশ প্রাপ্ত; যথা—সংসার কার্য্য হইতে অবসৃত হইলেন, ইতি রঘুবংশ ১২৬ পৃষ্ঠা।

অবসেকিম, পু. বি. (অবসে-কিম, দ্রব্যবিশেষ, অল) বটক; বড়া; ইতিহেমচন্দ্র। পিষ্টকবিশেষ।

অবসেয়, ত্রি. বিণ. (অব-সো, ক্ষয়, য) নশ্বর; ক্ষয়োপযোগী; হ্রাসোপযুক্ত; হ্রানতার উপযুক্ত।

অবস্কন্দ, পু. বি. (অব-স্কন্দ, গতি, অল) জয়েচ্ছু ব্যক্তিদিগের নিবেশ স্থান; শিবির; সৈন্যের ছাউনি; অবরোধ; কটক; ইতি হলায়ুধ। সেনাসমূহ।

অবস্কন্দন, ক্লী. বি. (অব-স্কন্দ, গতি, অনট) অবগাহন; অবতরণ; ইতি মহাভারত। খণ্ডন; পরিহরণ।

অবস্কর, পু. বি. (অব-স্ক, করণ, অল) আবর্জন; মল-

লা; বিষ্ঠা; গুহ্য; সংমার্জনী দ্বারা নিক্ষিপ্ত ধূলাদি; ইতি অমর কোষ। জঞ্জাল; ওঁচ্‌লা; উৎপাত।

অবস্তাৎ, ব্য. [অব, শেষ, স্তাৎ] অবরে; পশ্চাৎ; শেষে; অন্তে; ইতি পাণিনি। চরমে; ইতি বিশ্ব।

অবস্তার, পু. বি. (অব-স্তৃ, আচ্ছাদন, ঘঞ) যবনিকাদি; কানাৎ; আচ্ছাদন; পর্‌দা; ঢাকা।

অবস্তু, ত্রি. বিণ. (অ-বস্তু, দ্রব্যাদি, ক্বিপ) অসদ্বস্তু; বেদান্তমতে—অজ্ঞানাদি জড় সমূহ; কুৎসিত বস্তু।

অবস্থা, স্ত্রী. বি. (অব-স্থা, স্থিতি, অল) দশা; কালকৃত বৈলক্ষণ্য; স্থিতি; পরিমাণ; সময়; যথা—তাঁহার ও রাজার অবস্থার কোন অংশে কোন প্রভেদ ছিল না। ইতি শকুন্তলা ৩৪ পৃষ্ঠা।

অবস্থা চতুষ্টয়, ক্লী. বি. [অবস্থা-চতুষ্টয়, চারি, চি] চতুর্ব্বিধ দশা; কালকৃত চারি অবস্থা; যথা—পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত বাল্যাবস্থা; ত্রিংশদ্বর্ষ পর্য্যন্ত কৌমার অবস্থা; পঞ্চাশদ্বর্ষ পর্য্যন্ত যৌবনাবস্থা; এবং তাহার উর্দ্ধ বৃদ্ধাবস্থা; ইতি বৈদ্য শাস্ত্র।

অবস্থাতা, পু. বি. (অব-স্থা, স্থিতি, তৃন্) অবস্থানকারী; অধিষ্ঠায়ী; অবস্থানকর্ত্তা; বসতিকারী।

অবস্থাত্রয়, ক্লী. বি. [অবস্থা-ত্রি, সংখ্যা, স্যাদি বিভক্তি] জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি; এই তিন অবস্থা।

অবস্থান, ক্লী. বি. (অব-স্থা, স্থিতি, অনট) স্থিতি; বাস; অবস্থিতি; স্থিতিস্থান; তিষ্ঠান; যথা—বন্ধু বান্ধব বিহীন হইয়া লোকালয়ে অবস্থান করা কদাপি কর্ত্তব্য নহে। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৫ পৃষ্ঠা।

অবস্থান্তর, ক্লী. বি. (অবস্থা-অন্তর, ভিন্নতা, অল) অন্য অবস্থা; ভিন্ন দশা; পৃথক অবস্থা; ইতি ধরণী।

অবস্থাপন, ক্লী. বি. (অব-স্থা, স্থিতি, অনট) স্থাপিত করণ; রাখন; যে বস্তুকে রাখা যায়; যথা—তাহাদিগকে রণস্থলে অবস্থাপন ইতিমহাভারতশল্যপর্ব্ব৭পৃষ্ঠা।

অবস্থিত, ত্রি. বিণ. (অব-স্থা, স্থিতি, ক্ত) কৃতাবস্থান; অবস্থিতি বিশিষ্ট; স্থিত; নিকটস্থ; স্থিরীভূত।

অবস্থিতি, স্ত্রী. বি. (অব-স্থা, স্থিতি, ক্তি) অবস্থান; থাকা; বাস; যথা—মানবক কহিলেন, মহারাজ! এই রমণীয় উদ্যানে অবস্থিতি করুন; ইতি বিক্রমোর্ব্বশী।

অবস্বন, ক্লী. বি. (অব-স্বন, শব্দ, অল) কুশব্দ; মন্দধ্বনি; কুৎসিত রব; চেঁচান; ঘৃণিত শব্দ; ইতি বিশ্ব।

অবহনন, ক্লী. বি. (অব-হন, হনন, অনট) মর্দ্দন; দলন; পীড়ন; মাড়ন; ইতি অমরকোষ।

অবহস্ত, পু. বি. (অব-হস্ত, হাত, অল) হস্ত পৃষ্ঠ; হাতের পশ্চাৎ; ইতি হেমচন্দ্র। হাতের পেছন।

অবহা, ত্রি. বিণ. (অ-বহ, চলন, ঙ-আ) অচল; স্থির; স্থায়ী; যে নদীতে জল গমনাগমন করে না।

অবহার, পু. বি. (অব-হৃ, হরণ, ঘঞ) মোচন; ত্যাগ; চৌর; দ্যূতযুদ্ধাদিবিশ্রাম; নিমন্ত্রণ; উপনেতব্য দ্রব্য; গ্রাহনাম জল জন্তু; ইতি বিশ্ব। ধর্ম্মান্তর।

অবহারক, পু. বি. (অব-হৃ, হরণ, ণক) জল জন্তু বিশেষ; হাঙ্গর; জলহস্তী ইতি কেচিৎ। অবগ্রাহ; নক্ররাজ; (ত্রি. বিণ.) যুদ্ধাদি নিবর্ত্তক; ইতি জটাধর।

অবহালিকা, স্ত্রী. বি. (অব-হাল, দ্রব্য বিশেষ; ইক-আ) প্রাচীর; হারাবলী; হারশ্রেণী; দেওয়াল।

অবহিত, ত্রি. বিণ. (অব-ধা, অবধান, ক্ত) বিজ্ঞাত; অবধানগত; ইতি ধরণী। বিদিত; অপ্রমত্ত; সাবধান; যথা—তদ্বিষয়ে অবহিত হওয়া আবশ্যক ইতি টেলিমেকস ২৪ পৃষ্ঠা।

অবহিত্থা, ক্লী. স্ত্রী. বি. (অবহিৎ-স্থা, গোপন, অল) আকার গোপন; ছদ্মবেশ; কাপট্য; যথা—অবহিত্থা ও অর্থগৃধ্নুতা, অন্যান্য স্থানে অসৎকর্ম্ম বলিয়া গণ্য হয় না। ইতি টেলিমেকস ৩৮ পৃষ্ঠা।

অবহেল, ক্লী. বি. (অব-হেড, হেলন অল,) অবজ্ঞা; অনাদর; ইতি অমর কোষ। ঘৃণা; সম্বর্দ্ধনাভাব।

অবহেলন, ক্লী. বি. (অব-হেড, হেলন, অনট) অনাদর; অবজ্ঞা; অবহেলা; অবমাননা; যথা—মনুষ্যেরা এইনিয়ম অবহেলন করিয়া ইতিবাহ্যবস্তু ৩৪পৃষ্ঠা।

অবহেলা, স্ত্রী. বি. (অব-হেল, হেলন, ঙ-আ) অবমাননা; অবজ্ঞা; অনাদর; যথা—মেণ্টরের উপদেশে অবহেলা করিয়া ইতি টেলিমেকস ৬০ পৃষ্ঠা।

অবক্ষুধা, স্ত্রী. বি. (অব-ক্ষুধ, ক্ষুধা, ঙ-আ) পেটুকতা; উদরম্ভরিত্ব; খাদকতা; আত্মম্ভরিতা; ইতি অমর।

অবক্ষেপ, পু. বি. (অব-ক্ষিপ, ক্ষেপন, অল) বিদ্রূপ; ব্যঙ্গ; ঠাট্টা; পরিহাস; কৌতুক; রহস্যালাপ।

অবাক্, ত্রি. বিণ. (অ-বচ, বাক্য, ক্বিপ্) বাক্য রহিত; বোবা; স্তব্ধ; যথা—অবাক্ হইনু হাটে দেখিয়া গুবাক। ইতি ভারতচন্দ্র ২৪৭ পৃষ্ঠা।

অবাক্‌পুষ্পী, স্ত্রী. বি. (অবাক্-পুষ্প, দ্রব্য বিশেষ, ঈ) শত পুষ্পা; শল্‌ফা; মৌরী; বৃক্ষ বিশেষ।

অবাক্‌শিরাঃ, ত্রি. বিণ. (অবাক্‌-শির, মস্তক, অস্) অধোমস্তক; নিম্ন মাতা; যাহার নীচু দিকে মাতা।

অবাগ্র, ত্রি. বিণ. (অব-অগ্র, নম্রতা, অল) অবনত; নম্র; নিম্নাগ্র; নত; ইতি অমর কোষ।

অবাঙ্‌মনসগোচর, ত্রি. বিণ. (অবাক্‌-মনস-গো-চর, গোচর, অল) যিনি বাক্য মনের অগোচর; যথা—রামের অবাঙ্‌মনস গোচর উপচার দ্বারা, ইতি রঘুবংশ ১১০ পৃষ্ঠা।

অবাঙ্‌মুখ, ত্রি. বিণ. (অবাক্‌-মুখ, বদন, ক) অধোবদন; অধোমুখ; নতমুখ; লজ্জিত; ইতি মেদিনী।

অবাচী, স্ত্রী. বি. (অব-অন্‌চ, দিক্‌বিশেষ, ঈ) দক্ষিণদিক; অধোদিক্‌; অধোমুখী; নিম্ন দিক।

অবাচীন, ত্রি. বিণ. (অব-অন্‌চ, বস্তুবিশেষ, ঈন) দক্ষিণদিগ্‌ভব বস্তু; দক্ষিণ দেশীয়; দক্ষিণদিকস্থ; অধোমুখ; নিম্নমুখ; অধোবদন; ইতি বিশ্ব।

অবাচ্য, ত্রি. বিণ. (অ-বচ, বাক্য, য) অবক্তব্য; অনিন্দিত; ইতিস্মৃতি। অকথ্য; কহিবারঅযোগ্য; নিন্দিতবাক্য; (ক্লী. বি.) দুর্ব্বাক্য; অনক্ষর; ইতিঅমর।

অবাচ্যদেশ, পু. বি. (অবাচ্য-দিশ, স্থানবিশেষ, অল) যোনি; অঙ্গবিশেষ; ইতিঅমরকোষ।

অবাদ, পু. বি. (অ-বদ, বাক্য, ঘঞ) অবিতণ্ডা; অবিরোধ; শত্রুতা নহে; অবিদ্বেষ; অবিবাদ।

অবাদী, ত্রি. বিণ. (অ-বদ, বাক্য, ণিন্‌) অবিরোধী; অবিবাদী; অবক্তা; অবদনশীল; যে বলে না।

অবাধ, ত্রি. বিণ. (অ-বাধ, বাধা, অল) বাধাশূন্য; অনর্গল; অপ্রতিবন্ধক; বিঘ্নবিহীন; অনিবারিত; অনিয়ন্ত্রিত; যাহার প্রতিবন্ধক বা বিঘ্ন নাই।

অবাধে, ক্রিবিণ. (অ-বাধ, বাধা, এ) নির্ব্বিঘ্নে; নির্ব্বিবাদে; যথা—এ কুবিধি যদি সার, এইরূপ ব্যবহার, অবাধে বলিত অবিরত। ইতিকর্ম্মদেবী ২৯পৃষ্ঠা।

অবাধ্য, ত্রি. বিণ. (অ-বাধ, বাধা, য) বাধানর্হ; অবাধনীয়; বাধিতব্য নহে; অবশ; অনায়ত্ত; বশতাপন্ন নয়; যথা—তিনি বৈদ্যের অবাধ্য হইয়া উঠিলেন। ইতি রঘুবংশ ১৪৫ পৃষ্ঠা।

অবাধ্যতা, স্ত্রী. বি. (অ-বাধ, বাধা, য-তা) অবশতা; অনধীনতা; যথা—সেই সেই প্রদেশের রমণীয়তা, ইন্দ্রিয়গণের অবাধ্যতা, ইতি কাদম্বরী ৪৮ পৃষ্ঠা।

অবান, ত্রি. বিণ. (অ বন, রস, ঘঞ) শুষ্কফলাদি; রসহীনফল; ইতিশব্দ রত্নাবলী। যাহার রস নাই।

অবান্তর, ত্রি. বিণ. (অব-অন্তর, মধ্য, অল) অন্তরস্থ; মধ্য; সীমা; যথা—স্ফুট প্রায় পদ্মকলী, প্রভাতে প্রফুল্ল অলী, সুখের নাহিক অবান্তর। ইতি কর্ম্মদেবী ৬৯ পৃষ্ঠা।

অবাপিতধান্য, ত্রি. বিণ. (অ-বাপিত-ধন, শস্যবিশেষ, ঘ্যন) অকৃতবপনধান্য; রোপিতধান্য; রোয়াধান।

অবাপ্ত, ত্রি. বিণ. (অব-আপ, গতি, ক্ত) প্রাপ্ত; অধিগত; লব্ধ; আসাদিত; প্রস্থাপিত।

অবার, ক্লী. বি. (অবার, তীর, অল) অর্ব্বাকতট; নদ্যাদির পূর্ব্বতীর; এপার; ইতিঅমরকোষ।

অবারপার, পু. বি. (অবার-পার, জলাশয়, অল) সমুদ্র; ইতি হেমচন্দ্র। অর্ণব; সাগর; জলধি।

অবারপারীণ, ত্রি. বিণ. (অবার-পার, জলাশয়, ঈন) পারগ; নদ্যাদিপারগত ব্যক্তি; ইতি পাণিনি।

অবারিকা, স্ত্রী. বি. (অবার, দ্রব্যবিশেষ, ইক-আ) ধন্যাক; ধনিয়া; ধন্যা; স্থান বিশেষ নহে।

অবারিত, ত্রি. বিণ. (অ-বার, বারণ, ক্ত) অকৃতবারণ; অনিবারিত; অবাধিত; অরুদ্ধ; যথা—বিহঙ্গমগণের অবারিত দ্বারতা নিমিত্ত, ইতি নৈষধচরিত ৯২ পৃষ্ঠা।

অবারীণ, ত্রি. বিণ. (অ-বার, গমন, ঈন) পারগ; নদীপারগত; যে ব্যক্তি নদ্যাদি পার হইয়াছে।

অবার্য্য, ত্রি. বিণ. (অ-বার, বারণ, য) অনিবার্য্য; অবারণীয়; অবারিতব্য; বারণের অযোগ্য।

অবাসা, ত্রি. বিণ. (অ-বাস, বসন, ড-আ) বস্ত্ররহিত; নগ্ন; বসন শূন্য; ইতিঅমরকোষ। যার কাপড় নাই।

অবাস্তব, ত্রি. বিণ. [অ-বস্তু, সত্যতা, ষ্ণ] অযথার্থ; মিথ্যা; অপ্রকৃত; সত্যনহে; অলীক; ইতি ধরণী।

অবাক্ষ, ত্রি. বিণ. (অব-অক্ষ, রক্ষণ, অল) পরিরক্ষক;

অবি, পু. বি. (অব, দীপ্তি, ই) সূর্য্য; পর্ব্বত; মেষ; ইতিঅমরকোষ। প্রভু; নাথ; মূষিক; কম্বল; ইতিমেদিনী। প্রাচীর; বায়ু; ইতিবিশ্ব। (স্ত্রী.) ঋতুমতী।

অবিক, ক্লী. বি. (অ-বিচ, রত্নবিশেষ, ক্বিপ্‌) হীরক।

অবিকচ, ত্রি. বিণ. (অ-বিচক, ফুটন, অল) অপ্রফুল্ল; মুদিত; অফুল্ল; অপ্রস্ফুটিত; অপ্রকাশিত।

অবিকট, পু. বি. (অ-বিকট, জন্তুবিশেষ; অল) মেষসমূহ; ভেড়ারপাল; (ত্রি. বিণ.) অকুৎসিত; ভয়-

ক্রুরনহে; যাহা দেখিলে ভয় হয় না; অনিন্দিত।

অবিকল, ত্রি. বিণ. (অ-বিকল, বিকৃত, অল) যথার্থ; অবিকৃত; ঠিক; যথা—নয়ন রঞ্জন, বীজের বরণ, পদ্মরাগ অবিকল। ইতি কর্ম্মদেবী ১০ পৃষ্ঠা।

অবিকল্প, পু. বি. (অ-বি-কৃপ, সংশয়, অল) অসংশয়; নিঃসন্দেহ; যাহার কোন সংশয় নাই।

অবিকল্পিত, ত্রি. বিণ. (অ-বি-কৃপ, সংশয়, ক্ত) অসন্দিগ্ধ; নিশ্চিত; সংশয়যুক্তনহে। ইতি অমরকোষ।

অবিকার, ত্রি. বিণ. (অ-বি-কৃ, করণ, ঘঞ) বিকৃতিশূন্য; অবিকল; ঠিক; যাহার বিকার নাই।

অবিকাশ, পু. বিণ. (অ-বি-কাশ, প্রকাশ, অল) অপ্রকাশ; মুদিত; প্রস্ফুটিত নহে; যাহা প্রচারিত নয়।

অবিকৃত, ত্রি. বিণ. (অ-বি-কৃ, করণ, ক্ত) প্রকৃত; বিকৃতিশূন্য; যথাভূত; অবিকল; যথা—সিংহশিশু অবিকৃতচিত্তে সেই অত্যাচার সহ্য করিতেছে। ইতি শকুন্তলা ৯০ পৃষ্ঠা।

অবিক্রীত, ত্রি. বিণ. (অ-বি-ক্রী, ক্রয়, ক্ত) নাবেচা; অবিক্রয়; যাহাবিক্রয়করা হয় নাই; ইতি মেদিনী।

অবিগীত, ত্রি. বিণ. (অবি-গী, নিন্দা, ক্ত) অনিন্দিত; অগর্হিত; জুগুপ্সিত নয়; ঘৃণিত নহে।

অবিঘ্ন, পু. বি. (অ-বি-হন, বিঘ্ন, টক্) নির্ব্বিঘ্ন; অব্যাঘাত; প্রতিবন্ধকাভাব; যাহাতে বিঘ্ন নাই।

অবিচক্ষণ, ত্রি. বিণ. (অ-বি-চক্ষ, অজ্ঞতা, অনট) অপণ্ডিত; অজ্ঞ; অনভিজ্ঞ; বিবেচক নহে; যথা—অবিচক্ষণ নরপতি স্বকার্য্য সাধনার্থ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৩৩ পৃষ্ঠা।

অবিচলিত, পু. বিণ. (অ-বি-চল, চলন, ক্ত) স্থির; দৃঢ়; নিশ্চিত; চলনবিশিষ্ট নহে; যথা—অবিচলিত ও অকৃত্রিম ভক্তি পূর্ব্বক ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান কর। ইতি কাদম্বরী ১৯ পৃষ্ঠা।

অবিচার, পু. বি. (অ-বি-চর, বিচার, ঘঞ) অন্যায়; অত্যাচার; অবিবেচনা; যথা—বল দেখি প্রাণনাথ একি অবিচার। ইতি কুমারসম্ভব ৪৫ পৃষ্ঠা।

অবিচারিত, ত্রি. বিণ. (অ-বি-চর, বিচার, ক্ত) অবিবেচিত; অকৃতবিচার; যাহা বিবেচনা সিদ্ধ নহে।

অবিচারী, ত্রি. বিণ. (অ-বি-চর, বিচার, নিন্) বিচারকরণে বিমুখ; অন্যায়কারক; অবিবেচনকারী।

অবিচ্ছিন্ন, ত্রি. বিণ. (অ-বি-ছিদ, বিচ্ছেদ, ক্ত) অভিন্ন, সংলগ্ন; যুক্ত; বিচ্ছেদ বিশিষ্ট নহে; যথা—দীর্ঘজীবী হইয়া অবিচ্ছিন্ন সাংসারিক সুখসম্ভোগে ইতি টেলিমেকস ৪ পৃষ্ঠা।

অবিচ্ছেদ, ত্রি. বিণ. (অ-বি-ছিদ, বিচ্ছেদ, অল) অবাধ; বারণরহিত; বিচ্ছেদবিহীন; ক্রমাগত।

অবিজ্ঞ, ত্রি. বিণ. (অ-বি-জ্ঞা, জ্ঞান, ড) অপ্রবীণ; অনিপুণ; বিজ্ঞতাবিহীন; অশিক্ষিত; ইতি বিশ্ব।

অবিজ্ঞতা, স্ত্রী. বি. (অ-বি-জ্ঞা, বোধ, ড-তা) অনৈপুণ্য; অপ্রবীণতা; অনভিজ্ঞতা; যথা—মাতার এই অবিজ্ঞতাচরণ দর্শন করিয়া ইতি সেকসপিয়র ১৪৫ পৃষ্ঠা।

অবিজ্ঞাত, ত্রি. বিণ. (অ-বি-জ্ঞা, বোধ, ক্ত) অজানিত; অবিদিত; যাহা জানা নয়; যথা—ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কিছুমাত্র তোমার অবিজ্ঞাত নাই, ইতি টেলিমেকস ৮ পৃষ্ঠা।

অবিত, ত্রি. বিণ. (অ-বিত, রক্ষণ, অল) ত্রাত; রক্ষিত; উদ্ধৃত; পরিত্রাণ প্রাপ্ত; প্রাপ্তরক্ষণ।

অবিতত, ত্রি. বিণ. (অ-বিত, বিস্তার, ক্ত) অবিস্তৃত।

অবিতথ, ক্লী. বি. (অ-বিতথ, মিথ্যা অ) সত্য; (ত্রি. বিণ.) অমিথ্যা; যথার্থ; সত্য।

অবিতৃপ্ত, ত্রি. বিণ. (অ-বি-তৃপ, তৃপ্তি, ক্ত) তৃপ্তিরহিত; সন্তোষ শূন্য; যথা—তথাপি তাঁহার নয়নযুগল অবিতৃপ্তই রহিল। ইতি টেলিমেকস ৯ পৃষ্ঠা।

অবিত্যজ, পু. ক্লী. বি. (অবি-ত্যজ, ধাতুবিশেষ, অল) পারদ; পারা; ধাতুবিশেষ; ইতিরাজনির্ঘণ্ট।

অবিদগ্ধ, ত্রি. বিণ. (অ-বি-দহ, বিজ্ঞতা, ক্ত) অপণ্ডিত; অনভিজ্ঞ; অচতুর; যে নিপুণ নহে; নির্ব্বোধ।

অবিদগ্ধতা, স্ত্রী. বি. (অ-বি-দহ, বিজ্ঞতা, ক্ত-তা) অপাণ্ডিত্য; অনভিজ্ঞতা; চতুরতা নহে।

অবিদিত, ত্রি. বিণ. (অ-বিদ, জ্ঞান, ক্ত) অজ্ঞাত; অনবগত; অজানত; যথা—ইহা কাহারও অবিদিত নাই বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ ৬৪ পৃষ্ঠা।

অবিদুস, ক্লী. বি. (অ-বিদুস, দুগ্ধবিশেষ, অল) মেষদুগ্ধ; ভেড়ার দুগ্ধ; ইতি হেমচন্দ্র। দুগ্ধবিশেষ।

অবিদ্ধ, ত্রি. বিণ. (অ-বিধ, যুক্ত, ক্ত) অযুক্ত; যাহা বিদ্ধনয়; পরামর্শ বিহীন; ইতি হেমচন্দ্র।

অবিদ্য, ত্রি. বিণ.) অ-বিদ, জ্ঞান, য) বিদ্যারহিত; অবিদ্বান; অনভিজ্ঞ; মূর্খ; জ্ঞানশূন্য; মূঢ়।

অবিদ্যমান, ত্রি. বিণ. (অ-বিদ, জ্ঞান, শান) অবর্ত্ত-

মান ; অভাব ; অনুপস্থিত ; যথা—প্রভুর অবিদ্যমানে অযোধ্যা নগরীর, ইতি রঘুবংশ ১৩০ পৃষ্ঠা।

অবিদ্যা, স্ত্রী. বি. (অ-বিদ, জ্ঞান, ক্যপ্) অজ্ঞান; অবোধ; ইতিঅমরকোষ। মায়া; ইতিবেদান্ত।

অবিদ্যোত, ত্রি, বিণ. (অ-বি-দ্যুত, প্রভা, অল) অনুজ্জ্বল; প্রভাহীন; তেজোবিহীন; যাহার তেজ নাই।

অবিদ্বান, ত্রি. বিণ. (অ-বিদ, জ্ঞান, বসু) মূর্খ; অপণ্ডিত; যাহার বিদ্যা নাই; অনভিজ্ঞ।

অবিধা, স্ত্রী. বি. (অ-বি-ধা, বিধান, ড-আ) অবিশেষ; বিশৃঙ্খলা; বৈপরিত্য; ব্যতিক্রম; বিপর্য্যয়।

অবিধান, ক্লী. বি. (অ-বি ধা, বিধান, অনট) অবিধি; অশাস্ত্র; অপদ্ধতি; অনিয়ম; যাহা বর্ত্ম নয়।

অবিধি পু. বি. (অ-বি-ধা, বিধান, কি) অবিধান; যাহাশাস্ত্রবিহিত নহে; যাহা কোন যুক্তিসিদ্ধ নয়।

অবিধেয়, ত্রি. বিণ. (অ-বি-ধা, বিধান, য) অযোগ্য; অনুচিত; অকর্ত্তব্য; যথা—অর্থ সত্ত্বে শারীরিক কষ্ট স্বীকার করা অবিধেয় বোধ করিয়া, ইতি রোমাবতী ১১৩ পৃষ্ঠা।

অবিন, পু. বি. (অ-বি-নী, বিনয়, ড) যষ্টা; যাগকর্ত্তা।

অবিনয়, পু. বি. (অ-বি-নী, বিনয়, অল) বিনয়াভাব; প্রগল্‌ভতা; ধৃষ্টতা; দুষ্টতা; যথা—এই বিতর্ক করিতে লাগিলেন এ অবিনয়ের স্থান নহে। ইতি শকুন্তলা ৯০ পৃষ্ঠা।

অবিনয়ী, ত্রি. বিণ. (অ-বি-নী, বিনয়, ইন্) বিনয়-বিশিষ্ট নহে; যথা—ইথে যে পুরুষ আসে অবিনয়ী সেই। ইতি কর্ম্মদেবী ৪১ পৃষ্ঠা।

অবিনশ্বর, ত্রি. বিণ. (অ-বি-নশ, নাশ, বর) নিত্য; স্থির; যাহা ধ্বংসশীল নহে; যথা—তপস্বীরা তপস্যার ষষ্ঠাংশ স্বরূপ অবিনশ্বর রাজস্ব প্রদান করিয়া থাকেন, ইতি শকুন্তলা ২৯ পৃষ্ঠা।

অবিনাশ, পু. বি. (অ-বি-নশ, নাশ, ঘঞ) বিনষ্ট নহে; অসংহার; অধ্বংস; যথা—সর্ব্বভূতগামী সর্ব্বসাক্ষী অবিনাশ। ইতি কুমারসম্ভব ১৫ পৃষ্ঠা।

অবিনীত, ত্রি. বিণ. (অ-বি-নী, বিনয়, ক্ত) বিনয়রহিত; সমুদ্ধত; ধৃষ্ট; অশিক্ষিত; অসৎ; অশান্ত; প্রগল্‌ভ; দুষ্ট; অশিষ্ট; ইতি অমরকোষ। যথা—পুত্র কন্যার কুপ্রবৃত্তিতে উৎসাহ দিয়া তাহারদিগকে অবনীত করেন, ইতি বাহ্যবস্তুর সহিত ৩৬ পৃষ্ঠা।

অবিনীতা, স্ত্রী. বি. (অ-বি-নী, বিনয়, ক্ত-আ) পুংশ্চলি; অসতী; অশিষ্টা; ইতি হেমচন্দ্র।

অবিনোদ, ত্রি. বিণ. (অ-বি-নুদ, হর্ষ, অল) হর্ষবিহীন; অকৌতুহল; যথা—এক্ষণে বিনা কার্য্য অবিনোদ দীর্ঘযামা ত্রিযামা কি প্রকারে অতিবাহিত করি। ইতি বিক্রমোর্ব্বশী ৩৮ পৃষ্ঠা।

অবিন্ধন, পু. বি. (অ-বিন্ধ, অগ্নিবিশেষ, অনট) বাড়বাগ্নি; বাড়বানল; সমুদ্র স্থিত অগ্নি।

অবিপন্ন, ত্রি. বিণ. (অ-বি-পদ, বিপদ, ক্ত) বিপদ্‌গ্রস্তনহে; সুস্থ; যে দুর্দ্দশাগ্রস্ত নয়; নষ্ট নয়।

অবিপ্লুত, ত্রি. বিণ. (অ-বি-প্লু, নাশ, ক্ত) অবিনষ্ট; অক্ষত; অবিনাশ বিশিষ্ট; যার নাশ নাই।

অবিবাদী, ত্রি. বিণ. (অ-বি-বদ, বিবাদ, ণিন্) নির্ব্বিবাদ; বিবাদরহিত; যে ব্যক্তি বিবাদ করে না।

অবিবাহিত, পু. বি. (অ-বি-বহ, বহন, ক্ত) অনূঢ়; অকৃতোদ্বাহ; অকৃতোপযম; অপরিণীত, অকৃতপাণিগ্রহ; আইবড়; অকৃতদার; যাহার বিবাহ হয় নাই।

অবিবাহিতা, স্ত্রী. বি. (অ-বি-বহ, বহন, ক্ত-আ) অনূঢ়া; অপরিণীতা; অনুদ্বাহিতা; ইতি মেদিনী।

অবিবেক, পু. বি. (অ-বি-বিচ, বিবেচনা, ঘঞ) বিবেচনারহিত; বিবেকশূন্য; বিবেচনাভাব; অজ্ঞান; যথা—রাজা লিয়র অবিবেক বশতঃ রোষ পরবশ হইয়া ইতি সেক্‌সপিয়র ২০১ পৃষ্ঠা।

অবিবেকী, ত্রি. বিণ. (অ-বি-বিচ, বিবেচনা, ণিন্) বিবেকশূন্য; অবিবেচক; বিবেচনারহিত; ইতি বিশ্ব।

অবিবেচক, ত্রি. বিণ. (অ-বি-বিচ, বিবেচনা, ণক) অবিবেকী; বিবেচনারহিত; যথা—তাঁহারে প্রতারণা করিয়া নিতান্ত অবিবেচকের কার্য্য করিয়াছি। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০ পৃষ্ঠা।

অবিবেচনা, স্ত্রী. বি. (অ-বি-বিচ, বিবেচনা, অন-আ) বিবেকহীনতা; অবিচার; যথা—আমি যে এই অবিবেচনার কার্য্য করিয়াছিলাম, ইতিটেলিমেকস৮৮পৃষ্ঠা।

অবিভক্ত, ত্রি. বিণ. (অ-বি-ভজ, ভাগ, ক্ত) অবিভাগ; একত্র; অপৃথক; অবিভাগীকৃত; অসংশিত।

অবিভাগ, পু. বি. (অবি-ভজ, ভাগ, ঘঞ) অনংশ; পার্থক্যাভাব; পৃথক নহে; একত্র; ইতি হেমচন্দ্র।

অবিভাজ্য, ত্রি. বিণ. (অ-বি-ভজ, ভাগ, ঘ্যণ) অবণ্টনীয়; যাহাঅংশকরা যায় না; ভাগের যোগ্যানয়।

অবিমুক্ত, পু. বি. (অ-বি-মুচ, মোচন, ক্ত) কাশী; বারাণসীক্ষেত্র; (ত্রি. বিণ.) অত্যক্ত; ইতিঅমর।

অবিমৃশ্যকারিতা, স্ত্রী. বি. (অবিমৃশ্য-কৃ, করণ, ণিন্-তা) অবিবেচনা; যথা—যার পর নাই অবিমৃশ্যকারিতার কর্ম্ম হইতেছে। ইতি টেলিমেকস ৩ পৃষ্ঠা।

অবিযুক্ত, ত্রি. বিণ. (অ-বি-যুজ, সংযোগ, ক্ত) সংযুক্ত; অপৃথক; মিলিত; যথা—এইরূপ অবিযুক্ত থাকিয়া পরমসুখে কালযাপনকর, ইতিরোনাবতী১৬৭পৃষ্ঠা।

অবিরত, ত্রি. বিণ. (অ-বি-রম, বিরাম, ক্ত) শতত; অনবরত; নিযুক্ত; আসক্ত; নিরন্তর; ইতি অমর। যথা—নয়নযুগল হইতে অবিরত বাষ্পবারি বিগলিত হইতে থাকিত। ইতি শকুন্তলা ৭৮ পৃষ্ঠা।

অবিরল, ত্রি. বিণ. (অ-বি-রল, বিরল, অল) অনির্জ্জন; নিরন্তর; নিবিড়; ঘেঁস; ঘন; দৃঢ়; গাঢ়।

অবিরাম, ত্রি. বিণ. (অ-বি-রম, বিরাম, ঘঞ) বিরামশূন্য; সর্ব্বদা; নিরন্তর; যথা—দাঁত ছোলা মাজা দোলা হাস্য অবিরাম। ইতিভারতচন্দ্র১৪১পৃষ্ঠা।

অবিরোধ, পু. বি. (অবি-রুধ, বিবাদ, অল) একতা; মিলন; বিবাদাভাব; বিরোধাভাব; যথা—রাজার হৃদয়মন্দিরে অবিরোধে বাস করিতেছ, ইতি রঘুবংশ ৪৩ পৃষ্ঠা।

অবিরোধী, ত্রি. বিণ. (অ-বি-রুধ, বিরোধ, ণিন্) অবিবাদী: যে বিরোধ করে না; যথা—পৃথিবী অবিরোধী রাজা ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৮৫ পৃষ্ঠা।

অবিলম্বন, ক্লী. বি. (অ-বি-লম্ব, বিলম্ব, অনট) শীঘ্র; অবিলম্বিত; আশু; সত্বর; চপল; তুর্ণ; ইতিঅমর।

অবিলম্বিত, ক্লী. বিণ. (অ-বি-লম্ব, বিলম্ব, ক্ত) বিলম্বাভাব; শীঘ্র; ত্বরিত; সত্বর; দ্রুত; চপল।

অবিলা, স্ত্রী. বি. (অবিল, পশুবিশেষ, আ) মেষী; ভেড়ী; ইতি হেমচন্দ্র। স্ত্রীমেষ; অবী।

অবিশেষ, ত্রি. বিণ. (অ-বি-শিষ, বিশেষ, অল) বিশেষ রহিত; অভেদ; তুল্য; (পু.) বিশেষাভাব।

অবিশ্বস্ত, ত্রি. বিণ. (অ-বি-শ্বাস, বিশ্বাস, ক্ত) বিশ্বাসানর্হ; প্রত্যয়ের অযোগ্য; অকৃত বিশ্বাস; যথা—আপনি পুনরায় অবিশ্বস্তের প্রতি বিশ্বাস করিবেন না। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১২৯ পৃষ্ঠা।

অবিশ্বাস, পু. বি. (অ-বি-শ্বাস, বিশ্বাস, অল) বিশ্বাসাভাব; আশ্বাস নয়; অপ্রত্যয়; যথা—রাজা তাঁহাকে কোন বিষয়ে অবিশ্বাস করিতেন না। ইতি কাদম্বরী ১৬ পৃষ্ঠা।

অবিশ্বাসা, স্ত্রী. বি. [অ বিশ্বাস, পশুবিশেষ, আ] চিরপ্রসূতা গো; কেলেন গাই; ইতি শব্দ চন্দ্রিকা।

অবিশ্বাস্য, ত্রি. বিণ. (অ-বি-শ্বাস, বিশ্বাস, য) আশ্বাসানুপযুক্ত; প্রত্যয়ানর্হ; বিশ্বাসের অযোগ্য; যথা—ইহা নিতান্ত অসম্ভাব্য, অবিশ্বাস্য, ইতি কাদম্বরী ৬৪ পৃষ্ঠা।

অবিশ্রান্ত, ত্রি, বিণ. (অ বি-শ্রম, বিশ্রাম, ক্ত) বিশ্রামরহিত, বিশ্রান্তিশূন্য; (ক্লী.) অনবরত; যথা—পরিচারকগণ অবিশ্রান্ত রোদন করিতে লাগিল। ইতি টেলিমেকস ৫৩ পৃষ্ঠা।

অবিশ্রাম, ত্রি. বিণ. (অ বি-শ্রম, বিশ্রাম, ঘঞ) বিশ্রাম রহিত; নিরন্তর; যথা—জয়নাদ ভটির শিবিরে অবিশ্রাম। ইতি কর্ম্মদেবী ১০৪ পৃষ্ঠা।

অবিষ, পু. বি. (অ-বিষ, জলাশয়, অল) সমুদ্র; (ত্রি. বিণ.) বিষশূন্য; যাহার বিষ নাই।

অবিষয়, পু. বি. (অ-বি-ষি, গোচর, অল) অগোচর; অনাস্পদ; (ত্রি. বিণ.) ভোগসাধনশূন্য; বিভবহীন।

অবিষী, স্ত্রী. বি. (অ-বিষ, জলাশয়, ঈ) নদী; জলাশয়;

অবিসহ্য, ত্রি. বিণ. (অ-বি-সহ, সহন, য) যাহা সহ্য হয় না; অসহনীয়; যথা—কৃতঘ্ন সন্তানের বাগ্‌যন্ত্রণা অতি অবিসহ্য, ইতি সেকসপিয়র ২১৫ পৃষ্ঠা।

অবিসোঢ়, ক্লী. বি. (অবি-সহ, দ্রব্যবিশেষ, ক্ত) মেষদুগ্ধ; ভেড়ার দুধ; ইতি হেমচন্দ্র। মেড়ার দুধ।

অবিস্পষ্ট, ক্লী. বি. (অ-বি-স্পষ্ট, পরিষ্কার, অল) অস্পষ্টবাক্য; শ্লিষ্ট; জড়ানেকথা; ইতিঅমরকোষ।

অবিহিত, ত্রি. বিণ. (অ-বি-ধা, বিধান, ক্ত) অকর্ত্তব্য; বিধেয় নহে; অনুচিত; যথা—রাজার অবিহিত আচরণে ইতি সেকসপিয়র ২০৫ পৃষ্ঠা।

অবী, স্ত্রী. বি. (অব, নারীবিশেষ, ঈ) ঋতুমতী।

অবীচি, পু. বি. (অ-বীচ, হিল্লোল, ই) নরকবিশেষ; (ত্রি. বিণ.) তরঙ্গ; ঢেউ; লহরী; উর্ম্মী।

অবীভৎসা, স্ত্রী. বি. [অ-বীভৎস, ঘৃণা, আ] অঘৃণাত্মিকা; যথা—বস্ত্রবতী, গন্ধচর্চ্চিতা, অবীভৎসা, অনুকূলা হইয়া, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪১ পৃষ্ঠা।

অবীর, ত্রি. বিণ. (অ-বীর, সত্ত্বতা, ক) সত্ত্বরহিত;

নির্ব্বির্য্য ; ক্ষমতাশূন্য ; ইতি মেদিনী। বলবিহীন।
অবীরা, স্ত্রী. বি. (অ-বীর, পত্যাদিবিহীনতা, আ) অজাতাপত্যা বিধবা ; নিষ্পতিসুতা ; পতিপুত্র বিহীনাস্ত্রী ; ইতি মেদিনী। যথা—অবীরা স্ত্রীর অন্ন আয়ুর হানিকর। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৭ পৃষ্ঠা।
অবুধ, ত্রি. বিণ. (অ-বুধ, বোধ, ক) অজ্ঞান ; মুর্খ ; অবোধ ; অপণ্ডিত ; মূর্খ ; মূঢ় ; বুদ্ধিবিহীন।
অবেদ্য, পু. বি. (অ-বিদ, জ্ঞান, য) গোবৎসক ; বাছুর ; ইতিশব্দচন্দ্রিকা। (ত্রি. বিণ.) অজ্ঞেয়।
অবেল, পু. বি. (অ-বেল, ভাষা বিশেষ, অল) অপলাপ ; অপহ্নব ; মুহুর্ভাষা ; বিলাপ ; ইতি মেদিনী।
অবেলা, স্ত্রী. বি. (অবেল, দ্রব্যবিশেষ, আ) পূগচর্ব্বিত ; চিবানগুয়া ; ইতি মেদিনী। চর্ব্বিত সুপারি।
অবেক্ষণ, ক্লী. বি. (অব-ঈক্ষ, দর্শন, অনট) অবেক্ষা ; দর্শন ; আলোচন ; মনোযোগ ; বিচার ; অনুসন্ধান ; পালন ; অবলোকন ; নিরীক্ষণ ; ইতি জটাধর।
অবেক্ষা, স্ত্রী. বি. (অব-ঈক্ষ, দর্শন, ও-আ) প্রত্যবেক্ষণ ; প্রত্যক্ষদৃষ্টি ; প্রতিজাগর ; ধ্যান ; মনোযোগ ; দৃষ্টি ; বিচার ; অনুসন্ধান ; তত্ত্বকরণ ; ইতি ধরণী।
অবেক্ষিত, ত্রি. বিণ. (অব-ঈক্ষ, দর্শন, ক্ত) অবলোকিত ; দৃষ্ট ; আলোচিত ; পালিত ; রক্ষিত।
অবৈতনিক, ত্রি. বিণ. [অ-বেতন, শ্রমমূল্য, ষ্ণিক] যে বেতনভোগী নহে ; যে কর্ম্মের শ্রম মূল্য নাই।
অবৈধ, ত্রি. বিণ. [অ-বিধি, নিয়ম, ষ্ণ] বিধিরঅবিষয় ; বিধিবিবর্জ্জিত ; নিষিদ্ধ ; যাহা বিধি প্রাপ্তনয় ; অনিয়মিত ; যথা—অবৈধ মৈথুন প্রভৃতি অন্যান্য কার্য্য ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২২৩ পৃষ্ঠা।
অবোদ, ত্রি. বিণ. (অ-বুন্দ, সজল, অল) আর্দ্র ; ভিজা।
অবোধ, ত্রি. বিণ. (অ-বুধ, বোধ, অল) নির্ব্বোধ ; অজ্ঞান ; মূর্খ ; জ্ঞানহীন ; যথা—সখে ! আমি নিতান্ত অবোধ নহি, ইতি শকুন্তলা ৮০ পৃষ্ঠা।
অব্জ, ক্লী. বি. (অপ্-জন, জন্মান, ড) পদ্ম ; ইতিমেদিনী। দশঅর্ব্বুদসংখ্যা ; শতকোটি ; ইতিলীলাবতী। (পু.) চন্দ্র ; ধন্বন্তরি ; নিচুলবৃক্ষ ; ইতি মেদিনী। (পু. ক্লী.) শঙ্খ ; ইতি মেদিনী। শাঁক।
অব্জজ, পু. বি. (অব্জ-জন, জনন, ড) ব্রহ্মা ; প্রজাপতি।
অব্জভোগ, পু. বি. (অব্জ-ভুজ, ভোগ, ঘঞ) পদ্মকন্দ ; শালুক ; পদ্মমূল ; কুমুদের মূল ; গেঁড়ু।
অব্জযোনি, পু. বি. (অব্জ-যোনি, উৎপত্তি স্থান, ক্বিপ্) বিধাতা ; ব্রহ্মা ; প্রজাপতি ; ইতি অমরকোষ।
অব্জবাহন, পু. বি. (অব্জ-বহ, বহন, অনট) শিব ; মহাদেব ; (ত্রি. বিণ.) যাহার পদ্ম বাহন।
অব্জহস্ত, পু. বি. (অব্জ-হস্ত, হাত, অল) সূর্য্য ; রবি।
অব্জিনী, স্ত্রী. বি. (অব্জ, পদ্ম ; ইন্-ঈ) পদ্মিনী ; কমলিনী ; পদ্মসমূহ ; পদ্মলতা ; পদ্মযুক্তদেশ।
অব্জিনীপতি, পু. বি. (অব্জিনী-পা, রক্ষণ, ক্তি) সূর্য্য ;
অব্দ, পু. বি. (অপ্-দা, দান, ড) মেঘ ; জলদ ; বৎসর ; মুস্তা ; ইতি মেদিনী। পর্ব্বতবিশেষ ; ইতিবিশ্ব।
অব্দসার, পু. বি. (অব্দ সৃ, গতি, ঘঞ) কর্পূরবিশেষ।
অব্ধি পু, বি. (অপ্-ধা, ধারণ, কি) সমুদ্র ; অর্ণব ; জলধি ; সাগর ; তোয়নিধি ; ইতি অমরকোষ।
অব্ধিকফ, পু. বি. (অব্ধি-কফ, ফেনা, অল) সমুদ্রফেন।
অব্ধিদ্বীপা, স্ত্রী. বি. (অব্ধি-দ্বীপ, স্থল, আ) পৃথিবী।
অব্ধিনগরী, স্ত্রী. বি. (অব্ধি-নগর, স্থান, ঈ) দ্বারকাপুরী ; স্বনাম খ্যাত নগরী ; শ্রীকৃষ্ণের পুরী।
অব্ধিমণ্ডূকী, স্ত্রী. বি. (অব্ধি-মণ্ডূক, দ্রব্যবিশেষ, ঈ) মুক্তাস্ফোট ; শুক্তি ; ঝিনুক ; ইতি হেমচন্দ্র।
অব্ধিশয়ন, পু. বি. (অব্ধি-শী, শয়ন, অনট) বিষ্ণু।
অব্ধ্যগ্নি, পু. বি. (অব্ধি-অগ, আগুন, নি) বড়বানল ; বাড়বাগ্নি ; সাগর মধ্যস্থ অগ্নি ; ইতি হেমচন্দ্র।
অব্ভক্ষ, পু. বি, (অপ্-ভক্ষ, ভক্ষণ, অল) সর্প।
অব্ভ্র, ক্লী. বি. (অপ্-ভৃ, ভরণ, অল) মেঘ ; জলধর ; ধাতুবিশেষ ; মুস্তাতৃণ, ইতি অমরকোষ। মুথা।
অভ্রমাতঙ্গ, পু. বি. (অভ্র-মাতঙ্গ, হস্তী, অল) ঐরাবত ; স্বর্গেরহাতী ; ইতি অমরকোষ। ইন্দ্রহস্তী।
অভ্রিয়, ত্রি. বিণ. (অভ্র, মেঘ, ইয়) মেঘোদ্ভববস্তু ; যাহা মেঘহইতে উৎপন্ন হয় ; ইতি অমরকোষ।
অব্যক্ত, পু. বি. (অ-ব্যচ, প্রকাশ, ক্ত) বিষ্ণু ; শিব ; কন্দর্প ; ইতিমেদিনী। মূর্খ ; নির্ব্বোধ ; ইতিহেমচন্দ্র। (ক্লী.) পরব্রহ্ম ; কারণ ; প্রকৃতি ; আত্মা ; মহদাদি ; ইতিমেদিনী। (ত্রি. বিণ.) অস্ফুট ; অপ্রকাশিত ; অতিসূক্ষ্ম ; অস্পষ্ট ; যথা—ভৃত্য অব্যক্ত বচনে প্রতিবচন প্রদান করিল, ইতি সেকসপিয় ২৭১ পৃষ্ঠা।
অব্যক্তরাগ, পু. বি. (অব্যক্ত-রন্জ, রাগ, ঘঞ) ঈষৎলোহিতবর্ণ ; অরুণ ; ইতি অমরকোষ। অল্পরাঙ্গা।
অব্যগ্র, ত্রি. বিণ. (অ-ব্যগ্র, সত্বর, অল) সত্বরতা-

হীন; অনাকুল; অচিন্তিত; অব্যাশক্ত; সচেষ্ট নয়।

অব্যঙ্গ, ত্রি. বিণ. (অ-ব্যঙ্গ, ঠাট্টা, অ) ব্যঙ্গরহিত; ঠাট্টাবিহীন; অবিকলাঙ্গ; মুখরোগ বিশিষ্ট নহে।

অব্যঞ্জন, পু. বি. (অ-ব্যঞ্জ, ব্যক্ত, অনট) শৃঙ্গহীনপশু; (ত্রি. বিণ.) অস্ফুট; ইতি হলায়ুধ।

অব্যথ, ত্রি. বিণ. (অ-ব্যথ, পীড়া, অল) পীড়ারহিত; ব্যথাশূন্য; (পু. বি.) সর্প; ইতি মেদিনী।

অব্যথা, স্ত্রী. বি. (অ-ব্যথ, পীড়া, ও-আ) হরীতকী; পদ্মচারিণী; (ত্রি. বিণ.) পীড়াশূন্য; দুঃখবিহীন।

অব্যয়, পু. বি. (অ-বি-অয়, গমন, অল) বিষ্ণু; যথা—তুমি পরম ও অব্যয়। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬৮ পৃষ্ঠা।

(পু. ক্লী.) শব্দবিশেষ; যেসকল শব্দের উত্তর বিভক্তি থাকেনা; (ত্রি. বিণ.) ব্যয়রহিত; ইতি মেদিনী।

অব্যর্থ, ত্রি. বিণ. (অ-ব্যর্থ, সফলতা, অল) অমোঘ; সফল; যথা—লজ্জাপরায়ণ, অব্যর্থ পরাক্রম, বহুশাস্ত্রজ্ঞ, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৯৯ পৃষ্ঠা।

অব্যবসায়, ত্রি. বিণ. (অ-ব্যবসায়, বাণিজ্য, অল) ব্যবসায়রহিত; অব্যবসায়ী; অচর্চ্চা; অনালোচনা।

অব্যবস্থা, স্ত্রী. বি. (অ-বি-অব-স্থা, ব্যবস্থা, অ) অ-বসিদ্ধান্ত; অবিধি; শাস্ত্রবিরুদ্ধ ব্যবস্থা; অনিয়ম;

অব্যবস্থিত, ত্রি. বিণ. (অ-বি-অব-স্থা, ব্যবস্থা, ক্ত) নীতিশাস্ত্রাদি ব্যবস্থানভিজ্ঞ; সিদ্ধান্তরহিত; অস্থিরচিত্ত; অনিয়মিত; যথা—ঐ সময় চতুর্দ্দিকে অব্যবস্থিত যুদ্ধ প্রবর্ত্তিত, ইতিমহাভারতশল্যপর্ব্ব ৪৬পৃষ্ঠা।

অব্যবহার্য্য, ত্রি. বিণ. (অ-বি-অব-হৃ, ব্যবহার, ঘ্যণ) ব্যবহারাযোগ্য; অব্যবহরণীয়; অপাংক্তেয়; জাতিভ্রষ্ট; (স্ত্রী. বি.) ব্যবহারের অযোগ্যা; যথা—ইহাতে নিতান্ত অব্যবহার্য্যা হইয়া আছি, ইতি সেক্সপিয়র ২২৯ পৃষ্ঠা।

অব্যবহিত, ত্রি. বিণ. (অ-বি-অব-ধা, ব্যবধান, ক্ত) ব্যবধানশূন্য; সংসক্ত; নিকটস্থ; অপদান্তর; সন্নিকট; যথা—তাহার অব্যবহিত পরক্ষণে, ইতি সেক্সপিয়র ৪ পৃষ্ঠা।

অব্যবহৃত, ত্রি. বিণ. (অ-বি-অব-হৃ, ব্যবহার, ক্ত) অকৃতব্যবহার; যাহাব্যবহার করা হয় নাই।

অব্যভিচার, পু. বি. (অ-বি-অভি-চর, ব্যভিচার, ঘঞ) অবাধ; লাম্পট্যাভাব; কামুকতা শূন্য; ইতি বিশ্ব।

অব্যাকৃত, ত্রি. বিণ. (অ-বি-আ-কৃ, করণ, ক্ত) অপরিষ্কার; অপরিচ্ছন্ন; নোঙরা; যাহা পরিশুদ্ধ নয়।

অব্যাজ, পু. বি. (অ-ব্যাজ, ছলতা, অল) ছলাভাব; শীঘ্র; অচ্ছল; অবলীলা; হঠাৎ; যথা—প্রেমার্থিলোকের অব্যাজ স্তুতি করুক, ইতি সেকস্পিয়র ৫৫ পৃষ্ঠা।

অব্যাপ্য, ত্রি. বিণ. (অ-বি-আপ, অধীনতা, য) অ-ব্যাপনীয়; ব্যাপ্তিরহিত; অনধীন; যে বশীভূত নয়।

অব্যাপ্যবৃত্তি, ত্রি. বিণ. (অ-ব্যাপ্য, বৃত, স্থিতি, ক্তি) একাংশেস্থিতি; কখনথাকা কখন নাথাকা; ইতিবিশ্ব।

অব্যাহত, ত্রি. বিণ. (অ-বি-আ-হন, খণ্ডন, ক্ত) অস্থির; অখণ্ডিত; খণ্ডনরহিত; ব্যাঘাতশূন্য; যথা—অব্যাহত দৈবশক্তিপ্রভাবে ইতি টেলিমেকস ৬ পৃষ্ঠা।

অব্যাহতি, স্ত্রী. বি. (অ-বি-আ-হন, হনন, ক্তি) ক্ষমা; নিস্তার; রক্ষা; যথা—বিচার করিয়া তুমি, দিলে ভাল বাড়ী ভুমি, প্রজাগণে কর অব্যাহতি। ইতি কবিকঙ্কণচণ্ডী ৮৫ পৃষ্ঠা।

অব্যাহিত, ত্রি. বিণ. (অ-বি-আ-ধা, বিবাদ, ক্ত) অবিবাদিত; বিরোধবিশিষ্ট নহে; কলহবিশিষ্টনহে।

অব্রহ্মচর্য্যক, ক্লী. বি. (অ-ব্রহ্ম-চর, ক্রিয়াবিশেষ, ষ্যক) মৈথুন; স্ত্রীসংসর্গ; রতিক্রিয়া; (ত্রি. বিণ.) ব্রহ্মচর্য্যশূন্য; যে ব্যক্তি সন্ন্যাসাশ্রম গ্রহণ করে নাই।

অব্রহ্মণ্য, ক্লী. বি. (অ-ব্রহ্মণ, বাক্যবিশেষ, য) অবধ্যকথন; বধকরিওনা—এইকথা বলা; অবধযাচ্ঞা।

অব্রাহ্মণ, পু. বি. [অ-ব্রহ্মণ্, ব্রহ্মকেজানা, ষ্ণ] ভট্ট; ব্রাহ্মণসদৃশ উপবীতধারী; ব্রাহ্মণতুল্য; ইতিঅমর।

অব্রুবান, ত্রি. বিণ. (অ-ব্রূ, কথন, বনিপ্) অপোগণ্ড; শিশু; যথা—কিরূপে অবলা ও অব্রুবাণ বালকগণের রক্ষা করি, ইতি সেক্সপিয়র ৩ পৃষ্ঠা।

অভক্তি, স্ত্রী. বি. (অ-ভজ, সেবা, ক্তি) অশ্রদ্ধা; ঘৃণা; অরুচি; আনুরক্তি নহে; জুগুপ্সা; অবজ্ঞা।

অভদ্র, ত্রি. বিণ. (অ-ভদ্র, নীচতা, অল) নীচ, পামর; অসৎ; ভদ্রতাবিহীন; অনুত্তম; সাধুতাশূন্য।

অভদ্রতা, স্ত্রী. বি. (অ-ভদ্র, নীচতা, তা) নীচতা; অসদাচার; অনুৎকৃষ্ট ব্যবহার; সাধুতা নহে।

অভব্য, ত্রি. বিণ. (অ-ভূ, সত্তা, অ-য) অশিষ্ট; অসভ্য; অভদ্র; অমঙ্গল; যাহার ভব্যতা নাই।

অভয়, ত্রি. বিণ. (অ-ভী, ভয়, অল) নির্ভয়; ভয়-

রহিত; ভয়শূন্য; যথা—ধেয়েছিল যারা, ফিরে এল তারা, পাইয়া অভয়দান। ইতি কুমারসম্ভব ১১৪ পৃষ্ঠা।

অভয়া, স্ত্রী. বি. (অ-ভী, ভয়, অল আ) দুর্গা; ভগবতী; (ত্রি. বিণ.) ভয়শূন্যা; ভয়বিহীনা।

অভরণ, ক্লী. বি. (অ-ভৃ, ভরণ, অনট) ভূষণ; অলঙ্কার।

অভক্ষ্য, ত্রি. বিণ. (অ-ভক্ষ, ভক্ষণ, য) অখাদ্য; অভক্ষনীয়; যাহা ভক্ষণের উপযুক্ত নহে।

অভাগা, ত্রি. বিণ. (অ-ভজ, ভাগ্য, ঘঞ-আ) হতভাগা; দুর্ভাগ্য; মন্দকপাল; যথা—এ অভাগা হরিণীরে এ বিপত্তিকালে! ইতিমেঘনাদবধকাব্য ১১২পৃষ্ঠা।

অভাগিনী, স্ত্রী. বি. (অ-ভজ, ভাগ্য, ণিন-ঈ) দুরদৃষ্টাস্ত্রী; দুর্ভাগা; যে নারীর কপাল মন্দ; যথা—কি নিমিত্ত এই অভাগিনীর প্রাণ বহির্ভূত হইল না। ইতি কাদম্বরী ৬৪ পৃষ্ঠা।

অভাগ্য, ত্রি. বিণ. (অ-ভজ, ভাগ্য, ঘ্যণ) দুরদৃষ্ট; মন্দকপাল; যাহার উৎকৃষ্ট ভাগ্য নহে।

অভাজন, ত্রি. বিণ. (অ-ভাজ, পাত্র, অনট) অপাত্র; অযোগ্য; অনুপযুক্ত; যে ব্যক্তি উপযুক্ত নহে।

অভাব, পু. বি. (অ-ভূ, সত্তা, ঘঞ) মরণ; অসত্তা; নাশ; অবিদ্যমানতা—প্রাগভাব-ধ্বংস-অত্যন্তাভাব—ওঅন্যোন্যাভাব-এইচতুর্ব্বিধ। ইতি ন্যায়শাস্ত্র।

অভাবনীয়, ত্রি. বিণ. (অ-ভূ, সত্তা, অনীয়) অচিন্তনীয়; অতর্ক্য; ভাবনারঅযোগ্য; যথা—চিরবিপ্রয়োগের পর অভাবনীয় সংযোগ হইলে, ইতিসেক্সপিয়র ২৮ পৃষ্ঠা।

অভাষণ, ক্লী. বি. (অ-ভাষ, কথন, অনট,) অকথন; মৌনহওন; বাক্যাভাব; ইতি শব্দরত্নাবলী।

অভি. (ব্য.) উপসর্গবিশেষ; সাদৃশ্য; বিদ্যমানতা; সম্মুখ; নিকট; অভিলাষ; সমীপ; তুল্যতা; ইতিবিশ্ব।

অভিক, ত্রি. বিণ. (অভি-কম, কাম, ড) কামী; কামুক; লম্পট; লোচ্চা; কামপীড়িত; ইতি মেদিনী।

অভিখ্যা, স্ত্রী. বি. (অভি-খ্যা, খ্যাতি, ঙ) নাম; শোভা; উপাধি; খ্যাতি; আখ্যা; পদবী।

অভিগম, পু. বি. (অভি-গম, গমন, অল) আশ্রয়; প্রত্যুদ্গমন; প্রাপ্তি; সংসর্গ; সহবাস; ইতি অমর।

অভিগমন, ক্লী. বি. (অভি-গম, গমন, অনট) নিকটগমন; আশ্রয়; সহবাসকরণ; প্রাপ্তি; প্রত্যুদ্গমন; যাওয়া; যথা—দেবস্থানে অভিগমন ও আজ্যভোজন ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৭ পৃষ্ঠা।

অভিগ্রস্ত, ত্রি. বিণ. (অভি-গ্রস, গ্রাস, ক্ত) শত্রুকর্ত্তৃকআক্রান্ত; যাহাকে শত্রুতে আক্রমন করিয়াছে।

অভিগ্রহ, পু. বি. (অভি-গ্রহ, গ্রহণ, অল) আক্রমণ; যুদ্ধার্থ সম্মুখগমন; অভিযোগ; কলহাহ্বান; গৌরব; অভিগ্রহণ; লুঠ; ইতি মেদিনী। নালীস।

অভিগ্রহণ, ক্লী. বি. (অভি-গ্রহ, গ্রহণ, অনট) অভিহার; চৌর্য্যকরণ; সম্মুখেহরণ; আক্রমণ।

অভিঘাত, পু. বি. (অভি-হন, বধ, ক্ত) আঘাত; দণ্ডাদি বা অস্ত্রাদি দ্বারা নিগ্রহ; হত্যা; বধ।

অভিঘাতী, পু. বি. (অভি-হন, বধ, ণিন) শত্রু; আঘাতকারী; বধকর্ত্তা; যে আঘাত করে।

অভিঘার, পু. বি. (অভি-ঘর, গব্যবিশেষ, ঘঞ) ঘৃত।

অভিচর, পু. বি. (অভি-চর, দূত, অল) দাস; ভৃত্য; দূত; ইতি হেমচন্দ্র। বার্ত্তাবহ; ইতি ধরণী।

অভিচার, পু. বি. (অভি-চর, অভিচার, ঘঞ) হিংসাকর্ম্ম; মারণ উচ্চাটনাদি; পরিহিংসা; যথা—পুরোহিত দ্বারা অভিচার প্রয়োগ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৫৯ পৃষ্ঠা।

অভিচারী, ত্রি. বিণ. (অভি-চর, অভিচার, ণিন) অভিচারকর্ত্তা; হিংসাজনক কর্ম্মকর্ত্তা; অনিষ্টাচারী।

অভিজন, পু. বি. (অভি-জন, বংশাদি, অল) বংশ; খ্যাতি; জন্মভূমি; কুলশ্রেষ্ঠ; প্রসিদ্ধ বংশ; পূর্ব্ববন্ধ; পিত্রাদি; ইতিমেদিনী। যেস্থানে জন্মহইয়াছে।

অভিজাত, ত্রি. বিণ. (অভি-জন, জনন, ক্ত) সদ্বংশজাত; কুলীন; সুজাত; জ্ঞানী; যোগ্য; সুশ্রী; মধুর; সুন্দর; ন্যায্য; ইতি বিশ্ব। কুলজ; বুধ; পণ্ডিত।

অভিজিৎ, ত্রি. বিণ. (অভি-জিত, দীপ্তি, ক্বিপ্) নক্ষত্র বিশেষ; দিবসের অষ্টম মুহূর্ত্ত; ইতি বিশ্ব।

অভিজ্ঞ, ত্রি. বিণ. (অভি-জ্ঞা, বোধ, ড) বিজ্ঞ; প্রবীণ; নিপুণ; জ্ঞানবান্; বিদ্বান্; জ্ঞাতা; পণ্ডিত; যথা—এই রাজনীতির অভিজ্ঞ হইয়াও, ইতি রঘুবংশ ৭১ পৃষ্ঠা।

অভিজ্ঞতা, স্ত্রী. বি. (অভি-জ্ঞা, বোধ, ড-তা) বিজ্ঞতা; পাণ্ডিত্য; নৈপুণ্য; যথা—তদনুযায়িনী অভিজ্ঞতা বা বিবেকশক্তি ছিলনা, ইতিটেলিমেকস৫৭পৃষ্ঠা।

অভিজ্ঞান, ক্লী. বি. (অভি-জ্ঞা, বোধ, অনট) চিহ্ন; জ্ঞানসাধন; স্মরনের উদ্বোধক বস্তু; যথা—তবে যদি কোন অভিজ্ঞান দর্শাইতেপারে, ইতিশকুন্তলা৫১পৃষ্ঠা।

অভিতপ্ত, ত্রি. বিণ. (অভি-তপ, তাপ, ক্ত) অগ্নিসন্তপ্ত; দুঃখিত; তাপযুক্ত; ক্লেশান্বিত; ইতি অমর।

অভিতঃ, ব্য. [অভি, শীঘ্রতা, তস্] শীঘ্র; সাকল্য; আভিমুখ্য; উভয়তঃ; সমীপ; সম্পূর্ণরূপে; উভয়দিকে; নিকটে; প্রভৃতি; ইতি মেদিনী। সত্বর।

অভিদ্যোতিত, ত্রি. বিণ. (অভি-দ্যুত, প্রকাশ, ক্ত) উল্লাসিত; প্রকাশিত; প্রস্ফুটিত; প্রচারিত।

অভিদ্রোহ, পু. বি. (অভি-দ্রুহ, দ্রোহণ, অল) হিংসা।

অভিধর্ষণ, ক্লী. বি. (অভি-ধৃষ, ধর্ষণ, অনট) রক্ষ পিশাচ ভূতাদির অভিষঙ্গ; সর্ব্বতোভাবে ধর্ষণ।

অভিধা, স্ত্রী. বি. (অভি-ধা, আখ্যা, ঙ) নাম; সংজ্ঞা; শব্দের শক্তি বিশেষ; ইতি ন্যায়। আখ্যা।

অভিধান, ক্লী. বি. (অভি-ধা, আখ্যা, অনট) সংজ্ঞা; নাম; শক্তিবিশেষ, শব্দার্থ প্রকাশক গ্রন্থ; কথন; কোষ; যথা—ব্যাকরণ অভিধান সাহিত্য নাটক। ইতি ভারতচন্দ্র ১৮২ পৃষ্ঠা।

অভিধেয়, ক্লী. বি. (অভি-ধা, আখ্যা, য) অভিধান; নাম; আখ্যা; (ত্রি. বিণ.) অভিধাশক্তিদ্বারা গম্য; বাচ্য; প্রতিপাদ্য; শব্দের অর্থ; অভিধাগম্য।

অভিধ্যা, স্ত্রী. বি. (অভি-ধ্যৈ, চিন্তন, অ) পরদ্রব্যে স্পৃহা; লোভ; পরদ্রব্যে জিঘৃক্ষা; দোষচিন্তা পূর্ব্বক পরধন লিপ্‌সা; ইতিকেচিৎ। পরধন লওন চিন্তা।

অভিনন্দন, পু. বি. (অভি-নন্দ, আনন্দ, অন) বুদ্ধবিশেষ; ইতি হেমচন্দ্র। (ত্রি. বিণ.) সর্ব্বতোভাবে আনন্দজনক; (ক্লী.) সেবা; অনুমোদন; স্বয়ং আনন্দিত হইয়া অন্যকে আনন্দিত করা; প্রশংসা করা; স্তব; ধন্যবাদ দান; স্বীকার; ইতি ধরণী। যথা—ধৃতরাষ্ট্র সন্ধিবিষয়ে অভিনন্দন করত ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৩১ পৃষ্ঠা।

অভিনব, ত্রি. বিণ. (অভি-নূ, নূতন, অল) নূতন; নব্য; নবীন; ইতি অমরকোষ। যথা—ললাটে সিন্দূর করে, কেহ ঘ্রাণ পথে ধরে, অভিনব বিকচকমল। ইতি কর্ম্মদেবী ৩১ পৃষ্ঠা।

অভিনবোদ্ভিৎ, পু. বি. (অভিনব-উৎ-ভিদ, ঊর্দ্ধভেদ, ক্বিপ্) অঙ্কুর; ইতি অমরকোষ। নূতনোৎপত্তি।

অভিনয়, পু. বি. (অভি-নী, প্রাপণ, অল) হৃদ্গতভাবের প্রকাশন; ছদ্মবেশ; হস্তাঙ্গুলী দ্বারা মনোগত ভাব ব্যক্ত করণ; যথা—তাল লয় দিয়ে যেন করে অভিনয়। ইতি কুমারসম্ভব ১৩১ পৃষ্ঠা। নাট্যক্রিয়া; শরীর সজ্জা; কোন ব্যক্তি বা বস্তু বা ব্যাপারের অর্থব্যঞ্জক ব্যাপার; অনুরূপকরণ; তুল্যসজ্জা।

অভিনিবিষ্ট, ত্রি. বিণ. (অভি-নি-বিশ, নিবেশ, ক্ত) অন্তঃপ্রবিষ্ট; আগ্রহবিশিষ্ট; প্রণিহিত; আবিষ্ট; মনোযোগী; যথা—অতি কঠোর তপোনুষ্ঠানে অভিনিবিষ্ট হইলেন, ইতিমহাভারত শান্তিপর্ব্ব ২৪১ পৃষ্ঠা।

অভিনিবেশ, পু. বি. (অভি-নি-বিশ, নিবেশ, অল) মনোযোগ বিশেষ; যথা—অভিনিবেশ জয়ের হেতু, ইতি মহাভারত সভাপর্ব্ব ২৫ পৃষ্ঠা।
মনোনিবেশ; আবেশ; শাস্ত্রাদিতে প্রবেশ; আগ্রহ; প্রণিধান; প্রবেশ; ইতি হেমচন্দ্র। মরণজন্য ভয়জনক অবিদ্যাবিশেষ; ইতি যোগশাস্ত্র।

অভিনির্ম্মুক্ত, পু. বি. (অভি-নির-মুচ, মোচন, ক্ত) সূর্য্যাস্ত কাল শায়ী; সূর্য্যাস্ত সময়ে নিদ্রিত; যে ব্যক্তির নিদ্রায় সূর্য্য অস্ত যায়; ইতি অমরকোষ।

অভিনির্যান, ক্লী. বি. (অভি নির-যা, গমন, অনট) জয়েচ্ছু ব্যক্তিদিগের প্রয়াণ; সৈন্য যাত্রা; যুদ্ধ যাত্রা।

অভিনিষ্ঠান, পু. বি. (অভি-নি-স্থা, বর্ণবিশেষ, অনট) বিসর্গ; অক্ষর; ইতি মেদিনী। বর্ণবিশেষ।

অভিনিষ্পতিত, ত্রি. বিণ. (অভি-নিঃ-পত, পতন, ক্ত) ব্যাপ্ত; মিলিত; আচ্ছন্ন; সমাক্রান্ত; ইতি অমর।

অভিনিষ্পত্তি, স্ত্রী. বি. (অভি-নিঃ-পত, পতন, ক্তি) সমাপ্তি; শেষ; সম্পূর্ণ; অবসান; ইতি মেদিনী।

অভিনীত, ত্রি. বিণ. (অভি-নী, যোগ, ক্ত) যুক্ত; ন্যায্য; অতিসংস্কৃত; সুসজ্জিত; উপযুক্ত; প্রশস্ত।

অভিনেতা, ত্রি. বিণ. (অভি-নী-অভিনয়, তৃন্) অভিনয়কর্ত্তা; অনুরূপকারী; সজ্জাকারক; নানারূপধারী; সংকারক; মস্করা; যে সাজে; ইতি হেমচন্দ্র।

অভিনেয়, ত্রি. বিণ. (অভি-নী, অভিনয়, য) অভিনয়করিবার যোগ্য নাট্য; যেখানে অভিনয় হয়।

অভিন্ন, ত্রি. বিণ. (অ-ভিদ, ভেদ, ক্ত) অপৃথক; সংযুক্ত; মিলিত; যথা—পরস্পর পরস্পরের অভিন্ন হৃদয় ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১১৩ পৃষ্ঠা।

অভিন্নতা, স্ত্রী. বি. (অ-ভিদ, ভেদ; ক্ত-তা) ভেদাভাব; অভেদ; ঐক্য; একতা; পৃথকাভাব; ইতি বিশ্ব।

অভিন্নপুট, পু. বি. (অভিন্ন-পুট, দ্রব্যবিশেষ, ক) নবপল্লব; (ক্লী.) অস্ফুটিত পদ্ম; মধুপপুষ্প।

অভিপন্ন, ত্রি. বিণ. (অভি-পদ, অপরাধ, ক্ত) অপরাদ্ধ; বিপদ্‌গ্রস্ত; অপরাধবান; সঙ্কটাপন্ন; দায়গ্রস্ত; ব্যাপদ্গত; প্রাপ্তবিপত্তি; শত্রুকর্ত্তৃকআক্রান্ত।

অভিপ্রায়, পু. বি. (অভি-প্র-ই, গমন, অল) ভাব; আশয়; মানস; তাৎপর্য্য; যথা—আবার কি যেন, বলিবেক হেন, বুঝিতেছি অভিপ্রায়। ইতি কুমারসম্ভব ৮৯ পৃষ্ঠা।

অভিপ্রেত, ত্রি. বিণ. (অভি-প্র-ই গমন, ক্ত) অভিপ্রায়ের বিষয়; অভীপ্সিত; বাঞ্ছিত; মনস্থ; যথা— দিবানিশি এক সাজ, অভিপ্রেত এক কায, ইতি কর্ম্মদেবী ৬ পৃষ্ঠা।

অভিবাদ, পু. বি. (অভি-বদ, বাক্য, ঘঞ) অপবাদ; অখ্যাতি; পাদস্পর্শপূর্ব্বক প্রণাম; ইতিশব্দরত্নাবলী।

অভিবাদক, পু. বি. (অভি-বদ, বাক্য, ণক) পাদস্পর্শপূর্ব্বক প্রণাম কর্ত্তা; অপবাদকারী; যে বন্দনা করে।

অভিবাদন, ক্লী. বি. (অভি-বদ, বাক্য, অনট) প্রনাম; বন্দনা; পাদস্পর্শপূর্ব্বক প্রণাম করণ; যথা—বারম্বার পূজা ও অভিবাদন করিলেন, ইতি মহাভারত সভাপর্ব্ব ২ পৃষ্ঠা।

অভিবাদনীয়, ত্রি. বিণ. (অভি-বদ, বাক্য, অনীয়) প্রণামের উপযুক্ত; নমস্য; বন্দনার যোগ্য; ইতিধরণী।

অভিবিধি, পু. বি. (অভি-বি-ধা, বিধান, কি) সর্ব্বতোভাবে ব্যাপ্তি; উত্তম বিধান; উৎকৃষ্ট নিয়ম।

অভিবিনীত, পু. বি. (অভি-বি-নী, বিনয়, ক্ত) পরমহংস; যোগী; যোগকর্ত্তা; যে ব্যক্তি যোগ করে।

অভিব্যক্ত, ত্রি. বিণ. (অভি-ব্যচ, ব্যক্ত, ক্ত) প্রকাশিত; জাত; সম্পূর্ণব্যক্ত; বিজ্ঞাপিত; যথা—তুমি এক মাত্র বুদ্ধিতে অভিব্যক্ত; ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬৮ পৃষ্ঠা।

অভিব্যক্তি, স্ত্রী. বি. (অভি-ব্যচ, ব্যক্ত, ক্তি) বিজ্ঞাপন; প্রকাশ; ব্যক্তকরণ; ঘোষণা; প্রচারণ; ইতি বিশ্ব।

অভিব্যাপ্তি, ত্রি. বিণ. (অভি-বি-আপ, ব্যাপ্ত, ক্তি) বিস্তৃত; বিস্তারপ্রাপ্ত; সর্ব্বতোভাবে ব্যাপ্তি।

অভিভব, পু. বি. (অভি-ভূ, সত্তা, অল) পরাভব; পরাজয়; তিরস্কার; খর্ব্বকরণ; গর্ব্বনাশ; যথা—রমনীয় রূপলাবণ্য অভিভব করিয়া দীপ্তি পাইতেছেন। ইতি সেক্‌সপিয়র ৪০৩ পৃষ্ঠা।

অভিভাবক, পু. বি. (অভি-ভূ, সত্তা, ণক) তত্ত্বাবধারক; সহকারী; রক্ষক; আশ্রয়; যথা—ভ্রাত্রাদি অভিভাবক সত্ত্বে দুহিতারা ইতি রোমাবতী ৮ পৃষ্ঠা।

অভিভাবকতা, স্ত্রী. বি. (অভি-ভূ, সত্তা, ণক-তা) তত্ত্বাবধারকতা; সহকারিতা; সহায়তা; পালকতা।

অভিভূত, ত্রি. বিণ. (অভি-ভূ, সত্তা, ক্ত) পরাভূত; আয়ত্ত; অবশ; আবৃত; তিরস্কৃত; অজ্ঞান; অচৈতন্য; বিহ্বল; যথা—দ্রবীভূত অভিভূত শুনিয়ে বচন, ইতি কর্ম্মদেবী ৯৩ পৃষ্ঠা।

অভিমত, ত্রি. বিণ. (অভি-মন, মত, ক্ত) সম্মত; মনোনীত; প্রিয়; অনুমত; মনস্থ; যথা—অভিমত তাহাতে করিলা শুলপাণি। ইতিকুমারসম্ভব ১৩ পৃষ্ঠা।

অভিমন্ত্রণ, ক্লী. বি. (অভি-মন্ত্র, সম্বোধন, অনট) আহ্বান; সম্বোধন; সংস্কার করণ; নিবেদন; ডাকা।

অভিমন্তা, ত্রি. বিণ. (অভি-মন, মত, তৃন্) মন্ত্রণাদাতা; সম্বোধনকর্ত্তা; যেসংস্কার করে; যে আহ্বান করে।

অভিমন্থ, পু. বি. (অভি-মন্থ; রোগবিশেষ, অল) চক্ষুরোধ; রোগবিশেষ; ইতি অমরবোষ।

অভিমন্যু, পু. বি. (অভি-মন, ব্যক্তিবিশেষ, য-উ) অর্জ্জুনেরপুত্র; পরীক্ষিতের পিতা; ইতি মেদিনী। যথা—এক্ষণে মহাবীর অভিমন্যু, ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১৪ পৃষ্ঠা।

অভিমর্দ্দ, পু. বি. (অভি-মর্দ্দ, মর্দ্দন; অল) পীড়ন; শত্রুকর্ত্তৃক নগরাদির উৎখাত; যুদ্ধ; সমর; রণ।

অভিমর্দ্দন, ক্লী. বি. (অভি-মর্দ্দ, মর্দ্দন, অনট) পীড়ন; দলন; পেষণ; বাটা; মাড়ন; ডলা; ইতি অমর।

অভিমর্ষণ, ক্লী. বি. (অভি-মৃষ, চিন্তা, অনট) মনন; চিন্তন; ঠোঁটচাটন; ভাবনাকরণ; ইতি মেদিনী।

অভিমান, পু. বি. (অভি-মন, মনন, ঘঞ) প্রতীতি; অহঙ্কার; মনের ভাব বিশেষ; আক্ষেপ; প্রেমপ্রার্থনা; গর্ব্ব; যথা—তাহাদের অভিমান বর্দ্ধিত ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ ৭৩ পৃষ্ঠা।

অভিমানজনক, ত্রি. বিণ. (অভিমান-জন, জনন, কন্) অহঙ্কারজনক; গর্ব্বযুক্ত; আক্ষেপবিশিষ্ট; ইঃবিশ্ব।

অভিমানী, ত্রি. বিণ. (অভি-মন, চিন্তা, ণিন্) অভিমানযুক্ত; অনাদরে খিন্নমনা; আক্ষেপান্বিত; যথা—ক্ষীণদনে ঘোর অভিমানী। ইতি কর্ম্মদেবী ৮ পৃষ্ঠা।

অভিমুখ, ত্রি. বিণ. (অভি-মুখ, সমুখ, ক) সম্মুখ; সমক্ষ; চক্ষুর সমীপ; যথা—রঘুও স্বীয় নগরা-

ভিমুখে প্রস্থান করিলেন, ইতি রঘুবংশ ২২ পৃষ্ঠা।

অভিযান, ক্লী. বি. (অভি-যা, গমন, অনট) অভিগমন; আক্রমণ; ব্যাপন; যাওয়া; ইতি অমরকোষ।

অভিযাত, ত্রি. বিণ. (অভি-যা, গমন, ক্ত) শত্রুকর্তৃক অবরুদ্ধ; আক্রান্ত; অভিনিবিষ্ট; যাহার প্রতি অভিযোগ করাযায়; প্রতিবাদী; আসামী; ইতিঅমর।

অভিযুক্ত, ত্রি. বিণ. (অভি-যুজ, যোগ, ক্ত) পরকর্তৃক বিচারার্থঅবরুদ্ধ; যাহারনামে নালিস হয়; আসামী; আক্রান্ত; অভিনিবিষ্ট; প্রতিবাদী; ইতিমেদিনী। যথা—অতএব অভিযুক্ত কুহক যোগে ইতি সেক্সপিয়র ৫৫ পৃষ্ঠা।

অভিযোক্তা, পু. বিণ. (অভি-যুজ, যোগ, তৃন্) অভিযোগ কর্ত্তা; বাদী; ফরিয়াদি; অর্থী; ইতিঅমর। যথা—অভিযোক্তার গৃহে চুরি গিয়াছে কি না ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার১৮ পৃষ্ঠা।

অভিযোগ, পু. বি. (অভি-যুজ, যোগ, ঘঞ) আক্রমণ; যুদ্ধার্থআহ্বান; অভিনিবেশ; উদ্যোগ; অপরাধাদি যোজন; আদ্দাস; নালিস; কোন অপকারক ব্যক্তির অপরাধ কথন পূর্ব্বক বিচারকের নিকট বিচারার্থ আবেদন; আবেদন; যথা—সকল দুঃখের অভিযোগ পাত্র হইয়া উঠিলেন, ইতি রোমাবতী ৯০ পৃষ্ঠা।

অভিরত, ত্রি. বিণ. (অভি-রম, আবেশ, ক্ত) আসক্ত; আবিষ্ট; ক্ষমতাবিহীন; আবেশ যুক্ত।

অভিরতি, স্ত্রী. বি. (অভি-রম, আবেশ, ক্তি) অনুরাগ; আবেশ; আসক্তি; প্রীতি; রত।

অভিরাদ্ধ, ত্রি. বিণ. (অভি-রাধ, আরাধন, ক্ত) আরাধিত; পূজিত; বন্দিত; সেবিত; প্রাপ্তপূজ।

অভিরাম, ত্রি. বিণ. (অভি-রম, রমণ, ঘঞ) মনোহর; রম্য; সুন্দর; উৎকৃষ্ট; যাহা মনকে হরণ করে।

অভিরুচি, স্ত্রী. বি. (অভি-রুচ, ইচ্ছা, ই) ইচ্ছা; স্পৃহা; বাঞ্ছা; মনের অভিলাষ; ইতি ধরণী। যথা—সেনাপতি কহিলেন মহারাজের যেমন অভিরুচি। ইতি শকুন্তলা ২৫ পৃষ্ঠা।

অভিরূপ, ত্রি. বিণ. (অভি-রূপ, যোগ্যতা, ক) বিদ্বান্; মনোহর; যোগ্য; উপযুক্ত; সদৃশ; (পু. বি.) কন্দর্প; চন্দ্র; শিব; বিষ্ণু; ইতি অমরকোষ।

অভিলষণীয়, ত্রি. বিণ. (অভি-লষ, বাঞ্ছা, অনীয়) বাঞ্ছনীয়; মনোহর; সুন্দর; অভিলাষের যোগ্য;

অভিলষিত, ত্রি. বিণ. (অভি-লষ, বাঞ্ছা, ক্ত) ইষ্ট; বাঞ্ছিত; যথা—তোমার অভিলাষ বিষয় স্বকরে ইতি নৈষধচরিত ১১০ পৃষ্ঠা।

অভিলাপ, পু. বি. (অভি-লপ, কথা, ঘঞ) কথন; সংকল্প; বাক্য; ভাষা; বলা; কর্ম্মের মানস।

অভিলাষ, পু. বি. (অভি-লষ, বাঞ্ছা, ঘঞ) স্পৃহা; আকাঙ্ক্ষা; লোভ; কামনা; ইচ্ছা; অনুরাগ; যথা—এ কি বয়স্য! তপস্বি কন্যায় অভিলাষ! ইতি শকুন্তলা ২৬ পৃষ্ঠা।

অভিলাষী, ত্রি. বিণ. (অভি-লষ, বাঞ্ছা, ণিন্) সস্পৃহ; লোভী; অভিলাষযুক্ত; যথা—বিবাহে হইয়া অভিলাষী। ইতি কুমারসম্ভব ১০১ পৃষ্ঠা।

অভিলাষুক, ত্রি. বিণ. (অভি লষ, বাঞ্ছা, উক) লুব্ধ; লোভী; সস্পৃহ; ইচ্ছান্বিত; অভিলাষযুক্ত; যথা—আমার অন্তঃকরণ কেবল সেই নলেতেই অভিলাষুক, ইতি নৈষধচরিত ১০৭ পৃষ্ঠা।

অভিলিখিত, ক্লী. বি. (অভি-লিখ, লিখন, ক্ত) পত্রারূঢ়করা; লেখাযুক্ত; লিখনবিশিষ্ট; ইতি হেমচন্দ্র।

অভিলেখন, ক্লী. বি. (অভি-লিখ, লেখন, অনট) লিপিকরণ; লেখন; চিত্রকরণ; অক্ষর সংস্থাপন।

অভিশংসন, ক্লী. বি. (অভি-শন্স, কথা, অনট) কথন; অপবাদ দেওন; নিন্দাকরণ; দোষদেওন; বলন।

অভিশপন, ক্লী. বি. (অভি-শপ, শাপ, অনট) মিথ্যাভিশংসন; অভিসম্পাদ; মন্যুকরণ; মিথ্যাকথন।

অভিশপ্ত, ত্রি. বিণ. (অভি-শপ. শাপ, ক্ত) প্রাপ্তাভিশাপ; শাপগ্রস্ত; মন্যুযুক্ত; অভিসম্পাত বিশিষ্ট।

অভিশস্ত, ত্রি. বিণ. (অভি-শন্স, কলঙ্ক, ক্ত) অপবাদিত; কলঙ্কিত; চিহ্নিত; মিথ্যাদোষীকৃত।

অভিশস্তি, স্ত্রী. বি. (অভি-শস, নিন্দা, ক্তি) অপবাদ; নিন্দা; গ্লানি; মিথ্যা দোষারোপ; গর্হা; জুগুপ্সা।

অভিশাপ, পু. বি. (অভি-শাপ, শাপ, ঘঞ) মিথ্যাদোষারোপ; শাপদেয়া; দুষণবাক্য; মন্যু; ক্রোডবাক্য; অনিষ্টপ্রার্থনা; যথা—আমি অভিশাপ দিতেছি, ইতি শকুন্তলা ৫০ পৃষ্ঠা।

অভিষঙ্গ, পু. বি. (অভি-সন্জ, সঙ্গ, অল) আলিঙ্গন; অভিশাপ; দিব্য; অভিভব; অপবাদ; সম্পর্ক; শোক; দুঃখ; সর্ব্বপ্রকারে সঙ্গ; আক্রোশ;

অভিষব, পু. বি. (অভি-সু, স্নান, অল) স্নান; মদ্যাদি

কর্ম্মের পূর্ব্বে স্নান; রসাদিপান ; ইতি জটাধর।

অভিষিক্ত, ত্রি. বিণ. (অভি-সিচ, সিঞ্চন, ক্ত) কৃতাভিষেক; কর্ম্মেনিযুক্ত; পদস্থ; স্নাত; বিধিপূর্ব্বক পবিত্র জলাদিদ্বারা স্নাপিত; যথা—অমৃত বৃষ্টিতে অভিষিক্ত হইলেন ইতি কাদম্বরী ২৪ পৃষ্ঠা।

অভিষেক, পু. বি. (অভি-সিচ, সিঞ্চন, ঘঞ) স্নান; কর্ম্মে নিয়োগ; পদস্থকরণ; যথাবিধি মন্ত্রউচ্চারণ পূর্ব্বক পবিত্র জলাদি দ্বারা স্নান; ইতি বিশ্ব। যথা—যৌবরাজ্যে অভিষেক করিতে অভিলাষ করিলেন ইতি কাদম্বরী ৩৪ পৃষ্ঠা।

অভিষেচন, ক্লী. বি. (অভি-সিচ, সিঞ্চন, অনট) মন্ত্রস্নান; নিয়োগ; ইতি মেদিনী। অভিষেক করণ।

অভিষেণন, ক্লী. বি. (অভি-সেন, সেনা, অনট) যুদ্ধযাত্রা; সসৈন্যে শত্রুরপ্রতিঅভিগমন; সংগ্রামেগমন।

অভিষ্টুত, ত্রি. বিণ. (অভি-স্তু, স্তব, ক্ত) প্রশংসিত; বর্ণিত; স্তুত; যাহাকে স্তব করা যায়।

অভিষঙ্গ, পু. বি. (অভি-স্বন্‌জ, সঙ্গ, ঘঞ) অনুরাগ; আসক্তি; প্রীতি; আসক্তবিশিষ্ট; ইতি মেদিনী।

অভিষ্যন্দ, পু. বি. (অভি-স্যন্দ, গতি, অল) অভিস্ফীততা; অতিশয় উন্নতি; লোকাধিক্য; অতিবৃদ্ধি; চক্ষুরোগ বিশেষ; ইতি মেদিনী। যৎপরোনাস্তি বৃদ্ধি।

অভিষ্যন্দিরমণ, ক্লী. বি. (অভি-স্যন্দ, গতি, ইরমণ) প্রধাননগরেরসন্নিহিতক্ষুদ্রনগর; শাখানগর; উপনগর।

অভিসন্তাপ, পু. বি. (অভি-সং-তপ, তাপ, ঘঞ) যুদ্ধ; দুঃখ; মনস্তাপ; ইতি হলায়ুধ। খেদ।

অভিসন্ধান, ক্লী. বি. (অভি-সং-ধা, বঞ্চন, অনট) বঞ্চনা; প্রতারণা; উদ্দেশ; ঠকান; ইতি হেমচন্দ্র।

অভিসন্ধি, পু. বি. (অভি-সং-ধা, বঞ্চন, কি) অভিসন্ধান; উদ্দেশ; বঞ্চনা; সম্ভাবনা; তাৎপর্য্য; মনস্থ; যথা—পাছে তপোবন বাসীরা তাঁহার অভিসন্ধি বুঝিতে পারেন, ইতি শকুন্তলা ৩৩ পৃষ্ঠা।

অভিসম্পাত, পু. বি. (অভি-সং-পত, পতন, ঘঞ) যুদ্ধ; অভিশাপ; শাপ; মন্যু; ইতি অমর কোষ। যথা—ক্রোধান্বিত হইয়া উঠেন ও অভিসম্পাত করেন ইতি কাদম্বরী ৪৮ পৃষ্ঠা।

অভিসর, পু. বি. (অভি-সৃ, গমন, অল) সহায়; অনুচর; মিত্র; অনুকূল; সপক্ষ; সহকারী।

অভিসরণ, ক্লী. বি. (অভি-সৃ, গমন, অনট) অনুগমন; অনুবর্ত্তন; পশ্চাৎ গমন; অনুবৃত্তি করা।

অভিসর্জ্জন, ক্লী. বি. (অভি-সৃজ, ত্যাগ, অনট) দান; বধ; ত্যাগ; বিসর্জ্জন; ইতি ধরণী। মোচন; বর্জ্জন।

অভিসার, পু. বি. (অভি-সৃ, গমন, ঘঞ) বল; যুদ্ধ; সহায়; সাধন; অনুচর; নায়ক বা নায়িকার সঙ্কেত স্থানে গমন; কান্তার্থে নির্দ্দিষ্ট সঙ্কেত স্থানে প্রস্থান; যথা—ভাবিলাম অভিসার পথে প্রস্থিত ব্যক্তির ইতি কাদম্বরী ৬১ পৃষ্ঠা।

অভিসারিকা, স্ত্রী. বি. (অভি-সৃ, গমন, ণিক আ) নায়িকা বিশেষ; কান্তের জন্য যে নারী সঙ্কেত স্থানে যায়; যথা—স্বয়ং অভিসারিকা বৃত্তি অবলম্বন করি, ইতি কাদম্বরী ৬০ পৃষ্ঠা।

অভিহত, ত্রি. বিণ. (অভি-হন, বধ, ক্ত) আহত; ভগ্ন; বিনষ্ট; পরাজিত; তাড়িত; আঘাতিত; যথা—এই বাক্য নিকটবর্ত্তী পর্ব্বতে অভিহত হইয়া ইতি টেলিমেকস ৬৭ পৃষ্ঠা।

অভিহরণ, ক্লী. বি. (অভি-হৃ, হরণ, অনট) আহরণ; আনয়ন; সঞ্চয় করণ; আনা; অর্জ্জন; উপার্জ্জন।

অভিহার, পু. বি. (অভি-হৃ, হরণ, ঘঞ) চৌর্য্য; সম্মুখেহরণ; লুঠ; ডাকাইতি; আক্রমণ; পৌনঃপুন্য।

অভিহিত, ত্রি. বিণ. (অভি-ধা, কথন, ক্ত) উক্ত; কথিত; ব্যক্ত; প্রকাশিত; যাহা বলা হইয়াছে।

অভী, ত্রি. বিণ. (অ-ভী, ভয়, ক্বিপ্‌) নির্ভয়; ভয়রহিত।

অভীক, ত্রি. বিণ. (অ-ভী, ভয়, কন্‌) কামুক; ইচ্ছুক; ক্রূর; উৎসুক; নির্ভয়; লম্পট; স্ত্রীপর; (পু. বি.) কবি; ইতি মেদিনী। স্বামী; ইতি হলায়ুধ।

অভীত, ত্রি. বিণ. (অ-ভী, ভয়, ক্ত) নির্ভয়; সাহসী; উৎসাহী; ভরসাযুক্ত; যাহার কিছু মাত্র ভয় নাই।

অভীপ্সিত, ত্রি. বিণ. (অ-ভী, ইচ্ছা, সন্‌-ক্ত) বাঞ্ছিত; অভীষ্ট; অভিলষিত; যথা—কর্কশ বচনে অভীপ্‌সিত নায়কের প্রার্থনা ইতিসেকসপিয়র ৪০৮পৃষ্ঠা।

অভীর, পু. বি. (অ-ভী, জাতিবিশেষ, র) আভীর; গোপ; গোয়ালা; ইতি অমরকোষ। জাতিবিশেষ।

অভীরু, পু. বি. (অ-ভী, ভয়, রু) ভৈরব; (ত্রি. বিণ.) নির্ভয়; সাহসী; (স্ত্রী. বি.) শতমূলী।

অভীলু, ত্রি. বিণ. (অ-ভী, ভয়, লু) নির্ভয়; সাহসী; নির্ভীত; সাহসযুক্ত; ভরসান্বিত; ইতি অমরকোষ।

অভীশু, পু. বি. (অভি-ইশ, দ্রব্যবিশেষ, উ) প্রগ্রহ;

কিরণ; লাগাম; কাম; অভিলাষ; ইতি হলায়ুধ।

অভীষঙ্গ, পুং. বি. (অভি-সন্‌জ, ক্রোধ, অল) আক্রোশ; ক্রোধ; ঈর্ষা; ইতি অমরকোষ। হিংসাভেদ।

অভীষিত, ত্রি. বিণ. (অ-ভী, ইচ্ছা, সন্‌ ক্ত) অভীষ্ট; বাঞ্ছিত; মনোভিলষিত; মনস্থ; ইতি মেদিনী।

অভীষু, পুং. বি. (অ-ভী-ইষ, ইচ্ছা, উ) কিরণ; কাম; অনুরাগ; অভিলাষ; লাগাম; ইতি অমরকোষ।

অভীষ্ট, ত্রি. বিণ. (অভি-ইষ, ইচ্ছা, ক্ত) বাঞ্ছিত; অভীপ্সিত; হৃদ্য; দয়িত; প্রিয়; মনোনীত; অভিলষিত; যথা—অভীষ্ট সিদ্ধির অনুমান করিয়াছিলেন ইতি রঘুবংশ ১৩ পৃষ্ঠা।

অভীক্ষ্ণ, ক্লী. বি. (অভি-ইক্ষ্ণ, অত্যর্থ, অল) ভৃশ; নিত্য; অতিশয়; (ত্রি. বিণ.) বারম্বার; সার্ব্বকালিক; (ব্য.) পুনঃপুনঃ; সর্ব্বদা; ইতি মেদিনী।

অভুক্ত, ত্রি. বিণ. (অ ভুজ, ভোজন, ক্ত) অনাহারী; উপবাসী; অকৃতভোজন; যথা—ধার্ত্তরাষ্ট্রগণের অভুক্তপূর্ব্বকর্ম্মজনিত ইতিমহাভারতউদ্যোগপর্ব্ব৮৬পৃষ্ঠা।

অভুগ্ন, ত্রি. বিণ. (অ-ভুন্‌জ, বক্র, ক্ত) সরল; অবক্র।

অভুজ, ত্রি. বিণ. (অ-ভুজ, অঙ্গবিশেষ, অল) অঙ্গহীন; হস্তরহিত; ঠুঁটো; ভুজবিহীন; যাহার হাত নাই।

অভূতপূর্ব্ব, ত্রি. বিণ. [অ-ভূত-পূর্ব্ব, প্রথম, চিং] ভূতপূর্ব্ব নহে; যাহা পূর্ব্বে হয় নাই; যথা—অন্তঃকরণে অভূতপূর্ব্ব আনন্দ ইতি টেলিমেকস ১৫ পৃষ্ঠা।

অভূমি, স্ত্রী. বি. [অ-ভূমি, স্থান, চিং] স্থানাভাব; অনাধার; অনাশ্রয়; যথা—অকারণে ও অভূমিতে এইরূপ ইতি রোমাবতী ২২ পৃষ্ঠা।

অভৃত, ত্রি. বিণ. (অ-ভৃ, ভরণ, ক্ত) অভরণীয়; অপুষ্ট; অপালনীয়; যথা—অভৃত ব্যক্তির ভরণ পোষণ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৯০ পৃষ্ঠা।

অভেদ, ত্রি. বিণ. (অ-ভিদ, ভেদ, অল) ভেদরহিত; অবিশেষ; ঐক্য; একতা; যাহাতে কোন ভেদ নাই।

অভেদ্য, ত্রি. বিণ. (অ-ভিদ, ভেদ, য) অভেদনীয়; যথা—বিধি জনগণের অন্তঃকরণ নিরবয়ব জন্য অভেদ্য নিশ্চয় করিয়াই ইতি নৈষধচরিত ১৬৩ পৃষ্ঠা। যাহাভেদের যোগ্য নয়; (ক্লী. বি.) হীরক।

অভোক্তব্য, ত্রি. বিণ. (অ-ভুজ, ভোজন, তব্য) অভোজ্য; ভোজনের অনুপযুক্ত; যাহা ভক্ষণ করিবারযোগ্যনয়; যাহা খাওয়া যায় না; ইতি জটাধর।

অভোজন, ক্লী. বি. (অ-ভুজ, ভোজন, অনট) ভোজনাভাব; উপবাস; অনাহার; অনশন; অখাওয়া।

অভোজ্য, ত্রি. বিণ. (অ-ভুজ, ভোজন, য) ভোজনের অনুপযুক্ত; যাহা ভোজনের যোগ্য নয়; যথা—লোকে যেমন অভোজ্য ওষধি চ্ছেদন করিয়া ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২০৬ পৃষ্ঠা।

অভ্যক্ত, ত্রি. বিণ. (অভি-অনচ, সংযোগ, ক্ত) তৈলাক্ত; তৈলমাখা; তিলাদিজনিত স্নেহদ্রব্য মাখা।

অভ্যগ্র, ত্রি. বিণ. (অভি-অগ্র, নিকট, অ) সমীপ; নিকট; সম্মুখ; অদূর; অভ্যর্ণ; ইতি অমরকোষ।

অভ্যঙ্গ, পুং. বি. (অভি-অন্‌জ, স্নেহন, অল) তৈলমর্দ্দন; স্নেহন; আপাদমস্তক তৈল লেপন; তৈলবৎদ্রব্যদ্বারা অঙ্গমর্দ্দন; সর্ব্বশরীরে স্নেহ দ্রব্য মাখন।

অভ্যাঙ্ক, পুং. বি. (অভি-অঙ্ক, কল্কবিশেষ, অ) তিলকল্ক; তিলেরখোল; তিলের কাইট; ইতিবিশ্ব।

অভ্যাঞ্জন, ক্লী. বি. (অভি-অন্‌জ, স্নেহদ্রব্য, অনট) তৈললেপন; তৈল; অভ্যঙ্গ; স্নেহদ্রব্য অঙ্গেলেপন।

অভ্যধিক, ত্রি. বিণ. [অভি-অধিক, চিং] বিস্তর; সমধিক; যথেষ্ট; অনেক; বহু; ইতি শব্দরত্নাবলী।

অভ্যনুজ্ঞা, স্ত্রী. বি. (অভি-অনু-জ্ঞা, আদেশ, অল) অনুমতি; আদেশ; আজ্ঞা; নির্দ্দেশ; শাসন।

অভ্যন্তর, ক্লী. বি. (অভি-অন্তর, মধ্য, অল) মধ্য; অন্তরাল; ভিতর; মাঝ; (ত্রি. বিণ.) অন্তর্গত; মধ্যবর্ত্তী; যথা—লৌহিত্যবৎ যে হৃদয় অর্থাৎ অভ্যন্তর স্থান, ইতি নৈষধচরিত ২৮ পৃষ্ঠা।

অভ্যন্তরবর্ত্তী, ত্রি. বিণ. (অভি-অন্তর-বৃত, বর্ত্তন, ণিন্) অভ্যন্তরবর্ত্তিন; মধ্য; মাঝ; অন্তরাল; যথা—গোলাপ পুষ্পের অভ্যন্তরবর্ত্তী কীট সকল ইতি সেকসপিয়র ৩৫৬ পৃষ্ঠা।

অভ্যবকর্ষণ, ক্লী. বি. (অভি-অব-কৃষ, কর্ষণ, অনট) শস্যাদিউৎপাটন; ধান্যাদি শস্যসমূহ ওপড়ান।

অভ্যবস্কন্দ, পুং. বি. (অভি-অব-স্কন্দ, গমন, অল) শত্রুরপ্রতি প্রহার; শত্রুসম্মুখ গমন; যুদ্ধযাত্রা।

অভ্যবহরণ, ক্লী. বি. (অভি-অব-হৃ, হরণ, ঘঞ) ভোজন; ভক্ষণ; আহার; ধান্য প্রভৃতি তুলে ফেলা।

অভ্যবহার, পুং. বি. (অভি-অব হৃ, হরণ, ঘঞ) ভোজন; অশন; ভক্ষণ; কঠিন দ্রব্যের গলাধঃকরণ; আহার; খাওয়া; যথা—তোমার অভ্যবহার লাভ

ব্যতিরেকে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২১৪ পৃষ্ঠা।

অভ্যবহারী, ত্রি. বিণ. (অভি-অব-হৃ, হরণ, ণিন্) ভোক্তা; ভক্ষক; যে ভোজনকরে; যে ব্যক্তি খায়।

অভ্যবহৃত, ত্রি. বিণ. (অভি-অব-হৃ, হরণ, ক্ত) ভুক্ত; ভক্ষিত; যে ব্যক্তি ভোজন করিয়াছে; ইতি অমর।

অভ্যমিত, ত্রি. বিণ. (অভি-অম, রোগ, ক্ত) রোগী পীড়িত; আতুর; অসুস্থ; ক্লিষ্ট; দুঃখিত।

অভ্যমিত্র, পুং. বি. (অভি-অম, গমন, ইত্র) স্বীয়সামর্থ্যদ্বারা শত্রুরসম্মুখ গমনকর্ত্তা; বিখ্যাত যোদ্ধা।

অভ্যমিত্রীন, পুং. বি. (অভি-অম, গমন, ইত্র-ঈন) সম্মুখীন যোদ্ধা; সমুখেসমর কর্ত্তা; যে সমুখে রণকরে।

অভ্যর্ণ, ত্রি. বিণ. (অভি-অর্ণ, নৈকট্য, অল) নিকট; সমীপ; অন্তিক; কাছে; ইতি অমরকোষ।

অভ্যর্থনা, স্ত্রী. বি. (অভি-অর্থ, সমাদর, অন-আ) প্রার্থনা; সম্ভাষা; সমাদর; যথা—দেবরাজের কোন অভ্যর্থনা করিবার ইতি রঘুবংশ ৭৬ পৃষ্ঠা।

অভ্যর্হিত, ত্রি. বিণ. (অভি-অর্হ, যোগ্যতা, ক্ত) উচিত; যোগ্য; উপযুক্ত; নিপুণ; শক্ত; ইতি বিশ্ব।

অভ্যসন, ক্লী. বি. (অভি-অস, চিন্তা, অনট) অভ্যাসকরণ; পুনঃপুনআলোচনা; চিন্তন; বারবারকরণ।

অভ্যসূয়া, স্ত্রী. বি. [অভি-অসূয়া, নিন্দা, চি] গুণেদোষারোপ; ঈর্ষা; নিন্দা; ক্রোধ; অসূয়া; হিংসাভেদ।

অভ্যস্ত, ত্রি. বিণ. (অভি-অস, অভ্যাস, ক্ত) শিক্ষিত; যাহাঅভ্যাস করা হইয়াছে; আয়ত্তীকৃত; কণ্ঠস্থ; যথা—আমি কেবল অভ্যস্ত বিষয় কহিতে পারি ইতি সেকসপিয়র ৩১১ পৃষ্ঠা।

অভ্যাকাঙ্ক্ষিত, ক্লী. বি. (অভি আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ক্ত) মিথ্যাভিযোগ; অন্যায় নালিস; মিছাদাওয়া; (ত্রি. বিণ.) মিথ্যাপ্রার্থিত; মিছা চাওয়া; ইতি মেদিনী।

অভ্যাখ্যান, ক্লী. বি. (অভি-আ-খ্যা কথন, অনট) মিথ্যাভিযোগ; মিথ্যা বিবাদ; মিথ্যানুযোগ।

অভ্যাগত, পুং. বি. (অভি-আ-গম, গমন, ক্ত) অতিথি; (বিণ.) অনিমন্ত্রিত; অজ্ঞাতপূর্ব্ব গৃহাগত; ইতি হেমচন্দ্র। যথা—সখি! অভ্যাগত মহাশয়ের এপর্য্যন্ত সৎকার করা হয় নাই। ইতি শকুন্তলা ১৫ পৃষ্ঠা।

অভ্যাগম, পুং. বি. (অভি-আ-গম, গমন, অল) সমীপ; মারণ; যুদ্ধ; বৈর; অভ্যুত্থান; ইতি বিশ্ব।

অভ্যাগমন, ক্লী. বি. (অভি-আ-গম, গমন, অনট) নিকটেগমন; সমীপে আগমন; সম্মুখে আসা।

অভ্যাগারিক, ত্রি. বিণ. (অভি-আ-গার, ব্যগ্রতা, ইক) কুটুম্বব্যাপৃত; পুত্রকলত্রাদি পোষণেব্যগ্র; পরিবার পোষণে মনোযোগী; যে পোষ্যবর্গকেপালন করে।

অভ্যাদান, ক্লী. বি. (অভি-আ-দা, দান, অনট) আরম্ভ; প্রথমানুষ্ঠান; প্রথমোদ্যোগ; আরব্ধ।

অভ্যান্ত, ত্রি. বিণ. (অভি-আ-দা, দান, অনট) রোগী; পীড়িত; পীড়াযুক্ত; অসুস্থ; ইতি মেদিনী।

অভ্যাপাত, পুং. বি. (অভি-আ-পত, পতন, ঘঞ) আপদ; বিপদ; বিপত্তি; সঙ্কট; বিনাশ; ইতি বিশ্ব।

অভ্যাবৃত্তি, ত্রি. বিণ. (অভি-আ-বৃত, বর্ত্তন, ক্তি) পুনঃপুন; অসকৃৎ; বারবার; একবার নহে।

অভ্যামর্দ্দ, পুং. বি. (অভি-আ-মর্দ্দ, পীড়া, অল) সংগ্রাম; যুদ্ধ; রণ; বিবাদ; সমর; আয়োধন।

অভ্যাশ, ত্রি. বিণ. (অভি-আশ, নিকট, অল) সমীপ; নিকট; সম্মুখ; সন্নিধান; ইতি মেদিনী।

অভ্যাস, পুং. বি. (অভি আস, নিকট, অল) শিক্ষা; যথা—পিতার নিকটই সমন্ত্রক শস্ত্রবিদ্যা অভ্যাস করিলেন। ইতি রঘুবংশ ১৮ পৃষ্ঠা।

আবৃত্তিজন্য সংস্কার; পুনঃপুনরনুশীলন; বারবার আলোচনা; নৈকট্য; (ত্রি. বিণ.) নিকট; সমীপ।

অভ্যাসাদন, ক্লী. বি. (অভি-আ-সদ, গমন, অনট) শত্রুসম্মুখে গমন; যুদ্ধযাত্রা; সমরে প্রস্থান।

অভ্যাহার, পুং. বি. (অভি-আ-হৃ, হরণ, ঘঞ) অভিহার; চৌর্য্য; আহার; হরণ; লুঠ; ডাকাইতি; আক্রমণ; পৌনঃপুন্য; বারংবার; অপহরণ।

অভ্যুচ্ছ্রিত, ত্রি. বিণ. (অভি-উৎ-শ্রি, উন্নতি, ক্ত) অত্যুন্নত; সমর্থ; শক্তিষ্ঠ; বলবান, ক্ষমতাপন্ন।

অভ্যুত্থান, ক্লী. বি. (অভি-উৎ-স্থা, উদ্গম, অনট) প্রত্যুত্থান; যথা—বিনা অভ্যুত্থানেই যথেষ্ট আদর প্রকাশ হইয়াছে। ইতি কাদম্বরী ২২ পৃষ্ঠা।

গৌরব; অত্যুন্নতি; উদয়; উত্থা; সমৃদ্ধি; অভ্যুদয়; সুখ্যাতি; সম্বর্দ্ধনা; সম্ভ্রম; সমাদর; ইতি বিশ্ব।

অভ্যুত্থিত, ত্রি. বিণ. (অভি-উৎ-স্থা, উদগম, ক্ত) উত্থিত; উদিত; প্রজ্বলিত; প্রবৃত্ত; উদ্গত।

অভ্যুদয়, পুং. বি. (অভি-উদি, কুশলতা, অল) উত্থান; মঙ্গল; কুশল; বৃদ্ধি; কল্যাণ; যথা—প্রজাগণ যুবরাজের অভ্যুদয় অবলোকন করিয়া ইতিরঘুবংশ ২৩পৃষ্ঠা।

অভ্যুদাহরণ, ক্লী. বি. (অভি-উৎ-আ-হৃ, হরণ, অনট) প্রত্যুদাহরণ; উলটা দৃষ্টান্ত; ইতি শব্দরত্নাবলী।

অভ্যুদিত, ত্রি. বি. (অভি-উদি, উদয়, ক্ত) সূর্য্যোদয়হইলেও যে নিদ্রিত থাকে; উদয় প্রাপ্ত; প্রকাশিত; সূর্য্যোদয় কাল শায়ী; ইতি অমরকোষ।

অভ্যুদীরিত, ত্রি. বিণ. (অভি-উৎ-ঈর, বিক্ষেপ, ক্ত) বিক্ষিপ্ত; কথিত; ইতি ধরণী। যাহা বলাহইয়াছে।

অভ্যুদ্যত, ত্রি. বিণ. (অভি-উৎ-যম, উদয়, ক্ত) উদিত; উত্থিত; প্রজ্বলিত; প্রবৃত্ত; ইতিবিশ্ব। প্রকাশিত।

অভ্যুপগত, ত্রি. বিণ. (অভি-উপ-গম, গমন, ক্ত) স্বীকৃত; অঙ্গীকৃত; প্রাপ্ত; ইতি হেমচন্দ্র। প্রতিজ্ঞাত।

অভ্যুপগম, পু. বি. (অভি-উপ-গম, গমন, অল) স্বীকার; অঙ্গীকার; নিকটে গমন; উপস্থিতি; প্রাপ্তি।

অভ্যুপপত্তি, স্ত্রী. বি. (অভি-উপ-পদ, উপকার, ক্তি) অনুগ্রহ; উপকার; উপকৃতি; আনুকূল্য।

অভ্যুপায়, পু. বি. (অভি উপ-অয়, গতি, অল) স্বীকার; অঙ্গীকার; সদুপায়; শ্রেষ্ঠোপায়; ইতি বিশ্ব।

অভ্যুপায়ন, ক্লী. বি. (অভি-উপ-অয়, গতি, অনট) উপায়ন; উপঢৌকন দ্রব্য; উপহার; ভেট; ডালি।

অভ্যুপেত, ত্রি. বিণ. (অভি-উপ-ই, গতি, ক্ত) স্বীকৃত; উপগত; অঙ্গীকৃত; প্রাপ্ত; ইতি জটাধর।

অভ্র, ক্লী. বি. (অভ্র, গতি, অ) মেঘ; যথা—অভ্রভেদীচূড়া যদিযায় গুঁড়াহয়ে ইতিমেঘনাদবধকাব্য ৮পৃষ্ঠা। আকাশ; স্বর্ণ; অভ্রকধাতু; ইতি মেদিনী।

অভ্রংলিহ, পু. বি. (অভ্রং লিহ, বাতাস, ক) বায়ু; অনিল; বাতাস; (ত্রি. বিণ.) গগনস্পর্শী; অতিউচ্চ; অবয়ববিহীন; আকাশস্পর্শী; ইতি বিশ্ব।

অভ্রক, ক্লী. বি. (অভ্র, ধাতুবিশেষ, কন্) মেঘ; আকাশ; স্বনামখ্যাত ধাতুবিশেষ; শুভ্র; ব্যোম; ভৃঙ্গ; অম্বর; অন্তরীক্ষ; অনন্ত। ইহারগুণ যথা-স্নিগ্ধতা; বল ও অগ্নিবর্দ্ধক; কুষ্ঠ মেহ এবং ত্রিদোষ নাশক।

অভ্রঙ্কষ, পু. বি. (অভ্রং-কষ, বাতাস, অল) বায়ু; অনিল; (ত্রি. বিণ.) গগনস্পর্শী; অতিউচ্চ।

অভ্রপিশাচ, পু. বি. [অভ্র-পিশাচ, গ্রহবিশেষ, চ্ছি] রাহুগ্রহ; নবগ্রহ মধ্যে গ্রহ বিশেষ।

অভ্রপুষ্প, ক্লী. বি. (অভ্র-পুষ্প, দ্রব্যবিশেষ, অল) জল; (পু.) বেতস লতা; ইতি অমরকোষ।

অভ্রম, ত্রি. বিণ. (অ-ভ্রম, ভুল, অল) ভ্রমরহিত; অভ্রান্ত; অসম্ভ্রম; অভ্রান্তি; যাহার ভ্রম নাই।

অভ্রমাতঙ্গ, পু. বি. (অভ্র-মাতঙ্গ, হাতী, অল) ঐরাবত হস্তী; ইন্দ্রের হাতী; ইতি অমরকোষ।

অভ্রমালা, স্ত্রী. বি. (অভ্র-মাল, মেঘ, ঙ-আ) মেঘশ্রেণী; মেঘ সমূহ; ইতি হলায়ুধ। সাজান মেঘ।

অভ্রমু, স্ত্রী. বি. [অভ্রমু, হস্তিনী, চ্ছি] ঐরাবত হস্তীর স্ত্রী; পূর্ব্বদিকের হস্তিনী; ইতি অমরকোষ।

অভ্ররোহ, ক্লী. বি. (অভ্র-রুহ, রোহণ, ক) বৈদূর্য্যমণি।

অভ্রাতৃক, ত্রি. বিণ. [অ-ভ্রাতৃ, সহোদর, কণ] ভ্রাতৃবিহীন; সহোদর শূন্য; ইতি মেদিনী।

অভ্রান্ত, ত্রি. বিণ. (অ-ভ্রম, ভুল, ক্ত) ভ্রান্তিশূন্য।

অভ্রি, স্ত্রী. বি. [অভ্র, দ্রব্যবিশেষ, ই] কাষ্ঠকুদ্দাল; কেটো; নৌকা মার্জ্জনার্থ কুদ্দালাকৃতি কাষ্ঠ।

অভ্রিয়, ত্রি. বিণ. (অভ্র, ধাতুবিশেষ, ইয়) অভ্রোদ্ভব বস্তু; মেঘোৎপন্ন; মেঘ সম্বন্ধীয়; ইতি ধরণী।

অভ্রী, স্ত্রী. বি. (অভ্র, দ্রব্যবিশেষ, ঈ) কাষ্ঠকুদ্দাল।

অভ্রেষ, পু. বি. (অভ্র-ইষ, যথার্থ, অল) উচিত; ন্যায়; যথার্থ; ইতি অমরকোষ। বাস্তবিক।

অভ্রোত্থ, ক্লী. বি. (অভ্র-উৎ-স্থা, স্থিতি, ড) বজ্র; অশনি; বাজ; কুলিশ; ইন্দ্রের অস্ত্র।

অম, ব্য. (অম, পীড়া, অল) শীঘ্রতা; অল্প; (ত্রি. বিণ.) অপক্কফলাদি; (পু. বি.) রোগ; আময়।

অমঙ্গল, ক্লী. বি. (অ-মঙ্গল, শুভ, অল) এরণ্ডবৃক্ষ; (ক্লী.) অকল্যাণ; দুর্লক্ষণ; মঙ্গলাভাব; (ত্রি. বিণ.) মঙ্গল শূন্য; কুশল বিহীন; যথা—অমঙ্গলসূচক শিবা সমুদায় ইতিমহাভারতশল্যপর্ব্ব ১১৩পৃষ্ঠা।

অমঙ্গলজনক, ত্রি. বিণ. (অ-মঙ্গল-জন, জনন, কন্) অশুভ জনক; দুর্লক্ষণ যুক্ত; অকুশল হেতুক।

অমঙ্গল্য, ত্রি. বিণ. (অ-মঙ্গল, শুভ, য) অমঙ্গলজনক।

অমণ্ড, পু. বি. (অমণ্ড, উদ্ভিদ্‌বিশেষ, অল) এরণ্ডবৃক্ষ।

অমত, পু. বি. (অ-মন, মত, ক্ত) রোগ; মৃত্যু; কাল; ইতিউণাদিকোষ। (ত্রি. বিণ.) অসম্মত; অনভিপ্রেত।

অমতি, পু. বি. (অ-মন, মত, ক্তি) কাল; চন্দ্র; ইতি মেদিনী। (স্ত্রী. বিণ.) কুমতি; দুষ্টবুদ্ধি।

অমত্র, ক্লী. বি. (অম, স্থানবিশেষ, ত্র) পাত্র; অমির্ত্তি।

অমৎসর, পু. বি. (অমৎ-সৃ, গতি, অল) দ্বেষাভাব; (ত্রি. বিণ.) মাৎসর্য্য রহিত; যাহার অহঙ্কারনাই।

অমনি, স্ত্রী বি. (অম, পথ, নি) বর্ত্ম; পন্থা; পথ;

অমূলা ; (ক্রিবিণ.) ঐ প্রকার ; বিনা মূল্যে ; তৎক্ষণাৎ ; যথা—রমনী অমনি প্রিয়হাত ধরে। ইতি ভারতচন্দ্র ২৮৭ পৃষ্ঠা।

অমনুষ্যত্ব, পু. বি. [অ-মনুষ্য, মানুষ, ত্ব] অলোকতা ; লোকব্যবহারানভিজ্ঞতা ; মনুষ্যের সাধারণ ধর্ম্মনহে।

অমনোজ্ঞ, ত্রি. বিণ. (অ-মনস্-জ্ঞা, বোধ, ড) মন্দ ; সুন্দর নহে ; বিশ্রী ; অজ্ঞাত মানস ; ইতি বিশ্ব।

অমনোযোগ, পু. বি. (অ-মনস্-যুজ, যোগ, ঘঞ) অনাবেশ ; মনোযোগ না করা ; যথা—তুমি এই কয়টি বিষয়ে কদাচ অমনোযোগ করিও না ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৪৩ পৃষ্ঠা।

অমন্, ত্রি. বিণ. [অদস্, ঐ, অন্] ঐপ্রকার ; ঐরূপ।

অমন্তব্য, ত্রি. বিণ. (অ-মন, চিত্ত, তব্য) যাহা চিন্তনীয় নহে ; অবিবেচিতব্য ; মনোযোগ পূর্ব্বক বক্তব্য নহে।

অমন্ত্রক, ত্রি. বিণ. (অ-মন্ত্র, দেবাদির সাধনবাক্য, নক) মন্ত্রপূর্ব্বক নহে ; যাহা মন্ত্রপূত করিয়া হয় না ; যথা—এক শূদ্র অমন্ত্রক ঐন্দ্রাগ্নবিধি অনুসারে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৯৫ পৃষ্ঠা।

অমন্দ, পু. বি. (অ-মন্দ, অনুৎকৃষ্ট, অল) বৃক্ষ ; উদ্ভিজ্জপদার্থ ; (ত্রি. বিণ.) মন্দভিন্ন ; ভাল ; উৎকৃষ্ট।

অমম, পু. বি. (অ-মম, মমতা, অল) ভাবিজিনবিশেষ ; (ত্রি. বিণ.) মমতাশূন্য ; নির্ম্মায়।

অমর, পু. বি. (অ-মৃ, মরণ, অল) দেব ; দেবতা ; ইতি অমর। কুলিশ বৃক্ষ ; অস্থিসংহার বৃক্ষ ; ইতি মেদিনী। পারদ ; (স্ত্রী.) ইন্দ্রের পুরী ; (ত্রি. বিণ.) মৃত্যুরহিত ; চিরস্থায়ী ; মরণহীন ; যাহার মৃত্যুনাই।

অমরজ, পু. বি. (অ-মর-জন, জনন, ড) দেবজাত ; দেবতা হইতে উৎপন্ন ; দেবপ্রভব ; ইতি অমরকোষ।

অমরত্ব, ক্লী. বি. (অ-মৃ, মরণ, ত্ব) দেবভাব ; দেবত্ব ; দেবসাযুজ্য ; যথা—আমি তোমাকে অমরত্ব ও স্থির-যৌবন প্রদান করিব ইতি টেলিমেকস ৩ পৃষ্ঠা।

অমরদারু, পু. বি. (অমর-দারু, কাষ্ঠ, ক) বৃক্ষবিশেষ ; দেবদারু ; দেববৃক্ষ ; ইতি মেদিনী।

অমরদ্বিজ, পু. বি. (অমর-দ্বিজ, ব্রাহ্মণ, অল) দেবল ব্রাহ্মণ ; পূজারীব্রাহ্মণ ; যে দেবপূজায় নির্ব্বাহ করে।

অমরপুরী, স্ত্রী. বি. [অমর-পুর, নগর, ঈ] দেবপুরী ; দেবতাদিগের বাসস্থান ; যথা—যে নগরীকে অমরপুরী জ্ঞানে ইতি নৈষধচরিত ৭০ পৃষ্ঠা।

অমরপুষ্পক, পু. বি. (অমর-পুষ্প, তৃণ বিশেষ, নক) কাশতৃণ ; কেশ্যা ; ইতি রত্নমালা। তৃণ বিশেষ।

অমররত্ন, ক্লী. বি. (অমর-রত্ন, দ্রব্যবিশেষ, অল) স্ফটিক ; সূর্য্যকান্ত মণি ; স্বনামখ্যাত মণি।

অমরা, স্ত্রী. বি. (অ-মৃ, মরণ, আ) দূর্ব্বা ; গুড়ূচী ; শতপর্ব্বা ; ইন্দ্রপুরী ; ইন্দ্রবারুণীবৃক্ষ ; গৃহকন্যা ; ঘৃতকুমারী ; স্বনাম বিখ্যাত গুল্ম ; ইতি অমরকোষ।

অমরাদ্রি, পু. বি. [অমর-অদ্রি, পর্ব্বত, ড্রি] সুমেরু-পর্ব্বত ; ইতি জটাধর। রত্নসানু ; সুরালয়।

অমরাবতী, স্ত্রী. বি. (অমরা, পুরীবিশেষ, বতু-ই) ঐন্দ্রনগরী ; ইন্দ্রেরপুরী ; সুরগৃহ ; দেবতাদিগের ঘর ; যথা—কোথা বা অলকা ধাম, কোথা বা বৈকুণ্ঠ নাম, কোথাবা অমরাবতী আছে। ইতিকুমারসম্ভব ৯৫পৃষ্ঠা।

অমরালয়, ক্লী. বি. (অমর-আ-লী, গৃহ, অল) দেবপুরী ; দেবতাদিগের আলয় ; যথা—আর অমরালয়াপেক্ষাও অদ্ভুতা, ইতি নৈষধচরিত ৬৮ পৃষ্ঠা।

অমরুত, ত্রি. বিণ. (অ-মরুৎ, বায়ু, অল) নির্ব্বাত ; সুস্থির ; শান্ত ; চঞ্চলনয় ; শিষ্ট ; যাহা নড়ে না।

অমর্ত্ত্য, পু. বি. (অ-মৃত, মরণ, য) দেবতা ; অমর ; যাহার মরণসাধর্ম্মনয় ; (ত্রি. বিণ.) যেথানে মরেনা।

অমর্ত্ত্যভুবন, ক্লী. বি. (অমর্ত্ত্য, ভুব, স্থান, অনট) স্বর্গ।

অমর্য্যাদা, স্ত্রী. বি. (অ-মর্য্যাদা, সম্মান, আ) অসম্মান ; মানহানি ; অসম্ভ্রম ; অনাদর ; ইতি অমরকোষ।

অমর্শ, পু. বি. (অ-মৃশ, মর্শন, অল) অযুক্তি ; অপরামর্শ ; ক্রোধ ; যথা—তাঁহার আশয় বিদিত হইলে বিমর্ষ বা অমর্শ প্রকাশ করিলেন, ইতি সেকসপিয়র ৩৯৬ পৃষ্ঠা।

অমর্ষ, পু. বি. (অ-মৃষ, মর্ষণ, অল) ক্রোধ ; বিমর্ষ ; কোপ ; যথা—ক্ষত্রিয়ধর্ম্ম, বল, পৌরুষ ও অমর্ষে ধিক ! ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৭ পৃষ্ঠা।

অমর্ষণ, ক্লী. বি. (অ-মৃষ, মর্ষণ, অনট) ক্রোধ ; (ত্রি. বিণ.) ক্রোধী ; রাগী ; অসহন ; কোপান্বিত ;

অমল, ক্লী. বি. (অ-মল, মলা, অল) অভ্রধাতু ; (ত্রি. বিণ.) নির্ম্মল ; পরিষ্কৃত ; বিমল।

অমলা, স্ত্রী. বি. (অ-মল, মলা, আ) লক্ষ্মী ; ইতিমেদিনী। সাতলাবৃক্ষ ; ভূমি আমলকী ; ইতি অমর।

অমস, পু. বি. (অমস, সময়, অ) কাল ; নির্ব্বোধ ; রোগ ; ব্যামোহ ; পীড়া ; ইতি মেদিনী।

অমা, ব্য. (অমা, নৈকট্য, অ) সহার্থ; সহিত; নিকট; (স্ত্রী. বি.) অমাবস্যা; চন্দ্রের কলা বিশেষ।

অমাংস, ত্রি. বিণ. (অ-মাংস, বল, অল) দুর্ব্বল; অল্পমাংসযুক্ত; মাংসরহিত; যাহার শরীরে মাংসনাই।

অমাতৃক, ত্রি. বিণ. (অ-মাতৃ, মাতা, কন) মাতৃহীন; মাতাশূন্য, যাহার গর্ব্ভধারিণী নাই; ইতি বিশ্ব।

অমাত্য, পু. বি. (অমা, মন্ত্রণা, ত্য) সহচর; বন্ধু; মন্ত্রী; যথা—উপযুক্ত অমাত্যহস্তে রাজ্যভার সমর্পণ করিয়া ইতি রঘুবংশ ২ পৃষ্ঠা।

অমানন, ক্লী. বি. (অ-মান, আদর, অনট) অনাদর; ন্যক্কার; উপেক্ষা; অগ্রাহ্য; অবমাননা।

অমানৎ, ত্রি. বিণ. (যাং) জমা; গচ্ছিত; নিক্ষিপ্ত।

অমানস্য, ক্লী. বি. (অ-মানস, মন, য) দুঃখ; পীড়া; ব্যথা; (ত্রি. বিণ.) অমানস যুক্ত; দুঃখিত।

অমানুষ, ত্রি. বিণ. (অ-মানুষ, মনুষ্য, অ) সভাক্ষুব্ধ; মুখচোরা; ইতর; যাহাতে মনুষ্যত্ব নাই; যথা—সেই মহাবলপরাক্রান্ত অমানুষকর্ম্মা ইতি মহাভারত শল্যপর্ব্ব ২৪ পৃষ্ঠা।

অমান্য, ত্রি. বিণ. (অ-মান, আদর, য) অমাননীয়; অনাদৃত; অস্বীকার; অনাদরণীয়; যথা—বহুদিন অমান্য হইয়া থাকিল না, ইতিসেকসপিয়র ৩৮৭পৃষ্ঠা।

অমাবস্যা, স্ত্রী. বি. (অমা-বস, তিথিবিশেষ, য-আ) কৃষ্ণপক্ষান্ততিথি; অমাবাস্যা; দর্শ; সূর্য্যেন্দুসঙ্গম; যথা—সেই জন্যই কি ঐ অমাবস্যা তিথির অমা নামটি প্রদান করিয়াছেন ইতি নৈষধচরিত ১৫৩ পৃষ্ঠা।

অমাবাসী, স্ত্রী. বি. (অমা-বস, তিথি, ণি-ঈ) অমাবাস্যা;

অমাবাস্যা, স্ত্রী. বি. (অমা-বস, তিথি, ঘ্যণ-আ) অমাবসীতিথি; কৃষ্ণপক্ষের শেষতিথি; ইতি জটাধর।

অমামসী, স্ত্রী. বি. (অমা-মস, তিথি, ঈ) অমাবস্যা;

অমামাসী, স্ত্রী. বি. (অমা-মস, তিথি, ঘঞ-ঈ) অমাবাস্যা; কৃষ্ণ পক্ষের শেষতিথি; ইতি অমরকোষ।

অমায়, ত্রি. বিণ. (অ-মায়, মায়া, অল) মায়া বিহীন; বাস্তব; যথার্থ; অকপট; যাহার মোহ নাই।

অমায়িক, ত্রি. বিণ. (অ-মায়, মায়া, ইক) মায়ারহিত; নির্ম্মায়; কপটতা বিহীন; সরলান্তঃকরণ; যথা—কি অঙ্গসৌষ্ঠব! কি অমায়িকভাব! ইতিশকুন্তলা৮৩পৃষ্ঠা।

অমিত, ত্রি. বিণ. (অ-মা, পরিমাণ, ক্ত) পরিমাণরহিত; অপরিমেয়; যাহার পরিমাণ নাই; যথা—অমিত পরাক্রম বলরাম সেই পুণ্যতীর্থে ইতি মহাভারত শল্যপর্ব্ব ৮০ পৃষ্ঠা।

অমিত্র, পু. বি. (অ-মিত্র, বন্ধু, অল) শত্রু; বৈরি; অরি; যথা—বিদ্বান্ ব্যক্তিরা মিত্র ও অমিত্রের পরীক্ষা করিয়া থাকেন ইতিমহাভারতশল্যপর্ব্ব ১৩পৃষ্ঠা।

অমিয়, ক্লী. বি. (অমিয়, অমৃত, অ) সুধা; অমৃত; যথা—কহিতেছে কথা বীর অমিয় বর্ষণে। ইতি কর্ম্মদেবী ৯৩ পৃষ্ঠা।

অমিয়া, স্ত্রী. বি. (অমিয়, অমৃত, আ) অমৃত; সুধা।

অমিষ, ক্লী. বি. (অমিষ, সুখ, ক) লৌকিকসুখ; ছলাভাব; (ত্রি. বিণ.) যাহার লৌকিকঅসুখ নাই।

অমী, ত্রি. বিণ. (অম, রোগ, ঈ) রোগী; পীড়িত।

অমীব, ক্লী. বি. (অমী, কষ্টতা, ব) দুঃখ; পাপ।

অমুক, ত্রি. বিণ. [অদস্, ঐ, অক] বুদ্ধিস্থব্যক্তি; সম্মুখাগত; ফলনা; যথা—অমুক স্থানে অত্যাচারী মানব দেখিতেপাওয়াযায়। ইতিসেকসপিয়র৪৭৩পৃষ্ঠা।

অমুক্ত, ক্লী. বি. (অ-মুচ, মোচন, ক্ত) ছুরিকাবিশেষ; হাতছুরী; (ত্রি. বিণ.) মুক্তিরহিত; অত্যক্ত।

অমুত্র, ব্য. (অ-মুত্র, পরলোক, ক) জন্মান্তরে; পরকালে; শেষকালে; উত্তরকালে; পরজন্মে।

অমুনি, ত্রি. বিণ. [অদস্, সেই, ই] তৎক্ষণাৎ; তখনই; অবিলম্বে; ইতি শব্দরত্নাবলী।

অমুষ্যপুত্র, পু. স্ত্রী. বি. (অমুষ্য-পুৎ-ত্রা, রক্ষণ, ড) প্রখ্যাতবংশোদ্ভব; মহাকুলীন; সম্ভ্রান্ত বংশোদ্ভব।

অমুদৃশ, ত্রি. বিণ. (অদস্, দৃশ, দর্শন, অ) এইপ্রকার; এবম্প্রকার; এইরকম; এবম্বিধ; ঈদৃশ।

অমূর্ত্ত, ত্রি. বিণ. (অ-মূর্ত্ত, আকার, ক্ত) মূর্ত্তভিন্ন; মূর্ত্তিরহিত; নিরাকার; মূর্ত্তিশূন্য; যাহার আকৃতি নাই

অমূর্ত্তি, ত্রি. বিণ. (অ-মূর্ত্ত, আকার, ক্তি) আকৃতিহীন; নিরাকার; অবয়ব বিহীন; ইতি অমর।

অমূলক, ত্রি. বিণ. (অ-মূল, অক) মূলরহিত; প্রমাণশূন্য; অপ্রামাণিক; যারমূলনাই; অলীক; যথা—একণে কি আত্মনিন্দা অমূলক বলিয়া ইতিরঘুবংশ ১১১পৃষ্ঠা।

অমূল্য, ত্রি. বিণ. (অ-মূল, মূল্য, য) মূল্যহীন; বেদামি; যথা—কে হরিল সেই সব অমূল্য রতন ইতি কর্ম্মদেবী ১৬ পৃষ্ঠা।

অমৃণাল, ক্লী. বি. (অ-মৃণাল, মূল, অল) বীরণমূল; বেনারমূল; (ত্রি. বিণ.) মৃণালবিহীন; ইতিবিশ্ব।

অমৃত, ক্লী · বি . (অ-মৃ , মরণ , ক্ত) সমুদ্রোদ্ভব দ্রব্যবিশেষ; যথা।—সুরাসুর বৃন্দ যবে মথিয়া সিন্ধুরে, লভিলা অমৃত, ইতি মেঘনাদবধকাব্য ৫৪ পৃষ্ঠা।

পীযূষ; সুধা; জল; ঘৃত; যজ্ঞশেষ দ্রব্য; অযাচিতবস্তু; মুক্তি; দুগ্ধ; অন্ন; সুস্বাদবস্তু; ধন; বিষ; দেবভোজ্যদ্রব্যবিশেষ; (পু. বি.) দেবতা; ধন্বন্তরি। (স্ত্রী·) দূর্ব্বা; তুলসী; জলবাহিনী সূর্য্যরশ্মি আনন্দা, মেধ্যা, ভূতনা, পূতনা, এই চারিটী। সুরা; (ত্রি. বিণ.) প্রিয়; সুন্দর; মরণরহিত; ইতি অমর।

অমৃতকুণ্ড, পু. বি. (অমৃত-কুণ্ড, পাত্র, ক) অমৃতেরপাত্র; সুধার আধার; যাহাতে অমৃত থাকে।

অমৃতজটা, স্ত্রী. বি. (অমৃত-জট, দ্রব্যবিশেষ, আ) জটামাংসী; ওষধিবিশেষ; দুর্গন্ধি দ্রব্যবিশেষ।

অমৃততরঙ্গিণী, স্ত্রী. বি. (অমৃত-তরঙ্গ, ইন্-ঈ) জ্যোৎস্না; চন্দ্রিকা; কৌমুদী; চন্দ্রের কিরণ; ইতি কেচিৎ।

অমৃতদীধিতি, পু · বি. (অমৃত-দীধি, কিরণ, ক্তি) চন্দ্র; শশাঙ্ক; শশধর; নিশাপতি; ইতি মেদিনী।

অমৃতফল, পু. ক্লী. বি. (অমৃত-ফল, শস্যবিশেষ, অল) পারেবতবৃক্ষ; পটোল; ফলবিশেষ; ইতি বিশ্ব।

অমৃতফলা, স্ত্রী. বি· (অমৃত-ফল, শস্য, আ) দ্রাক্ষা; আঙ্গুর; আমলকী; আঙ্গুর; অমৃততুল্য ফল।

অমৃতবল্লী, স্ত্রী. বি. (অমৃত-বল্ল, উদ্ভিজ্জবিশেষ, ঈ) গুড়ূচী; লতাবিশেষ; উদ্ভিজ্জভেদ; ইতি ধরণি।

অমৃতরসা, স্ত্রী. বি. (অমৃত-রস, ফলবিশেষ, আ) কপিলদ্রাক্ষা; দ্রাক্ষাবিশেষ; ইতি হেমচন্দ্র।

অমৃতসারজ, পু· বি. (অমৃতসার-জন, জনন, ড) গুড়; খাঁড়; ইক্ষু বিকার বিশেষ; মধুর; খণ্ড।

অমৃতসূ, পু. বি· (অমৃত-সূ, প্রসব, ক্বিপ্) চন্দ্র; শশধর; সুধাকর; (স্ত্রী·) দেবমাতা; অমরগর্ত্তা।

অমৃতসোদর, পু. বি. (অমৃত-সোদর, উদরেরসহিত, অ) ঘোটক; অশ্ব; (বিণ.) সুধাসদৃশ; অমৃততুল্য।

অমৃতা, স্ত্রী· বি. (অ-মৃ, মরণ, ক্ত-আ) গুড়ূচী; মদিরা; ইন্দ্রবারুণী; জ্যোতিষ্মতী; দূর্ব্বা; আমলকী; হরীতকী; তুলসী; ইতিশব্দমালা। পিপ্পলী।

অমৃতান্ধস, পু· বি. (অমৃত-অন্ধস, অমর, অল) দেবতা; অমর; ইতি অমরকোষ। সুরলোক; নির্জ্জর।

অমৃতায়মান, ত্রি. বিণ. (অমৃত, সুধা, মান) সুধাতে পরিপূর্ণ; অমৃত সদৃশ; অমৃতযুক্ত; যথা।—অমৃতায়মান সৌরভের আঘ্রাণে ইতি টেলিমেকস ১০ পৃষ্ঠা।

অমৃতাশন, পু. বি· (অমৃত-অশ, ভোজন, অনট) দেবতা; সুর; অমৃত ভোজন; বিবুধ; ইতি মেদিনী।

অমৃতাসঙ্গ, ক্লী. বি· (অমৃত-আ-সন্জ, আসঙ্গ, অল) অঞ্জন; রসাঞ্জন; কজ্জল; কাজল; ইতি বিশ্ব।

অমৃতাহরণ, পু. বি. (অমৃত-আ-হৃ, হরণ, অনট) গরুড়।

অমৃতাহার, পু. বি. (অমৃত-আ-হৃ, হরণ, ঘঞ) অমৃতভোজন; সুধাভক্ষণ; অমৃত খাওয়া; ইতি অমর।

অমৃতাহ্ব, ক্লী. বি. (অমৃত-আ-হ্বে, ফলভেদ, ড) ফলবিশেষ; সেব নামক ফল; যথা।—কিবা সেই ফল, অমৃতে বিহ্বল, অমৃতাহ্ব যারনাম। ইতিকর্ম্মদেবী১১পৃষ্ঠা।

অমৃত্তি, স্ত্রী. বি. (অমৃত, পাত্র, ক্তি) জলপাত্রবিশেষ।

অমেধা, পু. বি. (অ-মেধ, বুদ্ধি, অস্) মূঢ়; মূর্খ; নির্ব্বুদ্ধি; অবোধ; (ত্রি. বিণ.) বোধ শূন্য।

অমেধ্য, ক্লী. বি. (অ-মেধ, দ্রব্যবিশেষ, য) পুরীষ; (ত্রি. বিণ.) অপবিত্র; দুষ্ট; অশুদ্ধ; যথা।—আমার সংস্পর্শে যদিস্যাৎ অমেধ্য হইয়া থাকে, ইতি সেকসপিয়র ৪০৪ পৃষ্ঠা।

অমেয়, ত্রি. বিণ. (অ-মা, পরিমাণ, য) ইয়ত্তারূপেণ অপরিচ্ছেদ্য; যাহা পরিমাণের যোগ্য নহে।

অমেলক, ত্রি. বিণ. (অ-মেল, মিলন, ণক) যেকাহার সহিত মিলিত হয় না; অনেকতাবলম্বী; ইতি অমর।

অমোঘ, ত্রি. বিণ. (অ-মুঘ, ব্যর্থ, অল) অব্যর্থ; যথা।—ঐ ছলে ফুলবাণ, অমনি অমোঘ বাণ, ইতি কুমারসম্ভব ৩৯ পৃষ্ঠা।

সফল; অবন্ধ্য; ইতিমেদিনী। (পু. বি.) নদবিশেষ।

অমোঘবীর্য্য, পু. বি. (অমোঘ-বীর্য্য, তেজ, অ) অব্যর্থবীর্য্য; অখণ্ডতেজঃ; অব্যর্থপ্রতাপ; ইতি বিশ্ব।

অমোঘা, স্ত্রী· বি. (অ-মুঘ, ব্যর্থ, আ) পাটলিবৃক্ষ; বিড়ঙ্গ; ইতি অমরকোষ। হরীতকী; ইতিমেদিনী।

অম্বক, ক্লী. বি· (অম্ব, গতি, ণক) নেত্র; চক্ষু; নয়ন; তাম্র; ইতি হেমচন্দ্র। ধাতুবিশেষ; ইতি অমরকোষ।

অম্বর, ক্লী. বি. (অম্ব, গতি, অর) আকাশ; বস্ত্র; মেঘ; কার্পাস; স্বনাম খ্যাত সুগন্ধিদ্রব্য; অভ্রকধাতু।

অম্বরলেখী, ত্রি. বিণ. (অম্বর-লিখ, স্পর্শ, ণিন্) অভ্রঙ্কষ; গগনস্পর্শী; যে আকাশ স্পর্শ করিয়াছে।

অম্বরিষ, ক্লী. বি. (অম্বর-ইষ, পাত্র, অল) ভর্জ্জনপাত্র; ভাজনাখোলা; যাহাতে ভাজা হয়; ইতি অমর।

অম্বরীষ, পুং, ক্লী. বি. (অম্বর-ঈষ, পাত্রাদি, ক) ভর্জ্জনপাত্র; ভাজনাখোলা; যুদ্ধ; ইতি মেদিনী।
(পুং.) শিব; বিষ্ণু; ভাস্কর; কিশোর; বালক; নৃপবিশেষ; নরকবিশেষ; আম্রাতকবৃক্ষ; অনুতাপ।

অম্বরীতমাক, ক্লী. বি. (যাং) মসলাসংযুক্তউৎকৃষ্টতমাক।

অম্বল, ক্লী. বি. (অম্ব, টক, ল) অম্ল; টক; খাটা।

অম্বষ্ঠ, পুং. বি. (অম্ব-স্থা, স্থিতি, ড) দেশবিশেষ; বিপ্রহইতেবৈশ্যার গর্ভে উৎপন্নজাতি; বৈদ্যজাতি; মুনিবিশেষ; ইতি মেদিনী। ব্যক্তিবিশেষ; ইতিকেচিৎ।

অম্বষ্ঠকী, স্ত্রী. বি. (অম্ব-স্থা, দ্রব্যবিশেষ, ণক-ঈ) লতাবিশেষ; বনতিক্তিকা; মালতী; ইতি মেদিনী।

অম্বষ্ঠা, স্ত্রী. বি. (অম্ব-স্থা, স্থিতি, আ) অম্বাড়া; বালিকা; বালা; অম্বিকা; গন্ধপত্রী; যূথিকা।

অম্বষ্ঠিকা, স্ত্রী. বি. (অম্ব-স্থা, স্থিতি, ইক-আ) অম্বষ্ঠা; ব্রাহ্মণী; বামনহাটী; ইতি রত্নমালা। বৃক্ষবিশেষ।

অম্বা, স্ত্রী. বি. (অম্ব, মাতা, আ) জননী; মাতা; দুর্গা; মা; পাণ্ডুরাজারমাসী; ইতি মহাভারত।

অম্বালিকা, স্ত্রী. বি. (অম্বাল, মাতা, ইক-আ) মাতা, মা; জননী, দুর্গা; পাণ্ডুরাজারমাতা; অম্বষ্ঠা।

অম্বিকা, স্ত্রী. বি. (অম্ব, মাতা, ইক-আ) দুর্গা; যথা—আশ্বিনে অম্বিকা পূজা করে জগজ্জনে, ইতি কবিকঙ্কণচণ্ডী ৬৫ পৃষ্ঠা।
ভগবতী; মাতা; ধৃতরাষ্ট্রেরজননী; জৈনদেবীবিশেষ।

অম্বিকেয়, পুং. বি. [অম্বিকা, মাতা, ঢেয়] গণেশ; কার্ত্তিকেয়; অম্বিকাপুত্র; ধৃতরাষ্ট্র; ইতি অমর।

অম্বিকেয়ক, পুং. বি. (অম্বিকা, মাতা, ঢেয়-ক) গণেশ; লম্বোদর; গজানন; যাহার উদর অতিশয় লম্বা।

অম্বু, ক্লী. বি. (অম্ব, গতি, উ) জল; সলিল; বালা; বালনামকঔষধি; ইতি অমরকোষ। বারি; তোয়।

অম্বুকণ্টক, পুং. বি. (অম্বু-কণ্ট, শত্রু, ণক) কুম্ভীর; নক্র; জলস্থহিংস্রজন্তু; হাঙ্গরাদি; ইতি মেদিনী।

অম্বুকিরাত, পুং. বি. (অম্বু-কিরাত, নক্রাদি, অল) নক্র; কুম্ভীর; জলজন্তুবিশেষ; ইতি জটাধর।

অম্বুকীশ, পুং. বি. (অম্বু-কীশ, জন্তুবিশেষ, ক) শিশুমারজন্তু; শুশুক; ইতি হেমচন্দ্র। জলজন্তুবিশেষ।

অম্বুকূর্ম্ম, পুং. বি. (অম্বু-কূর্ম্ম, জন্তুবিশেষ, ক) শিশুমার; শুশুক; জলজন্তুবিশেষ; ইতি হলায়ুধ।

অম্বুকৃত, পুং. বিণ. (অম্বু-কৃ, করণ, ক্ত) মুখবিন্দুসহিতবাক্য; পরিহাসবচন; নিন্দাজনককথা; ইতি বিশ্ব।

অম্বুচামর, ক্লী. বি. (অম্বু-চামর, শেয়ালা, অ) শৈবাল; শেয়ালা; ইতি জটাধর। জলজদ্রব্য বিশেষ।

অম্বুজ, ক্লী. বি. (অম্বু-জন, জনন, ড) পদ্ম; বজ্র; চন্দ্র; জলজ; ইতি মেদিনী। (পুং.) হিজ্জলবৃক্ষ।

অম্বুজন্ম, ক্লী. বি. (অম্বু-জন্ম, উদ্ভব, অল) পদ্ম; কমল; পঙ্কজ; (বিণ.) যাহা জল হইতে জন্মিয়াছে।

অম্বুতাল, পুং. বি. (অম্বু-তাল, শেয়ালা, অ) শৈবাল; শেয়ালা; যাহা জল হইতে উদ্ভব হইয়াছে।

অম্বুদ, পুং. বি. (অম্বু-দা, দান, ড) মেঘ; জলদ; মুথা।

অম্বুধর, পুং. বি. (অম্বু-ধৃ, ধারণ, অল) জলধর।

অম্বুধি, পুং. বি. (অম্বু-ধা, ধারণ, কি) সমুদ্র; সাগর।

অম্বুনিধি, পুং. বি. (অম্বু-নি-ধা, ধারণ, কি) সমুদ্র।

অম্বুধিস্রবা, স্ত্রী. বি. (অম্বুধি-স্রু, দ্রব্যবিশেষ, আ) গৃহকন্যা; ঘৃতকুমারী; স্বনামখ্যাত গুল্মবিশেষ।

অম্বুপ, পুং. বি. (অম্বু-পা, পান, ড) চক্রমর্দ্দক বৃক্ষ;

অম্বুপ্রসাদ, পুং. বি. (অম্বু-প্র-সদ, গতি, ঘঞ) কতকবৃক্ষ; বৃক্ষভেদ; নির্ম্মলী; ইতি বিখ্যাত।

অম্বুবাহ, পুং. বি. (অম্বু-বহ, বহন, ঘঞ) মেঘ; বারিদ।

অম্বুবাহিনী, স্ত্রী. বি. (অম্বু-বহ, বহন, ণিন্-ঈ) জলসেচনী; সিউনী; কাষ্ঠাম্বুবাহিনী; ডোঙ্গা।

অম্বুবিম্ব, পুং. ক্লী. (অম্বু-বিম্ব, জলাংশ, অল) জলবিম্ব; জলবুদ্বুদ; জলের বুজকুড়ি; মুক্তাকার জলবিশেষ।

অম্বুবেতস, পুং. বি. (অম্বু-বেতস, উদ্ভিদ, অল) জলবেতস; বৃক্ষবিশেষ; যে বেতস জলে হয়।

অম্বুভৃৎ, পুং. বি. (অম্বু-ভৃ, ভরণ, ক্বিপ্) মেঘ; মুথা; মুস্তক; ইতি অমর কোষ। সমুদ্র; ইতি কেচিৎ।

অম্বুমাত্রজ, পুং. বি. (অম্বুমাত্র-জন, জনন, ড) শম্বুক; শামুক; ইতি হেমচন্দ্র। জলশুক্তি; শাম্বুক।

অম্বুর, পুং. বি. (অম্বুরাজ, কাষ্ঠ বিশেষ, ড) দ্বারাধঃকাষ্ঠ; গোবরাট; বহির্দ্বার; দ্বারের নিম্ন কাষ্ঠ।

অম্বুরাশি, পুং. বি. (অম্বু-রাশি, আধিক্য, ক্বিপ্) সমুদ্র; সাগর; জলরাশি; যথা—শিরঃচুম্বি ছদ্মবেশী অম্বুরাশি উত্তরিলা ইতি মেঘনাদবধকাব্য ৩৩ পৃষ্ঠা।

অম্বুরুহ, পুং. বি. (অম্বু-রুহ, উদ্ভব, ক) পদ্ম; অব্জ।

অম্বুরুহা, স্ত্রী. বি. (অম্বু-রুহ, উদ্ভব, ক-আ) স্থলপদ্মিনী।

অম্বুসর্পিনী. স্ত্রী. বি. (অম্বু-সৃপ, গতি, ইন-ঈ) জোঁক।

অম্বুসিক্ত, ত্রি. বিণ. (অম্বু-সিচ, সিঞ্চন, ক্ত) জলসিক্ত।

অম্বুসেচনী, স্ত্রী· বি· (অম্বু-সিচ, সিঞ্চন, অনট-ঈ) অম্বুবাহিনী; নৌকার জল সেচন পাত্র; সিউনী।

অম্বুকৃত, ত্রি· বিণ· (অম্বু-কৃ, করণ, ক্ত) নিষ্ঠীবন যুক্ত বাক্য; শ্লেষ্মকণা নির্গম সহিত বাক্য; থুথুশুদ্ধ বাক্য।

অম্ব, পু· বি· (অম্ব, টক, অল) টক; অম্বল; অম্লরস।

অম্ভস্, ক্লী· বি· (অম্ভ, গতি, অস্) জল; পানীয়; বালকনামক ঔষধ; ইতিঅমর। লগ্নাদিতশ্চতুর্থরাশি।

অম্ভঃসার, পু· বি· (অম্ভস-সৃ-, গতি, ঘঞ) মুক্তা; শুক্তি; ঝিনুক; জলজন্তু বিশেষ; ইতি মেদিনী।

অম্ভঃসূ, পু· বি· (অম্ভস্-সূ, প্রসব, ক্বিপ্) ধূম।

অম্ভোজ, ক্লী· বি· (অম্ভস্-জন, জনন, ড) পদ্ম; জলজ; অম্বুজ; (পু·) চন্দ্র; সারস পক্ষী।

অম্ভোজন্মজনি, পু· বি· (অম্ভস্-জন্ম জন, জনন, ই) ব্রহ্মা; প্রজাপতি; বিধাতা; বিধি; কমলাসন।

অম্ভোজযোনি, পু· বি· (অম্ভোজ যুন, উৎপন্ন, ই) ব্রহ্মা; বিশ্বস্রষ্টা; পিতামহ; চতুরানন; আত্মভূ।

অম্ভোজিনী, স্ত্রী· বি· [অম্ভোজ, পদ্ম, ইন্-ঈ] পদ্মলতা; পদ্মসমূহ; পদ্মযুক্তদেশ; পদ্মিনী; কমলিনী।

অম্ভোদ, পু· বি· (অম্ভস্-দা, দান, ড) মেঘ; মুস্তক।

অম্ভোধর, পু· বি· (অম্ভস-ধৃ, ধারণ, অল) মেঘ; সমুদ্র; মুস্তক; মুথা; যে জল ধারণ করে; ইতিবিশ্ব।

অম্ভোধি, পু· বি· (অম্ভস্-ধা, ধারণ, কি) সমুদ্র।

অম্ভোধিবল্লভ, পু· বি· (অম্ভোধি-বল্লভ, উৎপন্ন, অল) প্রবাল; পলা; দ্রব্যবিশেষ; রত্নবিশেষ; ইতি বিশ্ব।

অম্ভোনিধি, পু· বি· (অম্ভস্-নি-ধা, ধারণ, কি) সমুদ্র।

অম্ভোরাশি, পু· বি· (অম্ভস-রাশ, আধিক্য, ই) সমুদ্র।

অম্ভোরুহ, ক্লী· বি· (অম্ভস-রুহ, উৎপন্ন, ক) পদ্ম; জলজ; অব্জ; সারপক্ষী; ইতি অমর কোষ।

অম্ময়, ত্রি· বিণ· [অপ্, জল, ময়ট] জলবিকার; ফেনাদি; জলময়; যাহার সকলি জল; ইতি অমর।

অম্র, পু· বি· (অম, দ্রব্য বিশেষ, র) আম্রবৃক্ষ; (ক্লী·) আম্রফল; চূত; রসাল; আম; ফল বিশেষ।

অম্রাত, পু· বি· (অম্র, উদ্ভিদ, আত) আম্রাতকবৃক্ষ; আমড়াকাছ; (ক্লী·) আমড়া; ফল বিশেষ।

অম্রাতক, পু· বি· (অম্র, উদ্ভিদ, আত-ক) আম্রাতকবৃক্ষ; আমড়াগাছ; (ক্লী·) আমড়া; ফল বিশেষ।

অম্ল, পু· বি· (অম, রস, ল) ষড়রসের মধ্যে রসবিশেষ; টক; খাটা; ইহার গুণ যথা—শীতলত্ব, বায়ুনাশিত্ব, এবং জিহ্বার উদ্বেগ কারিত্ব) (ক্লী·) তক্র।

অম্লকাণ্ড, ক্লী· বি· (অম্ল-কাণ্ড, তৃণাদি, অল) লবণতৃণ;

অম্লকেশর, পু· বি· (অম্ল-কেশর, পত্রাদি, অল) দাড়িম্ব; বীজপূর; দালিম; ফল বিশেষ; ইতিঅমর।

অম্লচূড়, পু· বি· (অম্ল-চূড়, তৃণাদি, ক) অম্লশাক;

অম্লপঞ্চফল, ক্লী· বি· (অম্ল-পঞ্চ-ফল, শস্য, অল) অম্লরসযুক্ত পঞ্চ প্রকার ফল; যথা—জম্বীর; নারঙ্গ; অম্লবেতস; তিন্তিড়ীক; দাড়িম্ব; ইতি রাজনির্ঘণ্ট।

অম্লপিত্ত, পু· বি· (অম্ল-পিত্, পীড়া, ক্ত) রোগবিশেষ।

অম্লফল, পু· বি· (অম্ল-ফল, শস্যাদি, অল) বৃক্ষাম্ল; তেঁতুল; আম্রবৃক্ষ; করমচা; কামরাঙ্গা; আমড়া।

অম্ললোনিকা, স্ত্রী· বি· (অম্ল-লোনি, তৃণবিশেষ, ইক-আ) ক্ষুদ্র বৃক্ষ বিশেষ; আমরুল; ইহার গুণ যথা—গ্রহণীরোগের হিত কারিতা। লোনিশাক; চুক্র।

অম্লশাক, ক্লী· বি· (অম্ল-শাক, তৃণ, অল) বৃক্ষাম্ল; চুকাপালং। (পু·) অম্লদ্রব্যবিশেষ; অম্লচূড।

অম্লসার, ক্লী· বি· (অম্ল-সৃ, গতি, ঘঞ) কাঞ্জিক; কাঁজী; (পু· বি·) অম্লবেতস; নিম্বুক; হিন্তাল।

অম্লহরিদ্রা, স্ত্রী· বি· [অম্ল-হরিদ্রা, দ্রব্যবিশেষ, চি] শটী; ওষধি বিশেষ; বন আদা; শুঁট; ইতি বিশ্ব।

অম্লান, ত্রি· বিণ· (অ-ম্লা, অপ্রসন্ন, অনট) ম্লানিরহিত; নির্ম্মল; প্রফুল্ল; হৃষ্ট; তাজা; মলাশূন্য।

অম্লানতা, স্ত্রী· বি· (অ-ম্লা, অপ্রসন্ন, অনট-তা) প্রসন্নতা।

অম্লানিনী, স্ত্রী· বি· (অ-ম্লান, হর্ষক্ষয়, ইন্-ঈ) পদ্মসমূহ; পদ্মিনী; (বিণ·) প্রসন্নাস্ত্রী; হর্ষিণী।

অম্লিকা, স্ত্রী· বি· (অম্ল, টক, ইক-আ) তিন্তিড়ী; তেঁতুল; তেতুলগাছ; পলাশীলতা; শ্বেতাম্লিকা।

অয়ঃপিণ্ড, পু· বি· (অয়স-পিণ্ড, ডেলা, অ) লোহার ডেলা; লৌহ; গোলা; ইতি শব্দরত্নাবলী।

অয়, পু· বি· (ই, গতি, অল) শুভা বহবিধি; মঙ্গলানুষ্ঠান; সৌভাগ্য; শুভাদৃষ্ট; (ক্লী·) লৌহ।

অযত্ন, পু· বি· (অ-যত, যত্ন, ন) তাচ্ছীল্য; ঔদাস্য; যথা—অনুমাত্র ত্রুটি ও অযত্ন প্রকাশ হইলে ইতি টেলিমেকস ৮৫ পৃষ্ঠা।

অযথা, ত্রি· বিণ· (অ-যথ, উপযুক্ত, আ) অতুল্য; অনুপযুক্ত; যথা—বসন ভূষণাদির অযথাস্থানে সন্নিবেশ জন্য ইতি রঘুবংশ ৪০ পৃষ্ঠা।

অযথার্থ, ত্রি· বিণ· (অযথা-অর্থ, সত্য, অল) অসত্য;

কৃত্রিম; মিথ্যা; কাল্পনিক; যাহা ঠিক নহে।
অয়ন, ক্লী. বি. (অয়, গতি, অনট) শাস্ত্র; পথ; বৎসরার্দ্ধ; যথা—গতাগতি করি লক্ষ, দিন নিশা মাস পক্ষ, হৈল ঋতু অয়নবৎসর। ইতিকবিকঙ্কণচণ্ডী৯পৃষ্ঠা। সূর্য্যের উত্তর ও দক্ষিণদিকে গমন; উত্তরায়ণ; দক্ষিণায়ন; আশ্রয়; জন্ম; গমন; প্রস্থান; ইতিমেদিনী।
অযন্ত্রিত, ত্রি. বিণ. (অ-যন্ত্র, অর্গল, ক্ত) অনিবদ্ধ; অবদ্ধ, অনর্গল; ইতি হেমচন্দ্র। অনবরত; সতত।
অয়মপি, ব্য. (অয়ং+অপি) ইনিও; এব্যক্তিও।
অযশঃ, পু. বি. (অ-যশ, খ্যাতি, অস্) অখ্যাতি; দুর্নাম; কলঙ্ক; নিন্দা; যথা—একে অযশ সমূহ, ইতি কর্ম্মদেবী ৬৪ পৃষ্ঠা।
অযশস্কর, ত্রি. বিণ. (অ-যশস্-কৃ, করণ, অল) দুর্নাম জনক; অখ্যাতিকর; নিন্দাজনক; ইতি মেদিনী।
অযশস্বী, ত্রি. বিণ. [অ-যশস্, খ্যাতি, বিন্] অখ্যাতি যুক্ত; অলব্ধ প্রতিষ্ঠ; দুর্নামবিশিষ্ট; নিন্দিত।
অযশস্য, ত্রি. বিণ. (অ-যশস্, খ্যাতি, য) অখ্যাতি জনক; দুর্নাম কারক; নিন্দাজনক; যথা—তাহাদের নিকট যাচ্ঞাই অধর্ম্ম ও অযশস্য। ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪ পৃষ্ঠা।
অয়স্, ক্লী. বি. (ই, গতি, অস্) লৌহ; যথা—পাঁচ হাতিয়ার ধরা, আপাদ মস্তক পরা, অয়স রচিত পরিচ্ছদ। ইতি কর্ম্মদেবী ৬ পৃষ্ঠা।
লোহা; ধাতু বিশেষ; (পু.) বহ্নি; আগুন।
অয়স্কান্ত, পু. বি. (অয়স্-কান্ত, সক্ষম, অল) লৌহ বিশেষ; কান্ত লৌহ; সূর্য্যকান্ত মণি; লোহা কর্ষক মণি, চুম্বক পাতর; যে প্রস্তরে লৌহ আকর্ষণ করে।
অয়স্কার, পু. বি. (অয়স্-কৃ, করণ, ঘঞ) লৌহকার; জঙ্ঘাগ্রভাগ; কর্ম্মকার; কামার; ইতি অমরকোষ।
অযাচক, ত্রি. বিণ. (অ-যাচ, প্রার্থনা, ণক) যাচ্ঞা রহিত; অভিক্ষু; প্রার্থনাকারী নহে; যে চাহে না।
অযাচিত, ত্রি. বিণ. (অ-যাচ, প্রার্থনা, ক্ত) যাচ্ঞা বিনালব্ধ; অপ্রার্থিত, ভিক্ষালব্ধনহে; যথা—অযাচিত ধনদানে কৃতার্থ করিলা। ইতি কর্ম্মদেবী ৬২ পৃষ্ঠা।
অযাচিতব্রত, ত্রি. বিণ. (অযাচিত-ব্রত, নিয়ম, অ) প্রার্থনা বিনা স্বয়ং উপস্থিত দ্রব্যে জীবিকা কারী।
অযাজ্ঞিক, ত্রি. বিণ. [অ-যজ্ঞ, যাগ, ষ্ণিক] যজ্ঞকর্ত্তা নহে; যে পুরোহিত নয়; যথা—অযাজ্ঞিক ব্যক্তিরে রাজ্য হইতে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২০৭ পৃষ্ঠা।
অযাজ্য, ত্রি. বিণ. (অ-যজ, যাজন, ঘ্যণ) অযাজনীয়; যে ব্যক্তির পৌরহিত্যক্রিয়া করিলে অধর্ম্ম হয়; যথা—ব্রাহ্মণ যেমন বিপদগ্রস্ত হইলে অযাজ্যযাজন ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৭৯ পৃষ্ঠা।
অযাত্রা, স্ত্রী. বি. (অ-যা, গমন, ত্র-আ) যাত্রাকালে অমঙ্গল সূচক ঘটনা; অশুভদায়ক; ইতি অমরকোষ।
অযাত্রিক, ত্রি. বিণ. [অ-যাত্রা, গমনাভাব, ষ্ণিক] যাত্রিক নহে; গমনের অযোগ্য; যাওয়া উচিত নয়; যথা—সুবর্ণগোধিকা দেখি, মহাবীর হৈলদুখী, অযাত্রিক পাপ দরশনে। ইতি কবিকঙ্কণচণ্ডী ৫৫ পৃষ্ঠা।
অযান, ক্লী. বি. (অ-যা, গমন, অনট) স্বভাব; অগমন।
অয়ি, ব্য. (ই, গমন, ই) প্রশ্ন; অনুনয়; কোমল সম্বোধন; যথা—অয়ি! চতুরে! ছল দ্বারা আমার মন হরণ করিয়া ইতি প্রিয়দর্শন ২৩ পৃষ্ঠা।
অযুক্ছদ, পু. বি. (অযুক-ছদ, উদ্ভিদ, অল) সপ্তপর্ণ বৃক্ষ; ছাতিম গাছ; বৃক্ষবিশেষ; ইতি হেমচন্দ্র।
অযুক্ত, ত্রি. বিণ. (অ-যুজ, যোগ, ক্ত) অমিশ্রিত; অনুচিত; অসঙ্গত; যথা—এমত অনুমান করা অযুক্ত ইতি সেকসপিয়র ৬৭ পৃষ্ঠা।
অযুগ্ম, ত্রি. বিণ. (অ-যুজ, যোগ, ম) বিষম; বিযোড়।
অযুগ্মচ্ছদ, পু. বি. (অযুগ্ম-ছদ, উদ্ভিদ্ বিশেষ, অল) বিষমচ্ছদ; সপ্তপর্ণ বৃক্ষ; ছাতিমগাছ।
অযুত, ক্লী. বি. (অ-যু, যোগ, ক্ত) দশ সহস্র সংখ্যা; যথা—ভীম অযুত নাগতুল্য বলশালী ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১ পৃষ্ঠা।
১০০০০ দশহাজার; (ত্রি. বিণ.) অমিশ্রিত; অযুক্ত।
অয়ে, ব্য. (ই, গমন, এ) স্মরণ; কোপ; ক্রোধ; বিষাদ; সম্ভ্রম; শ্রম; ভয়; সম্বোধন; ইতি মেদিনী। যথা—অয়ে ইজাবেল লোকে বলিয়া থাকে ইতি সেকসপিয়র ৮০ পৃষ্ঠা।
অযোগ, পু. বি. (অ-যুজ, যোগ, ঘঞ) বিশ্লেষ; বিচ্ছেদ; অনৈক্য; বিধুর; কুট; কঠিনোদাম।
অযোগব, ত্রি. বিণ. (অ-যুজ, যোগ, ঘঞ-ব) জাতি বিশেষ; শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ব্ভজাত জাতি।
অযোগুড়, পু. বি. (অয়স্-গুড়, দ্রব্যভেদ, ক) লৌহ গুলিকা; লোহার গুলি; ক্ষুদ্রগোলা; ইতি বিশ্ব।
অযোগোলক, পু. বি. (অয়স-গোল, গোলাকার, ণক)

লৌহ নির্ম্মিত গোলাকার বস্তু; লোহার গোলা।

অযোগ্য, ত্রি. বিণ. (অ-যুজ, যোগ, য) অনুপযুক্ত; যে যোগ্য নয়; যথা—প্রেমেতে যে মজে, অযোগ্য যে ভজে, ইতি কুমারসম্ভব ৮৯ পৃষ্ঠা।

অয়োগ্র, ক্লী. বি. (অয়স্-অগ্র, দ্রব্যবিশেষ, অল) মুষল; যদ্দ্বারা উদুখলে ধান্যাদি পরিষ্কার করা যায়; বাণাদি অস্ত্র; ইতি অমর কোষ। কণ্ডনীদণ্ড।

অয়োঘন, পু. বি. (অয়স্-ঘন, একত্রীভূত দ্রব্য বিশেষ, অ) একত্রীভূত লৌহপুঞ্জ; হাতুড়ী; নিহালী; লৌহ পিণ্ড; মুদ্গর; লৌহ কূট; লৌহের লাঠি।

অযোত্রাপন্ন, ত্রি. বিণ. (অযোত্র-আ-পদ, সঙ্গতি, ক্ত) নির্ধন; নিস্ব; অসঙ্গতি; যে ব্যক্তি ধনসম্পন্ন নহে।

অযোদ্ধা, ত্রি. বিণ. (অ-যুধ, সংগ্রাম, য) যাহার প্রতিযোদ্ধা নাই; যুদ্ধের অযোগ্য; তুল্য যোদ্ধাবিহীন।

অযোধ্যা, স্ত্রী. বি. (অযোধ্য, পুরীবিশেষ, আ) শ্রীরামনগরী; কোশলা। অওদ ইতি পশ্চিম দেশপ্রসিদ্ধ; যথা—অযোধ্যা নিবাসী শ্রেষ্ঠীর কন্যা ইতি শকুন্তলা ৮৫ পৃষ্ঠা।

অযোনি, ত্রি. বিণ. [অ-যোনি, অঙ্গ বিশেষ, চ্বি] যোনিভিন্ন; অনুৎপন্ন; যে উৎপন্ন হয় নাই।

অযোনিজ, ত্রি. বিণ. (অযোনি-জন, জনন, ড) যোনিজাত ভিন্ন; উদ্ভিজ্জাদি পদার্থ; ব্যক্তিবিশেষ; যথা—অযোনিজ মহাতপা দ্রোণাচার্য্য ইতি মহাভারত শল্যপর্ব্ব ১৩ পৃষ্ঠা।

অয়োমল, ক্লী. বি. (অয়স-মল, মলা, অল) লৌহমল; লোহার মড়িচা; লৌহ কিট্ট; অপরিষ্কৃত লৌহ।

অয়োমুখ, পু. বি. (অয়স্-মুখ, অগ্র, ক) লোহাগ্রবাণ; যাহার লোহার অগ্রভাগের ন্যায় মুখ; যথা—গৃধ্র ও অয়োমুখময়ূরগণ ইতিমহাভারত শান্তিপর্ব্ব২৪১পৃষ্ঠা।

অযৌক্তিক, ত্রি. বিণ. [অযুক্ত, পরামর্শ, ষ্ণিক] পরামর্শের বাহির; যাহা যুক্তি নহে; যথা—এই ভেদ বোধ নিতান্ত অযৌক্তিক। ইতি রোমাবতী ৮ পৃষ্ঠা।

অর, ক্লী. বি. (ঋ, শীঘ্রতা, অল) শীঘ্র; দ্রুত; আশু। চক্রাঙ্গ; চাকারপাকি; (ত্রি. বিণ.) শীঘ্রগ; আশুগ;

অরক, পু. বি. (ঋ, গতি, অক) শৈবাল; শেয়ালা।

অরগ্বধ, পু. বি. (অরক-বধ, দ্রব্যভেদ, অল) আরগ্বধবৃক্ষ; সোদালি; ইতি অমর কোষ।

অরঘট, পু. বি. (অরঘট, জলাশয়, ক্ত) মহাকূপ; গভীর হ্রদ; পাতকুয়া; ইঁদারা; কূপ হইতে জল তুলিবার যন্ত্র; জলাশয় বিশেষ; ইতি জটাধর।

অরজ, ক্লী. বি. (যাং) আরজ; নিবেদন; দরখাস্ত।

অরজা, স্ত্রী. বি. (অ-রজ, ঋতু, অস-আ) কন্যা; কুমারী; (বিণ.) রজো রহিত; যে ঋতুমতী হয় নাই।

অরণা, পু. বি. (ঋ, গমন, অন-আ) মহিষ; বয়ার;

অরণি, পু. বি. (ঋ, তেজ, অণি) সূর্য্য; গণিকারিকা বৃক্ষ; (পু. স্ত্রী.) চকমকি; অগ্নি জ্বালিবার কাষ্ঠ।

অরণ্য, ক্লী. বি. (ঋ, গমন, অন্য) বন, কানন; যথা—তনয়াকে অরণ্যে পরিত্যাগ করিয়া ইতি শকুন্তলা ১৪ পৃষ্ঠা।

বিপিন। (পু.) কট্‌ফল বৃক্ষ; ইতি শব্দ চন্দ্রিকা।

অরণ্যকদলী, স্ত্রী. বি. (অরণ্য-কদ, ফলবিশেষ, ল-ঈ) গিরি কদলী; পাহাড়িয়া কলা; বন কলা।

অরণ্যজ, ত্রি. বিণ. (অরণ্য-জন, জনন, ড) বন্য; বনোৎপন্ন; অরণ্যজাত, যাহা বনে জন্মায়।

অরণ্য জার্দ্রকা, স্ত্রী. বি. (অরণ্যজ-আর্দ্রক, আদা, ঙ) বনার্দ্রকা; বন আদা; যে আদা বনে হয়।

অরণ্যজীর, পু. বি. (অরণ্য-জীর, জীরা, অ) বনজীরা।

অরণ্য ধান্য, ক্লী. বি. (অরণ্য-ধান, শস্য, য) নীবার; উড়িধান; ধান্য বিশেষ; ইতি হেমচন্দ্র।

অরণ্য বায়স, পু. বি. (অরণ্য-বায়স, কাক, অল) দ্রোণ কাক; ডাঁড়কাক; বন্য কাক; ইতি ধরণি।

অরণ্যবাসিনী, স্ত্রী. বি. (অরণ্য-বস, বাস, ণিন-ঈ) অতাম্লপর্ণীলতা; (ত্রি. বিণ.) যে কামিনী অরণ্যে বাস করে; যথা—রাজকুমারী একাকিনী অরণ্য বাসিনী হইলে ইতি সেক্‌সপিয়র ৮৩ পৃষ্ঠা।

অরণ্য বাস্তূক, পু. বি. (অরণ্য-বাস্তু, বসতি, উক) বন বাস্তূক; বনবেতো; শাক বিশেষ; ইতি মেদিনী।

অরণ্য মক্ষিকা, স্ত্রী. বি. (অরণ্য-মক্ষিক, মাছি, আ) দংশ; ডাঁশ; মৌমাছি; মধুমক্ষিকা; বনমাছি।

অরণ্যমুদ্গা, পু. বি, (অরণ্য-মুদ্গা, কলায়বিশেষ, অ) মকুষ্টক; বনমুগ; যে সকল মুগ বনে জন্মায়।

অরণ্যশালি, পু. বি. (অরণ্য-শালি, ধান্য, ক্বিপ) নীবার; বনধান্য; উড়িধান; ধান্য বিশেষ।

অরণ্যশূরণ, পু. বি. (অরণ্য-শূর, দ্রব্যবিশেষ, অন) বনওল; শূরণ; মূল বিশেষ; ইতি জটাধর।

অরণ্যশ্বান, পু. বি. (অরণ্য-শ্বন, জীবভেদ, অন্)

বৃক; নেকড়িয়াবাঘ; ইতিহেমচন্দ্র। হিংস্রজন্তুবিশেষ।

অরণ্যানী, স্ত্রী. বি. [অরণ্য, বন, অন-ঈ] মহাবন; যথা—কোন অরণ্যানী মধ্যে নিক্ষেপ করিয়া ইতি সেকসপিয়র ৮০ পৃষ্ঠা।

অরতত্রপ, পু. স্ত্রী. বি. (অরত-ত্রপ, লজ্জা, অল) কুক্কুর; (ত্রি. বিণ.) রতিলজ্জাবিহীন; মৈথুনলজ্জাশূন্য।

অরতি, পু. বি. (অ-রম, ক্রীড়া, ক্তি) ক্রোধ; (স্ত্রী.) অনবস্থিতচিত্ততা; ক্রীড়াভাব; রতিবিরহ; (ত্রি.বিণ.) রতিশূন্য; বিরতি; অনাশক্ত; রতিরাগ বিহীন।

অরত্নি, পু. বি. (ঋ, গতি, অত্নি) কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন-মুষ্টি অমুষ্ট হস্ত পরিমান; ইতি মেদিনী।

অরবিন্দ, ক্লী. বি. (অর-বিদ, পদ্মাদি, অল) পদ্ম; যথা—বন্দি ও চরণ অরবিন্দ, মন্দমতি আমি, ইতি মেঘনাদবধ কাব্য ১ পৃষ্ঠা।

সারস পক্ষী; তাম্র; রক্তকমল; নীলোৎপল।

অরবিন্দিনী, স্ত্রী. বি. (অর-বিদ, পদ্মাদি, ইন্-ঈ) নলিনী; পদ্মসমূহ; পদ্মাকর; পদ্মিনী; কমলিনী।

অরম, ত্রি. বিণ. (অর, অধম, ম) অপকৃষ্ট; অধম; মন্দ; কুৎসিত; অত্যন্ত হেয়; অতিশয় ঘৃণিত।

অরম্য, ত্রি. বিণ. (অ-রম, অধম, য) নিকৃষ্ট; অধম।

অরর, ত্রি. বিণ. (ঋ, আবরণ, অর) কবাট; করীর-কোষ; আচ্ছাদন; দ্বার; আবরণ; কোষ; খাপ।

অররি, পু. ক্লী. (ঋ, আবরণ, অর-ই) কপাট; আচ্ছাদন; কোষ; খাপ; ইতিহেমচন্দ্র। আবরণ।

অররু, পু. বি. (ঋ, গতি, রু) শত্রু; বৈরী; অরি।

অররে, ব্য. (ঋ, গতি, রে) ত্বরান্বিত সম্বুদ্ধি; শীঘ্র সম্বোধন; ইতি শব্দরত্নাবলী। অতি সত্বরে ডাকা।

অরলু, পু. বি. (ঋ, গতি, লু) শ্যোনাক বৃক্ষ; শোনা-গাছ; ইতি অমরকোষ। বৃক্ষ বিশেষ।

অরসিক, ত্রি. বিণ. (অ-রস, রসিকতা, ইক) অরসজ্ঞ; অবিদগ্ধ; যাহার রসজ্ঞান নাই; ইতি বিশ্ব।

অরক্ষক, ত্রি. বিণ. (অ-রক্ষ, রক্ষা, ণক) রক্ষকরহিত; অভিভাবকবিহীন; অপালক; অশাসক; যথা—অধ্যয়নপরাঙ্‌মুখ ঋত্বিক, অরক্ষক রাজা, ইতিমহাভারত শান্তিপর্ব্ব ৮৭ পৃষ্ঠা।

অরক্ষকতা, স্ত্রী. বি. (অ-রক্ষ, রক্ষা, ণক-তা) রক্ষকনাথাকা; অরক্ষণ; ভরণ পোষণকর্ত্তা না থাকা।

অরক্ষণীয়, ত্রি. বিণ. (অ-রক্ষ, রক্ষা, অনীয়) রক্ষণানুপযুক্ত; রক্ষার যোগ্যনহে; অপ্রতিপালনীয়।

অরক্ষিত, ত্রি. বিণ. (অ-রক্ষ, রক্ষা, ক্ত) অকৃতরক্ষণ; রক্ষা নাকরা; যাহারক্ষাকরা যায় না; যথা—অরক্ষিত হইলে নিরন্তর পাপাশ্রু নিক্ষেপ করিতে থাকে, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১১৪ পৃষ্ঠা।

অরক্ষিতা, স্ত্রী. বি. (অ-রক্ষ, রক্ষা, ক্ত-তা) অরক্ষক; অপালক; যাহাকেরক্ষাকরা যায়না; রক্ষণাযোগ্যা।

অরাজক, ত্রি. বিণ. (অ-রাজ, রাজা, ণক) রাজাশূন্য দেশ; যেখানেরাজা নাই; যেস্থানে বিচারক নাই।

অরাজকপুরী, স্ত্রী. বি. [অরাজক-পুর, নগর, ঈ] রাজারহিত নগরী; যে নগরে রাজা নাই; যথা—ক্ষত্রিয়শূন্য ও অরাজক হইলে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৭৫ পৃষ্ঠা।

অরাতি, পু. বি. (অ-রা, পক্ষ, ক্তি) বিপক্ষ; শত্রু; অরি; ইতি অমর কোষ। যথা—অনবধান বশতঃ ক্ষুদ্র অরাতিহস্তে নিহত হইল। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ২২ পৃষ্ঠা।

অরাল, ত্রি. বিণ. (অর, গতি, আল) বক্রীকৃত; কুটিল; টেড়া; নত; (পু) ধুনা; বক্রহস্ত; বন্যহস্তী।

অরালা, স্ত্রী. বি. (অর, গতি আল-আ) অধৃষ্টা; কুলটা; প্রগল্‌ভা; নম্রস্বভাবাস্ত্রী; ধীরস্বভাবা নারী।

অরি, পু. বি. (ঋ, গতি, ই) শত্রু; অমিত্র; চক্র; খদিরবিশেষ; বিপক্ষ; যথা—তম অন্ধকার তার অরিচাঁদ এই। ইতি ভারতচন্দ্র ২৮২ পৃষ্ঠা।

অরিত্র, ক্লী. বি. (ঋ, গতি ইত্র) কর্ণ; হাইল; নৌকার দাঁড়; নৌকাদণ্ড; বহিত্র; ইতি মেদিনী।

অরিন্দম, ত্রি. বিণ. (অরি-দম, দমন, অল) শত্রুদমনকারক; শত্রুজয়ী; বিপক্ষের দমন কর্ত্তা; যথা—কহ সবে মুক্তকণ্ঠে সাজে অরিন্দম ইতি মেঘনাদ বধকাব্য ৩৮ পৃষ্ঠা।

অরিমিত্র, পু. বি. (অরি-মিত্র, বন্ধু, অল) শত্রুরবন্ধু; শত্রুসহায়; বিপক্ষসখা; শত্রুর সুহৃৎ; অরিবন্ধু।

অরিমেদ, পু. বি. (অরি-মেদ, বৃক্ষভেদ, অল) বৃক্ষবিশেষ; গুইয়া বাবলা; পূতিমেদ; অরিমেদক।

অরিষ্ট, ক্লী. বি. (অরিষ্ট, গৃহাদিভেদ, ক্বিপ) সূতিকাগৃহ; যথা—অরিষ্ট গৃহে হাহা রব উঠিয়া গেল ইতি রোমাবতী ৫ পৃষ্ঠা।

অশুভ; মরণচিহ্ন; উৎপাত; উপদ্রব; দৌরাত্ম্য।

(পু) নিম্ব ; ফেনিলবৃক্ষ ; কাক ; মদ্যবিশেষ ; শুভ ; শুভ ; অদৃষ্ট ; কপাল ; ভাগ্য ; যাহা দেখা যায় না।

অরিষ্টদুষ্টধী , ত্রি . বিণ . (অরিষ্ট-দুষ্ট ধী , বুদ্ধি , ক্বিপ) মরণার্থ দুর্ব্বুদ্ধিযুক্ত ; বিবশ ; যে বশীভূত নহে।

অরিষ্টসূদন , পু . বি . (অরিষ্ট-সূদ , অশুভনাশ, অন,) বিষ্ণু ; অশুভনাশক ; শত্রুনাশক ; মন্দনাশন।

অরিষ্টানক , ক্লী . বি . (অরি-স্থা , স্থিতি , অন-ক) পরাজয় ; পরাভব ; ভঙ্গ ; হারি ; ইতি মেদিনী।

অরিহন্ , ত্রি . বিণ . (অরি-হন , বধ , ক্বিপ) রিপুঘ্ন ; শত্রুনাশক ; অরিধ্বংসক ; যে বিপক্ষ নাশ করে।

অরু , পু , বি . (অর , রোগাদিভেদ , উ) সূর্য্য ; রক্তখদির ; (পু . ক্লী .) ব্রণ ; ক্ষত ; ইতিঅমর । (ব্য .) মর্ম্ম ; সন্দিহান্ ; সংশয়যুক্ত ; সন্দেহ বিশিষ্ট।

অরুংষিকা , স্ত্রী . বি . (অ-রুষ , পীড়া ভেদ , ইক-আ) মস্তকের বিস্ফোটক ; মাতার ফোড়া ; ইতি মেদিনী।

অরুক , ত্রি . বিণ . (অ-রুজ , রোগ , ঘঞ) অরোগ ; নীরোগ ; সুস্থ ; যাহার কোন রোগনাই ; সচ্ছন্দ।

অরুগ্ন ; ত্রি . বিণ . (অ-রুজ , রোগ , ক্ত) নীরোগ ; সুস্থ ; যেরুগ্ননহে ; যারকোনপীড়ানাই ; ব্যাধিহীন।

অরুচি , ক্লী . বি . (অরুচ , রুচি , ই) রোগবিশেষ ; আহারেঅনভিলাষ ; অনিচ্ছা ; বিতৃষ্ণা ; অশ্রদ্ধা।

অরুজ , পু . বি . (অরুজ , উদ্ভিদভেদ , ক) আরগ্বধবৃক্ষ ; সোঁদালি গাছ ; উদ্ভিজ্জ বিশেষ।

অরুণ , পু . বি . (ঋ , গতি , উন) সূর্য্যের সারথি ; বিনতাপুত্র ; গরুড়াগ্রজ ; সূর্য্য ; অর্কবৃক্ষ ; অব্যক্তরাগ ; ঈষৎরক্তবর্ণ ; যথা—এই ভাবিয়াই যেন প্রবলরোষে অরুণচক্ষু হওত ইতি নৈষধচরিত ৩৩ পৃষ্ঠা।

শব্দরহিত ; সন্ধ্যারাগ ; কপিলবর্ণ ; কুষ্ঠবিশেষ ; (ক্লী .) কুঙ্কুম ; সিন্দূর ; (স্ত্রী .) গুঞ্জা ; (ত্রি . বিণ .) রক্তবর্ণ বিশিষ্ট ; পুন্নাগ বৃক্ষ ; গুড়।

অরুণকমল , ক্লী . বি . (অরুণ-কমল , পদ্ম , অল) রক্তোৎপল ; রক্তপদ্ম ; লালপদ্ম ; লোহিতবর্ণ পদ্ম।

অরুন-লোচন , পু . বি . (অরুন-লুচ , লোচন , অনট) রক্তনেত্র ; পারাবত ; পায়রা ; লোহিত বর্ণ নয়ন।

অরুণসারথি , পু . বি . (অরুণ-সারথি , রথচালক , ক্বিপ) সূর্য্য ; ভানু ; দিবাকর ; ইতিহেমচন্দ্র ; ভাস্কর।

অরুণা , স্ত্রী . বি . [অরুণ , দ্রব্যবিশেষ, আ] অতিবিষা ; শ্যামা ; মঞ্জিষ্ঠা ; ইতি মেদিনী । রক্তবর্ণ লতাবিশেষ।

অরুণাত্মজ , পু . বি . (অরুণ-আত্ম-জন , জনন, ড) জটায়ুপক্ষী ; সম্পাতি পক্ষীর অনুজ ; দশরথসখা।

অরুণাবরজ , পু . বি . (অরুণ-অবর-জন , জনন , ড) গরুড়পক্ষী ; বৈনতেয় ; ইতিহেমচন্দ্র । পন্নগাশন।

অরুণোদয় , পু . বি . (অরুণ-উদি , প্রকাশ , অল) সূর্য্যোদয়ের প্রাক্কাল ; সূর্য্যোদয়ের পূর্ব্ব দুইমুহূর্ত্তকাল।

অরুণোপল , পু . বি . (অরুণ-উপল , প্রস্তরবিশেষ , অল) রক্তবর্ণ মণিবিশেষ ; পদ্মরাগমণি ; চুনী।

অরুন্তুদ , ত্রী . বিণ . (অরুন্-তুদ, পীড়া, অ) মর্ম্মপীড়ক ; মর্ম্মচ্ছেদী ; মর্ম্মস্পৃক্ ; ক্লেশকারক ; ইতিঅমর।

যথা—মনত প্রিয়বরে, পেয়েছি তোমার বরে, অরুন্তুদ অরিকরে, রক্ষ প্রভো প্রভাকর। ইতিকর্ম্মদেবী৯৩পৃষ্ঠা।

অরুন্ধতী , স্ত্রী . বি . (অ-রুধ , রোধ , ক্ত-ঈ) বশিষ্ঠঋষির পত্নী ; কর্দ্দম মুনিকন্যা ; মহাসাধ্বী ; অতিসূক্ষ্মনক্ষত্র ; যথা—শশি অস্তাচলে চলে, যেন দিনে দীপ জ্বলে, অরুন্ধতি উদয় বিমল। ইতি কর্ম্মদেবী ৮৩ পৃষ্ঠা।

অরুষ্কর , পু . বি . (অরুষ-কৃ , করণ , অল) ভল্লাতকবৃক্ষ ; (ত্রি . বিণ .) ব্রণকর ; ক্ষতকারক ; ঘাকর্ত্তা।

অরুস , পু . ক্লী . বি . (অরুস , ক্ষত ; ক্বিপ) ক্ষত ; ঘা ; মর্ম্মস্থান ; জীবস্থান ; মজ্জা ; ইতি অমরকোষ।

অরুহা , স্ত্রী . বি . (অ-রুহ , রোহণ , ও-আ) ভূধাত্রী ; ভূমিআমলা ; দ্রব্য বিশেষ ; ইতি মেদিনী।

অরূপ , ত্রি . বিণ . (অ-রূপ , শ্রী , ক) রূপশূন্য ; কুরূপ ; কুৎসিতরূপ , কুশ্রী ; অতিশয় মন্দ রূপ।

অরূষ , পু . বি . (অ-রূষ , রোষ , ক) সর্পবিশেষ ; সূর্য্য।

অরে , ব্য . (ঋ , গতি , এ) নীচসম্বোধন ; ওরে ; সক্রোধসম্বোধন ; অপাকৃতি ; অসূয়া ; ইতিমেদিনী।

অরেরে , ব্য . (অর-এর, আহ্বান, এ (অধম সম্বোধন ; সক্রোধাহ্বান ইতিজটাধর । ক্রোধ পূর্ব্বক ডাকা।

অরোক , ত্রি . বিণ . (অ-রুচ , প্রভা , ঘঞ) নিষ্প্রভ ; দীপ্তিরহিত ; অচ্ছিদ্র ; ইতিঅমরকোষ । তেজশূন্য।

অরোচক , পু . বি . (অ-রুচ , রুচি , ণক) রোগবিশেষ ; অরুচিরোগ ; ইতি নিদান । ভক্ষণে অপ্রবৃত্তি।

অর্ক , পু . বি . (অর্ক , তাপ , অ) সূর্য্য ; আকন্দগাছ ; স্ফটিক ; তাম্র ; ইন্দ্র ; পণ্ডিত ; ইতিমেদিনী । জ্যেষ্ঠ ভ্রাতা ; রবিবার ; ক্ষীরদল ; ইতি অমরকোষ।

অর্ককান্তা , স্ত্রী . বি . [অর্ক-কান্ত , স্বামী , আ] আদিত্যভক্তা ; হুড় হুড়িয়াগাছ ; ইতি রাজনির্ঘণ্ট ।

অর্কচন্দন, ক্লী. বি. (অর্ক-চন্দ, চন্দন, অনট) রক্তচন্দন।

অর্কজ, পু. বি. (অর্ক-জন, জনন, ড) অশ্বিনীকুমার; কর্ণরাজ; বৈবস্বতমনু; শনি; যম; ইতিহেমচন্দ্র।

অর্কতনয়, পু. বি. (অর্ক-তন, পুত্র, ই-অ) কর্ণ; সূর্য্যেরঔরসে কুন্তীর গর্ভজাতসন্তান; মনু; সাবর্ণিমনু; শনি; যম; অশ্বিনী কুমার দ্বয়; ইতি অমরকোষ।

অর্কপত্র, পু. বি. (অর্ক-পত্র, পাতা, অ) আদিত্য পত্রবৃক্ষ; আকন্দপাতা; অর্কপত্র; পত্রবিশেষ।

অর্কপত্রা, স্ত্রী. বি. (অর্কপত্র, পাতা, আ) বৃক্ষবিশেষ; ইশেরমূল; মূলবিশেষ; ইতি জটাধর।

অর্কপর্ণ, পু. বি. (অর্ক-পর্ণ, পাতা অ) অর্কবৃক্ষ; আকন্দ; আদিত্যপত্র; ইতি শব্দরত্নাবলী।

অর্কপাদপ, পু. বি. (অর্ক-পাদ-পা, পান, ড) নিম্ববৃক্ষ।

অর্কপ্রিয়া, স্ত্রী. বি. (অর্ক-প্রী, স্নেহ, ক-আ) জবাপুষ্প; রক্তবর্ণপুষ্প বিশেষ; ওড্রপুষ্প; ইতি বিশ্ব।

অর্কবন্ধু, পু. বি. (অর্ক-বন্ধ, ব্যক্তিবিশেষ, উ) গৌতম মুনি; বৌদ্ধ ধর্ম্মপ্রনেতা; ইক্ষাকু কুলোদ্ভব শাক্য বংশীয়বুদ্ধ; ইতিঅমর কোষ। বৌদ্ধধর্ম্ম প্রচারক।

অর্কব্রত, ক্লী. বি. (অর্ক-ব্রত, নিয়ম, অ) আরোগ্যসপ্তমীব্রত; যে ব্রত করিলে আরোগ্য লাভ হয়।

অর্কসূনু, পু. বি. (অর্ক-সূন, পুত্র, উ) শনি; যম।

অর্কসোদর, পু. বি. (অর্ক সহ-উদর, ভ্রাতা, অ) ঐরাবতহস্তী; ইন্দ্রের হস্তী; দিগ্‌গজবিশেষ।

অর্গল, ক্লী. স্ত্রী. বি. (অর্গল, বন্ধ, অ) কবাটবন্ধক কাষ্ঠ; হুড়কা; খিল; গোঁজ; তসলা; (ত্রি. বিণ.) কল্লোল; ইতিমেদিনী। মহাতরঙ্গ; বড় ঢেউ।

অর্গলিকা, স্ত্রী. বি. (অর্গল, বন্ধ, ইক-আ) অল্পার্গলা; খিল; হুড়কা; গোজ; ইতি হলায়ধ।

অর্ঘ, পু. বি. (অর্ঘ, মূল্য, অ) মূল্য; পূজা; পূজাবিধি; পূজার সামগ্রী বিশেষ। উপকরণ বিশেষ।

অর্ঘ্য, ক্লী. বি. (অর্ঘ, মূল্য, য) পূজার উপহার; পূজার দ্রব্য; পূজাবিধি; (ত্রি. বিণ.) পূজ্য; মান্য; অর্ঘ্যার্থ; যথা—অর্দ্ধোচ্চারিত পদে অর্ঘ্য অর্ঘ্য বলিয়া উঠিলেন, ইতি রঘুবংশ ৮৬ পৃষ্ঠা।

অর্ঘীশ, পু. বি. (অর্ঘ-ঈশ, পতি, অ) শিব; মহাদেব।

অর্চ্চক, ত্রি. বিণ. (অর্চ্চ, পূজা, ণক) পূজক; অর্চ্চনাকারক। যাজক; পূজাকারী; যে ব্যক্তি পূজা করে।

অর্চ্চন, ক্লী. বি. (অর্চ্চ, পূজা, অনট) পূজন; উপাসন; ভজন; সেবন; আরাধনাকরণ; ইতি অমরকোষ।

অর্চ্চনা, স্ত্রী. বি. (অর্চ্চ, পূজা, অন-আ) পূজা; উপাসনা; ভজনা; অর্চ্চা; সপর্য্যা; সেবা; আরাধনা।

অর্চ্চা, স্ত্রী. বি. (অর্চ্চ, পূজা, ঙ-আ) পূজা; প্রতিমা; দেবমূর্ত্তি; উপাসনা; যথা—রতিবল্লভ মদনের অর্চ্চা নিমিত্ত ইতি নৈষধচরিত ৭২ পৃষ্ঠা।

অর্চ্চি, স্ত্রী. বি. (অর্চ্চ, পূজা, ই) অগ্নিশিখা; জ্বালা।

অর্চ্চিত, ত্রি. বিণ. (অর্চ্চ, পূজা, ক্ত) পূজিত; উপাসিত; আরাধিত; যাহাকে পূজা করা যায়।

অর্চ্চিষ্মান্, পু. বি. [অর্চ্চিস্, তেজ, মতু] অগ্নি; সূর্য্য; দীপ্তিমান; (ত্রি. বিণ.) তেজস্বী; গর্ব্বিত।

অর্চ্চিস্, ক্লী. বি. (অর্চ্চ, দীপ্ত, ইস) অগ্নিশিখা; জ্বালা; তেজঃপ্রভা; দীপ্তি; রশ্মি; কিরণ।

অর্চ্চ্য, ত্রি. বিণ. (অর্চ্চ, পূজা, য) পূজনীয়; পূজ্য; মান্য; আরাধ্য; পূজোপযুক্ত; ইতি হেমচন্দ্র।

অর্জক, পু. বি. (অর্জ, অর্জন, ণক) শ্বেতপর্ণাস; বাবুই; সামান্য তুলসী; (ত্রি. বিণ.) উপার্জন কর্ত্তা; অর্জয়িতা; আহরণকর্ত্তা; যে উপার্জ্জন করে।

অর্জন, ক্লী. বি. (অর্জ, অর্জন, অনট) উপার্জন; লাভ; স্বামিত্বের জনক ব্যাপার; সঞ্চয় করণ।

অর্জিত, ত্রি. বিণ. (অর্জ, অর্জন, ক্ত) উপার্জিত; সঞ্চিত; লব্ধ; যাহা উপার্জন করা হইয়াছে।

অর্জুন, ক্লী. বি. (অর্জ, রোগাদি, উন) নেত্র রোগ; ইতি মেদিনী। (পু.) পাণ্ডুরাজার তৃতীয়পুত্র; তৃতীয় পাণ্ডব; ইন্দ্র হইতে কুন্তীর গর্ভজাত সন্তান; বিজয়; কৃষ্ণ; ধনঞ্জয়; কার্ত্তবীর্য্য রাজা; ককুভবৃক্ষ; শ্বেতবর্ণ; (ত্রি. বিণ.) শ্বেতবর্ণ বিশিষ্ট; যাহার বর্ণ শাদা।

অর্জুনধ্বজ, পু. বি. (অর্জুন-ধ্বজ, পতাকা, অল) হনুমান; পবনের ঔরসে অঞ্জনার গর্ভজাত সন্তান।

অর্জ্জুনী, স্ত্রী. বি. (অর্জ, সংকারাদি, উন-ঈ) গবী; করতোয়ানদী; কুটনী; উষা; ইতি বিশ্ব।

অর্জুনোপম, পু. বি. (অর্জুন-উপ-মা, উপমা, ড) বৃক্ষবিশেষ; শেগন গাছ; ইতি শব্দ চন্দ্রিকা।

অর্ণ, পু. বি. (ঋ, গতি, ন) শাকবৃক্ষ; বর্ণ; অক্ষর; (ক্লী.) জল; ইতি অমর কোষ। বারি; অমৃত।

অর্ণব, পু. বি. (অর্ণব, সমুদ্র, অ) সমুদ্র; জলধি; সাগর; অব্ধি; যথা—অর্ণবতীরে দণ্ডায়মান থাকিতেন ইতি টেলিমেকস ৫ পৃষ্ঠা।

অর্ণবজ, পু. ক্লী. (অর্ণব-জন, জনন, ড) সমুদ্রফেন।

অর্ণবতরি, পু. বি. (অর্ণব-তৃ, তরণ, ই) জাহাজ; বৃহন্নৌকা; সমুদ্রযান; যথা—তোমাদিগের অর্ণবতরি ইতি সেক্‌সপিয়র ৪৮ পৃষ্ঠা।

অর্ণবপোত, পু. বি. (অর্ণব-পোত, জলযান, অ) জাহাজ; সমুদ্রের নৌকা, সমুদ্রযান; যথা—দ্রব্যসামগ্রী অর্ণবপোতে উত্থাপনার্থ ইতি সেক্‌সপিয়র ১৫ পৃষ্ঠা।

অর্ণব মন্দির, পু. বি. (অর্ণব-মন্দির, স্থান বিশেষ, অ) বরুণ; বরুণালয়; ইতি হেমচন্দ্র। স্থান বিশেষ।

অর্ণবযান, ক্লী. বি. (অর্ণব-যা, গতি, অনট) সমুদ্রযান; যথা—অর্ণবযান ক্রমে ক্রমে দৃষ্টিপথের্ব্বহির্ভূত ইতি টেলিমেকস ৬ পৃষ্ঠা।

অর্ণস্, ক্লী. বি. (অর্ণ, দ্রব্যবিশেষ, অস্) জল; সলিল।

অর্ণা, পু. বি. (অর্ণ, বন, অস্) বন্যপশু; বনজন্তু; জঙ্গলী; যে সকল জন্তু বনে চরে; বন্য জন্তু।

অর্ণোদ, পু. বি. (অর্ণস্-দা, দান, ড) বারিদ, মেঘ; মুতা; (ত্রি. বিণ.) যে ব্যক্তি জল দান করে।

অর্ণোভব, পু. বি. (অর্ণস্-ভূ, সত্তা, অল) শঙ্খ; অব্জ; শাঁখ; মঙ্গল সূচক বাদ্যযন্ত্র বিশেষ; ইতি বিশ্ব।

অর্ত্তগল, পু. বি. (অর্ত্ত-গল, দ্রব্য বিশেষ, অ) নীল ঝিণ্টিকা; নীলবর্ণের ঝাঁটিফুল; পুষ্প বিশেষ।

অর্ত্তন, ক্লী. বি. (অর্ত্ত, নিন্দন, অনট) জুগুপ্সা; নিন্দা; কুৎসা; ঘৃণা; অশ্রদ্ধা; ইতি ধরণি।

অর্ত্তি, স্ত্রী. বি. (অর্দ্দ, পীড়া, ক্তি,) পীড়া; দুঃখ; যন্ত্রণা; কষ্ট; ধনুকের অগ্রভাগ; ইতি মেদিনী।

অর্ত্তিক, ত্রি. বিণ. (অর্দ্দ, পীড়া, ক্তি-ক) পীড়িত; দুঃখিত; ক্লেশিত; তাপিত; খেদিত; ইতি বিশ্ব।

অর্ত্তিকা, স্ত্রী. বি. (অর্ত্ত, ব্যক্তিভেদ, ইক-আ) অন্তিকা; জ্যেষ্ঠা ভগিনী; অগ্রজা; অগ্রজাতা।

অর্থ, পু. বি. (অর্থ, যাচন, অ) বিষয়; যাচ্ঞা; ধন; যথা—অর্থ অনর্থের মূল ইতি কাদম্বরী ৩৬ পৃষ্ঠা। কারণ; বস্তু; শব্দের প্রতিপাদ্য; নিবৃত্তি; প্রয়োজন; ইতি মেদিনী। জ্ঞানের বিষয়; ইন্দ্রিয়ের বিষয়; নিমিত্ত; প্রার্থনা; প্রকার; কুশল; বিবাদের বিষয়; সমর্থন; প্রকাশ; তাৎপর্য্য; হেতু; ইতি অমরকোষ।

অর্থজ্ঞ, ত্রি. বিণ. (অর্থ-জ্ঞা, বোধ, ড) ভাবজ্ঞ; মর্ম্মজ্ঞ।

অর্থজ্ঞান, ক্লী. বি. (অর্থ-জ্ঞা, বোধ, অনট) তাৎপর্য্য বোধ; অর্থবোধ; অভিপ্রায় বোধ; ইতি বিশ্ব।

অর্থতঃ, ক্রিবিণ. (অর্থ, যাচঞা, তস্) ফলতঃ; বস্তুতঃ; অর্থাৎ; বাস্তবিক; ইতি শব্দরত্নাবলী।

অর্থনা, স্ত্রী. বি. (অর্থ, যাচ্ঞা, অন-আ) যাচ্ঞা; ভিক্ষা; প্রার্থনা; বাঞ্ছা; সমর্থন; চাওয়া।

অর্থনাশ, পু. বি. (অর্থ-নশ, নাশ, ঘঞ) ধননাশ; নিরাশ; বিত্তনাশ; যথা—বনে পলায়ন করিলে অর্থনাশ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৫৫ পৃষ্ঠা।

অর্থপতি, পু. বি. (অর্থ-পা, রক্ষণ, ক্তি) কুবের; রাজা; ধনী; ভূপতি; মহীপাল; ইতি মেদিনী।

অর্থপ্রয়োগ, পু. বি. (অর্থ-প্র-যুজ, যোগ, ঘঞ) বৃদ্ধিজীবিকা; বৃদ্ধির নিমিত্ত ঋণ দান; বাড়ি দেওয়া; সুদে দেওয়া; বৃদ্ধিজন্য দেওয়া; ব্যাজে দেওয়া।

অর্থপ্রাপ্তি, স্ত্রী. বি. অর্থ-প্র-আপ, প্রাপণ, ক্তি) ধনলাভ; লভ্য; ধন পাওয়া; বৃত্ত পাওয়া।

অর্থবত্ত্ব, ত্রি. বিণ. [অর্থবৎ, প্রয়োজন, ত্ব] প্রয়োজনবত্ত্ব।

অর্থবাদ, পু. বি. (অর্থ-বদ, কথন, ঘঞ) স্তুতিবাদ; প্রশংসা; কাল্পনিক ফলশ্রুতি; ইতি হেমচন্দ্র।

অর্থবান্, পু. বি. [অর্থ, ধন, বতু] অর্থবিশিষ্ট; প্রয়োজনীয়; ধনযুক্ত; যাহা প্রয়োজনের যোগ্য।

অর্থবিজ্ঞান, ক্লী. বি. (অর্থ-বি-জ্ঞা, বোধ, অনট) শব্দার্থজ্ঞান; শুশ্রূষাদি অষ্টধীগুনের অন্তর্গতগুণবিশেষ।

অর্থবিদ্, ত্রি. বিণ. (অর্থ বিদ, জ্ঞান, ক্বিপ্) শব্দার্থজ্ঞ; অর্থজ্ঞানবান্; অর্থাভিজ্ঞ; যে অর্থ জানে।

অর্থবৃদ্ধি, স্ত্রী. বি. (অর্থ-বৃধ, বর্দ্ধন, ক্তি) ধনবর্দ্ধন; টাকা খাটান; টাকা সুদে দেওয়া; ইতি হেমচন্দ্র।

অর্থব্যয়জ্ঞ, ত্রি. বিণ. (অর্থ-বি-অয়-জ্ঞা, বোধ, ড) ধনব্যয়ের রীতিজ্ঞ; যে ধন ব্যয় করিবার রীতি জানে।

অর্থশালী, পু. বি. (অর্থ-শাল, বিশিষ্ট, ইন্) ধনশালী; ধনবিশিষ্ট; ধনসম্পন্ন; ঐশ্বর্য্যবান।

অর্থশাস্ত্র, ক্লী. বি. (অর্থ-শাস, শাসন, ত্র) নীতিশাস্ত্র; রাজনীতি; দণ্ডনীতি; চাণক্যাদিপ্রণীতশাস্ত্র।

অর্থসঙ্গতি, স্ত্রী. বি. (অর্থ-সং-গম, গমন, ক্তি) পূর্ব্বাপর অর্থের ঐক্য; ধন থাকা; ইতি হেমচন্দ্র।

অর্থসঞ্চয়, পু. বি. (অর্থ-সং-চি, সঞ্চয়, অল) ধনসঞ্চয়; ধনোপার্জ্জন; বিত্তাহরণ; ধন জড় করা।

অর্থহীন, ত্রি. বিণ. (অর্থ-হা, রহিত, ক্ত) ধনহীন; নির্ধনী; দরিদ্র; গরিব; যে ব্যক্তির টাকা নাই।

অর্থাগম, পু. বি. (অর্থ-আ-গম, আগমন, অল) ধনা-

গম ; আয় ; উপার্জ্জন ; যথা—বিপুল অর্থাগম ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪৯ পৃষ্ঠা।

অর্থাৎ, ক্রিবিণ. (অর্থ , ধন , আৎ) অর্থগম্য ; ফলতঃ ; বস্তুতঃ ; অর্থতঃ ; বাস্তবিক ; যথার্থ ; ইতি বিশ্ব।

অর্থান্তর , ক্লী . বি . (অর্থ-অন্তর , ভিন্নতা, অল) অন্যার্থ ; ভিন্ন অর্থ ; প্রকারান্তর ; পৃথক অর্থ ; যথা—তাহার অর্থান্তর ছিল ইতি সেক্‌সপিয়র ৩২৫ পৃষ্ঠা।

অর্থিত , ত্রি . বিণ . (অর্থ , যাচন, ক্ত) প্রার্থিত ; যাচিত।

অর্থিতা , স্ত্রী . বি . (অর্থ, যাচন, ক্ত-আ) প্রার্থনা ; ইচ্ছা।

অর্থী , ত্রি . বিণ . (অর্থ , যাচন , ইন্) যাচক ; প্রার্থক ; ভিক্ষুক ; সহায় ; সেবক ; বিবাদী ; ধনী ; আসামী ; বাদী ; যথা—যাঁহার সময়ে অর্থী প্রত্যর্থীর বিচার ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৭৮ পৃষ্ঠা।

অর্থ্য , ক্লী . বি . (অর্থ , যাচন , য) শিলাজতু ; ইতি মেদিনী। (ত্রি . বিণ .) যাচ্য ; পণ্ডিত ; ধনবান ; ন্যায্য ; ধনী ; প্রার্থনীয় ; অর্থযুক্ত ; বাঞ্ছিত ; উদ্দেশ্য।

অর্দ্দন , ক্লী . বি . (অর্দ্দ , গতি, অনট) যাচন ; পীড়ন ; হনন ; রণ ; গমন ; কষ্ট দেওন ; ইতি হেমচন্দ্র।

অর্দ্দনা , স্ত্রী , বি . (অর্দ্দ , পীড়া , অন-আ) যাচ্ঞা ; ভিক্ষা ; প্রার্থনা ; পীড়া ; যন্ত্রণা ; কষ্ট ; দুঃখভোগ।

অর্দ্দনি , পু . বি . (অর্দ্দ, পীড়া, নি) অগ্নি ; যাচ্ঞা ; রোগ।

অর্দ্দিত , ত্রি . বিণ . (অর্দ্দ , পীড়া , ক্ত) পীড়িত ; যাচিত ; হিংসিত ; গত ; প্রার্থিত ; (ক্লী . বি .) পীড়া ; বায়ুরোগ বিশেষ ; যেরোগের প্রধান কারণ বায়ু।

অর্দ্ধ , ক্লী . বি . (অর্দ্ধ , অর্দ্ধেক , অল) সমান অর্দ্ধাংশ ; ঠিক অর্দ্ধেক ; আধা ; যথা—অর্দ্ধপথে স্মরণ হওয়াতে ইতি শকুন্তলা ৪৫ পৃষ্ঠা।

(পু .) একদেশ ; সমানাংস ; সমভাগ ; সম দ্বিভাগ ; (ত্রি . বিণ .) দ্বিভাগীকৃত ; দুই ভাগ করা।

অর্দ্ধগঙ্গা , স্ত্রী . বি . (অর্দ্ধ-গম, গমন, গ-আ) কাবেরীনদী।

অর্দ্ধগত , ত্রি . বিণ (অর্দ্ধ-গম , গমন , ক্ত) যাহা অর্দ্ধেক গমন করিয়াছে ; যথা—হে পান্থক! বিভাবরী অর্দ্ধগত হয়। ইতি কর্ম্মদেবী ৪৪ পৃষ্ঠা।

অর্দ্ধগুচ্ছক , পু . বি . (অর্দ্ধ-গুচ্ছ , গোছা , ণক) চতুর্ব্বিংশতি গুচ্ছহার ; চব্বিশ নরি দানা ; ইতি হেমচন্দ্র।

অর্দ্ধচন্দ্র , পু . বি . (অর্দ্ধ চন্দ , কিরণ , র) চন্দ্রখণ্ড ; নখক্ষত ; বাণবিশেষ ; যথা—রঘুবীর অর্দ্ধচন্দ্রমুখ দ্বারা ইতি রঘুবংশ ৯৮ পৃষ্ঠা।

গলহস্ত ; গলাটিপী ; ময়ূরপুচ্ছের চাঁদ ; চন্দ্রক।

অর্দ্ধচোলক , পু . বি . (অর্দ্ধ-চোল , দ্রব্যবিশেষ , ণক) ক্ষুদ্রচোলক ; কাঁচুলী ; স্ত্রীলোকের অঙ্গরক্ষণী।

অর্দ্ধনাব , ক্লী . বি . (অর্দ্ধ-নৌ , নৌকা , অ) নৌকার অর্দ্ধভাগ ; নৌকার অর্দ্ধাংশ ; আধা নৌকা।

অর্দ্ধনারীশ , পু . বি . (অর্দ্ধ নারী-ঈশ , পতি , অল) শিব ; মহাদেব ; যাহার শরীরের আধা নারী।

অর্দ্ধবীক্ষণ , ক্লী . বি . (অর্দ্ধ-বি-ঈক্ষ , দর্শন , অনট) অপাঙ্গদর্শন ; কটাক্ষ ; বক্র দর্শন ; ঈষৎ দৃষ্টি।

অর্দ্ধভাক্ ত্রি . বিণ . (অর্দ্ধ-ভজ , ভাগ , ক্বিপ) অর্দ্ধভাগ ; অর্দ্ধেক ; দুই সমান অংশের একাংশ।

অর্দ্ধমগ্ন , ত্রি . বিণ . (অর্দ্ধ-মস্‌জ , মজ্জন , ক্ত) অর্দ্ধেক মগ্ন ; অর্দ্ধভাগ ডোবা ; যথা—যে সরোবর জলে অর্দ্ধমগ্ন ইতি নৈষধচরিত ৩৫ পৃষ্ঠা।

অর্দ্ধমানব , পু . বি . (অর্দ্ধ-মানু , দ্রব্যবিশেষ , অল) হার বিশেষ ; দ্বাদশ গুচ্ছ হার ; বার নরি হার।

অর্দ্ধরথ , পু . বি . (অর্দ্ধ-রথ , যানবিশেষ , অ) এক রথির ন্যূন যোদ্ধা ; অর্দ্ধরথি ; ইতি অমরকোষ।

অর্দ্ধরাত্র , পু . বি . [অর্দ্ধ-রাত্রি , নিশি , য] নিশীথ ; রাত্র্যর্দ্ধভাগ ; দুই প্রহর রাত্রি ; মহানিশা।

অর্দ্ধশরীর , ক্লী . বি . (অর্দ্ধ-শরীর , দেহ , অল) দেহার্দ্ধ ; (স্ত্রী .) পত্নী ; কলত্র ; সহধর্ম্মিণী ; স্ত্রী।

অর্দ্ধসফর , পু . বি . (অর্দ্ধ-সফর , মৎস্যবিশেষ , অ) ক্ষুদ্র মৎস্য বিশেষ ; যাহার অর্দ্ধেক প্রোষ্ঠীবৎ।

অর্দ্ধসীরী , ত্রি . বিণ . (অর্দ্ধ-সীর , চাস , ইন্) অর্দ্ধফলভাগী কৃষক ; যে কৃষক ফলের অর্দ্ধেক পায়।

অর্দ্ধহার , পু . বি . (অর্দ্ধ-হৃ , হরণ , ঘঞ) চতুঃষষ্টিগুচ্ছক হার ; চৌষট্টি নর হার ; ভূষণ বিশেষ।

অর্দ্ধাংশ , ত্রি . বিণ . (অর্দ্ধ-অংশ , ভাগ , অ) অর্দ্ধভাগ ; অর্দ্ধেক ; সমান দুই ভাগের এক ভাগ ; ইতি বিশ্ব।

অর্দ্ধাঙ্গ , স্ত্রী . বি . (অর্দ্ধ-অঙ্গ , দেহ , অ) পত্নী ; কলত্র।

অর্দ্ধাবভেদক , পু . বি . (অর্দ্ধ-অব-ভিদ , ভেদ , ণক) শিরঃপীড়া ; মাতাব্যথা ; শিরোবেদনা ; মাতার পীড়া।

অর্দ্ধার্দ্ধ , পু . বি . (অর্দ্ধ-অর্দ্ধ , আধা , অ) অর্দ্ধার্দ্ধভাগ ; আধাআধি ; সমান দুই ভাগ ; তুল্য দুই অংশ।

অর্দ্ধার্দ্ধি , ত্রি . বিণ . (অর্দ্ধ-অর্দ্ধ , আধা , ই) আধাআধি ; সমান অংশ ; তুল্য দুই ভাগ ; ইতি ধরণি।

অর্দ্ধাশন , ক্লী . বি . (অর্দ্ধ-অশ , ভোজন , অনট)

অর্দ্ধভোজন; আধপেটা খাওয়া; যথা—আমার অর্দ্ধাশন হইয়াছে ইতি রোমাবতী ৯৭ পৃষ্ঠা।

অর্দ্ধাসন, ক্লী. বি. (অর্দ্ধ-আস, উপবেশন, অনট) অর্দ্ধেক আসন; যথা—সর্ব্বদেব সমক্ষে অর্দ্ধাসনে উপবেশন করাইয়া ইতি শকুন্তলা ৮৭ পৃষ্ঠা।

অর্দ্ধেক, ত্রি. বিণ. (অর্দ্ধ-এক, ভাগ, অ) অর্দ্ধাংশ।

অর্দ্ধেন্দু, পু. বি. (অর্দ্ধ-ইন্দ, চন্দ্র, উ) অর্দ্ধচন্দ্র; শশিখণ্ড।

অর্দ্ধোরুক, ক্লী. বি. (অর্দ্ধ-উর, বস্ত্রবিশেষ, উক) পরিধেয় বস্ত্র; ঘাগরা; পরিবার যোগ্য বস্ত্র।

অর্পণ, ক্লী. বি. (ঋ, গমন, ণিচ-অনট) স্থাপন; দান; যথা—তাহা তোমাকে অর্পণ করিবার প্রস্তাব করিতে ইতি টেলিমেকস ৭৫ পৃষ্ঠা।

অর্পিত, ত্রি. বিণ. (ঋ, গমন, ণিচ-ক্ত) স্থাপিত; প্রদত্ত; গচ্ছিত; রাখিত; যাহা দেওয়া হইয়াছে।

অর্পিস্, পু. বি. (ঋ, গমন, ইস্) হৃদয়; বক্ষঃস্থল।

অর্ব্বদ, ক্লী. বি. (অর্ব্ব-দা, দান, ড) দশ কোটিসংখ্যা; মাংসকীল; মাংসপুরুষ; আর; ইতি মেদিনী।

অর্ব্বণ, পু. বি. (অর্ব্ব, জন্তুবিশেষ, অনট) ঘোটক; অশ্ব; ইন্দ্র; গোকর্ণ পরিমাণ; (ত্রি. বিণ.) নীচ।

অর্ব্বাক্, ত্রি. বিণ. (অর্ব্বন-অঞ্চ, আদি, ক্বিপ) প্রাক্; পূর্ব্ব; আদিম; অগ্র; নিকট; অবর।

অর্ব্বাচ্, ত্রি. বিণ. (অর্ব্ব-অঞ্চ, নীচতা, ক্বিপ) নীচ; কনিষ্ঠ; ক্ষুদ্র; বক্র; হেয়; বাঁকা; ইতি মেদিনী।

অর্ব্বাচীন, ত্রি. বিণ. (অর্ব্বাচ, জ্ঞানহীনতা, ঈন) অজ্ঞান; নূতন; প্রাচীন; নির্ব্বোধ; যথা—তিনি কি এমনই অর্ব্বাচীন ইতি সেক্সপিয়র ১০৭ পৃষ্ঠা।

অর্ব্বুদ, পু. ক্লী. বি. (অর্ব্বুদ, সংখ্যাবিশেষ, অ) দশ কোটি সংখ্যা; পর্ব্বত বিশেষ; সংখ্যা বিশেষ; যথা—অর্ব্বুদ সাক্ষস তথায় সমুপস্থিত হইয়াছিল। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৭ পৃষ্ঠা।

অর্ভ, পু. বি. (অর্ভ, শৈশব, অ) বালক; অপোগণ্ড।

অর্ভক, পু. বি. (অর্ভ, শৈশব, ণক) শিশু; বালক; শাবক; মূর্খ; কৃশ; স্বল্প; সদৃশ; ইতি মেদিনী।

অর্ম্ম, পু. ক্লী. বি. (ঋ, গমন, ম) চক্ষুরোগ বিশেষ।

অর্য্য, পু. বি. (ঋ, গতি, য) স্বামী; বৈশ্য জাতি; অধ্যক্ষ; (ত্রি. বিণ.) শ্রেষ্ঠ; প্রধান; মহৎ।

অর্য্যমা, পু. বি. (ঋ, গতি, মন্) সূর্য্য; আদিত্য; অর্কবৃক্ষ; পিতৃদেব বিশেষ; ইতি মেদিনী।

অর্য্যা, স্ত্রী. বি. (ঋ, গতি, য-আ) বৈশ্যস্ত্রী; বৈশ্যা।

অর্য্যাণী, স্ত্রী. বি. (ঋ, গতি, য-ঈ) বৈশ্যপত্নী; বৈশ্যস্ত্রী।

অর্শ, ক্লী. বি. (ঋশ, রোগবিশেষ, অল) অর্শরোগ।

অর্শন, ক্লী. বি. (ঋশ, গতি, অনট) বর্ত্তন; অধিকার হওন; প্রভুত্ব হওন; সত্ত্ব হওন; ইতি বিশ্ব।

অর্শস, ত্রি. বিণ. (ঋশ, রোগবিশেষ, অস) অর্শরোগযুক্ত।

অর্শী, ত্রি. বিণ. (ঋশ, রোগবিশেষ, ইন্) অর্শযুক্ত।

অর্শোঘ্ন, পু. বি. (অর্শস্-হন, হনন, অ) ওল; কন্দ।

অর্শোঘ্নী, স্ত্রী. বি. (অর্শস্-হন, হনন, ঈ) তালমূলী।

অর্হ, পু. বি. (অর্হ, যোগ্যতাদি, অ) ইন্দ্র; (ত্রি. বিণ.) যোগ্য; উপযুক্ত; পূজ্য; মান্য।

অর্হণা, স্ত্রী. বি. (অর্হ, পূজন, অ) পূজা; অর্চ্চনা; পূজার সামগ্রী; পূজাদির উপকরণ; ইতি অমর।

অর্হণীয়, ত্রি. বিণ. (অর্হ, যোগ্যতা, অনীয়) যোগ্য; পূজনীয়; উপযুক্ত; মানের উপযুক্ত; ইতি বিশ্ব।

অর্হন্, পু. বি. (অর্হ, ব্যক্তিবিশেষ, অন) ক্ষপণক; বুদ্ধ; সর্ব্বদর্শী; পুরুষোত্তম; (ত্রি. বিণ.) পূজ্য; মান্য; স্তুত; ইতি মেদিনী। পূজনীয়; মান্য।

অর্হিত, ত্রি. বিণ. (অর্হ, পূজা, ক্ত) পূজিত; সম্মানিত।

অলং, (ব্য.) বৃথা; নিরর্থক; নিষ্প্রয়োজন; ভূষণ; পর্য্যাপ্তি; বারণ; শক্তি; অত্যর্থ; ইতি মেদিনী। (ক্লী. বি.) বিছার হুল; হরিতাল; ইতি হেমচন্দ্র।

অলক, পু. ক্লী. বি. (অল, কেশভেদ, কন্) ভক্তিযুক্ত কেশ; কুটিল কুন্তল; চূর্ণ কুন্তল; ঝাপ্টা; কোঁকড়ান চুল; (পু.) ক্ষিপ্ত কুকুর; ইতি অমর।

অলকনন্দা, স্ত্রী. বি. (অলক-নন্দ, বালিকা, আ) আট দশবৎসরের বালিকা; কুমারী; নদীবিশেষ।

অলকা, স্ত্রী. বি. (অল, স্থান ভেদ, কন্-আ) আট দশবৎসরের বালিকা; কুমারী; কুবেরপুরী; যথা—কোথা বা অলকাধাম, কোথা বা বৈকুণ্ঠ নাম, ইতি কুমারসম্ভব ৯৫ পৃষ্ঠা।

অলকাধিপ, পু. বি. (অলক-অধি-পা, রক্ষা, ড) কুবের; ধনেশ্বর; যক্ষরাজ; ধনাধিপ; ত্র্যম্বকসখা।

অলক্ত, পু. বি. (অলক্ত, নির্য্যাস, অ) বৃক্ষনির্য্যাসবিশেষ; লাহা; জৌ; লাক্ষারস; আলতা।

অলক্তক, পু. বি. (অলক্ত, লাক্ষা, ণক) নির্ভৎসন; অলক্ত; লাক্ষারস; আলতা; ইতি হলায়ুধ।

অলগর্দ্দ, পু. বি. (অলক্-অর্দ্দ, গতি, অ) জলসর্প;

জলবোড়া ; সর্প বিশেষ ; ইতি শব্দরত্নাবলী।

অলগর্দ্ধ, পুং. বি. (অলক্-অর্দ্ধ, সরীসৃপবিশেষ, অ) জলব্যাল ; কেয়ুটিয়া ; জলবোড়া ; ইতি কেচিৎ।

অলঘু, ত্রি. বিণ. (অ-লঘ, অল্প, উ) শীঘ্র নহে ; অনল্প ; যাহা খর্ব্ব নয় ; যথা—এবং মুখমণ্ডল অলঘ ইতি সেক্‌সপিয়র ৩৮ পৃষ্ঠা।

অলঙ্করণ, ক্লী. বি. (অলং-কৃ, করণ, অনট) ভূষণ ; আভরণ ; অলঙ্কার ; গহনা ; ইতি হলায়ুধ।

অলঙ্করিষ্ণু, ত্রি. বিণ. (অলং-কৃ, করণ, ইষ্ণু) অলঙ্কার কর্ত্তা ; ভূষণশীল ; ভূষণকারী ; প্রসাধক ; ভূষণাকাঙ্ক্ষী।

অলঙ্কর্ত্তা, ত্রি. বিণ. (অলংকৃ, করণ, তৃন্) ভূষণকারী ; প্রসাধক ; যিনি ভূষণ করেন ; ইতি অমরকোষ।

অলঙ্কর্ম্মীণ, ত্রি. বিণ. [অলং-কর্ম্ম, কার্য্য, ঈন] কার্য্য-কুশল ; কর্ম্মণ্য ; কর্ম্মদক্ষ ; ইতি অমরকোষ। কর্ম্মঠ।

অলঙ্কার, পুং. বি. (অলং-কৃ, করণ, ঘঞ) ভূষণ ; আভরণ ; কাব্যালঙ্কার ; যথা—কামিনীগণ অলঙ্কার উন্মোচন পূর্ব্বক ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ১২ পৃষ্ঠা।

অলঙ্কারহীন, ত্রি. বিণ. (অলঙ্কার-হা, রহিত, ক্ত) ভূষণরহিত ; অশোভিত ; যাহার ভূষণ নাই।

অলঙ্কৃত, ত্রি. বিণ. (অলং-কৃ, করণ, ক্ত) ভূষিত ; প্রসাধিত ; সজ্জিত ; অলঙ্কার যুক্ত ; যথা—সকলের পশ্চাৎ অসংখ্য অলঙ্কৃত রথ ইতি মহাভারত শান্তি-পর্ব্ব ৬০ পৃষ্ঠা।

অলঙ্ক্রিয়া, স্ত্রী. বি. (অলং-কৃ, করণ, ক্যপ্) ভূষিত-করণ ; ভূষণ ; অলঙ্কার করণ ; সজ্জাকরণ।

অলঙ্ঘন, ক্লী. বি. (অ-লঙ্ঘ, অতিক্রম, অনট) অতি-ক্রমণ না করণ ; ডিঙ্গান নয় ; লঙ্ঘন করা নয়।

অলঙ্ঘ্য, ত্রি. বিণ. (অ-লঙ্ঘ, অতিক্রম, য) অতি-ক্রমণীয় ; লঙ্ঘনের অযোগ্য ; যথা—এই কি সাজে তোমারে, অলঙ্ঘ্য অজেয় তুমি ইতি মেঘনাদবধ কাব্য ১৬ পৃষ্ঠা।

অলজ্জ, ত্রি. বিণ. (অ-লজ্জা, লাজ, ড) লজ্জাহীন ; নির্লজ্জ ; ত্রপা বিহীন ; যাহার লজ্জা নাই।

অলঞ্জর, পুং. বি. (অলং-জৄ, জর, অল) মাটির ক-লসী ; জালা ; কুম্ভ ; ঘট ; মৃত্তিকানির্ম্মিত জলপাত্র।

অলতি, স্ত্রী. বি. (অল-গান, ক্তি) গীত বিশেষ।

অলদ্ধূম, পুং. বি. অলং-ধূম, ধোঁয়া, ক) ধূম সহিত ; ধূমরাশি ; ভূরি ভূরি ধূম ; অনেক ধোঁয়া।

অলবড্ড, ত্রি. বিণ. (অলং-বড, জড়, ক্ত) জড় ; নির্বুদ্ধি ; অব্যবস্থিত ; যাহার ব্যবস্থার স্থির নাই।

অলবাল, ক্লী. বি. (অ-লূ, বৃক্ষমূল, আল) আলবাল ; বাঁধাল ; জাঙ্গাল ; বৃক্ষের মূলে জল দিবার বাঁধ।

অলবেলা, ক্লী. বি. (অল-বেল, যন্ত্র ভেদ, আ) ধূম-পান যন্ত্রবিশেষ ; আলবোলা ; হুঁকোবিশেষ।

অলব্ধ, ত্রি. বিণ. (অ-লভ, লাভ, ক্ত) অপ্রাপ্ত ; অগৃহীত।

অলভ্য, ত্রি. বিণ. (অ-লভ, লাভ, য) অপ্রাপ্য ; যাহা পাওয়া যায় না ; লাভের অনুপযুক্ত ; যথা— অলব্ধবিষয়ের লাভ ইতিমহাভারতশান্তিপর্ব্ব ৯০পৃষ্ঠা।

অলম্, (ব্য.) ভূষণ ; প্রচুর ; পর্য্যাপ্ত ; সমর্থ ; নিষেধ ; অনাবশ্যক ; ব্যর্থ ; পূর্ণতা ; নিরর্থক ; ইতি অমর।

অলম্বুষ, পুং. বি. (অলং-বুষ, বমন, ক) প্রহস্ত ; ব-মন ; রাক্ষস বিশেষ ; ইতি মেদিনী। উদ্গীরণ।

অলম্বুষা, স্ত্রী. বি. (অলং-বুষ, ব্যক্তিভেদ, ড-আ) স্বর্গবেশ্যা বিশেষ ; লজ্জালুভেদ ; অপ্সরা ; যথা— অলম্বুষা নামে এক লোচন লোভনীয়া অপ্সরাকে প্রে-রণ করিলেন ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০৫ পৃষ্ঠা।

অলর্ক, পুং. বি. (অল-অর্ক, জন্তুবিশেষ, অ) ক্ষিপ্ত-কুক্কুর ; পাগলাকুত্তা ; শ্বেতার্কবৃক্ষ ; শাদাআকন্দগাছ।

অললে, ব্য. (অল, ভাষাভেদ, লে) পিশাচ ভাষায় সম্বোধন ; অলে ; ইতি শব্দরত্নাবলী। আহ্বানভেদ।

অলস, ত্রি. বিণ. (অলস, আলস্য, অ) আলস্যযুক্ত ; যথা -কিন্তু ইনি কি অলস! ইতি মহাভারত শ-ল্যপর্ব্ব ১০৩ পৃষ্ঠা।

জড় ; কর্ম্মে অনুৎসাহ ; আলিসা ; কার্য্যে শিথিল।

(পুং. বি.) বৃক্ষ বিশেষ ; পাদরোগভেদ ; পাকুই।

অলসক, পুং. বি. (অলস, রোগবিশেষ, কন্) উদর রোগ বিশেষ ; আমাশয় ; গৃহিণী রোগবিশেষ।

অলসতা, স্ত্রী. বি. (অলস, আলস্য, তা) আলস্য ; শৈথিল্য ; বুড়েমি ; কর্ম্মে অনুৎসাহিতা ; ইতি বিশ্ব।

অলক্ষণ, ক্লী. বি. (অ-লক্ষ, চিহ্ন, অনট) কুলক্ষণ ; মন্দ চিহ্ন ; অশুভ ; যথা—তিনি অলক্ষণ দর্শনে ইতি রঘুবংশ ১১৪ পৃষ্ঠা।

(ত্রি. বিণ.) কুলক্ষণাক্রান্ত ; মন্দ চিহ্নযুক্ত।

অলক্ষিত, ত্রি. বিণ. (অ-লক্ষ, দর্শন, ক্ত) অদর্শিত ; অনবলোকিত ; যাহা গ্রাহ্য নয় ; যাহাকে লক্ষ করা হয় নাই ; যথা—অলক্ষিত রূপে তাহার মধ্যে বাস

করিতেছিলেন ইতি মহাভারত শল্যপর্ব্ব ৬৬ পৃষ্ঠা।
অলক্ষ্মী; স্ত্রী. বি. (অ-লক্ষ, চিহ্ন, ম-ঈ) নরকদেবতা; দুর্ভাগ্য; দুর্দ্দশা; লক্ষ্মীর বিরোধিনী দেবতা; দৈন্য।
অলাত, ক্লী. বি. (অ-লা, কয়লা, ক্ত) অঙ্গার; দগ্ধকাষ্ঠ; জ্বলন্ত বা নিবন্ত কয়লা; ইতি অমরকোষ।
অলাবু, স্ত্রী. বি. (অ-লব, লাউ, ঞু) লতাবিশেষ; তুম্বী; তুম্ব; লাউ; লাবুকা; দ্রব্য বিশেষ।
অলাভ, পু. বি. (অ-লভ, লাভ, ঘঞ) ক্ষতি; হানি।
অলার, ক্লী. বি. (অ-লর, আবরন, ঘঞ) কবাট; দ্বারাবরোধক; কপাট; দ্বারের আবরন; ইতি বিশ্ব।
অলি, পু. স্ত্রী. বি. (অল, জীবভেদ, ই) ভ্রমর; যথা—অলি নাহি করে মুকুলে ঝগড়া। ইতি ভারতচন্দ্র ২৮৮ পৃষ্ঠা।
কোকিল; কাক; বৃশ্চিক, মদ্য; ইতি মেদিনী।
অলিক, ক্লী. বি. (অল, স্থানভেদ, ইক) ললাটদেশ; কপাল; ইতি অমরকোষ। অবয়ব বিশেষ; ভাল।
অলিকুল, ক্লী. বি. (অলি-কুল, আধিক্য, ক) ভ্রমরবৃন্দ; যথা—নানা জাতি ফুটে ফুল, উড়ি বৈসে অলিকুল, ইতি ভারতচন্দ্র ২৪৩ পৃষ্ঠা।
অলিজিহ্বা, স্ত্রী. বি. (অলি-হ্বে, অঙ্গবিশেষ, আ) জিহ্বোপরি ক্ষুদ্র জিহ্বা; উপজিহ্বা; আলজিব।
অলিঞ্জর, পু. বি. (অলি-জৃ, জর, অল) মৃত্তিকানির্ম্মিত জলাধার; বৃহৎ জলপাত্র; জলের জালা।
অলিন, পু. বি. (অল, জীবভেদ, ইন) ভ্রমর; বৃশ্চিক।
অলিন্দ, পু. বি. (অল-ইদ, স্থানভেদ, অল) চাতাল; ছাঁইচ; কানাচ; বাড়ির সম্মুখে বাঁধান উঠান; যথা—অলিন্দে সুন্দর হৈমময় স্তম্ভাবলী ইতি মেঘনাদবধ কাব্য ৩১ পৃষ্ঠা।
অলিপক, পু. স্ত্রী. বি. (অলিপ, জীবভেদ, ণক) ভ্রমর; কোকিল; কুক্কুর; ইতিমেদিনী। পিক; মধুপ।
অলিপ্রিয়, ক্লী. বি. (অলি-প্রী, স্নেহ, অ) রক্তোৎপল; রক্তপদ্ম; (ত্রি. বিণ.) যে পুষ্প ভ্রমর ভাল বাসে।
অলিপ্সা, স্ত্রী. বি. (অ-লিপ, ইচ্ছা, সন্-আ) অনিচ্ছা; অভিলাষ; অস্পৃহা; অবাঞ্ছা; ইতি বিশ্ব।
অলিপ্সু, ত্রি. বিণ. (অ-লিপ, ইচ্ছা, সন্-উ) অলুব্ধ; লোলুপনহে; যে লোভী নয়; যে স্পৃহাযুক্ত নয়।
অলিমক, পু. বি. (অলি, ভ্রমরাদি, মক (ভ্রমর; কোকিল; ভেক; পদ্মকেশর; মধূক বৃক্ষ; ইতিমেদিনী।
অলিমোদা, স্ত্রী. বি. (অলি-মুদ, হর্ষ, আ) গণিকারিকাবৃক্ষ; বৃক্ষবিশেষ; গামার গাছ; ইতি বিশ্ব।
অলিম্বক, পু. বি. (অলিম্ব, জীবভেদ, অক) পদ্মকেশর; ভেক; ভ্রমর; কোকিল; মধুপ; ইতি মেদিনী।
অলী, পু. বি. (অল, জীবভেদ, ইন্) ভ্রমর; বৃশ্চিক।
অলীক, ক্লী. বি. (অল, অসত্য, ঈক (মিথ্যা; ব্যর্থ; অসত্য; যথা—জনকের নিকট অলীক কথা কহিয়া ইতি সেক্সপিয়র ২৬০ পৃষ্ঠা।
নিষ্ফল; আকাশ; অপ্রিয়; স্বর্গ; ললাট; ইতিহেমচন্দ্র। (ত্রি. বিণ. (অল্প; মিথ্যা; অসুখকর; ক্ষুদ্র।
অলীকতা, স্ত্রী. বি. [অলীক, মিথ্যা, তা] অযাথার্থ্য; মিথ্যাত্ব; যথা—উত্থাপিত বিষয়ের অলীকতা সন্দেহ করিতে লাগিলেন ইতি সেক্সপিয়র ৬৭ পৃষ্ঠা।
অলু, স্ত্রী. বি. (অল, দ্রব্যভেদ, উ) আলু; ক্ষুদ্র কলসী; ইতিঅমরকোষ। বাবুই তুলসী; ইতি কেচিৎ।
অলুক, ত্রি. বিণ. (অ-লুক, লোপ, ক) অলোপনীয়।
অলব্ধ, ত্রি. বিণ. (অ-লুভ, লোভ, ক্ত) নির্লোভ; লোভহীন; যে লোভযুক্ত নয়; লোভশূন্য।
অলে, ব্য, (অল, শব্দ, এ) নাটকাদিতে দৈত্যাদির অর্থশূন্য শব্দ; সম্বোধন বিশেষ; ইতি ধরণী।
অলেলে, ব্য, (অল-এল, শব্দ, এ) পিশাচভাষায় সম্বোধন; আহ্বানবিশেষ; ইতি শব্দচন্দ্রিকা।
অলোকসামান্য, ত্রি. বিণ. [অ-লোক-সমান, সাধারন, ষ্ণ্য] যাহা সামান্য লোক কর্ত্তৃক হয় না; যথা—তাঁহার অলোক সামান্য গুণ দর্শন করিয়া ইতি রঘুবংশ ১৪০ পৃষ্ঠা।
অলোভ, ত্রি. বিণ. (অ-লুভ, লোভ, অল) নির্লোভ; লোভশূন্য; নিরাকাঙ্ক্ষ; যাহার লোভমাত্র নাই।
অলোভী, ত্রি. বিণ. (অ-লুভ, লোভ, ণিন্) লোভশূন্য ব্যক্তি; নিস্পৃহ; যাহার লোভনাই; ইতি বিশ্ব।
অলোহিত, ক্লী. বি. (অ-লুহ, লোহিত, ক্ত) রক্তপদ্ম; লোহিতভিন্ন; অরক্ত; (ত্রি. বিণ.) রক্তবর্ণহীন।
অলৌকতা, স্ত্রী. বি. [অ-লোক, আচরন, তা] অসদাচরন; অমনুষ্যত্ব; মন্দ আচরণ; মনুষ্যের ব্যবহারনয়।
অলৌকিক, ত্রি. বিণ. [অ-লোক, মনুষ্য, ষ্ণিক] অমানুষিক; লোকাতীত; যাহা মানব হইতে হয় না; যথা—অশ্বত্থামার অলৌকিক রূপ দর্শনে ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৪ পৃষ্ঠা।

অল্‌গা, ত্রি. বিণ. (অল্‌গ, খোলা; ঙ-আ) এলুয়া; খোলা; শিথিল; মন্দ বন্ধন; ঢিলা; ইতি মেদিনী।

অল্প, ত্রি. বিণ. (অল্প, কিঞ্চিৎ, অল) কিঞ্চিৎ; যথা—সূতপুত্র ধনঞ্জয়ের হস্তে নিহত হইলে অল্প মাত্রাবশিষ্ট কৌরবগণ ইতি মহাভারত শল্যপর্ব্ব ১ পৃষ্ঠা। ঈষৎ; স্তোক; ক্ষুদ্র; তুচ্ছ; কণা; অনধিক; লেশ।

অল্পগন্ধ, ক্লী. বি. (অল্প-গন্ধ, ঘ্রাণ, অল) রক্তকৈরব; রক্তোৎপল; রক্তপদ্ম; লোহিত বর্ণ পদ্ম।

অল্পতনু, ত্রি. বিণ. (অল্প-তন, শরীর, উ) খর্ব্ব; দুর্ব্বল; অল্পাস্থিযুক্ত; ক্ষুদ্রদেহবান্; বামন; কৃশ; ক্ষীণ; ইতিঅমরকোষ। যাহার শরীর অতিক্ষীণ।

অল্পতা, স্ত্রী. বি. (অল্প, কিঞ্চিৎ, তা) ন্যূনতা; কমি; যথা—প্রজাবর্গের আয়ুর অল্পতা অবগত হইয়া ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৯১ পৃষ্ঠা।

অল্পপত্র, পু. বি. (অল্প-পত, পাতা, র) ক্ষুদ্রতুলসী; ক্ষুদ্রপত্র; ন্যূন পত্র; ছোটপাতা; ইতি অমর।

অল্পপদ্ম, ক্লী. বি. (অল্প-পদ, উৎপল, ম) রক্তপদ্ম।

অল্প প্রমাণক, পু. বি. (অল্প-প্র-মা, উদাহরণ, অন-ক) কিঞ্চিৎ প্রমাণ; তরমুজ বিশেষ; খরমুজ।

অল্পমারিষ, পু. বি. (অল্প-মার, তৃণ বিশেষ, ইষ) শাক বিশেষ; ক্ষুদ্রনটিয়া শাক; ইতিঅমরকোষ।

অল্পসর, ক্লী. বি. (অল্প-সৃ, গতি, অস্) ক্ষুদ্রসরোবর; ডোবা; পল্বল; গেড়ে; ছোট পুষ্করিণী।

অল্পস্বল্প, ত্রি. বিণ. (অল্প-সু-অল্প, কিঞ্চিৎ, অল) অত্যল্প; যৎকিঞ্চিৎ; কণামাত্র; কিছু; কথঞ্চিৎ।

অল্পাকৃতি, ত্রি. বিণ. (অল্প-আ-কৃ, করণ, ক্তি) খর্ব্ব; বামন; ক্ষুদ্রঅবয়ব; যাহার আকার অতিশয় ছোট।

অল্পায়ুঃ, পু. বি. (অল্প-আয়, গমন, উস্) ছাগ; (ত্রি. বিণ.) অচির জীবিত; অদীর্ঘজীবী।

অল্পিষ্ঠ, ত্রি. বিণ.) অল্প, কিঞ্চিৎ, ইষ্ঠ) অত্যল্প; অতিশয়ক্ষুদ্র; অত্যন্তসূক্ষ্ম; যৎপরোনাস্তি ছোট।

অল্পীকৃত, ত্রি. বিণ. (অল্প-কৃ, করণ, ক্ত) অল্পীভূত; ন্যূনীকৃত; কমান; ন্যূন করা; অল্প করা।

অল্পীন, ত্রিবিণ. (অল্প, কিঞ্চিৎ, ঈন) অল্পেঅল্পে বা ক্রমে ক্রমে জাত; ক্রমশ জাত; ইতি মেদিনী।

অল্পীয়স্, ত্রি. বিণ. (অল্প, কম, ঈয়স্) অত্যল্প; অতিন্যূন; অতিশয় সূক্ষ্ম; ইতি হেমচন্দ্র।

অল্লা, স্ত্রী. বি. (অল, মাতা, আ) মাতা; নাট্যোক্তিতে মাতা; মাতৃবোধক শব্দ বিশেষ; ইতি মেদিনী।

অশকুম্ভী, স্ত্রী. বি. (অশ-কুম্ভ, দ্রব্যবিশেষ, ইন্) পানীয় পৃষ্ঠজ; জলের পানা; জলজ দ্রব্য বিশেষ।

অশক্ত, ত্রি. বিণ. (অ-শক; শক্তি, ক্ত) শক্তিরহিত; অসমর্থ; যথা—একান্ত অশক্ত হইয়া পড়িলেন। ইতি রঘুবংশ ১৪৬ পৃষ্ঠা।

অশক্ততা, স্ত্রী. বি. (অ-শক, শক্তি, ক্ত-তা) অক্ষমতা; অপারগতা; যথা—শোক সম্বরণে অশক্ততা প্রযুক্ত হতবুদ্ধি হওয়াতে ইতি সেক্‌সপিয়র ২২১ পৃষ্ঠা।

অশক্তি, স্ত্রী. বি. (অ-শক, শক্তি, ক্তি) শক্তিহীনতা; ক্ষীণতা; যথা—সে কেবল শ্রম বা অশক্তি প্রযুক্ত ইতি রঘুবংশ ৭৬ পৃষ্ঠা।

অশক্য, ত্রি. বিণ. (অ-শক, শক্তি, য) অশকনীয়; অসাধ্য; শক্তির অগম্য; যাহা ক্ষমতার বহির্ভূত।

অশঙ্ক, ত্রি. বিণ. (অ শঙ্ক, শঙ্কা, অল) শঙ্কারহিত; নিশ্চিন্ত; ভয়শূন্য; ভয় রহিত; যাহার ভয় নাই।

অশঙ্কিত, ত্রি. বিণ. (অ-শঙ্ক, ভয়, ক্ত) ভয়রহিত; চিন্তাশূন্য; যথা—অশঙ্কিত ও অসঙ্কুচিত চিত্তে আজ্ঞা করুন ইতি কাদম্বরী ৫৪ পৃষ্ঠা।

অশত্রু, পু. বি. (অ-শত, রিপু, রু) চন্দ্র; (ত্রি. বিণ.) শত্রুরহিত; মিত্র; শত্রুশূন্য; রিপু বিহীন।

অশন, ক্লী. বি. (অশ, ভোজন, অনট) ভক্ষণ; যথা—পন্নগ অশনে নাগ নাহি ডরে যত, ইতি মেঘনাদবধকাব্য ৪২ পৃষ্ঠা। অন্ন; অভ্যবহার; (পু.) শালগাছ; বৃক্ষভেদ।

অশনপর্ণী, স্ত্রী. বি. (অশন-পর্ণ, উদ্ভিদবিশেষ, ঈ) বৃক্ষবিশেষ; অপরাজিতা; লতাবিশেষ।

অশনাচ্ছাদন, ক্লী. বি. (অশন-আ-ছদ আচ্ছাদন, অনট) অন্নবস্ত্র; খাওয়া পরা; ইতি জটাধর।

অশনায়া, স্ত্রী. বি. (অশন, ভোজন, আয়-আ) ক্ষুধা; বুভুক্ষা; ভোজনেচ্ছা; আহারেচ্ছা; ইতি ধরণি।

অশনায়িত, ত্রি. বিণ. (অশন-আয়, ভোজন, ক্ত] ক্ষুধিত; বুভুক্ষিত; যাহার ভক্ষণে ইচ্ছা হইয়াছে।

অশনি, পু. স্ত্রী. বি. (অশন, চপলাদি, ই) বজ্র; বিদ্যুৎ; বাজ; মেঘাগ্নি; যথা—অশনিদগ্ধ পাদপের ন্যায় অচিরাৎ ভূতলে পতিত হইল। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৩১ পৃষ্ঠা।

অশনীয়, ত্রি. বিণ. (অশ, ভক্ষণ, অনীয়) ভক্ষণীয়;

খাদ্য; যথা—আমি অশনীয় বস্তু অন্বেষণ করিয়া আনিতেছি। ইতি সেক্‌সপিয়র ৪৮৮ পৃষ্ঠা।

অশম্বল, ত্রি. বিণ. (অ-শম্বল, অর্থ, অ) অর্থহীন; পাথেয়হীন; শম্বল রহিত; যাহার পথ খরচ নাই।

অশর্ম্ম, ক্লী. বি. (অ-শৃ, গতি, মন্) কষ্ট; দুঃখ; ক্লেশ (ত্রি. বিণ.) ক্লেশযুক্ত; ইতি জটাধর।

অশরীর, পু. বি. (অ-শরীর, দেহ, অল) কন্দর্প; কাম; মদন; মন্মথ; (ত্রি. বিণ.) দেহশূন্য।

অশরীরি, ত্রি. বিণ. (অ-শরীর, দেহ, ই) দেহশূন্য; দৈব; যাহা শরীর সম্বন্ধীয় নয়; যথা—বায়ু মধ্যে অশরীরি বাক্য শ্রবণ করিয়া ইতিসেকসপিয়র৩৯পৃষ্ঠা।

অশাখা, স্ত্রী. বি. (অ-শাখ, তৃণভেদ, আ) তৃণবিশেষ; শূলীতৃণ; শাখা বিহীন; যাহার ডাল নাই।

অশানিত, ত্রি. বিণ. (অ-শাণ, ধারাল, ক্ত) অতীক্ষ্ণ; ভোঁতা, যাহা ধারাল নহে; শাণ দেওয়া নহে।

অশান্ত, ত্রি. বিণ. (অ-শম, শিষ্টতা, ক্ত) অশিষ্ট; দুরন্ত; যথা—অনেকানেক অশান্ত প্রকৃতি পুরুষকে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৭১ পৃষ্ঠা।

অশান্ততা, স্ত্রী. বি. (অ-শম, শিষ্টতা, ক্ত-তা) অশিষ্টতা; দৌরাত্ম্য; উপদ্রব; অস্থিরতা।

অশান্তি, স্ত্রী. বি. (অ-শম, শিষ্টতা, ক্তি) উৎপাত; দৌরাত্ম্য; অসুখ; উপদ্রব; উপসর্গ; ইতি ধরণি।

অশাম্য, ত্রি. বিণ. (অ-শম, শমতা, য) অশমনীয়; অশান্ত; প্রগল্‌ভ; উপশম প্রাপ্ত নহে।

অশাসক, ত্রি. বিণ. (অ-শাস, শাসন, ণক) শাসন কর্ত্তাহীন; অরাজক; যে স্থানে শাসকমাত্র নাই।

অশাসন, ক্লী. বি. (অ-শাস, শাসন, অনট) শাসনাভাব; অদমন; বশীকরণাভাব; অনাট্‌কান।

অশাসিত, ত্রি. বিণ. (অ-শাস, শাসন, ক্ত) অকৃতশাসন; দমন না করা; যাহা শাসন করা হয় নাই।

অশাস্ত্র, ত্রি. বিণ. (অ-শাস, শাসন, ত্র) শাস্ত্রবিরুদ্ধ; অবৈধ; নিয়মের বিপরীত; যাহা বিধিমত নয়।

অশাস্ত্রীয়, ত্রি. বিণ. (অ-শাস, শাসন, ত্র-ঈয়) বেদবিরুদ্ধ; অবৈধ; যাহা শাস্ত্রসম্বন্ধীয়নয়; ইতিমেদিনী।

অশিত, ত্রি. বিণ. (অশ, ভোজন, ক্ত) ভুক্ত; খাদিত; তৃপ্ত; ভক্ষিত; যথা—কেবল আশুতোষ কর্ত্তৃক অশিত ইতি নৈষধচরিত ১৫২ পৃষ্ঠা।

অশিতঙ্গবীন, ত্রি. বিণ. [অশিত-গো, গোক, ঈন] যে ক্ষেত্রে পূর্ব্বে গবাদি চরিত; ইতি অমরকোষ।

অশিতম্ভব, পু. বি. (অশিত-ভূ, সত্তা, অল) অন্ন; ওদন; ভক্ত; ভাত; ইতি শব্দরত্নাবলী।

অশিত্র, পু. বি. (অশ, অপহারক, ইত্র) চোর; তস্কর; মলিম্লুচ; অপহারক; ইতি অমরকোষ।

অশিব, ত্রি. বিণ. (অ-শিব, মঙ্গল, ক) অমঙ্গল; অশুভ; কুশল বিহীন; কল্যাণ শূন্য; ইতি অমর।

অশির, ক্লী. বি. (অশ, দ্রব্যভেদ, ইর) হীরক; হীরা; (পু.) সূর্য্য; অগ্নি; রাক্ষস; ইতি মেদিনী।

অশিরস্ক, ত্রি. বিণ. [অ-শিরস, মস্তক, কন্] মস্তক হীন; কবন্ধ; কন্ধ কাটা; দানব বিশেষ।

অশিরা, স্ত্রী. বি. (অশ, ব্যক্তিভেদ, ইর-আ) অশির নামক রাক্ষস পত্নী; রাক্ষসী বিশেষ; ইতি মেদিনী।

অশিশির, ত্রি. বিণ. (অ-শিশির, শীতলতা, অ) অশীতল; গ্রীষ্ম; উষ্ণ; শিশির বিহীন; গরম।

অশিশ্বিকা, স্ত্রী. বি. (অ-শিশু, বালক, ইক-আ) অনপত্যা; পুত্রকন্যা বিহীনাস্ত্রী; সন্তান বিহীনা।

অশিশ্বী, স্ত্রী. বি. [অ-শিশু, বালক, ঈ] শিশুহীনা; পুত্রকন্যা বিহীনা; আঁটকুড়ী; সন্তান শূন্যা।

অশিষ্ট, ত্রি. বিণ. (অ-শাস, শাস্ত, ক্ত) দুরন্ত; প্রগল্‌ভ; অসভ্য; যথা—তপস্বিকন্যাদিগের সহিত অশিষ্ট ব্যবহার করে। ইতি শকুন্তলা ১০ পৃষ্ঠা।

অশিষ্টতা, স্ত্রী. বি. [অশিষ্ট, দুরন্ত, তা] দুরন্ততা; অসভ্যতা; প্রাগল্‌ভ্য; অস্থিরতা; ইতি বিশ্ব।

অশিক্ষা, স্ত্রী. বি. (অ-শিক্ষ, শিক্ষা, ও-আ) শিক্ষাভাব; বিদ্যার অনালোচনা; বিদ্যা চর্চ্চাভাব।

অশিক্ষিত, ত্রি. বিণ. (অ-শিক্ষ, শিক্ষা, ক্ত) শিক্ষারহিত; অনিপুণ; অনভিজ্ঞ; অপণ্ডিত; অপ্রাপ্তশিক্ষ; যথা—উৎসাহ দিয়া তাহাদিগকে অবিনীত করেন ও অশিক্ষিত রাখেন ইতি বাহ্যবস্তুর সহিত ৩৬ পৃষ্ঠা।

অশীতল, ত্রি. বিণ. (অ-শীতল, স্নিগ্ধতা, অল) শীতলবিহীন; স্নিগ্ধশূন্য; যাহা শীতল নয়; যথা—সেই অশীতল সলিল তাহাদের মুখে সেচন করিতে করিতে ইতি সেকসপিয়র ৩৩৯ পৃষ্ঠা।

অশীতি, স্ত্রী. বি. (অশী, সংখ্যাবিশেষ, ক্তি) আশীসংখ্যা; যথা—ভীমসেন অশীতি ও সাত্যকি এক শরে দুর্য্যোধনকে বধ করিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৪৪ পৃষ্ঠা।

অশীতিপর, ত্রি. বিণ. (অশীতি-পর, শ্রেষ্ঠ, অ) অশীতি বর্ষাধিক বয়স্ক; অতিশয় প্রাচীন।

অশীর্ষ, ত্রি. বিণ. [অ-শীর্ষ, মস্তক, চ্বি] নির্ম্মস্তক; কবন্ধ; মস্তক বিহীন; যে ব্যক্তির মস্তক নাই।

অশুচি, ত্রি. বিণ. (অ-শুচ, শুদ্ধ, ই) অশুদ্ধ; অপ্রয়ত; অপবিত্র; পবিত্র বিহীন; যে শুচি নয়।

অশুদ্ধ, ত্রি. বিণ. (অ-শুধ, শোধন, ক্ত) অপবিত্র; অকৃত শোধন; অপরিষ্কৃত; অশুচি; ইতি মেদিনী।

অশুদ্ধি, স্ত্রী. বি. (অ-শুধ, শোধন, ক্তি) অশুদ্ধ; অশোধন; ভুল; অশৌচ; পরিষ্কার নহে।

অশুভ, ক্লী. বি. (অ-শুভ, মঙ্গল, ক) পাপ; অমঙ্গল; যথা—অশুভ নিবারণার্থ কুলগুরু বশিষ্ঠকে ইতি রঘুবংশ ৮৬ পৃষ্ঠা।

মন্দ; (ত্রি. বিণ.) অমঙ্গলযুক্ত; পাপ বিশিষ্ট।

অশুভদর্শন, ক্লী. বি. (অশুভ-দৃশ, দর্শন, অনট) অমঙ্গল দর্শন; মন্দলক্ষণ; কুলক্ষণ; ইতি মেদিনী।

অশুভক্ষণিয়া, ত্রি. বিণ. (অশুভ-ক্ষণ, সময়, ইয়-আ) অমঙ্গল্য; যাহার জন্ম শুভক্ষণে হয় নাই;

অশূন্য, ত্রি. বিণ. (অ-শূন, আকাশ, য) শূন্য নহে; পরিপূর্ণ; অনাকাশ; যাহার অভাব নাই।

অশৃত, ত্রি. বিণ. (অ-শৃ, পক্ব, ক্ত) অপক্ব; কাঁচা।

অশেষ, ত্রি. বিণ. (অ-শিষ, শেষ, অল) শেষরহিত; নিঃশেষ; সর্ব্ব; শেষ হীন; সমগ্র; সমুদায়; সকল; যথা—অশেষ বিদ্যা পারদর্শী মহোপাধ্যায় ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

অশেষতঃ, ক্রিবিণ. (অ-শিষ, শেষ, তস্) অশেষ প্রকারে; সমগ্ররূপে; সর্ব্বতোভাবে; ইতি অমর।

অশেষবিশেষ, ত্রি. বিণ. (অশেষ-বি-শিষ, শেষ, অল) নানা প্রকার; বহুবিধ; অনেক রকম।

অশোক, ক্লী. বি. (অ-শুচ, শোক, ঘঞ) পারদ; (পু.) শোক নাশ; হেম পুষ্প; পুষ্প বৃক্ষ বিশেষ; যথা—অশোকের ফল অশোকের তলে ইতি মেঘনাদবধ কাব্য ৩৪ পৃষ্ঠা।

(ত্রি. বিণ.) শোকরহিত; শোক বিহীন।

অশোকারি, পু. বি. [অশোক-অরি, পুষ্পবৃক্ষভেদ, চ্বি] কদম্ব বৃক্ষ; কদম গাছ; বৃক্ষ বিশেষ।

অশোচ, পু. বি. (অ-শুচ, শোক, অল) শোকাভাব; অনহংকৃতি; চিত্ত বিকলতাভাব; খেদাভাব।

অশোচ্য, ত্রি. বিণ. (অ-শুচ, শোক, য) শোকাযোগ্য; যাহার নিমিত্ত পরিতাপ করিতে হয় না; অশোচনীয়; যথা—স্বয়ং অশোচ্য হইয়া শোচ্য ব্যক্তিদিগের নিমিত্ত ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২৪২ পৃষ্ঠা।

অশৌচ, ক্লী. বি. (অ-শৌচ, শুদ্ধতা, অল) শুচিত্বাভাব; অশুদ্ধি; যথা—অন্ন জল গ্রহণ ও অশৌচ গ্রহণ করিবার বিশেষ আবশ্যকতা নাই। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৫২ পৃষ্ঠা।

অশৌচান্ত, পু. বি. (অ-শৌচ-অন্ত, শেষ, অল) অশৌচের শেষ দিন; অশুদ্ধির অবসান; ইতি বিশ্ব।

অশ্ম, পু. বি. (অশ, প্রস্তর, মন্) পর্ব্বত; মেঘ; প্রস্তর; পাতর; শৈল; শিলা; পাষাণ; গ্রাব।

অশ্মকদলী, স্ত্রী. বি. (অশ্ম-কদল, ফলভেদ, ঈ) কদলী বিশেষ; পাহাড়িয়া কলা; পর্ব্বতের কলা।

অশ্মগর্ভ, পু. বি. (অশ্মন্-গর্ভ, উদর, অল) হরিৎ বর্ণ মণি; মরকত; সবুজ বর্ণ রত্ন বিশেষ; ইতি অমর।

অশ্মগর্ভজ, ত্রি. বিণ. (অশ্ম-গর্ভ-জন, জনন, ড) মরকত মণি; পান্না; প্রস্তর বিশেষ; রত্নভেদ।

অশ্মজ, ক্লী. বি. (অশ্ম-জন, জনন, ড) শিলাজতু; লোহ; শৈলেয়; গিরিমাটী; মৃত্তিকা বিশেষ।

অশ্মদারণ, পু. বি. (অশ্ম-দৃ, বিদারণ, অনট) পাষাণ বিদারণাস্ত্র; প্রস্তর ভেদক অস্ত্র; টাঙ্গী।

অশ্মন্, পু. বি. (অশ, পাতর, মন্) প্রস্তর; পাতর।

অশ্মন্ত, ক্লী. বি. (অশ্ম-অন্ত, দ্রব্যভেদ, অ) চুল্লী; চুলা; উনান; আকা; ইতি শব্দরত্নাবলী।

অশ্মন্তক, ক্লী. বি. (অশ্ম-অন্ত, দ্রব্যভেদ, ণক) চুল্লী; দীপাধারের আচ্ছাদন; সেজ আঁধারিয়া; (পু.) তৃণ বিশেষ; উদ্ভিজ্জ বিশেষ; ইতি অমরকোষ।

অশ্মপুষ্প, ক্লী. বি. (অশ্ম-পুষ্প, দ্রব্যবিশেষ, অ) শৈলেয়; শৈলজ নাম গন্ধ দ্রব্য; ইতি অমরকোষ।

অশ্মভাল, পু. বি. (অশ্মন্-ভাল, পাত্র, অ) দ্রব্যচূর্ণার্থ লৌহাদিপাত্র; লৌহভাণ্ড; হামানদিস্তা; খল।

অশ্মভেদ, পু. বি. (অশ্ম-ভিদ, ভেদ, অল) পাষাণভেদী বৃক্ষ; যে বৃক্ষ দ্বারা পাষাণ ভেদ হয়।

অশ্মযোনি, পু. বি. (অশ্ম-যোনি, ক্বিপ্) মরকতমণি।

অশ্মরী, স্ত্রী. বি. (অশ্মর, রোগবিশেষ, ঈ) মূত্রকৃচ্ছ্র রোগ; পাতরী রোগ; রোগবিশেষ; ইতি মেদিনী।

অশ্মরীহর, পু. বি. (অশ্মরী-হৃ, হরণ, অল) ধান্য-

বিশেষ; প্রধান; শস্যবিশেষ; ইতি হলায়ুধ।

অশ্মসার, পুং. ক্লী. বি. (অশ্ম-সৃ, গতি, ঘঞ) লৌহ।

অশ্মা, স্ত্রী. বি. [অশ্মন্, পাতর, প্রথমা] প্রস্তর; পাতর।

অশ্মীর, পুং. ক্লী. বি. (অশ্ম, রোগবিশেষ, ঈর) অশ্মরীরোগ; পাথরী; রোগ বিশেষ; ইতি মেদিনী।

অশ্র, ক্লী. বি. (অশ্রু, রক্ত, ড) নেত্রজল; নয়নবারি; রক্ত; শোণিত; রুধির; ইতি অমরকোষ।

অশ্রদ্ধা, স্ত্রী. বি. (অ-শ্রদ্ধ, শ্রদ্ধা, ঙ-আ) অভক্তি; ঘৃণা; যথা—যে নারী স্বামীকে অশ্রদ্ধা করিয়া ইতি রোমাবতী ১০৫ পৃষ্ঠা।

অশ্রদ্ধেয়, ত্রি. বিণ. (অ-শ্রদ্ধ, শ্রদ্ধা, য) শ্রদ্ধানর্হ; আদরের অযোগ্য; শ্রদ্ধারঅপাত্র; ভক্তিরঅযোগ্য; যথা—ঋষি হইয়া অশ্রদ্ধেয় ও পাপ জনক কার্য্যের অনুষ্ঠান করা ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২৩১ পৃষ্ঠা।

অশ্রপ, পুং. ক্লী. বি. (অশ্র-পা, পান, ড) রাক্ষস; নিশাচর; (ত্রি. বিণ.) যে রক্ত পান করে।

অশ্রান্ত, ক্লী. বি. (অ-শ্রম, শ্রম, ক্ত) অনবরত; নিত্য; সতত; (ত্রি. বিণ.) শ্রমরহিত; শ্রান্তিহীন।

অশ্রান্তি, স্ত্রী. বি. (অ-শ্রম, শ্রম, ক্তি) অবিশ্রাম; অনবরত; নিরন্তর; সর্ব্বদা; শ্রান্তি বিরহ।

অশ্রাব্য, ত্রি. বিণ. (অ-শ্রু, শ্রবণ, য্যণ) শ্রবণানর্হ; শুনিবার অযোগ্য; শ্রবণানুপযুক্ত; অশ্রোতব্য।

অশ্রি, স্ত্রী. বি. (অ-শ্রি, ধার, ক্বিপ্) খড্গাদিরধার; অস্ত্রাদিরঅগ্রভাগ; গৃহ বা বাটী বা অন্যবস্তুরকোণ।

অশ্রু, ক্লী. বি. (অ-শ্রু, দ্রব্যভেদ, ক্বিপ) চক্ষুর্জ্জল; নেত্রম্বু; রোদন; বাষ্প; ইতি অমরকোষ। যথা—দুই চক্ষু দিয়া অশ্রুধারা পড়িতে লাগিল। ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অশ্রুত, ত্রি. বিণ. (অ-শ্রু, শ্রবণ, ক্ত) অকৃতশ্রবণ; অনাকর্ণিত; অশুনা; শ্রবণ না করা।

অশ্রুতপূর্ব্ব, ত্রি. বিণ. (অশ্রুত-পূর্ব্ব, অগ্র, ক) পূর্ব্বেনাশুনা; অদ্ভুত; আশ্চর্য্য; যাহা নূতন শ্রুত; যথা—অশ্রুতপূর্ব্ব ভূষণ শব্দ সমুৎপন্ন হইল ইতি কাদম্বরী ২৮ পৃষ্ঠা।

অশ্রেষ্ঠ, ত্রি. বিণ. [অ-প্রশস্য, প্রধানতা, ইষ্ঠ] অপ্রধান; মন্দ; সাধারণ; উত্তমনহে; অবর।

অশ্রোতব্য, ত্রি. বিণ. (অ-শ্রু, শ্রবণ, তব্য) শ্রবণানুপযুক্ত; যাহা শুনিবার যোগ্য নয়; যথা—অশ্রোতব্য বৈরাগ্যব্রতান্ত শ্রবণকরিয়া ইতিকাদম্বরী ৪৫পৃষ্ঠা।

অশ্রোত্র, ত্রি. বিণ. (অ শ্রোত্র, কর্ণ, অ) কর্ণবিহীন; যাহার কাণ নাই; যে ব্যক্তি শুনিতে পায় না।

অশ্রোত্রিয়, ত্রি. বিণ. (অ-শ্রোত্র, ব্যক্তিভেদ, ইয়) ব্রাহ্মণ; বিপ্র; বেদাধ্যেতা; যথা—যে সকল মহানুভবশীল বল সম্পন্ন অশ্রোত্রিয় বৃদ্ধ বাস করেন, ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৪০ পৃষ্ঠা।

অশ্লীল, ক্লী. বিণ. (অ-শ্লীল, মন্দ, অল) গ্রাম্যভাষা; ভণ্ডবাক্য; লজ্জাজনক; নীচ; অধম; ঘৃণাবোধককথা; যথা—এমন অশ্লীল গান করিতে আরম্ভ করিল, ইতি টেলিমেকস ১৩ পৃষ্ঠা।

অশ্লেষ, পুং. বি. (অ-শ্লিষ, শ্লেষ, অল) অপ্রণয়; অসখ্য; অপ্রীতি; শ্লেষভিন্ন; অপরিহাস।

অশ্লেষা, স্ত্রী, বি. (অ-শ্লিষ, শ্লেষ, ঙ-আ) সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্রবিশেষ; নবম নক্ষত্র।

অশ্লেষাভব, পুং. বি. (অশ্লেষা-ভূ, সত্তা, অল) কেতুগ্রহ।

অশ্ব, পুং. বি. (অশ, গমন, ব) ঘোটক; তুরগ; তুরঙ্গ; তুরঙ্গম; বাজী; হয়; সৈন্ধব; ঘোড়া; যথা—দড়বড় দড়বড়, অশ্ব চালনায় দড়, ছোট বড় জানা নাহি যায়। ইতি কর্ম্মদেবী ৪ পৃষ্ঠা।

অশ্বকর্ণক, পুং. বি. (অশ্ব-কর্ণ, উদ্ভিদবিশেষ, কক) শালবৃক্ষ; বৃক্ষ বিশেষ; ইতি অমরকোষ।

অশ্বখুর, পুং. বি. (অশ্ব-খুর, দ্রব্যভেদ, ক) নখীনামক গন্ধদ্রব্য বিশেষ; ইতি হেমচন্দ্র।

অশ্বখুরা, স্ত্রী. বি. (অশ্ব-খুর, দ্রব্যভেদ, আ) অপরাজিতালতা; লতাবিশেষ; ইতি হেমচন্দ্র।

অশ্বগন্ধা, স্ত্রী. বি. (অশ্ব-গন্ধ, দ্রব্যভেদ, আ) ওষধিবিশেষ; গাছড়া বিশেষ; ক্ষুদ্রবৃক্ষভেদ; ইতিবিশ্ব।

অশ্বগোযুগ, ক্লী. বি. (অশ্ব-গো-যুজ, যোগ, ঘঞ) অশ্বদ্বয়; দুইঘোড়া; একজোড়া ঘোড়া; ইতিমেদিনী।

অশ্বগ্রীব, পুং. বি. (অশ্ব-গ্রীব, ঘাড়, অ) বিষ্ণুদ্বেষ্টা অসুরবিশেষ; (ত্রি. বিণ.) যাহারঘোটকেরন্যায়গ্রীবা।

অশ্বঘ্ন, পুং. বি. (অশ্ব-হন, দ্রব্যভেদ, অ) করবীরপুষ্পবৃক্ষ; (ত্রি. বিণ.) ঘোটকহন্তা; ঘোড়াবধকারী।

অশ্বতর, পুং. বি. [অশ্ব, ঘোটক, তর] গর্দ্দভের গর্ভে অশ্বের ঔরসেজাত পশু; খচ্চর; যথা—সিংহ আদি অশ্বতর, অশ্ব আদি বহুতর, পিক শুক ময়ূর বিস্তর। ইতি কুমারসম্ভব ৯৫ পৃষ্ঠা।

বেগসর ; নাগরাজ বিশেষ ; সর্পভেদ ; গন্ধর্ব্ব-
বিশেষ ; (স্ত্রী .) অশ্বতরী ; খচ্চরী ; ইতি ধরণি ।

অশ্বত্থ , পু . বি . (অশ্ব-স্থা , বৃক্ষভেদ , ড) প্রসিদ্ধবৃক্ষ
বিশেষ ; চলদল ; চলদ্রুম ; পিপ্‌পল ; অচ্যুতাবাস ;
পবিত্রক ; শুভদ ; যাজ্ঞিক ; গজভক্ষক ; মঙ্গল্য ; শু-
চিদ্রুম ; যথা—অশ্বত্থ প্রভৃতি বনস্পতিদিগকে প্রদ-
ক্ষিণ করেন । ইতি কাদম্বরী ২০ পৃষ্ঠা ।

অশ্বত্থা , স্ত্রী . বি . (অশ্ব-স্থা , স্থিতি , অ) পূর্ণিমাতিথি ।

অশ্বত্থামা , পু . বি . (অশ্ব-স্থা , ব্যক্তিভেদ , মন্) দ্রো-
ণাচার্য্যের পুত্র ; দ্রোণী ; স্বনাম বিখ্যাত পুরুষ ।

অশ্বত্থী , স্ত্রী . বি . (অশ্ব-স্থা , দ্রব্যভেদ , ঈ) পিপলী ;
পিপ্‌পলী ; দ্রব্য বিশেষ ; ইতি শব্দরত্নাবলী ।

অশ্বদংষ্ট্রা , স্ত্রী . বি . (অশ্ব-দন্‌শ , দংশন , তৃন্) গো-
ক্ষুরবৃক্ষ ; গোখুরা গাছ ; উদ্ভিজ্জ বিশেষ ।

অশ্বন্ত , ক্লী . বি . (অশ্বন্ত , গতি , অ) অশুভ ; ক্ষেত্র ;
চুল্লী ; অনবধি ; মৃত ; ইতিহেমচন্দ্র । সীমা ; মাঠ ।

অশ্বপাল , পু . বি . (অশ্ব-পাল , রক্ষণ , অ) ঘোটকরক্ষ-
ক ; সইস ; যে ব্যক্তি ঘোটককে প্রতিপালন করে ;
যথা—অশ্বপালদিগকে বাজি সজ্জিত করিতে আজ্ঞা
দিলেন ইতি সেকসপিয়র ২০৮ পৃষ্ঠা ।

অশ্ববক্ত্র , পু . বি . (অশ্ব-বচ , বাক্য , ত্র) কিন্নর ; উপ-
দেববিশেষ ; যাহার অশ্বের ন্যায় মুখ ; ইতি মেদিনী ।

অশ্ববহ , পু . বি . (অশ্ব-বহ , বহন , অল) অশ্ববাহক ;
অশ্বারোহী ; ঘোড়সওয়ার ; যে ব্যক্তি ঘোড়া চড়ে ।

অশ্ববার , পু . বি . (অশ্ব-বৃ , বরণ , ঘঞ) অশ্বারোহী ;
সাদী ; ঘোড়সওয়ার ; ইতি হেমচন্দ্র । যথা—অশ্ববার-
গণ সেইরূপ নলরাজের অনুসরণ করিয়াছিল । ইতি
নৈষধচরিত ২২ পৃষ্ঠা ।

অশ্ববারণ , পু . বি . (অশ্ব-হৃ , বরণ , অনট) গলকম্বল র-
হিত গোসদৃশ পশুবিশেষ ; গবয় ; বনগব ; ইতিহেম ।

অশ্ববাল , পু . বি . (অশ্ব-বল , দ্রব্যভেদ , ঘঞ) কাশতৃ-
ণ ; কেশ্যা ; তৃন বিশেষ ; ইতি হলায়ুধ ।

অশ্ববিৎ , পু . বি . (অশ্ব-বিদ , জ্ঞান , ক্বিপ্) নলরাজা ;
যেব্যক্তি অশ্বারোহণে বিলক্ষন নিপুণ ; ইতিমেদিনী ।

অশ্ববৈদ্য , পু . বি . (অশ্ব-বিদ , জ্ঞান , য) অশ্বচিকিৎস-
ক ; যে ঘোড়ার চিকিৎসা করে ; ইতি অমরকোষ ।

অশ্বভা , স্ত্রী . বি . (অশ্ব-ভা , দীপ্তি , অ) বিদ্যুৎ ; তড়িৎ ।

অশ্বমহিষিকা , স্ত্রী . বি . (অশ্ব-মহিষ , জন্তুভেদ , ইক-আ)
অশ্বমহিষের ন্যায় নিত্য বৈরিতা ; সর্ব্বদা বিরোধ ।

অশমুখ , পু . বি . (অশ্ব-মুখ , বদন , ক) কিন্নর ; উপদে-
বতাবিশেষ ; (স্ত্রী .) কিন্নরী ; ইতি হলায়ুধ ।

অশ্বমেধ , পু . বি . (অশ্ব-মেধ , যজ্ঞভেদ , অল) যজ্ঞ-
বিশেষ ; যে যজ্ঞের বিশেষ লক্ষণাক্রান্ত অশ্বকে সংপ্রো-
ক্ষণ করিয়া তাহার কপালেজয়পত্র বন্ধন পূর্ব্বক তাহা-
কে ত্যাগকরে এবং এক বৎসরান্তে সেই অশ্ব পুনরা-
গত হইলে তাহাকে বধ করিয়া হোমকরে সেই যজ্ঞের
নাম অশ্বমেধ ; যথা —একোন অশ্বমেধ যজ্ঞ নির্ব্বিঘ্নে
সমাপন করিলেন । ইতি রঘুবংশ ১৮ পৃষ্ঠা ।

অশ্বমেধিক , পু . বি . (অশ্ব-মেধ , যজ্ঞবিশেষ , ইক) অ-
শ্বমেধ যাগোপযুক্ত ঘোটক ; ইতি জটাধর ।

অশ্বমেধীয় , পু . বি . (অশ্ব-মেধ , যজ্ঞবিশেষ , ঈয়) অশ্ব-
মেধযজ্ঞীয়অশ্ব ; যজ্ঞের ঘোটক ; ইতি মেদিনী ।

অশ্বযুক , স্ত্রী . বি . (অশ্ব-যুজ , যোগ , ক্বিপ্) অশ্বিনীন-
ক্ষত্র ; (পু .) আশ্বিনমাস ; ইতি অমরকোষ ।

অশ্বরক্ষ , পু . বি . (অশ্ব-রক্ষ , রক্ষণ , অল) ঘোটকরক্ষ-
ক ; অশ্বপাল ; যে ব্যক্তি ঘোটককে রক্ষা করে ।

অশ্বরোধক , পু . বি . (অশ্ব রুধ , রোধ , ণক) করবীর-
বৃক্ষ ; (ত্রি . বিণ .) ঘোটক রোধ কর্ত্তা ।

অশ্বশালা , স্ত্রী . বি . (অশ্ব-শালা , ঘর , আ) মন্দুরা ;
ঘোটকগৃহ ; ঘোড়ারঘর ; আস্তবল ; ইতি অমরকোষ ।

অশ্বশৃগালিকা , স্ত্রী . বি . (অশ্ব-শৃগাল , জন্তুভেদ , ইক-
আ) অশ্বশৃগালের শত্রুতা ; ঘোড়া শৃগালে বিবাদ ।

অশ্বসেন নৃপনন্দন , পু . বি . (অশ্বসেন নৃপ-নন্দ , পুত্র ,
অন) সনৎকুমার ; ইতি হেমচন্দ্র । স্বর্গ বৈদ্য ।

অশ্বস্বন , ক্লী . বি . (অশ্ব-স্বন্ , ধ্বনি , অ) তুরঙ্গধ্বনি ;
ঘোটকের রব ; ঘোড়ার শব্দ ; ইতি অমরকোষ ।

অশ্বস্বনসঙ্কাশ , ত্রি . বিণ . (অশ্বস্বন-সঙ্কাশ , সাদৃশ্য , অ)
ঘোটকের শব্দ তুল্য ; অশ্বের ধ্বনি সদৃশ ; ইতি অমর ।

অশ্বা , স্ত্রী . বি . (অশ , গমন , ব-আ) ঘোটকী ; ঘুড়ী ;
বড়বা ; ইতি অমর কোষ । ঘোটক পত্নী ।

অশ্বারি , পু . বি . (অশ্ব-ঋ , গমন , ই) মহিষ ; অশ্বের
শত্রু ; ঘোড়ার রিপু ; ইতি শব্দরত্নাবলী ।

অশ্বারূঢ় , ত্রি . বিণ . (অশ্ব-আ-রুহ , আরোহণ , ক্ত) অ-
শ্বারোহী ; ঘোড় সওয়ার ; (পু . বি .) অশ্বারোহ ;
ঘোটকের উপরি কৃত আরোহণ ; ইতি হলায়ুধ ।

অশ্বারোহ , ত্রি . বিণ . (অশ্ব-আ-রুহ , আরোহণ , অল)

অশ্ব পৃষ্ঠস্থিত যোদ্ধা; অশ্ববাহক; ঘোড় সওয়ার; অশ্ববহ; তুরগী; ইতি হেমচন্দ্র।

অশ্বারোহী, ত্রি. বিণ. (অশ্ব-আ-রুহ, আরোহণ, ণিন্) অশ্বারোহণ বিশিষ্ট; অশ্বারূঢ়; অশ্বারোহণ কর্ত্তা; যথা—অশ্বারোহী অশ্বারোহীর সহিত ইতি রঘুবংশ ৫১ পৃষ্ঠা।

অশ্বিনী, স্ত্রী. বি. [অশ্বিন্, নক্ষত্র, ঈ] সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে প্রথম নক্ষত্র; ইতি অমরকোষ।

অশ্বিনীকুমার, পু. বি. (অশ্বিনী-কুমার, পুত্র, অ) স্বর্গের বৈদ্য; দেবতা বিশেষ; সূর্য্যের অশ্বিনী নাম্নী পত্নীর গর্ভেজাত যমজ পুত্র; যথা—বোধ হয় যেন অশ্বিনীকুমার দ্বয় আমাকে বিপদ্‌যন্ত্রণা হইতে ইতি রোমাবতী ৮৩ পৃষ্ঠা।

অশ্বিনী পুত্র, পু. বি. (অশ্বিনী-পুৎ-ত্রৈ, রক্ষণ, ড) স্বর্বৈদ্য; দেবতা বিশেষ; অশ্বিনী কুমার।

অশ্বীন, পু. বি. (অশ্ব, ঘোটক, ঈন) অশ্বিনীকুমার দ্বয়; (ত্রি. বিণ.) এক অশ্ব দ্বারা এক দিন গমনার্হদেশ; যে ঘোড়ায় সমস্ত দিন যাওয়া যায়।

অশ্বীয়, ক্লী. বি. (অশ্ব, ঘোটক, ঈয়) অশ্ববৃন্দ; ঘোটক সমূহ; (ত্রি. বিণ.) অশ্বহিত; অশ্বহিতকারী; অশ্বসম্বন্ধীয়; যে ব্যক্তি ঘোড়ার উপকার করে।

অষড়ক্ষীণ, পু. বি. (অ-ষট্-অক্ষি, নেত্র, ঈন) উভয় কর্ত্তৃক মন্ত্রণা; দুই জনের পরামর্শ; ইতি মেদিনী।

অষাঢ়, পু. বি. (অষাঢ়, মাস, ত) আষাঢ় মাস।

অষাঢ়ক, পু. বি. (অষাঢ়, মাস, ণক) আষাঢ় মাস।

অষ্ট, ত্রি. বিণ. (অষ্ট, সংখ্যা ভেদ, অন্) সংখ্যা বিশেষ; আট; যথা—জাহ্নবী জল গর্ত্তা, অষ্ট তণ্ডুল দুর্ব্বা, ইতি কবিকঙ্কণচণ্ডী ৩২ পৃষ্ঠা।

অষ্টক, ত্রি. বিণ. [অষ্ট, আট, ক] অষ্টসংখ্যা; আটের পূরণ; যাহা দ্বারা আট পূর্ণ হয়।

অষ্টকর্ণ, পু. বি. (অষ্ট-কর্ণ, আটকান, অল) ব্রহ্মা; প্রজাপতি; বিধি; যাহার আট কাণ; ইতি জটাধর।

অষ্টকা, স্ত্রী. বি. (অশ, ভোজন, টক-আ) শ্রাদ্ধ বিশেষ; তিথি ভেদ; পিতৃকার্য্য বিশেষ।

অষ্টকাঙ্গ, ক্লী. বি. (অষ্টক-অঙ্গ, দ্রব্যভেদ, অ) পাশা রুছক; পাশা খেলিবার ঘর; ইতি অমরকোষ।

অষ্টগাধ, পু. বি. (অষ্ট-গাধ, গতি, অ) শরভ; মাকড়সা; ঊর্ণনাভ; কীটভেদ; ইতি হেমচন্দ্র।

অষ্টধাতু, ক্লী. বি. [অষ্টধাতু, দ্রব্যবিশেষ, দ্বি] সোনা; রূপা; দস্তা; কাঁসা; তাম্র; রাং; শিশা; লৌহ।

অষ্টপদ, পু. বি. [অষ্ট-পাদ, দ্রব্যভেদ, অ] লূতা; মাকড়্সা; শরভ; ইতি হেমচন্দ্র। কীট বিশেষ।

অষ্টপাদ, পু. বি. (অষ্ট-পদ, পাদ, ঘঞ) ঊর্ণনাভ; যথা—সেই অষ্টপাদ কীটের প্রতি দৃষ্টিপাত করিলেন ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৪ পৃষ্ঠা।

অষ্টপাদিকা, স্ত্রী. বি. (অষ্ট-পাদ, লতাভেদ, ইক-আ) লতা বিশেষ; হাপর মালী; ইতি শব্দরত্নাবলী।

অষ্টবসু, পু. বি. (অষ্ট-বস, রত্ন, উ) আপ; ধ্রুব; সোম; ধব; অনিল; অনল; প্রত্যূষ; প্রভাষ।

অষ্টম, ত্রি. বিণ. [অষ্ট, আট, মট] আটের পূরণ; যাহাতে অষ্ট সংখ্যা পূর্ণ হয়; ইতি অমরকোষ।

অষ্টমঙ্গল, পু. বি. (অষ্ট-মঙ্গল, কুশল, অ) শ্বেত বর্ণ মুখ বক্ষঃখুর কেশ পুচ্ছযুক্ত ঘোটক; ইতি হেমচন্দ্র। (ক্লী.) আট প্রকার মঙ্গল দ্রব্য; যথা—লোকেঽস্মিন্ মঙ্গলান্যষ্টৌ ব্রাহ্মণোগৌর্হুতাশনঃ হিরণ্যংসর্পিরাদিত্য আপোরাজা তথাষ্টমে। ইতি শুদ্ধিতত্ত্ব। অন্য প্রকার যথা—মৃগরাজো বৃষোনাগঃকলসো ব্যজনস্তথা, বৈজয়ন্তী তথা ভেরী দীপ ইত্যষ্ট মঙ্গলং। ইতি বৃহন্নন্দি কেশ্বর পুরাণ।

অষ্টময় সিদ্ধি, স্ত্রী. বি. (অষ্টময়-সিধ, সিদ্ধি, ক্তি) সাঙ্গতা; পরিপূর্ণতা; নায়িকা সিদ্ধি বিশেষ।

অষ্টমান, ক্লী. বি. (অষ্ট-মা, পরিমাণ, অনট) কুড়ব পরিমাণ; সরা বাদ্ধ; পরিমাণ বিশেষ; ইতি ধরণি।

অষ্টমিকা, স্ত্রী. বি. (অষ্টম, পরিমাণ বিশেষ, ইক-আ) শুক্তি পরিমাণ; চতুস্তোলক; চারি তোলা।

অষ্টমী, স্ত্রী. বি. [অষ্টম, আট, ঈ] তিথি বিশেষ; যে দিনে চন্দ্রের অষ্টম কলার ক্রিয়া হয়; ইতি মেদিনী।

অষ্টমূর্ত্তি, পু. বি. (অষ্ট-মূ, শরীর, ক্তি) শিব; মহাদেবের আট মূর্ত্তি যথা—পৃথিবী সলিলংতেজো বায়ুরাকাশ মেবচ। সূর্য্যা চন্দ্র মসৌ সোম যাজীচেত্যষ্ট মূর্ত্তয়ঃ। অর্থাৎ ক্ষিতি মূর্ত্তি সর্ব্ব; জল মূর্ত্তিভব, অগ্নিমূর্ত্তি রুদ্র, বায়ু মূর্ত্তি উগ্র, আকাশ মূর্ত্তিভীম, যজমান মূর্ত্তি পশুপতি, চন্দ্রমূর্ত্তি মহাদেব, সূর্য্য মূর্ত্তি ঈশান। ইতি তন্ত্র শাস্ত্র।

অষ্টশ্রবা, পু. বি. (অষ্ট-শ্রু, শ্রবণ, অস্) ব্রহ্মা; বিধাতা; বিরিঞ্চি; যাহার আট-কাণ; ইতি মেদিনী।

অষ্টাকপাল, পু. বি. (অষ্টা-কপাল, মাতার খুলি, অ) যজ্ঞভেদ; যেযজ্ঞে আটাকপালে হবি লইয়া হোমকরে।

অষ্টাঙ্গ, ক্লী. বি. (অষ্ট-অঙ্গ, অবয়ব, অল) অষ্ট অবয়ব; যথা-দুইহস্ত হৃদয় কপাল দুইচক্ষু গলা মেরুদণ্ড; যথা—অষ্টাঙ্গ লোটায়ে বিশ্বু করিল প্রনাম। ইতি কবিকঙ্কনচণ্ডী ৩০ পৃষ্ঠা।

অষ্টাঙ্গার্ঘ্য, পু. বি. (অষ্ট-অঙ্গ-অর্ঘ, দ্রব্য ভেদ, য) অষ্টঘটিত পূজোপকরণ; পূজার উপকরণভেদ।

অষ্টাদশ, ত্রি. বিণ. (অষ্টন্-দশ, সংখ্যা, অ) অষ্টাধিক দশ সংখ্যা; আঠার; সংখ্যা বিশেষ।

অষ্টাদশাঙ্গ, পু. বি. (অষ্টাদশ-অঙ্গ, প্রকার, অ) অষ্টাদশ দ্রব্য ঘটিত পাচন; ঔষধ বিশেষ।

অষ্টাপদ, পু. ক্লী. (অষ্ট-পদ, দ্রব্য ভেদ, অল) চিত্র বিচিত্র ফলক বা বস্ত্র; স্বর্ণ; কীট; কৈলাস পর্ব্বত; পাশার ছক; ধুস্তূর; শরভ; মর্কট; লূতা; কীলক।

অষ্টাবক্র, পু. বি. (অষ্টন্-বক্র, বাঁকা, অ) অতিবক্র; কুরূপ; মুনি বিশেষ; স্বনাম বিখ্যাত মুনি।

অষ্টাশী, ত্রি. বিণ. (অষ্ট-অশী, সংখ্যা, তি) অষ্টাধিক আশী; সংখ্যাবিশেষ; ইতি হেমচন্দ্র।

অষ্টাস্র, ত্রি. বিণ. (অষ্ট-অস, প্রান্ত, র) অষ্টকোণ; আটকোণ; যে বস্তু আট কোণা; ইতি অমরকোষ।

অষ্টি, স্ত্রী. বি. (অশ, দ্রব্যভেদ, ক্তি) অষ্টী; আঁটি; বীজ; অঙ্কুর; মজ্জা; ইতি মেদিনী।

অষ্টেপৃষ্ঠে, ক্রিবিণ. (অষ্টে-পৃষ্ঠ, সকল অঙ্গ, এ) সকল দিকে; সর্ব্বাঙ্গে; সর্ব্ব শরীরে; সকল দেহে।

অষ্ঠি, স্ত্রী. বি. (অশ, বীজ, থি) বীজ; বীচি; আটি।

অষ্ঠিবন্, ক্লী. বি. (অষ্ঠি, অঙ্গবিশেষ, বতু) জানু; জঙ্ঘা; আঁটু; অবয়ব বিশেষ; ইতি জটাধর।

অষ্ঠীলিকা, স্ত্রী. বি. (অষ্ঠীল, রোগ বিশেষ, ইক-আ) কোষ্ঠবদ্ধরোগ; উদরাময় বিশেষ; রোগভেদ।

অসংক্রান্ত, ত্রি. বিণ. (অ-সং-ক্রম, সংলগ্ন, ক্ত) অসম্বদ্ধ; অলগ্ন; অঘটিত; যাহা সংযুক্ত নয়।

অসংখ্য, ত্রি. বিণ. (অ-সং-খ্যা, গণনা, ড) অসংখ্যনীয়; সংখ্যা রহিত; অপরিমিত; অগণ্য; যার সংখ্যানাই।

অসংখ্যাত, ত্রি. বিণ. (অ-সং-খ্যা, গণনা, ক্ত) অগণিত; সংখ্যা রহিত; অপরিমিত; যাহার পরিমান নাই।

অসংখ্যেয়, ত্রি. বিণ. (অ-সং-খ্যা, গণনা, য) অগণনীয়; যাহার সংখ্যা হয় না; গণনার অযোগ্য।

অসংযুক্ত, ত্রি. বিণ. (অ-সং-যুজ, যোগ, ক্ত) অলগ্ন; অমিলিত; যাহা সংযোগ করা হয়নাই; ইতিমেদিনী।

অসংলগ্ন, ত্রি. বিণ. (অ-সং-লস্‌জ, মিলন, ক্ত) অমিল; অসঙ্গত; যাহা সংলগ্ন নয়; যথা—জনসমাজে অসংলগ্ন বাক্য প্রয়োগ করে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৬০ পৃষ্ঠা।

অসংশয়, ত্রি. বিণ. (অ-সং-শি, সন্দেহ, অল) নিশ্চয়; নিঃসন্দেহ; যাহার কোন সন্দেহ নাই; যথা—অসংশয় হইয়া স্থির করিল ইতি সেকসপিয়র ৫২ পৃষ্ঠা।

অসংসৃষ্ট, ত্রি. বিণ. (অ-সং-সৃজ, সংসর্গ, ক্ত) অমিলিত; পৃথক; ভিন্ন; অসংযুক্ত; যথা—উহাদের সংসৃষ্ট ও অসংসৃষ্ট ভাবই বা কিরূপ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৮৯ পৃষ্ঠা।

অসংস্কৃত, ত্রি. বিণ. (অ-সং-কৃ, করণ, ক্ত) সংস্কৃতেতর; অশুদ্ধ; সংস্কার হীন; অনুপনীত; সংস্কার বিশিষ্ট নয়; যাহার ব্যুৎপত্তি নাই; ইতি অমরকোষ।

অসংস্কৃতবাক্য, ক্লী. বি. (অ-সংস্কৃত-বচ, বাক্য, ঘ্যণ) সংস্কৃতেতর ভাষা; অপভ্রংশ; অপশব্দ; সংস্কৃত ভিন্ন বাক্য; ইতর কথা; অপভাষা। ইতি অমরকোষ।

অসংস্থান, ক্লী. বি. (অ-সং-স্থা, স্থিতি, অনট) অসংস্থিতি; সংস্থানাভাব; অসম্বল; অসঙ্গতি।

অসংহত, পু. বি. (অ-সং-হন, গতি, ক্ত) ব্যূহ বিশেষ; অবদ্ধ; সেনাদিগের পৃথক বৃত্তি; অমিলিত।

অসকৃৎ, ব্য. (অ-সকৃৎ, একবার, ক্বিপ্) পুনঃ পুন; বারম্বার; অনেক বার; মুহুর্ম্মুহু; ইতি অমরকোষ।

অসক্ত, ত্রি. বিণ. (অ-শক, শক্তি, ক্ত) অপ্রতি বন্ধ; অনাসক্ত; অক্ষম; যাহার কোন ক্ষমতা নাই।

অসখ্য, ক্লী. বি. (অ-সখ, বন্ধুতা, য) অপ্রনয়; বন্ধুত্বের অভাব; মিত্রতাভাব; ইতি হেমচন্দ্র।

অসঙ্কুচিত, ত্রি. বিণ. (অ-সং-কুচ, সঙ্কোচ, ক্ত) অকুণ্ঠিত; অসঙ্কীর্ণ; প্রশস্ত; যথা—যাহা ইচ্ছা অসঙ্কুচিত চিত্তে জিজ্ঞাসা করুন। ইতি শকুন্তলা ১৩ পৃষ্ঠা।

অসঙ্কুল, পু. বি. (অ-সং-কুল, পথ, ক) বিস্তৃত পন্থা; চৌড়া পথ; প্রশস্ত; অসঙ্কীর্ণ; যাহা অল্প নয়।

অসঙ্কোচ, পু. বি. (অ-সং-কুচ, সঙ্কোচ, অল) অবাধ; অপ্রতিবন্ধক; যথা—অসঙ্কোচ নায়কের নাম গ্রহণ পুরঃসর ইতি সেকসপিয়র ৪০৬ পৃষ্ঠা।

অসঙ্খ্যা, ত্রি. বিণ. (অ-সং-খ্যা, গণনা, ড) সংখ্যা র-

হিত; অগণনীয়; অগণ্য; যার সংখ্যা নাই; যথা—প্রকাশে অসংখ্যা তারা, রাজসভাসদ্ তারা, ইতি কুমারসম্ভব ১৩৯ পৃষ্ঠা।

অসঙ্গত, ত্রি. বিণ. (অ-সং-গমন, ক্ত) সঙ্গতি রহিত; অমিল; বিরুদ্ধ; যথা—প্রভুর নিতান্ত অসঙ্গত ও অন্যায় কথা, ইতি কাদম্বরী ৫ পৃষ্ঠা।

অসঙ্গতি, স্ত্রী. বি. (অ-সং-গম, গমন, ক্তি) বিরোধ; অপ্রতুল; অসংস্থান; যথা—অসঙ্গতি প্রযুক্ত তাঁহার পিতা ইতি চরিতাবলী ১৩ পৃষ্ঠা।

অসতর্ক, ত্রি. বিণ. (অ-সতর্ক, সাবধান, অ) অসাবধান; অনবহিত; যে ব্যক্তি সাবধান নহে।

অসতামি, ক্লী. বি. (অ-সৎ, সাধু, আমি) অসৎপনা; শঠতা; ধূর্ত্ততা; অসাধুতা; চতুরতা; দুষ্টতা।

অসতী, স্ত্রী. বি. (অ-সৎ, সাধু, ঈ) ভ্রষ্টা; ব্যভিচারিণী; যথা—ব্যভিচার দোষ জন্য অসতী বলিয়া পরিত্যাগ করিতেন, ইতি নৈষধচরিত ৮৮ পৃষ্ঠা। পুংশ্চলী; বন্ধকী; কুলটা; স্বৈরিণী; পরপুরুষগামিনী; ধর্ষিণী; পাংশুলা; ইতি অমর কোষ। দুষ্টা।

অসতীসুত, পু. বি. (অসতী-সু, সন্তান, ক্ত) ব্যভিচারিণী পুত্র; জারজ; বেজন্মা; পিতার ঔরষজাত নয়।

অসৎ, ত্রি. বিণ. (অ-সৎ, সাধু, ক্বিপ্) অবিদ্যমান; অসাধু; দুর্জন; যাহার চরিত্র উৎকৃষ্ট নহে; যথা—অসৎ! এ সার কথা কহিনু তোমারে ইতি মেঘনাদবধকাব্য ৬৬ পৃষ্ঠা।

অসৎকথা, স্ত্রী. বি. (অসৎ-কথ, কথন, ঙ-আ) মন্দ কথা; কুবাক্য; অশ্লীল ভাষা; ঘৃণাজনক বাক্য।

অসৎপথ, পু. বি. (অসৎ-পথ, পন্থা, অল) মন্দপথ; কুপথ; কদর্য্যবর্ত্ম; কুৎসিত নিয়ম; অপকৃষ্ট রীতি।

অসৎপনা, ক্লী. বি. (অসৎ-পন, অসাধুতা, আ) ধূর্ত্ততা; শঠতা; দুষ্টতা; চতুরতা; খলতা।

অসত্য, ত্রি. বিণ. (অ-সত, যথা, য) অযথার্থ; অলীক; মিথ্যা; যাহা সত্য নহে; যথা—যেমন তিলক পানি, তেমনি অসত্য বাণী, ইতি কবিকঙ্কণচণ্ডী ৩০ পৃষ্ঠা।

অসত্বর, ত্রি. বিণ. (অ-সত্বর, শীঘ্রতা, অ) অশীঘ্র; অনুৎসাহী; দীর্ঘসূত্রী; যাহার কোন কাজ শীঘ্র হয়না।

অসদধ্যেতা, ত্রি. বিণ. (অসৎ-অধি-ই, গতি, তৃন্) অসদধ্যয়নশালী; কুৎসিত পাঠক; মন্দ পাঠক।

অসদুক্তি, স্ত্রী. বি. (অসৎ-বচ, বাক্য, ক্তি) অসৎবাক্য; অসদ্বচন; কটূক্তি; মন্দ কথা; ঘৃণাজনক বাক্য।

অসদৃশ, ত্রি. বিণ. (অ-সমান-দৃশ, উপমান, টক্) অতুল্য; অনুপম; অসমান; যাহা তুল্য নহে; যথা—ইথে অসদৃশ কিছু না হবে ঘটন। ইতিকর্ম্মদেবী৪৪পৃষ্ঠা।

অসদ্গ্রহ, পু. বি. (অসৎ-গ্রহ, গ্রহণ, অল) অর্থাউ; বালকদিগের খোইট; আবদার; আদর।

অসদ্ধেতু, পু. বি. [অসৎ হেতু, কারণ, চ্বি] অসৎকারণ; মন্দ হেতু; কদর্য্য কারণ; ইতি অমরকোষ।

অসদ্ভাব, পু. বি. (অসৎ ভূ, সত্তা, ঘঞ) অপ্রণয়; অভাব; অপ্রতুল; যথা—অতএব এই অসদ্ভাব দূরীকরণ জন্য ইতি প্রিয়দর্শন ৮ পৃষ্ঠা।

অসন, পু. বি. (অস, উদ্ভিদ ভেদ, অনট) বৃক্ষবিশেষ; সর্জ্জ বৃক্ষ; পিয়ারা গাছ; (ক্লী.) ক্ষেপণ।

অসনপর্ণী, স্ত্রী. বি. (অসন-পর্ণ, বৃক্ষ ভেদ, ঈ) বৃক্ষবিশেষ; অপরাজিতা; লতাবিশেষ; ইতি মেদিনী।

অসন্, পু. বি. (অস, প্রাধান্য, শতৃ) ইন্দ্র; দেবরাজ।

অসন্তুষ্ট, ত্রি. বিণ. (অসন্-তুষ, তোষ, ক্ত) সম্যক্ তুষ্টি রহিত; সন্তোষ শূন্য; অনাহ্লাদিত; যথা—ভগবান কণ্ব কখনই রুষ্ট বা অসন্তুষ্ট হইবেন না। ইতি শকুন্তলা ৪৪ পৃষ্ঠা।

অসন্তোষ, পু. বি. (অসন্-তুষ, তোষ, অল) অতুষ্টি; অনাহ্লাদ; অপরিতোষ; যথা—কেহ কখন অসন্তোষ প্রকাশ করিতে পারে না ইতি রোমাবতী ৮৮ পৃষ্ঠা।

অসন্নদ্ধ, ত্রি. বিণ. (অ-সং-নহ, গর্ব্ব, ক্ত) গর্ব্বিত; সমুদ্ধূত; পণ্ডিতাভিমানী; দর্পিত; ইতি জটাধর।

অসম্মান, ক্লী. বি. (অ-সং-মন, মান, ঘঞ) মানহানি; অমর্য্যাদা; অনাদর; অসম্বর্দ্ধনা; অসম্ভ্রম।

অসপিণ্ড, ত্রি. বিণ. (অ-সপিণ্ড, জ্ঞাতি, অ) সপিণ্ড ভিন্ন; জ্ঞাতি ভিন্ন; যে ব্যক্তি জ্ঞাতি নহে।

অসবর্ণ, ত্রি. বিণ. (অ-সবর্ণ, জাতি, অ) ভিন্নজাতীয়।

অসভ্য, ত্রি. বিণ. (অ-সভ, সভা, য) অসভাসৎ; সভানুপযুক্ত; অসামাজিক; যে ভব্য নহে; যথা—কোন অসভ্যতপস্বীরহস্তে পতিতনাহয়, ইতিশকুন্তলা২৬পৃষ্ঠা।

অসভ্যতা, স্ত্রী. বি. (অ-সভ, সভা, য-তা) অভব্যতা; মূঢ়ত্ব; অজ্ঞানতা; মূর্খতা; ইতি মেদিনী।

অসম, ত্রি. বিণ. (অ-সম, তুল্যতা, অ) অতুল্য; বিষম; যথা—অসম সাহসী যোদ্ধা ছিলেন, ইতি সেক্সপিয়র ৫২ পৃষ্ঠা।

(পু. বি.) বুদ্ধ; সর্ব্বজ্ঞ; ইতি শব্দরত্নাবলী।

অসমগ্র, ত্রি. বিণ. (অ-সমগ্র, সকল, অ) অসমুদয়; নিখিল নহে; অত্যল্প; অতিশয় ন্যূন; ইতি ধরণি।

অসমঞ্জস, ত্রি. বিণ. (অ-সং-অঞ্জস, উপযুক্ত, অ) অসঙ্গত; অনুপযুক্ত; অসদৃশ; যাহার তুলনা নাই।

অসময়, পু. বি. (অ-সময়, কাল, অ) অকাল; দুঃসময়; যথা—সহকার ভার ভার চেলে অসময়। ইতি কুমারসম্ভব ১৭ পৃষ্ঠা।

অসমর্থ, ত্রি. বিণ. (অ-সমর্থ, শক্ত, অল) দুর্ব্বল; ক্ষীণ; অশক্ত; অক্ষম; যথা—সেই নির্ব্বন্ধ উল্লঙ্ঘন করিতে অসমর্থ হইয়া ইতি রোমাবতী ১৬৮ পৃষ্ঠা।

অসমবায়িকারণ, ক্লী. বি. (অসমবায়ি-কৃ, করণ, অনট) সমবায়ি কারণাসন্ন কারণ; সমবায়িকারণে প্রত্যাসন্ন জনক; যেমন ঘটের প্রতি কপাল দ্বয় সংযোগ।

অসমসাহস, পু. বি. (অ-সম-সাহস, ভরসা, অল) দুঃসাহস; মন্দ ভরসা; যে সাহসে মন্দ হইতে পারে।

অসমক্ষ, ত্রি. বিণ. (অ-সমক্ষ, সম্মুখ, অল) পরোক্ষ; অগোচর; সম্মুখে নয়; যাহা সমীপে নয়।

অসমান, ত্রি. বিণ. (অ-সমান, তুল্যতা, অল) অসদৃশ; বিভিন্ন; যাহা-সমাননয়; অতুল্য; যথা—সকলেই বাহনদোষে অসমান ও পঙ্কিল পথে ইতি সেক্সপিয়র ১৩১ পৃষ্ঠা।

অসমাপন, ক্লী. বি. (অ-সং-আপ, সমাপন, অনট) অসমাপ্তি; অসম্পূর্ণ; সমাপ্ত নয়; শেষ নহে।

অসমাপ্ত, ত্রি. বিণ. (অ-সং-আপ, সমাপন, ক্ত) সমাপ্তিরহিত; অসংপূর্ণ; অনিষ্পন্ন; যাহা শেষ হয়নাই।

অসমীচীন, ত্রি. বিণ. (অ-সং-অন্চ, উপযুক্ত, ঈন) অযুক্তম; অপকৃষ্ট; অনুপযুক্ত; যাহা যোগ্য নয়।

অসমীক্ষ্যকারী, ত্রি. বিণ. (অ-সমীক্ষ্য-কৃ, করণ, ণিন্) অবিবেচনা পূর্ব্বককর্ম্মকর্ত্তা; অবিবেচক; জাল্ম।

অসম্পার্ক, ত্রি. বিণ. (অ-সং-পৃচ, সম্বন্ধ, ঘঞ) অসম্বন্ধ; সম্পর্কহীন; যাহার সহিত কোন সম্বন্ধ নাই।

অসম্পূর্ণ, ত্রি. বিণ. (অ-সং-পৃ, পূর্ণ, ক্ত) খণ্ডিত; অসমাপ্ত; অপরি পূর্ণ; যাহা সমাপন হয় নাই।

অসম্প্রীতি, স্ত্রী. বি. (অ-সং-প্রী, প্রণয়, ক্তি) অপ্রণয়; অমিল; অসদ্ভাব; আহ্লাদ নয়; ইতি অমর।

অসম্বদ্ধ, ত্রি. বিণ. (অ-সং-বধ, মিলন, ক্ত) অনর্থক বাক্য; অবদ্ধ; অমিল; নিঃসম্পার্ক; যথা—প্রথমতঃ অসম্বদ্ধ প্রলাপ অপেক্ষা ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৫৭ পৃষ্ঠা।

অসম্বন্ধ, ত্রি. বিণ. (অ-সং-বধ, সম্বন্ধ, অল) সম্বন্ধ হীন; নিঃসম্পার্ক; যথা—এই সংসারকে কতকগুলি অসম্বদ্ধ বস্তুরাশি মাত্র ইতি বাহ্যবস্তুর সহিত ২ পৃষ্ঠা।

অসম্ভব, ত্রি. বিণ. (অ-সং-ভূ, সত্তা, অল) যাহা হইতে পারেনা; অযোগ্য; অনুপযুক্ত; যথা—রাজমহিষীর নিকটে অন্যে অপরাধ করিবে এ কথা অসম্ভব ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা।

অসম্ভ্রম, পু. বি. (অ-সং-ভ্রম, মান, অল) অমর্য্যাদা; মানহানি; যথা—উভয় কারণেই ক্ষতি ও অসম্ভ্রম হইতে পারে ইতি বাহ্যবস্তুর সহিত ২৮ পৃষ্ঠা।

অসম্মত, ত্রি. বিণ. (অ-সং-মন, মত, ক্ত) অনভিমত; সম্মতি রহিত; প্রণায্য; ইতিহেমচন্দ্র। মত রহিত।

অসম্মান, ক্লী. বি. (অ-সং-মন, মান, ঘঞ) অমর্য্যাদা; অপমান; যথা—মন্তেগ বংশের অসম্মান ভাবিয়া ইতি সেক্সপিয়র ৪১৩ পৃষ্ঠা।

অসম্লিষ্ট, ত্রি. বিণ. (অ-সং-লিষ, সংযোগ, ক্ত) অমিশ্র; অসংযুক্ত; সংশ্রবরহিত; যাহাতেসংযোগনাই।

অসরল, ত্রি. বিণ. (অ সরল, অবক্র, অল) বক্র; কুটিল; অঋজু; সোজানয়; সরলতাবিহীন।

অসহন, পু. বি. (অ-সহ, সহন, অনট) শত্রু; বৈরি; অসহ্য; (ত্রি. বিণ.) যেসহ্যকরিতে পারেনা।

অসহায়, ত্রি. বিণ. (অ-সহ, সহন, আয়) আশ্রয়বিহীন; অবলম্বন শূন্য; যাহার সহায় নাই; যথা—আপনাকে অসহায়, অনাশ্রয় ও হতভাগ্য বিবেচনা করিতেন। ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অসহিষ্ণু, ত্রি. বিণ. (অ-সহ, সহন, ইষ্ণু) সহনে অসমর্থ; সহ্যকরিতে অপারক; যথা—অসহিষ্ণু হইয়া ময়ূরাঙ্গীর দিকেই ইতি রোমাবতী ১৫১ পৃষ্ঠা।

অসহ্য, ত্রি. বিণ. (অ সহ, সহন, য) অসহনীয়; সহনাযোগ্য; সহ্য করণানুপযুক্ত; যথা—কিঞ্চিন্মাত্র ক্লেশ হইলে তাহাদের একান্ত অসহ্য হয়। ইতি শকুন্তলা ২০ পৃষ্ঠা।

অসাধারণ, ত্রি. বিণ. (অ-সাধৃ, সাধারণ, অনট) সাধারণভিন্ন; অসামান্য; বিশেষ; যাহাআর কাহারনাই; সকলের সমাননহে; যথা—তুমি চিত্রফলকে কি অসাধারণ নৈপুণ্য প্রদর্শন করিয়াছ! ইতিশকুন্তলা ৮০পৃষ্ঠা।

অসাধ্য, ত্রি. বিণ. (অ-সাধ, সাধন, য) অসাধনীয়; সাধনাযোগ্য; অশক্য; অপ্রতিবিধেয়; সাধ্যাতীত; যথা—লোকমধ্য কি অসাধ্য মম শুদ্ধমতি। ইতি কুমারসম্ভব ২৩ পৃষ্ঠা।

অসান্ত্র, ত্রি. বিণ. (অ-সান্ত্র, নিবিড়, অ) অনিবিড়; বিরল; গোপন; যাহা প্রকাশ্য নয়; ইতি ধরণি।

অসামর্থ্য, ক্লী. বি. [অ-সমর্থ, শক্তি, ষ্য] অশক্তি; অশক্ততা; সমর্থতাভাব; শক্তিশূন্য; ইতি ধরণি।

অসামান্য, ত্রি. বিণ. [অ-সমান, বিশেষ, ষ্য] বিশেষ; অসাধারন; যথা—অসামান্য ধীশক্তি সম্পন্ন ব্যক্তিরাই ইতি কাদম্বরী ৩৫ পৃষ্ঠা।

অসাম্প্রত, ব্য. (অসাম্প্র, যুক্ততা, ক্ত) অযুক্ত; অনুচিত; অন্যায়; অপরামর্শ; ইতি মেদিনী।

অসার, ত্রি. বিণ. (অ-সৃ, গতি, ঘঞ) সাররহিতবস্তু; স্থিরাংশশূন্য; যথা—সে অসার আশা আর মনেও না লয়। ইতি কুমারসম্ভব ১৯ পৃষ্ঠা।

(পু. বি.) এরণ্ডবৃক্ষ; (ক্লী. বি.) অগুরু; চন্দনভেদ।

অসাক্ষাৎ, ব্য. (অ-সাক্ষাৎ, দর্শন, ক্বিপ) অপ্রত্যক্ষ; অদর্শন; অগোচর; যথা—তোমার অসাক্ষাতে মাংস অপহরনকরিয়াছে ইতিমহাভারতশান্তিপর্ব্ব১৭৩পৃষ্ঠা।

অসি, পু. বি. (অস, অস্ত্রভেদ, ই) খড়্গ; খাঁড়া; যথা—অসিচর্য্যা পরিপাটি, বিপক্ষের অসি কাটি, ইতি কর্ম্মদেবী ২৭ পৃষ্ঠা।

তরবাল; কৃপাণ; নিস্ত্রিংশ; করবাল; অস্ত্রভেদ।

অসিক, ক্লী. বি. (অস, স্থানভেদ, ইক) অধর ও চিবুকের মধ্যভাগ; ইতিহেমচন্দ্র। স্থান বিশেষ।

অসিক্নী, স্ত্রী. বি. [অ-সি-ক্ন, ব্যক্তিভেদ, ঈ] অন্তঃপুরচারিনীঅবৃদ্ধাদাসী; নদীবিশেষ; ইতি অমর।

অসিগণ্ড, পু. বি. (অসি-গণ্ড, দ্রব্যভেদ, অল) ক্ষুদ্রোপধান; ছোটবালিশ; মস্তকাধার বিশেষ।

অসিত, পু. বি. (অ-সিত, শুক্ল, অ) কৃষ্ণবর্ণ; শনিগ্রহ; কৃষ্ণপক্ষ; (ত্রি. বিণ.) কৃষ্ণবর্ণবিশিষ্ট; যথা—একে সিত শতদল, তাহে সিত হংসদল, অসিত দেখিতে সরোবর। ইতি কুমারসম্ভব ১৩৮ পৃষ্ঠা।

অসিতা, স্ত্রী. বি. (অ-সিত, শুক্ল, আ) অন্তঃপুরদাসী; অবৃদ্ধা দাসী; যে দাসী অন্তঃপুরে থাকে।

অসিতার্চ্চি, পু. বি. (অসিত-অর্চ্চ, শিখা, ইস্) অগ্নি; অনল; বহ্নি; পাবক; হুতাশন; ইতি মেদিনী।

অসিতোৎপল, ক্লী. বি. (অসিত-উৎপল, পুষ্পভেদ, অল) নীলোৎপল; নীলপদ্ম; নীলবর্ণ পুষ্প ভেদ।

অসিদংষ্ট্র, পু. বি. (অসি-দনশ, দংশন, ত্র) জলজন্তুবিশেষ; হাঙ্গর; মকর; ইতি অমরকোষ।

অসিদ্ধ, ত্রি. বিণ. (অ-সিধ, পক্কতা, ক্ত) অপক্ক; অস্বিন্ন; সিদ্ধি রহিত; অশাস্ত্রীয়; অনিষ্পন্ন; যথা—দোষ গোপনার্থে ও অসিদ্ধ করনার্থে ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ১২১ পৃষ্ঠা।

অসিদ্ধি, স্ত্রী. বি. (অ-সিধ, সম্পন্ন, ক্তি) অনিষ্পত্তি; অসম্পন্ন; সমাপ্তি নহে; শেষ নয়।

অসিধাব. পু. বি. (অসি-ধব, মার্জন, ঘঞ) শস্ত্রমার্জক; শিকলকর; ইতিজটাধর; শস্ত্রমার্জ্জনকারী।

অসিধাবক, পু. বি. (অসি-ধব, মার্জ্জন, ণক) অসিধার কর্ত্তা; শস্ত্রমার্জক; শিকলকার। ইতিঅমর।

অসিধারী, ত্রি. বিণ. (অসি-ধৃ, ধারণ, ণিন্) খড়্গধারী; খড়্গহস্ত; যে ব্যক্তির হাতে খাড়া থাকে।

অসিধেনু, স্ত্রী. বি. (অসি-ধেন, অস্ত্রভেদ, উ) ছুরিকা; ছুরী; ইতিহলায়ুধ। অসিপুত্রী; কৃপানিকা।

অসিপত্র, পু. বি. (অসি-পত, দ্রব্যভেদ, র) ইক্ষুবৃক্ষ; খড়্গাকার পত্রবিশিষ্ট-বৃক্ষ; নরক বিশেষ; যাহাতে খড়গ ধারের উপর চাপিয়া কাটাহয়। (ক্লী.) খড়্গের খাপ; খড়্গকোষ; খড়্গাধার।

অসিপত্রক, পু. বি. [অসি-পত্র, পাতা, কন্] ইক্ষু; আউক; তৃণ বিশেষ; ইতি অমরকোষ।

অসিপত্রবন, ক্লী. বি. (অসিপত্র-বন, স্থানভেদ, অল) নরক বিশেষ; স্থান বিশেষ; ইতি মেদিনী।

অসিপুচ্ছক, পু. বি. (অসি-পুচ্ছ, জন্তুভেদ, ণক) শিশুমার; জলজন্তুবিশেষ; শুশুক; ইতি জটাধর।

অসিপুত্রিকা, স্ত্রী. বি. (অসি-পুত্র, অস্ত্রবিশেষ, ইক-আ) ছুরিকা; ছুরী; কৃপাণিকা; অসিপুত্রী।

অসিপুত্রী, স্ত্রী. বি. (অসি-পত্র, অস্ত্রভেদ, ঈ) ছুরিকা; ছুরী; অসিপুত্রিকা; ইতি মেদিনী।

অসিমেদ, পু. বি. (অসি-মিদ, দ্রব্যভেদ, অল) বিট্‌খদির; দ্রব্যবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

অসিহেতি, পু. বি. (অসি-হে, ধারণ, ক্তি) খড়্গধারীযোদ্ধা; নৈস্ত্রিংশিক; ইতি অমরকোষ। রণকর্ত্তা।

অসীম, ত্রি. বিণ. (অ-সী, সীমা, মন্) অনন্ত; সীমারহিত; যাহারসীমানাই; অশেষ; যথা—সেই অসীম

সাম্রাজ্য কার্য্য অনায়াসে ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অসু, পু. বি. (অস, জীবন, উ) প্রাণ; অপান; সমান; উদান; ব্যান; —দেহস্থ এই পঞ্চপ্রকার বায়ু; যথা— পিতৃদ্বেষির অসু বিনাশ পূর্ব্বক ইতি সেকসপিয়র ১৫৪ পৃষ্ঠা।

(ক্লী.) চিত্ত; উপতাপ; ইতি উনাদিকোষ।

অসুখ, ক্লী. বি. (অ-সুখ, কষ্টশূন্য, ক) দুঃখ; ক্লেশ; যন্ত্রণা; কষ্ট; ইতি হেমচন্দ্র। যথা—প্রজাদিগের উৎপাত ও অসুখ আকাশ কুসুমের ন্যায় ইতি কাদম্বরী ১৭ পৃষ্ঠা।

অসুখজনক, ত্রি. বিণ. (অসুখ-জন, জনন, অক) ক্লেশকর; দুঃখদায়ক; যাহাদ্বারা অসুখজন্মায়।

অসুখদ, ত্রি. বিণ. (অসুখ-দা, দান, ড) ক্লেশজনক; দুঃখদায়ক; যেকষ্টদান করে; ইতি অমরকোষ।

অসুখী, ত্রি. বিণ. (অ-সুখ, কষ্টশূন্য; ঈ) দুঃখিত; অসুস্থ; অপ্রসন্ন; দুঃখী; যথা—কোন্ ব্যক্তি সর্ব্বাপেক্ষা অসুখী ইতি টেলিমেকস্ ৫৯ পৃষ্ঠা।

অসুধারণ, ক্লী. বি. (অসু- ধৃ, ধারন, অনট) জীবন; প্রানধারণ; ইতি অমরকোষ। জীবন রক্ষণ।

অসুভৃৎ, ত্রি. বিণ. (অসু-ভৃ, ভরণ, ক্বিপ্) প্রাণী; জীব; জীবন্ত; যে ব্যক্তি জীবিত আছে।

অসুর, পু. স্ত্রী. বি. (অ-সুর, দেব, ক) সুরবিরোধী; কশ্যপের ঔরসে দিতিগর্ভজাত সন্তান; দৈত্য; দৈতেয়; দানব; দনুজ; দেবরিপু; ইতি অমরকোষ। যথা—অসুর ও দেবগন সাগর মন্থন করিয়া ইতি কাদম্বরী ২৭ পৃষ্ঠা।

সূর্য্য; ইতি মেদিনী। রাহু; ইতি জ্যোতিঃশাস্ত্র।

অসুররিপু, পু. বি. [অসুর-রিপু, শত্রু, ছি] বিষ্ণু; দেব; শ্রীকৃষ্ণ; দানবের শত্রু; ইতি অমরকোষ।

অসুরসা, স্ত্রী. বি. [অসুরস, উদ্ভিদ, আ] বর্ব্বরী; বাবুইতুলসী; তুলসী বিশেষ; ইতি অমরকোষ।

অসুরা, স্ত্রী. বি. [অসুর, তেজোবিহীন, আ] রাত্রি; রাশি; রজনী; বিভাবরী; ইতি মেদিনী।

অসুরাহ্ব, ক্লী. বি. (অসুর-আ-হ্বে, ধাতুবিশেষ, ড) কাংস্য; কাঁসা; ইতি হেমচন্দ্র। ধাতুবিশেষ।

অসুরী, স্ত্রী. বি. [অ-সুর, দেব, ঈ] অসুরপত্নী; রাজীকা; রাইসর্ষপ; ইতি অমরকোষ। দ্রব্যবিশেষ।

অসুর্ক্ষণ, ক্লী. বি. (অসুর্-ক্ষণ, আদর, অ) অবজ্ঞা; অনাদর; তাচ্ছল্য; ইতি অমরকোষ। ঘৃণা।

অসুস্থ, ত্রি. বিণ. (অ-সুস্থ, রোগশূন্য, অ) সুখস্থিতিরহিত; রোগী; রুগ্ন; যথা—সে দিবস সকুন্তলা অত্যন্ত অসুস্থ হওয়াতে ইতি শকুন্তলা ৩৪ পৃষ্ঠা।

অসুস্থতা, স্ত্রী. বি. [অসুস্থ, অস্বচ্ছন্দ, তা] অস্বাস্থ্য; অস্বচ্ছন্দতা; যথা—তিনি শারীরিক অসুস্থতা উল্লেখ করত ইতি সেক্সপিয়র ৪৪৩ পৃষ্ঠা।

অসুক্ষণ, ক্লী. বি. (অ-সুক্ষ, আদর, অনট) অবজ্ঞা; অনাদর; তাচ্ছল্য; ঘৃণা; অসম্বর্দ্ধনা, ইতি অমর।

অসূনু, ত্রি. বিণ. (অ-সূন, সন্তান, উ) পুত্রহীন; নিঃসন্তান; পুত্র কন্যাবিহীন; আঁটকুড়া।

অসূয়া, স্ত্রী. বি. (অ-সূ, নিন্দন্, য-আ) গুণেদোষারোপ; নিন্দা; ক্রোধ; স্পর্দ্ধা; পরিবাদ; পরগুণে-দোষারোপণ; অত্রিপত্নী; দ্বেষ; মিথ্যা অখ্যাতি; যথা— পরস্পর অসূয়া বা বিদ্বেষ প্রদর্শন ইতি টেলিমেকস ৩৭ পৃষ্ঠা।

অসূর্য্যম্পশ্য, ত্রি. বিণ. (অসূর্য্য-দৃশ, দর্শন, অল) যাহাকে সূর্য্যও দেখিতে পান না; যথা—বনের অসূর্য্যম্পশ্য ভূভাগে ইতি টেলিমেকস ১০ পৃষ্ঠা।

(স্ত্রী. বি.) অন্তঃপুরস্থিতাস্ত্রী; অন্তঃপুর নারী।

অসূর্ক্ষণ, ক্লী. বি. (অ-সূর্ক্ষ, আদর, অনট) অনাদর; অবজ্ঞা; ঘৃণা; অশ্রদ্ধা; সম্বর্দ্ধনা নহে; ইতি ধরণি।

অসূক্ষ্ম, ত্রি. বিণ. (অ-সূক্ষ্ম, সরু, অল) যাহামিহিনয়; অসরু; অনতিক্ষীণ; অনল্প; মোটা; স্থূল; যথা—অসূক্ষ্মদর্শী ভ্রান্তবুদ্ধি মানবগণ ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৮ পৃষ্ঠা।

অসৃক, ক্লী. বি. (অ-সৃজ, রক্ত, ক্বিপ্) রক্ত; রুধির; শোণিত; কুঙ্কুম; সপ্তবিংশতিযোগান্তর্গত যোড়শযোগ।

অসৃক্‌কর; পু. বি. (অসৃজ-কৃ, করণ, অল) শরীরস্থ-রসধাতু; ইতি হেমচন্দ্র। দ্রব্যবিশেষ; ইতি কেচিৎ।

অসৃক্‌প, পু. স্ত্রী. বি. (অসৃক্-পা, পান ড) রাক্ষস; জোঁক; জলৌকা; যে শোণিত পান করে ইতিহেম।

অসৃগ্ধারা, স্ত্রী. বি. (অসৃক্-ধার, দ্রব্যবিশেষ, অল-আ) চর্ম্ম; চামড়া; শোণিতধারা; ইতি অমরকোষ।

অসৃক্‌পাটী, স্ত্রী. পু. বি. (অসৃক-পাট্, গমন, ঈ) রক্তধারা; শোনিতেরধারা; রুধিরধারা; ইতিঅমর।

অসেচনক, ত্রি. বিণ. (অ-সিচ, সেচন, অনট-ক) অত্যন্ত প্রিয়দর্শন; যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ না হয়

এমন বস্তু; মনোহর; অতিসুন্দর; রমণীয়।
অসৌম্য, ত্রি. বিণ. (অ-সৌম্য, ভদ্র, অল) অভদ্র; অপ্রিয়; মন্দ; কুৎসিত; জঘন্য; অতিহেয়।
অসৌম্যস্বর, ত্রি. বিণ. (অসৌম্য, স্বর, মন্দস্বর, অল) কাকবৎমন্দস্বর; কুস্বর; কুৎসিতধ্বনি; ইতিঅমরকোষ।
অসৌষ্ঠব, ক্লী. বি. [অ-সুষ্ঠু, গঠন, ষ্ণ] অপ্রশংসনীয়; অশোভন; অনাতিশয্য; কুগঠন; ইতি বিশ্ব।
অস্খলিত, ত্রি. বিণ. (অ-স্খল, গমন, ক্ত) অপ্রতিহত; অব্যাহত; অপ্রতিঘাতপ্রাপ্ত; অপতিত; অচ্যুত;
অস্ত, ত্রি. বিণ. (অস, গমন, ক্ত) ক্ষিপ্ত; অবসান; প্রাপ্ত; নিক্ষিপ্ত; প্রেরিত; ত্যক্ত; (পু. বি.) চন্দ্রসূর্য্যাদিরঅস্তগমন; যথা—অস্তে গেলা দিনমণি আইলা গোধুলি, ইতি মেঘনাদবধকাব্য ৪১ পৃষ্ঠা। অস্তাচল; পশ্চিমাচল; (ক্লী.) মৃত্যু; ইতি হেমচন্দ্র।
অস্তক, পু. বি. (অস, গমন, ক্ত-ক) মোক্ষ; নির্ব্বাণ; মুক্তি; কৈবল্য; ইতি অমরকোষ। মোচন হওয়া।
অস্তগত, ত্রি. বিণ. (অস্ত-গম, গমন, ক্ত) অস্তপ্রাপ্ত; অন্তর্হিত; যাহাঅস্তাচলে গিয়াছে; ইতি বিশ্ব। যথা—দিনকর অস্তগতহইলেন, ইতিকাদম্বরী ৩২পৃষ্ঠা।
অস্তগিরি, পু. বি. [অস্ত-গিরি, পর্ব্বত, চ্বি] অস্তাচল; চরম পর্ব্বত; শেষপর্ব্বত; যেপর্ব্বতে অস্তহয়।
অস্তম, পু. বি. (অস, গমন, তম) অদর্শন; নাশ; অস্তাচল; অস্তগিরি; চরম পর্ব্বত; যেখানে অস্ত হয়; (ক্লী.) অস্তময়; (ব্য.) অস্তমন।
অস্তমিত, ত্রি. বিণ. (অস্ত-মা, লোপ, ক্ত) বিলুপ্ত; অস্তগত; যাহা অস্তাচলে গমন করিয়াছে।
অস্তাঘ, ত্রি. বিণ. (অস্ত-অঘ, আধিক্য, অল) অগাধ; অতিগভীর; অতলস্পর্শ; যাহারতলস্পর্শহয় না।
অস্তাচল, পু. বি. (অস্ত-অচল, গিরি, অল) অস্তগিরি; পশ্চিমাচল; পশ্চিম দিকস্থ গিরি; চরমপর্ব্বত; যথা—নিশা নিশাকর, ছাড়ায়ে কুমুদী কর, অস্তাচলে চলেন ত্বরায়। ইতি কুমারসম্ভব ১৪০ পৃষ্ঠা।
অস্তাদ্রি, পু. বি. [অস্ত-অদ্রি, পর্ব্বত, চ্বি] অস্তাচল।
অস্তাবলম্বী, ত্রি. বিণ. (অস্ত-অব-লম্ব, অবলম্বন, ইন) অস্তগত; অস্তপ্রাপ্ত; যেঅস্তকেঅবলম্বন করিয়াছে।
অস্তি, ব্য. (অস, সত্তা, ক্তি) বিদ্যমানতা; সত্ত্ব; বর্ত্তমান; আছে; হইতেছে; ইতি অমরকোষ।
অস্তিত্ব, ক্লী. বি. [অস্তি, আছে, ত্ব] বিদ্যমানতা; সত্ত্বা; যথা—আত্মার অস্তিত্ব স্বীকার করে না ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২৬ পৃষ্ঠা।
অস্তিমান, ত্রি. বিণ. [অস্তি-আছে, মতু] ধনী।
অস্তু, ব্য. (অস, সত্ত্বা, তুপ্) অঙ্গীকার; ভবতু; হৌক; অসূয়া; পীড়া; স্বীকার; ইতি মেদিনী।
অস্ত্যান, ক্লী. বি. (অ-স্তৈন্ত, নিন্দন, অনট) ভর্ৎসন; নিন্দা; কুৎসা; গ্লানি; পরিবাদ; অপবাদ।
অস্ত্র, ক্লী. বি. (অস, দ্রব্যভেদ, ত্র) প্রহার যোগ্যদ্রব্য; আয়ুধ; প্রহরণ; হাতিয়ার; শস্ত্র; খড়্গ; ধনু; ইতি মেদিনী। ক্ষেপণ যোগ্য বাণাদি; যথা—ব্যায়াম কৌশল, অস্ত্র, ও সঙ্গীত বিদ্যা, ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।
অস্ত্রকণ্টক, পু. বি. (অস্ত্র-কণ্টক, শস্ত্রভেদ, অ) বাণ; ইষু; শর; শস্ত্রবিশেষ; ইতি শব্দরত্নাবলী।
অস্ত্রকারক, পু. বি. (অস্ত্র-কৃ, করণ, ণক) অস্ত্রনির্ম্মাতা; শস্ত্রনির্ম্মায়ক; আয়ুধকারক; অস্ত্রকারী।
অস্ত্রচিকিৎসক, পু. বি. (অস্ত্র-কিত, চিকিৎসা, সন্-ক) শস্ত্রবৈদ্য; ডাক্তর; যে অস্ত্রদ্বারা চিকিৎসা করে।
অস্ত্রচিকিৎসা, স্ত্রী. বি. (অস্ত্র-কিত, চিকিৎসা, সন্-ঙ) অস্ত্রচালনাদি দ্বারা ক্ষতাদিরোগের প্রতিকার করণ।
অস্ত্রবিৎ, ত্রি. বিণ. (অস্ত্র-বিদ, জ্ঞান, ক্বিপ্) অস্ত্রজ্ঞ।
অস্ত্রবৈদ্য, পু. বি. [অস্ত্র-বিদ, জ্ঞান, ষ্ণ্য] অস্ত্রচিকিৎসক; ডাক্তর; যেব্যক্তি অস্ত্রাদিদ্বারা চিকিৎসা করে।
অস্ত্রমার্জ্জ, পু. বি. (অস্ত্র-মৃজ, মার্জ্জন, অ) অস্ত্রমার্জ্জক; শানকর; অসিধার; অস্ত্রপরিষ্কার কর্ত্তা; শিকলকর।
অস্ত্রসায়ক, পু. বি. (অস্ত্র-সো, অস্ত্রভেদ, য-ক) নারাচাস্ত্র; সমুদায় লৌহময় বাণ; নিক্ষেপযোগ্য অস্ত্রভেদ।
অস্ত্রাগার, পু. বি. (অস্ত্র-আগার, গৃহভেদ, অল) অস্ত্ররক্ষণ গৃহ; সেলাখানা; যেঘরে অস্ত্রথাকে।
অস্ত্রাঘাত, পু. বি. (অস্ত্র-আ-হন, বধ, ক্ত) অস্ত্রদ্বারাপ্রহার; হাতিয়ারের চোট; ইতি হেমচন্দ্র। যথা—সর্ব্ব শরীর অস্ত্রাঘাত চিহ্নে অঙ্কিত আছে ইতি টেলিমেকস ৭৭ পৃষ্ঠা।
অস্ত্রীক, ত্রি. বিণ. [অ-স্ত্রী, পত্নী, কন্] অপত্নীক; যাহার স্ত্রীনাই; অর্দ্ধাঙ্গ বিহীন; ইতি মেদিনী।
অস্থাগ, ত্রি. বিণ. (অ-স্থা-গম, গমন, ড) অগাধ; অতিগভীর; যাহারতলা স্পর্শকরা যায়না; ইতিমেদিনী।
অস্থাঘ, ত্রি. বিণ. (অ-স্থা-অঘ, আধিক্য, অ) অতল-

স্পর্শ; অতি গভীর; অগাধ; অত্যন্ত অধিক।

অস্থান, ত্রি. বিণ. (অ-স্থা, স্থিতি, অনট) স্থানরহিত; স্থলহীন; অতলস্পর্শ; (ক্লী.) মন্দস্থান; ঘৃণিতস্থান।

অস্থাবর, ত্রি. বিণ. (অ-স্থা, স্থিতি, বর) স্থাবরেতর দ্রব্য; জঙ্গম বস্তু; স্থাবর ভিন্ন বস্তু; যথা—অস্থাবর স্থাবরকে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৩৯ পৃষ্ঠা।

অস্থায়, ত্রি. বিণ. (অ-স্থা, স্থিতি, গ) অস্থায়ী, স্থিতি রহিত; অগাধ; অতলস্পর্শ; যাহার তলা অতিনিম্ন।

অস্থায়ী, ত্রি. বিণ. (অ-স্থা, স্থিতি, ণিন্) স্থিতি রহিত; নশ্বর; অনিত্য; যাহা থাকে না; ইতি ধরণী।

অস্থার, ত্রি. বিণ. (অ-স্থা, আধিক্য, র) অতলস্পর্শ; অগাধ; গভীর; অতিশয় অধিক; ইতি বিশ্ব।

অস্থি, ক্লী. বি. (অস, সত্তা, থি) শরীরস্থ ধাতু বিশেষ; হাড়; মেদোজ; বীজ; আঁটী; কুল্য।

অস্থিকৃৎ, পু. বি. (অস্থি-কৃ, করণ, কিপ্) শরীরস্থমেদো ধাতু; দেহ মধ্যস্থ দ্রব্য বিশেষ; ইতি অমরকোষ।

অস্থিচর্ম্মাবশিষ্ট, ত্রি. বিণ. (অস্থিচর্ম্ম-অব-শিষ, অবশেষ, ক্ত) অস্থি ও চর্ম্মমাত্র সার; অতি ক্ষীণ।

অস্থিজ, পু. বি. (অস্থি-জন, জনন, ড) মজ্জা; অস্থির সার ভাগ; যাহা অস্থি হইতে জন্মায়; ইতি মেদিনী।

অস্থিতি, স্ত্রী. বি. (অ-স্থা, স্থিতি, ক্তি) অসংস্থান; না থাকা; সঞ্চয় নহে; স্থিতিশীল নয়; স্থিত্যভাব।

অস্থিতুণ্ড, পু. স্ত্রী. বি. (অস্থি-তুণ্ড, ঠোঁট, অল) পক্ষী; বিহঙ্গ; যাহার অস্থিমাত্র তুণ্ড; ইতি অমরকোষ।

অস্থিপঞ্জর, পু. বি. (অস্থি-পঞ্জর, হাড়, অল) শরীরাস্থি সমূহ; কঙ্কাল; করঙ্ক; পাঁজরার হাড়।

অস্থিবিগ্রহ, পু. বি. (অস্থি-বি-গ্রহ, ব্যক্তি ভেদ, অল) ভৃঙ্গিনামক শিব সহচর; শিবের সঙ্গী; ইতি হেমচন্দ্র।

অস্থিভক্ষ, পু. স্ত্রী. বি. (অস্থি-ভক্ষ, ভক্ষণ, অল) কুক্কুর; কুকুর; কুত্তা; যে হাড় ভক্ষণ করে; হাড় গেলা।

অস্থিভুক্, পু. স্ত্রী. বি. (অস্থি-ভুজ, ভোজন, কিপ্) কুক্কুর, কুকুর; কুত্তা; যে অস্থি খায়; ইতি হেমচন্দ্র।

অস্থিভেদ, পু. বি. (অস্থি-ভিদ, ভেদ, অল) হাড় ভেদ; মর্ম্মভেদ; অস্থির ভিতর যাওয়া; ইতি বিশ্ব।

অস্থিমালী, পু. বি. (অস্থি-মাল, মালা, ইন্) শিব; কঙ্কাল মালাধারী; যে হাড়ের মালা ধারণ করে।

অস্থির, ত্রি. বিণ. (অ-স্থা, স্থিতি, ইর) যাহার স্বভাব স্থিরনয়; চঞ্চল প্রকৃতি; যথা—বাজী রাজী, স্বর্ণরথ চলিল অস্থিরে! ইতি মেঘনাদবধকাব্য ১১৪ পৃষ্ঠা। অস্থায়ী; অনিশ্চিত; যে ব্যক্তি স্থির নয়; ইতি অমর।

অস্থিরতা, স্ত্রী. বি. [অ-স্থির, চঞ্চলতা শূন্য, তা] চঞ্চলতা; অস্থৈর্য্য; অনিশ্চয়; অস্থায়ীত্ব; ইতি মেদিনী।

অস্থিরমনাঃ, ত্রি. বিণ. (অস্থির-মন, চিত্ত, অস্) অস্থিরমতি; অস্থিরান্তঃকরণ; সচঞ্চল; যাহারমন স্থিরনহে।

অস্থিসংহার, পু. বি. (অস্থি-সং-হৃ, হরণ, ঘঞ) হাড় জোড়া; গ্রন্থিমান; অস্থিসংলগ্ন; বৃক্ষ বিশেষ।

অস্থিসমর্পণ, ক্লী. বি. (অস্থি-সং-অর্প, নিক্ষেপ, অনট) গঙ্গাতে অস্থিপ্রক্ষেপ; হাড় ফেলে দেওয়া।

অস্থিসার, পু. বি. (অস্থি-সৃ, গমন, ঘঞ) মজ্জা; অস্থিমধ্যস্থ বস্তু; হাড়ের ভিতর যাহা থাকে; ইতি বিশ্ব।

অস্থূল, ত্রি. বিণ. (অ-স্থূল, মোটা, অল) ক্ষীণ; কৃশ; পাতলা; সরু; যে মোটা নয়; ইতি অমর কোষ।

অস্থৈর্য্য, ক্লী. বি. [অ-স্থির, নিশ্চয়, ষ্ণ] অস্থিরতা; নিশ্চয়াভাব; চঞ্চলতা; স্থায়ীত্বনহে; যথা-চঞ্চলব্যক্তির বুদ্ধির অস্থৈর্য্যবশত ইতিমহাভারতশান্তিপর্ব্ব ২১৪পৃষ্ঠা।

অস্নাত, ত্রি. বিণ. (অ-স্না, স্নান, ক্ত) অপবিত্র; অনবগাহিত; যে স্নান করে নাই; যথা—আমি অস্নাত ও অভুক্ত থাকিতে ইতিমহাভারতশান্তিপর্ব্ব ২৬৭পৃষ্ঠা।

অস্নিগ্ধ দারু, ক্লী. বি. (অস্নিগ্ধ-দারু, কাষ্ঠ বিশেষ, উ) দেবদারুভেদ; দেবকাষ্ঠ; দেববৃক্ষ; ইতিরাজনির্ঘণ্ট।

অস্পৃষ্ট, ত্রি. বিণ. (অ-স্পষ্ট, ব্যক্ত, অ) অব্যক্ত; অস্ফুট; ক্লিষ্ট বাক্য; অপ্রকাশিত; যাহা বোঝা যায় না; যথা—রথচক্রের শব্দে অস্পষ্ট রূপে ইতি নৈষধচরিত ৯৫ পৃষ্ঠা।

অস্ফুট, ত্রি. বিণ. (অ-স্ফুট, ব্যক্ত, অ) অব্যক্ত; অস্পষ্ট; ক্লিষ্টবাক্য; প্রকাশিত নহে, ইতি হেমচন্দ্র। যথা—কেবল অস্ফুট মধুর শব্দ কর্ণকুহরে ইতি কাদম্বরী ৪২ পৃষ্ঠা।

অস্ফুটবাক্, ত্রি. বিণ. (অস্ফুট-বাচ, বাক্য, কিপ্) অস্পষ্টবক্তা; যে ব্যক্ত করিয়া বলেনা; যে স্বল্পবলে।

অস্মদ্, ত্রি. বিণ. (অস, উত্তম পুরুষ, মদ্) আত্মবাচী সর্ব্বনাম শব্দ; অহং; আমি; আমরা; ইতি ব্যাকরণ।

অস্মন্ত, ক্লী. বি. (অস-অন্ত, দ্রব্যভেদ; অ) অশ্মন্ত; চুলী; উনান; আখা; অগ্নির স্থান, ইতি জটাধর।

অস্মি, ব্য. (অস, ব্যক্তিভেদ, মি) অহম্; আমি।

অস্মিতা, স্ত্রী. বি. [অস্মি, অহং, তা] অহঙ্কার; অহং

জ্ঞান ; মাৎসর্য্য ; (ত্রি . বিণ .) যেস্ত্রী আশ্চর্য্য হয়নাই।

অস্য পর, ত্রি . বিণ . (অস্য-পর, উত্তর, অল) ইহার পর, অতঃপর ; ইহার উত্তর ; ইতি অমর কোষ।

অস্র, পু . বি . (অস, সত্তা, র) কোণ ; কোন বস্তু বা কোন গৃহাদির কোণ ; কেশ ; চুল ; (ক্লী .) অস্রু ; চক্ষের জল ; রক্ত ; শোণিত ; ইতি অমর কোষ।

অস্রকণ্ঠ, পু . বি . (অস্র-কণ্ঠ, দ্রব্যভেদ, অল) বাণ ; শর।

অস্রখদির, পু . বি . (অস্র-খদ, দ্রব্যভেদ, ইর) রক্ত খদির বৃক্ষ ; উদ্ভিজ্জ বিশেষ ; ইতি শব্দরত্নাবলী।

অস্রজ, ক্লী . বি . (অ-স্রজ, দ্রব্যভেদ, অ) মাংস ; মাস

অস্রপ, পু . বি . (অস্র-পা, পান, ড) রাক্ষস ; নিশাচর ; জোঁক ; যে রক্ত পান করে ; (স্ত্রী .) রাক্ষসী।

অস্রপা, স্ত্রী . বি . (অস্র-পা, পান, ড আ) জলৌকা।

অস্রু, ক্লী . বি . (অস্র, জলভেদ, উ) চক্ষুর্জল ; নেত্রাম্বু ; রোদন, অশ্রু ; বাষ্প ; অস্র ; ইতি শব্দ রত্নাবলী।

অস্ব, ত্রি . বিণ . (অ-স্ব, নিজ, অল) অনিজ ; নিস্ব ; দরিদ্র ; নির্ধন ; অতি দীন ; যাহার কিছুই নাই।

অস্বচ্ছন্দ, ত্রি . বিণ . (অ-স্ব-ছন্দ, স্বাধীন, অ) অধীন ; আয়ত্ত ; ক্লেশিত ; অসুস্থ ; পীড়িত ; রুগ্ন ; রোগবিশিষ্ট।

অস্বতন্ত্র, ত্রি . বিণ . (অ-স্ব-তন্ত্র, বশীভূত, অল) পরতন্ত্র ; পরাধীন ; অধীন ; পরবশ ; ইতি জটাধর।

অস্বন্ত, ত্রি . বিণ . (অসু-অন্ত, শেষ, অল) জীবনাবশেষ।

অস্বপ্ন, পু . বি . (অ-স্বপ, নিদ্রা, ন) দেবতা ; মন্দস্বপ্ন ; দুঃস্বপ্ন ; নিদ্রাহীন ; যাহাদিগের নিদ্রা নাই।

অস্বভাব, পু . বি . (অ-স্ব-ভূ, সত্তা, ঘঞ) কুস্বভাব ; মন্দ চরিত্র ; কুৎসিত আচার ; জঘন্য চরিত্র।

অস্বর, ত্রি . বিণ . (অ-স্বর, রব, অল) মন্দ স্বর ; কুৎসিত ধ্বনি ; কুরব ; অপকৃষ্ট স্বরযুক্ত ; ইতি অমরকোষ।

অস্বর্গ, ত্রি . বিণ . (অ-স্বর্গ, সুর লোক, য) স্বর্গের অহিত ; পাপজনক ; সুরলোকের অনিষ্ট ; ইতি মেদিনী।

অস্বাতন্ত্র্য, ক্লী . বি . [অ-স্বতন্ত্র, পরবশ, ষ্ণ্য] পরাধীনতা ; পরতন্ত্রতা ; অধীনতা ; পরবশতা ; ইতি বিশ্ব।

অস্বাধ্যায়, পু . বি . (অ-স্ব-অধি-ই, অধ্যয়ন, ঘঞ) বিধি পূর্ব্বক বেদাধ্যয়নহীন ; অনধ্যায় ; অধ্যয়নেনিষিদ্ধদিন।

অস্বামিক, ত্রি . বিণ . [অ-স্বামিন্, প্রভু, কন্] স্বামি রহিত ; অকর্ত্তৃক। বেওয়ারিস্ ; ইতি পারস্যভাষা।

অস্বাম্য, ক্লী . বি . (অ-স্বম, প্রভুত্ব, ঘ্যণ) অস্বামিত্ব ; সত্ত্বাভাব ; অনধিকার ; প্রভুত্ব নহে ; কর্ত্তৃত্বাভাব।

অস্বাস্থ্য, ক্লী . বি . [অ-সুস্থ, রোগ, ষ্ণ্য] সুস্থতা ভাব ; রোগ ; সুস্থতা রাহিত্য ; পীড়া ; যথা—অন্ন বস্ত্রের ক্লেশ অস্বাস্থ্যদায়ক দ্রব্যভক্ষণ ইতিবাহ্যবস্তু ২৫পৃষ্ঠা।

অস্বীকার, পু . বি . (অ-স্বী-কৃ, করণ, ঘঞ) অনঙ্গীকার ; গ্রহণ না করা ; না মানা ; ইতি জটাধর। যথা—বয়ো বাহুল্য বশতঃ মেণ্টর অস্বীকার করিলেন, ইতি টেলিমেকস ৫২ পৃষ্ঠা।

অহ, পু . বি . [অহন, দিন, স্যাদিবিভক্তি] দিবস ; বাসর ; দিন ; ঘস্র ; ইতি অমরকোষ টীকা। (ব্য .) প্রশংসা ; ক্ষেপণ ; নিয়োগ ; বিনিগ্রহ ; ইতি মেদিনী।

অহং, ত্রি . বিণ . [অস্মদ্, আমি, প্রথমা] আমি ; অস্মদ্ ; নিজে ; আমি ভিন্ন কেহই নয় ; ইতি ধরণি।

অহংযু, ত্রি . বিণ . [অহং, গর্ব্ব, যু] অহঙ্কার যুক্ত ; গর্ব্বান্বিত ; অহঙ্কৃত ; গর্ব্বিত ; মাৎসর্য্য বিশিষ্ট।

অহঃ, ক্লী . বি . [অহন, দিন, স্যাদি বিভক্তি] দিবা ; দিবস ; দিন ; ঘস্র ; বাসর ; ইতি অমরকোষ।

অহঃপতি, পু . বি . (অহন্-পা, রক্ষণ, ক্তি) সূর্য্য ; দিবাকর ; অহস্কর ; যাহা দ্বারা দিবা পালন হয়।

অহঙ্কার, পু . বি . (অহং-কৃ, করণ, ঘঞ) অহঙ্কৃতি ; গর্ব্ব ; অভিমান ; মাৎসর্য্য ; ইতি অমর কোষ।

অহঙ্কারবান, ত্রি . বিণ . [অহঙ্কার, গর্ব্ব, বতু] অহংযু ; গর্ব্বান্বিত ; দাম্ভিক ; অহঙ্কারী ; মাৎসর্য্যবিশিষ্ট।

অহঙ্কারী, ত্রি . বিণ . (অহং-কৃ, করণ, ণিন্) অহঙ্কার যুক্ত ; গর্ব্বিত ; দাম্ভিক ; অভিমানিত ; যথা—দুর্য্যোধন নিতান্ত ক্রূর, অহঙ্কারী, ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ২ পৃষ্ঠা।

অহঙ্কৃত, ত্রি . বিণ . (অহং-কৃ, করণ, ক্ত) অহঙ্কার যুক্ত ; গর্ব্বিত ; অভিমানী ; দর্পিত ; ইতি মেদিনী।

অহঙ্কৃতি, স্ত্রী . বি . (অহং-কৃ, করণ, ক্তি) অহঙ্কার ; গর্ব্ব ; অভিমান ; মাৎসর্য্য ; ইতি শব্দ রত্নাবলী।

অহত, ক্লী . বি . (অহ, দ্রব্যভেদ, ক্ত) নবাম্বর ; নূতন বস্ত্র ; ইতি হলায়ুধ। (ত্রি . বিণ .) অক্ষত ; অনাহত।

অহন্, ক্লী . বি . (অ-হা, দিন, অন্) দিবস ; দিন ; বাসর ; ঘস্র ; দিবা ; ইতি শব্দরত্নাবলী।

অহম্, ত্রি . বিণ . [অস্মদ, আমি, প্রথমা] আমি।

অহমহমিকা, স্ত্রী . বি . (অহং-অহং, আমি, ইক-আ) পরস্পর আত্মশ্লাঘা ; আমিই বড় আমিই বড় বলিয়া পরস্পর অহঙ্কার করা ; ইতি অমর কোষ।

অহমিকা, স্ত্রী. বি. (অহং-আমি, ইক আ) গর্ব্ব; অহঙ্কার; দম্ভ; মাৎসর্য্য; অভিমান; ইতি মেদিনী।

অহম্পূর্ব্বিকা, স্ত্রী. বি. (অহংপূর্ব্ব, গমন, ইক-আ) আমিই পূর্ব্বে আমিই পূর্ব্বে এইরূপ আগ্রহ প্রকাশ; আমি অগ্রে যাইব বলিয়া যোদ্ধাদিগের পরস্পর অগ্রে ধাবন; আপনিই অগ্রসর হইবার উদ্যোগ।

অহম্মতি, স্ত্রী. বি. (অহং-মন, মত, ক্তি) অবিদ্যা; অজ্ঞান; মায়া; জ্ঞান সামান্যাভাব; ইতি বিশ্ব।

অহরহ, ক্রিবিণ. (অহঃ-অহন্, দিবা, অ) প্রত্যহ; প্রতিদিন; যথা—চির অনুচর আমি সেবি অহরহঃ দেবেন্দ্রে; ইতি মেঘনাদবধকাব্য ৬৫ পৃষ্ঠা।

অহর্নিশি, ক্রিবিণ. [অহঃ-নিশি, রাত্রি, চ্বি] দিবারাত্রি; নক্তন্দিন; অষ্টপ্রহর; ইতি অমর কোষ।

অহর্পতি, পু. বি. (অহন্-পা, রক্ষণ, ক্তি) সূর্য্য; দিবাকর; অহস্কর; রবি; যে দিবাকে রক্ষা করে।

অহর্ব্বান্ধব, পু. বি. [অহঃ-বন্ধু, মিত্র, ষ্ণ] সূর্য্য; চন্দ্র; অর্কবৃক্ষ; দিবাকর; নিশাপতি; ইতি অমর কোষ।

অহর্মণি, পু. বি. (অহন্-মণি, তেজঃ, ক্বিপ্) সূর্য্য; চন্দ্র; দিবাকর; ভাস্কর; অর্কবৃক্ষ ইতি হেমচন্দ্র।

অহর্মুখ, ক্লী. বি. (অহঃ-মুখ, সকাল, ক) প্রত্যুষ; প্রাতঃকাল; দিবারম্ভ কালীন সময়; ইতি মেদিনী।

অহল্য, ত্রি. বিণ. (অ হল, হাল, য) লাঙ্গল দ্বারা অনাকৃষ্ট ভুমি; অচষাক্ষেত্র; যে ভূমি কর্ষণ করা নয়।

অহল্যা, স্ত্রী. বি. (অ-হল, হাল, য-আ) গৌতম মুনি পত্নী; অপ্সরা বিশেষ; গৌতমের স্ত্রী; ইতিমেদিনী।

অহস্কর, পু. বি. (অহঃ-কৃ, করণ, অল) সূর্য্য; অর্ক বৃক্ষ; চন্দ্র; দিবাপতি; দিবাকর; ইতি জটাধর।

অহস্পতি, পু. বি. (অহঃ-পা, রক্ষণ, ক্তি) সূর্য্য; দিনকর; দিনমণি; দিবাকর; ইতি অমরকোষ।

অহহ, ব্য. (অহ-হন, গতি, ড) আঃ; খেদ; আনন্দ; অদ্ভুত; পরিক্লেশ; প্রকর্ষ; সম্বোধন; আশ্চর্য্য।

অহহা, ব্য. (অহ-হন, গতি, ড-আ) অদ্ভুত; খেদ।

অহার্য্য, পু. বি. (অ-হৃ, হরণ, ঘ্যণ) পর্ব্বত; (ত্রি. বিণ.) হর্ত্তুমশক্য; অহর্ত্তব্য; হরণীয় নহে।

অহি, পু. বি. (অ-হন, হনন, ই) বৃত্রাসুর; সর্প; যথা—হরশিরে শশিকলা, অহি সঙ্গে যার খেলা, ইতি কবিকঙ্কণচণ্ডী ১৭ পৃষ্ঠা। সূর্য্য; পথিক; রাহু; ইতি বিশ্ব। যে পথে যায়।

অহিংসক, ত্রি. বিণ. (অ-হিন্স্, হিংসা, ণক) অহিংস্র; হিংসা কারক নহে; যে কিছুমাত্র হিংসা করে না।

অহিংসা, স্ত্রী. বি. (অ-হিন্স, হিংসা, ঙ-আ) প্রাণি বধ না করা; অনিষ্ট করণের অনিচ্ছা; হিংসাকরণাভাব।

অহিকা, স্ত্রী. বি. (অহ, বৃক্ষভেদ, ইক-আ) শাল্মলী বৃক্ষ; শিমুল গাছ; উদ্ভিজ্জবিশেষ; ইতি বিশ্ব।

অহিকান্ত, পু. বি. (অহি-কম, স্বামী, ক্ত) বায়ু; অনিল; বাতাস; অহিস্বামী; ইতি হেমচন্দ্র।

অহিচ্ছত্র, পু. বি. (অহি-ছত, দেশভেদ, র) দেশবিশেষ; নগরবিশেষ; দ্রব্যবিশেষ; ইতি বিশ্ব।

অহিচ্ছত্রা, স্ত্রী. বি. (অহি-ছত, দ্রব্য ভেদ, র-আ) শর্করা; চিনি; পুরীবিশেষ; ইতি জ্যোতিষ তত্ত্ব।

অহিজিৎ, পু. বি. (অহি-জি, জয়, ক্বিপ্) বিষ্ণু; কালিয়নাগ দমনকারী; ইন্দ্র; গরুড়; ইতি অমরকোষ।

অহিত, ত্রি. বিণ. (অ-ধা, উপকার, ক্ত) শত্রু; অপথ্য; অনুপকার; মন্দ; অমঙ্গল; হানি; ইতি অমরকোষ। যথা—অমাত্যের হিত কথায় অহিত জ্ঞান করত ইতি সেক্সপিয়র ২০২ পৃষ্ঠা।

অহিতুণ্ডিক, পু. বি. (অহি-তুণ্ড, ব্যক্তি ভেদ, ইক) ভিক্ষার্থ সর্পখেলক; ব্যালগ্রাহী; সর্পধারণ্য; সাপুড়ে।

অহিদ্বিট্, পু. বি. (অহি-দ্বিষ, দ্বেষ, ক্বিপ্) বিষ্ণু; ইন্দ্র; গরুড়; ময়ূর; নকুল; যে সর্পকে দ্বেষ করে।

অহিনকুলতা, স্ত্রী. বি. [অহি-নকুল, জীবভেদ, তা] নিত্যবিরোধ; নিত্যবৈরিতা; সর্প ও বেজিরতুল্য সদাশত্রুতা; নিরন্তর বিবাদ; ইতি অমরকোষ।

অহিনকুলিকা, স্ত্রী. বি. (অহি-নকুল, জীবভেদ, ইক-আ) অহি এবং নকুল উভয়ের বিবাদ; ইতিমেদিনী।

অহিফেন, ক্লী. বি. (অহি-ফেন, ফেনা, অল) অফেন; সর্পেরফেনা; আফিং; মাদক দ্রব্যবিশেষ; ইতিঅমর।

অহির্ব্রধ্ন, পু. বি. (অহি-ব্রধ, ব্যক্তিভেদ, ন) শিব; রুদ্রবিশেষ; মহাদেব; গণদেবতা বিশেষ।

অহির্ব্রধ্নদেবতা, স্ত্রী. বি. (অহির্ব্রধ্ন-দেব, দেবতা, তা) উত্তর ভাদ্রপদ নক্ষত্র; নক্ষত্রভেদ।

অহিভয়, ক্লী. বি. (অহি-ভী, ভয়, অল) রাজার স্বপক্ষজাতভয়; সর্পভয়; ইতি অমরকোষ টীকা।

অহিভয়দা, স্ত্রী. বি. (অহিভয়-দা, দান, অল) দ্রব্যবিশেষ; ভূমী আমলকী; ইতি রাজনির্ঘণ্ট।

অহিভুক্, পু. বি. (অহি-ভুজ, ভোজন, ক্বিপ্) গরু-

ড়; ময়ূর; (ত্রি. বিণ.) যে সর্পভোজন করে।

অহীরণি, পু. বি. (অহি-ঈর, সর্পবিশেষ, অনি) দ্বিমুখসর্প; শাঁখিনীসর্প; রাজসর্প; যে সাপের দুইমুখ।

অহীশ্বর, পু. বি. (অহি-ঈশ, স্বামী, বর) বাসুকী; অনন্তদেব; সর্পের ঈশ্বর; অহিস্বামী; ইতি অমর।

অহে, (ব্য.) সম্বোধন; ক্ষেপ; বিয়োগ; তুল্যব্যক্তির সম্বোধনার্থক শব্দ; সদৃশ ব্যক্তির আহ্বানশব্দ।

অহো, ব্য. (অ-হা, আশ্চর্য্যবিশেষ, ডো) ধিগর্থ; শোক; করুণার্থ; সম্বোধন; নিন্দা; অনুতাপ; প্রশংসা; শ্রান্তি; আশ্চর্য্য; দ্বৈধ; অতএব; বিষাদ; বিস্ময়; পদপূরণ; অসূয়া; বিতর্ক; ইতি মেদিনী।

অহোরাত্র, পু. বি. [অহন-রাত্রি, নিশি, য] দিবানিশি; দিনওরাত্রি; অহর্নিশি। ইতিহেমচন্দ্র। যথা— স্বয়ং অহোরাত্র অধ্যয়নকরাতে ইতি চরিতাবলী২৩পৃষ্ঠা।

অহোবত, ব্য. [অহন-বত, সম্বোধন, ড্বি] অনুকম্পা; খেদ; সম্বোধন; করুণা; শ্রান্তি; ইতি হলায়ুধ।

অহ্নায়, ব্য. (অহ্ন-অয়, গমন, অল) দ্রুত; ঝটিতি; শীঘ্র; তৎক্ষণাৎ; ত্বরিত; সত্বরে; ইতি মেদিনী।

অহ্রীক, পু. বি. (অ-হ্রী, ব্যক্তিবিশেষ, কন) বৌদ্ধ; ক্ষপণক; ছদ্মবেশধারীপুরুষ; কপটবেশধারী।

অহ্বলা, স্ত্রী. বি. (অহ্বল, দ্রব্যভেদ, অল-আ) ভল্লাতক বৃক্ষ; ভেলা; ইতিশব্দচন্দ্রিকা। দ্রব্য বিশেষ।

অক্ষ, ক্লী. বি. (অক্ষ, দ্রব্যভেদ, অল) ইন্দ্রিয়; রুদ্রাক্ষবীজ; (পু.) পাশক; জ্ঞাতার্থ; শকট; ব্যবহার; ষোলমাষারভার; আত্মা; জ্ঞান; রথ; রথ ও শকটের অবয়ব; চক্র; চক্রেরমধ্য মণ্ডল; সর্প; রুদ্রাক্ষবৃক্ষ; ইন্দ্রাক্ষ; ইতিমেদিনী। রাবণের পুত্র; ইতি হেমচন্দ্র। জাতান্ধ; গরুড়; ইতিশব্দরত্নাবলী। জন্মান্ধ।

অক্ষক্রীড়া, স্ত্রী. বি. (অক্ষ-ক্রীড়, খেলা, ড আ) খেলা বিশেষ; পাশ ক্রীড়া; পাশাখেলা; যথা—অক্ষক্রীড়ায় নিতান্ত অনভিজ্ঞ ধর্ম্মরাজকে ইতি মহাভারত শল্যপর্ব্ব ১২৩ পৃষ্ঠা।

অক্ষজ, পু. বি. (অক্ষ-জন, জনন, ড) বজ্র; অশনি।

অক্ষত, ক্লী. বি. (অ-ক্ষা, ক্ষয়, ক্ত) লাজা; নপুংসক; (পু.) যব; আতপতণ্ডুল; শস্যমাত্র (ত্রি. বিণ.) অহিংসিত; অখণ্ডিত; ক্ষতশূন্য; আঘাত বিহীন; ইতিহেমচন্দ্র। যথা—স্বয়ং অক্ষত শরীরে কিরূপে মহর্ষির সম্মুখে উপস্থিতহইব ইতিরঘুবংশ১২পৃষ্ঠা।

অক্ষতা, স্ত্রী. বি. (অ-ক্ষা, ক্ষয়, ক্ত-আ) ককর্ট-শৃঙ্গী; কাঁকড়াশৃঙ্গী; পুরুষ সংসর্গ রহিত স্ত্রী।

অক্ষদর্শক, পু. বি. (অক্ষ-দৃশ, দর্শন, ণক) ব্যবহারদ্রষ্টা; ধর্ম্মাধ্যক্ষ। জজ; ইতিইংরাজিভাষা।

অক্ষদৃক্, পু. বি. (অক্ষ-দৃশ, দর্শন, ক্বিপ) অক্ষদর্শক; বিচার কর্ত্তা; ধর্ম্মাধ্যক্ষ; ব্যবহারদ্রষ্টা।

অক্ষদেবী, পু. বি. (অক্ষ-দেব, ব্যক্তিভেদ, ইন) দ্যূতক্রীড়াকারক; পাশাখেলক; ইতিমেদিনী।

অক্ষধূর্ত্ত, পু. বি. (অক্ষ-ধূ, ধারণ, ক্ত) পাশক্রীড়ক; জুয়ারী; পাশাখেলায় চতুরব্যক্তি; যথা—অক্ষধূর্ত্ত শকুনি ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে ইতি মহাভারত উদ্যোগপর্ব্ব ৬ পৃষ্ঠা।

অক্ষধূর্ত্তিল, পু. বি. (অক্ষ-ধূর্ত্ত, চতুর, ইল) বৃষ।

অক্ষপাটক, পু. বি. (অক্ষ-পট, ব্যক্তিভেদ, ণক) ধর্ম্মাধ্যক্ষ; বিচারক; বিবেচক; জজ; ইতিহেমচন্দ্র।

অক্ষপাদ, পু. বি. (অক্ষ-পদ, ব্যক্তিভেদ, ঘঞ) তার্কিক; নৈয়ায়িক; গৌতমমুনি; ন্যায়শাস্ত্রপ্রণেতা।

অক্ষবতী, স্ত্রী. বি. [অক্ষ, খেলন, বতু-ঈ] দ্যূতক্রীড়া; পাশাখেলা; চৌপাড়খেলা; ক্রীড়াবিশেষ।

অক্ষবাট, পু. বি. (অক্ষ-বট, স্থানভেদ, ঘঞ) মল্লভূমি; যুদ্ধক্ষেত্র; কুস্তিরস্থান; ইতিবিশ্ব। রঙ্গস্থান।

অক্ষবিৎ, ত্রি. বিণ. (অক্ষ-বিদ, জ্ঞান, ক্বিপ) দ্যূতজ্ঞ; ব্যবহারজ্ঞ; বিচারজ্ঞ; যে ব্যবহার বিষয়ে অভিজ্ঞ।

অক্ষম, ত্রি. বিণ. (অ-ক্ষম, শক্ত, অল) ক্ষমারহিত; ক্ষমতাশূন্য; অশক্ত; অপারক; যথা—অন্তর্যামী যিনি; আমি কহিতে অক্ষম। ইতি মেঘনাদ বধকাব্য ১৫ পৃষ্ঠা।

অক্ষমতা, স্ত্রী. বি. (অ-ক্ষম, শক্ত, তা) অশক্ততা; শক্তিহীনতা; অপারকতা; ইতিঅমরকোষ। যথা— এতন্নির্ণয় করনে অক্ষমতা প্রযুক্ত ইতি সেক্সপিয়র ১৪৯ পৃষ্ঠা।

অক্ষমা, স্ত্রী. বি. (অ-ক্ষম, ক্ষমা, ঙ-আ) অক্ষান্তি; ঈর্ষা; নিন্দা; তিতিক্ষানহে; যথা—বিপদ্ অনুধাবনে অক্ষমা হইয়া ইতি সেক্সপিয়র ১৬৭ পৃষ্ঠা।

অক্ষমালা, স্ত্রী. বি. (অক্ষমাল, মালা, আ) অক্ষসূত্র; রুদ্রাক্ষমালা; জপমালা; অরুন্ধতী; বশিষ্টপত্নী; অকারাদি ক্ষকারান্ত বর্ণমালা; ইতি অমরকোষ।

অক্ষয়, ত্রি. বিণ. (অ-ক্ষি, ক্ষয়, অল) ক্ষয়রহিত; অব্য-

য় ; অনশ্বর ; চিরস্থায়ী ; যথা—বুদ্ধিমান্ ব্যক্তিরা জ্ঞানরত্নের অক্ষয় ভাণ্ডার স্বরূপ ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৬ পৃষ্ঠা।

(ক্লী · বি ·) তিথিঘটিত যোগবিশেষ ; ইতি বিশ্ব।

অক্ষয়তৃতীয়া , স্ত্রী . বি . (অক্ষয়-তৃ, তিন , তীয়-আ) চান্দ্রবৈশাখের শুক্ল তৃতীয়া ; ইতিস্মৃতি। তিথিভেদ।

অক্ষয়া , স্ত্রী . বি . (অ-ক্ষি , ক্ষয় , অল-আ) বার তিথিঘটিতযোগবিশেষ ; ইতিঅমরকোষ। পুণ্যতিথিভেদ।

অক্ষর , ক্লী . বি . (অ-ক্ষর , নাশ , অল) ব্রহ্ম ; পরমেশ্বর ; অকারাদি বর্ণ ; যথা—এই কয়েকটী অক্ষর অঙ্কিত ছিল , ইতি সেক্সপিয়র ২৪৪ পৃষ্ঠা।

গগন ; ধর্ম্ম ; তপস্যা ; অপামার্গ ; মোক্ষ ; জল ; (পু .) শিব ; বিষ্ণু ; (ত্রি . বিন ·) অনশ্বর ; অচ্যুত ; স্থায়ী।

অক্ষরচঞ্চু , পু . বি . (অক্ষর-চঞ্চ , লেখন , উ) লেখক ; যে লিপিকার্য্যে বিলক্ষন পটু ; লিপিদক্ষ ; ইতি বিশ্ব।

অক্ষরচন , পু . বি . (অক্ষ-রচ , রচনা, অনট) লিপিকর ; লেখক ; মুন্শী ; ইতিঅমরকোষ। যে লেখায় পটু।

অক্ষরচুঞ্চু , পু . বি · (অক্ষরচুঞ্চ , লেখন , উ) সুলেখক ; শীঘ্র অথচউৎকৃষ্টলেখক ; লিপিকার্য্যে নিপুন।

অক্ষরজননী , স্ত্রী . বি . (অক্ষর-জন , জনন , অনট-ঈ) লেখনী ; কলম ; যাহাহইতে লেখাহয় ; ইতি ধরণি।

অক্ষরজীবক , পু . বি . (অক্ষর-জীব , জীবন , নক) লিপিকর ; লেখক ; যে ব্যক্তি অক্ষরের জীবন দেয়।

অক্ষর জীবিক , পু . বি . (অক্ষর-জীব , জীবন , ইক) অক্ষরজীবী ; লেখক ; লিপিবৃত্তি ; কায়স্থজাতি।

অক্ষরতুলিকা , স্ত্রী . বি . (অক্ষর-তুল , কলম, ইক-আ) লেখনী ; কলম ; লিপিজননী ; ইতিজটাধর।

অক্ষরবিন্যাস , পু · বি · (অক্ষর-বি-নি-আস , বিন্যাস , অল) লিপি ; লিখন ; অক্ষররচনা ; ইতি অমরকোষ।

অক্ষরমালা , স্ত্রী . বি . (অক্ষর-মাল , মালা , ঙ-আ) অক্ষরশ্রেণী ; বর্ণমালা ; বর্ণসমূহ ; ইতি মেদিনী।

অক্ষরমুখ , পু . বি . (অক্ষর-মুখ , ব্যক্তিভেদ , ক) শিষ্য ; ছাত্র ; যাহার বর্ণ ই মুখ ; বিদ্যার্থী।

অক্ষররহিত , ত্রি . বিন · (অক্ষর-রহ, বর্জন , ক্ত) অক্ষরহীন ; বর্ণশূন্য ; যেখানেবর্ণনাই ; যাহাতে বর্ণ নাই।

অক্ষরসংস্থান , ক্লী . বি . (অক্ষর-সং-স্থা , স্থিতি , অনট) লিপি ; লিখন ; বর্ণবিন্যাস ; বর্ণ সাজান।

অক্ষসূত্র , ক্লী . বি . (অক্ষ-সূত্র , মালা , অল) অক্ষমালা ; জপমালা ; হাড়েরমালা ; ইতিঅমরকোষ।

অক্ষাংশ , পু . বি . (অক্ষ-অংশ , ভাগ , অল) কল্পিত ভুগোলের উপরিস্থ রেখার সংখ্যাবিশেষ।

অক্ষাগ্রকীলক , পু · বি · (অক্ষাগ্র-কীল , খোঁটা , নক) রথচক্র রোধার্থ-শঙ্কু ; চাকারখিল ; ইতিঅমরকোষ।

অক্ষান্তি , স্ত্রী . বি . (অ-ক্ষম , ক্ষমা, ক্তি) পরগুণ সহিষ্ণুতা ; ঈর্ষা ; অধৈর্য্য ; ইতি অমরকোষ। যথা—যুবরাজ এক্ষনে রোষপরবশতা প্রযুক্ত অক্ষান্তি দ্বারা ইতি সেক্সপিয়র ১৬১ পৃষ্ঠা।

অক্ষারলবন , ক্লী . বি . (অক্ষার-লূ , রসবিশেষ , অনট) সৈন্ধবলবন ; গোদুগ্ধ , গোঘৃত , ধান্য , মুগ , তিল , যব , সৈন্ধব , সমুদ্রোৎপন্নদ্রব্য , ইহাদের নাম অক্ষার লবণ।

অক্ষি , ক্লী . বি . (অক্ষ , অঙ্গভেদ , ই) চক্ষু ; নেত্র ; যথা—উক্ত অক্ষি সমীপস্থ সূক্ষ্ম বস্তুরও সাক্ষী ইতি নৈষধচরিত ৬২ পৃষ্ঠা।

অক্ষিক , পু . বি . (অক্ষ , দ্রব্যভেদ , ইক) রঞ্জনদ্রুম ; আচফুলের গাছ ; বৃক্ষবিশেষ ; ইতিরত্নমালা।

অক্ষিকূটক , পু . বি . (অক্ষি-কুট , অঙ্গভেদ, নক (নেত্রমনি ; চক্ষুরতারা ; ইতিমেদিনী। চক্ষুর মণি।

অক্ষিগত , ত্রি . বিণ · (অক্ষি-গম , গমন , ক্ত) দ্বেষ্য ; নেত্রগত ; হিংসার যোগ্য ; দ্বেষার্হ ; বৈরাস্পদ ; ঘৃনাস্পদ ; নয়নগোচর ; ইতি অমরকোষ। দর্শন।

অক্ষিন্ন , ত্রি · বিণ . (অ-ক্ষিদ , খেদ , ক্ত) অক্ষুণ্ণিত ; যে ব্যক্তি খেদিত নহে ; যে ক্ষুব্ধচিত্ত নয় ; যথা—তাহাতেএখনও অক্ষিন্নআছি ইতিসেক্সপিয়র৪৪০পৃষ্ঠা।

অক্ষিপক্ষ্ম , ক্লী . বি . (অক্ষি-পক্ষ , পাখা , ম) চক্ষুর লোম ; যথা—লোকের অক্ষিপক্ষ্মের আঘাতেও ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২০ পৃষ্ঠা।

অক্ষিব , পু . বি . [অক্ষি, দ্রব্যভেদ , ব] শোভাঞ্জন বৃক্ষ ; শজিনাগাছ ; (ক্লী .) সামুদ্রলবন ; ইতিঅমর।

অক্ষিবিকূণিত , ক্লী · বি . (অক্ষি-বি-কুণ , দর্শন , ক্ত) কটাক্ষ ; অপাঙ্গদৃষ্টি ; ঈষদ্দর্শন ; ইতিহেমচন্দ্র।

অক্ষিবিভ্রম , পু . বি . (অক্ষি-বি-ভ্রম , ভুল , অল) দৃষ্টিবিভ্রম ; অন্যথাদর্শন ; ভুলদেখা ; ইতি মেদিনী।

অক্ষিবিক্ষেপ , পু . বি . (অক্ষি-বি-ক্ষিপ , ক্ষেপ , অল) দৃষ্টিক্ষেপ ; কটাক্ষপাত ; ঈষদ্দর্শন ; বক্রদর্শন।

অক্ষীক , পু . বি . (অক্ষ , উদ্ভিজ্জভেদ , ঈক) রঞ্জনদ্রু ; আচফুলের গাছ ; বৃক্ষবিশেষ ; ইতি রত্নমালা।

অক্ষীণ, ত্রি. বিণ. (অ-ক্ষী, কৃশ, ক্ত) অকৃশ; সুস্থ; হৃষ্টপুষ্ট; পূর্ণ; যে দুর্ব্বলনহে; ইতি ধরণী।

অক্ষীব, ক্লী. বি. (অক্ষ, দ্রব্যভেদ, ঈব) সামুদ্রলবণ; (পু.) শোভাঞ্জনবৃক্ষ; (ত্রি. বিণ.) অমত্ত।

অক্ষুণ্ণ, ত্রি. বিণ. (অ-ক্ষুধ, ক্ষোদা, ক্ত) অক্ষোদিত; অচূর্ণিত; মনস্তাপরহিত; যে ব্যক্তি ক্ষুব্ধনয়।

অক্ষুব্ধ, ত্রি. বিণ. (অ-ক্ষুভ, ক্ষোভ, ক্ত) ক্ষোভ-রহিত; খেদশূন্য; সন্তাপ বিহীন; ক্ষুব্ধচিত্ত নহে; যথা—উপস্থিত বিপদে অক্ষুব্ধচিত্ত হইয়া ইতি টেলি-মেকস ২০ পৃষ্ঠা।

অক্ষোট, পু. বি. (অক্ষ, দ্রব্যভেদ, ওট) অক্ষোড়বৃক্ষ; পর্ব্বতজ পীলুগাছ; আখরোট্; ইতিঅমরকোষ।

অক্ষোড়, পু. বি. (অক্ষ, দ্রব্যভেদ, ওড়) আক্রোটগাছ।

অক্ষোভ, পু. বি. (অ-ক্ষুভ, ক্ষোভ, অল) হস্তিবন্ধন-স্তম্ভ; আলান; শঙ্কু; (ত্রি. বিণ.) ক্ষোভরহিত; যথা—মদীয় অসুবিনাশককে অক্ষোভে বিবাহ করিল ইতি সেক্‌সপিয়র ১৫১ পৃষ্ঠা।

অক্ষোভ্য, ত্রি. বিণ. (অ-ক্ষুভ, ক্ষোভ, য) অধৃষ্য; অবিচলনীয়; যাহাকে নাড়িতে পারা যায় না।

অক্ষৌহিণী, স্ত্রী. বি. (অক্ষ-উহ, সেনাভেদ, ইন্-ঈ) সংখ্যাবিশেষ যুক্তসেনা; ২১, ৮৭০ হস্তী, ২১, ৮৭০ রথ, ৬৫, ৬১০ ঘোটক, ১০৯, ৩৫০ পদাতি, সমুদায়ে ২, ১৮, ৭০০ এতাবৎ সংখ্যক সৈন্য; যথা—মহাবল পরাক্রান্ত অক্ষৌহিণী পতি ভূপালগণ ইতি মহাভারত শল্যপর্ব্ব ৫০ পৃষ্ঠা।

আ

আ, (ব্য.) আকার ; দ্বিতীয় স্বরবর্ণ ; স্মরণ ; বাক্য ; অনুকম্পা ; সমুচ্চয় ; কচিৎ নিষিদ্ধ সন্ধিবর্ণ।

আই, স্ত্রী. বি. (আর্য্য, শ্রেষ্ঠ, অক-ঈ, আর্য্যকীর প্রচলিত ভাষা আই) মাতামহী ; মাতার মাতা।

আইও, স্ত্রী. বি. (উহ, বিবাহ, ক্ত-আ) বিবহিতা স্ত্রী।

আইচ, ক্লী. বি. (অ-চ্যুত, ক্ষরণ, অ, অচ্যুতর প্রচলিত ভাষা আইচ) বৃক্ষবিশেষ ; পুষ্পবিশেষ।

আইজ, ক্রিবিণ. (অদ্যর ভাষা আইজ) অদ্য ; বর্ত্তমানদিন ; যে দিবস চলিতেছে ; ইতি অমরকোষ।

আইন, ক্লী. বি. (যাং) রাজবিধি ; রাজনিয়ম।

আইন্দা, ক্রিবিণ. (যাং) ভবিষ্যতে ; ইহারপরে।

আইবড়, ত্রি. বিণ. (অন-উহ, বিবাহ, ক্ত, অমূঢ়র ভাষা আইবড়) অবিবাহিত ; অকৃতোদ্বাহ।

আইসন, ক্লী. বি. (আইস, আসা, অন) আগমন ; পৌঁছন ; আসা ; উপস্থিত হওন ; ইতি বিশ্ব।

আউক, ক্লী. বি. (ইক্ষ, তৃণ ভেদ, উ) ইক্ষু ; গুড়তৃণ।

আউস, ক্লী. বি. (আশুর প্রচলিত ভাষা) ধান্যবিশেষ।

আওড়ন, ক্লী. বি. (আবৃত্তি-কৃ, করণ, অনট) আবৃত্তিকরণ ; পড়ন ; আবৃত্তি করণের প্রচলিত ভাষা।

আওতা, ত্রি. বিণ. (আ-বৃ, আবরণ, ক্ত) আবৃত ; আচ্ছন্ন ; ঢাকা ; আবৃতর প্রচলিত ভাষা ; আচ্ছাদিত।

আওভাও, ক্লী. বি. (আ-হ্বে, সম্বোধন, অনট) অভ্যর্থনা ; সমাদর ; অবস্থাবিশেষ ; অভ্যর্থনার ভাষা।

আং, (ব্য.) এবং ; স্বীকার ; হাঁ ; অঙ্গীকার।

আংশিক, ত্রি. বিণ. [অংশ, ভাগ, ষ্ণিক] একদেশ সম্বন্ধীয় ; একদেশগত ; একঅংশ ঘটিত ; যথা—সকল কার্য্যেই আংশিক দোষ ও আংশিক গুণ থাকে। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২১ পৃষ্ঠা।

আঁক, ক্লী. বি. (অঙ্ক, চিহ্ন, অ) অঙ্ক ; সংখ্যাস্থান।

আঁকা, ত্রি. বিণ. [আঁক্, দগ্ধ, আ] দগ্ধ ; চুঁয়া ; অঙ্কিত।

আঁকুড়সি, ক্লী. বি. (আ-কৃষ, আকর্ষণ, ইন্-ঈ) আকর্ষ ; যাহাদ্বারা উচ্চহইতে দ্রব্যাদি আকর্ষণকরাযায়।

আঁকুবাঁকু, ক্লী. বি. (আ-কিঞ্চ, আকিঞ্চন, অনট) আকিঞ্চনের প্রচলিত ভাষা ; যত্ন ; যথা—করে আঁকুবাঁকু, গেরা গেরা ডাকু, আর আলা আলা কয়। ইতি কর্ম্মদেবী ১৩ পৃষ্ঠা।

আঁখি, ক্লী. বি. (অক্ষ, নেত্র, ই) অক্ষি ; চক্ষু ; নেত্র ; যথা—ঠুকে তাল, আঁখি লাল, কি করাল মূর্ত্তি। ইতি কর্ম্মদেবী ৫৫ পৃষ্ঠা।

আঁচ, ক্লী. বি. (উৎ-তপ, তাপ, ঘঞ- উত্তাপের প্রচলিত ভাষা) উত্তাপ ; উষ্ণতা ; তাপ ; ইতি মেদিনী।

আঁচড়ন, ক্লী. বি. (আ-চট, দাগ, অনট) চিহ্ন ; দাগ ; ভূমিতে অঙ্কপাত ; নখদ্বারা ক্ষত বিক্ষতকরা।

আঁচমন, ক্লী. বি. (আচম্, জলগ্রহণ, অনট) জলস্পর্শ ; ধর্ম্মক্রিয়া নিমিত্ত মন্ত্রপাঠ পূর্ব্বক নিয়মিত জল গ্রহণ।

আঁচমনীয়, ত্রি. বিণ. (আ-চম, আচমন, অনীয়) যেদ্রব্য ভোজন করিলে আচমন করিতে হয় ; ভ্রষ্টতণ্ডুল ; মুড়ি ইত্যাদি ; যাহা ভোজনে আচমন উচিত।

আঁচল, পুং. বি. [অঞ্চল, বস্ত্রের প্রান্ত-ভাগ, ড়ি] অঞ্চল ; স্ত্রীলোকের বস্ত্রের প্রান্ত ভাগ ; বস্ত্রের একদেশ ; যথা—তড়িত লুটায় পায় ধড়ার আঁচলে। ইতি ভারতচন্দ্র ২৪০ পৃষ্ঠা।

আঁচলা, স্ত্রী. বি. [অঞ্চল, বস্ত্রের প্রান্তভাগ, আ] স্ত্রীপরিধেয় বস্ত্রের প্রান্ত ভাগ ; আঁচল ; কাপড়ের শেষ।

আঁচান, ক্লী. বি. (আ-চম, আচমন, অনট) আচমন ; ভোজনান্তর হস্ত মুখ প্রক্ষালন ; হাত মুখ ধোয়া।

আঁজন, ক্লী. বি. (অন্জ, দ্রব্যভেদ, অনট) অঞ্জন; কজ্জল; কাজল; নেত্রাভরণ; নয়নের ভূষণ।

আঁজলা, ক্লী. বি. (অঞ্জল, করসংযোগ, ই) অঞ্জলি; যুক্ত কর দ্বয়; কর পুট; দুই হস্ত সংযোগ করা।

আঁটকুড়া, ত্রি. বিণ. [অন্ অপত্য, সন্তান, চি] সন্তানহীন; নির্ব্বংশ; বংশশূন্য; যাহার পুত্রাদি নাই।

আঁটন, ক্লী. বি. (আট, শক্ত, অনট) শক্তরূপে বন্ধন; দৃঢ় করণ; সম্পোষ্য হওন; কঠিন রূপে বাঁধা।

আঁটাআঁটি, ত্রি. বিণ. (পীড়া-পীড়, পীড়ন, ই) পীড়াপীড়ীর ভাষা; জেদাজেদী; যথা—যদি দেখে আঁটাআঁটি, কান্দিয়া ভিজায় মাটি, ইতি ভারতচন্দ্র ২৪৫ পৃষ্ঠা।

আঁটাল, ত্রি. বিণ. (আটা, দৃঢ়তা, ল) দৃঢ়; কঠিন; বদ্ধ; বাঁধা; গোছাল; বিলক্ষণ শক্ত; ইতি বিশ্ব।

আঁটি, ক্লী. বি. (আট্, তৃণ সমূহ, ই) তৃণাদির কিয়ৎ পরিমিত মুষ্টি; বন্ধন তৃণ সমূহ; বীজ; বীচ।

আঁটু, ক্লী. বি. (আট, অঙ্গভেদ, উ) হাঁটু; উরুস্থান।

আঁড়িয়া, পু. বি. [অনডুহ, বৃষ, প্রথমা] বৃষ; মাতা; অন্তঃসত্ত্বা হইলে স্তন্যাভাবে যে শিশু দুর্ব্বল হয়।

আঁড়িয়ালাগন, ক্লী. বি. (আঁড়িয়া-লাগ, লাগা, অনট) স্তন্যপানাভাবে শিশুর দৌর্ব্বল্য হওন।

আঁতসা, স্ত্রী. বি. [আতস, দ্রব্যভেদ, আ] মিষ্টান্নভেদ।

আঁতুড়, ক্লী. বি. [আতুড়, গৃহভেদ, চি] সূতিকাগার; প্রসবগৃহ; যে ঘরে সন্তান প্রসব হয়; ইতি মেদিনী।

আঁতুড়ঘর, ক্লী. বি. (আতুড়-য়, ঘর, অল) প্রসবেরস্থান; সূতিকাগৃহ; যেঘরে ছেলে হয়; ইতি জটাধর।

আঁৎ, ক্লী. বি. (অন্ত্র, নাড়ী, অল) নাড়ী; অন্ত্র; যথা—বাতে দাঁত নড়ে, পেটে আঁত পড়ে, ইতি কুমারসম্ভব ৬৮ পৃষ্ঠা।

আঁৎকান, ক্লী. বি. (আতঙ্ক, শঙ্কা, অল) ভয়করণ; ত্রাস; শঙ্কা; ভয়ে বিস্ময়াপন্ন হওয়া; ভয়েচীৎকার।

আঁৎরসা, স্ত্রী. বি. (অন্তর-রস, পীড়া, ঙ-আ) উদরাময়; পেটের পীড়া; আমাশয়; ইতি মেদিনী।

আঁধলা, ত্রি. বিণ. (অন্ধ, নেত্রহীন, অল) অন্ধ; দৃষ্টিহীন; কানা; নেত্রশূন্য; যে দেখিতে পায় না।

আঁধার, পু. বি. (অন্ধ, কৃ, করণ, ঘঞ) অন্ধকার; যথা—পবনে নিভাল দীপ হইল আঁধার। ইতি কুমারসম্ভব ৫০ পৃষ্ঠা।

আঁব, পু. বি. (আম, ফলভেদ, র) আম্র; আম; চূত।

আঁশ, ক্লী. বি. (অংশ, ভাগ, অল) তন্তু; সুতা; সূত্র; দ্রব্য বিশেষের অন্তর সূত্র; ইতি অমরকোষ।

আঁশান, ক্লী. বি. (শুষ্ক-কৃ, করণ, অনট) শুষ্ককরণ;

আঁশাল, ত্রি. বিণ. (অংশ, ভাগ, আল) আঁশযুক্ত; আঁশুয়া বিশিষ্ট; যে দ্রব্যের অনেক আঁশ আছে।

আঁশুয়া, ক্লী. বি. (অংশ, ভাগ, অল) আঁশ; ছিবড়া।

আঃ, (ব্য.) কোপ, পীড়া, স্মৃতি; স্পর্দ্ধা; তর্জ্জন; যথা—কোপে কম্পিত কলেবরা হইয়া কহিলেন আঃ ক্লাদিও অতি দুরাত্মা ইতি সেক্সপিয় ১১৫ পৃষ্ঠা। (পু. বি.) মহেশ্বর; শিব; ইতি পুরুষোত্তম।

আক, ক্লী. বি. (ইক্ষ, তৃণভেদ, উ) আখু; ইক্ষু; মধুলতা; অসিপত্র; তৃণবিশেষ; ইতি মেদিনী।

আকজ, ক্লী. বি. (আকজ, বিবাদ, অ) আক্রোশ; বিরোধ; শত্রুতা; বিবাদ; হিংসাবিশেষ।

আকজাকজি, ক্লী. বি. (আকজ-আকজ, বিবাদ, ই) দ্বেষাদ্বেষি; পরস্পর বৈরিতা; উভয়ে শত্রুতা।

আকণ্ঠ, ক্রিবিণ. (আ-কণ্ঠ, গলা, অল) গলায়গলায়; গলদেশ পর্য্যন্ত; কণ্ঠাপর্য্যন্ত; ইতি অমরকোষ।

আকণ্ঠোদর, ত্রি. বিণ. (আকণ্ঠ-উদর, পেট, অল) পেটুক; কণ্ঠপর্য্যন্ত ভোক্তা; যাহার কণ্ঠদেশপর্য্যন্ত উদর; তুন্দিল; ইতি শব্দ রত্নাবলী। যাহার লম্বা উদর।

আকন্দ, পু. বি. (আ-কন্দ, বৃক্ষভেদ, অল) বৃক্ষবিশেষ; অর্ক; আকন্দ গাছ; ইতি অমরকোষ।

আকম্পিত, ত্রি. বিণ. (আ-কম্প, কম্পন, ক্ত) কম্পনবিশিষ্ট; ঈষৎকম্পিত; আধূত; চালিত; ইতি অমর। যথা—আমার হৃদয় আকম্পিত হইতেছে ইতি বিক্রমোর্ব্বশী ৪২ পৃষ্ঠা।

আকম্র, ত্রি. বিণ. (আ-কম, দৃশ্য, র) ঈষৎকমনীয়; কিঞ্চিৎসুদৃশ্য; যাহা দেখিতে প্রায় উৎকৃষ্ট।

আকর, পু. বি. (আ-কৃ, করণ, অল) ধাতুরত্ন প্রভৃতির খনি; সমূহ; শ্রেষ্ঠ; আদি; উৎপত্তিস্থান; যথা—তদ্দ্বারা অর্থের আকর ক্রমে ক্রমে শূন্য হইয়া আইসে। ইতি বাহ্যবস্তুর সহিত ৮১ পৃষ্ঠা।

আকরীয়, ত্রি. বিণ. (আ-কৃ, করণ, ঈয়) খনিজ; আকর সম্বন্ধীয়; যাহা আকর হইতে উৎপন্ন হইয়াছে।

আকর্ণ, ত্রি. বিণ. (আ-কর্ণ, কাণ, অল) কর্ণ পর্য্যন্ত; যথা—আকর্ণআকর্ষণকরিলেন ইতিনৈষধচরিত১৭পৃষ্ঠা।

আকর্ণচক্ষু, পুং. বি. (আ-কর্ণ চক্ষ, নেত্র, উস্‌) কর্ণ পর্য্যন্ত বিস্তৃতচক্ষু; দীর্ঘনয়ন; বিশালনেত্র; বড়চক্ষু।

আকর্ণন, ক্লী. বি. (আ-কর্ণ, শ্রবণ, অনট) শুনন; শব্দগ্রহণ; শব্দাদি কর্ণকুহরে প্রবিষ্ট হওয়া; শ্রবণ; যথা—এইকথা আকর্ণনকরিয়া ইতিসেক্‌সপিয়র৮পৃষ্ঠা।

আকর্ণনয়ন, পুং. বি. (আ-কর্ণ-নী, দর্শন, অনট) কর্ণ পর্য্যন্ত বিস্তৃত চক্ষু; কাণপর্য্যন্তচক্ষু; দীর্ঘনেত্র।

আকর্ষ, পুং. বি. (আ-কৃষ, ক্রীড়া, অল) পাশক; পাশা; অক্ষক্রীড়া; পাশাখেলা; ছক; ইন্দ্রিয়; আকর্ষণ।

আকর্ষক, পুং. বি. (আ-কৃষ, কর্ষণ, ণক) শিলাভেদ; চুম্বক পাতর; (ত্রি. বিণ.) যে আকর্ষণ করে; যথা—তাহার সৌন্দর্য্য মাধুর্য্য প্রথমতঃ যাদৃশ মনের আকর্ষক হয় ইতি সেক্‌সপিয়র ১৯০ পৃষ্ঠা।

আকর্ষণ, ক্লী. বি. (আ-কৃষ, কর্ষণ, অনট) আকর্ষ; বলদ্বারা আনয়ন; আঁকুড়সী; টানন; ইতিঅমর। যথা—এক অতি অল্পবয়স্ক শিশু সিংহশিশুর কেশর আকর্ষণ করিয়া ইতি শকুন্তলা ৯০ পৃষ্ঠা।

আকর্ষণী, স্ত্রী. বি. (আ-কৃষ, কর্ষণ, অনট-ঈ) আকর্ষণকারিণী; ফল পুষ্পাদি আহরণ যষ্টি বিশেষ; আঁকুষী; আঁকুড়ী; বিদ্যাবিশেষ; ইতি মেদিনী।

আকর্ষিণী, স্ত্রী. বি. (আ-কৃষ, কর্ষণ, ণিন্‌) শিলাবিশেষ; চুম্বক প্রস্তর; আঁকুড়সী; ইতি অমরকোষ।

আকলন, ক্লী. বি. (আ-কল, গণনা, অনট) আকাঙ্ক্ষা; পরিসংখ্যা; বন্ধন; আকর্ষণ; গণন; সংগ্রহ।

আকলিত, ত্রি. বিণ. (আ-কল, গণনা, ক্ত) আবদ্ধ; পরিসংখ্যাত; গণিত; যাহা সংগ্রহ করা হইয়াছে।

আকল্প, পুং. বি. (আ-কল্প, কল্পনা, অল) বেশভূষা; সজ্জা; আভরণ; বৃদ্ধি; উন্নতি; পীড়া; ইতি অমরকোষ। কল্পন; প্রলয় কাল পর্য্যন্ত; ইতি মেদিনী। মণ্ডন; রোগ; ইতি হেমচন্দ্র। ব্যাধিভেদ।

আকল্পক, পুং. বি. (আ-কল্প, কল্পনা, ণক) তমঃ; মোহ; গ্রন্থি; উৎকণ্ঠা; হর্ষ; ইতি মেদিনী।

আকল্পরচনা, স্ত্রী. বি. (আকল্প-রচ, রচন, অন-আ) বেশ রচনা; সজ্জা করণ; সাজা; ইতি অমর।

আকষ, পুং. বি. (আ-কষ, কষা, অল) প্রস্তরবিশেষ; কষ্টিপাতর; যাহাতে স্বর্ণ রৌপ্যাদি ঘসে।

আকস্মিক, ত্রি. বিণ. [অকস্মাৎ, হঠাৎ, ষ্ণিক] অকস্মাৎ উৎপন্ন; হঠাজ্জাত; হঠাৎ উদ্ভব; যাহা সহসা হয়; যথা—আপনার আকস্মিক উদ্বেগের শান্তি হইবার ইতি রোমাবতী ২৬ পৃষ্ঠা।

আকা, স্ত্রী. বি. (আক, উনান, ঙ-আ) চুল্লী; উনান।

আকাঁড়া, ত্রি. বিণ. (আ-কাড়, প্রবলতা, ঙ-আ) সতুষতণ্ডুল; অপরিষ্কৃত চাউল; মহাবল পরাক্রান্ত।

আকাঙ্ক্ষা, স্ত্রী. বি. (আ-কাঙ্ক্ষ, ইচ্ছা, ঙ-আ) ইচ্ছা; স্পৃহা; অভিলাষ; বাঞ্ছা; বাসনা; ইতিধরণী। যথা—বিশেষ প্রসন্নতা লাভের আকাঙ্ক্ষায় ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ১২ পৃষ্ঠা।

আকাট, ক্লী. বিণ. (আ-কট, বর্ষণ, ঘঞ) অনাবৃষ্টি; দুর্ভিক্ষ; অকাল; যাহা কাটাহয় নাই; ইতি অমর।

আকাটা, ত্রি. বিণ. (অ-কাট, কাটা, আ) অকর্ত্তিত; অখণ্ডিত; যাহাকাটা হয় নাই; ইতি অমরকোষ।

আকামান, ত্রি. বিণ. (আ-কাম, মুণ্ডন, আন) অমুণ্ডিত; যে সর্পের বিষ দন্ত উদ্ধার নাহয়; ইতি বিশ্ব।

আকায়, পুং. বিণ. (আ-কায়, স্থানভেদ, অল) নিবাস; বাসস্থান; (ত্রি. বিণ.) যেস্থানে বসতি করে।

আকার, পুং. বি. (আ-কৃ, করণ, ঘঞ) ইঙ্গিত; আকৃতি; মূর্ত্তি; শোক হর্ষাদিসূচক মুখভঙ্গ্যাদি; চিহ্ন; সঙ্কেত; ঠার; চেহারা; ইতি জটাধর। যথা—উভয়েরআকারসৌসাদৃশ্য দর্শন করিয়া ইতিশকুন্তলা৯৪পৃষ্ঠা।

আকারগুপ্তি, স্ত্রী. বি. (অকার গুপ, গোপন, ক্তি) ভয়হর্ষাদি হেতুক মুখবিকারাদির গোপন।

আকারগোপন, ক্লী. বি. (আকার-গুপ, গোপন, অনট) আকারগুপ্তি; রত্যাদি সূচক মুখ রাগাদি গোপন।

আকারণ, ক্লী. স্ত্রী. বি. (আ-কৃ, করণ, অনট) আহ্বান; ডাকন; সম্বোধন; ডাকা; ইতি হলায়ুধ।

আকারশূন্য, ত্রি. বিণ. (আকার-শূন, অভাব, য) আকৃতি বিহীন; অবয়ব শূন্য; যাহার আকারনাই।

আকারাদি, ত্রি. বিণ. [আকার-আদি, প্রথম, ণ্বি] আ অক্ষর অবধি; আ আদ্যাক্ষরযুক্ত; ইতি হেমচন্দ্র।

আকারান্ত, ত্রি. বিণ. (আকার-অন্ত, শেষ, অল) যাহার শেষে-আকার; আ যাহার শেষ অক্ষর।

আকাল, পুং. বি. (আ-কাল, সময়, অল) অকাল; দুর্ভিক্ষ; কুসময়; মন্দসময়; ইতি মেদিনী।

আকালিক, ত্রি. বিণ. (আ-কাল, সময়, ইক) ক্ষণধ্বংসি; অসময়ে উৎপন্ন; অকালসম্ভব; অসাময়িক; সমান কালীন জন্ম বিনাশ শালী; অকাল নিমিত্ত।

আকালিকী, স্ত্রী. বি. (আ-কাল, সময়, ইক-ঈ) বিদ্যুৎ; অকালে উৎপন্না; ইতি হেমচন্দ্র। অসময়োদ্ভবা।

আকাশ, পু. ক্লী. বি. (আ-কাশ, শূন্য, অল) পঞ্চভূতের মধ্যে ভূতবিশেষ; শূন্য; যথা—ঐ সময় আমরা আকাশপথে শলভ শ্রেণীর ন্যায় ইতি মহাভারত শল্যপর্ব্ব ২৭ পৃষ্ঠা।

দ্যো; অভ্র; পুষ্কর; ব্যোম; অন্তরীক্ষ; নভ; অম্বর; খ।

আকাশগ, ত্রি. বিণ. (আকাশ-গম, গমন, ড) আকাশগামী; শূন্যচর; যে শূন্যে গমনাগমন করে।

আকাশদীপ, পু. বি. (আকাশ-দীপ, বাতি, ক) বংশাদি যোগে উর্দ্ধেস্থাপিত প্রদীপ; অন্তরীক্ষস্থদীপ।

আকাশবল্লী, স্ত্রী. বি. (আকাশ-বল্ল, উদ্ভিদভেদ, ঈ) লতাবিশেষ; আকাশ বেল লতা; ইতি মেদিনী।

আকাশবাণী, স্ত্রী. বি. (আকাশ-বণ, কথনবিশেষ, ঘঞ-ঈ) অশরীরিণীবাক্; দৈববাণী; যথা—হইল আকাশবাণী বুঝেঅনুভবে। ইতিভারতচন্দ্র২২৭পৃষ্ঠা।

আকাশবিদ্যা, স্ত্রী. বি. (আকাশ-বিদ, জ্ঞান, ক্যপ্) বায়ু নিরূপণীয় বিদ্যা, শূন্য সম্বন্ধীয় বিদ্যা।

আকাশমণ্ডল, ক্লী. বি. (আকাশ-মণ্ডল, চন্দ্রসূর্য্যাদির পরিবেষ্টনের স্থান, অল) আকাশ; আকাশপরিধি; যথা—এক পাষাণখণ্ডে উপবিষ্ট হইয়া আকাশমণ্ডল নিরীক্ষণ করিতে ইতি চারুপাঠ ২ পৃষ্ঠা।

আকাশমূলী, স্ত্রী. বি. (আকাশ-মূল, দ্রব্যভেদ, ঈ) কুম্ভিকা; পানা; পুষ্করিণ্যাদির জলোপরি ভাসমান শৈবাল বিশেষ; দ্রব্যবিশেষ; ইতি হেমচন্দ্র।

আকাশরক্ষী, পু. বি. (আকাশ-রক্ষ, স্থানভেদ, ইন্) দুর্গেরবহিঃ প্রাচীরোপরি স্থিতচর; ইতি হেমচন্দ্র।

আকাশসলিল, ক্লী. বি. (আকাশ-সল, জল, ইল) দিব্যোদক; শিশির; বৃষ্টিরজল; হিম; ইতি অমর।

আকাশী, ত্রি. বিণ. (আ-কাশ, শূন্য, ইন্) আকাশীয়; আকাশস্থ; অবস্তু; যাহাশূন্যে আছে; ইতি বিশ্ব।

আকাশীয়, ত্রি. বিণ. [আকাশ, শূন্য, ঈয়] আকাশসম্বন্ধি; গগনস্থ; শূন্যের; শূন্যসম্বন্ধীয়; ইতিমেদিনী।

আকিঞ্চন, ক্লী. বি. (আ-কিঞ্চ, যত্ন, অনট) অকিঞ্চনতা; চেষ্টা; প্রয়াস; অধ্যবসায়; যত্ন; যথা—তাহার ন্যায় তুই অশক্য ও দুষ্প্রাপ্য বিষয়ে কেন বৃথা আকিঞ্চন করিতেছিস্। ইতি বিরাটপর্ব্ব ২৫ পৃষ্ঠা।

আকীর্ণ, ত্রি. বিণ. (আ-কৃ, করণ, ক্ত) ব্যাপ্ত; সংকীর্ণ; সঙ্কুল; জলাদিদ্বারা নিরব্কাশ; বিস্তীর্ণ; যথা—উরুদণ্ড সমুদায়ে আকীর্ণ হইয়া গেল। ইতি মহাভারত শল্যপর্ব্ব ১৮ পৃষ্ঠা।

আকুঞ্চন, ত্রি. বিণ. (আ-কুচ, সঙ্কোচ, অনট) কোঁকড়ান; গুটান; ন্যায়মতে পঞ্চপ্রকার কর্ম্মান্তর্গত কর্ম্ম বিশেষ; সঙ্কোচ; যথা—সতীর সেবায় মন, প্রাণপনে আকুঞ্চন, ইতি কর্ম্মদেবী ৭ পৃষ্ঠা।

আকুঞ্চিত, ত্রি. বিণ. (আ-কুচ, সঙ্কোচ, ক্ত) ঈষৎবক্রীকৃত; কিঞ্চিৎবাঁকান; সঙ্কোচিত; কোঁকড়ান।

আকুণ্ঠিত, ত্রি. বিণ. (আ-কুণ্ঠ, লজ্জা, ক্ত) লজ্জিত; সঙ্কুচিত; অপ্রস্তুত; কিঞ্চিৎজড়সড়হওয়া।

আকুণ্ডকুণ্ড, ক্লী. বি. (আকুণ্ড-কুণ্ড, কুন্দল, অল) বিবাদবৃদ্ধি; তুমুলবিরোধ; ঘোরতরকলহ; মহাঝগড়া।

আকুল, ত্রি. বিণ. (আ-কুল, ব্যগ্রতা, অল) ব্যাকুল, ব্যস্ত; কাতর; অপ্রগুণ; ব্যগ্র; বিহ্বল; অস্বাস্থ; সন্দিহান; ভয়চকিত; সংক্ষোভিত; ব্যাপ্ত; আবিষ্ট; সসম্ভ্রম; সঙ্কীর্ণ; অস্পষ্ট; উদ্বিগ্ন; যথা—ফুটে নানা জাতি ফুল, আকুল বিহঙ্গকুল, ইতি কুমারসম্ভব ২৭ পৃষ্ঠা।

আকুলিত, ত্রি. বিণ. (আ-কুল, ব্যগ্রতা, ক্ত) ব্যাকুল; ব্যগ্র; কাতর; ব্যস্ত; উদ্বিগ্ন; ইতি মেদিনী। যথা—আকুলিত চিত্তে বনমধ্যে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২৩৬ পৃষ্ঠা।

আকূত, ক্লী. বি. (আ-কু, ইচ্ছা, ক্ত) অভিপ্রায়; আশয়; মানস, ইচ্ছা; মনেরভাব; ইতি অমরকোষ। যথা—অন্তঃকরণ মধ্যে 'আকূত পূর্ণ হইল ইতি সেক্সপিয়র ১৩৮ পৃষ্ঠা।

আকৃতি, স্ত্রী. বি. (আ-কৃ, করণ, ক্তি) রূপ; শরীর; মূর্ত্তি; জাতি; আকার; প্রকার; অবয়ব; চেহারা; যথা—ভূতেরআকৃতিপ্রকৃতি ইতিসেক্সপিয়র১৪৮পৃষ্ঠা।

আকৃতিচ্ছত্রা, স্ত্রী. বি. (আকৃতি-ছত্র, বৃক্ষভেদ, ড-আ) ঘোষাতকীবৃক্ষ; শ্বেতঘোষাগাছ; ইতি হেমচন্দ্র।

আকৃষ্ট, ত্রি. বিণ. (আ-কৃষ, কর্ষণ, ক্ত) কৃতাকর্ষণ; যাহাকে আকর্ষণ করা হইয়াছে; বশীকৃত; গৃহীত; টানা; আকর্ষিত; ইতিহেমচন্দ্র। যথা—ষোড়শ বলীবর্দ্দ কর্ত্তৃক আকৃষ্ট শুভ্ররথে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৭ পৃষ্ঠা।

আকৃষ্টি, স্ত্রী. বি. (আ-কৃষ, কর্ষণ, ক্তি) আকর্ষণ;

টানন; খেচন; বল দ্বারা আনয়ন; ইতি বিশ্ব।

আকোকের, পু. বি. (আক-উক, রাশি-ভেদ, এর) দ্বাদশরাশির অন্তর্গত রাশি-ভেদ; মকররাশি।

আক্কেল, ক্লী. বি. (যাং) জ্ঞান; বুদ্ধি; বিবেচনা।

আক্রন্দ, পু. বি. (আ-ক্রন্দ, ক্রন্দন, অল) রোদন; আহ্বান; মিত্র; দারুণযুদ্ধ; ভ্রাতা; ধ্বনি; নাথ; পাষ্ণিগ্রাহের পর রাজা; সমীপস্থ রাজার পশ্চাদ্বর্ত্তী রাজার উপদ্রব; ভয়ানক সমর; ইতি ধরণি।

আক্রন্দিত, ক্লী. বি. (আ-ক্রন্দ, রোদন, ক্ত (আর্ত্তনাদ; ক্রন্দন; পীড়িতধ্বনি; (ত্রি. বিণ.) রোদনযুক্ত।

আক্রম, পু. বি. (আ-ক্রম, পাদবিক্ষেপ, অল) আক্রমণ; অধিক্রম; আকর্ষণ; অতিক্রম; ছাড়িয়াউঠা; আরোহণ; উদয়; যত্তিভব; অধিষ্ঠান; ইতিহেমচন্দ্র।

আক্রমণ, ক্লী. বি. (আ-ক্রম, পাদবিক্ষেপ, অনট) আক্রমকরণ; ব্যাপন; চড়াউ করণ; যথা— গ্রীস দেশীয় নরপতিগণ ট্রয় নগর আক্রমণ করিলেন। ইতি টেলিমেক ২ পৃষ্ঠা।
উপরিপ্লবন, উদয়; অতিক্রম; ছাড়িয়াউঠা; আরোহণ; অভিভব; অধিষ্ঠান; ইতি অমরকোষ।

আক্র[illegible] ত্রি. বিণ. (আ-ক্রী, ক্রয়, ডা) দুর্ম্মূল্য; মহার্ঘ্য; অক্রেয়; যাহার অনেক মুল্য; বহুমূল্য।

আক্রান্ত. ত্রি. বিণ. (আ-ক্রম, পাদবিক্ষেপ, ক্ত) কৃত[illegible]ক্রমণ; অধিক্রান্ত; আক্রমণবিশিষ্ট; অতিক্রান্ত; অভিভূত; গ্রস্ত; যাহার উপর-আক্রমণ করা যায়; যথা—তিনি ত্বরায় নানা রোগে আক্রান্ত হইলেন, ইতি চরিতাবলী ৬৫ পৃষ্ঠা।

আক্রামক, পু. বি. (আ-ক্রম, পাদবিক্ষেপ, নক) আক্রমন কারী; আকর্ষক; যেব্যক্তি আকর্ষণ করে।

আক্রীড়, পু. বি. (আ-ক্রীড়, স্থান ভেদ, ক) রাজোপবন; রাজার সাধারন বন; রাজকীয়উদ্যান; আমোদাদির স্থানবিশেষ; যথা—ঐ তীর্থ অপ্সরাদিগের আক্রীড় ভূমি বলিয়া ইতিমহাভারত শল্যপর্ব্ব ৮০পৃষ্ঠা।

আক্রোশ, পু. বি. (আ-ক্রুশ, রাগ, অল) ক্রোধেকর্ত্তব্যনিশ্চয়; অভিষঙ্গ; আক্ষেপ; শাপ; রাগ; কটূক্তি; ভর্ৎসনা; অভিসম্পাত; কোপ; যথা—পাণ্ডবগণের প্রতি আক্রোশ প্রকাশ ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ২৫ পৃষ্ঠা।

আক্রোশন, ক্লী. বি. (আ-ক্রুশ, রাগ, অনট) অভিশাপ; অভিষঙ্গ; কটূক্তি; ভর্ৎসনা; অভিসম্পাত।

আক্লান্ত, ত্রি. বিণ. (আ-ক্লম, শ্রম, ক্ত) শ্রান্ত; অতিশয়; ক্লান্তিযুক্ত; অবসন্ন; খিন্ন; শ্রান্তিবিশিষ্ট।

আখড়া, ক্লী. বি. (আ-খল, স্থান ভেদ, আ) গায়কদের সংগীত চালনার স্থল; আড্ডা বিশেষ।

আখণ্ড, ত্রি. বিণ. (আ-খণ্ড, খণ্ডন, অল) সমুদায়; খণ্ডরহিত; সম্পূর্ণ; ছেদশূন্য; ইতি জটাধর।

আখণ্ডল, পু. বি. (আ-খণ্ড, ব্যক্তিভেদ, অ-ল) ইন্দ্র; সহস্রাক্ষ; শচীপতি; দেবরাজ; ইতি অমরকোষ। যথা—দাস মত সদা রত এই আখণ্ডল। ইতি কুমারসম্ভব ১৮ পৃষ্ঠা।

আখনিক, পু. বি. (আ-খন, খনন, ইক) চৌর; উন্দরু; মূষিক; শূকর; অপহারক ভেদ; যে খননকরে।

আখা, ক্লী. বি. (আ-খন, খনন, ডা) চুল্লী; উনান।

আখাত, পু. ক্লী. বি. (আ-খন, খনন, ক্ত) অখাত; দেবখাত; অনির্ম্মিতজলাশয়; যাহালোকদ্বারাঅখনন।

আখিরী, ত্রি. বিণ. (যাং) শেষ; সমাপ্তি; অন্ত; সম্পূর্ণ।

আখু, পু. বি. (আ-খন, খনন, ডু) মুষিক; শূকর; চৌর; ইতি হেমচন্দ্র; দেবখাত বৃক্ষ; ইতি রত্নমালা।

আখুকর্ণী, স্ত্রী. বি. (আখু-কর্ণ, কাণ, অল-ঈ) লতাবিশেষ; মুষাকাণী; উন্দুরকর্ণী; ভূমিচরী; ইন্দুরকাণী।

আখুগ, পু. বি. (আখু-গম, গমন, ড) গণেশ; যে মুষিকারোহণে গমন করে; গজানন; হেরম্ব।

আখুট, ক্লী. বি. (আ-খুট, আবদার, ক) অকস্মাৎ বাসনা; বালকের আবদার; বালকের গাঁটা।

আখুপর্ণিকা, স্ত্রী. বি. (আখু-পর্ণ, পত্র, ইক-আ) লতাবিশেষ; ইন্দুর কাণী; মুষিক কর্ণের ন্যায় যার পত্র।

আখুপর্ণী, স্ত্রী. বি. (আখ-পর্ণ, পত্র, ঈ) আখুপর্ণিকা; লতাবিশেষ; ইন্দুরকাণীলতা; ইতি রত্নমালা।

আখুপাষান, পু. বি. [আখু-পাষান, পাতর, চ্ছি] পাষান বিশেষ; প্রস্তরভেদ; ইতি হলায়ুধ।

আখুভুক্, পু. বি. (আখু-ভুজ, ভোজন, ক্বিপ্) বিড়াল; মার্জ্জার; ওতু; যে ইন্দুরভক্ষণকরে; ইতিঅমর

আখুরথ, পু. বি. (আখু-রথ, যানবিশেষ, অল) গণেশ; লম্বোদর; গজানন; ইন্দুর হইয়াছে রথ যার।

আখুবিষহা, স্ত্রী. বি. (আখু-বিষ-হন, হনন, ড-আ) দেবতাড়বৃক্ষ; দেবদালীলতা; যদ্দারাইন্দুরেরবিষযায়

আখেজ, ক্লী. বি. (যাং) বিবাদ; কলহ; কচ্‌কচি।

আখেট, পু. বি. (আ-খিট, শিকার, অল) শিকার; মৃগয়া; বন বিশেষ; যথা—মৃগয়া আখেট বনে ইতি কর্ম্মদেবী ৭ পৃষ্ঠা।

আখেটক, পু. বি. (আ-খিট, শিকার, ণক) মৃগয়া; পশুপক্ষি শিকার; বনে গিয়া পশু হনন; ইতি বিশ্ব।

আখেটশীর্ষক, ক্লী. বি. (আখেট-শীর্ষ, স্থানভেদ, ণক) কুট্টিমভেদ; সুড়ঙ্গ; সিঁদ; ইতি শব্দরত্নাবলী।

আখেটিক, পু. বি. (আ-খিট, জন্তুভেদ, ইক) মৃগয়া-কুশলকুক্কুর; বিশ্বকদ্রু; শিকারিকুক্কুর; ইতিহারাবলী।

আখেটী, ত্রি. বিণ. (আ খিট, দারুণ, ঈ) ভয়ানক।

আখের, ক্লী. বি. (যাং) শেষ; অবসান; পরিণাম।

আখোট, পু. বি. (আ-খুট, ফলভেদ, অল) আ-খরোট ফল; ফলবিশেষ; ইতি অমরকোষ।

আখ্যা, স্ত্রী. বি. (আ-খ্যা, নাম, ঙ-আ) সংজ্ঞা; অভিধান; নাম; যথা—তাহার মাতা লিটিসিয়া রা-মলিনী আখ্যায় বিখ্যাতা, ইতি জীবনবৃত্তান্ত ৭৯পৃষ্ঠা।

আখ্যাত, ত্রি. বিণ. (আ-খ্যা, নাম, ক্ত) কথিত; উক্ত; প্রসিদ্ধ; ব্যাকরণের ধাতু প্রকরণ; তি প্রভৃতি বিভক্তি; ইতি অমরকোষ। সংজ্ঞাবিশিষ্ট।

আখ্যান, ক্লী. বি. (আ-খ্যা, নাম, অনট) নাম; সং-জ্ঞা; ইতিহাস; উপন্যাস; কথন; নামোল্লেখ।

আখ্যায়িকা, স্ত্রী. বি. (আ-খ্যা, নাম, ইক-আ) ইতি হাসগ্রন্থ; উপন্যাসপুস্তক; উপলব্ধার্থকথা; উপকথা।

আগঃ, ক্লী. বি. (আ-গম্, পাপ, ক্বিপ্) পাপ; অপ-রাধ; ত্রুটি; অপচয়; ক্ষতি; ন্যূনতা; ইতি মেদিনী।

আগড়, ক্লী. বি. (আ-গড়, আবরণ, অল) দ্বারের-আবরণ; ঝাপ; দ্বারের ডোর; ইতি অমরকোষ।

আগড়া, ক্লী. বি, (আগড়, দ্রব্যভেদ, আ) তুচ্ছধান্য; তুঁষ; ভূষী; (ত্রি. বিণ.) যাহা গঠিত নয়।

আগড়ী, ত্রি. বিণ. (আগড়, অগ্র, ঈ) অগ্রসর; অ-গ্রগামী; অগ্রবর্ত্তী; যাহা আগে প্রদত্ত হয়।

আগণ্য, ত্রি. বিণ. (আ-গণ, সংখ্যা, আ) অগণিত; প্রচুর; অসংখ্য; মহাভাগ; যাহা পরিমিত নহে।

আগত, ত্রি. বিণ. (আ-গম, গমন, ক্ত) আয়াত; উ-পস্থিত; প্রাপ্ত; যথা—জানিয়া আগত তায় মুদিয়া নয়ন। ইতি কর্ম্মদেবী ৬৯ পৃষ্ঠা।

আগতকল্য, পু. বি. (আগত-কল, পরদিবা, য) আ-গামীকল্য; ভাবী কল্য; পরদিবা; ইতি বিশ্ব।

আগন্তব্য, ত্রি. বিণ. (আ-গম, গমন, তব্য) আগামী; আগমনীয়; আগমন করা উচিত; আগমনের যোগ্য।

আগন্তু, ত্রি. বিণ. (আ-গম, গমন, চতুম্) আগমন-শীল; অনিয়ত; অতিথি; অভ্যাগত; আগত।

আগন্তুক, ত্রি. বিণ. (আ-গম, গমন, চতুম্-ক) অনি-ত্যস্থায়ী; আহার্য্য; হঠাৎউপস্থিত; অতিথি; অ-ভ্যাগত; যথা—বলবান আগন্তুক ভূপতি এই কথা বলিলে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৪৭ পৃষ্ঠা।

আগন্তুজ্বর, পু, বি. (আগন্তু-জ্বর, পীড়া, অল) পী-ড়াবিশেষ; রোগ বিশেষ; ইতি অমরকোষ।

আগম, পু. বি. (আ-গম, গমন, অল) শাস্ত্রমাত্র; বেদাদি শাস্ত্র; আগমন; যথা—যে আগম বৃত্তান্ত বর্ণনা করিল, ইতি সেক্সপিয়র ১২৪ পৃষ্ঠা।

সাক্ষিপত্রাদি; প্রকৃতি প্রত্যয়ের অনুপঘাতি কার্য্য; শাস্ত্রাভ্যাস; লেখ্যাদিপ্রমাণ; (ক্লী.) তন্ত্রশাস্ত্র।

আগমজ্ঞ, ত্রি. বিণ. (আ-গম, জ্ঞা, বোধ, ড) বেদজ্ঞ; তন্ত্রবেত্তা; যে আগমশাস্ত্র-জানে; তন্ত্রবিৎ।

আগমন, ক্লী. বি. (আ-গম, গমন, অনট) আসা; পৌ-ছন; উপস্থিত হওন; উপনীত হওন; যথা—ভাগ্যবান ব্যক্তিরাই এখানে আগমনকরেন। ইতিচারুপাঠ৪পৃষ্ঠা।

আগমনীয়, ত্রি. বিণ. (আ-গম, গমন, অনীয়) আগ-ন্তব্য; আগমনোপ যুক্ত; আগমনের যোগ্য।

আগমিত, ত্রি. বিণ. (আ-গম, গমন, ক্ত) অধীত; প-ঠিত; অভ্যস্ত; জ্ঞাত; প্রাপ্ত; যাহাপাঠকরাহইয়াছে।

আগমোক্ত, ত্রি. বিণ. (আগম-বচ, বাক্য, ক্ত) তন্ত্র-শাস্ত্রবিহিত; শাস্ত্রোক্ত; যাহা আগম শাস্ত্রেউক্ত।

আগরী, ত্রি. বিণ. [আগরী, জাতিবিশেষ, চ্বি] উগ্র-ক্ষত্রিয়; জাতি বিশেষ; যথা—আগরী প্রভৃতি আর নাগরী যতেক। ইতি ভারতচন্দ্র ২৩৬ পৃষ্ঠা।

আগল, ক্লী. বি. (আ গল, ঘেরা, অ) বেষ্টন; ঘেরণ; (ত্রি. বিণ.) রক্ষণীয়; পালনীয়; ইতি হেমচন্দ্র।

আগলন, ক্লী. বি. (আ-গল, ঘেরা, অনট) আবরণ; নিষেধ করণ; রক্ষণ; রক্ষাকরণ; ঘেরণ; ইতি বিশ্ব।

আগস্, ক্লী. বি. (আগ, পাপ, অস্) অপরাধ; ক্ষতি; পাপ; পাপবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

আগস্কৃত, ত্রি. বিণ. (আগস্-কৃ, করণ, ক্ত) অপরা-ধকারী; দোষকর্ত্তা; যে দোষ করে; ইতি মেদিনী।

আগা, ক্লী. বি. (অগ, আগা, অল) অগ্র; ধার; কিনারা।

আগাও, ক্লী. বি. (যাং) আগাম; আগুড়ী; অগ্রিম;

আগাচ্ছা, স্ত্রী. বি. (আ-গাছ, দ্রব্যভেদ, আ) আগাচ্ছা; অব্যবহার্য্য; যাহা ব্যবহারের উপযুক্ত নয়।

আগাড়ী, ত্রি. বিণ. (আ-গম, আগমন, ণিন্) আগামী; আগুড়ী; অগ্রিম; যাহাঅগ্রেহয়। ইতি অমর।

আগাধ, ক্লী. বি. (আ-গাধ, অগাধ, অল) অগাধ; অতিগভীর; অতলস্পর্শ; অতিশয়; ইতিঅমরকোষ।

আগান্তু, ত্রি. বিণ. (আ-গম, গমন, চতুম্) আগন্তুক; অতিথি; হঠাৎউপস্থিত; অভ্যাগত; ইতিঅমরকোষ।

আগাম, ত্রি. বিণ. (অগ, অগ্র, র) অগ্রে; আগে; আগাও; অগ্রিম; আগুড়ী; প্রথমে; ইতিঅমরকোষ।

আগামী, ত্রি. বিণ. (আ-গম, গমন, ণিন্) ভবিষ্যৎকাল; যাহাপরে হইবে; ভাবী; অগ্রে-আগমনশীল।

আগার, ক্লী. বি. (আগ-ঋ, গতি, ঘঞ) গৃহ; ঘর; আধার; পাত্র; গেহ; সদ্ম; নিকেতন; যথা—সুবর্ণ কলস পাত্র আগারে আগারে। ইতিকর্ম্মদেবী ১৬পৃষ্ঠা।

আগু, স্ত্রী. বি. (অগ, অগ্র, র) প্রতিজ্ঞা; প্রতিশ্রুতি; অগ্র; পূর্ব্ব; পণ; স্বীকার; অঙ্গীকার; ইতি অমর।

আগুড়ী, ত্রি. বিণ. (আ-গম, গমন, ণিন্) আগামী; আগাও; অগ্রিম; আগমন; প্রথম; ইতি মেদিনী।

আগুন, পু. বি. (অগ, আগুন, নি) অগ্নি; অনল।

আগুনখাকী, স্ত্রী. বি. (সহ-মৃ, মরণ, ক্ত) সহমৃতার প্রচলিত ভাষা; সহমৃতা; সহগামিনী; ইতি জটাধর।

আগুয়ান, ত্রি. বিণ. (আগু-যা, গমন, অনট) অগ্রসর; অগ্রগামী; অগ্র গমনশীল; যে আগে যায়; যথা—উত্তর দেশের জন, আইসে নামে দামাগণ, শতেক জনের আগুয়ান। ইতি কবিকঙ্কণচণ্ডী ৭২ পৃষ্ঠা।

আগুসার, ত্রি. বিণ. (আগু-সৃ, গমন, ঘঞ) অগ্রগামী; অগ্রসর; অগ্রগমন শীল; যে ব্যক্তি আগে যায়।

আগূ, স্ত্রী. বি. (আগ, পণ, উ) প্রতিজ্ঞা; পণ।

আগে, ক্রিবিণ. (অগ্র, প্রথম, এ) অগ্রে; প্রথমে।

আগেপাছে, ক্রিবিণ. [অগ্র-পশ্চাৎ, পেছু, চ্বি] অগ্রপশ্চাৎ; পূর্ব্বাপর; আগুপাছু; আদ্যন্ত।

আগোড়ু, ক্লী. বি. (আ-গুড়, আচ্ছাদন, অল) আবরণ; ঝাঁপ; দ্বারের আচ্ছাদনবিশেষ; দ্বাররোধক।

আগ্, ত্রি. বিণ. (অগ, প্রথম, র) অগ্র; মূল; আদি।

আগতোলন, ক্লী. বি. (আগ-তুল, তোলা, অনট) ভাবিশুভাশুভ অনুমান করণ; অগ্রভাগ গ্রহণ।

আগ্নিধ্র, ক্লী. বি. [অগ্নি-ইন্ধ, স্থান-ভেদ, র] অগ্নিধ্র; হোতৃগৃহ; যজ্ঞাগ্নি রক্ষিত স্থান; হোমেরঘর। (পু.) ধনদ্বারা বরণীয় ঋত্বিক; পুরোহিত; ইতি মেদিনী।

আগ্নেয়, পু. বি. [অগ্নি, আগুন, এয়] অগস্ত্যমুনি; (ক্লী.) নগরবিশেষ; স্বর্ণ; দেশবিশেষ; রক্ত; ঘৃত; (ত্রি. বিণ.) অগ্নিসম্বন্ধীয়; অগ্নিকর; পাচক।

আগ্নেয়াস্ত্র, ক্লী. বি. (আগ্নেয়-অস্ত্র, বাণাদি, অল) অগ্নিবাণ; অগ্নিযন্ত্র; কামান; বন্দুক; হাউই।

আগ্নেয়ী, স্ত্রী. বি. [অগ্নি, আগুন, এয়-ঈ] অগ্নিকোণ; অগ্নিপত্নী; অগ্নিভার্য্যা; স্বাহা; ইতি জটাধর।

আগ্‌বাড়ান, ক্লী. বি. [আগ-বাড়ান, গমন, চ্বি] অগ্রসর হইয়া আনয়ন; প্রত্যুদ্গমন; আগেগিয়া অভ্যর্থনা করণ; (ত্রি. বিণ.) যে আগে সম্বোধন করে।

আগ্রথন, ক্লী. বি. (আ-গ্রথ, গ্রন্থন, অনট) বন্ধন; গাঁথন; নীবীবন্ধ; সাজান; ইতিঅমর কোষ।

আগ্রহ, পু. বি. (আ-গ্রহ, গ্রহণ, অল) অনুগ্রহ; আশক্তি; আক্রমণ; গ্রহণ; অতিযত্ন; সাহায্য; সামর্থ্য; প্রয়াস; ব্যস্ততা; উতলা; ব্যগ্রতা; যথা—সাতিশয় আগ্রহ প্রকাশ পূর্ব্বক কহিলেন, ইতিচারুপাঠ ৩পৃষ্ঠা।

আগ্রহায়ণ, পু. বি. (আগ্রহ-অয়, গমন, অনট) মার্গশীর্ষ মাস; অগ্রহায়ণ মাস; মার্গ মাস; ইতি বিশ্ব।

আগ্রহায়ণিক, পু. বি. (আগ্রহ-অয়, গমন, অনট-ইক) অগ্রহায়ণ মাস; মার্গশীর্ষমাস; সহামার্গ; মতভেদে বৎসরের প্রথম মাস; ইতি শব্দরত্নাবলী।

আগ্রহায়ণী, স্ত্রী. বি. (আগ্রহ-অয়, গমন, অনট-ঈ) মার্গশীর্ষ পূর্ণিমা; অগ্রহায়ণমাসের পূর্ণিমা।

আগ্রহায়ণেষ্টি, স্ত্রী. বি. (আগ্রহায়ণ-ইষ, ইচ্ছা, ক্তি) নবান্ন; নূতন ভক্ষণ; নূতনঅন্নাদি ভোজন।

আঘট্টক, পু. বি. (আ-ঘট্ট, ঘাট, ণক) রক্ত অপামার্গ; রাঙ্গা-আপাং; অঘাট; আঘাট; উদ্ভিজ্জবিশেষ।

আঘাট, পু. বি. (আ-ঘট, ঘাট, ঘঞ) সীমা; কুঘাট; কুৎসিত ঘাট; আঘাট; অপামার্গ; বৃক্ষবিশেষ।

আঘাত, পু. বি. (আ-হন, বধ, ক্রি-ক্ত) বধস্থান; হনন; বধ; ছেদন; চোট; কোপ; অপচয়; প্রহার; যথা.-অশ্বত্থামার হৃদয়ে আঘাত করিলেন। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৩ পৃষ্ঠা।

আঘাতন, ক্লী. বি. (আ-হন, বধ, ক্রি-ক্ত-ন) বধস্থান; হনন; বধগৃহ; হত্যাস্থান; যেখানে বধ হয়।

আঘাবিঘা, পুং বি. (আঘা-বি-হন, বিঘ্ন, ড-আ) বাধা; প্রতিবন্ধক; বিঘ্ন; ব্যাঘাত; ইতি অমরকোষ।

আঘার, পুং বি. (আ-ঘৃ, দ্রব্যভেদ, ঘঞ) ঘৃত; আজ্য।

আঘূর্ণন, ক্লী. বি. (আ-ঘূর্ণ; ঘোরা, অনট) চক্রের-ন্যায়ভ্রমণ; কিরণ; উল্টন; ঘুরণ; ইতিহেমচন্দ্র।

আঘূর্ণিত, ত্রি. বিণ. (আ-ঘূর্ণ, ঘোরা, ক্ত) ঘুরাণ; উদ্ভ্রান্ত; ঘূর্ণায়মান; ঘূর্ণনবিশিষ্ট; ইতি মেদিনী।

আঘোষণ, ক্লী. বি. (আ-ঘুষ, ঘোষণ, অনট) প্রচারণ; প্রকাশ; ঘোষণা; প্রচারকরা; ইতিমেদিনী।

আঘ্রাণ, ক্লী. বি. (আ-ঘ্রা, গন্ধ, অনট) তৃপ্তি; গন্ধ-গ্রহণ; সন্তোষ; বাসলওন; সোঁকা; গন্ধ; যথা—অ-মৃতায়মানসৌরভের আঘ্রাণে ইতিটেলিমেকস১০পৃষ্ঠা।

আঘ্রাণার্হ, ত্রি. বিণ. (অঘ্রাণ-অর্হ, যোগ্যতা, অল) গন্ধগ্রহণের উপযুক্ত; বাসলওনেরযোগ্য; ইতি বিশ্ব।

আঘ্রাত, ত্রি. বিণ. (আ-ঘ্রা, গন্ধ, ক্ত) যাহারগন্ধঘ্রাণ হইয়াছে; আক্রান্ত; সন্তুষ্ট; তৃপ্ত; গৃহীতগন্ধ; সমৃষ্ট; বাসলওয়া; ইতিহেমচন্দ্র। যথা—গো কর্ত্তৃক আঘ্রাত বা ব্রাহ্মণের গণ্ডূষ দ্বারা ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৫৬ পৃষ্ঠা।

আঘ্রেয়, ত্রি. বিণ. (আ-ঘ্রা গন্ধ, য) আঘ্রাণার্হ; ঘ্রাণেরউপযুক্ত; শুঁকিবারযোগ্য; ইতিহেমচন্দ্র।

আঙ, (ব্য.) উপসর্গবিশেষ; ঈষৎ; অভিব্যাপ্তি; সীমা; ধাতুযোগজ; গ্রহণ; প্রত্যাবৃত্তি; লওয়া।

আঙ্গ, ক্লী. বি. (আ-অঙ্গ, অবয়ব, অল) কোমলাঙ্গ; ললিতঅবয়ব; নবীনশরীর; ইতিঅমরকোষ।

আঙ্গটী, ক্লী. বি. [অঙ্গুরীয়, আভরণভেদ, কন] অঙ্গুরীয়ক; অঙ্গুরী; আঙুলের ভূষণ; আঙুটী।

আঙ্গরা, ক্লী. বি. (অঙ্গার, কয়লা, ক্বিপ) দগ্ধকাষ্ঠ; কয়লা; অঙ্গার; আগুন; ইতিধরণী। পোড়াকাঠ।

আঙ্গরাখা, স্ত্রী. বি. (অঙ্গ-রক্ষ, রক্ষা, ইন-ঈ) গাত্রব-সনবিশেষ; অঙ্গরক্ষিণী; জামা; আবরণ বস্ত্রভেদ।

আঙ্গলান, ক্লী. বি. (আঙ্গল, অঙ্গুলি, আন) অঙ্গুলি দিয়া চালন; আঙুল দিয়াহাঁটকান; ইতি মেদিনী।

আঙ্গার, ক্লী. বি. (আঙ্গার, কয়লা, অল) অঙ্গার সমূহ; কয়লা; দগ্ধকাষ্ঠ; ইতিঅমরকোষ।

আঙ্গারি, ক্লী. বি. (অঙ্গার, কয়লা, ই) অঙ্গার; কয়লা; আঙারি; দগ্ধকাষ্ঠ; ইতি অমরকোষ।

আঙ্গিক, ত্রি. বিণ. [অঙ্গ, অবয়ব, ষ্ণিক] অঙ্গনিষ্পন্নভাব; অঙ্গজাত; অঙ্গসম্বন্ধীয়; ইতি জটাধর।

আঙ্গিনা, স্ত্রী. বি. [আঙ্গিন্, অঙ্গন, আ] অঙ্গন; চত্বর; উঠান; স্থানবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

আঙ্গিরস, পুং বি. [অঙ্গিরস, ব্যক্তিভেদ, ষ্ণ] বৃহস্পতি; দেবগুরু; সুরাচার্য্য; গীষ্পতি; ধীষণ।

আঙ্গিলন, ক্লী. বি. (আঙ্গিল, প্রত্যঙ্গভেদ, অনট) অঙ্গুলিদ্বারা স্পর্শ করণ; আঙ্গুল দিয়া ছোঁয়া।

আঙ্গুষ্ঠি, স্ত্রী. বি. [অঙ্গুষ্ঠ, প্রত্যঙ্গভেদ, ষ্ণি] অঙ্গুরীয়ক; অঙ্গুরী; অঙ্গুলের ভূষণ; ইতি অমরকোষ।

আঙ্গুর, ত্রি. বিণ. [আঙ্গুর, ফলভেদ, ট্টি] মধুরফল; উৎকৃষ্ট ফলবিশেষ; যথা—কিবা অপরূপ, নাহিক স্বরূপ, মধুর আঙ্গুর ফল। ইতি কর্ম্মদেবী ১০ পৃষ্ঠা।

আঙ্গুল, ক্লী. বি. [অঙ্গুল, প্রত্যঙ্গভেদ, ষ্ণ] অঙ্গুলী; করশাখা; প্রত্যঙ্গবিশেষ; ইতিঅমরকোষ। যথা—সর্ব্বদা আঙ্গুল পাঁজি করি কাল কাটে। ইতি ভারতচন্দ্র ৩৫২ পৃষ্ঠা।

আঙ্গুলী, স্ত্রী. বি. [আঙ্গুল, প্রত্যঙ্গভেদ, ঈ] অঙ্গুলী; আঙ্গুল; করশাখা; প্রত্যঙ্গবিশেষ।

আঙ্গুল মট্কান, ক্লী. বি. [আঙ্গুল-মটাকান, ধ্বনিবিশেষ, ট্টি] অঙ্গুলি স্ফোটন; অঙ্গুলিধ্বনি।

আঙ্গুষ্ঠানা, স্ত্রী. বি. [আঙ্গুষ্ঠ, প্রত্যঙ্গভেদ, অন-আ] অঙ্গুলিত্রাণ; অঙ্গুলি রক্ষক; অঙ্গুরিভেদ।

আচ, ক্লী. বি. (অচ, বৃক্ষভেদ, ঘঞ) বৃক্ষবিশেষ; পুষ্পবিশেষ; আচ নামক পুষ্পবৃক্ষ; ইতি হলায়ুধ।

আচ্কা, ত্রি. বিণ. [আচ্কা, হঠাৎ, ট্টি] অসংখ্য; যাহা গণিতনয়; (ত্রি. বিণ.) অকস্মাৎ; হঠাৎ।

আচমন, ক্লী. বি. (আ-চম, আচমন, অনট) পূজাদি কর্ম্মের পূর্ব্বে-জলদ্বারা দেহশোধন; ভোজনোত্তর মুখ প্রক্ষালন; হরণ; আহ্নিকাদিকর্ম্মের পূর্ব্বে মুখশোধন।

আচম্কা, ত্রি. বিণ. [আচমকা, হঠাৎ, ট্টি] হঠাৎ; অকস্মাৎ; অসম্ভাবিত-রূপে; সহসা; অতি শীঘ্র।

আচমনীয়, ত্রি. বিণ. (আ-চম, আচমন, অনীয়) যাহা ভোজন করিলে হস্ত মুখাদি প্রক্ষালন করিতে হয়।

আচমনক, পুং বি. (আ-চম, আচমন, অনট-ক) নিষ্ঠীবন পাত্র; পিকদান; ডাবর; আচমন পাত্র।

আচম্বিৎ, ক্রিবিণ. (আ-চম-বিদ, হঠাৎ, ক্বিপ্) অকস্মাৎ; দৈবাৎ; হঠাৎ; সহসা; অসম্ভাবিতরূপে।

আচরণ ক্লী. বি. (আ-চর, আচরণ, অনট) আচার;

অনুষ্ঠান; রীতি; নিয়ম; চালি; ব্যবহার; যথা—কি অহিত আচরণ করিতেছে! ইতি চারুপাঠ ৮ পৃষ্ঠা।

আচরণীয়, ত্রি. বিণ. (আ-চর, ব্যবহার, অনীয়) আচরণেরযোগ্য; ব্যবহার্য্য; অনুষ্ঠানোপযুক্ত; ইতি বিশ্ব।

আচরিত, ত্রি. বিণ. (আ-চর, ব্যবহার, ক্ত) কৃতআচরণ; ব্যবহৃত; অনুষ্ঠিত; কৃত; নিয়মিত; যথা—রাজাদিগের আচরিত সাধুসম্মত বিবিধ রাজধর্ম্ম ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৮২ পৃষ্ঠা।

আচানক, ক্রিবিণ. (আ-চন, হঠাৎ, ণক) হঠাৎ; অকস্মাৎ; অনপেক্ষিত; আচম্বিত; সহসা।

আচান্ত, ত্রি. বিণ. (আ-চম, আচমন, ক্ত) কৃতাচমন; কোন কর্ম্মের পূর্ব্বে-মুখশোধনকর্ত্তা; আচমন কর্ত্তা।

আচাভূয়া, ত্রি. বিণ. (আশ্চর্য্য-ভূ, সত্তা, ক্ত) আশ্চর্য্যভূতের ভাষা; অদ্ভুত; অপূর্ব্ব; ইতি অমরকোষ।

আচাম, পু. বি. (আ-চম, আচমন, ঘঞ) আচমন; মুখশোধন; ভোজনোত্তর মুখপ্রক্ষালন; ভক্তমণ্ড; ভাতের মাড়; ইতি অমরকোষ। মুখধোয়া।

আচার, পু. বি. (আ-চর, আচার, ঘঞ) ব্যবহার; চরিত্র; বৃত্ত; শীল; ধারা; চালি; রীতি; নিয়ম; যথা—লোকে কিরূপ আচার পরায়ণ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৫৫পৃষ্ঠা।

আচারবর্জ্জিত, (আচার-বর্জ, বর্জন, ক্ত) আচারবহির্ভূত; আচাররহিত; অনাচারী; যাহারআচারনাই।

আচারবিরুদ্ধ, ত্রি. বিণ. (আচার-বি-রুধ, রোধ, ক্ত) ব্যবহারবিরুদ্ধ; কুরীতি; কুৎসিতরীতি; মন্দরীতি।

আচারী, ত্রি. বিণ. (আ-চর, আচরণ, ণিন্) আচারবিশিষ্ট; ব্যবহারান্বিত; শুদ্ধাচার; নিয়মবিশিষ্ট; (স্ত্রী. বি.) হিলমোচিকা; হেলেঞ্চাশাক।

আচার্য্য, পু. বি. (আ-চর, আচার, ঘ্যণ) বেদাধ্যাপক; বৈদিক মন্ত্রব্যাখ্যাকর্ত্তা; দ্রোণাচার্য্য; উপদেষ্টা; শিক্ষাদাতা; পাঠগুরু; যথা—তত্ত্বপরায়ণ, পুণ্যাত্মা আচার্য্য ইতি চারুপাঠ ৭ পৃষ্ঠা।

আচার্য্যক, ক্লী. বি. (আ-চর, আচার, ঘ্যণ-ক) আচার্য্যকর্ম্ম; উপদেশ; শিক্ষা; ইতি মেদিনী।

আচার্য্যা, স্ত্রী. বি. (আ-চর, আচার, ঘ্যণ-আ) মন্ত্রব্যাখ্যাকর্ত্রী; শিক্ষাদাত্রী; আচার্য্যপত্নী।

আচার্য্যানী, স্ত্রী. বি. [আচার্য্য, গুরু, ঈ] আচার্য্যস্ত্রী; গুরুপত্নী; ইতিঅমরকোষ। মন্ত্রদাতার স্ত্রী।

আচালা, ত্রি. বিণ. (অ-চাল, মোটা, অ) অচালিত; স্থূল; মোটা; যাহাচালা হয়নাই।

আচিত, ত্রি. বিণ. (আ-চি, ভারবিশেষ, ক্ত) দশভার পরিমাণ; ২৫মোন; (পু. বি.) শকটাভার; একগাড়ির বোঝা; ইতিঅমর। দ্বিঅযুতপল; ইতিমেদিনী। (ত্রি. বিণ) সংগৃহীত; সঞ্চিত; রাশীকৃত; আচ্ছাদিত; ব্যাপ্ত; ইতি মেদিনী। প্রকাশিত।

আচু, ক্লী. বি. (আচ, বৃক্ষভেদ, উ) বৃক্ষবিশেষ।

আচোট, ক্লী. বি. (অ-চুট, চোট, অল) আঘাত; (ত্রি. বিণ.) অনাকৃষ্ট; যেভূমিতে হলাদি সংযোগ হয়নাই।

আচ্ছন্ন, ত্রি. বিণ. (আ-ছদ, আচ্ছাদন, ক্ত) আচ্ছাদিত; আচ্ছাদন বিশিষ্ট; বেষ্টিত; ঢাকা; আবৃত; যথা—মেরুদেশ ক্রমাগত অর্দ্ধবৎসর কাল যেরূপ প্রগাঢ় অন্ধকারে আচ্ছন্নথাকে, ইতিটেলিমেকস ৩২পৃষ্ঠা।

আচ্ছা, ক্রিবিণ. [আচ্ছ, উত্তমতা, আ] ভাল; উত্তম; উৎকৃষ্ট; স্বীকার বা অঙ্গীকার বোধক শব্দ; যথা—আচ্ছা, এ জন যেন কখনং ইতিবিক্রমোর্ব্বশী ১১পৃষ্ঠা।

আচ্ছাদ, পু. বি. (আ-ছদ, আচ্ছাদন, ঘঞ) বস্ত্র; পরিধান; আবরণ; ঢাকনি; অম্বর; বাস; কাপড়ভেদ।

আচ্ছাদক, পু. বি. (আ-ছদ, আচ্ছাদন, ণক) আবরক; ঢাকন; গোপন; ইতি হেমচন্দ্র। আবরণকর্ত্তা।

আচ্ছাদন, ক্লী. বি. (আ-ছদ, আচ্ছাদন, অনট) বস্ত্র; পরিধান; আবরণ; ঢাকন; ইতি মেদিনী। কাপড়।

আচ্ছাদিত, ত্রি. বিণ. (আ-ছদ, আচ্ছাদন, ক্ত) কৃতাচ্ছাদন; আবৃত; ঢাকা; যথা—কমলদলদ্বারা পয়োধর আচ্ছাদিত করিল, ইতি নৈষধচরিত ১৭৩ পৃষ্ঠা।

আচ্ছিন্ন, ক্লী. বি. (আ-ছিদ, ছেদ, ক্ত) ছেদন; কাটন; কর্ত্তন; কাটিয়াফেলা; ইতিঅমরকোষ।

আচ্ছুক, ক্লী. বি. (আছ, বৃক্ষভেদ, উক) বৃক্ষবিশেষ; আচফুলেরগাছ রঞ্জনদ্রু; আচ্ছিক; ইতি রত্নমালা।

আচ্ছুরিত, ক্লী. বি. (আ-ছুর, হাসি, ক্ত) সশব্দহাস্য; নখবাদ্য; ঘোড়ারহাসি; নখে নখে শব্দ।

আচ্ছুরিতক, ক্লী. বি. (আ-ছুর, হাসি, ক্ত-ক) হাস্য; নখাঘাত; নখশব্দ; হাসিবিশেষ; ইতি মেদিনী।

আচ্ছেদ, পু. বি. (আ-ছিদ, ছেদ, অল) ছিনিয়া লওন; কাড়িয়া লওন; বধ; সম্যক্‌রূপে ছেদ।

আচ্ছেদন, ক্লী. বি. (আ-ছিদ, ছেদ, অনট) মৃগয়া; শিকার; পশুবধ করণ; বনগমন পূর্ব্বক পশু মারণ।

আচ্ছোদন, ক্লী. বি. (আ-ছুদ, বধ, অনট) মৃগয়া।

আছড়ন, ক্লী. বি. (আ-ছড়, আছড়ন, অনট) আঘাতকরণ; তাড়ান; অবক্ষেপণ; নিম্নেক্ষেপণ।

আছড়ান, ক্লী. বি. (আ-ছড়া, আছাড়, অনট) আঘাতকরণ; তাড়ন; অবক্ষেপণ; ইতিমেদিনী।

আছাড় ক্লী. বি. (আ ছড়, আছাড়, ঘঞ) উৎপতন; আঘাত; অবক্ষেপ; সজোরে নিম্নে ফেলা; যথা—একগাছেবারম্বারআছাড়মারিয়া ইতিচরিতাবলী৬পৃষ্ঠা।

আছোলা, ত্রি. বিণ. (আ-ছোল, পরিষ্কার, আ) অপরিচ্ছিন্ন; অপরিষ্কৃত; যাহাপরিষ্কার হয়নাই।

আজ, ক্লী. বি. [অদ্য, আজি, চি] ঘৃত; ইতিজটাধর। অদ্যর প্রচলিতভাষা; আজু; এইদিন; আজি।

আজক, ক্লী. বি. (অজ, পশুভেদ, ণক) অজসমূহ; ছাগলেরপাল; একত্রীভূত বহুছাগল; ইতিঅমরকোষ।

আজকার, পু. বি. (আজ-কৃ, করণ, ঘঞ) শিবরৃষ।

আজগব, ক্লী. বি. [অজগব, দ্রব্যভেদ, ষ্ণ] শিবধনু; মহাদেবের কার্ম্মুক; (ত্রি. বিণ.) মহামূর্খ।

আজগবী, ত্রি. বিণ. (যাং) হঠাৎ; অনপেক্ষিত রূপ; আচম্বিতে; আচম্‌কা; অদ্ভুত; অতি আশ্চর্য্য।

আজড়ান, পু. বি. (আ-জড়ান, সংযোগ, অ) মোচন; তুলিয়া লওয়া; পাত্র মুক্ত করিয়া দেওয়া ইতি বিশ্ব।

আজনাই, পু. বি. [অজিন, জন্তুভেদ, ষ্ণেয়] আজিনেয়র প্রচলিত ভাষা; জন্তুবিশেষ; আজুনে।

আজন্ম, ত্রি. বিণ. (আ-জন, জনন, ম) জন্মাবধি; জন্মকাল; জন্মপর্য্যন্ত; ইতি অমর কোষ। যথা—আজন্ম লালনপালন নিমিত্ত ইতিসেক্‌সপিয়র৫৬ পৃষ্ঠা।

আজব, ত্রি. বিণ. (যাং) অদ্ভুত; আশ্চর্য্য; অপূর্ব্ব।

আজবক, ত্রি. বিণ. (যাং) অবোধ; নির্ব্বোধ; বাতুল; অনভিজ্ঞ; ইতি অমর কোষ। যে কিছু জানে না।

আজবোজ, ত্রি. বিণ. (অল্প-বুধ, বোধ, ক্তি) অল্পবুদ্ধির প্রচলিত ভাষা; বোকা; নির্ব্বোধ; যথা—টাকা পেয়ে মুটভরা, হীরা পরধন হরা, বুঝিল এমেনে আজবোজ। ইতি ভারতচন্দ্র ২৪৫ পৃষ্ঠা।

আজাড়, ক্লী. বি. (আ-জড়, মোচন, ঘঞ) মোচন; অবসর; কোন পাত্রের দ্রব্যাদি পাত্রান্তরে রাখা।

আজাড়ন, ক্লী. বি. (আ-জড়, মোচন, অনট) অবসর; পরিষ্কার; মোচন; পাত্রাদি শূন্যকরণ; ইতি মেদিনী।

আজানা, ত্রি. বিণ. (আ-জ্ঞা, জানা, ক্ত) অজ্ঞাতর প্রচলিতভাষা আজানা; অপরিচিত; যাহা জানা নয়।

আজানু, ত্রি. বিণ. [আ-জানু, অঙ্গবিশেষ, চি] জানু অবধি; জঙ্ঘাপর্য্যন্ত; হাঁটুপর্য্যন্ত; যথা—আজানু লম্বিত, বাহু সুললিত, ইতি ভারতচন্দ্র ২৬৪ পৃষ্ঠা।

আজানুলম্বিতবাহু, ত্রি. বিণ. (আজানু-লম্বিত-বহ, ভুজ, ক্রি-উ) জঙ্ঘাপর্য্যন্ত বিস্তীর্ণ হস্ত; যথা—ঐ মহাত্মা শ্যামাঙ্গ, লোহিত নেত্র, আজানু লম্বিতবাহু ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৪১ পৃষ্ঠা।

আজানেয়, পু. স্ত্রী. বি. [আজান, জন্তু-ভেদ, এয়] কুলীনাশ্ব; শ্রেষ্ঠঘোটক; সুজাতীয় অশ্ব; ইতি বিশ্ব।

আজি, স্ত্রী. বি. (আজ-স্থানভেদ, ই) সমানভূমি; যুদ্ধ; ক্ষণ; আক্ষেপ; সংগ্রাম; নির্দ্দিষ্টক্ষণ; নিন্দা; (ত্রি. বিণ.) অদ্য; এইদিন; বর্ত্তমান দিবস। যথা—আজি আমি দুর্য্যোধনের নিকট ইতিমহাভারত সৌপ্তিকপর্ব্ব ২ পৃষ্ঠা।

আজীব, পু. বি. (আ-জীব, উপায়, ক) জীবিকা; জীবনোপায়; বৃত্তি; যদ্দ্বারা জীবন যাপন হয়।

আজীবন, ত্রি. বিণ. (আ-জীব, জীবন, অনট) জীবনপর্য্যন্ত; জীবিকা; জন্মাবধি মরণ পর্য্যন্ত।

আজীব্য, ত্রি. বিণ. (আ-জীব, জীবন, য) উপজীব্য; আশ্রয়; অবলম্বন; জীবন পর্য্যন্তের উপযুক্ত।

আজু, স্ত্রী. বি. (আজ, বর্ত্তমান দিন, উ) বেতন ব্যতিরেকে কর্ম্মকরা; (ত্রি. বিণ.) অদ্য; আজি; বর্ত্তমান দিবস; অবৈতনিক; বেতনাভাবে; ইতি বিশ্ব।

আজূ, স্ত্রী. বি. (আজ, বর্ত্তমান দিন, ঊ) বেতনব্যতিরেক কর্ম্মকরা; বেগার; অবৈতনিক; অবেতন।

আজ্ঞপ্ত, ত্রি. বিণ. (আ-জ্ঞপ, জ্ঞাপন, ক্ত) আদিষ্ট; অনুমত; অনুমতি; প্রাপ্ত; আদেশিত; আদিষ্ট।

আজ্ঞা, স্ত্রী. বি. (আ-জ্ঞা, নিদেশ, অ) আদেশ; অববাদ; নির্দ্দেশ; নিদেশ; শাসন; নিয়োগ; যথা—এই অন্যায় আজ্ঞা প্রদান করিয়াছিলেন ইতি চরিতাবলী ৩৯ পৃষ্ঠা।

আজ্ঞাকারী, ত্রি. বিণ. (আজ্ঞা, কৃ, করণ, ণিন্) আদেশানুরূপ কর্ম্মকারী; আজ্ঞাবহ; আজ্ঞানুবর্ত্তী; অনুমতিপালক; যথা—রীতি ছাড়া হয়ে হও রিপু আজ্ঞাকারী। ইতি কুমারসম্ভব ১৪৪ পৃষ্ঠা।

আজ্ঞাচক্র, পু. বি. (আজ্ঞা চক্র, চক্রভেদ, অল) ষট্‌চক্রান্তর্গত ষষ্ঠচক্র; ইতি তন্ত্রসার। অনুমতিচক্র।

আজ্ঞাতব্য, ত্রি. বিণ. (আ-জ্ঞা, নিদেশ, তব্য) আদেশ করিবার যোগ্য; অনুমতি করণোপযুক্ত।
আজ্ঞাতিক্রম, পু. বি. (আজ্ঞা-অতি-ক্রম, নিয়ম, অল) আদেশ অতিক্রম; আজ্ঞালঙ্ঘন; আজ্ঞাবাধ্যনয়।
আজ্ঞাদায়ক, পু. বি. (আজ্ঞা-দা, দান, ণক) অনুমতিকারী; আদেশকর্ত্তা; যে কোন আজ্ঞা দেয়।
আজ্ঞানুবর্ত্তন, ক্লী. বি. (আজ্ঞা-অনু-বৃত, বর্ত্তন, অনট) অনুমতি ক্রমে চলন; আজ্ঞাপালন; হুকুমরাখা।
আজ্ঞাপক, ত্রি. বিণ. (আ-জ্ঞা, নিদেশ, ণক) আজ্ঞাকর্ত্তা; আদেশকারক; যে অনুমতিকরে।
আজ্ঞাপত্র, ক্লী. বি. (আজ্ঞা-পত্র, লিপি, অ) আদেশ লিপি; নিদেশলিখন; হুকুম নামা; যথা—আজ্ঞাপত্রের ন্যায় লিখিত, ইতি সেক্‌সপিয়র ১৭৩ পৃষ্ঠা।
আজ্ঞাপন, ক্লী. বি. (আ-জ্ঞা, নিদেশ, অনট) অনুমতি করণ; জানান; বিজ্ঞাপন; প্রকাশ করণ।
আজ্ঞাপিত, ত্রি. বিণ. (আ-জ্ঞা, নিদেশ, ক্ত) আজ্ঞাপ্ত; আদেশিত; যাহাকে আজ্ঞাকরা হইয়াছে।
আজ্ঞাপ্ত, ত্রি. বিণ. (আ-জ্ঞা, নিদেশ, ক্ত) আজ্ঞালব্ধ; আজ্ঞাপ্রাপ্ত; যে অনুমতি পাইয়াছে।
আজ্ঞাবর্ত্তী, ত্রি. বিণ. (আজ্ঞা-বৃত, বর্ত্তন, ণিন্) আজ্ঞাবশ; আজ্ঞাবহ; আজ্ঞাধীন; নিদেশ বশীভূত।
আজ্ঞাবশ, ত্রি. বিণ. (আজ্ঞা-বশ, অধীন, অল) আজ্ঞাধীন; যে অনুমতির বশীভূত; আজ্ঞাবহ।
আজ্ঞাবহ, ত্রি. বিণ. (আজ্ঞা-বহ, বহন, অল) আজ্ঞাকারী; আজ্ঞাধীন; যে ব্যক্তি অনুমতিপালন করে; যথা—এই অসীম সাগর আপনকার একান্ত আজ্ঞাবহ ইতি টেলিমেকস ৪৪ পৃষ্ঠা।
আজ্য, ক্লী. বি. (আ-অজ, দ্রব্যভেদ, য) ঘৃত; হবি
আজ্যভাগ, পু. বি. (আজ্য-ভজ, অংশ, ঘঞ) হোমীয়ঘৃতের অংশ; যজ্ঞহবিরভাগ; যথা—সদস্যগণ ঐ যজ্ঞেরআজ্যশেষপানইতিমহাভারতশান্তিপর্ব্ব১৫১পৃষ্ঠা।
আঝাল, ত্রি. বিণ. (আ-ঝাল, রসভেদ, অল) কটুরসবিহীন; ঝালরহিত; যাতেঝাল নাই; ইতি ধরণি।
আঞ্জনেয়, পু. বি. [অঞ্জনা, বানরী বিশেষ, ষ্ণেয়] অঞ্জনাবানরী পুত্র; হনুমান; পবননন্দন; ইতি বিশ্ব।
আঞ্জাম, ক্লী. বি. (যাং) নির্ব্বাহ; সম্পূর্ণ; আমদানী।
আঞ্জিনেয়, পু. বি. [অঞ্জিন, জন্তুবিশেষ, ষ্ণেয়] সরীসৃপ জন্তু বিশেষ; আজনাই; আগুনে; ইতিশব্দমালা।

আঞ্জীর, ত্রি. বিণ. [আঞ্জীর, ফল, চি্] ফলবিশেষ; যথা—পূবানী খর্জ্জুর, আঞ্জীর মধুর, ইতি কর্ম্মদেবী ১১ পৃষ্ঠা।
আট, ত্রি. বিণ. [অষ্টন্, সংখ্যাবিশেষ, ডট্] আট; সংখ্যাবিশেষ; যথা—আট হাট ষোল গলি বত্রিশ বাজার। ইতি ভারতচন্দ্র ২৩৬ পৃষ্ঠা।
আটক, ক্লী. বি. (অট, গমন, ণক) আবরণ; বাধা; প্রতিবন্ধক; ব্যাঘাত; বদ্ধ; রুদ্ধ; ইতি অমরকোষ।
আটকন, ক্লী. বি. (অট, গমন, ণক-ন) বদ্ধকরণ; রোধকরণ; গমনের প্রতিবন্ধকতা চরণ; ধরেরাখা।
আটকপালিয়া, ত্রি. বিণ. [আর্ত্ত-কপাল, ভাগ্য, ইয়-আ] মন্দভাগ্য; দুর্ভাগ্য; দুরদৃষ্ট; হতভাগ্য।
আটকান, ত্রি. বিণ. (অট, গমন, ণক-আন) প্রতিবদ্ধ; রুদ্ধ; নিবারিত; কয়েদরাখা; ধরেরাখা; ইতি বিশ্ব।
আটকাল, ক্লী. বি. (আ-লুচ, দর্শন, অনট) আলোকনের প্রচলিত ভাষা; অনুমান; যুক্তি; অনুভব।
আটপটাঙ্গ, ক্লী. বি. (আট-পট-অঙ্গ, গর্ব্ব, অল) প্রাগল্‌ভ; দাম্ভিকতা; মৎসরতা; গর্ব্বতা; ইতি অমর।
আটপলিয়া, ত্রি. বিণ. [আট-পল, কোণ, ইয়-আ] অষ্টকোণ; অষ্টপৃষ্ঠ; আটপিটা; ইতি হেমচন্দ্র।
আটপিটা, ত্রি. বিণ. (আট-পিঠ, পারকতা, ও-আ) উদ্যোগী; পরিশ্রমী; সুচতুর; দুর্ব্বৃত্ত; দুষ্ট; গোঁয়ার; সর্ব্ববিষয়ে পারক; আটপলিয়া; ইতি বিশ্ব।
আটপ্রহর, পু. বি. (আট-প্র-হৃ, কাল, অল) অষ্টযাম, সমস্তদিন ও রাত্রি; দিবারাত্রি; ইতি হলায়ুধ।
আটল, ত্রি. বিণ. (আট, বক্রাদি, ও-ল) বক্র; বাঁকা; আড়া; মৎস্যধরিবার যন্ত্র বিশেষ; মৎস্যরোধক।
আটলা, ক্লী. বি. (আট, দ্রব্যভেদ, ও-ল-আ) আটি; বিড়া; গোছা; দ্রব্যবিশেষ; ইতি শব্দরত্নাবলী।
আটসটা, স্ত্রী. বি. [আট-সুষ্ঠু, সংখ্যা-ভেদ, ক্ত] আটসৌষ্ঠবের প্রচলিত ভাষা; সংখ্যা; গণনা।
আটা, ক্লী. বি. (আট, দ্রব্য-ভেদ, ও-আ) দ্রব্যবিশেষ; গোধূমচূর্ণ; গমের গুঁড়া; ময়দাবিশেষ; ইতিমেদিনী।
আটাপারা, ত্রি. বিণ. (আটা-পার, তুল্যতা, আ) অশক্ত; কোমল; নরম; তুলতুলে; আটারতুল্য।
আটাসীমি, ক্লী. বি. (আটা-সীম, জড়, ই) নির্ব্বুদ্ধিতা; জড়তা; মুর্খতা; মূঢ়তা; অজ্ঞানতা; ইতি বিশ্ব।
আটাসীদা, ত্রি. বিণ. (আট-মাস, কাল, অ) অ-

ষ্টম মাসে জাত ; যে সন্তান আট মাসে জন্মায়।

আটি, পু. বি. (আ-অট, জীবভেদ, ই) পক্ষিবিশেষ; শরালি ; পুলা ; গুচ্ছ ; গোছা; তাড়ি ; যথা—আট পণে আনিয়াছে কাষ্ঠ আটি আটি। ইতি ভারতচন্দ্র ২৪৮ পৃষ্ঠা।

আটীকর, পু. বি. (আটী-কৃ, করণ, অল) বৃষ; ষণ্ড।

আটোপ, পু. বি. (আ-টুপ, টোপ, অল) দর্প ; গর্ব্ব ; অহঙ্কার ; বায়ুজন্য উদর গুড়গুড় শব্দ ; পেটের ডাক।

আঠা, ক্লী. বি. (আঠ, রসভেদ, ড-আ) ক্বাথ ; নির্য্যাস ; বৃক্ষের রস ; আটা ; ইতি অমরকোষ।

আঠালু, ক্লী. বি. (আঠ, কীটভেদ, আলু) আঁটালি ; জন্তুর গাত্রের কীটবিশেষ ; ইতি অমরকোষ।

আঠি, ক্লী. বি. (আঠ, দ্রব্যভেদ, ই) অষ্ঠি ; বীজ ; বীচ ; আঁটি ; কারণ ; অঙ্কুর ; ইতি মেদিনী।

আড়, ক্লী. বি. (আড়, পরিসরাদি, অল) প্রস্থ ; পরিসর ; চক্র ; বাঁক ; অন্তরাল ; ব্যবধান ; আড়াল।

আড়কাটি, পু. বি. (আড়কাট, ব্যক্তিবিশেষ, ই] কাণ্ডারী ; দেশবিশেষ ; কর্ণধার ; নাবিক ; মাজী।

আড়কাঠা, ক্লী. বি. (আড়কাষ্ঠ, দ্রব্যভেদ, অল) গৃহের উপরিস্থ প্রস্থদিগের কাষ্ঠ ; কড়িকাঠ ; ইতি বিশ্ব।

আড়গড়া, ক্লী. বি. (আড়গড়, গৃহভেদ, আ) অশ্বশালা ; আস্তবল ; ঘোড়া রাখিবার স্থান ; ঘোড়াশাল।

আড়ঙ্গ, ক্লী. বি. (আড-গম, গমন, ড) গঞ্জ ; দ্রব্যাদি বিক্রয় স্থান ; যেখানে অনেক দ্রব্য বিক্রয় হয়।

আড়চা, স্ত্রী. বি. (আড়চ, স্পৃহা, আ) লোভ ; লালসা ; ঈষৎসঙ্কেত ; স্পৃহা ; (ত্রি. বিণ.) বাঁকা ; বক্র।

আড়ষ্ট, ত্রি. বিণ. (আড়ট, স্তব্ধ, ক্ত) আড়ষ্ট ; অবশ ; স্তব্ধ ; অস্পন্দ ; চঞ্চলপদার্থের স্থিরভাব ; ইতি বিশ্ব।

আড়ৎ, ক্লী. বি. [আডৎ, স্থানভেদ, ঢ়ি] গঞ্জ ; ব্যবসায়াগার ; দোকান ; যেস্থানে ভূরিং বাণিজ্যদ্রব্য থাকে।

আড়ন, ক্লী. বি. (আড়, গমন, অনট) বক্রহওন ; বেঁকন ; ক্ষেপণ ; নম্রতা ; শিষ্টতা ; ইতি অমরকোষ।

আড়পাপড়া, ক্লী. বি. (আড়-পা-পড়, দ্রব্যভেদ, আ) গদা ; যষ্টি ; লাঠি ; মুদ্গার বিশেষ ; মুগুর।

আড়পার, ক্লী. বি. (আড়-পার, তটভেদ, অল) নদীপার ; অপর তট ; ওপার ; পর পারের তট।

আড়বাড়, ক্রিবিণ. (আড়-বাড়, স্থান, অল) সর্ব্বত্র ; সকলস্থান ; সমস্ত স্থান ; ইতি শব্দরত্নাবলী।

আড়ম্বর, পু. বি. (আড়ং-বর, ধ্বনি, অল) পটহ ; তূর্য্যাদি বাদ্যধ্বনি ; সমারোহ ; ঘটা ; হস্তিধ্বনি ; রণবাদ্য ; আরম্ভ ; গর্ব্ব ; ক্রোধ ; আনন্দ ; বাহু প্রভৃতি অঙ্গের মর্দ্দন ; দর্প ; জাঁকজমক ; ইতিঅমরকোষ। যথা—অভিসার ব্যক্তির পথে প্রস্থিত ব্যক্তির দাস দাসী ও বাহ্যবস্তুর আড়ম্বরের প্রয়োজন থাকে না। ইতি কাদম্বরী ৬১ পৃষ্ঠা।

আড়ম্বরী, স্ত্রী. বি. (আড়ং-বর, জাঁক, ঈ) সমারোহ ; ঘটা ; অহঙ্কার ; জাঁক জমক ; আরম্ভ ; সুরু।

আড়র, ক্লী. বি. (আড়র, স্থানভেদ, অ) আড়ৎ ; বাণিজ্যালয় ; দোকান ; বাণিজ্যদ্রব্য রক্ষার স্থান।

আড়রী, স্ত্রী. বি. (আড়র, স্থান বিশেষ, ঈ) আড়ুলী ; কুল ; কাঁধা ; কিনারা ; ধার ; তট ; আড়া ; ইতিবিশ্ব।

আড়ষ্ট, ত্রি. বিণ. (আড়ষ, বশহীনতা, ক্ত) অবশ ; স্তব্ধ ; বিহ্বল ; যাহা বশীভূত নহে ; স্থির।

আড়সা, ক্লী. বি. (আড়স, দ্রব্যবিশেষ, আ) জঞ্জাল ; আবর্জনা ; নিন্দিত স্থান ; ইতি হেমচন্দ্র।

আড়া, ক্লী. বি. (আড়, বক্রতা, আ) বক্র ; বাঁকা।

আড়াই, ত্রি. বিণ. [সার্দ্ধ-দ্বি, দুই, অ] সার্দ্ধদ্বয়ের প্রচলিত ভাষা ; অর্দ্ধের সহিত দুই ; দুই এবং অর্দ্ধ।

আড়ান, ত্রি. বিণ. (আড়, বাঁক, আন) বক্রীভূত ; বাঁকা ; যাহা বক্র হইয়া পড়িয়াছে ; সোজা নয় ; আড়হওয়া।

আড়ানি, ক্লী. বি. (আড়ান, দ্রব্যভেদ, ই) আতপত্র ; পাখাবিশেষ ; যথা—ধরেছে আড়ানি যার কিরণীয়া নাম। ইতি কর্ম্মদেবী ৪৬ পৃষ্ঠা।

আড়ামোড়া, স্ত্রী. বি. (আড়া-মোড়, ভঙ্গিবিশেষ, আ) গাত্রভঙ্গি ; শরীরভঙ্গি ; দেহবক্র করা বিশেষ।

আড়াল, ক্লী. বি. (আ-বৃত, বর্ত্তন, অনট) আবর্ত্তনের প্রচলিত ভাষা ; আচ্ছাদন ; গোপন ; পর্দ্দা ; যবনিকা ; ব্যবধান ; আচরণ ; ঢাকা ; যথা—বহুড়ি জলেরে যায়, আড়ালে থাকিয়া তায়, ইতি কবিকঙ্কণচণ্ডী ৮৮ পৃষ্ঠা।

আড়ি, স্ত্রী. বি. (আড়, মৎস্যভেদ, ই) শরালি পক্ষী ; স্বনাম খ্যাত মৎস্য ; আড়িমাছ ; (পু.) পণ ; প্রতিজ্ঞা ; ক্রোধ ; দ্বেষ ; হিংসা ; অপকার ; পরানিষ্ট।

আড়িকুচি, পু. বি. (আড়ি-কুচ, মৎস্যভেদ, কি) মৎস্যবিশেষ ; আড়িমাছ ; ইতি অমরকোষ।

আড়িপাতন, ক্লী. বি. (আড়ি-পত, পাতন, অনট) গোপনে থাকন ; রহস্য শ্রবণ ; গোপন থাকিয়া শুনা।

আড়িপাতনীয়া, স্ত্রী. বি. (আড়ি-পত, ব্যক্তিভেদ, অনীয়-আ) গুপ্তঘাতক; গোপনে হত্যাকারী।

আড়ুমাড়ু, ক্লী. বি. (আড়ু-মাড়, অন্ত্রের বিকার, উ) অন্ত্রপাক; বমনোপক্রম; ন্যক্কারের অনুষ্ঠান।

আড়ুরা, ক্লী. বি. (আড়ুর, ছলভেদ, আ) বিলম্বকরণের ছল; কাল গৌন করিবার চাতুরী।

আড়রি, ক্লী. বি. (আড়র, তট, ই) নদীরধার; তটস্থ উচ্চস্থান; নদীর ধারে যেস্থান অত্যন্তউচ্চ।

আড়ুলি, ক্লী. বি. (আড়ুল, ধার, ই) নদীর ধার; তটস্থ উচ্চস্থান; নদীকুলোপরি উচ্চভূমি; নদীর পাড়।

আড়ূ, ক্লী. বি. (আড়, দ্রব্যভেদ, ঊ) ভেলা; মাড়।

আড়্, ক্লী. বি. (আড়, প্রস্থ, ক্বিপ্) প্রস্থভাগ; চৌড়াদিক; ওসারের দিক; বিস্তার; পরিসর।

আড্ডা, ক্লী. বি. (আড্ড, স্থানভেদ, আ) স্থান; আখরা; উত্তরণস্থান; পথি মধ্যে থাকিবার স্থান।

আঢ়ক, পু. ক্লী. বি. (অঢ়, পাত্রভেদ, ণক) চতুঃ প্রস্থ পরিমাণ; আড়ী; আঢ়ী; দ্রোণ; চতুর্থভাগ।

আঢ়কিক, ত্রি. বিণ. [আঢ়ক, পাত্রভেদ, ষ্কিক] আঢ়ক পরিমিত বীজ বপনাদি যোগ্য ক্ষেত্রাদি।

আঢ়কী, স্ত্রী. বি. [আঢ়ক, ধান্যবিশেষ, ঈ] অড়হর; শমী ধান্য বিশেষ; দ্বিদলবিশেষ; ইতি অমরকোষ।

আঢ়কীন, ত্রি. বিণ. [আঢ়ক, পাত্র, ঈন] আঢ়কপরিমাণ বীজবপন যোগ্য ক্ষেত্রাদি; ইতিমেদিনী।

আঢাকা, ত্রি. বিণ. (আ-ঢাক, অনাবৃত, ও) অনাচ্ছাদিত; খোলা; অনাবৃত; যাহা ঢাকানাই; ইতিবিশ্ব।

আঢ়ি, স্ত্রী. বি. (আঢ়, পাত্র, ই) পরিমাণবিশেষ।

আঢ্য, ত্রি. বিণ. (আঢ়, ধন, য) ধনবান; ধনী; যুক্ত; অন্বিত; ধনাঢ্য; সম্পন্ন; ইতি অমরকোষ।

আণক, ত্রি. বিণ. (আণ, মন্দ, অক) অধম; হেয়; ক্ষুদ্র; অল্প; অপকৃষ্ট; কুৎসিত; ইতি হেমচন্দ্র।

আনবীন, ত্রি. বিণ. [আনব, স্থানভেদ, ঈন] অণু-ধান্য উদ্ভব যোগ্যক্ষেত্র; ইতি অমরটীকা।

আণি, পু. স্ত্রী. বি. (আণ, কোণ, ই) কোণ; অস্ত্রি; সীমা; অক্ষাগ্রকীলক; ইতিমেদিনী। বস্তুর একদেশ।

আণ্টাল, ক্লী. বি. (অণ্ড, দ্রব্যভেদ, অ) অণ্ডের প্রচলিতভাষা; বর্ত্তুলাকারবস্তু; গুলি; ভাঁটা।

আণ্ডা, ক্লী. বি. (আণ্ড, দ্রব্যভেদ, আ) অণ্ড; ডিম্ব।

আণ্ডাল, ক্লী. বি. (আণ্ড, দ্রব্যভেদ, আল) ভাঁটা; গোলাকৃতি ক্রীড়াবস্তু; গোলা; ইতি হেমচন্দ্র।

আঢ্যেল, ত্রি. বিণ. (আঢ়, ব্যক্তিভেদ, য) আঢ্যের প্রচলিতভাষা; অতিশয়ধনী; বহুঅর্থ বিশিষ্ট।

আতঙ্ক, পু. বি. (আ-তক, ভয়, অল) ভয়; শঙ্কা; তাপ; পীড়া; অস্বাস্থ্য; যাতনা; মুরজধ্বনি।

আতঙ্গ, পু. বি. (আতম্-গম, ভয়, ড) ভয়; শঙ্কা; পীড়া; অস্বাস্থ্য; যাতনা; ইতিঅমরকোষ।

আতঞ্চন, ক্লী. বি. (আ-তনচ, উপদ্রব, অনট) নিক্ষেপণ; উপদ্রব; বেগ; আপ্যায়ন; তর্পণ; দৌরাত্ম্য।

আতত, ত্রি. বিণ. (আ-তন, মিথ্যা, ক্ত) আরোপিত; বিস্তারিত; (ক্লী. বিণ.) মুরজ ধ্বনি; ঢক্কাধ্বনি।

আততায়ী, ত্রি. বিণ. (আতত অয়, গমন, ণিন) বধোদ্যত; চৌর, দস্যু, অগ্নিদ, প্রভৃতি অনিষ্টকারী; যথা—রোমিওর উপর আততায়ী হইয়াছিল, ইতি সেক্সপিয়র ৪১৪ পৃষ্ঠা।

আতপ, পু. বি. (আ-তপ, তাপ, অল) রৌদ্র; সূর্য্যেরকিরণ; সূর্য্যের আলোক; গ্রীষ্ম; যথা—আতপকাল অতিবাহিতকরিতেছেন। ইতিশকুন্তলা ৩৪পৃষ্ঠা।

আতপতণ্ডুল, পু. বি. (আতপ-তণ্ডুল, চাউলভেদ, আ) তণ্ডুলবিশেষ; আলোচাউল; ইতি জটাধর।

আতপত্র, ক্লী. বিণ. (আতপ-ত্রৈ, রক্ষণ, ড) ছত্র; ছাতী; রৌদ্রাদি নিবারক আচ্ছাদন; যথা-নিজ আতপত্রের তলস্থলে ইতি নৈষধচরিত ২৪ পৃষ্ঠা।

আতপত্রক, ক্লী. বি, (আতপ-ত্রৈ, রক্ষণ, ড-ক) ছত্র; ছাতী; রৌদ্রাদি নিবারকদ্রব্যবিশেষ; ইতি মেদিনী।

আতপবারণ, ক্লী. বি. (আতপ-বার, বারণ, অনট) ছত্র; ছাতী; রৌদ্রনিবারক যন্ত্র; ইতিহেমচন্দ্র।

আতপাভাব, পু. বি. (আতপ-অ-ভূ, সত্তা, ঘঞ) ছায়া; রৌদ্রাভাব; সূর্য্যকিরণাভাব; ইতি হলায়ুধ।

আতর, পু. বি. (আ-তৃ, তরণ, অল) তরপণ্য; নদীপার হইবার নৌকাভাড়া; পারানি কড়ি; (যাং) সুগন্ধিদ্রব্যবিশেষ; মনঃ প্রফুল্লজনক দ্রব্যবিশেষ।

আতর্পণ, ক্লী. বি. (আ-তৃপ, তর্পণ, অনট) তৃপ্তি; সন্তোষ; তৃপ্তকরা; প্রীণন; মঙ্গলালেপন; আলিপনা।

আতস, ক্লী. বি. (যাং) অগ্নি; উত্তাপ; বাজীবিশেষ; যথা—নিশ্বাস আতস বাজী উত্তাপে পলায়। ইতি ভারতচন্দ্র ২৮৪ পৃষ্ঠা।

আতস বাজী, ক্লী. বি. (যাং) অগ্নিক্রীড়া; ইতি বিশ্ব।

আতা, স্ত্রী. বি. (আত, ফলভেদ, আ) ফলবিশেষ; আতৃপ্য; তৃপ্তির অযোগ্য; মধুর ফলবিশেষ।

আতাই, পু. বি. [আ-বেতন, অর্থাদি, অ] অবেতনের প্রচলিত ভাষা; বেতন বিনা বাদ্যকর।

আতান্তর, ক্লী. বি. (আত-অন্তর, বিপদ, অল) দুরবস্থা; সঙ্কট; বিপদ; দুর্দ্দশা; মন্দ সময়; ইতি মেদিনী।

আতাপী, পু. বি. (আ-তাপ, জীবভেদ, ইন্) আতায়ী; পক্ষি বিশেষ; চিল; ইতি অমরকোষ।

আতায়িপনা, স্ত্রী. বি. (আ-তায়, খল, ঞি-অন-আ) ধূর্ত্ততা; খলতা; শঠতা; ক্রূরতা; প্রতারণা।

আতায়ী, পু. বি. (আ-তায়, খল, ইন্) পক্ষিবিশেষ; পাখী; (ত্রি. বিণ.) ধূর্ত্ত; শঠ; খল; যে ঠকায়।

আতার, ক্লী. বি. (আ-তৃ, তরণ, ঘঞ) তরপণ্য; পারানিকড়ি; আতর; গন্ধদ্রব্য; ইতিশব্দরত্নাবলী।

আতারিকাতারি, ক্লী. বি. [কাতর, দুঃখ, ঢ়ি] যন্ত্রনা; যাতনা; কাকুক্তি; কাতর্য্য; ইতিঅমরকোষ।

আতালি, ক্লী. বি. (আ-তাল, তল, ই) মাচা; মঞ্চ; ভারা; উচ্চমণ্ডপ বিশেষ; নির্ম্মিত উচ্চ ভূমি।

আতালিপাতালি, ক্রিবিণ. (আতালি-পাতাল, সকল স্থান, ই) সর্ব্বত্র; সর্ব্বাবয়বে; চারিদিকে; ইতিবিশ্ব।

আতি, পু. বি. (আত, পক্ষী, ই) বিহঙ্গ; পক্ষী।

আতিথেয়, ত্রি. বিণ. [অতিথি, অভ্যাগত, ঞ্চেয়] অতিথি সেবাকারক; অতিথি সেবার সামগ্রী; অতিথি সেবাপরায়ন; অতিথি পূজক; যথা—আতিথেয় স্বয়ং কি প্রকারে তাহার প্রান সংহার করিবে। ইতি সেক্সপিয়র ৪৬০ পৃষ্ঠা।

আতিথ্য, পু. বি. [অতিথি, অভ্যাগত, ঞ্চ্য] অতিথি; ইতিমেদিনী। (ত্রি. বিণ.) অতিথিরভক্ষণাদি দ্রব্য; অতিথিসেবা; অভ্যাগতপূজা; যথা—সেইরূপ আতিথ্য ঐ স্থবির ঋষিবর হইতে ইতি নৈষধচরিত ২৫ পৃষ্ঠা।

আতিদেশিক, ত্রি. বিণ. [অতিদেশ, আরোপ, ঞ্চিক] অতিদেশ প্রাপ্ত; অন্যবিধিহইতে উপস্থিত।

আতিশয্য, ক্লী. বি. [অতিশয়, অধিক, ঞ্চ্য] আধিক্য; অতিরেক; অতিশয়তা; যথা—নিকৃষ্ট প্রবৃত্তির আতিশয্য নিবারন করা অবশ্য কর্ত্তব্য ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৮০ পৃষ্ঠা।

আতু, পু. বি. (আত, দ্রব্যভেদ, উ) ভেলক; ভেলা; মাড়; নদ্যাদি তরন সাধন বস্তু; উড়ুপ; ইতি বিশ্ব।

আতুথাতু, ক্লী. বি. (আ-যত, যত্ন, ক্ত) আয়ত্তর প্রচলিতভাষা; অতিশয় স্নেহ; রক্ষার্থমহাযত্ন।

আতুর, ত্রি. বিণ. [আতুর, রোগবিশিষ্ট, ঢ়ি] রোগী; পীড়িত; গতিশক্তি রহিত; কাতর; ব্যাধিবিশিষ্ট।

আতৃপ্য, ক্লী. বি. (আ-তৃপ, ফলভেদ, য) ফলবিশেষ; আতা; (ত্রি. বিণ.) যে ফল খাইলে তৃপ্তি হয়।

আতেলা, ত্রি. বিণ. (আ-তৈল, স্নেহদ্রব্য, অ) তৈল রহিত; অতৈল; যাহাতে তৈল দেওয়া হয় নাই।

আতোদ্য, ক্লী. বি. (আ-তুদ, বাদ্য, য) বাদ্য; বীনা; মুরজ কাংস্যবংশ্যাদির ধ্বনি; চতুর্ব্বিধ বাদ্য।

আত্ত, ত্রি. বিণ. (আ-দা, আদান, ক্ত) গৃহীত; প্রাপ্ত; যাহা গ্রহণ করা হইয়াছে; লওয়া দ্রব্য।

আত্তগন্ধ, ত্রি. বিণ. (আত্ত-গন্ধ, ঘ্রান, অ) গৃহীতগন্ধ; হতদর্প; অভিভূত; হতগর্ব্ব; পরাভূত; অহঙ্কারচূর্ণ।

আত্তগর্ব্ব, ত্রি. বিণ. (আত্ত-গর্ব্ব, অহঙ্কার, অল) খণ্ডিত গর্ব্ব; দূরীভূত অহঙ্কার; ভগ্নদর্প।

আত্তি, ক্লী. বি. (আয়ত, যত্ন, ক্তি) আয়ত্তির ভাষা; যত্ন; আস্থা; স্নেহ; ভালবাসা; ইতি হেমচন্দ্র।

আত্ম, ত্রি. বিণ. (আত, আপন, মন্) স্বয়ং; আপন।

আত্মকলহ, পু. বি. (আত্মন্-কলহ, বিবাদ, অ) সুহৃৎ সঙ্গে বিবাদ; বন্ধুর সহিত কলহ; ইতি অমরকোষ।

আত্মকার্য্য, ক্লী. বি. (আত্মন্-কৃ, করণ, ঘ্যণ) গোপনীয় কার্য্য; আপনার কর্ম্ম; যথা—তুমি আত্মকার্য্যসংশোধনার্থ যত্নসহকারে ইতি মহাভারত শল্যপর্ব্ব ১০ পৃষ্ঠা।

আত্মগরিমা, স্ত্রী. বি. (আত্মন্-গরিমা, দর্প, আ) আত্মশ্লাঘা; অহমিকা; দর্প; অহঙ্কার; ইতি মেদিনী।

আত্মগুপ্তা, স্ত্রী. বি. (আত্মন-গুপ, গোপন, ক্ত-আ) লতাবিশেষ; আলকুশী; দ্রব্যবিশেষ; ইতিমেদিনী।

আত্মগোপন, ক্লী. বি. (আত্ম-গুপ, গোপন, অনট) আপনাকে লুকান; আপনাকে অপ্রকাশ করন; যথা—এই সকল কল্পিত কথা দ্বারা আত্মগোপন করিয়া ইতি বিরাটপর্ব্ব ২ পৃষ্ঠা।

আত্মগ্রাহী, ত্রি. বিণ. (আত্মন্-গ্রহ, গ্রহন, ণিন) আত্মম্ভরি; স্বার্থপর; যে ব্যক্তিরআপনার হইলেই হয়।

আত্মঘাত, ক্লী. বি. (আত্মন-হন, বধ, ঞি-ঘঞ) আত্মহত্যা; আপনার যত্নে মরন; আপনা হইতেইবধ।

আত্মঘাতী, ত্রি. বিণ. (আত্মন-হন, বধ, ঞি-ণিন্)

আত্মহন্তা; আপনিই বধের কর্ত্তা; ইতিমেদিনী।

আত্মঘোষ, পু. বি. (আত্মন-ঘুষ, ঘোষণ, অল) কাক; কুক্কুট; পক্ষিবিশেষ; যে আপনার ঘোষণাকর।

আত্মজ, পু. বি. (আত্মন-জন, জনন, ড) পুত্র; সন্তান; অঙ্গজ; সুত; যে অঙ্গহইতে জন্মিয়াছে; যথা— আমার আত্মজ দুর্য্যোধন তোমাদের সমক্ষে ইতি মহাভারত শল্যপর্ব্ব ৫ পৃষ্ঠা।

আত্মজন্মা, পু. বি. (আত্মন-জন, জনন, মন) পুত্র।

আত্মজা, স্ত্রী. বি. (আত্মন-জন, জনন, ড-আ) কন্যা; পুত্রী; দুহিতা; ইতিঅমর। বুদ্ধি; মতি; ইতি বিশ্ব।

আত্মজ্ঞান, ক্লী. বি. (আত্মন-জ্ঞা, বোধ, অনট) ব্রহ্মবিষয়কজ্ঞান; আত্মার জ্ঞান; তত্ত্বজ্ঞান; যথা—ভয়ের বশীভূত হইয়া একবারে আত্মজ্ঞান রহিত হয়। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৬ পৃষ্ঠা।

আত্মতত্ত্ব, ক্লী. বি. (অত্মন-তত্ত্ব, যাথার্থ্য, অ) ব্রহ্মতত্ত্ব; আত্মযাথার্থ্য; আত্মার যথার্থবিষয়; যথা—তোমার মত আত্মতত্ত্বজ্ঞ প্রাণীর ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২৩৭ পৃষ্ঠা।

আত্মতা, স্ত্রী. বি. [আত্মন্, আপনার, তা] বন্ধুতা; প্রণয়; সদ্ভাব; মিত্রতা; ইতি অমরকোষ।

আত্মদর্শ, পু. বি. (আত্মন দৃশ, দর্শন, অল) দর্পণ; মুকুর; আদর্শ; আর্শি; আয়না; ইতি হেমচন্দ্র।

আত্মদেবতা, পু. বি. (আত্ম-দেব, দেবতা, তা) ইষ্ট দেবতা; আপনার দেবতা; অভীষ্টদেবতা।

আত্মন্, পু. বি. [আত্মন্, দেহ, চি] স্বয়ং; ব্রহ্ম; জীব; স্বভাব; আকার; দেহ; যত্ন; ধৈর্য্য; বুদ্ধি; সূর্য্য; অন্তঃকরণ; বায়ু; বহ্নি; অধিষ্ঠাত্রীদেবতা; ইতিবিশ্ব।

আত্মনীন, পু. বি. [আত্মন্, দেহ, ঈন] সুত; পুত্র; শ্যাল; সম্বন্ধী; প্রাণধার; বিদূষক; (ত্রি. বিণ.) আত্মহিতকারী; আত্মসম্বন্ধী; পথ্য; ইতি রত্নমালা।

আত্মবঞ্চক, পু. বি. (আত্মন—বন্চ, বঞ্চনা, ণক) কৃপণ; কদর্য; ব্যয়কুণ্ঠিত; যে আপনাকে বঞ্চনা করে।

আত্মবৎ, ত্রি. বিণ. [আত্মন্, দেহ, বতু] আত্মসদৃশ; আপনার মত; মনস্বী; আপনারন্যায়; যথা—আত্মবৎ সুশীলবোরা কিওনামা ইতিসেক্সপিয়র১০৮পৃষ্ঠা।

আত্মবন্ধু, পু. বি. [আত্মন্ বন্ধু, মিত্র; চি] পিতৃভগিনীপুত্র; মাতৃভগিনী পুত্র; মাতুলপুত্র; সুহৃদ্বর্গ;

আত্মবশ, ত্রি. বিণ. (আত্মন্-বশ, অধীনতা, অল) স্বাধীন; স্ববশ; স্বপ্রধান; যে আপনার বশ; যথা— দুর্জ্জয় রিপুবর্গ আত্মবশে রাখিয়া ইতি রঘুবংশ১পৃষ্ঠা।

আত্মবিস্মৃত, ত্রি. বিণ. (আত্মন্—বি-স্মৃ, বিস্মরণ, ক্ত) আপনার বিস্মরণ; আপনাকে ভোলা; যথা—হে আত্মবিস্মৃতে আমি তোমার পতি নহি, ইতি সেক্সপিয়র ১৩ পৃষ্ঠা।

আত্মবীর, পু. বি. (আত্মন-বীর, ব্যক্তিভেদ, ক) প্রণয়বান্; শ্যালক; বিদূষক; ইতিবিশ্ব। পত্নীরভ্রাতা।

আত্মভূ, পু. বি. (আত্মন-ভূ, সত্তা, ক্বিপ্) ব্রহ্মা; যথা—যেরূপ হয় সেইরূপে আত্মভূ কর্ত্তৃক ইতি নৈষধচরিত ১১১ পৃষ্ঠা। কামদেব; বিষ্ণু; শিব; স্বয়ং উৎপন্ন; ইতি অমর।

আত্মম্ভরি, ত্রি. বিণ. (আত্মন্-ভৃ, ভরণ, খি) আত্মোদরমাত্র ভরণকর্ত্তা; কুক্ষিম্ভরি; স্বোদরপূরক; স্বার্থপর।

আত্মযোনি, পু. বি. [আত্মন-যোনি, অঙ্গভেদ, চি] ব্রহ্মা; বিষ্ণু; শিব; কামদেব; ইতি মেদিনী।

আত্মরক্ষা, স্ত্রী. বি. (আত্মন-রক্ষ, রক্ষণ, ড-আ) আপনার রক্ষণ; আত্মসার; আত্মত্রাণ; যথা—পলায়ন পূর্ব্বক আত্মরক্ষা করিবার ইতি রোমাবতী ১১১ পৃষ্ঠা।

আত্মলাভ, পু. বি. (আত্মন-লভ, লাভ, ঘঞ) উৎপত্তি।

আত্মশ্লাঘা, স্ত্রী. বি. (অত্মন-শ্লাঘ, গর্ব্ব, ড-আ) আত্মগর্ব্ব; স্বীয়প্রশংসা; আপনার সুখ্যাতি করা; যথা— মনে মনে ভীত হইয়াও আত্মশ্লাঘা পূর্ব্বক কহিলেন ইতি বিরাটপর্ব্ব ৬৯ পৃষ্ঠা।

আত্মসম্ভব, পু. স্ত্রী. বি. (আত্মন্-সং-ভূ, সত্তা, অল) পুত্র; কন্যা; যাহারা আত্মাহইতে উৎপন্নহইয়াছে।

আত্মসাৎ, ত্রি. বিণ. [আত্মন্, আপনার, চসাৎ] আত্মাধীন; আপনার আয়ত্ত; হস্তগত; যথা—সমুদায় সম্পত্তি আত্মসাৎ করিতে লিখিয়াছেন। ইতি শকুন্তলা ৮৪ পৃষ্ঠা।

আত্মহত্যা, স্ত্রী. বি. (আত্মন্-হন, বধ, ক্যপ) আত্মঘাত; স্ববধ; আপনা হইতেই বধ; ইতি মেদিনী।

আত্মহা, পু. বি. (আত্মন্-হন, বধ, ক্বিপ্) দেবল; আত্মঘাতী; আপনহত্যাকারী; আপনার যত্নে মৃত।

আত্মা, পু. বি. (আ-অত্, জীব, মন) যত্ন; বুদ্ধি; স্বভাব; ব্রহ্ম; দেহ; ইতিঅমর। মনঃ; ইতিমেদিনী। পুত্র; জীব; অর্ক; হুতাশন; বায়ু; ইতিহেমচন্দ্র।

আত্মাধীন, পু. বি. (আত্মা-অধি ইন, বশ, ক) আপ

নার অধীন; স্বীয়আয়ত্ত; পুত্র; প্রাণাধার; শ্যালক; বিদূষক; ইতি হেমচন্দ্র। পত্নীর ভ্রাতা; ইতি বিশ্ব।

আত্মাভিমত, ত্রি. বিণ. (আত্মন্-অভি-মন, মত, ক্ত) আত্মসম্মত; আপনার মতানুযায়ী; স্বেচ্ছাভিমত।

আত্মাশী, পু. বি. (আত্মন-অশ, ভোজন, ণিন্) আত্মভক্ষক; মৎস্য; মীন; মাছ; ইতিঅমরকোষ।

আত্মাশ্রয়, পু. বি. (আত্মন্-আ-শ্রি, আশ্রয়, অল) তর্কবিশেষ; আত্মাবলম্বন; আপনার আশ্রয়।

আত্মীয়, ত্রি. বিণ. [আত্মন, আপন, ঈয়] স্বকীয়; অন্তরঙ্গ; স্বজন; বন্ধু; আপনার জন; যথা—তৎকালে কে আত্মীয় কে পর, ইতি রঘুবংশ ৫২ পৃষ্ঠা।

আত্মীয়তা, স্ত্রী. বি. [আত্মীয়, বন্ধু, তা] হৃদ্যতা; বন্ধুতা; অন্তরঙ্গতা; মিত্রতা; ইতি হেমচন্দ্র।

আত্মোৎকর্ষ, ক্লী. বি. (আত্ম-উৎ-কৃষ, কর্ষণ, অল) আপনার শ্রেষ্ঠত্ব; আপন উৎকৃষ্টতা; স্বোত্তমতা।

আত্মোদ্ভবা, স্ত্রী. বি. (আত্মন্-উৎ-ভূ, সত্ত্বা, অল-আ) কন্যা; পুত্রী; অঙ্গজা; অঙ্গোৎপন্না কন্যা।

আত্যন্তিক, ত্রি. বিণ. [অত্যন্ত, অতিশয়, ষ্ণিক] অতিশয়; বিস্তর; প্রচুর; যথেষ্ট; ইতি বিশ্ব। যথা—আত্যন্তিকক্ষুধাহইয়াছিল, ইতিসেক্স্পিয়র৪৪১পৃষ্ঠা।

আত্যন্তীন, ত্রি. বিণ. [অত্যন্ত, অতিশয়, ঈন] অতিরিক্ত; বিস্তর; প্রচুর; সম্পূর্ণ; অতিশয়; অধিক।

আত্রেয়, পু. বি. [অত্রি, মুনিবিশেষ, ষ্ণেয়] অত্রি মুনিরপুত্র; দুর্ব্বাসা; চন্দ্র; ইতিমেদিনী। শরীরস্থরস ধাতু; ইতি হেমচন্দ্র। (স্ত্রী.) নদী বিশেষ।

আত্রেয়িকা, স্ত্রী. বি. [আত্রেয়, নদীভেদ, ইক-আ] নদীবিশেষ; ঋতুমতী; রজস্বলা; ইতি হলায়ুধ।

আত্রেয়ী, স্ত্রী. বি. [আত্রেয়, নদীভেদ, ঈ] নদীবিশেষ; পুষ্পবতী স্ত্রী; ঋতুমতী কামিনী; ইতি হেমচন্দ্র।

আথর্ব্বণ, ক্লী. বি. [অথর্ব্বন্, বেদ, ষ্ণ] বেদবিশেষ; শান্তিগৃহ; (পু.) পুরোহিত; (ত্রি. বিণ.) অথর্ব্ববেদজ্ঞ; অথর্ব্ববেদবিহিত; ইতি হেমচন্দ্র।

আথান্তর, ক্লী. বি. (বি-পদ, বিপদ, অল) বিপদের ভাষা; আপদ; যথা—পড়িলেন পুত্র লইয়া সব্য আথান্তরে ইতি রামায়ন আদিকাণ্ড ১১ পৃষ্ঠা।

আথিবিথি, ক্রিবিণ. [সত্বর, শীঘ্র, এ] সত্বরের ভাষা; শীঘ্র; তাড়াতাড়ি; যথা—আথিবিথি তথা উঠিল বসি। ইতি কর্ম্মদেবী ৩৭ পৃষ্ঠা।

আদ, ত্রি. বিণ. (অর্দ্ধ, আদ, অল) অর্দ্ধের প্রচলিতভাষা; অর্দ্ধেক; সমদ্বিভাগ; তুল্যদুইভাগ।

আদকপালিয়া, ক্লী. বি. (অর্দ্ধ-কপাল, ভাগ্য, ইয়-আ) রোগ বিশেষ; শিরঃপীড়া; এক রগ বেদনা।

আদাঙ্গ, ত্রি. বিণ. (অর্দ্ধ-অঙ্গ, অবয়ব, অল) অর্দ্ধাংশ; অর্দ্ধেক; সমদ্বিভাগের একাংশ; আদাঅঙ্গ।

আদৎ, ক্লী. বি. (যাং) আচার; রীতি; ধারা; সম্পূর্ণ; আভাঙ্গা; আস্ত; যাহা কিছু কমে নাই; ইতি বিশ্ব।

আদতে, ক্রিবিণ. (যাং) ব্যবহারত; স্বাভাবিকরূপে।

আদদ, পু. বি. (যাং) সংখ্যা; গণনা; অঙ্কাদি।

আদমী, পু. বি. (যাং) মানুষ; জন; ব্যক্তি; আদমের সন্তান সন্ততি; ইতি অমরকোষ। ব্যক্তি বিশেষ।

আদর, পু. বি. (আ-দৃ, আদর, অল) সম্মান; মর্য্যাদা; অনুরাগ; আস্থা; সম্বর্দ্ধনা; যথা—সত্যের আদর নাই, সত্যহীন সবঠাঁই, ইতি কর্ম্মদেবী ৭ পৃষ্ঠা।

আদরণীয়, ত্রি. বিণ. (আ-দৃ, আদর, অনীয়) মান্য; সম্মানার্হ; আদরের উপযুক্ত; মানযোগ্য; যথা—তাঁহারা লোকের বিশ্বস্ত ও আদরণীয় হয়েন, ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ২০ পৃষ্ঠা।

আদরা, ক্লী. বি. (আ-দৃশ, দর্শন, অল) চিহ্ন; অঙ্ক; দাগ; আদর্শ; দর্পণ; প্রতিপুস্তক; ইতি মেদিনী।

আদর্য্য, ত্রি. বিণ. (আ-দৃ, আদর, য) আদরণীয়; আদর্ত্তব্য; আদরোপযুক্ত; যাহা সম্বর্দ্ধনার যোগ্য।

আদর্শ, পু. বি. (আ-দৃশ, দর্শন, অল) টীকা; দর্পণ; যথা—নির্ম্মলতাজন্য তোমাকে আদর্শস্বরূপ অর্থাৎ দর্পণস্বরূপ বোধকরিতেছি, ইতিনৈষধচরিত ৯৭পৃষ্ঠা। প্রতিপুস্তক; যেগ্রন্থদেখিয়া অন্য পুস্তক লেখা যায়।

আদলা, ত্রি. বিণ. (অর্দ্ধ, আদা, অল) অর্দ্ধভাগ; অর্দ্ধাংশ; সমান দুই ভাগের একাংশ; আধাভাগ।

আদলি, ক্লী. বি. (অর্দ্ধ, আদা, অল) মুদ্রার অর্দ্ধভাগ; টাকার তুল্য ভাগের একভাগ; ভাগদ্বয়ের একভাগ।

আদা, ক্লী. বি. (আর্দ্র, মুল বিশেষ, ক) আর্দ্রক; দ্রব্যবিশেষ; মূলবিশেষ; আদা; অর্দ্ধভাগ।

আদাদি, ক্লী. বি. (অর্দ্ধ, আদা, অল) অর্দ্ধার্দ্ধি; অর্দ্ধার্দ্ধভাগ; ঠিক সমান দুইভাগ; ইতি মেদিনী।

আদাড়, ক্লী. বিণ. (আ-দাঁড়া স্থানভেদ, ড) জঙ্গালস্থান; কুস্থল; ঘৃণিত স্থান; মন্দস্থান; ইতি বিশ্ব।

আদাড়ে, ত্রি. বিণ. (আদাড়, দমন, এ) অদম্য; দুর্দ্দম্য।

আদান, ক্লী. বি. (আ-দা, দান, অনট) লওন; অশ্বাভরণ; অঙ্গীকার; রোগলক্ষণ; গ্রহণ; যথা—ধনুর্ম্মুক্তবান আদান পুরঃসর সমাগত হইয়া ইতি নৈষধচরিত ৫৪ পৃষ্ঠা।

আদানপ্রদান, ক্লী. বি. (আদান-প্র-দা, দান, অনট) দেওয়া লওয়া; লেনদেন; গ্রহণ দান; যথা—পরিচয় আদান প্রদান পরস্পরে। ইতি কর্ম্মদেবী ২ পৃষ্ঠা।

আদাভাগী, ত্রি. বিণ. (অর্দ্ধ-ভজ, ভাগ, ণিন্) অর্দ্ধাংশী; অর্দ্ধেকের ভাগী; যে আদাভাগ পায়।

আদায়, ক্লী. বি. (আ-দা, দান, য) গ্রহণ; লওন; পরিশোধ; শোধ দেওয়া; প্রাপ্য গ্রহণ; যথা—তপস্বীদিগকে বল আমি রাজস্ব আদায় করিতে আসিয়াছি। ইতি শকুন্তলা ২৯ পৃষ্ঠা।

আদালত, ক্লী. বি. (যাং) বিচারস্থান; ধর্ম্মাধিকরণ।

আদি, পু. বি. (আ-দা, প্রথম, ডি) পূর্ব্ব; প্রথম; সকলের অগ্রগ; পদান্তে গণ সূচক; মূল; প্রভৃতি; যথা—মহামতি পাত্র মিত্র সভাসদ্ আদি! ইতি মেঘনাদবধকাব্য ১৭ পৃষ্ঠা।

আদিকবি, পু. বি. (আদি-কব, কাব্যকার, ই) ব্রহ্মা; বাল্মীকিমুনি; ইতি হেমচন্দ্র। প্রথম কবিকর্ত্তা।

আদিকারণ, ক্লী. বি. (আদি-কৃ, করণ, ণিচ অনট) পূর্ব্বনিমিত্ত; মূলহেতু; নিদান; প্রথম হেতু।

আদিতেয়, পু. বি. [অদিতি, মুনিপত্নীবিশেষ, ঢ়েয়] অদিতি পুত্র; দেব; অদিতির সন্তান; দেবতা।

আদিত্য, পু. বি. [অদিতি, মুনিপত্নী বিশেষ, ণ্য] দেব; সূর্য্য; অর্কবৃক্ষ; অদিতির গর্ভজাত দ্বাদশ আদিত্য—যথা—বিবস্বান; অর্য্যমা; পূষা; ত্বষ্টা; সবিতা; ভগ; ধাতা; বিধাতা; বরুণ; মিত্র; শক্র; উরুক্রম। অদিতিসন্তান; যথা—অতিশয় কামি আদিত্যকে ইতি নৈষধচরিত ৩৭ পৃষ্ঠা।

আদিত্যপুষ্পিকা, স্ত্রী. বি. (আদিত্য-পুষ্প, ফুলভেদ, ইক—আ) লোহিতার্কবৃক্ষ; রক্তআকন্দ।

আদিত্যভক্তা, স্ত্রী. বি. (আদিত্য-ভজ, ত্যাগ, ক্ত-আ) ওষধীবিশেষ; হুড়হুড়িয়াগাছ; সূর্য্যলতা।

আদিত্যমণ্ডল, ক্লী. বি. (আদিত্য-মণ্ডল, পরিবেশ, অল) সূর্য্যমণ্ডল; সূর্য্যের বেষ্টন পথ; পরিবেশ।

আদিত্যসূনু, পু. বি. (আদিত্য-সূন, সন্তান, উ) সুগ্রীব বানর; যম; শনি; সাবর্ণিমনু; বৈবস্বত মনু।

আদিদেব, পু. বি. (আদি-দিব, দেবতা, অল) বিষ্ণু; নারায়ণ; প্রথমদেবতা; মূলদেবতা; ইতি বিশ্ব।

আদিবরাহ, পু. বি. (আদি-বরাহ, অবতার, অল) বিষ্ণু; বিষ্ণুর অবতার বিশেষ; ইতি অমরকোষ।

আদিম, ত্রি. বিণ. [আদি, প্রথম, মট] আদ্য; প্রথম উৎপন্নবস্তু; ব্যাকরণাদি; যাহাঅগ্রেউৎপন্ন হইয়াছে।

আদিরাজ, পু. বি. (আদি-রাজ, রাজা, অ) পৃথুরাজা; দিল্লীশ্বর; পৃথ্বীশ্বর; পৃথুরায়; ইতি বিশ্ব।

আদিষ্ট, ক্লী. বি. (আ-দিশ, আদেশ, ক্ত) উচ্ছিষ্ট; ইতিমেদিনী। (ত্রি. বিণ.) আদেশিত; আজ্ঞাপ্ত; কথিত; আজ্ঞা বিশিষ্ট; যথা—যুধিষ্ঠির কর্ত্তৃক আদিষ্ট হইয়া ইতি বিরাটপর্ব্ব ৬৫ পৃষ্ঠা।

আদীনব, পু. বি. (আ-দীন, দুঃখ, ব) ক্লেশ; দোষ; দুরন্ত; যাতনা; দুঃখ; কষ্ট; ইতি মেদিনী।

আদীপন, ক্লী. বি. (আ-দীপ, কার্য্যবিশেষ, অনট) আলিম্পনা; সন্দীপন; আলিপনা; শিল্প কার্য্যবিশেষ।

আদুড়, ত্রি. বিণ. (আ-দুল, আবরণ, অ) অনাবৃত; অনাচ্ছাদিত; খোলা; আঢাকা; আবরণবিহীন।

আদুড়ীয়, ত্রি. বিণ. [অদুড়, অপরিমাণ, ঈয়] অপরিপক্ব; অপরিণত; অনাবৃত সম্বন্ধীয়; যাহা পাকেনাই।

আদুল, ত্রি. বিণ. (আ-দুল, আবরণ, অ) অনাচ্ছাদিত; অনাবৃত; খোলা; আঢাকা; আদুড়।

আদৃত, ত্রি. বিণ. (আ-দৃ, আদর, ক্ত) কৃতাদর; সাদর; অর্চ্চিত; পূজিত; আদর কর্ত্তা; সম্মানিত; যথা—মনুষ্যদিগের দ্বারা আদৃত ও পূজিত হয় ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৭১ পৃষ্ঠা।

আদৃত্য, ত্রি. বিণ. (আ-দৃ, আদর, য) আদরণীয়; আদর যোগ্য; পূজ্য; অর্চ্চনোপযুক্ত; বন্দনীয়।

আদৃষ্টি, ক্রিবিণ. (আ-দৃশ, দর্শন, ক্তি) অবলোকনাবধি; দর্শন পর্য্যন্ত; দৃষ্টিপর্য্যন্ত; ইতিহেমচন্দ্র।

আদেখা, ত্রি. বিণ. (আ-দৃশ, দর্শন, ক্ত) অদৃষ্টের প্রচলিত ভাষা; অনীক্ষিত; অনবলোকিত; অদর্শিত।

আদেশ, পু. বি. (আ-দিশ, আদেশ, অল) আজ্ঞা; বর্ণান্তর; নিয়োগ; কথন; উৎপত্তি; প্রকৃতি প্রত্যয়ের উপঘাতি কার্য্য; ব্যাকরণের শব্দ বা বর্ণের আকারান্তর প্রাপ্তি; অনুমতি; যথা—মৃগয়াবেশ পরিত্যাগ করিতে আদেশ করিলেন। ইতি শকুন্তলা ২৬ পৃষ্ঠা।

আদেশক, পু. বি. (আ-দিশ, আদেশ, ণক) আজ্ঞা-

কারী; অনুমতি দায়ক; কথক; নিয়োগকর্ত্তা।

আদেশন, ক্লী. বি. (আ-দিশ, আদেশ, অনট) আজ্ঞা করণ; অনুমতি দান; নিয়োগ করণ; ইতি হলায়ুধ।

আদেশী, পু. বি. (আ-দিশ, আদেশ, ণিন্) দৈবজ্ঞ; গণক; আজ্ঞাকারক; পুরোহিত; (ত্রি. বিণ.) উপদেশক; শিক্ষক; যে ব্যক্তি উপদেশ দেয়।

আদেষ্টা, পু. বি. (আ-দিশ, আদেশ, তৃন্) পুরোহিত; যাজক; (ত্রি. বিণ.) উপদেশক; আদেশকর্ত্তা।

আদৌ, ক্রিবিণ. [আদি, প্রথম, সপ্তমী বিভক্তি] প্রথমে; অগ্রে; পূর্ব্বে; আদিতে; যথা—শক্রদিগকে আদৌ উৎখাত ইতি রঘুবংশ ১৩৭ পৃষ্ঠা।

আদ্দাশ, ক্লী. বি. (নি-বিদ, নিবেদন, অনট) নিবেদনের প্রচলিত ভাষা; অভিযোগ; আবেদন।

আদ্য, ত্রি. বিণ. (আদি, প্রথম, অ) প্রথম; যথা—উপদিষ্টবাক্যের আদ্যবর্ণউচ্চারণ, ইতিরঘুবংশ১৭পৃষ্ঠা। ভোজনীয়দ্রব্য; (ক্লী. বি.) ধান্য; ইতিরাজনির্ঘণ্ট।

আদ্যকবি, পু. বি. (আদ্য-কব, কাব্য, ই) প্রথম কাব্যকার; বাল্মীকিমুনি; ব্রহ্মা; প্রথম কবিকারক।

আদ্যন্ত, ত্রি. বিণ. (আদি-অন, শেষ, ক্ত) আদ্যপ্রান্ত; প্রথম এবং শেষ; প্রথমাবধিশেষ পর্য্যন্ত।

আদ্যপ্রান্ত, ক্রিবিণ. (আদ্য-প্র-অন্ত, শেষ, অল) প্রথমাবধি শেষ পর্য্যন্ত; পূর্ব্বাপর; ইস্তক নাগাইদ।

আদ্যবীজ, ক্লী. বি. (আদ্য-বীজ, কারণ, ক) আদি কারণ; প্রথম নিমিত্ত; প্রথম জন্য; প্রথম হেতু।

আদ্যমাষক, পু. বি. (আদ্য-মাষ, পরিমাণভেদ, ণক) মাষকপরিমাণ; একমাষা; পঞ্চরত্তি; পাঁচরতি।

আদ্যশ্রাদ্ধ, ক্লী. বি. (আদ্য-শ্রদ্ধ, ক্রিয়াভেদ, অ) অশৌচান্তের পরদিনে কর্ত্তব্যশ্রাদ্ধ; প্রথমকৃত্য।

আদ্যা, স্ত্রী. বি. [আদি, প্রথম, আ] প্রথমা; মূলীভূতা; দুর্গা; ইতিশব্দরত্নাবলী। কালী; তারা; ত্রিপুরসুন্দরী; ভুবনেশ্বরী; ইতি তন্ত্রশাস্ত্র। যথা—আদ্যা সনাতনী, শম্ভুর গৃহিনী, ইতি কবিকঙ্কণচণ্ডী ৭৪পৃষ্ঠা।

আদ্যূন, ত্রি. বিণ. [আদি, প্রথম, উন] ঔদরিক; অতিপেটুক; স্বার্থপর; আদিহীন; ইতি হেমচন্দ্র।

আদ্যোপান্ত, ক্লী. বি. (আদি+উপান্ত। আদি-উপ-অন্ত, শেষ, অ) পূর্ব্বাপর; ইস্তক নাগাইদ; প্রথমাবধি; যথা—শকুন্তলার পরিণয় বৃত্তান্ত আদ্যোপান্ত বিস্মৃত হইয়াছিলেন ইতি শকুন্তলা ৬৫ পৃষ্ঠা।

আদ্রক পু. বি. (আদ্র, দ্রব্যভেদ, ণক) আদা।

আদ্রিয়মাণ, ত্রি. বিণ. (আ-দৃ, আদর, শান) আদৃত; আদর প্রাপ্ত; মর্য্যাদান্বিত; সমাদর বিশিষ্ট।

আধ, ত্রি. বিণ. (আধ, অর্দ্ধ, অল) আধা; অর্দ্ধ।

আধকপালিয়া, ক্লী. বি. (আধ-কপাল, রোগবিশেষ, ইয়-আ) শিরোরোগবিশেষ; অর্দ্ধশিরো বেদনা।

আধপাগলা, ত্রি. বিণ. (অর্দ্ধ-পাগল, চিত্তবিভ্রম, আ) অর্দ্ধোন্মত্ত; প্রায়বাতুল; প্রায়চিত্তবিভ্রম; ইতি বিশ্ব।

আধমন, ক্লী. বি. (আ-ধা, বন্ধক, ডমন্) বন্ধক; আধিকরণ; বাঁধা; স্ফীত হওন; ফুলে ওঠা; ইতি ধরণি।

আধর্ষণ, ক্লী. বি. (আ-ধৃষ, ধর্ষণ, অনট) দোষ সপ্রমাণকরণ; আক্রমণ; মন্দকার্য্যের যাথার্থ্যানুসন্ধান।

আধলা, ক্লী. বি. (অর্দ্ধ, আধা, অল) অর্দ্ধেকভাগ; ইষ্টকার্দ্ধ; আধাপয়সা; ইটের অর্দ্ধেক; ইতিজটাধর।

আধলি, ক্লী. বি. (অর্দ্ধ, আধা, অল) অর্দ্ধমুদ্রা; আধটাকা; টাকার অর্দ্ধেক; টাকার অর্দ্ধাংশ।

আধান, ক্লী. বি. (আ-ধা, স্থাপন, অনট) সম্পাদন; উৎপাদন; স্থাপন; গর্ব্ভাধান; অগ্নিস্থাপন; স্থাপিত দ্রব্য; যথা—প্রকৃতিতে তেজ প্রভু করিলা আধান। ইতি কবিকঙ্কণচণ্ডী ৭ পৃষ্ঠা।

আধানিক, ক্লী. বি. (আ-ধান, সংস্কারবিশেষ, ইক) গর্ভাধার সংস্কার; আধুনিক; এক্ষণকার।

আধার, পু. বি. (আ-ধৃ, ধারণ, ঘঞ) অধিকরণ; যথা—ক্ষমা ও সন্তোষের আধার ইতিকাদম্বরী১২পৃষ্ঠা। পাত্র; আলয়; ক্ষুদ্রনদী; বাঁধ; গাছের গোড়ারকেয়ারি; আলবাল; ইতি অমরকোষ।

আধার্ম্মিক, ত্রি. বিণ. [আ-ধর্ম্ম, পুণ্য, ষ্ণিক] অধার্ম্মিক; ধর্ম্মরহিত; যাহার কিছুমাত্র ধর্ম্মজ্ঞান নাই।

আধি, পু. বি. (আ-ধৈ্য, চিন্তা, কি) মনঃ পীড়া; প্রত্যাশা; বন্ধক; ব্যসন; অধিষ্ঠান; দুঃখ; বিপদ; গচ্ছিত বস্তু; স্থাপন; রাখন; ইতিমেদিনী।

আধিক্য, ক্লী. বি. [অধিক, অতিশয়, ষ্ণ্য] অতিশয়তা; অধিকত্ব; যথা—ইন্দ্র হইতে নরেন্দ্র নলের আধিক্যই মানিতে হইল, ইতি নৈষধচরিত ৯০ পৃষ্ঠা।

আধিজ্ঞ, ত্রি. বিণ. (আধি-জ্ঞা, বোধ, ড) বক্র; ব্যথিত; বাঁকা; বেদনা প্রাপ্ত; মনঃ পীড়া জ্ঞাতা।

আধিদৈবিক, ত্রি. বিণ. [আধি-দেব, দেবতা, ষ্ণিক] দৈবাধীন; দৈবজাত; বজ্রপাতাদি জনিতদুঃখ।

আধিনাশ, ক্লী. বি. (আধি-নশ, নাশ, ঘঞ) প্রবোধক্ষয়; বন্ধক নাশ; গচ্ছিত বস্তু নাশ; ইতিমেদিনী।

আধিপত্য, ক্লী. বি. [অধিপতি, স্বামী, ষ্ণ্য] স্বামিত্ব; প্রভুত্ব; ঐশ্বর্য্য; কর্ত্তৃত্ব; ইতিঅমরকোষ। যথা— আপনি সকলের উপর আধিপত্য করিবেন, ইতি বিরাটপর্ব্ব ৬৮ পৃষ্ঠা।

আধিবেদনিক, ত্রি. বিণ. [অধিবেদন, দ্রব্যভেদ, ষ্ণিক] অধিবেদন প্রাপ্ত; দ্বিতীয়বার বিবাহসময়ে প্রথম স্ত্রীকে দত্ত ধনাদি; স্ত্রীধনবিশেষ; ইতি মেদিনী।

আধিভোগ, পু. বি. (আধি-ভুজ, ভোগ, ঘঞ) বন্ধক দ্রব্যের ভোগ; বাঁধা জিনিষ ব্যবহারকরা।

আধিভৌতিক, ত্রি. বিণ. [অধিভূত, জীবাদি, ষ্ণিক] ভূতাধীন; দংশমশকাদি প্রাণীদ্বারা জনিতদুঃখ; যাহা ভূতাদি হইতে উত্থিত হয়; ইতি শব্দরত্নাবলী।

আধিমন্যব, পু. বি. (আধিমন্য, অগ্নিভেদ, ব) জ্বরাগ্নি; ইতিঅমরকোষ। আগুনবিশেষ; ইতি বিশ্ব।

আধুড়ীয়, ত্রি. বিণ. [আধুড়, অর্দ্ধপক্ক, ঈয়] অপরিপক্ক; অপরিপূর্ণ; সকলপক্কনহে; অর্দ্ধপূর্ণ; সকল পাকানয়।

আধুত, ত্রি. বিণ. (আ-ধু, কম্পন, ক্ত) ঈষৎ কম্পিত; দোলায়িত; আন্দোলিত; আধূত; ইতিঅমরকোষ।

আধুনিক, ত্রি. বিণ. [অধুনা, এক্ষণ, ষ্ণিক] ইদানীন্তন; অধুনাজাত; নব্য; অধুনাতন; সংপ্রতিকার।

আধূত, ত্রি. বিণ. (আ-ধূ, কম্পন, ক্ত) ঈষৎ কম্পিত; আন্দোলিত; দোলায়িত; ইতিঅমরকোষ।

আধেক, ত্রি. বিণ. (অর্দ্ধ, আধা, অল) অর্দ্ধরভাষা; সমদ্বিভাগের একাংশ; অর্দ্ধেক; আধা; ইতি বিশ্ব।

আধেয়, ত্রি. বিণ. (আ-ধা, আধার, য) আধারস্থিত বস্তু; স্থাপনীয় বস্তু; ধারণীয় সামগ্রী; যথা—আধেয় অক্ষত রৈলপুড়িল আধার। ইতিকুমারসম্ভব ৪৫পৃষ্ঠা।

আধোয়া, ত্রি. বিণ. (আ-ধো, ধোয়া, ক্ত) আধৌতর প্রচলিত ভাষা; অপ্রক্ষালিত; যাহাধোয়া নয়।

আধোরণ, পু. বি. (আ-ধোর, ব্যক্তিভেদ, অনট) হস্তিপক; মাহুত; ইতিঅমরকোষ। যে হাতী চালায়।

আধ্মাত, ত্রি. বিণ. (আ-ধ্মা, শব্দ, ক্ত) শব্দিত; দগ্ধ; বাতরোগ বিশেষ; সংযত; ধ্বনিত; ইতিঅমর। যথা—মহাবীর ধনঞ্জয় কর্ত্তৃক আধ্মাত হইয়া ইতি বিরাটপর্ব্ব ১০৭ পৃষ্ঠা।

আধ্মান, পু. বি. (আ-ধ্মা, শব্দ, অনট) বায়ুরোগ; মরুৎযোগে উদরাদি স্ফীত হওন; পেট ফুলে ওঠা।

আধ্যা, স্ত্রী. বি. (আ-ধ্যৈ, চিন্তা, আ) চিন্তা; স্মৃতি।

আধ্যাত্মিক, ত্রি. বিণ. [আধি-আত্মন, আত্মা, ষ্ণিক] আত্মসম্বন্ধীয়; মানসিক ও শারীরিক দুঃখ; স্বাভাবিক; আন্তরিক; আত্মাশ্রিত; অন্তরের।

আধ্যান, ক্লী. বি. (আ-ধ্যৈ, চিন্তন, অনট) ধ্যান, চিন্তা; স্মরণ; দুর্ভাবনা; অতিশয় ভাবনা।

আধ্যাপক, পু. বি. (আধি-ই, অধ্যয়ন, অক) অধ্যাপক; পাঠগুরু; শিক্ষক; উপদেশক; যে শিক্ষাদেয়।

আধ্বনীন, পু. বি. [অধ্বন্, পথ, ঈন] পান্থ; পথিক; পাথেয়; পথখরচ; ইতিহেমচন্দ্র। পথের সম্বল।

আন, পু. বি. (অন, শ্বাসভেদ, ঘঞ) উচ্ছাস; বহির্মুখশ্বাস; অন্য; ইতিহেমচন্দ্র। ভিন্ন; ইতি জটাধর।

আনক, পু. বি. (অন, বাদ্যবিশেষ, ণক) পটহ; ভেরী; ঢক্কা; শব্দযুক্ত মেঘ; মৃদঙ্গাদি; যথা—আনক ও গোমুখ প্রভৃতি বিবিধ বাদ্য ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১১ পৃষ্ঠা।

আনকদুন্দুভি, পু. বি. [আনকদুন্দুভি, বাদ্যাদি, চ্বি] বসুদেব; শ্রীকৃষ্ণেরপিতা; (পু. স্ত্রী.) বৃহৎঢক্কা।

আনখা, ত্রি. বিণ. (অন-ঈক্ষ, দর্শন, ক্ত) অনীক্ষিতর প্রচলিত ভাষা; অজানিত; অপরিচিত।

আনত, ত্রি. বিণ. (আ-নম, নমন, ক্ত) প্রহ্বীভূত; অবনত; নম্রীভূত; নত; ইতিঅমরকোষ।

আনদ্ধ, ক্লী. বি. (আ-নহ, মিলন, ক্ত) চর্ম্মবদ্ধমুখবাদ্য; মুরজমৃদঙ্গাদি; (ত্রি. বিণ.) বদ্ধ; অস্ত্রাদি দ্বারা সজ্জিত; সন্ধিত; মিলিত; সন্ধিযুক্ত; ইতি মেদিনী।

আনন, ক্লী. বি. (অন, আনন, অন) মুখ; বদন; যথা—বেদের উদ্ভব প্রভু তোমার আননে। ইতি কুমারসম্ভব ১৫ পৃষ্ঠা।

আনন্তর্য্য, ক্লী. বি. [অনন্তর, পর, ষ্ণ্য] পশ্চাদ্ভাব; শেষ; অনন্তরার্থ; অনন্তরত্ব; ইতিমেদিনী।

আনন্ত্য, ত্রি. বিণ. [অনন্ত, অশেষ, ষ্ণ্য] অপরিসীমতা; অসংখ্যতা; পরিসীমার যোগ্যনহে।

আনন্দ, পু. বি. (আ নন্দ, হর্ষ, অল) আহ্লাদ; যথা—পিশাচগণের আনন্দের আর পরিসীমা রহিল না ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৭ পৃষ্ঠা। শর্ম্ম; সুখ; প্রীতি; আমোদ; প্রমোদ; (ত্রি. বিণ.) আনন্দবিশিষ্ট; হর্ষযুক্ত; সুখী; ইতিঅমরকোষ।

আনন্দকর, ত্রি. বিণ. (আনন্দ-কৃ, করণ, অল) আহ্লাদকর; সুখজনক; সন্তোষকর; প্রীতিকর; যথা— ইন্দুমতীর নয়ন আনন্দকর হইলেন না। ইতি রঘুবংশ ৪৩ পৃষ্ঠা।

আনন্দচিত্ত, পু. বি. (আনন্দ-চিত, মন, ক্ত) হর্ষিতান্তঃকরণ; সন্তুষ্টান্তঃকরণ; আহ্লাদিত মনঃ।

আনন্দথু, পু. বি. (আনন্দ, হর্ষ, থু) আনন্দ; হর্ষ।

আনন্দন, ক্লী. বি. (আ-নন্দ, সন্তোষ, অনট) সম্বর্দ্ধনা; হর্ষ; আলিঙ্গন; পরস্পর সাক্ষাৎকারেসৌজন্যপ্রকাশ; আমন্ত্রণ; সভাজন; নিমন্ত্রণ; ইতিঅমরকোষ।

আনন্দপট, ক্লী. বি. (আনন্দ-পট, বস্ত্র, অল) নবোঢ়াবস্ত্র; নূতন বিহাহের কাপড়; ইতি হারাবলী।

আনন্দপ্রভাব, ক্লী. বি. (আনন্দ-প্র ভূ, সত্তা, ঘঞ) রেতঃ; বীর্য্য; শুক্র; ইতিহেমচন্দ্র। চরমধাতু।

আনন্দময়কোষ, পু. বি. (আনন্দময়-কোষ, দেহভেদ, অল) সত্ত্বপ্রধানাজ্ঞান; কারণ শরীর; সুষুপ্তি।

আনন্দা স্ত্রী. বি. [আনন্দ, সন্তোষ, আ] বিজয়া; আরামশীতলা; ইতি রাজনির্ঘণ্ট। কৃত্যবিশেষ।

আনন্দার্ণব, পু. বি. [আনন্দ-অর্ণব, সমুদ্র, চ্বি] আহ্লাদসাগর; সুখসমুদ্র; সন্তোষ সমুদ্র; ইতি মেদিনী।

আনন্দি, পু. বি. (আ-নন্দ, সন্তোষ, ই) আনন্দ; হর্ষ।

আনন্দিত, ত্রি. বিণ. (আ-নন্দ, সন্তোষ, ক্ত) আনন্দযুক্ত; হর্ষান্বিত; সন্তুষ্ট; হৃষ্ট; যথা—মহারাজ যেরূপ আনন্দিত হইলেন, ইতি রোমাবতী ৩ পৃষ্ঠা।

আনন্দী, ত্রি. বিণ. (আ-নন্দ, সন্তোষ, ণিন্) আনন্দবিশিষ্ট; সন্তোষযুক্ত; (স্ত্রী.) বৃক্ষবিশেষ; ইতি বিশ্ব।

আনয়, পু. বি. (আ-নী, নয়ন, অল) উপনয়ন।

আনয়ন, ক্লী. বি. (আ-নী, নয়ন, অনট) স্থানান্তর প্রাপণ; ভিন্নস্থান নয়ন; আনা; যথা—সেনাপতিকে আনয়নকরিতে আদেশদিলেন ইতিশকুন্তলা ২৪পৃষ্ঠা।

আনর্ত্ত, পু. বি. (আ-নৃত, নর্ত্তন, অল) দেশবিশেষ; দ্বারকা; নৃত্যশালা; রঙ্গভূমি; যুদ্ধ; ইতিঅমর। জল; ইতিমেদিনী। আনর্ত্তদেশস্থলোক; যথা—আনর্ত্তস্থিত দাশার্হদিগকে ইতি বিরাটপর্ব্ব ১৪৬ পৃষ্ঠা।

আনর্ত্তিত, ত্রি. বিণ. (আ-নৃত, নর্ত্তন, ক্ত) কম্পিত; নাচান; নৃত্যবিশিষ্ট; ইতিমেদিনী। নাড়াচাড়া।

আনল, পু. বি. [অনল, আগুন, ষ্ণ] অগ্নি; বহ্নি।

আনা, ক্লী. বি. (আ-নী, আনয়ন, ডা) আনয়ন; ষোড়শাংশের একাংশ; ষোলভাগের একভাগ মাত্র।

আনাগোনা, ক্লী. বি. (আগমন গম, গমন, অনট) আগমনাগমনের প্রচলিতভাষা; গমনাগমন; যাতায়াত; যথা—কুটুম্বিনী সমাজে করিছে আনাগোনা। ইতি কর্ম্মদেবী ৫০ পৃষ্ঠা।

আনাজ, ক্লী. বি. (আনা-জন, জনন, ড) তরকারী; ফলমূলাদি; বনাজ; বনজাতদ্রব্যাদি; ইতি মেদিনী।

আনাড়, ত্রি. বিণ. (অন-আড়, স্থিরতা, অল) অনড়; অচলিত; স্থির; যাহা নড়ে চড়ে না; দোলিত নহে।

আনাড়ী, ত্রি. বিণ. [আনাড়, কর্ম্ম, ঈ] অকর্ম্মা; মূর্খ; অনভিজ্ঞ; নির্ব্বোধ; অকর্ম্মণ্য; যে কিছু জানে না।

আনাড়িপনা, স্ত্রী. বি. (আনাড়ি-পন, মুর্খ, ও-আ) মূর্খতা; নির্ব্বোধতা; অনভিজ্ঞতা; অজ্ঞতা; মূঢ়তা।

আনান, ত্রি. বিণ. (আ-নী, আনয়ন, ক্ত) আনীত; যাহা আনাগিয়াছে; যাহা অন্যদ্বারা আসিয়াছে।

আনামৎ, ত্রি. বিণ. (যাং) মজুত; জমা; স্থিত।

আনায়, পু. বি. (আ-নী, দ্রব্যভেদ, ঘঞ) জাল; বগুরা; ফাঁদ; সূত্রনির্ম্মিত দ্রব্যবিশেষ; ইতি মেদিনী।

আনায়ী, পু. বি. (আ নী, ব্যক্তিভেদ, ণিন্) জালিক; জালিয়া; জালকর্ত্তা; যে ব্যক্তির জালই উপজিব্য।

আনায্য, পু. বি. (আনায়, অগ্নিভেদ, য) দক্ষিণাগ্নি; দক্ষিণদিকস্থ অগ্নি; অগ্নিগৃহের দক্ষিণভাগে স্থাপিত অগ্নি; হোম করিবার নিমিত্ত ঘর হইতে আনিয়া দক্ষিণদিকেরাখা আগুন; যজ্ঞীয় অগ্নি; ইতি বিশ্ব।

আনার, ক্লী. বি. (যাং) আনারস; ফল বিশেষ।

আনারস, ক্লী. বি. (যাং) মধুরাম্লরসবিশিষ্টফলবিশেষ।

আনাহ, পু. বি. (আ-নহ; রোগবিশেষ, ঘঞ) মলমূত্ররোধক রোগ; কোষ্ঠবদ্ধরোগ; দৈর্ঘ্য; দীর্ঘতা।

আনি, ক্লী. বি. (আনা, ভাগবিশেষ, ড়ি) আনা; ষোড়শাংশের একাংশ; ষোলভাগের একভাগ।

আনিলি, পু. বি. [অনিল, পবন, ষ্ণি] পবননন্দন; হনুমান; বায়ুপুত্র; অনিলের অপত্য; ইতি জটাধর।

আনিলী, স্ত্রী. বি. (আনিল, নক্ষত্র ভেদ, ঈ) নক্ষত্রবিশেষ; স্বাতীনক্ষত্র; ইতিহেমচন্দ্র। অনিলবিশিষ্ট।

আনীত, ত্রি. বিণ. (আ-নী, আনয়ন, ক্ত) আনা; আনয়ন করা; যথা—স্বয়ম্বরস্থ রাজগণের সন্নিধানে আনীত হইলেন। ইতি রোমাবতী ১৭ পৃষ্ঠা।

আনীল, পু. বি. [আ-নীল, জন্তুভেদ, চ্বি] নীল-

অশ্ব ; নীল ঘোড়া ; নীলবর্ণবিশিষ্টঘোটক ; ইতিবিশ্ব।

আনুকুল্য, ক্লী. বি. [অনুকুল, সহায়, ষ্ণ্য] অনুকুলতা ; সাহায্য ; সহায়তা ; ইতি হেমচন্দ্র। যথা—দেবকুল আনুকুল্য রক্ষুক তোমারে ! ইতি মেঘনাদবধকাব্য ১৩৩ পৃষ্ঠা।

আনুগত্য, ক্লী. বি. [অনুগত, অনুগমন, ষ্ণ্য] অনুবৃত্তি ; তোষামোদ ; অনুগমন করা ; নিকটে থাকন।

আনুপূর্ব্ব, ক্লী. স্ত্রী. বি. [অনুপূর্ব্ব, ক্রম, ষ্ণ] ক্রমিক ; অনুক্রম ; যথাক্রম ; ক্রমাগত ; পর্য্যায়ক্রম ; ইতিবিশ্ব।

আনুপূর্ব্বী, স্ত্রী. ক্লী. বি. [অনুপূর্ব্ব, ক্রম, ঈ] পরিপাটী ; অনুক্রম ; ক্রমানুগত ; যথা—আত্মজ বৃত্তান্ত আনুপূর্ব্বী বর্ণন করিতেছি, ইতি প্রিয়দর্শন ৩ পৃষ্ঠা।

আনুবিধিৎসা, স্ত্রী. বি. (আনু-বি-ধা, বিধান, সন্-ঙ) উপকৃতের উপকারে চ্ছা ; কৃতজ্ঞতা করণের বাসনা।

আনুভাব্য, ত্রি. বিণ. [অনুভব, মনেকরণ, ষ্ণ্য] অনুভাবনীয় ; অনুভব সম্বন্ধীয় ; অনুভবকরণ যোগ্য।

আনুমানিক, ত্রি. বিণ. [অনুমান, মনেকরণ, ষ্ণিক] অনুমানসিদ্ধ ; অনুমানবিষয়ীভূত ; অনুভবসিদ্ধ।

আনুরক্তি, স্ত্রী. বি. [অনুরক্ত, আসক্ত, ষ্ণিক] অনুরাগ ; প্রণয় ; আসক্তি ; আসঙ্গ ; ভালবাসা ; ইতি বিশ্ব।

আনুষঙ্গিক, ত্রি. বিণ. [অনুষঙ্গ, সঙ্গ, ষ্ণিক] সঙ্গঘটিত ; অপ্রধান ; প্রসঙ্গাধীন ; প্রস্তাব ; প্রস্তাবঘটিত।

আনুপ, পু. বি. [অনূপ, দেশভেদ, ষ্ণ] অনুপদে শস্থ জন্তুমাত্র ; খড়্গি ; মহিষ ; বরাহাদি ; ইতি বিশ্ব।

আনৃশংস্য, ক্লী. বি. [অনৃশংস, অনিষ্ঠুর, ষ্ণ্য] অনিষ্ঠুরতা ; অক্রূরতা ; দয়া ; স্নেহ ; ইতি হলায়ুধ।

আনেতা, পু. বি. (আ-নী, আনয়ন, তৃন্) আনয়নকারী ; আহর্ত্তা ; যে আনয়ন করে ; যে আনে।

আনোখা, ত্রি. বিণ. (অন-ঈক্ষ, দর্শন, ক্ত) অনীক্ষিতর ভাষা ; অপরিচিত ; যাহা জানিত নহে।

আনোট, ক্লী. বি. (আ-নুট, আভরণবিশেষ, অল) অঙ্গুরীয়ক ; আঙ্গুটী ; আঙুলের ভূষণ ; ইতি মেদিনী।

আনোঠা, স্ত্রী. বি. (আ-নুঠ, আভরণভেদ, ঙ) অঙ্গুরীয়ক ; আঙ্গুটী ; করাঙ্গভূষণভেদ ; ইতি শব্দরত্নমালা।

আন্তরিক, ত্রি. বিণ. [অন্তর, মন, ষ্ণিক] অন্তঃকরণসম্বন্ধীয় ; অন্তর্গত ; মানসিক ; অন্তরস্থ ; যথা—তিনি যদিও আন্তরিক স্নেহবশত ইতি রোমাবতী ৮৫ পৃষ্ঠা।

আন্তরীণ, ত্রি. বিণ. [অন্তর, মন, ঈন] অন্তরস্থ ; অন্তর্ব্বর্ত্তী ; মনোগত ; যে অন্তরে আছে ; হৃদয়স্থ।

আন্তরীক্ষ, ক্লী. বি. (অন্তর-ঈক্ষ, দর্শন, ক) অন্তরীক্ষ ; গগন ; (ত্রি. বিণ.) আকাশোৎপন্ন ; গগনোৎপন্ন।

আন্তিকা, স্ত্রী. বি. (অন্তিক, ব্যক্তিভেদ, আ) অন্তিকা ; জ্যেষ্ঠা ভগিনী ; জ্যেষ্ঠাসহোদরা ; ইতি বিশ্ব।

আন্ত্রিক, ত্রি. বিণ. [অন্ত্র, আঁত, ষ্ণিক] অন্ত্রসম্বন্ধীয় ; অন্ত্রস্থিত ; আন্তরিক ; আঁতস্থ ; যাহা পেটে আছে।

আন্দাজ, ক্লী. বি. (যাং) অনুমান ; অনুভব।

আন্দাজী, ত্রি. বিণ. (যাং) আনুভাব্য ; আনুমানিক।

আন্দোলন, ক্লী. বি. (আন্দোল, বারম্বারকথন, অনট) দোলন ; ঝোলন ; অনুশীলন ; কম্পন ; এদিক্‌ওদিক্ গমন ; চলন ; বারম্বার কথন ; যথা—মনে মনে এই আন্দোলন করিতেছেন ইতি শকুন্তলা ৪ পৃষ্ঠা।

আন্দোলিত, ত্রি. বিণ. (আন্দোল, বারবার কথন, ক্ত) কৃতান্দোলন ; চলিত ; দোলিত ; কম্পিত ; যথা—সরযূর তরঙ্গ বেগে আন্দোলিত হইয়া ইতি রঘুবংশ ১৩৭ পৃষ্ঠা।

আন্ধসিক, পু. বি. [অন্ধস্, পাক, ষ্ণিক] পাচক ; সূপকার ; রন্ধন কর্ত্তা ; যেপাককরে ; ইতি অমরকোষ।

আন্মনা, ত্রি. বিণ. [অন্য-মনস্, মন, কন্] অন্য মনস্ক ; অন্যচিত্ত ; যাহারচিত্তের স্থিরতানাই ; ইতিবিশ্ব।

আন্বয়িক, ত্রি. বিণ. (আনু-অয় ব্যক্তিভেদ, ইক) প্রশস্তকুলজ ; সৎকুলোদ্ভব ; কুলীন ইতিঅমরকোষ।

আন্বীক্ষিকী, স্ত্রী. বি. (আনু-ঈক্ষ, বিদ্যাভেদ, ইক-ঈ) তর্কবিদ্যা ; ন্যায়বিদ্যা ; ইতি অমরকোষ। যথা—আন্বীক্ষিকী বিচক্ষণ পণ্ডিতপ্রবর মমকে যে খণ্ডন করিয়াছেন, ইতি রোমাবতী ৪৭ পৃষ্ঠা।

আপ, পু. বি. (আপ, দ্রব্যভেদ, অস্) অষ্টবসু মধ্যে বসুবিশেষ ; (ক্লী.) জল ; পাপ ; সলিল ; বারি।

আপক্ক, ত্রি. বিণ. (আ-পচ, পাক, ব) ঈষৎপক্ক ; অর্দ্ধপক্ক ; কিঞ্চিৎ পাকা ; ইত্যমর। রুটী ; ইতি কেচিৎ।

আপগা, স্ত্রী. বি. (আপ-গম, গমন, ড-আ) নদী ; স্রোতস্বতী ; যে নদীতে স্রোতআছে ; ইতি অমর।

আপজ্জনক, ত্রি. বিণ. (আপদ্-জন, জনন, অক) বিপদজনক ; যদ্দ্বারা আপদোৎপন্নহয় ; ইতি মেদিনী।

আপণ, পু. বি. (আ-পন, মূল্য, অল) পণ্যবিক্রয়শালা ; দোকান ; পণ্যবীথিকা ; বিপণি ; যথা—ধারে ধারে বসিয়াছে শস্ত্রের আপণ। ইতিকর্ম্মদেবী৫১পৃষ্ঠা।

আপণিক, পু. বি. (আ-পণ, মূল্য, ইক) বণিক; বিক্রেতা; দোকানি; মুদি; ব্যবসায়ী; ইতি ধরণি।

আপতন, ক্লী. বি. (আ-পত, পতন, অনট) আগমন; অভিধাবন; আসা; ইতিঅমরকোষ। পতন হওয়া।

আপতিক, পু. বি. (আ-পত, পতন, ইক) শ্যেনপক্ষী; বাজপক্ষী; (ত্রি. বিণ.) দৈবায়ত্ত; দৈবাৎ।

আপৎ, স্ত্রী. বি. (আ-পদ, বিপদ, ক্বিপ্) বিপত্তি; অমঙ্গল; বিপৎ; যথা—এতাদৃশ আপৎকালে স্বাভাবিক আত্মধৈর্য্য দ্বারা ইতি নৈষধচরিত ১৬৯ পৃষ্ঠা।

আপত্তি, স্ত্রী. বি. (আ-পদ, বিপদ, ক্তি) দোষ; আপদ; প্রাপণ; প্রাপ্তি; তর্ক; ইতিহেমচন্দ্র। যথা—এবিষয়ে আপনকার কোন আপত্তি হইতে পারে না। ইতি বিরাটপর্ব্ব ১৪৫ পৃষ্ঠা।

আপৎপ্রাপ্ত, ত্রি. বিণ. (আপৎ-প্র-আপ, প্রাপ্ত, ক্ত) বিপদগ্রস্ত; আপন্ন; বিপন্ন; ইত্যমর। দুর্দ্দশাগ্রস্ত।

আপদ্, স্ত্রী. বি. (আ-পদ, বিপদ, ক্বিপ্) বিপত্তি; বিপদ; দুঃখ; দুর্ভাগ্য; ব্যাঘাত; যথা—তাহার রাজ্যে দৈবী বা মানুষী আপদের সম্ভাবনা কি ইতি রঘুবংশ ৪ পৃষ্ঠা।

আপদগ্রস্ত, ত্রি. বিণ. (আপদ-গ্রস, গ্রাস, ক্ত) বিপন্ন; আপদে পতিত; বিপদে পতিত; যথা—ক্ষত্রিয় আপদ্গ্রস্ত হইতে অধর্ম্ম দ্বারা ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২০০ পৃষ্ঠা।

আপদা, স্ত্রী. বি. (আ-পদ, বিপদ, ঙ-আ) বিপত্তি; বিপদ; দুঃখ; দুর্ভাগ্য; দুর্দ্দশা; ইতি মেদিনী।

আপদুদ্ধার, পু. বি. (আপৎ-উৎ-ধৃ, ধারণ, ঘঞ) বিপদ্ উদ্ধার; আপদ হইতে মুক্ত; যথা—সুতরাং আপদুদ্ধারের নিমিত্ত বলপূর্ব্বক ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২০০ পৃষ্ঠা।

আপন, ক্লী. বি. (আ-পন, দ্রব্যভেদ, অল) মরীচ; প্রাপণ; (ত্রি. বিণ) নিজ; আত্মীয়; স্বীয়; যথা—অধীশ্বর হইয়া আপন নামে অব্দ প্রচলিত করিলেন। ইতি বেতালপঞ্চবিংশতি ১ পৃষ্ঠা।

আপনাপনি, ক্রিবিণ. (আপন-আ-পন, আপন, ই) স্বয়ং; স্বেচ্ছাক্রমে; আপন ইচ্ছাবশতঃ; যথা—এমৎস্বরে আপনাপনি মৃদুভাবে ইতিসেক্সপিয়র ৬৩পৃষ্ঠা।

আপনি, পু. বি. (আ-পন, আপন, ই) স্বয়ং; নিজ।

আপনিক, পু. বি. (আ-পন, দ্রব্যভেদ, ইক) ইন্দ্রনীলমণি; কিরাত; দেশবিশেষ; ম্লেচ্ছ বিশেষ।

আপন্ন, ত্রি. বিণ. (আ-পদ, বিপদ, ক্ত) আপদগ্রস্ত; বিপদ্প্রাপ্ত; লব্ধ; ইতিমেদিনী। দুর্দ্দশাগ্রস্ত।

আপন্ন-সত্বা, স্ত্রী. বি. [আপন্ন-সত্ত্ব, থাকন, আ] গর্ভিণী; অন্তঃসত্ত্বা; গুর্ব্বিণী; ইতি অমরকোষ।

আপন্নাশ, ক্লী. বি. (আপদ-নশ, নাশ, ঘঞ) বিপদ্নাশ; বিপত্তিনাশ; দুঃখনাশ; ক্লেশ নাশ।

আপব, পু. বি. (আপ, ব্যক্তিভেদ, ব) বশিষ্ঠ মুনি।

আপমিত্যক, ক্লী. বি. [আপমিতি, বদল, অক] বিনিময় প্রাপ্ত; বদল করিয়া লওয়াদ্রব্য; ইতি মেদিনী।

আপস্, ক্লী. বি. (আপ, দ্রব্যভেদ, অস্) জল; স্বয়ং; নিজ; মিল; সমঞ্জস; ইতি হেমচন্দ্র। পরিমিত।

আপাক, পু. বি. (আ-পচ, পাক, ঘঞ) পয়ন; কুম্ভকারের মৃৎপাত্র দহনস্থান; কুলালের পোয়ান।

আপাঙ্গ, ক্লী. বি. (আপাং-গম, দ্রব্যবিশেষ, ড) বৃক্ষবিশেষ; অপামার্গগাছ; যথা—ওকড়া ধুতুরা আর কাটিল আপাঙ্গ। ইতি কবিকঙ্কণচণ্ডী ৭৩ পৃষ্ঠা।

আপাত, পু. বি. (আ-পত, পতন, ঘঞ) পতন; পড়া; আগমন; প্রথমসময়; তৎকাল; যথা—যাহা বস্তুতঃ অকিঞ্চিৎকর কিন্তু আপাত মনোরম, ইতি টেলিমেকস ১১ পৃষ্ঠা।

আপাতক, ত্রি. বিণ. (আ-পত, পতন, ণক) তাৎকালিক; হঠাৎ; এক্ষণে; অধুনা; ইদানীন্তন।

আপাততঃ, ক্রিবিণ. [আপাত, এক্ষণ, তস্] সম্প্রতি; এক্ষণকারমত; এক্ষণে; অধুনা; যথা—আপাতত ভৈমীর অনুচিতত্ব আমরা অবগত হইলাম ইতি নৈষধচরিত ১১৪ পৃষ্ঠা।

আপাদনীয়, ত্রি. বিণ. (আ-পদ, প্রাপণ, অনীয়) প্রাপ্য; প্রাপণযোগ্য; পাইবারউপযুক্ত; পাওয়াউচিত।

আপাদপর্য্যন্ত, ক্রিবিণ. (আপাদ-পরি-অন্ত, শেষ, অল) চরণাবধি-মস্তক পর্য্যন্ত; সমস্ত শরীর।

আপাদমস্তক, ক্রিবিণ. [আপাদ-মস্তক, মাতা, চ্রি] চরণ অবধি-মস্তক পর্য্যন্ত; ইতি মেদিনী। যথা—পাঁচ হাতিয়ার ধরা, আপাদমস্তক পরা, অয়সরচিত পরিচ্ছদ। ইতি কর্ম্মদেবী ৬ পৃষ্ঠা।

আপান, ক্লী. বি. (আ-পা, পান, অনট) পানগোষ্ঠী; মদ্যপানার্থসভা; মদ খাবারচক্র; মদের চাতর।

আপামরসাধারণ, ত্রি. বিণ. [আপামর-সাধারণ, সক

ল, চ্রি] ইতর লোক অবধি সমস্তব্যক্তি; যথা— আপামর সাধারন সকলে পান ভোজনের ইতি সেক্‌সপিয়র ৫৭ পৃষ্ঠা।

আপার, ত্রি·বিণ. (আ-পার, সংখ্যা, অল) অগণনীয়; অসংখ্য; অসীম; অপার; যার সীমা নাই।

আপালি, পু·বি. (আ-পাল, কীটভেদ, ই) কেশকীট; উকুন; উৎকুন; ইতি জটাধর। কীটবিশেষ।

আপিঞ্জর, ক্লী·বি. (আ-পিঞ্জর, দ্রব্যভেদ, অল) স্বর্ণ; হেম; কাঞ্চন; সুবর্ণ; ইতিবিশ্ব। দ্রব্যবিশেষ।

আপিল, ক্লী. বি. (যাং) পুনর্ব্বিচারের প্রার্থনা।

আপী, স্ত্রী·বি. (আপ, নক্ষত্রভেদ, ঈ) নক্ষত্র বিশেষ; পূর্ব্বাষাঢ়ানক্ষত্র; বিংশতি সংখ্যক নক্ষত্র।

আপীড়, পু. বি. (আ-পীড়, দ্রব্যভেদ, ক) শিখাস্থিতমাল্য; শেখর; শিরোভূষণ; কিরীট; ইতি বিশ্ব।

আপীন, ক্লী. বি (আ-পা, পান, ক্ত) গরুর পালান; যথা—দুগ্ধলাভার্থী ব্যক্তি ধেনুর আপীন চ্ছেদন করিলে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১১১ পৃষ্ঠা। উধ; গোস্তন; (ত্রি. বিণ·) ঈষৎ স্থূল; সম্যক স্থূল; ইতিঅমরকোষ। (পু.) কূপ; পাতকুয়া।

আপূপিক, ত্রি. বিণ. (আ-পূপ, পিষ্টক, ইক) পিষ্টক বিক্রেতা; পিষ্টকজীবী; ভক্ষ্যকার; ময়রা; হাল্‌ইকর; রুটিওয়ালা (ক্লী. বি.) অপূপসমূহ; বহুপিষ্টক।

আপূপ্য, পু. বি. (আ-পূপ, পিষ্টক, য) পিষ্টকেরযোগ্যদ্রব্য; শক্তু; ময়দা; ছাতু; বেসন; ইতি মেদিনী।

আপূর্ত্তি, স্ত্রী·বি. (আ-পূর, পূরণ, ক্তি) ঈষৎ পূরণ; সম্যক পূরণ; ছাপাছাপি; পরিপূর্ণ; সম্পূর্ণ।

আপূষ, ক্লী. বি. (আ-পূষ, দ্রব্যভেদ, ক) রঙ্গ; রাং; ত্রপু; দ্রব্যবিশেষ; ধাতুবিশেষ; ইতি হেমচন্দ্র।

আপৃচ্ছা, স্ত্রী. বি. (আ-পৃচ্ছ, জিজ্ঞাসা, ভ-আ) আভাষণ; আলাপ; আবাহন; জিজ্ঞাসা; কথোপকথন।

আপ্ত, ত্রি. বিণ. (আপ, লাভ, ক্ত) প্রাপ্ত; লব্ধ; সত্য; বিশ্বস্ত; প্রত্যয়িত; বন্ধু; অভ্রান্ত।

আপ্তখুদী, ক্রিবিণ. (যাং) আপনাআপনি; স্বয়ং।

আপ্তগর্ব্ব, ত্রি·বিণ. (আপ্ত-গর্ব্ব, অহঙ্কার, অল) প্রাপ্তাহঙ্কার; দম্ভবিশিষ্ট; গর্ব্বযুক্ত; মাৎসর্য্যান্বিত।

আপ্তগ্রাহী, ত্রি. বিণ. (আপ্ত-গ্রহ, গ্রহণ, নিন্) স্বার্থপর; আত্মম্ভরি; স্বয়ং গ্রহণকারী; ইতি জটাধর।

আপ্তবর্গ, পু. বি·(আপ্ত-বর্গ, দল, অল) আত্মীয় স্বজন; বন্ধুবান্ধব; আপনার লোক সমূহ; ইতি বিশ্ব।

আপ্তসার, ক্লী. বি. (আপ্ত-সৃ, গমন, ঘঞ্) আত্মরক্ষণ; স্বীয়দেহপালন; স্বায়ত্ত; আত্মসাৎ।

আপ্তা, স্ত্রী. বি· (আপ, দ্রব্যভেদ, ক্ত) জটা।

আপ্তি, স্ত্রী. বি. (আপ, লাভ, ক্তি) সম্বন্ধ; সংযোগ; লাভ; প্রাপ্তি; ইতি হেমচন্দ্র। লভ্য; বৃদ্ধি।

আপ্তোক্তি, স্ত্রী·বি. (আপ্ত-বচ, বাক্য, ক্তি) সিদ্ধান্ত বাক্য; আপ্তবচন; বিশ্বস্ত ব্যক্তির কথা।

আপ্য, ত্রি. বিণ·(আপ, জল, য) জলময়; জলপ্রায়; জলা; ফেনাদি; (ক্লী.) কুড়গাছ; বৃক্ষ বিশেষ।

আপ্যায়ন, ক্লী. বি. (আ-প্যায়, গমন, অনট) তর্পণ; প্রীনন; তৃপ্তি; ক্ষুন্নিবৃত্তি; সন্তোষ; তৃপ্তিকরন।

আপ্যায়িত, ত্রি·বিণ. (আ-প্যায়, গমন, ক্ত) তৃপ্ত; প্রীত; সন্তুষ্ট; আহ্লাদিত; যথা—মধুকর মধুপানে আপ্যায়িত যথা। ইতি সেক্‌সপিয়র ৪৯ পৃষ্ঠা।

আপ্রচ্ছন, ক্লী. বি. (আ-প্রচ্ছ, গমন, অনট) গমনাগমন সময়ে সুহৃদ সঙ্গে কুশল জিজ্ঞাসারআনন্দ।

আপ্রপদ, ক্লী. বি. (আ-প্র-পদ, পা, অল) পাদাগ্র পর্য্যন্ত; পাদাগ্রঅবধি; পাদের শেষ পর্য্যন্ত।

আপ্রপদীন, ত্রি. বিণ. (আ-প্র-পদ, পা, ঈন) পাদাগ্র পর্য্যন্ত; পায়ে থেকে মস্তক পর্য্যন্ত; ইতি হেমচন্দ্র।

আপ্লব, পু. বি. (আ-প্লু, স্নান, অল) স্নান; অবগাহন; ডুবদেওন; ইতিঅমরকোষ। মজ্জন; উপস্পর্শন।

আপ্লবন, ক্লী. বি. (আ-প্লু, প্লবন, অনট) জলব্যাপ্তি; জলময় হওন; জলের ন্যায় হইয়া যাওয়া।

আপ্লবব্রতী, পু·বি. (আপ্লব-ব্রত, কর্ম্ম, ইন্) স্নাতক ব্রাহ্মণ; আপ্লুতব্রতী; যে ব্রাহ্মণ স্নান করিয়াছে।

আপ্লাবন, ক্লী. বি. (আ-প্ল, প্লবন, অনট) জল ময়; বন্যা; বান; জলপ্লাবিত হওয়া; জলব্যাপ্ত।

আপ্লুত, ক্লী. বি. (আ-প্লু, স্নান, ক্ত) স্নান; (ত্রি. বিণ.) কৃতাবগাহন; যে স্নান করিয়াছে। (পু.) স্নাতক; ভিজা; সিক্ত; যথা—নিদাঘার্ত্তের ন্যায় অনবরতবিগলিতস্বেদজলেআপ্লুত, ইতিরোমাবতী২৩পৃষ্ঠা।

আফা, পু. বি. (আফ, জনশ্রুতি, আ) মৎস্যোৎপ্লবন; জনশ্রুতি; মৎস্যের হুড়াহুড়ি; গোলমাল।

আফাকল, ক্লী. বি. (আফ-কল, দ্রব্যভেদ, অল) মৎস্যধারন যন্ত্রবিশেষ; বাড়; আড়া; ইতি মেদিনী।

আফালি, ক্লী. বি. (আ-স্ফাল, লম্ফন, অনট) মৎস্যের

লম্ফন; আস্ফালন; লাফান; হুড়াহুড়ি করা।

আফিঙ্গ, ক্লী. বি. (অহি-ফেন, দ্রব্যভেদ, অল) আফিন; অহিফেন; মাদক দ্রব্যবিশেষ; ইতি বিশ্ব।

আফিম, ক্লী. বি. (আ-ফিম, অহিফেন, ক) অহিফেন; মাদক দ্রব্য; ওপিয়ম; আফিং, ইতি বিশ্ব।

আফিমী, ত্রি. বিণ. [আফিম, অহিফেন, ঈন] আফিম ভোক্তা; যে ব্যক্তি অহিফেন ভক্ষণ করে।

আফুক, ক্লী. বি. (আ-ফুক, অহিফেন, ক) অহিফেন; আফিঙ্গ; অফেন; মাদক দ্রব্যবিশেষ।

আফ্‌সোস্‌, ক্লী. বি. (যাং) দুঃখ; খেদ; শোক।

আবজন, ক্লী. বি. (আ-বজ, বন্ধন, অনট) বন্ধন; বাঁধন; আচ্ছাদন; আবরণ; ঢাকা; ইতিমেদিনী।

আবটন, ক্লী. বি. (আ-বট, আবর্ত্তন, অনট) আবর্ত্তন; আওটান; আচ্ছাদন; উল্টানপাল্টান।

আবড়ন, ক্লী. বি. (আ-বৃত, বর্ত্তন, অনট) ঘূর্ণন; ঘূরন; মর্দ্দন; ঘোটন; মাড়ন; পেষণ; দলন।

আবড়ান, ক্লী. বি. (আ-বৃত, বর্ত্তন, অনট) ব্যবধান; অন্তরাল; আড়াল; অপবারণ; ইতিমেদিনী।

আবতা, স্ত্রী. বি. (আ-বৃ, আবরন, ক্ত-আ) আচ্ছাদন; অন্তরাল; আবৃত; ঢাকা; ইতি শব্দচন্দ্রিকা।

আবদার, ক্লী. বি. (অব-ধৃ, ধারন, অনট) অবধারণ; আথট্টি; আথুটী; জেদ; বালকের কোটী।

আবদারীয়, ত্রি. বিণ. [আবদার, কোট, ঈয়] খেঁকানিয়া; কোটীকারী বালক; যে বালক কোট করে।

আবদ্ধ, পু. বি. (আ-বধ, বন্ধন, ক্ত) দৃঢ়বন্ধন; যথা-সুদৃঢ় অস্ত্র শস্ত্র সমস্ত আবদ্ধ আছে, ইতি বিরাটপর্ব্ব ৭৯ পৃষ্ঠা।

প্রেম; অলঙ্কার; বাঁধা; ব্যাপৃত; সংলগ্ন।

আবনেয়, পু. বি. (অবনী, পৃথিবী, ঢেয়) অবনীপুত্র; মঙ্গল গ্রহ; ভূমিসুত; ইতি অমরকোষ।

আবন্ত্য, পু. বি. [অবন্তী, নগরবিশেষ, ষ্ণ্য] অপকৃষ্ট ব্রাহ্মণ; (ত্রি. বিণ.) অবন্তী সম্বন্ধীয়; অবন্তীর।

আবন্ধ, পু. বি. (আ-বন্ধ, বন্ধন, অল) যোক্ত্র; যোৎদড়ী; ভূষণ; প্রেম; যোয়াল; সম্বন্ধ; বন্ধন;

আবপন, ক্লী. বি. (আ-বপ, বপন, অনট) দ্রব্যস্থাপন; পাত্র; ভাণ্ড; সম্যাক্‌ ক্ষুরিকর্ম্ম; সম্যগ্বীজ রোপণ অথবা তন্তু বপন; শস্য ছড়ান; বস্ত্রবোনা।

আবর, ত্রি. বিণ. (আ-বৃ, জ্ঞান, অল) অনভিজ্ঞ; মূঢ়; অজ্ঞান; হিতাহিত জ্ঞানাসমর্থ; ইতি মেদিনী।

আবরক, ত্রি. বিণ. (আ-বৃ, আবরণ, অক) আচ্ছাদনী।

আবরঙ্গ, ক্লী. বি. (যাং) সিংহাসন; সুখাসন।

আবরণ, ক্লী. বি. (আ-বৃ, আবরণ, অনট) আচ্ছাদন; ফলক; ঢাল; ঢাকন; ইতি অমরকোষ।

যথা—হে চারুমতি সখি! স্তনদ্বয় আবরণ করিয়া রাখ ইতি নৈষধচরিত ১৭৪ পৃষ্ঠা।

আবরণশক্তি, স্ত্রী. বি. (আবরণ-শক, ক্ষমতা, ক্তি) মায়াশক্তি; মহামায়া; আচ্ছাদন ক্ষমতা।

আবরা, ক্লী. বি. (আবর, পতন, ড-আ) ঈষৎ বৃষ্টি; জলরক্ষণ; দুই বস্ত্রের নিম্নভাগ; বস্ত্রের উপরিভাগ।

আবরান, ক্লী. বি. (আ-বর, পতন, শান) অল্পবর্ষণ; ক্ষরণ; সূক্ষ্ম জলকণার পতন; টাটান; ইতি বিশ্ব।

আবরু, ক্লী. বি. (যাং) মান; সম্ভ্রম; রীতি; ধারা।

আবর্জ্জন, ক্লী. বি. (আ-বর্জ্জ, দ্রব্যভেদ, অনট) জঞ্জাল; নিক্ষেপণ; অবস্কর; ওঁচলা; ইতি মেদিনী।

আবর্ত্ত, পু. বি. (আ-বৃত, বর্ত্তন, অল) জলভ্রম; যথা—নদী ও সমুদ্রের আবর্ত্ত, ইতিবাহ্যবস্তু ৩১পৃষ্ঠা। ঘূর্ণা; আবর্ত্তন; চিন্তা; মেঘনায়ক চতুষ্টয়ান্তর্গত মেঘাধিপবিশেষ; ইতি পুরাণ শাস্ত্র। তরঙ্গ।

আবর্ত্তন, ক্লী. বি. (আ-বৃত, বর্ত্তন, অনট) দুগ্ধাদি আলোড়ন; আওটান; ধাতুদ্রব্য দ্রবকরণ; গলান।

আবর্ত্তনী, স্ত্রী. বি. (আ-বৃত, বর্ত্তন, অনট-ঈ) ধাতুদ্রব্য গলনপাত্র; মুচী; ভাঁড়; ইতি শব্দরত্নাবলী।

আবর্হিত, ত্রি. বিণ. (আ-বর্হ, উৎপাটন, ক্ত) উন্মূলিত; উৎপাটিত; ওপ্‌ড়ান; ইতি হেমচন্দ্র।

আব্‌লাৎ, ক্লী. বি. (যাং) স্থাবরাস্থাবর সম্পত্তি।

আবলি, স্ত্রী. বি. (আ-বল, সারি, ই) শ্রেণী; পংক্তি।

আবলী, স্ত্রী. বি. (আ-বল, সারি, ঈ) আলী; সেতু; শ্রেণী; পংক্তি; সারি; রাজী; শারী; লেখা।

আব্‌লুস্‌, ক্লী. বি. (যাং) কাষ্ঠবিশেষ; দ্রব্যবিশেষ।

আবল্য, ক্লী. বি. [অবল, দুর্ব্বল, ষ্ণ্য] অবলস্য ভাব; দৌর্ব্বল্য; অবল হওয়া; মন্দ বলতা; ইতি জটাধর।

আবশ্য, ক্রিবিণ. (অবশ্য, নিশ্চয়, ষ্ণ্য) অবশ্য; নিশ্চয়; নির্ণয়; স্থির; সিদ্ধান্ত; অবধারণ।

আবশ্যক, ত্রি. বিণ. (অবশ্য, নিশ্চয়, অক) অবশ্য কর্ত্তব্য; নৈশ্চয়িক; প্রয়োজন; যাহা করা বিধেয়; উচিত; যথা—নামকরণ প্রভৃতি আবশ্যক সংস্কার

সকল সম্পাদন করিবেন। ইতি রোমাবতী ১১ পৃষ্ঠা।

আবশ্যকতা, স্ত্রী. বি. [আবশ্যক, প্রয়োজন, তা] দরকার; অপেক্ষা; নিশ্চয়তা; প্রয়োজন; যথা—একথাবলিবারআবশ্যকতানাই ইতিরঘুবংশ১১৫পৃষ্ঠা।

আবসথ, ক্লী. পু. বি. (আবসথ, স্থানভেদ, অ) গৃহ; ভবন; বাটী; ব্রতবিশেষ; ইতিউনাদিকোষ।

আবসিত, ত্রি. বিণ. (আ-অব-ষো, দ্রব্যভেদ, ক্ত) পরিপক্ক মর্দ্দিত ধান্য; সম্পন্নধান্য; মাড়া ধান।

আবহ, পু. বি. (আ-বহ, বহন, অল) সপ্তবায়ুর অন্ত র্গতবায়ুবিশেষ; ভূবায়ু; ইতিপুরাণ। (ত্রি. বিণ) বাহিত; চালিত; যাহা বহন হইয়াছে।

আবহমান, ত্রি. বিণ. (আ-বহ, গমন, শান) ক্রমাগ ত; পূর্ব্বাপর; গতানুগতিক; অগ্রপশ্চাৎ।

আবাচ্য, ক্লী. বি. (আ-বচ, বাক্য, ধ্যণ) অকথ্য; উ-পস্থ; ভগ; যাহা বলিবার যোগ্যনয়। ইতি বিশ্ব।

আবাধা, স্ত্রী. বি. (আ-বাধ, বাধা, ও-আ) সম্যক্‌বা ধা; দুঃখ; পীড়া; ক্ষেত্রবিদ্যায় লম্বেরপার্শ্বস্থ ভূখণ্ড; ত্রিকোণ ক্ষেত্রমধ্যে রজ্জুদ্বারা দ্বিভাগ ভূমিখণ্ড।

আবাপ, পু. বি. (আ-বপ, বপন, ঘঞ) বপন; পরি ক্ষেপ; যোগকরণ; আলবাল; শক্রচিন্তন; পানভেদ; নিম্নোন্নতভূমি; পাত্র; প্রধান হোম; ইতি স্মৃতি।

আবাপন, ক্লী. বি. (আ-বপ, বপন, অনট) সূত্রযন্ত্র; তাঁত; যেযন্ত্রে বস্ত্রাদি প্রস্তুতহয়। ইতি মেদিনী।

আবাপোদ্ধার, ক্লী. বি. (আবাপ-উৎ-ধৃ, উদ্ধার, ঘঞ) শোধন; লোপ; যোগকরণ; ইতি বিশ্ব।

আবার, ক্রিবিণ. [আরবার, পুনশ্চ, চি] পুনর্ব্বার। যথা-তাহাতে আবার রাজার যত্ন ও উদ্‌যোগে ইতি রোমাবতী ১ পৃষ্ঠা।

আবারি, ক্লী. বি. (আ-বার, স্থানভেদ, ই) হউবে শ্য; দোকান; হাটেরচালা; ইতিউনাদিকোষ।

আবাল, ক্লী. বি. (আ-বাল, স্থানবিশেষ, অল) আল বাল; (ত্রি. বিণ.) বালকশুদ্ধ; বাল্যাবধি।

আবালকাল, পু. বি. (আবাল-কাল, সময়, অল) বা ল্যাবস্থা; ছেলেবেলা; শৈশব; বালকত্ব; বাল্য।

আবালবৃদ্ধ, ক্রিবিণ. (আবাল-বৃধ, বর্দ্ধন, ক্ত) বালকা বধিবৃদ্ধপর্য্যন্ত। যথা-এথেন্স নগরের আবাল বৃদ্ধ সমস্ত লোক ইতি সেক্‌স পিয়র ৩২৭ পৃষ্ঠা।

আবালবৃদ্ধবনিতা, ক্রিবিণ. [আবালবৃদ্ধ-বনিতা, বালক প্রভৃতি, চি] বালকবৃদ্ধএবং স্ত্রীসমুদায় লোক। যথা অযোধ্যার আবাল বৃদ্ধ বনিতাগণ প্রগাঢ় রাজভক্তি প্রযুক্ত ইতি রঘুবংশ ১২৬ পৃষ্ঠা।

আবাল্য, ক্লী. বি. (আ-বাল, বালক, য) বাল্যাবস্থা পর্য্যন্ত; বালক কালযাবৎ; শৈশবকাল অবধি।

আবাস, পু. বি. (আ-বস, বাস, ঘঞ) গৃহ; বাসস্থান। যথা-আপনি আবাসে গমন করুন্। শকুন্তলা ৭৫ পৃষ্ঠা।

আবাহন, ক্লী. বি. (আ-বহ, নিমন্ত্রণ, অনট) আবে দন; নিমন্ত্রণ; আহ্বান; ডাকা। ইতি হেমচন্দ্র।

আবাহনী, স্ত্রী. বি. (আ-বহ, নিমন্ত্রণ, অনট-ঈ) দে বতার আহ্বনার্থ মুদ্রাবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

আবি, ব্য. (আ-অব, প্রকাশ, ই) প্রাকাশ্য; প্রস্ফুট ত্ব; ইতি অমরকোষ। যাহা প্রকাশ হইয়াছে।

আবিক, পু. বি. [আ-অবি, দ্রব্যভেদ, কন্] কম্বল; মেষলোমজাত আসন বিশেষ; ইতিহলায়ুধ।

আবিদ্ধ, ত্রি. বিণ. (আ-বিধ, বেধন, ক্ত) ঈষৎবিদ্ধ; অত্যল্পবেঁধা; বক্র; ক্ষিপ্ত; পরাহত; মূর্খ।

আবিধ, পু. বি. (আ-বিধ, বেধন, ক) বেধনাস্ত্র; তো মর; তুরপন; যাহাদ্বারা কাষ্ঠ বেঁধাযায়।

আবির্ভাব, পু. বি. (আবিস্-ভূ, উৎপত্তি, ঘঞ) প্র-কাশ; দেবাবতরণ; প্রাদুর্ভাব; অধিষ্ঠান। যথা ললাট স্থলে ভীষণ ভ্রূকুটী আবির্ভূত হইল। ইতি বিরাট পর্ব্ব ২৭ পৃষ্ঠা।

আবির্ভূত, ত্রি. বিণ. (আবিস্-ভূ, উৎপত্তি, ক্ত) প্র-কাশিত; অধিষ্ঠিত; জন্মযুক্ত; অবতীর্ণ; প্রাদুর্ভূত। যথা-এরূপ প্রগাঢ় অন্ধকার আবির্ভূত হইল ইতি রো-মাবতী ৮১ পৃষ্ঠা।

আবিল, ত্রি. বিণ. (আ-বিল, মলা, ক) অনচ্ছ; অনি র্ম্মল; ঘোলা; মলাযুক্ত; পরিষ্কার নহে।

আবিষ্কার, পু. বি. (আবিস্-কৃ, করণ, ঘঞ) প্রকাশ; আক্ষেপ; খেদ; পরিতাপ; অপ্রকাশিত বস্তুর উদ্ভা-বন। যথা-বিনশন মহাটবী, যথাথর রবিছবি, মরী-চিকা করে আবিষ্কার। ইতি কর্ম্মদেবী ৫ পৃষ্ঠা।

আবিষ্কৃত, ত্রি. বিণ. (আবিস্-কৃ, করণ, ক্ত) প্রকা শিত; প্রকটিত; যে অপ্রকাশিতবস্তু প্রকাশহইয়াছে।

আবিষ্ট, ত্রি. বিণ. (আ-বিশ, নিবেশ, ক্ত) আবেশ যুক্ত; নিবিষ্ট; ভূতাদিগ্রস্ত; অভিরত; মনোযোগী।

আবির, ক্লী. বি. (যাং) রক্তবর্ণগুঁড়া; ফল্গু; ফাগুণ।

আবিস্, ক্রিবিণ. (আ-অব, প্রকাশ, ইস্) ব্যক্ত; প্রকাশ; বিকাশ; উদয়; স্ফুট; স্পষ্ট।

আবী, স্ত্রী. বি. [আব, ব্যথাবিশেষ, ঈ] প্রসব বেদনা।

আবীত, ত্রি. বিণ. (আ-বি-ই, গমন, ক্ত) গত; (পু. বি.) যজ্ঞসূত্র; অসাম্ন হস্তাশ্ব; ইতিমেদিনী।

আবু, পু. বি. (আব, গণ্ডবিশেষ, উ) শরীরের গণ্ড; ব্রণবিশেষ; ফোটক বিশেষ; গলগণ্ড; ইতিহেমচন্দ্র।

আবুক, পু. বি. (আব, ব্যক্তিভেদ, উক) নাট্যোক্তি তেপিতা; যে নাটক মধ্যে পিতা রূপে গণ্য।

আবুডাখাবুড়া, ত্রি. বিণ. (নীচ-উচ্চ, অসমান, অ) নীচোচ্চ; অসমান; উচু নীচু; যাহা সমান নহে।

আবুত্ত, পু. বি. (আ-অন-উত, ব্যক্তিভেদ, ক্ত) নাট্যোক্তিতে ভগিনীর স্বামী; ভগিনীপতি; ইত্যমর।

আবুয়া, ত্রি. বিণ. (আব, গণ্ডভেদ, য-আ) গলগণ্ড যুক্ত; গলদেশে মাংস পিণ্ড বিশিষ্ট, রোগ বিশেষ।

আবৃত, ত্রি. বিণ. (আ-বৃ, বরণ, ক্ত) কৃতাবরণ; বেষ্টিত; রুদ্ধ; আবদ্ধ; আবরণ করা। যথা লতাবিতানে আবৃত শরীরা হইয়া ইতি শকুন্তলা ৪৪ পৃষ্ঠা।

আবৃতি, স্ত্রী. বি. (আ-বৃ, বরণ, ক্তি) আবরণ; ঘেরাও; বেড়া; বেষ্টিত; ঢাকন; ইতি জটাধর।

আবৃৎ, স্ত্রী. বি. (আ-বৃত, ক্রম, ক্বিপ্) অনুক্রম; পরিপাটী; আনুপূর্ব্বিক; যথাক্রম; উত্তম।

আবৃত্ত, ত্রি. বিণ. (আ-বৃত, বরণ, ক্ত) কৃতাবরণ; আবৃত; আচ্ছাদিত; আগত; ইতিঅমরকোষ।

আবৃত্তি, স্ত্রী. বি. (আ-বৃত, পাঠকরণ, ক্তি) অভ্যাসন; আওড়ান; পুনঃপুন পাঠ করিয়া কণ্ঠস্থ করণ।

আবেগ, পু. বি. (আ-বিজ, ত্বরা, ঘঞ) ত্বরা; শীঘ্রতা। যথা অনুতাপের আবেগে বিদীর্ণ হইতে লাগিল। ইতি সেক্স্ পিয়র ৭৩ পৃষ্ঠা।

আবেদক, ত্রি. বিণ, (আ-বিদ, জ্ঞান, ণক) নিবেদন কর্ত্তা; অভিযোগকারী; জ্ঞাপক; যে নিবেদনকরে।

আবেদন, ক্লী. বি. (আ-বিদ, জ্ঞান, অনট) নিবেদন; জ্ঞাপন; অভিযোগ; নালিস্; দরখাস্ত। যথা-এক প্রসিদ্ধ বার বনিতা নৃপতি সমীপে আসিয়া আবেদন করিল ইতি বেতাল পঞ্চবিংশতি ৭ পৃষ্ঠা।

আবেশ, পু. বি. (আ-বিশ মনোযোগ, অল) অহঙ্কার বিশেষ; অপস্মাররোগ; ইতি হেমচন্দ্র। অভিনিবেশ; আসক্তি; মনঃ সংযোগ; সঞ্চার; উদয়। যথা-উমালজ্জার আবেশে, চান এপাশে ও পাশে, ইতি কুমার সম্ভব ৭৮ পৃষ্ঠা।

আবেশন, ক্লী. বি. (আ-বিশ, মনোযোগ, অনট) শিল্পশালা; ভূতাবেশ; প্রবেশ; কোপ; অবলম্বন।

আবেশিক, ত্রি. বিণ. (আ-বিশ, গমন, ঈক) আগন্তু; অতিথি; অভ্যাগত; অজ্ঞাতপূর্ব্ব গৃহাগত ব্যক্তি।

আবেষ্টক, পু. বি. (আ-বিশ, ব্যবধান, ক্ত-ক) প্রাচীর; পাঁচীল; বেড়া প্রভৃতি ব্যবধানাদি। ইতিহলায়ুধ।

আবোধন, ক্লী. বি. (আ-বুধ, বোধ, অনট) জ্ঞান; বুদ্ধি; বোধ; মতি; চৈতন্য; ইতি অমর কোষ।

আবোর, ত্রি. বিণ. (আ-বুর, বোধ শূন্যতা, অল) মূর্খ; অবোধ; অসভ্য; জড়; মূঢ়; যাহার বুদ্ধিনাই।

আব্দিক, ত্রি. বিণ. [অব্দ, বৎসর, ষ্ণিক] বাৎসরিক; বার্ষিক; প্রতিবৎসর কর্ত্তব্য; যাহা অব্দে হয়।

আভরণ, ক্লী. বি. (আ-ভৃ, ভরণ, অনট) ভূষণ; অলঙ্কার। যথা-যেরূপ আভরণ দেখিয়া ছিলাম ইতি শকুন্তলা ৮৪ পৃষ্ঠা।

আভা, স্ত্রী. বি. (আ-ভা, দীপ্তি, ঙ-আ) প্রভা; শোভা; কান্তি; দীপ্তি; জ্যোতিঃ; আলোক; দ্যুতি। যথা-বিমল অঙ্গের আভা, নানা অলঙ্কার শোভা, ইতি কবিকঙ্কণ চণ্ডী ৫৭ পৃষ্ঠা।

আভাতি, স্ত্রী. বি. (আ-ভা, দীপ্তি, ক্তি) ছায়া; প্রতিমূর্ত্তি; প্রতিবিম্ব; ইতি হেমচন্দ্র।

আভাষ, পু. বি. (আ-ভাষ, কথন, অল) ভূমিকা; অনুষ্ঠান; উপক্রমণিকা; সম্ভাষ; ইতি হলায়ুধ।

আভাষণ, ক্লী. বি. (আ-ভাষ, কথন, অনট) আলাপ; কথন; সম্ভাষণ; কথাবার্ত্তা; বলন; ইতিঅমরকোষ।

আভাষ্য, ত্রি. বিণ. (আ-ভাষ, কথন, য) আলাপের যোগ্য; কথনীয়; যাহা বলার উপযুক্ত।

আভাস, পু. বি. (আ-ভাস, দীপ্তি, অল) সদৃশ; প্রতিবিম্ব; দীপ্তি; দোষ; অবতরণিকা; অভিপ্রায়। যথা জেনেছি কুমারী, আভাসে তোমারি, ইতি কুমার সম্ভব ৭৩ পৃষ্ঠা।

আভাস্বর, পু. বি. (আভা-স্বর, দেবতাবিশেষ, অল) চতুঃষষ্ঠিসংখ্যক গণদেবতা বিশেষ; ইতিঅমরকোষ।

আভিচারক, পু. বি. (অভি-চর, অভিচার, ণক) অভিচার কর্ত্তা; হিংসা কর্ম্মে প্রয়োগকারী। ইতি বিশ্ব।

আভিজন, পু. বি. [অভিজন, কুল, ষ্ণ] অভিজনসম্ব

ঙ্কী ; কুল সম্বন্ধীয় ; গাঁই ; পদবী ; উপাধি। ইতিবিশ্ব।

আভিজাত্য, ক্লী. বি. [অভিজাতি, কুলীন, ষ্ণ] সদ্বং শীয়ত্ব ; কৌলীন্য ; পাণ্ডিত্য ; কুলীনতা ; সদ্বংশ। যথা- আভিজাত্যের অনুরূপ বধূ অন্বেষণ করিতে ইতি রঘু- বংশ ৮৫ পৃষ্ঠা।

আভিজাত্যাপন্ন, ত্রি. বিণ. (আভিজাত্য-আ-পদ, বি- শিষ্ট, ক্ত) কৌলীন্য ; মর্য্যাদান্বিত ; সদ্বংশীয়।

আভিধা, স্ত্রী. বি. (আভি-ধা, শব্দ, ঙ) শব্দ।

আভিধানিক, ত্রি. বিণ. [অভিধান, কোষ. ষ্ণিক] কো ষবেত্তা ; অভিধানোক্ত ; অভিধানে প্রসিদ্ধ।

আভিমুখ্য, ক্লী. বি. [অভিমুখ, সমক্ষ, ষ্ণ্য] সম্মুখীন ত্ব ; সম্বোধন ; অভিমুখ করা ; সমক্ষবর্ত্তিতা।

আভীর, পুং. বি. (আ-ভীর, গোপ, ক) গোপ ; আহি রী ; গোয়ালা ; (স্ত্রী.) গোপী ; ব্রাহ্মণ হইতে অম্বষ্ঠা গর্ভজাত জাতি ; ইতিমনু। যথা-যতেক আভীর নারী সবাকার মনোহারী, ইতি কবিকঙ্কন চণ্ডী ৬০ পৃষ্ঠা।

আভীরপল্লি, স্ত্রী. বি. [আভীর-পল্লি, পাড়া, চি] গো পপল্লি ; গোয়ালা পাড়া ; ইতি অমরকোষটীকা। যথা- আভীর পল্লি উৎপন্ন ও দধি মন্থন কার্য্য ইতি মহাভা- রত শান্তিপর্ব্ব ১০৫ পৃষ্ঠা।

আভীরপল্লী, স্ত্রী. বি. [আভীর-পল্লী, পাড়া, ঙ্ি] গোপ গৃহ সমূহ ; গোপগ্রাম ; গোপগৃহ ; গোপস্থান ; ঘোষ।

আভীরী, স্ত্রী. বি. [আভীর, গোপ, ঈ] গোপস্ত্রীজা তি ; গোপ পত্নী ; মহাসূদ্রী ; আহিরিনী ; গোয়ালিনী।

আভীল, ক্লী. বি. (আভি-ইল, কষ্ট, ক) কষ্ট ; কৃচ্ছ্র ; ক্লেশ ; (ত্রি. বিণ.) কষ্টযুক্ত ; প্রকাণ্ড ; ভয়ানক।

আভীক্ষ্ণ, ক্লী. বি. (আভি-ঈক্ষ, অধিক, ন) আধি- ক্য ; পৌনঃপুন্য ; অত্যর্থ ; নিত্য ; সর্ব্বদা।

আভুগ্ন, ত্রি. বিণ. (আ-ভুজ, বাঁকা, ন) ঈষদ্বক্র ; যথা- কেবল গ্রীবা আভুগ্ন করিয়া ইতি রঘুবংশ ২৮ পৃষ্ঠা।

আভেরী, স্ত্রী. বি. (আ-ভীর, রাগ, অ-ঈ) রাগিণী বিশেষ ; ইতিহলায়ুধ। স্বর বিশেষ ; রাগপত্নী ভেদ।

আভোগ, পুং. বি. (আ-ভুজ, ভোজন, ঘঞ) সম্পূর্ণ তা ; যত্ন ; প্রয়াস ; পরিপূর্ণতা ; বরুণের ছত্র।

আভ্যাসিক, ত্রি. বিণ. [অভ্যাস, মুখস্থ, ষ্ণিক] শ্রু তিধর ; অভ্যাস কর্ত্তা ; মুখস্থকারী।

আভ্যুদয়িক, ক্লী. বি. [অভ্যুদয়, মঙ্গল কার্য্যবিশেষ, ষ্ণিক] শ্রাদ্ধবিশেষ ; শুভকর্ম্মোপলক্ষে যে শ্রাদ্ধহয়।

আম, পুং. বি. (অম, কাঁচা, ঘঞ) আম্রফল ; রোগমা ত্র ; রোগবিশেষ ; পীড়া ; আমাশয় ; (ক্লী.) ষট্প্র কারজীর্ণরোগ মধ্যে রোগবিশেষ ; (ত্রি. বিণ.) পা ক রহিত ; কাঁচা ; অসিদ্ধ ; অপক্ক ; ইতিরত্নমালা। যথা- আমবস্তু গ্রহণ করাই নিতান্ত দোষাবহ। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১২০ পৃষ্ঠা।

আমগন্ধি, ক্লী. বি. (আম-গন্ধ, ঘ্রাণ, ই) গন্ধযুক্ত চি- তাধূমাদি ; গন্ধবিশিষ্ট অপক্কমাংসাদি। (ত্রি. বিণ.) দুর্গন্ধ ; পূতিগন্ধ ; অপকৃষ্ট ঘ্রাণ ; ইতি বিশ্ব।

আমড়া, ক্লী. বি. (আম্রাতক, ফলভেদ, চি) ফলবি শেষ ; আমড়া ; আম্রাতক। ইতি শব্দরত্নাবলী।

আমণ্ড, পুং. বি. (আমণ্ড, বৃক্ষভেদ, অল) এরণ্ড বৃক্ষ ; ভেরাণ্ডাগাছ ; বৃক্ষ বিশেষ ; ইতি শব্দরত্নাবলী।

আমদা, ত্রি. বিণ. (যাং) প্রচুর ; যথেষ্ট ; সম্পূর্ণ।

আমদানী, ত্রি. বিণ. (যাং) আয় ; আগম ; বাণিজ্য দ্র ব্যাদি আনয়ন ; পণ্য দ্রব্য আনা ; ইতি কেচিৎ।

আমন, ক্লী. বি. (হেমন্ত, শস্যভেদ, অল) ধান্যবিশে ষ ; যেধান্য শরৎকালে পক্কহয় ; ইতি হেমচন্দ্র।

আমনস্য, ক্লী. বি. [অমনস্, কষ্ট, ষ্ণ্য] দুঃখ ; কষ্ট ; পীড়া ; বাধা ; যাতনা ; ব্যথা ; ইতিঅমরকোষ।

আমন্ত্রণ, ক্লী. বি. (আ-মন্ত্র, সম্বোধন, অনট) সম্বোধ ন ; নিমন্ত্রণ ; আহ্বান ; সম্বর্দ্ধনা। যথা-ভোজ রাজকে আমন্ত্রণাদি করিয়া, ইতি রঘু বংশ ৫১ পৃষ্ঠা।

আমন্ত্রিত, ত্রি. বিণ. (আ-মন্ত্র, সম্বোধন, ক্ত) নিমন্ত্রি ত ; আহূত ; সম্বর্দ্ধিত ; সম্বোধিত। যথা-অব্যবহার নিমিত্ত আমন্ত্রিত হয় ইতি সেক্সপিয়র ৩৩৯ পৃষ্ঠা।

আমপীনস, ক্লী. বি. (আম-পীনস, পীড়াভেদ, অল) সর্দ্দি ; কফ ; শ্লেষ্মা ; শীতত্ব ; পীড়াবিশেষ।

আমবাত, পুং. বি. (আম-বাত, রোগবিশেষ, অল) রোগবিশেষ ; আমবাৎ ; পিত্তজন্য ত্বকরোগবিশেষ।

আময়, পুং. বি. (আ-ময়, রোগবিশেষ, অল) রোগ ; ব্যাধি ; পীড়া ; (ক্লী.) কুষ্ঠনাম ঔষধি ; কুড়।

আময়দা, ত্রি. বিণ. (যাং) যথেষ্ট ; প্রচুর ; অপর্য্যাপ্ত।

আময়াবী, ত্রি. বিণ. (আময়-অব, রোগভেদ, ইন্) রোগী ; পীড়িত ; ব্যাধিগ্রস্ত ; রোগযুক্ত ; ইতিঅমর।

আমরক্ত, ক্লী. বি. (আম-রন্জ, পীড়াভেদ, ক্ত) উদরা ময়বিশেষ ; রক্তমলস্রাবেরপীড়া ; রক্তআমাশয়।

আমরুল, ক্লী. বি. (অম্ললোন, শাকভেদ, ইক) অম্ললো

নিকাশাক; অম্লরস যুক্ত শাক বিশেষ; ইতিবিশ্ব।

আমর্শন, ক্লী. বি. (আ-মৃশ, ভোজন, অনট) ভক্ষণ; স্পর্শ; ধর্ষণ; ভোজন; ইতিঅমরকোষ।

আমর্ষ, পু. বি. (আ-মৃষ. মর্ষণ, অল) ক্রোধ; রাগ; রোষ; ইতি অমরকোষ। নাংসর্য্য বিশেষ।

আমল, ক্লী. বি. (যাং) অধিকার কাল; শাসন সময়।

আমলক, পু. বি. (আ-মল, ফলভেদ, অক) বাসক বৃক্ষ; (ক্লী.) আমলকীবিশেষ; কাঠআমলা।

আমলকী, ত্রি. বিণ. (আ-মল, ফলভেদ, অক-ঈ) ধাত্রীবৃক্ষ; স্বনামখ্যাত ফলবৃক্ষবিশেষ; আমলা। যথা-আমলকী ফল পাড়ি দেন তার মুখে। ইতি রামায়ণ ৫৫

আমলা, স্ত্রী. বি. (আ-মল, ফলভেদ, ঙ-আ) আমলকী ফল; ধাত্রীফল; (যাং) আদালতের কর্ম্মচারী।

আমলেট, পু. বি. (আম-লিট, মৎস্য, অল) সুস্বাদু-মৎস্য বিশেষ; স্বনাম বিখ্যাত মৎস্যবিশেষ।

আমশী, স্ত্রী. বি. (আম-শুষ্ঠ, শুষ্ক, ঈ) শুষ্কআম্রচূর্ণ; আমচূর; অপক্ক আম্রের শুষ্ক চূর্ণ বিশেষ।

আমশূল, পু. বি. (আম-শূল, রোগবিশেষ, ক) রোগ বিশেষ; আমনিমিত্ত উদরের বেদনাবিশেষ।

আমসত্ত্ব, ক্লী. বি. [আম-সত্ত্ব, রস, ট্রি] শুষ্কআম্রস।

আমা, ত্রি. বিণ. (আম, অপক্ক, ঙ-আ) অপক্ক ইষ্টক; কাঁচাপোড়ইট; যেইট পোড়েনাই; ইতি বিশ্ব।

আমাতীসার, পু. বি. (আম-অতী-সৃ, রোগবিশেষ, ঘঞ) ষটপ্রকার অতীসার মধ্যে রোগবিশেষ।

আমাত্য, ত্রি. বিণ. [অমাত্য, মন্ত্রী, ষ্ণ] অমাত্য; মন্ত্রী; মন্ত্র জন্য কর্ত্তব্য বিষয়ের নিশ্চয় কর্ত্তা।

আমানৎ, ত্রি. বিণ. (যাং) গচ্ছিত; জমা; নিক্ষিপ্ত।

আমানস্য, ক্লী. বি. [অমানস, পীড়া, ষ্ণ্য] পীড়া; দুঃখ; ক্লেশ; যাতনা; কষ্ট; ইতি শব্দরত্নাবলী।

আমানী, ক্লী. বি. (আ-মণ্ড, মাড, অল) কাঞ্জী; কাঁজী।

আমান্ন, ক্লী. বি. (আম-অদ, ভক্ষণ, ক্ত) অপক্কান্ন; তণ্ডুল; চাউল; চালু; চাল; ইতি অমরকোষ।

আমাশয়, পু. বি. (আম-আ-শি, পীড়া, অল) অপক্ক স্থান; আমস্থলী; রোগবিশেষ। ইতি মেদিনী।

আমাসার, ক্লী. বি. (আম-আ-সৃ, পীড়া, ঘঞ) ষট প্রকার অতিসার মধ্যে একপ্রকার অতিসার রোগ।

আমি, সং (অস্মদ, আমি, প্রথমা) অহং; স্বয়ং; মুই।

আমিষ, পু. ক্লী. বি. (আম-ইষ, দ্রব্যভেদ, ক) মাংস; মৎস্য; যথা-অঙ্গুরীয়ে আমিষ গন্ধ নির্গত হইতেছে। ইতি শকুন্তলা ৭৭ পৃষ্ঠা।

ভোগ্যবস্তু; সুন্দরবস্তু; উৎকোচ; সংভোগ; যষ; লোভসঞ্চয়; কামগুণ; রূপ; ভোজন; লাভ।

আমিষপ্রিয়, পু. বি. (আমিষ-প্রী, সন্তোষ, ক্যপ্) কঙ্কপক্ষী; বাজপক্ষী; (ত্রি. বিণ.) মাংসাভিলাষী; মৎস্য মাংসে সন্তুষ্টব্যক্তি; যে আমিষ ভাল বাসে।

আমিষভুক্, ত্রি. বিণ. (আমিষ-ভুজ, ভোজন, ক্বিপ্) মৎস্য মাংস ভোক্তা; মৎস্যাদিভোজন কর্ত্তা।

আমিষাশী, ত্রি. বিণ. (আমিষ-অশ, ভোজন, নিন্) মৎস্য মাংস ভোজন শীল; মৎস্যাদি ভক্ষক।

আমিক্ষা, স্ত্রী. বি. (আ-মিহ, বিকার, সন্-আ) পয়ো বিকার; ক্ষরসা; ছানা; গব্যবিশেষ; ইতিঅমর।

আমীন, পু. বি. (যাং) অধ্যক্ষ; তত্ত্বাবধারক; তদারক কারী; যে সকল বিষয়ের অনুসন্ধান করে।

আমীর, পু. বি. (যাং) ধনী অথচ সম্ভ্রান্তলোক।

আমীক্ষা, স্ত্রী. বি. (আ-মিহ, বিকার, সন্-আ) উষ্ণ দুগ্ধে দধিযোগ করিলে বটিকা কার বিকার।

আমুক্ত, ত্রি. বিণ. (আ-মুচ, মোচন, ক্ত) পিনদ্ধ; বদ্ধ; পরিহিত বস্ত্রাদি; ধৃত; ঈষৎমুক্ত; ইতিঅমর।

আমুপ, পু. বি. (আ-মুপ, দ্রব্যভেদ, ক) কণ্টকযুক্ত বংশবিশেষ; বেউড়বাঁশ। ইতি শব্দচন্দ্রিকা।

আমুষ্যায়ন, ত্রি. বিণ. (আমুষ্য-অয়, গমন, অনট) সৎকুলজাত; প্রসিদ্ধবংশোৎপন্ন; বিখ্যাত বংশোদ্ভব।

আমূল, ক্লী. বি. (আ-মূল, কারণ, ক) মূলপর্য্যন্ত; কারণ; গোড়া; আদি; প্রথমাবধি; ইতি মেদিনী।

আমৃষ্ট, ত্রি. বিণ. (আ-মৃষ, মর্দ্দন, ক্ত) মর্দ্দিত; উচ্ছেদিত; মাড়িত; যাহা মর্দ্দন করা হইয়াছে।

আমেজ, ত্রি. বিণ. (যাং) মিশ্রিত; মিলিত; সংযোজিত।

আমোচন, ক্লী. বি. (আ-মুচ, যোগ, অনট) পরিধান; সংযোগ; পরিধেয় বসন; একত্র হওন; মিলন।

আমোদ, পু. বি. (আ-মুদ, হর্ষ, অল) অতিদূরগামী গন্ধ; অত্যন্তসুগন্ধ; সৌরভ; হর্ষ; কৌতুক; আনন্দ। যথা-প্রমোদ উদ্যানে বুঝি ভ্রমিছে আমোদে। ইতি মেঘনাদ বধ কাব্য ৩০ পৃষ্ঠা।

আমোদন, ক্লী. বি. (আ-মুদ, হর্ষ, অনট) আমোদ-করণ; হর্ষণ; আনন্দ উৎপাদন; আহ্লাদজনন।

আমোদিত, ত্রি. বিণ. (আ-মুদ, হর্ষ, ক্ত) আনন্দিত;

সুরভিত ; হৃষ্ট ; পুলকিত ; সুগন্ধিত ; হর্ষিত। যথা- বরং আমোদিত হইতেন ইতি সেক্স্ পিয়র ৫৮ পৃষ্ঠা।

আমোদী, ত্রি. বিণ. (আ-মুদ, হর্ষ, নিন্) মুখবাসন ; মুখের সুগন্ধজনক বস্তু ; গন্ধযুক্ত ; হর্ষবিশিষ্ট ; আমোদ যুক্ত ; সৌরভান্বিত ; আহ্লাদিত ; ইতি বিশ্ব।

আমোষিণ, ত্রি. বিণ. (আ-মুষ, ধর্ম্ম, ইন) ধার্ম্মিক।

আম্নায়, পু. বি. (আ-ম্না, শাস্ত্রভেদ, য) বেদ ; নিগম ; উপদেশ ; গুরুপরম্পারা প্রাপ্তোপদেশ ; কুলাচার ; আগম ; কুলক্রম ; ইতি মেদিনী।

আম্বল, ত্রি. বিণ. (আ-অম, টক, বল) অম্ল ; টক।

আম্বলতা, স্ত্রী. বি. [আ-অম্বল, টক, তা] অম্লতা ; অম্লরস ; টকরস ; ইতি অমরকোষ। খাটা বিশেষ।

আম্বিকেয়, পু. বি. [অম্বিকা, স্ত্রীবিশেষ, ষ্ণেয়] ধৃতরাষ্ট্র রাজা ; কার্ত্তিকেয় ; ষড়ানন ; ইতি বিশ্ব।

আম্র, পু. বি. (আম, ফলভেদ, র) ফলবিশেষ ; আম্র কল ; চূত ; আম ; রসাল ; বসন্তদূত ; আঁব ; যথা-আম্র মুকুলের রসা স্বাদে ইতি শকুন্তলা ৫৪ পৃষ্ঠা ভৃঙ্গাভীষ্ট ; মন্মথালয় ; মধাবাস ; পিকরাগ।

আম্রপেষী, স্ত্রী. বি. (আম্র-পেষ, খণ্ড, ঈ) শুষ্কাম্রখণ্ড ; আমষী ; আমচূর ; আম্রচূর্ণ ; ইতি মেদিনী।

আম্রাত, পু. বি. (আম্র-অত, ফলভেদ, অল) বৃক্ষবিশেষ ; আম্রাতক ; আমড়াগাছ ; (ক্লী. আমড়া।

আম্রাতক, পু. বি. (আম্র-অত, ফলভেদ, ণক) বৃক্ষবিশেষ ; ফলবিশেষ ; আমড়া ; ইতি শব্দ রত্নাবলী।

আম্রাবর্ত্ত, পু. বি. (আম্র-আ-বৃত, বর্ত্তন, অল) আম্রের শুষ্করস ; আমসত্ত্ব ; ইতি অমরকোষ।

আম্রেড়ন, ক্লী. বি. (আম্র-ইড়, কথন, অনট) পুনঃ পুন কথন ; পুনরুক্তি ; বার বার বলা ; ইতি মেদিনী

আম্রেড়িত, ক্লী. বি. (আম্র-ইড়, কথন, ক্ত) দ্বিস্ত্রিরুক্ত ; দুই তিনবার বলা ; পুনঃপুন কথিত। যথা- তোমার নিকট আর কি আম্রেড়িত করিব ইতি রোমাবতী ৪৯ পৃষ্ঠা।

আম্ল, পু. ক্লী. বি. [অম্ল-টক, ষ্ণ] তেঁতুল ; টক।

আম্লকুচি, স্ত্রী. বি. (আম্ল-কুচ, উদ্ভিদবিশেষ, ই) বৃক্ষবিশেষ ; উদ্ভিজ্জ বিশেষ ; ইতি হেমচন্দ্র।

আম্লবেতস, পু. বি. (আম্ল-বেতস, টক, অল) অম্লবেতস বৃক্ষ ; টকরসভেদ ; শাক বিশেষ।

আম্লা, ত্রি. বিণ. (আম্ল টক, আ) তিন্তিড়ীবৃক্ষ ; তেঁতুলগাছ ; চ্রীবল্লী ; ইতি শব্দরত্নাবলী।

আম্লিকা, স্ত্রী. বি. (আম্ল, টক, ইক-আ) তিন্তিড়ী বৃক্ষ ; তেঁতুলগাছ ; অম্লোদ্গার ; ইতি জটাধর।

আয়, পু. বি. (আ-অয়, গমন, অল) ধনাগম ; প্রাপ্তি ; লাভ ; সম্বোধন বিশেষ ; নীচ ব্যক্তিকে ডাকা।

আয়ঃশূলিক, ত্রি. বিণ. (আয়স্-শূল, শীঘ্রতা, ইক) তীক্ষ্ণকর্ম্মা ; ক্ষিপ্রকারী ; দ্রুতকারী ; ইতি মেদিনী।

আয়ত, ত্রি. বিণ. (আ-যম, দীর্ঘতা, ক্ত) দীর্ঘ ; লম্বা ; সধবার সাধারণ ধর্ম্ম ; সধবাত্ব ; বিস্তৃত। যথা- তাঁহার বাহুযুগল পুষ্ট ও আয়ত ইতি মহাভারত শল্য পর্ব্ব ১৩ পৃষ্ঠা।

আয়তচ্ছদা, স্ত্রী. বি. (আয়ত-ছদ, বৃক্ষভেদ, অল-আ) কদলীবৃক্ষ ; উদ্ভিজ্জবিশেষ ; কলাগাছ।

আয়তন, ক্লী. বি. (আ-যত, স্থানভেদ, অনট) যজ্ঞস্থান ; দেবস্থান ; পরিসর ; প্রস্থ ; প্রশস্ত। যথা- পূর্ণচন্দ্র দরশনে, সাগরের আয়তনে ইতি কুমার সম্ভব ১৪৬ পৃষ্ঠা।

আয়তি, স্ত্রী. বি. (আ-যম, দীর্ঘতা, ক্তি) উত্তর কাল ; ভবিষ্যৎকাল ; প্রভাব ; দৈর্ঘ্য ; সঙ্গ ; আয়।

আয়ত্ত, ত্রি. বিণ. (আ-যত, বশ, ক্ত) অধীন ; বশীভূত ; বশতাপন্ন ; ইতি অমরকোষ। যথা আমাদের আয়ত্ত প্রভুর কিছু নাই। ইতি কুমার ৯৩ পৃষ্ঠা।

আয়ত্তি, স্ত্রী. বি. (আ-যত, বশ, ক্তি) স্নেহ ; বশিত্ব ; সামর্থ্য ; অনুরাগ ; অধীনতা ; সীমা ; দৈর্ঘ্য ; আগ্রহ ; গৌরব ; দিন ; ভবিষ্যৎকাল। ইতি হেমচন্দ্র।

আয়না, ক্লী. বি. (যাং) দর্পণ ; আদর্শ ; আর্শি।

আয়ন্দা, ত্রি. বিণ. (যাং) উপস্থিত ; আগত ; আনীত ; আগামী ; যাহা আগমন করিবেক ; ইতি বিশ্ব।

আয়ল্লক, ক্লী. বি. (আয়ৎ-লক, ভাবনা, অল) উৎকণ্ঠা ; অন্যমনস্কতা ; ব্যাকুলতা ; অসহিষ্ণুতা।

আয়স, ক্লী. বি. [অয়স, লৌহ, ষ্ণ] লৌহ ; লোহা ; (ত্রি. বিণ.) লৌহনির্ম্মিত ; লৌহময়। যথা-প্রভাত ভানুর করে, কিবা ঝক্ মক্ করে, আয়স কবচ সব কায়। ইতি কর্ম্মদেবী ৯৭ পৃষ্ঠা।

আয়সী, স্ত্রী. বি. [অয়স, লৌহ, ঈ] লৌহময় কবচ ; অঙ্গরক্ষিণী ; সাঁজোয়া ; জালপ্রায়া। ইতি বিশ্ব।

আয়স্ত, ত্রি. বিণ. (আ-যস, কোপ, ক্ত) কুপিত ; তেজিত ; নিক্ষিপ্ত ; ক্লেশিত ; হত ; তীক্ষ্ণীকৃত।

আয়া, পুং. বি. (যাং) পিতামহ; মাতামহ; আর্য্যক; (স্ত্রী. বি.) দাসীবিশেষ। পরিচারিকা বিশেষ।

আয়াত, ত্রি. বিণ. (আ-যা, গমন, ক্ত) আগত; উপস্থিত; উপনীত, অধিষ্ঠিত; ইতি মেদিনী।

আয়াতন, ক্লী. বি. (আ-যত, আয়তন, অনট) আয়তন; পরিসর; বিস্তার; চৌড়া; ওসার, প্রশস্ত।

আয়ান, ক্লী. বি. (আ-যা, গমন, অনট) স্বভাব; আগমন; প্রকৃতি; আসা; ইতিজটাধর।

আয়াবস্থিতি, স্ত্রী. বি. (আয়-অব-স্থা, স্থিতি, ক্তি) সঞ্চয়; ধনাগমহইয়া ব্যয়াবশিষ্ট। ইতি হেমচন্দ্র।

আয়াম, পুং. বি. (আ-যম, দীর্ঘতা, ঘঞ) দৈর্ঘ্য; লম্বা; স্তব; স্তুতি; ইতিঅমরকোষ। সন্তোষ জনক বাক্য।

আয়াস, পুং. বি. (আ-যস, শ্রম, ঘঞ) শ্রান্তি; শ্রম; ক্লম; ক্লেশ; পরিশ্রম; ব্যায়াম; প্রয়াস। যথা- বিনাআয়াসে কৃত কার্য্য হইলেন। ইতি সকুন্তলা ৫০

আয়ী, স্ত্রী. বি. [আর্য্যক, ব্যক্তিভেদ, ঈ] মাতামহী।

আয়ীন, ক্লী. বি. (যাং) ব্যবস্থা; রাজনিয়ম; বিধি।

আয়ুঃ, পুং. ক্লী. বি. (আ-অয়, জীবন, উস্) জীবিতকাল; নিভাগ; অনুবন্ধ, পরমায়ু। যথা-তাঁহাদিগের যদি অয়ুঃসমাপ্তি না হয় ইতি নৈষধ চরিত ৯২ পৃষ্ঠা।

আয়ুক্ত, পুং. বি. (আ-যুজ, যোগ, ক্ত) কর্ম্মাধ্যক্ষ; নিয়োগী; কর্ম্মসচিব; ব্যাপৃত; ইতিহেমচন্দ্র।

আয়ুধ, পুং. বি. (আ-যুধ, অস্ত্র, ক) অস্ত্র; বাণ; শর; হাতিয়ার; ধনুকপ্রভৃতি অস্ত্র শস্ত্র। যথা-বিষধর মধ্যে আশীবিষ, আয়ুধ মধ্যে বজ্র, ইতি বিরাট পর্ব্ব ৩ পৃষ্ঠা।

আয়ুধধর্ম্মিণী, স্ত্রী. বিণ. [আয়ুধ-ধর্ম্মিন, বৃক্ষভেদ, ঈ] জয়ন্তীবৃক্ষ; উদ্ভিজ্জবিশেষ। ইতি অমরকোষ।

আয়ুধাগার, ক্লী. বি. (আয়ুধ-আ-গর, গৃহ, ঘঞ) অস্ত্রগৃহ; যে ঘরে অস্ত্রাদি থাকে; সেলাখানা। যথা- ভাণ্ডাগার, আয়ুধাগার, যোধাগার, ইতি মহাভারত শান্তি পর্ব্ব ১০৮ পৃষ্ঠা।

আয়ুধিক, ত্রি. বিণ. (আ-যুধ, অস্ত্র, ইক) অস্ত্রজীবী; শস্ত্রাজীব; অস্ত্রধারী; কাণ্ডপৃষ্ঠ; ইতিঅমরকোষ।

আয়ুধীয়, ত্রি. বিণ. আ-যুধ, অস্ত্র, ঈয়) অস্ত্রধারী; শস্ত্রাজীব; আয়ুধিক; যে অস্ত্রধারণকরে। ইতি বিশ্ব।

আয়ুর্দ্বয়, পুং. বি. (আয়ুস্-দ্বয়, পরিমাণ বিশেষ, অ) জীবন কালের পরিমাণ; জীবিত কাল; পরমায়ু।

আয়ুর্দ্রব্য, ক্লী. বি. [আয়ুস্-দ্রব্য, দ্রব্যভেদ, ঢ়ি] ঔষধ; ভেষজ; ইতিরত্নমালা। দ্রব্য ভেদ।

আয়ুর্ব্বেদ, পুং. বি. (আয়ুস্-বিদ, শাস্ত্রভেদ, অল) অষ্টাদশ বিদ্যান্তর্গত ধন্বন্তরিপ্রণীত বিদ্যা বিশেষ; বৈদ্যকশাস্ত্র; চিকিৎসাশাস্ত্র; নিদান শাস্ত্র। যথা- অতএব আয়ুর্ব্বেদজ্ঞ চিকিৎসকগণ ইতি সেকসপিয়র ২১৭ পৃষ্ঠা।

আয়ুর্ব্বেদী, ত্রি. বিণ. (আয়ুস্-বিদ, ইন্) আয়ুর্ব্বেদজ্ঞ; চিকিৎসাব্যবসায়ী; বৈদ্য; ইতিহেমচন্দ্র।

আয়ুর্যোগ, পুং. বি. (আয়ুস্-যুজ, যোগ, ঘঞ) ঔষধ; ভেষজ; দ্রব্য বিশেষ; ইতি ত্রিকাণ্ড শেষ।

আয়ুষ্কর, ত্রি. বিণ. (আয়ুস্-কৃ, করণ, অল) পরমায়ুজনক; আয়ুর্ব্বৃদ্ধি কারক; আয়ুষ্য; যাহাতে পরমায়ুবৃদ্ধিহয়। পরমায়ুর উন্নতি কারক; ইতিবিশ্ব।

আয়ুষ্কাম, ত্রি. বিণ. (আয়ুস্-কম কামনা, ঘঞ) দীর্ঘজীবী; আয়ুঃপ্রার্থী; যে পরমায়ু যাচ্ঞাকরে।

আয়ুষ্টোম, পুং. বি. (আয়ুস্-স্তোম, যাগভেদ, অল) যজ্ঞবিশেষ; আয়ুর্ব্বৃদ্ধ্যর্থ যাগবিশেষ; ইতিমেদিনী।

আয়ুষ্মান, ত্রি, বিণ. [আয়ুস্, পরমায়ু, মতু] চিরজীবী; দীর্ঘায়ু; (পুং.) তিথিনক্ষত্রের যোগবিশেষ। যথা-শিতপক্ষ এয়োদশী, গুরুতারা যুতশশী, তিথি যোগ নামে আয়ুষ্মান্। ইতি কবিকঙ্কণ চণ্ডী ৭৬ পৃষ্ঠা।

আয়ুষ্য, ত্রি. বিণ. [আয়ুস্, পরমায়ু, য] পথ্য; আয়ুর্হিতকারক; যাহাতে পরমায়ুর বিশেষ হিত হয়।

আয়ুস, পুং. বি. (আ-ই সময়, উস্) জীবিত কাল; পরমায়ু; জীবন; প্রাণ; বৃত্তি সময়; ইতি ধরণি।

আয়ুস্কর, ত্রি. বিণ. (আয়ুস্-কৃ, করণ, অল) পরমায়ুজনক; পরমায়ু কারক; ইতি অমর কোষ।

আযোগ, পুং. বি. (আ-যুজ, যোগ, ঘঞ) গন্ধমাল্যোপহার; রোষ; ইতিহেমচন্দ্র। উপহার বিশেষ।

আয়োগব, পুং. বি. (আ-য়োগ, জাতিভেদ, ব) শূদ্রঔরসে বৈশ্যাগর্ভে জাত জাতিবিশেষ; ইতিহেমচন্দ্র।

আয়োজন, ক্লী. বি. (আ-যুজ, যোজন, অনট) উদ্যোগ; আহরণ; আন; অনুষ্ঠান। যথা-বিমল অঙ্গের আভা, নানা অলঙ্কার শোভা, ইতি কবিকঙ্কন ৫৭ পৃষ্ঠা।

আয়োধন, ক্লী. বি. (আ-যুধ, রণ, অনট) যুদ্ধ; বধ; রণ; সংগ্রাম; সমর; লড়াই; ইতি অমর কোষ।

আর, পুং. বি. (আর, দ্রব্যভেদ, ঘঞ) পিত্তল; মঙ্গল-

গ্রহ ; শনি ; চর্ম্মকারের বেধনাস্ত্র ; বৃক্ষভেদ ; মধুরা মূলফল। (ব্য.) এবং ; অন্য ; কোন ; প্রাণভাগ ; শেষ

আরকূট, পু. বি. (আর-কূট, ধাতুভেদ, ক) পিত্তল ; পিতল ; ধাতু বিশেষ ; ইতি শব্দ রত্নাবলী।

আরক্ত, ত্রি. বিণ. (আ-রঞ্জ, রাগ, ক্ত) ঈষৎরক্তবর্ণ ; অরুণবর্ণ। যথা-আরক্ত বসন করিয়া ধারণ, ইতি কুমার সম্ভব ১০৮ পৃষ্ঠা।

আরগ্বধ, পু. বি. (আরক্-বধ, দ্রব্যভেদ, অল) বৃক্ষ বিশেষ ; সোঁদালিগাছ ; পাচন বিশেষ। ইতি বিশ্ব।

আরট্ট, পু. বি. (আ-রট, স্থানভেদ, ক্ত) দেশবিশেষ ; ভারত বর্ষের উত্তর পশ্চিম দেশবিশেষ।

আরট্টজ, পু. বি. (আরট্ট-জন, জনন, ড) আরট্ট দেশজাত ঘোটক ; আরট্ট দেশীয় ঘোড়া।

আরণ্য, পু. বি. [আরণ, জন্তুভেদ, আ] বন্য মহিষ।

আরণি, পু. বি. (আরণ, তরঙ্গবিশেষ, ই) আবর্ত্ত ; তরঙ্গ বিশেষ ; পাক্‌মারাজল ; ইতিহারাবলী।

আরণ্য, ত্রি. বিণ. [অরণ্য, বন, ষ্ণ] বন্য ; যথা-এক আরণ্যগজ রাজার রথদর্শনে ইতি শকুন্তলা ১৭ পৃষ্ঠা। বনসম্বন্ধীয় ; জাঙ্গলিক ; অরণ্যজাত ; মুনিপ্রভৃতি।

আরণ্যক, ত্রি. বিণ. [অরণ্য, বনসম্বন্ধীয়, কণ] বন্য ; অরণ্যজাত ; মুনি প্রভৃতি ; বনসম্বন্ধীয়। যথা-কঠোর আরণ্যক আচার প্রতিপালন করত ইতি শান্তিপর্ব্ব ১১পৃ

আরণ্যপশু, পু. বি. (আরণ্য-পশ, চতুষ্পদ, উ) অরণ্য জাত পশু ; ইহা সপ্তপ্রকার যথা—মহিষ ; বানর ; ঋক্ষ ; সরীসৃপ ; বিচিত্র মৃগ ; শ্বেতবিন্দুযুক্তমৃগ।

আরতি, স্ত্রী. বি. (আ-রম, ক্ষান্ত, ক্তি) বিরতি ; নিবৃত্তি ; নীরাজন ; ক্ষান্তি ; আরাত্রিক ; ইতিঅমরকোষ।

আরনাল, ক্লী. বি. (আর-নল, দ্রব্যভেদ, ঘঞ) কাঞ্জিক ; কাঁজী ; আমানী ; অধিক দিনের ভাতভিজানজল।

আরন্ধ, ক্লী. বি. (আ-রন্ধ, রন্ধন, অল) অরন্ধন।

আরব, পু. বি. (আ-রু, শব্দ, অল) শব্দ ; ধ্বনি ; ধ্বান ; রব ; স্বন ; দেশবিশেষ ; স্বনাম বিখ্যাত দেশ।

আরব্ধ, ক্লী. বি. (আ-রভ-আরম্ভ, ক্ত) আরম্ভ ; (ত্রি. বিণ.) উপক্রম ; যাহার আরম্ভ হইয়াছে। যথা-আমার পিতা যাহাতে আরব্ধযজ্ঞের ফল ভাগী হন ইতি রঘুবংশ ২২ পৃষ্ঠা।

আরভটী, স্ত্রী. বি. [আর-ভট, ক্রীড়াভেদ, ঈ] ক্রীড়া বিশেষ ; নাট্যবৃত্তি ; বাজী করণ ; কুহক দর্শন।

আরমান, ক্লী. বি. (আর-মন, ইচ্ছা, ঘঞ) বাসনা ; মনোভিলাষ ; মনেরইচ্ছা ; অন্তঃকরণের প্রবৃত্তি।

আরম্ভ, পু. বি. (আ-রম্ভ, আরব্ধ, অল) প্রথমকৃতি ; উদ্যোগ ; কর্ম্ম ; করা ; যত্ন ; উপায় ; প্রয়োগ ; ত্বরা ; গর্ব্ব ; উৎপত্তি ; যোগ ; বধ ; উপক্রম। যথা- অতিদ্রুত বেগে পলাইতে আরম্ভ করিল ইতি শকুন্তলা ১ পৃষ্ঠা।

আরশি, স্ত্রী. বি. (আরিশ, রোগভেদ, ই) রোগ বিশেষ ; অর্শোরোগ ; দর্পণ ; আয়না ; আর্শি।

আরসুলা, স্ত্রী. বি. (আ-রস্-উল, কীটভেদ, ড-আ) কীট বিশেষ ; তৈলপায়িকা ; তেলাপোকা।

আরক্ষ, পু. বি. (আ-রক্ষ, রক্ষা, অল) গজকুম্ভের অধঃপ্রদেশ ; (ত্রি. বিণ.) রক্ষাযুক্ত ; রক্ষণীয়।

আরা, স্ত্রী. বি. (আর, অস্ত্রভেদ, ড-আ) চর্ম্মভেদকাস্ত্র ; কাষ্ঠ ভেদক অস্ত্র ; তুরপুন ; ক্রকচ ; করাত।

আরাকষ, পু. বি. (আর-আ-কষ, ক্রকচ ব্যবহার, অল) করাত কারী ; করাতী ; ক্রকচ ব্যবহারী। ইতি বিশ্ব।

আরাগ্র, ক্লী. বি. (আর-অগ্র, মুখ, অল) অর্দ্ধচন্দ্রের ন্যায়মুখ অস্ত্র ; শস্ত্র ; অস্ত্রবিশেষ। ইতি হেম চন্দ্র।

আরাতি, পু. বি. (আ-রা, বৈরি, ক্তি) শত্রু ; বিপক্ষ ; বৈরি ; রিপু ; অরি ; ইতি হলায়ুধ।

আরাৎ, (ব্য.) দূর ; সমীপ ; নিকট ; ইতিঅমরকোষ।

আরাত্রিক, ক্লী. বি. [আ-রাত্রি, দীপভেদ, কণ] নীরাজন ; নীরাজনপাত্র ; আরতি প্রদীপ। ইতি বিশ্ব।

আরাধক, ত্রি. বিণ. (আ-রাধ, সেবা, ণক) পূজক ; সেবক ; অর্চ্চক ; পূজারি ; যেআরাধনাকরে।

আরাধন, ক্লী. বি. (আ-রাধ, সেবা, অনট) সাধন ; উপাসন ; তোষণ ; সেবন ; প্রাপ্তি ; পচন।

আরাধনা, স্ত্রী. বি. (আ-রাধ, সেবা, অন-আ) সাধনা ; শুশ্রূষা ; পরিচর্য্যা ; সেবা ; ভক্তি ; উপাসনা। যথা-অরণ্যে গিয়া জগদীশ্বরের আরাধনা করি। ইতি বেতাল পঞ্চবিংশতি ৪ পৃষ্ঠা।

আরাধিত, ত্রি. বিণ. (আ-রাধ, সেবা, ক্ত) উপাসিত ; অভ্যস্ত ; সেবিত ; সাধিত ; পূজিত। যথা-কায়মনোবাক্যে আরাধিত হইয়া ইতি মহাভারত সৌপ্তিক পর্ব্ব ১২০ পৃষ্ঠা।

আরাধ্য, ত্রি. বিণ. (আ-রাধ, সেবা, য) আরাধনা যোগ্য ; উপাস্য ; সেবনীয় ; পূজ্য ; পরিচর্য্যোপযুক্ত।

যথা-নৃত্যগীত বাদ্যের আরাধ্য হইলেন ইতি নৈষধ চরিত ৩৪ পৃষ্ঠা।

আরাব, পু. বি. (আ-রব, শব্দ, ঘঞ) ধ্বনি; রব; শব্দ; নাদ; ইতি অমরকোষ। শ্রোত্র গ্রাহ্য গুণ বিশেষ।

আরাম, পু. বি. (আ-রম, স্থানভেদ, ঘঞ) উপবন; বাগান; বিশ্রাম; উপশম; পীড়ারশান্তি। যথা-বিশল্য ঔষধে ক্ষত করিব আরাম। ইতি কর্ম্মদেবী ৯৫ পৃ

আরালিক, পু. বি. (আ--রাল, ব্যক্তিভেদ, ইক) সূপকার; পাচক; রন্ধন কর্ত্তা; ইতিঅমরকোষ।

আরিন্দা, পু. বি. (যাং) যেব্যক্তিধনাগারে খাজনা লইয়া যায়; মুদ্রাবাহক; টাকা বহন কর্ত্তা, ইতি বিশ্ব।

আরু, পু. বি. (ঋ, দ্রব্যভেদ, ঞু) বৃক্ষবিশেষ; কর্কট; কাঁকড়া; শূকর; ইতিমেদিনী। জন্তু বিশেষ।

আরূ, পু. বি. (ঋ, দ্রব্যভেদ, ঞূ) পিঙ্গলবর্ণ; (ত্রি. বিণ.) পিঙ্গলবর্ণবিশিষ্ট; ঈষৎপীত নীলবর্ণ।

আরূক, ক্লী. বি. (ঋ, দ্রব্যভেদ, ঞূক) হিমালয় পর্ব্বতেপ্রসিদ্ধ ঔষধী বিশেষ; বীরসেন; আড় ইতি বিশ্ব।

আরূঢ়, ত্রি. বিণ. (আ-রুহ, রোহন, ক্ত) কৃত আরোহন; যেআরোহন করিয়াছে। ইতি হেমচন্দ্র।

আরেবত, ক্লী. বি. (আ-রেব, দ্রব্যভেদ, ক্ত) পারেবত বৃক্ষফল; (পু.) আরগ্বধ বৃক্ষ। ইতি অমরকোষ।

আরোগ্য ক্লী. বি. (আ-রুজ, রোগ, ষ্যণ) স্বাস্থ্য; রোগাভাব; রোগরাহিত্য; অনাময়; আরাম। যথা-আরোগ্যলাভ করিতে পারিবে ইতি বিরাট পর্ব্ব ১২ পৃ।

আরোপ, পু. বি. (আ-রূপ, মিথ্যা, অল) মিথ্যাদেশ; মিথ্যারচন; স্থাপন; কল্পনা; যথা-শশধরের কলঙ্করূপে আরোপ করিয়াছে ইতি রঘু বংশ ১১৩ পৃষ্ঠা।

আরোপণ, ক্লী. বি. (আ-রূপ, রোপণ, অনট) ন্যাস; সংস্থাপন; কল্পনা; চড়াওন; মিথ্যা; রাখা।

আরোপিত, ত্রি. বিণ. (আ-রূপ, রোপণ, ক্ত) কৃতারোপন; নিহিত; ন্যস্ত; কল্পিত; আরোপকরা; গচ্ছিত; একবস্তুকে অন্যরূপে প্রকাশিত; স্থাপিত। যথা-স্কন্ধে আরোপিত করিয়া ইতি বিরাট পর্ব্ব ৪৯পৃ।

আরোহ, পু. বি. (আ-রুহ, রোহন, অল) দৈর্ঘ্য; উচ্চতা; অবরোহ; আরোহন; অশ্বগজাদিতে আরূঢ়; সমুচ্ছ্রয়; ভার; পরিমাণ বিশেষ; স্ত্রীনিতম্ব; রমণীর পশ্চাৎভাগ; কামিনীর পাচা; ইতি মেদিনী।

আরোহক, ত্রি. বিণ. (আ-রুহ, রোহন, ণক) আরোহনকর্ত্তা; আরূঢ়; যেআরোহণ করে। ইতি জটাধর।

আরোহন, ক্লী. বি. (আ-রুহ, রোহন, অনট) সোপান; সিড়ি; সমারোহ; অঙ্কুরাদিজনন; নীচেহইতে উর্দ্ধেগমন; যথা-সর্ব্ব জ্যেষ্ঠশঙ্কু সিংহাসনে আরোহন করিলেন ইতি বেতাল পঞ্চবিংশতি ১ পৃষ্ঠা।

আর্কি, পু. বি. [অর্ক, সূর্য্য, ষ্ণি] অর্কপুত্র; শনৈশ্চর; যম; সূর্য্যপুত্র; ইতিজ্যোতিঃশাস্ত্র। অর্কাপত্য।

আর্গল, পু. ত্রি. বি. (অর্গল, খিল, অ) খিল হুড়কা; ইতিঅমরকোষ। দ্বার রোধক কাষ্ঠ বিশেষ।

আর্গ্বধ, পু. বি. (আরগ্‌-বধ, বৃক্ষবিশেষ, অল) বৃক্ষবিশেষ; আরগ্বধবৃক্ষ সোঁদালীগাছ। ইতি বিশ্ব।

আর্জন, ক্লী. বি. [অর্জন, উপার্জন, ষ্ণ] অর্জন; উপার্জন; আহরণ; অলব্ধ লাভকরন; সঞ্চয়ন।

আর্জব, ক্লী. বি. (ঋজু, সরল, অ) ঋজুতা; সরলতা।

আর্ত্ত, ত্রি. বিণ. (আ-ঋত, পীড়া, ঘঞ) পীড়িত; অসুস্থ; আকুল; ক্লেশিত; উৎকণ্ঠিত; বিপন্ন; যথা-আপনকার শাস্ত্র আর্ত্তের পরিত্রানের নিমিত্ত, ইতি শকুন্তলা২ পৃষ্ঠা।

আর্ত্তগল, পু. বি. (আর্ত্ত-গল, দ্রব্যভেদ, অল) নীল ঝিণ্টী; পুষ্পবিশেষ; নীলবর্ণের ঝাঁটিফুল।

আর্ত্তনাদ, পু. বি. (আর্ত্ত-নদ, শব্দ, ঘঞ) পীড়িত ধ্বনি; ক্লেশ জন্য চিৎকার; কষ্টনিমিত্তশব্দ। যথা-নন্দিনী তৎক্ষনাৎ আর্ত্তনাদ করিয়া উঠিলেন। ইতি রঘু বংশ ৯ পৃষ্ঠা।

আর্ত্তব, ক্লী. বি. [ঋতু, সময়ভেদ, ষ্ণ] স্ত্রীরজঃ পুষ্প; ইতিমেদিনী। (ত্রি. বিণ.) স্ত্রীরজঃসম্বন্ধীয়; গ্রীষ্মাদি ঋতুসম্বন্ধীয়; গ্রীষ্মাদি সময়ের; ইতি মেদেনী।

আর্ত্তবী, স্ত্রী. বি. [আর্ত্তব, জন্তুভেদ, ঈ] বাজিনী; ঘোটকী; ইতিরাজনির্ঘণ্ট। ঘোটকপত্নী; ইতি ধরণি।

আর্ত্তি, স্ত্রী. বি. (আ-ঋত, গমন, ই) পীড়া; রোগ কষ্ট; ধনুকের হুল; ধনুকের অগ্র। ইতি জটাধর।

আর্ত্বিজ্য, ক্লী. বি. [ঋত্বিজ, পুরোহিত, ষ্ণ্য] পৌরোহিত্য; পুরোহিতের কর্ম্ম; যাজন; ইতিমেদিনী।

আর্থ, ত্রি. বিণ. [অর্থ, ধন, ষ্ণ] অর্থসম্বন্ধীয়; অর্থঘটিত; ধন ঘটিত; টাকা সম্বন্ধীয়; ইতি অমর কোষ।

আর্থিক, ত্রি. বিণ. [অর্থ, ধন, ষ্ণিক] অর্থজ্ঞ; বিজ্ঞ; পণ্ডিত; যে ধনবিষয়ে বিলক্ষণ পরিজ্ঞাত।

আর্থিকতা, স্ত্রী. বি. [আর্থিক, অর্থজ্ঞ, তা] অর্থবি-

ষয়ে বিজ্ঞান ; ধন বিষয়ে বিলক্ষণ জ্ঞান। ইতি বিশ্ব।

আর্দ্র, ত্রি. বিণ. (আর্দ্দ, ভিজা, র) সজল বস্ত্র ; ভিজা ; স্তিমিত ; স্যাঁৎসেতে ; নূতন ইতি অমরকোষ।

আর্দ্রক, ক্লী. বি. (আর্দ্র, মূলবিশেষ, ণক) মূলবিশেষ ; আদা ; ভেদক দ্রব্য বিশেষ ; ইতি কেচিৎ।

আর্দ্রমাষা, স্ত্রী. বি. (আর্দ্র-মাষ, বস্তুবিশেষ, ও-আ) মাষপর্ণী ; মাষাণী ; ইতিরাজনির্ঘণ্ট ; দ্রব্য বিশেষ।

আর্দ্রশাক, ক্লী. বি. (আর্দ্র-শক, মূলবিশেষ, ঘঞ) আর্দ্রক ; আদা ; মূলবিশেষ ; ভিজা শাক ; ইতিবিশ্ব।

আর্দ্রা, স্ত্রী. বি. (আর্দ্র, নক্ষত্র বিশেষ, ও-আ) সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত ষষ্ঠ নক্ষত্র। ইতি হেম চন্দ্র।

আর্য্য, ত্রি. বিণ. [ঋ, ব্যক্তিভেদ, ণ্যা] সৎকুলোদ্ভব ; শ্রেষ্ঠ বুদ্ধ ; সজ্জন ; মান্য ; স্বামী ; উচিত ; পূজ্য ; যথা-আর্য্য ! আপনি যখন যাহা আদেশ করিয়াছেন ইতি রঘু বংশ ১১৩ পৃষ্ঠা।

আর্য্যক, পু. বি. (আর্য্য, ব্যক্তিভেদ, ণক) পিতামহ ; মাতামহ ; (ক্লী.) পিণ্ডপাত্রাদি পিতৃকার্য্য।

আর্য্যকা, স্ত্রী. বি. (আর্য্য, ব্যক্তিভেদ, ণক-আ) শ্রেষ্ঠাস্ত্রী ; প্রাধানারমণী ; সম্পর্কেগুরুতরানারী।

আর্য্যপুত্র, পু. বি. (আর্য্য-পুৎ-ত্রৈ, রক্ষণ, ড) ভর্ত্তা ; পতি ; গুরুপুত্র ; স্বামী ; ইতিহেমচন্দ্র। যথা—আর্য্যপুত্র ! সত্বর হও সত্বর হও। ইতি শকুন্তলা ৪৬ পৃষ্ঠা।

আর্য্যমিশ্র, ত্রি. বিণ. (আর্য্য-মিশ, মান, র) গৌরবিত ; সম্মানিত ; মান্য ; গৌরবান্বিত ; ইতিবিশ্ব।

আর্য্যা, স্ত্রী. বি. [আর্য্য, ব্যক্তিভেদ, আ] শ্রেষ্ঠা ; ছন্দোবিশেষ ; গুরুতরা কামিনী ; ইতি অমর কোষ।

আর্য্যাবর্ত্ত, পু. বি. (আর্য্য-আ-বৃত, স্থানভেদ, অল) বিন্ধ্য ও হিমালয় পর্ব্বতের মধ্যদেশ ; পুণ্যভূমি ; আখ্যা বিশেষ ; যথা-আর্য্যাবর্ত্ত নামে পুত্র হইল তাহার ইতি রামায়ণ ৬ পৃষ্ঠা।

আর্য্যিকা, স্ত্রী. বি. (আর্য্য, শ্রেষ্ঠ, ইক-আ) শ্রেষ্ঠাস্ত্রী ; উত্তমানারী ; উৎকৃষ্ট কামিনী ; ইতি মেদিনী।

আর্শি, ক্লী. বি. (আ-দৃশ, দর্শন, অল) আদর্শরভাষা ; মুকুর ; দর্পণ ; আয়না ; রূপ দর্শনাধার ; আদর্শ।

আর্ষ, পু. বি. (ঋষি, ব্যক্তিভেদ, অ] বিবাহ বিশেষ (ত্রি. বিণ.) ঋষির প্রণীত ; যাহা ঋষি প্রস্তুত করিয়াছেন ; ঋষি কর্ত্তৃক সংগৃহীত ; ইতি অমর কোষ।

আর্ষভ্য, পু. বি. [ঋষভ, ষাঁড়, ষ্য] ষণ্ডোপযুক্তবৃষ ; ষণ্ডতা যোগ্য ; ষাঁড়ের উপযুক্ত ; এঁড়ে। ইতি অমর।

আর্হত, পু. বি. (আর্হ, ব্যক্তিভেদ, ক্ত) জৈন ; জৈন ধর্ম্মাব লম্বী ; যে জৈন ধর্ম্ম গ্রহণ করিয়াছে।

আল, ক্লী. বি. (অল, বর্ণভেদ, ঘঞ) পীতবর্ণ ; হরিদ্রাবর্ণ ; হরিতাল ; (ত্রি. বিণ.) অনল্প ; অধিক।

আলকাতরা, ক্লী. বি. (যাং) ধুনা ; তার ; পিচ।

আলকুশী, স্ত্রী. বি. (আল-কুশ, দ্রব্যভেদ, ঈ) দ্রব্য বিশেষ ; বৃক্ষবিশেষ ; যাহা স্পর্শে গাত্র চুলকায়।

আলগর্দ্দ, পু. বি. (আলগ-অর্দ্দ, সর্পভেদ, অল) আলগর্দ্দসর্প ; জলসর্প ; জল বোড়া। ইতিঅমরকোষ।

আলগা, ত্রি. বিণ. (আ-লগ, বদ্ধ, ও-আ) অবদ্ধ ; শিথিল ; খোলা ; এলুয়া ; যাহা এঁটে বাঁধা হয় নাই।

আলগোচ, ত্রি. বিণ. (আলগা-উচ, ব্যগ্রতা, ক) উত্থানার্থ ব্যগ্র ; অস্পৃষ্ট ; উত্থিত ; ব্যস্ত ; ব্যাকুল।

আলজিভ, ক্লী. বি. [আল-জিহ্বা, জিব, ট্রি] ক্ষুদ্র জিহ্বা ; আলজিব ; জিহ্বা বিশেষ ; ইতি অমর কোষ।

আল জিহ্বা, স্ত্রী. বি. (আল-জিহ্ব, জিব, ও আ) ক্ষুদ্র জিহ্বা ; আলজিব ; যে জিব বিনা বাক্য স্পষ্ট হয় না।

আলণ, ত্রি. বিণ. (অ-লুণ, লবণ, ক) অলবণ ; লবণ শূন্য ; অলবণের প্রচলিত ভাষা, লুণমাত্র হীন।

আলতা, পু. বি. (অলক, দ্রব্যভেদ, ক্ত) অলক্তর প্রচলিত ভাষা ; আলতা ; দ্রব্য বিশেষ। ইতি জটাধর।

আলবাল, ক্লী. বি. (আল-বল, দ্রব্য ভেদ, ঘঞ) বাঁধাল ; চারমাদা ; তরুমূল সেচনার্থ জলাধার। যথা-তাপস তনয়ারা আলবালে জল সেচন করিয়া ইতি রঘু বংশ ৩ পৃষ্ঠা।

আলবেলা, ক্লী. বি. (আল-বেল, যন্ত্রভেদ, ও) ধূম পানার্থ যন্ত্র বিশেষ ; আলবোলা ; হুক্কা বিশেষ।

আলম্ব, পু. বি. (আ-লম্ব, অবলম্বন, অল) অবলম্ব ; আশ্রয় ; উপজীব্য ; শরণ ; আধার ; সহায়।

আলম্বন, ক্লী. বি. (আ-লম্ব, অবলম্বন, অনট) অবলম্বন ; আশ্রয় ; বিভাব বিশেষ ; শৃঙ্গারাদি রসের বিভাব ; যাহাকে অবলম্বন করিয়া রস হয়। ইতি বিশ্ব।

আলম্বরূঢ়, পু. বি. (আলম্ব-রুহ, রোহণ, ক্ত) লতা ; বৃক্ষাশ্রিত তৃণ ; বৃক্ষাশ্রিত বল্লী ; ইতি অমর কোষ।

আলম্বিত, ত্রি. বিণ. (আ-লম্ব, অবলম্বন, ক্ত) কৃতাবলম্বন ; ঝোলা ; নির্ভর করা ; ধৃত ; আশ্রিত।

আলম্ভ, পু. বি. (আ-লম্ভ, বধ, অল) মারণ ; বধ ;

হিংসা করণ; হনন; হত্যাকরণ; ইতি অমর কোষ।

আলম্ভ্যা, স্ত্রী. বি. (আ-লম্ভ, বধ, য-আ) বধার্হ্যা; হননীয়া; বধ্যা; হত্যা করণোপযুক্ত; ইতি বিশ্ব।

আলয়, পু. বি. (আ-লী, ঘর, অল) গৃহ; বাড়ী; বাস স্থান; ঘর; নিকেতন; ইতি অমর কোষ। যথা-সুতরাং পিতার আলয় হইতে বহিস্কৃত হইলেন ইতি চরিতাবলী ৪০ পৃষ্ঠা।

আলস, ত্রি. বিণ. (আ-লস, কার্য্যে অনিচ্ছা, অল) অলস; আলস্য যুক্ত; আলিসা; কর্ম্মানুৎসাহী; কুড়িয়া; ইতি দ্বিরূপ কোষ। যে কোন কার্য্যে সক্ষম নয়।

আলসিয়া, ত্রি. বিণ. (আ-লস, কর্ম্মেঅনিচ্ছা, য) আলস্যের ভাষা; অসত্বর; কুড়িয়া; দীর্ঘসূত্রী।

আলস্য, ত্রি. বিণ. (আ-লস, কার্য্যে অনিচ্ছা, য) অলসতা; তন্দ্রা; মন্দতা; কর্ম্মে অনুৎসাহিতা; ইতি বিশ্ব। যথা- আর তোমার আলস্য করা উচিত নয়। ইতি নৈষধ চরিত ১০৮ পৃষ্ঠা।

আলস্য ছাড়ন, ক্লী. বি. (আলস্য-ছাড়, ত্যাগ, অনট) জৃম্ভণ; গাত্র ভঙ্গ করণ; হাই; গা ভাঙ্গা; ইতি অমর

আলস্য ত্যাগ, পু. বি. (আলস্য-ত্যজ, ত্যাগ, ঘঞ) জৃম্ভণ; গাত্র ভঙ্গ করন; হাই তোলন; গা ভাঙ্গা।

আলাই, ক্লী. বি. (আ-পদ, বিপদ, ক্বিপ্) আপদের ভাষা; বিপৎ; (ত্রি. বিণ.) দুর্নিমিত্ত; অমঙ্গল সূচক; দুরদৃষ্ট; মন্দভাগ্য; অভাপাৎ; ইতি হেম চন্দ্র।

আলাই বালাই, ক্লী. বি. (আ-পদ, বিপদ, অল) আপদের ভাষা; অশুভ; দুর্নিমিত্ত, মঙ্গলাভাব।

আলাত, ক্লী. বি. (আলা, কয়লা, ক্ত) অলাত, অঙ্গার; কয়লা; আঙ্গারা; দগ্ধ কাষ্ঠ। ইতি মেদিনী।

আলাদা, ত্রি. বিণ. (যাং) পৃথক; স্বতন্ত্র; ভিন্ন।

আলান, ক্লী. বি. (আলা, বন্ধন, অনট) গজ বন্ধন স্তম্ভ; হস্তিবন্ধন রজ্জু; শৃঙ্খল; বেড়ী; নিগড়।

আলাপ, পু. বি. (আ-লপ, কথন, ঘঞ) কথোপকথন; সম্ভাষণ; কুশল জিজ্ঞাসা; পরিচয়; ইতি অমর। যথা-ক্ষণকালের জন্য আলাপের বিশ্রাম দাও। ইতি রোমাবতী ১৪৩ পৃষ্ঠা।

আলাপন, ক্লী. বি. (আ-লপ, কথন, অনট) কথোপকথন; সম্ভাষণ; পরিচয়; কুশল জিজ্ঞাসন।

আলাপনীয়, ত্রি. বিণ. (আ-লপ, কথন, অনীয়) আলাপ্য; সম্ভাষ্য; কথন যোগ্য; পরিচয়োপ যুক্ত।

আলাপিত, ত্রি. বিণ. (আ-লপ, কথন, ক্ত) পরিচিত; জ্ঞাত ব্যক্তি; কথিত; সম্ভাষিত; ইতি বিশ্ব।

আলাপিনী, স্ত্রী. বি. (আলাপ, কথন, ইন্-ঈ) বীনা বিশেষ; যন্ত্র বিশেষ; যদ্দ্বারা রাগের আলাপ হয়।

আলাপী, ত্রি. বিণ. (আ-লপ, কথন, ঈ) কথক; পরিচিত; বক্তা; সম্ভাষণ কর্ত্তা; ইতি মেদিনী।

আলাপ্য, ত্রি. বিণ. (আ-লপ, আলাপ, য) আলাপ যোগ্য; আলাপনীয়; সম্ভাষ্য; কথনোপযুক্ত।

আলাবর্ত্ত, ক্লী. বি. (আলা-বৃত, বর্ত্তন, অল) বস্ত্র নির্ম্মিত ব্যজন; কাপড়ের পাখা; ইতি হেমচন্দ্র।

আলাবু, স্ত্রী. বি. (আ-লু, দ্রব্য ভেদ, ঞু) অলাবু; তুম্বী; লাউ; কদু; দ্রব্য বিশেষ; ইতি ধরণি।

আলায়া, ক্লী. বি. (আলায়, ছায়া, ঙ-আ) পরচ্ছায়া; অপদেবতা; জন্তু বিশেষ; ইতি শব্দ রত্নাবলী।

আলাস্য, পু. বি. (আল-আস, মুখ, য) কুম্ভীর; নক্র কুমীর; ইতি হেম চন্দ্র। জল জন্তু বিশেষ।

আলি, স্ত্রী. বি. (আল, বাঁধ, ই) বয়স্যা; সখী; যথা-আলো আলি কি করিলি কহনা এখন। ইতি কর্ম্ম দেবী ৪২ পৃষ্ঠা।

শ্রেণী; সেতু; ভূমির বাঁধ; পংক্তি; ক্ষেত্রের আলি; সন্ততি; (পু.) বৃশ্চিক; ভ্রমর; (ত্রি. বিণ.) সদাশয়; নির্ম্মলান্তঃকরণ; অনর্থ; ইতিহেমচন্দ্র।

আলিঙ্গন, ক্লী. বি. (আ-লিগ, আলিঙ্গন, অনট) প্রীতি পূর্ব্বক পরস্পর আশ্লেষ; কোলা কোলি; অঙ্গমিলন; পরিস্বঙ্গ; উপগূহন; ইতি অমরকোষ। আলিঙ্গন সপ্ত প্রকার যথা-আমোদালিঙ্গন; মুদিতালিঙ্গন; প্রেমালিঙ্গন; আনন্দা লিঙ্গন; রুচ্যালিঙ্গন; মদনালিঙ্গন; বিনোদালিঙ্গন; ইতিকামশাস্ত্র। যথা-ক্রীড়া স্নান করিয়া নল শরীর আলিঙ্গন করিল ইতি নৈষধ ২৫ পৃষ্ঠা।

আলিঙ্গী, পু. বি. (আ-লিগ, দ্রব্যভেদ, ইন্) মৃদঙ্গ ভেদ; মাদোল; বাদ্য যন্ত্র বিশেষ; ইতি হেম চন্দ্র।

আলিঙ্গ্য, ত্রি. বিণ. (আ-লিগ, দ্রব্যভেদ, য) আলিঙ্গনের যোগ্য, (পু.) যবাকৃতিমৃদঙ্গ; মাদোল।

আলিঞ্জর, পু. বি. (আলিঞ্জর, পাত্রভেদ, অল) অলিঞ্জর; জলাধার; জলপাত্র; জলা; যেথানে কেবল জল

আলিন্দ, পু. বি. (আ-লিন্দ, স্থানভেদ, অল) অলিন্দ; বহির্দ্বার প্রকোষ্ঠ; গৃহান্তর শয্যার্থ বেদিকা; গৃহের একদেশ; ছাঁচতল; আলিসা। ইতি মেদিনী।

আলিপনা, ক্লী. বি. (আ-লিপ, শিল্পভেদ, অল) আলিম্পন; মঙ্গলালেপন; যথা—গোময় লেপিয়া মাটি, আলিপনা পরিপাটী ইতি কবিকঙ্কন চণ্ডী ৪৫ পৃষ্ঠা

আলিম্পন, ক্লী. বি. (আ-লিম্প, শিল্পভেদ, অনট) মঙ্গলালেপন; আলিপনা; মঙ্গল বোধক কার্য্য।

আলিসা, ত্রি. বিণ. (অ-লস, আলস্য, অল) অলসর ভাষা; কর্ম্মানুৎসাহী; কুড়ে; দীর্ঘসূত্রী; ইতিবিশ্ব।

আলিসিয়া, ক্লী. বি. (আলিসমান-দৃশ, তুল্যতা, টক্) আলি সদৃশর ভাষা; ইষ্টকাময় গৃহের ছাদের প্রান্তভাগ; কার্ণিস্; আলিরন্যায় গাঁথা প্রান্তভাগ।

আলী, স্ত্রী. বি. (আল, সখী, ঈ) পংক্তি; বৃশ্চিক; সেতু; জলাভূমির মধ্যে পথবিশেষ। সখী; যথা—বন শ্রেণী-আলীর ন্যায় অর্থাৎসখীরন্যায় ইতি নৈষধ চরিত ১০৮ পৃষ্ঠা।

আলীঢ়, ক্লী. বি. (আ-লিহ, চাটন, ক্ত) শর ক্ষেপাদি সময়ে উপবেশন বিশেষ; বামজানু পশ্চাদ্ভাগে ও দক্ষিণ জানু সম্মুখে বিস্তাররূপে স্থাপনপূর্ব্বক উপবেশন। (ত্রি. বিণ.) ভক্ষিত; স্বাদিত; অশিত; ভুক্ত; লেহিত; চাটা; খাদিত; যাহাভোজনকরা হইয়াছে

আলীঢ়ক, ক্লী. বি. (আ-লিহ, খেলা, ক্ত-ক) বাছুরের খেলা; গোবৎসের ক্রীড়া; খেলাবিশেষ।

আলীনক, ক্লী. বি. (আ-লীন, ধাতুভেদ, অক) ধাতু বিশেষ; রঙ্গ; রাং; (ত্রি. বিণ.) ব্যাপ্ত; লয়প্রাপ্ত।

আলু, স্ত্রী. বি. (আল, পাত্রভেদ, উ) ক্ষুদ্র জলাধার; কলসী; ঘটী; ঝারী; (পু.) পেচক; কাসালু (ক্লী.) ভেলক; স্বনাম খ্যাত মূলবিশেষ; ইতিবিশ্ব।

আলুণি, ত্রি. বিণ. (আ-লুণ, লবণ, ই) নির্লবণ; অলবণ; লবণ রহিত; যাহাতে লবণ মাত্র নাই।

আলফা, ত্রি. বিণ. (যাং) অনায়াস লব্ধ; বিনা ব্যয়ে প্রাপ্ত; যাহা পাইতে কিছুব্যয় হয়নাই।

আললায়িত, ত্রি. বিণ. (আলু-লয়, অবন্ধন, ক্ত) বন্ধনরহিত; যাহাবাঁধা নয়; যথা—স্বকীয় প্রিয়তমার আলুলায়িতমালা বেষ্টিত কেশ পাশের সাদৃশ ইতি রঘুবংশ ৭০ পৃষ্ঠা।

আলূক, ক্লী. বি. (আলু, মূলভেদ, উক) মূল বিশেষ আলু; দ্রব্যবিশেষ; ইতিঅমরকোষ।

আলেখা, ত্রি. বিণ. (আ-লিখ, লিখন, আ) আলেখিত; সাদা; যাহাতে কিছু মাত্র লেখা নাই।

আলেখ্য, ক্লী. বি. (আ-লিখ, লিখন, য) চিত্র; চিত্রপট; ছবি, লিখন; লিপি; ইতি হেমচন্দ্র। যথা—আলেখ্য মাত্রাবশিষ্ট পিতার ভবনে ইতিরঘুবংশ ১০৯ পৃ

আলেখ্যশেষ, ত্রি. বিণ. (আ-লেখ্য-শিষ, শেষ, অল) চিত্রাবশিষ্ট; মৃত; যে মরিয়াছে; ইতি হেমচন্দ্র।

আলো, পু. বি. (আ-লোক, দীপ্তি, ঘঞ) আলোকের ভাষা; দীপ্তি; প্রকাশ; দ্যুতি; ইতি জটাধর।

আলোক, পু. বি. (আ-লোক, দীপ্তি, ঘঞ) দর্শন; দেখা; প্রকাশ; প্রভা; বন্দিভাষণ; জয়ধ্বনি; জয়শব্দ; দ্যুতি; আলো; ইতি মেদিনী। যথা—একটা আলোক দর্শন করিলেন। ইতিরোমাবতী ৮১ পৃষ্ঠা।

আলোকন, ক্লী. বি. (আ-লোক, দীপ্তি, অনট) দর্শন; দৃষ্টি; দেখান; ঈক্ষণ; নিরীক্ষণ; ইতি অমর কোষ।

আলোকিত, ত্রি. বিণ. (আ-লোক, দীপ্তি, ক্ত) অবলোকিত; আলোক ময়; দীপ্ত দৃষ্ট; ইতিহেমচন্দ্র।

আলোচন, ক্লী. বি. (আ-লুচ, বিবেচনা, অনট) আন্দোলন; বিবেচন; চর্চ্চা; দর্শন; ঈক্ষণ; ইতি বিশ্ব।

আলোচনা, স্ত্রী. বি. (আ-লুচ, বিবেচন, অন-আ) অনুশীলন; বিবেচনা; চর্চ্চা; আন্দোলন; যথা—পরস্পর মতভেদের বিষয় আলোচনা করিয়া দেখিলে ইতি বাহ্যবস্তু রসহিত মানবপ্রকৃতি ১ পৃষ্ঠা।

আলোচিত, ত্রি. বিণ. (আ-লুচ, বিবেচন, ক্ত) অনুশীলিত; আন্দোলিত; বিবেচিত; যাহা চর্চ্চা করা।

আলোড়ন, ক্লী. বি. (আ-লুড় মন্থন, অনট) বিলোড়ন; ঘোঁটন; মন্থন; আবর্ত্তন; সম্মিলন; মন্থন।

আলোড়িত, ত্রি. বিণ. (আ-লুড়, মন্থন, ক্ত) মথিত; সম্মিলিত; বিলোড়িত; ইতি মেদিনী। যথা—সাগর বারি আলোড়িত করিয়া ইতি টেলিমেকস্ ৮৪ পৃষ্ঠা।

আলপিন, ক্লী. বি. (যাং) পিন্; ক্ষুদ্র প্রেক; কাঁটা।

আলমারী, ক্লী. বি. (যাং) সিন্দুক বিশেষ; দ্রব্যভেদ।

আশংসা, স্ত্রী. বি. (আ-শংস, ইচ্ছা, ঙ-আ) ইচ্ছা; আকাঙ্ক্ষা; আশা; কথন; প্রার্থনা; অনুভব; সন্দেহ।

আশংসিত, ত্রি. বিণ. (আ-শন্স, ইচ্ছা, ক্ত) প্রার্থিত; আকাঙ্ক্ষিত; কথিত; (ক্লী.) ইচ্ছা।

আশংসিতা, ত্রি. বিণ. (আ-শন্স, ইচ্ছা, তৃন) প্রার্থক; আশংসা কর্ত্তা; আকাঙ্ক্ষা শীল; ইত্যমর।

আশংসু, ত্রি. বিণ. (আ-শন্স, ইচ্ছা, উ) আশংসিতা; ইচ্ছু; প্রার্থক; অভিলাষ যুক্ত; ইতিবিশ্ব।

আশক, ত্রি. বিণ. (যাং) প্রেমকারী; (পু.) মিত্র।

আশক্ত, ত্রি. বিণ. (আ-শক, শক্তি, ক্ত) সম্যক্ শক্তি বিশিষ্ট; যাহার বিলক্ষণ শক্তি আছে; সক্ষম।

আশঙ্কনীয়, ত্রি. বিণ. (আ-শঙ্ক, ভয়, অনীয়) ভয়াবহ; আশঙ্কার স্থান; ভয়োপযুক্ত; ভয়ের যোগ্য।

আশঙ্কা, স্ত্রী. বি. (আ-শঙ্ক, ভয়, ঙ-আ) ভয়; ত্রাস; আতঙ্ক; সংশয়; ইতি হেমচন্দ্র। যথা—তাহাতে সকলে এমত আশঙ্কাকরে ইতিবিরাট পর্ব্ব ৩৪ পৃষ্ঠা।

আশন, পু. বি. (আ-অশন, বৃক্ষভেদ, অল) বৃক্ষ বিশেষ; আশন গাছ; ইতি দ্বিরূপ কোষ। ভোজন।

আশপাশ, ক্রিবিণ. (আশ-পার্শ্ব, পাশ, অল) ইতস্ততঃ; চতুর্দ্দিক; চারি পার্শ্ব; ইতি ধরণি।

আশয়, পু. বি. (আ-শী, ইচ্ছা, অল) অভিপ্রায়; যথা—সম্পত্তি দেখাইবার আশয়ে পাঠান নাই ইতিকাদম্বরী ৮১ পৃষ্ঠা।

তাৎপর্য্য; আশ্রয়; আধার; মনঃ; পনসবৃক্ষ; বিভব; অজীর্ণ; ধর্ম্মাধর্ম্ম; অদৃষ্ট; ইতি কুসুমাঞ্জলি।

আশয়াশ, পু. বি. (আশ্রয়-অশ, আগুন, অল) আশ্রয়াশরপ্রচলিতভাষা; অগ্নি; আগুন; ইতিধরণি।

আশর, পু. বি. (আ-শৃ, দ্রব্যভেদ, অল) অগ্নি; রাক্ষস; সঙ্গীত স্থান; ইতি মেদিনী। সভাবিশেষ।

আশ্শাওড়া, ক্লী. বি. (অশ্বশাখোট, বৃক্ষ ভেদ, অল) বৃক্ষ বিশেষ; শাকোটক বৃক্ষভেদ।

আশা, স্ত্রী. বি. (আশ, ইচ্ছা, ঙ-আ) আকাঙ্ক্ষা; যথা—মনে মনে নিতান্ত আশা করিয়া ছিলেন। ইতিরঘুবংশ ২পৃষ্ঠা।

আয়াতাতৃষ্ণা; যষ্টি; দৈর্ঘ্য; দিক; ইত্যমর। যথা—ত্যজিয়া দক্ষিণ আশা আইসে জননামে ভাষা ইতিকবিকঙ্কণ চণ্ডী ৭২ পৃষ্ঠা।

আশাঢ়, পু. বি. (আশাঢ়, মাস ভেদ, অল) আশাঢ় মাস; পলাশ দণ্ড; ইতি দ্বিরূপ কোষ। যষ্টিভেদ।

আশাঢ়া, স্ত্রী. বি. (আশাঢ়, নক্ষত্র ভেদ, আ) পূর্ব্বাষাঢ়া নক্ষত্র; উত্তরা ষাঢ়া নক্ষত্র। ইতিশব্দরত্নাবলী।

আশান, ক্লী. বি. (আশান, বৃক্ষাদি, অ) বৃক্ষ বিশেষ; অশন গাছ; সহজ; সুবিধা; উপকার; অনায়াস।

আশাবন্ধ, পু. বি. (আশা-বধ, বন্ধন, অল) সমাশ্বাস; প্রত্যাশা; মর্কট জালক; মাকড় সার জাল।

আশাভঙ্গ, পু. বি. (অশা-ভন্জ, ভাঙ্গা, অল) নিরাশ্বাস; নৈরাশ্য; ভঙ্গাশা; আশার যোগ্য নয়।

আশাস্য, ত্রি. বিণ. (আ-শাস, প্রার্থনা, য) প্রার্থনীয়; আশীর্ব্বাদ সাধ্য; যাহাপ্রার্থনারউপযুক্ত।

আশিত, ত্রি. বিণ. (আ-শ, ভোজন, ক্ত) অশিত; ভুক্ত; ভক্ষিত; খাদিত; গ্রসিত। ইতিঅমরকোষ।

আশিতঙ্গবীন, ত্রি. বিণ. (আশিতং-গো, গরু, ইন) যেস্থানে গোচারণ হইত; যেখানে গরুচরি য়াছে।

আশিতম্ভব, ক্লী. বি. (আশিতং-ভূ, সত্তা, অল) অন্নাদি; তৃপ্তি; তৃপ্তিকর; খাদ্য; তৃপ্তিজনক।

আশিতা, ত্রি. বিণ. (আ-অশ, ভোজন, তৃন্) বহু ভোজনশীল; অতিশয় ভোক্তা; যে অনেক খায়।

আশির, পু. বি. (আ-অশ, অগ্ন্যাদি, ইর) রাক্ষস; অগ্নি; আগুন; অনল; ইতিহেমচন্দ্র।

আশিস্, স্ত্রী. বি. (আশ, মঙ্গল, ইস্) মঙ্গলাকাঙ্ক্ষা; আশীর্ব্বাদ; শুভাশংসা; সর্পাদির বিষদাঁত।

আশী, পু. বি. (অশ, ভোজন, ণিন্) ভোক্তা; খাদক (স্ত্রী.) আশীর্ব্বাদ; সর্পাদির বিষ দন্ত; হিতা শংসন; (ত্রি. বিণ.) অশীতি সংখ্যা; ৮০। ইতিবিশ্ব।

আশীবিষ, পু. বি. (আশী-বিষ, সর্প, ক) সর্প; অহি; সরীসৃপ বিশেষ; ভুজঙ্গ; যথা—তেজস্বিমধ্যে অনল, মনুজমধ্যে ব্রাহ্মণ, বিষধর মধ্যে আশীবিষ; ইতি বিরাট পর্ব্ব ৩ পৃষ্ঠা।

আশীর্দ্দাতা, পু. বি. (আশীস্-দা, দান, তৃন্) মঙ্গলাকাঙ্ক্ষী; প্রসাদ দায়ক; আশীর্ব্বাদ কারী। ইতিবিশ্ব।

আশীর্ব্বচন, ক্লী. বি. (আশীস্-বচ, বাক্য, অনট) শুভজনকবাক্য; কল্যাণ বাক্য; মঙ্গল দায়ক কথা। যথা—পরে আশীর্ব্বচন প্রয়োগ পুরঃসর ইতি সেকস পিয়র ৪৩৮ পৃষ্ঠা।

আশীর্ব্বাদ, পু. বি. (আশীস্-বদ, বাক্য, ঘঞ) আশীর্ব্বচন; মঙ্গল প্রার্থনা; শুভাকাঙ্ক্ষাসূচক বাক্য। যথা—আশীর্ব্বাদ করে মৃত্যুঞ্জয়। ইতি কুমার সম্ভব ৩৮ পৃষ্ঠা।

আশীর্ব্বাদক, পু. বি. (আশীস্-বদ, বাক্য, ণক) আশীর্ব্বাদ কর্ত্তা; কল্যাণ প্রার্থক; মঙ্গলাকাঙ্ক্ষী।

আশীর্ব্বিধান, ক্লী. বি. (আশীস্-বি-ধা, প্রয়োগ, অনট) মঙ্গল বচন প্রয়োগ; আশীর্ব্বাদ; মঙ্গল যোজন

আশু, পু. ক্লী. বি. (আশ, শীঘ্রতা, উ) প্রাবৃট্কাল সমুদ্ভব ধান্য; আউস্ ধান; (ক্লী) শীঘ্র; দ্রুত;

যথা—অতএব আশু যেতে হইল এখন। ইতিকুমার সম্ভব ২২ পৃষ্ঠা।

(ত্রি. বিণ.) সত্বর গামী। যথা-যদিও সেই সুরবিলাসিনীর সহিত আশু গমনের কোন বিশেষ হেতু উপলব্ধ হইতেছে না। ইতি বিক্রমোর্ব্বশি ৫৬ পৃষ্ঠা।

আশুগ, পু. বি. (আশু-গম, গমন, ড) বায়ু; বাণ; (ত্রি. বিণ.) শীঘ্রগামী; বাণ বিশেষ; যথা—নলরাজার মহৎধৈর্য্য নাশার্থ আশু আশুগ যোজ না করত ইতি নৈষধ চরিত ১৫ পৃষ্ঠা।

আশুতোষ, ত্রি. বিণ. (আশু-তুষ, তোষ, অল) শীঘ্র তুষ্ট; (পু. বি.) মহাদেব; যথা—আমাদিগের ভাগ্যবলে ভগবান অশুতোষ তোমাকে অনঙ্গ করিয়াছেন। ইতি নৈষধচরিত ১৬৫ পৃষ্ঠা।

আশুধান, ক্লী. বি. (আশু-ধান, শস্যবিশেষ, য) ধান্য বিশেষ; শারদ ধান্য; শরৎকালের ধান।

আশুব্রীহি, পু. বি. (আশু-ব্রীহ, শস্যবিশেষ, ই) আশুধান্য; আউশধান; ধান্য বিশেষ। ইতিবিশ্ব।

আশুভাব, ক্লী. বি. (আশু-ভূ, সত্তা, ঘঞ) শীঘ্রতা; দ্রুততা; সত্বরতা; সত্বরভাব; ইতিমেদিনী।

আশুশুক্ষণি, পু. বি. (আশু শুক্ষ, বহ্নি, অনট-ই) অগ্নি; বহ্নি; বায়ু; হব্যবাহন; ইতি হেমচন্দ্র।

আশেকুটী, পু. বি. (আশে-কুট, পর্ব্বত, ইন্) পর্ব্বত

আশেপাশে, ক্রিবিণ. (আশে-পার্শ্ব, পাশ, অ) দুইপার্শ্বে; চারিদিকে; যথা—আশে পাশে তাম্বূলী, তাম্বূল লয়ে খাড়া। ইতিকর্ম্মদেবী ৫০ পৃষ্ঠা।

আশেপ্ত, ক্লী. বি. (আশ-এপ, স্বরভেদ, ক্ত) সা-রি-গা-মা সাধন; বাক্য অভ্যাস করা; ইতিজটাধর।

আশৈশব, ত্রি. বিণ. [আ-শিশু, বালক, ষ্ণ] বালকঅবধি; শিশুকাল পর্য্যন্ত; যথা—আশৈশব সহচর পরম প্রিয়পাত্র ভৃত্যকে প্রহার করিয়া ইতি সেকস পিয়র ১২ পৃষ্ঠা।

আশ্চম্বিত, ক্রিবিণ. (আঃ—চমু-ই, গমন, ক্ত) হঠাৎ; অকস্মাৎ; দৈবাৎ; সহসা; অকারণ হওয়া।

আশ্চর্য্য, ক্লী. বি. (আঃ-চর, বিস্ময়, য) অপূর্ব্ব, বিস্ময়; অদ্ভুত; বিচিত্র; চমৎকার; যথা—অবশ্যই আশ্চর্য্যের বিষয় বলিতে হইবে। ইতিরোমাবতী ১১৮ পৃষ্ঠা

আশ্চর্য্যজ্ঞান, ক্লী. বি. (আশ্চর্য্য-জ্ঞা, বোধ, অনট) বিস্ময় জ্ঞান; বিচিত্র বোধ; চমৎকার জ্ঞান।

আশ্চর্য্য বোধক, ত্রি. বিণ. (আশ্চর্য্য-বুধ, বোধ, ণক) বিস্ময় কর; বিচিত্র বোধ কারক; আশ্চর্য্য কর।

আশ্চর্য্যান্বিত, ত্রি. বিণ. (আশ্চর্য্য-অনু-ই, গমন, ক্ত) বিস্মিত; চমৎকৃত; বিচিত্রিত; বিস্ময় বিশিষ্ট।

আশ্মন, পু. বি. (আশ, ব্যক্তিভেদ, মন্) অরুণ; সূর্য্যের সারথি; সূর্য্যের রথচালক; ইতিধরনি।

আশ্যান, ত্রি. বিণ. (আশ্য, শুষ্ক, আন) শুষ্ক; চটচটে

আশ্রব, পু. বি. (আ-শ্রু, শ্রবণ, অল) অঙ্গীকার; প্রতিজ্ঞা; বচনবন্ধন; স্বীকার; ইতিঅমরকোষ।

আশ্রম, পু. ক্লী. বি. (আ-শ্রম, স্থান ভেদ, অল) শাস্ত্রোক্ত ধর্ম্ম বিশেষ; ব্রহ্মচারী; গৃহী; বানপ্রস্থ; ভিক্ষু ব্রহ্মচর্য্য গার্হস্থ্য বানপ্রস্থ্য ভৈক্ষ্য এই চতুর্ব্বিধ অবস্থা; মুনিদিগের বাস স্থান; বন; মঠ; স্থান; যথা—সেই আশ্রমের অনতিদূরে ইতি বেতাল পঞ্চবিংশতি ৭ পৃষ্ঠা।

আশ্রমধর্ম্ম, পু. বি. (আশ্রম-ধৃ, ধারণ, ম) আশ্রমের কর্ত্তব্য কর্ম্ম; আশ্রমের বিহিত আচার বা নিয়ম।

আশ্রমপদ, ক্লী. বি. (আশ্রম-পদ, স্থান, অল) মুনিদিগের বাসস্থান; যথা—এইআশ্রমপদ শান্তরসাস্পদ, ইতি শকুন্তলা ৪ পৃষ্ঠা।

আশ্রম ভ্রষ্ট, ত্রি. বিণ. (আশ্রম-ভ্রস্জ, ধ্বংস, ক্ত) আশ্রম হইতে চ্যুত; আশ্রম ত্যক্ত; বাসস্থানহীন।

আশ্রম রহিত, ত্রি. বিণ. (আশ্রম-রহ, বর্জন, ক্ত) আশ্রম শূন্য; আশ্রম হীন; নিরাশ্রমী; বাসচ্যুত।

আশ্রমিক, ত্রি. বিণ. (আ-শ্রম, পরিশ্রম, ইক) আশ্রম যুক্ত; আশ্রমী; আশ্রম বিশিষ্ট। ইতিজটাধর।

আশ্রমী, ত্রি. বিণ. (আ-শ্রম, পরিশ্রম, ইন্) আশ্রম বিশিষ্ট; আশ্রমস্থ; আশ্রমযুক্ত; আশ্রয়ী।

আশ্রয়, পু. বি. (আ-শ্রি, আশ্রয়, অল) রাজার সন্ধ্যাদি যড়্গুণান্তর্গত গুণ বিশেষ; অবলম্বন; শরণ; উপজীব্য; আধার; সামীপ্য; রক্ষার স্থান; কারণ; বিষয়; প্রতারণা; স্থিতি; নিকট; যথা—মহারাজের আশ্রয় ব্যতীত আর কোথা ও থাকিতে অভিলাষ হয় না, ইতি বিরাট পর্ব্ব ১৭ পৃষ্ঠা।

আশ্রয়নীয়, ত্রি. বিণ. (আ-শ্রি, আশ্রয়, অনীয়) আশ্রয়ের যোগ্য; আশ্রয় স্থান; আশ্র য়োপযুক্ত। যথা—সে কেবল লোকের আশ্রয়নীয় হইবার নিমিত্ত ইতিরঘুবংশ ১৩৯ পৃষ্ঠা।

আশ্রয়াশ, পু. বি. (আশ্রয়-আশ, অবাভেদ, অল) অগ্নি; চিত্রক বৃক্ষ; চিতাগাছ। ইতিঅমরকোষ।

আশ্রি, স্ত্রী. বি. (আ-শ্রি, আশ্রয়, ক্বিপ্) কোণ।

আশ্রিত, ত্রি. বিণ. (আ-শ্রি, আশ্রয়, ক্ত) কৃতাশ্রয় শরণাগত; অধীন; অবলম্বিত; সেবক; অনুপ্রবিষ্ট; আশ্রয় প্রাপ্ত; যথা—আশ্রিত শ্রোত্রিয় গণে ইতি নৈষধচরিত ৮৬ পৃষ্ঠা।

আশ্রুত, ত্রি. বিণ. (আ-শ্রু, শ্রবণ, ক্ত) অঙ্গকৃত; অঙ্গীকৃত; স্বীকৃত; আকর্ণিত; প্রতিজ্ঞাত; কৃতশ্রবণ

আশ্লিষ্ট, ত্রি. বিণ. (আ-শ্লিষ, শ্লেষ, ক্ত) আলিঙ্গিত; ব্যাপ্ত, কৃতালিঙ্গন। যথা—কথন উভয়েই পরস্পর আশ্লিষ্ট হইয়া ইতিবিরাট পর্ব্ব ৪৬ পৃষ্ঠা।

আশ্লেষ, পু. বি. (আ-শ্লিষ, আলিঙ্গন, অল) আলিঙ্গন; মিলন; যথা—পরস্পর প্রেম ও স্নেহে আশ্লেষ হইতে লাগিল। ইতি সেকস পিয়র ২৮ পৃষ্ঠা।

আশ্ব, ক্লী. বি. (আ-অশ, জীবভেদ, ব) অশ্বসমূহ; ঘোটক বৃন্দ, ঘোড়া সকল; তুরঙ্গ সমূহ। ইতিবিশ্ব।

আশ্বত্থ, ক্লী. বি. [অশ্বত্থ, বৃক্ষ ভেদ, ষ্ণ] অশ্বত্থ বৃক্ষ ফল; ইতি অমর কোষ। উদ্ভিজ্জ বিশেষেরফল।

আশ্বযুজ, পু. বি. (আশ্ব-যুজ, যোগ, ক) আশ্বিন মাস, মাস বিশেষ; শরতের দ্বিতীয় মাস। ইতিবিশ্ব।

আশ্বসিত, ত্রি. বিণ. (আ-শ্বস, আশা, ক্ত) আশ্বস্ত; আশ্বাস যুক্ত; প্রত্যাশান্বিত; আশাবিশিষ্ট।

আশ্বস্ত, ত্রি. বিণ. (আ-শ্বস, আশা, ক্ত) আশ্বাস প্রাপ্ত; আশাযুক্ত; প্রত্যাশান্বিত। যথা—নিবেদন করাতে কিঞ্চিৎ আশ্বস্ত হইয়া ইতিরোমাবতী ৩২ পৃষ্ঠা।

আশ্বাস, পু. বি. (আ-শ্বাস, আশা, ঘঞ) আশা দেওয়া; অনুনয়; নিবৃত্তি, আশা প্রদান; ভবিষ্যৎ শুভাশা; প্রত্যাশা। যথা—ভীম বিবিধ আশ্বাস বচনে ইতিবিরাট পর্ব্ব ৪১ পৃষ্ঠা।

আশ্বাসিত, ত্রি. বিণ. (আ-শ্বস, আশা, ক্ত) অনুনীত; আশ্বস্ত; প্রত্যাশা বিশিষ্ট। যথা—হৃদয়! আশ্বাসিত হও, ইতি শকুন্তলা ১৫ পৃষ্ঠা।

আশ্বাসী, ত্রি. বিণ. (আ-শ্বস, আশা, ণিন্) প্রত্যাশী; আশ্বাস যুক্ত; আশান্বিত। ইতিহেমচন্দ্র।

আশ্বিন, পু. বি. [আশ্বিনী, নক্ষত্র, ড] স্বনাম প্রসিদ্ধ মাস; শরতের দ্বিতীয় মাস; ইষ। ইতিঅমরকোষ।

আশ্বিনেয়, পু. বি. [অশ্বিনী, নক্ষত্র ভেদ, ষ্ণেয়] অশ্বিনীকুমার দ্বয়; ইতি অমর কোষ। ব্যক্তিবিশেষ।

আশ্বীন, পু. বি. [অশ্ব, ঘোটক, ঈন] এক ঘোড়ায় একদিনে যাইবার উপযুক্ত পথ। ইতি হলায়ুধ।

আষাঢ়, পু. বি. (আষাঢ়া, মাসভেদ, ড) প্রসিদ্ধমাস; বর্ষা ঋতুর প্রথম মাস; সূর্য্যের মিথুন রাশি স্থিতিকাল; পলাশ কাষ্ঠের দণ্ড। ইতি শব্দ রত্নাবলী।

আষাঢ়ক, পু. বি. (আ-ষাঢ়, মাসভেদ, ণক) আষাঢ় মাস; রবির মিথুন রাশিস্থিতি কাল ইতিঅমরকোষ।

আষাঢ়ভব, পু. বি. (আষাঢ়-ভূ, উৎপত্তি, অল) মঙ্গল গ্রহ; (ত্রি. বিণ.) আষাঢ় মাসে জাত; ইতিবিশ্ব।

আষাঢ়া, স্ত্রী. বি. (আ-সহ; নক্ষত্র ভেদ, ড-আ) পূর্ব্বাষাঢ়া নক্ষত্র; উত্তরাষাঢ়া নক্ষত্র। ইতিমেদিনী।

আষাঢ়ী, স্ত্রী. বি. (আ-ষাঢ়, মাস ভেদ, অ-ঈ) আষাঢ় মাসের পূর্ণিমা; আষাঢ়া যুক্তা পৌর্ণমাসী।

আস, পু. বি. (অস, উপবেশন, অ) চাপ; ধনুঃ; ধনুক; ইতি হেমচন্দ্র। কোদণ্ড; ইতিঅমরকোষ।

আসক্ত, ত্রি. বিণ. (আ-সন্‌জ, সঙ্গ, ক্ত) আসক্তি বিশিষ্ট; প্রসিত; লগ্ন; তৎপর; অনুরক্ত; যথা—পাছে রাজা আমার প্রতি আসক্ত হন, ইতিবিরাট পর্ব্ব (ক্লী. বি.) নিত্য; সতত; অবিরত; ইতি জটাধর।

আসক্তা, স্ত্রী. বি. (আ-সনজ, সঙ্গ, ক্ত-আ) আসক্তি বিশিষ্টা; তৎপরা; অনুরক্তা; যথা— আমি একের প্রতি আসক্তা হইয়া ইতিরোমাবতী ৪০ পৃষ্ঠা।

আসক্তি, স্ত্রী. বি. (আ-সন্‌জ, সঙ্গ, ক্তি) আনুরক্তি; আসঙ্গ; অনুরাগ; সাতিশয় মনোযোগ; সঙ্গ; প্রণয়; যথা—এমিলিয়ার সহিত সেনানীর আসক্তি আছে ইতি সেকস পিয়র ৫৮ পৃষ্ঠা।

আসঙ্গ, ক্লী. বি. (আ-সন্‌জ, সঙ্গ, ঘঞ) অনবরত; নিত্য; সতত; (পু.) সংসর্গ; সংসৃষ্টি; সম্ভোগ; আসক্তি; অনুরাগ; অতিশয় মনোযোগ। ইতিবিশ্ব।

আসঙ্গলিপ্সা, স্ত্রী. বি. (আসঙ্গ-লিভ, ইচ্ছা, সন ড-আ) আসক্তিস্পৃহা; সম্ভোগইচ্ছা; যথা—অপত্যস্নেহ, আসঙ্গলিপ্সা, অর্জনস্পৃহা, ইতি বাহ্যবস্তুপ্রে

আসঙ্গিনী, স্ত্রী. বি. (আ-সন্‌জ, সঙ্গ, ইন্-ঈ) চক্রবাত; বাতভ্রম; ঘুরুনিয়া বাতাস; ইতি মেদিনী।

আসত্তি, স্ত্রী. বি. (আ-সদ, মিল, ক্তি) সঙ্গম; লাভ; মিলন; ব্যাকরণ মতে পদের সন্নিধি করণ; নৈকট্য।

আসন, ক্লী. বি. (আস, স্থান ভেদ, অনট) বসিবার

স্থান ; শত্রু ও জীগীষুরকাল প্রতীক্ষার্থ অবস্থান ; উপবেশন ; যথা—আসিয়াছে আসিক, আসন তুরঙ্গমে। ইতি কর্ম্মদেবী ৫৪ পৃষ্ঠা।

পদ্মাসন ; বীরাসন প্রভৃতি ; পীঠ ; পিড়ি, চৌকী ; হস্তীর স্কন্ধদেশ। (পু.) জীবক বৃক্ষ। ইতিঅমর।

আসনী, স্ত্রী. বি. (আস, স্থান, অনট-ঈ) বিপণি ; স্থিতি ; দোকান ; ইতি মেদিনী। বিক্রয়া লয়।

আসন্দ, পু. বি. (আ-সন্দ, ব্যক্তি ভেদ, অল) বাসুদেব ; ইতি মেদিনী। বসুদেবের পুত্র ; শ্রীকৃষ্ণ।

আসন্দী, স্ত্রী. বি. (আ-সন্দ, স্থান ভেদ, ঈ) ক্ষুদ্রখট্টা ; চৌকী ; বেদী ; পীঠাদি ; উপবেশনস্থান।

আসন্ন, ত্রি. বিণ. (আ-সদ, গমন, ক্ত) নিকট ; উপস্থিত ; নিকটবর্ত্তী ; শেষ ; অবসান। যথা—কাহার আসন্ন কাল উপস্থিত হইয়াছে ? ইতিবিরাট পর্ব্ব ১৩৬ পৃষ্ঠা।

আসন্নকাল, পু. বি. (আসন্ন-কাল, সময়, অ) অন্তিম কাল ; মৃত্যু সময় ; চরম কাল ; শেষ সময় ; ইতিবিশ্ব।

আসব, ক্লী. বি. (আ-সু, দ্রব্যভেদ, অল) মদ্য বিশেষ ; মধু ; তাড়ি ; সুরা ; যথা—চসকের অবশিষ্ট আসব ধর্ম্মশালাস্থ ইতি সেকসপিয়র ১২৯ পৃষ্ঠা।

আসবদ্রু, পু. বি. (আসব-দ্রু, বৃক্ষ ভেদ, ক্বিপ) তাল বৃক্ষ ; তালগাছ ; তাড়ির গাছ ; ইতিহেমচন্দ্র।

আসবাব, ক্লী. বি. (যাং) দ্রব্য ; সামগ্রী ; গৃহেরসজ্জা।

আসবার, পু. বি. (যাং) যানারোহী ; অশ্বারোহী।

আসমান, ক্লী. বি. (যাং) আকাশ ; শূন্য ; খ।

আসমুদ্র, পু. বি (আ-সমুদ্র, সাগর, অ) সাগর অবধি ; সমুদ্র পর্যান্ত ; যথা—তোমাররূপ দর্শনে বিলক্ষণ প্রতীতি হইতেছে তুমি আসমুদ্র মেদিনী শাসনের যথার্থ উপযুক্ত পাত্র ইতি বিরাটপর্ব্ব ১৭ পৃষ্ঠা।

আসর, ক্লী. বি. (যাং) সভা ; মজলিস। যথা—করি যায় বিবাহ আসরে। ইতি কর্ম্ম দেবী ৭০ পৃষ্ঠা।

আসল, ক্লী. বি. (যাং) মূল ; সার ; প্রকৃত ; যথার্থ।

আসা, স্ত্রী. বি. (আস, অ-গমন, ঙ-আ) আগমন ; যষ্টিবিশেষ ; যথা—আসা অসি খঞ্জর পরশু ভল্ল শূল। ইতি কর্ম্মদেবী ৪৭ পৃষ্ঠা।

আসাদন, ক্লী. বি. (আ-সদ, গমন, অনট) প্রাপণ ; উৎপাদন ; মিলন ; লাভ করণ ; যথা—অঙ্গুলিভূষণ আসাদন করিতে পারি ইতি সেকস পিয়র ১৮৮ পৃষ্ঠা।

আসাদিত, ত্রি. বিণ. (আ-সদ, গমন, ক্ত) প্রাপ্ত ; লব্ধ ; মিলিত ; যাহাপাওয়াগিয়াছে ; ইতি মেদিনী।

আসাধন, ক্লী. বি. (আ-সাধ, সাধন, অনট) সিদ্ধি ; সফল ; পূর্ণ ; সমাপন ; শেষ ; ইতিঅমরকোষ।

আসাপা, স্ত্রী. বি. (আ-সাপ, জীবভেদ, ঙ-আ) ভেক বিশেষ ; বেঙ্গ ; কীট বিশেষ। ইতিহেমচন্দ্র।

আসামী, পু. বি. (যাং) প্রতিবাদী ; মক্কেল।

আসার, পু. বি. (আ-সৃ, গতি, ঘঞ) ধারা সংপাত ; বেগে বৃষ্টিপাত ; শত্রুকে বেষ্টন ; বন্ধুসৈন্য ; প্রবেশ ; অনুগত ; সুহৃদ্বল ; বশীভূত ; আশ্রিত ; ইতিবিশ্ব।

আসিক, পু. বি. (আস, ব্যক্তিভেদ, ইক) সৈন্য ; যোদ্ধা ; যুদ্ধার্থী ; যথা—কোথাবা আসিক সহ আসিকে লড়াই। ইতি কর্ম্ম দেবী ৫০ পৃষ্ঠা।

আসিতব্য, ক্লী. বি. (আস, উপবেশন, তব্য) অবস্থিতি ; থাকা ; অবস্থানোচিত ; বাসের উপযুক্ত।

আসিদ্ধ, ত্রি. বিণ. (আ-সিধ, বন্ধ, ক্ত) অবরুদ্ধ ; বন্দীভূত ; কএদী ; যাহাকে রুদ্ধকরা হইয়াছে।

আসিধার, ক্লী. বি. (আসি-ধৃ, ব্রত বিশেষ, ঘঞ) যুবা ও যুবতী একত্রে অবিকৃত চিত্তে অবস্থানরূপ ব্রত।

আসীন, ত্রি. বিণ. (আস, উপবেশন, ঈন) উপবিষ্ট ; কৃতাসন ; যে বসিয়াছে ; বসা লোক ; ইতিহেমচন্দ্র।

আসীন প্রচলায়িত, ক্লী. বি (আসীন-প্র-চল, চলন, ক্ত) নিদ্রা বেশে দোলন ; উপবেশন করিয়া ঢোলা।

আসুতি, পু. বি. (আ-সু, গমন, ক্তি) মদ্য সন্ধান ; মদ্য ক্ষরণ ; মদ চোয়ান ; ইতি হেম চন্দ্র। সুরান্বেষণ।

আসুতীবল, পু. বি. (আসুতী-বল, উপজীব্য, অ) যজ্বা ; শৌণ্ডিক ; মদ্যই যাহার বল ; ইতিজটাধর।

আসুর, পু. বি. [অসুর, দৈত্য বিশেষ, ষ্ণ] অসুর ; ব্রাহ্মাদি অষ্টধা বিবাহান্তর্গত বিবাহ বিশেষ ; (ক্লী.) বিট্‌লবণ ; (ত্রি. বিণ.) অসুর সম্বন্ধীয়।

আসুরিক, ত্রি. বিণ. [অসুর, দৈত্য ভেদ, ষ্ণিক] আসুর ; অসুর সম্বন্ধীয় ; অসুরের ভাব ; ইতিবিশ্ব।

আসুরী, স্ত্রী. বি. [অসুর, দৈত্য, ঈ] রাজিকা ; রাই সর্ষা ; অসুর সম্বন্ধীয় ; অস্ত্র চিকিৎসা। ইতিমেদিনী।

আসেচন, ত্রি. বিণ. (আ-সিচ, সেচন, অনট) যাহার দর্শনে তৃপ্তির শেষ হয় না ; অত্যন্ত প্রিয়দর্শন।

আসেচনক, ত্রি. বিণ. (আ-সিচ, সেচন, অনট-ক) যাহাকে দেখিলে তৃপ্তির শেষ হয় না ; প্রিয়দর্শন।

আসেদ্ধা, পু. বি. (আ-সিধ, গতি, তৃন্) অবরোধ কারক; বন্ধনকারী; কএদ কর্ত্তা; যে অবরোধকরে।

আসেধ, পু. বি. (আ-সিধ, গতি, অল) অবরোধ; কএদ; বন্ধ; আটক; রোধ; ইতিঅমরকোষ।

আস্কন্দন, ত্রি. বি. (আ-স্কন্দ, গতি, অনট) তিরস্কার, আস্ফালন; যুদ্ধ; শোষণ; বিনাশ; হত্যা; ধাবন।

আস্কন্দিত, ক্লী. বি. (আ-স্কন্দ, গতি, ক্ত) অশ্বের গতি বিশেষ; বলগন; প্লুত গতি; (ত্রি. বিণ.) বলগিত; তিরস্কৃত; যাহাকে লাঞ্চনা করাহইয়াছে।

আস্কন্দিতক, ক্লী. বি. (আ-স্কন্দ, গতি, ক্ত-ক) আস্কন্দিত; অশ্বের পঞ্চম গতি; বলগন; প্লুতগমন।

আস্ত, ত্রি. বিণ. (আ-অস, সকল, ক্ত) অখণ্ড; সমুদয়; সম্পূর্ণ; সকল; যাহাখণ্ড করা হয় নাই।

আস্তব্যস্ত, ত্রি. বিণ. (আস্ত-বি- অস, উৎকণ্ঠা, ক্ত) ব্যগ্র; সত্বর; শীঘ্রতা বিশিষ্ট; ব্যাকুল; উৎকণ্ঠিত।

আস্তর, পু. বি. (আ-স্তৃ, তরণ, অল) বস্ত্রাদি আস্তরণ; করিকম্বল; শয্যা; শয্যার উপর ছদ। যথা—আসিয়াছে আসিক, আসন তুরঙ্গমে। ইতি কর্ম্মদেবী ৫৪পৃ

আস্তরণ, ক্লী. বি. (আ-স্তৃ, তরণ, অনট) হস্তীর পৃষ্ঠের চিত্রিত কম্বলাদি; প্রশস্ত আসন; শয্যা। যথা—রথ সমুদায়ে আস্তরণ বিস্তীর্ণ করিতে লাগিল ইতিমহাভারত শল্য পর্ব্ব ১৫ পৃষ্ঠা।

আস্তানা, ক্লী. বি. (স্থা, স্থিতি, অনট) স্থানের ভাষা বিশেষ; স্থান; আশ্রম; আড্ডা। ইতিহেমচন্দ্র।

আস্তিক, পু. বি. [অস্তি. ব্যক্তিভেদ, কন্] মুনি বিশেষ; যথা—আইল আস্তিক মুনি গৌতম ব্রাহ্মণ, ইতি রামায়ণ ৪৬৪ পৃষ্ঠা।

নাস্তিক ভিন্ন; ঈশ্বর বাদী; ঈশ্বরভক্ত; মনসা পুত্র।

আস্তিকতা, স্ত্রী. বি. [আস্তিক, ধার্ম্মিক, তা] ধার্ম্মিকতা; ঈশ্বর পরায়ণতা; ঈশ্বর বাদিত্ব।

আস্তিকার্থদ, পু. বি. (আস্তিকার্থ—দা, দান, ড) জনমেজয় রাজা; ব্যক্তি বিশেষ। ইতিঅমরকোষ।

আস্তীক, পু. বি. [অস্তি, ব্যক্তিভেদ, ষ্ণিক] আস্তিক মুনি; মনসাদেবীর পুত্র; ঈশ্বর পরায়ণ; ইতিবিশ্ব।

আস্তীকজননী, স্ত্রী. বি. (আস্তীক-জন, জনন, অনট-ঈ) আস্তিক মুনির মাতা; মনসাদেবী। ইতিজটাধর।

আস্তীন, ক্লী. বি. (যাং) জামার হাতা; হস্তাবরণ বস্ত্র।

আস্তীর্ণ, ত্রি. বিণ. (আ-স্তৃ, বিস্তার, ক্ত) বিস্তীর্ণ; প্রসারিত; বিস্তৃত; পাতিত; ছড়ান। ইতিহলায়ুধ।

আস্তৃত, ত্রি. বিণ. (আ-স্তৃ, বিস্তার, ক্ত) বিস্তৃত; প্রসারিত; ছড়ান। যাহাবিকীর্ণকরা হইয়াছে।

আস্তে, ক্রিবিণ. (যাং) ধীরে; অল্পে; ক্রমে।

আস্তে আস্তে, ক্রি. বিণ. (যাং) অল্পে অল্পে; ক্রমে ক্রমে; ধীরে ধীরে; অন্তরায়। যথা—তথাপি আস্তে আস্তে সেই আবাস তরুতলে ইতি কাদম্বরী ৬পৃষ্ঠা।

আস্তেব্যস্তে, ক্রিবিণ. (আস্তে-বি-অস, শীঘ্রতা, এ) শীঘ্র; সত্বরে; যথা—আস্তেব্যস্তে রণভূমে আসিয়া দেখিল ইতিরঘুবংশ ৫৪ পৃষ্ঠা।

আস্থা, স্ত্রী. বি. (আ-স্থা, স্থিতি, অল) যত্ন; অবলম্বন; আশ্রয়; শ্রদ্ধা; মনোযোগ; সভা; আদর; যথা—দেখিতেছি ইহাতে যে আস্থা নাহি আর। ইতি কুমার সম্ভব ১৬ পৃষ্ঠা।

আস্থান, ক্লী. স্ত্রী. বি. (আ-স্থা, স্থিতি, অনট) সভা; (ক্লী.) যত্ন; অবলম্বন; আশ্রয়; আরোহণ; সমাজ।

আস্থানী, স্ত্রী. বি. (আ-স্থা, স্থিতি, অনট-ঈ) সভা; সমাজ; পরিষৎ; সমিতি; মজলিস্; মিটিং।

আস্থিক, ত্রি. বিণ. (আ-স্থা, স্থিতি, ইক) বিশ্বস্ত; প্রত্যয়িত; যত্নবান; বিশ্বাসী; প্রত্যয়ী। ইতিমেদিনী।

আস্থিত, ত্রি. বিণ. (আ-স্থা, স্থিতি, ক্ত) আশ্রিত; প্রাপ্ত; আরূঢ়; অধিষ্ঠিত; স্থিতিবিশিষ্ট।

আস্থেয়, ত্রি. বিণ. (আ-স্থা, স্থিতি, য) বিশ্বাস্য; যত্নার্হ; প্রত্যয় যোগ্য; যত্নের উপযুক্ত; ইতিধরনি।

আস্পদ, ক্লী. বি. (আ-স্পদ, পাত্র, অল) স্থান; পাত্র; অধিষ্ঠান; প্রতিষ্ঠা; কার্য্য; পদ; প্রভুত্ব; আধার। যথা—অজ এইরূপে সর্ব্ব সৌভাগ্যের আস্পদ হইয়া ইতি রঘুবংশ ৫৮ পৃষ্ঠা।

আস্পন্দন, ক্লী. বি. (আ-স্পন্দন, কম্প, অনট) স্পন্দন; কম্পন; নাচন; লড়ন; অস্থির হওন; ইতিবিশ্ব।

আস্পর্দ্ধা, স্ত্রী. বি. (আ-স্পর্দ্ধ, অহঙ্কার, ঙ-আ) আস্ফালন; মাৎসর্য্য-প্রকাশ; প্রতিযোগিতা; গর্ব্ব; অহঙ্কার; যথা—রূপলাবণ্য বৃদ্ধি দেখিয়া মনে২ মহা আস্পর্দ্ধা ও অভিমান করিতেন; ইতিসেকসপিয়র ৩পৃ

আস্ফাল, পু. বি. (আ-স্ফাল, গমন, অল) হস্তীর কর্ণচালন; হাতীর কাণ নাড়া; নাড়নচাড়ন।

আস্ফালন, ক্লী. বি. (আ-স্ফাল, গমন, অনট) তাড়ন; গর্ব্বপ্রকাশ; আটোপ; প্রাগল্ভ্য; লম্ফন; অহমিকা;

যথা—কেহবা নৃপতি সমীপে আস্ফালন করিতে লাগিল ইতি বিরাট পর্ব্ব ২১ পৃষ্ঠা।

আস্ফালিত, ত্রি· বিণ. (আ-স্ফাল, গমন, ক্ত) তাড়িত; গর্ব্বিত; কম্পিত; যথা—অঙ্গপ্রত্যঙ্গ সকল আস্ফালিত হইতেছে। ইতিরোমাবতী ১৬৫ পৃষ্ঠা।

আস্ফোট, পু. বি. (আ-স্ফুট শব্দভেদ, অল) আঘাত; তালঠোকা; আকন্দবৃক্ষ; মল্লদিগের বাহুশব্দ; যথা—চটাপট্ পট্ পট্ বাহুর আস্ফোটে। ইতি কর্ম্মদেবী ৫৩ পৃষ্ঠা।

আস্ফোটক, পু. বি. (আ-স্ফুট, বৃক্ষভেদ, ণক) পর্ব্বতজপীলুবৃক্ষ; আকুরোট; ইতিশব্দমালা। উদ্ভিদভেদ।

আস্ফোটন, ক্লী· বি. (আ-স্ফুট, স্ফোটন, অনট) বিকাশ; প্রকাশ; প্রফুল্লহওন; মল্লদিগের বাহুশব্দ; তালঠোকা; আঘাত; আপনান; যথা—পুচ্ছ আস্ফোটন ও মুখব্যাদান পূর্ব্বক ইতিমহাভারত শান্তিপর্ব্ব ১৭৯পৃ

আস্ফোটনী, স্ত্রী· বি. (আ-স্ফুট, স্ফোটন, অনট-ঈ) বেধনিকা; তুরপন; ভ্রমর; ইতিঅমরকোষ।

আস্ফোত, পু. বি. (আ-স্ফুত, বৃক্ষভেদ, অল) অর্কবৃক্ষ; আকন্দগাছ; উদ্ভিজ্জ বিশেষ; ইতি হেমচন্দ্র।

আস্ফোতা, স্ত্রী. বি. (আ-স্ফুত, বৃক্ষভেদ, তৃন্) অপরাজিতা; নবমল্লিকা; হাপরমালী; ইতিমেদিনী।

আস্মাকীন, ত্রি. বিণ. [অস্মাক, অস্মদ, ঈন] আমাদিগের পক্ষ; অস্মাদির সাহায্য কারক; ইতি বিশ্ব।

আস্য, ক্লী. বি. (অস, অঙ্গভেদ, ঘ্যণ) বদন; মুখ; যথা—নলের আস্যগত সুধাধর ইতি নৈষধ চরিত ৮পৃ

আস্যদেশ, পু. বি. (আস্য-দিশ, স্থান ভেদ, অল) মুখদেশ; বদন; মুখস্থান; আনন; ইতি অমরকোষ।

আস্যপত্র, ক্লী. বি. (আস্য-পত, পতন, র) পদ্ম।

আস্যলাঙ্গল, পু. বি. (আস্য-লাঙ্গল, জীবভেদ, অ) শূকর; বরাহ; যাহার লাঙ্গলের ন্যায় মুখ।

আস্যলোম, ক্লী. বি. (আস্য-লোম; কেশভেদ, অ) শ্মশ্রু; দাড়ী; মুখের লোম; কেশবিশেষ; ইতি বিশ্ব।

আস্যাসব, পু. বি. (আস্য-আসব, লাল, অল) লালা; থুথু; লাল; মুখামৃত; মুখের রস; ইতিঅমরকোষ।

আস্রব, পু. বি. (আ-স্রু, কষ্ট, অল) ক্লেশ; কষ্ট, দুঃখ।

আস্বাদ, পু. বি. (আ-স্বদ, স্বাদ, ঘঞ) মধুরাদিরস; রসানুভব; পান; ভোজন; স্বাদগ্রহ; যথা—কিবা শস্য সুমধুর আস্বাদে উল্লাস। ইতি কর্ম্মদেবী ১৭পৃ

আস্বাদন, ক্লী. বি. (আ-স্বদ, স্বাদ, অনট) রসানুভব; স্বাদগ্রহণ; স্বাদু; যথা—বিদ্যার আস্বাদন পাইয়াছিলেন ইতি চরিতা বলী ৩৭ পৃষ্ঠা।

আস্বাদু, ত্রি. বিণ. (আ-স্বদ, স্বাদ, ঞু) স্বাদু; সুরস; মিষ্ট; কোন দ্রব্যের রসানুভব; ইতি জটাধর।

আস্বাদ্য, ত্রি. বিণ. (আ-স্বদ, স্বাদ, ঘ্যণ) স্বাদনার্হ; আস্বাদন যোগ্য; সুরসোপযুক্ত; রসানুভবের যোগ্য।

আহ, (ব্য) ক্ষেপ; নিয়োগ; দৃঢ় সম্ভাবন; ইতিমেদিনী।

আহকজ্বর, পু. বি. (আহক-জ্বর, রোগভেদ, অল) রোগবিশেষ; নাসাজ্বর; স্বনাম বিখ্যাত রোগ।

আহত, ত্রি. বিণ. (আ-হন, হনন, ক্ত) আঘাতিত; যথা—বাহন গণ আহত ও ক্ষীণ বল হইয়া পড়িল। ইতি বিরাট পর্ব্ব ১০৩ পৃষ্ঠা।

তাড়িত; গুণিত; জ্ঞাত; দগ্ধ; (ক্লী. বি.) নূতন বস্ত্র; জীর্ণবস্ত্র; (পু.) আনক; ঢক্কা। ইতিমেদিনী।

আহতলক্ষণ, ত্রি. বিণ· (আহত-লক্ষ, চিহ্ন, অনট) গুণদ্বারা বিখ্যাত; গুণেতে প্রসিদ্ধ; কৃতলক্ষণ।

আহনন, ক্লী. বি. (আ-হন, হনন, অনট) প্রহরণ; আঘাত; মারণ; হত্যাকরণ; আগমন করণ।

আহব, পু. বি. (আহু, রণ, অল) যুদ্ধ; যজ্ঞ; রণ।

আহবনীয়, পু. বি· (আহু, অগ্নিভেদ, অনীয়) যজ্ঞাগ্নিবিশেষ; ইতিঅমরকোষ। হোমের আগুন।

আহর, পু. বি. (আ-হৃ, হরণ, অল) উচ্ছ্বাস; অন্তর্মুখ শ্বাস; ইতিহেমচন্দ্র। আহরণ; ইতিমেদিনী।

আহরণ, ক্লী. বি. (আ-হৃ, হরণ, অনট) দ্রব্যাদিআনয়ন; উপার্জ্জন; নির্ব্বাহ; কারণ; সঞ্চয়ন; আয়োজন; যথা—জ্বলন্ত হুতাশন আহরণ করিয়া দিল। ইতি রঘুবংশ ৭৩ পৃষ্ঠা।

আহর্ত্তব্য, ত্রি. বিণ. (আ-হৃ, হরণ, তব্য) আনিবার যোগ্য; সংগৃহীতব্য; আনয়নোপযুক্ত। ইতিজটাধর।

আহর্ত্তা, ত্রি. বিণ. (আ-হৃ, হরণ, তৃন্) আনেতা; আনয়ন কর্ত্তা; উপার্জ্জন কারক; ভোক্তা; ইতিবিশ্ব।

আহা, (ব্য.) খেদ অথবা আক্ষেপ বোধক শব্দ; যথা—আহা! আজিকি রমণীয় রত্ন দেখিলাম ইতি কাদম্বরী ৭৬ পৃষ্ঠা।

আহাব, পু. বি. (আ-হ্বে, আহ্বান, ঘঞ) ক্ষুদ্র জলাশয়; চৌবাচ্ছা; যুদ্ধ; আহ্বান; আমন্ত্রণ; ডাকন।

আহার, পু. বি. (আ-হৃ, হরণ, ঘঞ) দ্রব্যগলাধঃ

করন; ভোজন; বহন; অশন; অদন। ভক্ষণ; যথা—সকল দিন আহার সঙ্গতি হয়না, ইতিরঘুবংশ ১০পৃ

আহারক, পু. বি. (আ-হৃ; হরণ, ণক) সংগ্রাহক; এ কত্র কর্ম্ম কারক; ভক্ষক; যে ব্যক্তি ভোজন করে।

আহারসম্ভব, পু. বি. (আহার-সং-ভূ, সত্তা, অল) শরীরস্থ রসধাতু; দ্রব্য বিশেষ; ইতিমেদিনী।

আহারী, ত্রি. বিণ. (আ-হৃ, হরণ, ণিন্) ভক্ষক; খা দক; ভোক্তা; যে অধিকভোজন করে। ইতি বিশ্ব।

আহারীয়, ত্রি. বিণ. [আহার, ভোজন, ঈয়] খাদ্য; ভোজ্যদ্রব্য; ভক্ষণের সামগ্রী; ভক্ষ্য; যথা—অদ্য আহারীয় দ্রব্য ইতি সেক্স্‌পিয়র ১৭১ পৃষ্ঠা।

আহার্য্য, ত্রি. বিণ. (আ-হৃ, হরণ, ঘ্যণ) আগন্তুক; আহরণীয়; যাহা আহরণ করিয়া সিদ্ধহয়; যত্নসাধ্য; ভক্ষণীয়; যথা—অদ্য আহার্য্যবস্তু সমুদায় উৎকৃষ্ট হয় নাই। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৬১ পৃষ্ঠা। অস্বাভাবিক; (পু. বি.) ভূষাদিদ্বারা রচিত।

আহার্য্য শোভা, স্ত্রী. বি. (আহার্য্য-শুভ, দীপ্তি, ও-আ) কৃত্রিমশোভা; চিত্রভূষাদি কৃতহ্যুতি।

আহিক, পু. বি. [অহি, জীবভেদ, ষ্ণিক] পাণিনি মুনি; কেতুগ্রহ; ইতিহেমচন্দ্র। উৎপাতচিহ্নভেদ।

আহিত, ত্রি. বিণ. (আ-ধা, স্থাপন, ক্ত) ন্যস্ত; অর্পি ত; স্থাপিত; নিক্ষিপ্ত; কৃত; জনিত; নিষিক্ত; সং হিত; ইতিহলায়ুধ। যাহা রাখা হইয়াছে।

আহিতলক্ষণ, ত্রি. বিণ. (আহিত-লক্ষ, চিহ্ন, অনট) আহত লক্ষন; গুণাদিদ্বারা বিখ্যাত। ইতিমেদিনী।

আহিতাগ্নি, পু. বি. (আহিত-অগ, ব্যক্তিভেদ, নি) সাগ্নিক; অগ্নিহোত্রী; ইতিস্মৃতি। ব্যক্তিবিশেষ।

আহিতুণ্ডিক, পু. বি. [অহিতুণ্ড, সর্প, ষ্ণিক] ব্যাল গ্রাহী; সাপুড়িয়া; যাহারা সাপধরে। ইতিঅমরকোষ।

আহীরী, পু. বি. (আভীর, জাতিভেদ, অ) গোপ; গোয়ালা; জাতিবিশেষ; আভীর; গোপাল।

আহুত, ক্লী. বি. (আ-হু, হোম, ক্ত) যজ্ঞবিশেষ; নৃ যজ্ঞ; গৃহস্থদিগের পঞ্চমহা যজ্ঞান্তর্গত যজ্ঞ বিশেষ।

আহুতি, স্ত্রী. বি. (আ-হু, হোম, ক্তি) দেবোদ্দেশে অগ্নিতে হবিঃপ্রক্ষেপ; দেবযজ্ঞ; হোম; যথা—জ্বল ন্ত হুতাশনে স্বীয় কলেবর আহুতি দিয়া ছিলেন ইতি রঘুবংশ ১০৩ পৃষ্ঠা।

আহূত, ত্রি. বিণ. (আ-হ্বে, ডাকা, ক্ত) কৃতাহ্বান; ডাকা; নিমন্ত্রিত; আহ্বানিত; যথা—কলহংসের কো লাহলে আহূত হইয়া ইতি কাদম্বরী ৪১ পৃষ্ঠা।

আহূতি, স্ত্রী. বি. (আহ্বে, ডাকা, ক্তি) আহ্বান; নি মন্ত্রণ; ডাকন; আমন্ত্রণ; ইতি শব্দরত্নাবলী।

আহৃত, ত্রি. বিণ. (আ হৃ, হরণ, ক্ত) আয়োজিত; সঞ্চিত; অর্জিত; আনীত; ইতিবিশ্ব। সংগৃহীত।

আহেয়, ত্রি. বিণ. [অহি, সর্প, ঢেয়] সর্পসম্বন্ধীয়।

আহো, (ব্য.) বিকল্প; সন্দেহ; প্রশ্ন; বিচার।

আহোপুরুষিকা, স্ত্রী. বি. (আহো-পুরুষ, ব্যক্তি, ইক আ) আত্মশ্লাঘা; অহমিকা; আত্মপ্রশংসা।

আহোস্বিৎ, (ব্য.) বিকল্প; প্রশ্ন; জিজ্ঞাসা।

আহ্ন, পু. বি. [অহন্, দিন, ষ্ণ] দিন সমূহ।

আহ্নিক, ত্রি. বিণ. [অহ্ন, দিন, ষ্ণিক] দিনসাধ্য; দিন সম্বন্ধী; দিবাকৃত্য; দৈনিক; দিবসিক; (ক্লী.) ভোজ ন; প্রকরণ সমূহ; গ্রন্থভাগ; নিত্যক্রিয়া; ইষ্টদেব তার নিত্যআরাধনা। যথা—জপ আহ্নিক সমাপন পূর্ব্ব ক ইতি মহাভারত শল্য পর্ব্ব ১০৪ পৃষ্ঠা।

আহ্লাদ, পু. বি. (আ-হ্লদ, হর্ষ, ঘঞ) আনন্দ; আ-মোদ; হর্ষ; তুষ্টি; সন্তোষ; তৃপ্তি, ইতিবিশ্ব।

আহ্লাদজনক, ত্রি. বিণ. (আহ্লাদ-জন, জনন, অক) হ র্ষজনক; আনন্দবর্দ্ধক; তুষ্টিকর; সন্তোষকর।

আহ্লাদিত, ত্রি. বিণ (আ-হ্লদ, হর্ষ, ক্ত) হর্ষিত; হৃষ্ট; হর্ষযুক্ত; আমোদবিশিষ্ট; আনন্দিত; যথা—এক রত্ন দেখিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন ইতি বেতালপঞ্চ বিংশতি ১২ পৃষ্ঠা।

আহ্লাদী, ত্রি. বিণ. (আ-হ্লদ, হর্ষ, ণিন) সানন্দ; আনন্দিত; হৃষ্ট; আমোদিত; তৃপ্ত; হর্ষযুক্ত।

আহ্বয়, পু. বি. (আ-হ্বে, নাম, অল) নাম; সংজ্ঞা; আখ্যা; ইতিঅমরকোষ। হৃপ্রদি দ্বারা অর্থসূচক।

আহ্বান, ক্লী. বি. (আ-হ্বে, ডাকা, অনট) আবাহন; ডাকা; নিমন্ত্রণ; ডাকন; ইতিঅমরকোষ। যথা—বি-রাট রাজ তদীয় অপূর্ব্বরূপ বিলোকনে বিস্মিত হইয়া আহ্বান পূর্ব্বক ইতি বিরাট পর্ব্ব ১৭ পৃষ্ঠা।

আহ্বানিত, ত্রি. বিণ. (আ-হ্বে, ডাকা, ক্ত) আহূত; আমন্ত্রিত; কৃতাহ্বান; নিমন্ত্রিত; ডাকিত।

আক্ষপাটিক, পু. বি. (আক্ষ-পট, দর্শন, ণিক) অক্ষ-দর্শক; ধর্ম্মাধ্যক্ষ; বিচার কর্ত্তা; বিচার পতি।

আক্ষপাদ, পু. বি. (আক্ষ-পদ, বোধ, ঘঞ) নৈয়ায়ি-

ক ; যে ন্যায় শাস্ত্রবিলক্ষণজ্ঞাত। ইতিঅমরকোষ।

আক্ষারণা, স্ত্রী. ক্লী. বি. (আ-ক্ষর, নিন্দা, অন-আ) মৈথুন প্রতিআক্রোশ ; ছেনালি ; অপবাদ।

আক্ষারিত, ত্রি. বিণ. (আ ক্ষর, নিন্দা, ক্ত) অপবাদ গ্রস্ত ; দোষপ্রাপ্ত ; নিন্দিত ; ইতিঅমর।

আক্ষিক, পু. বি. (আক্ষ, বৃক্ষভেদ, ইক) আচফুলের গাছ ; পুষ্পবৃক্ষ বিশেষ ; ইতি শব্দ রত্না বলী।

আক্ষীব, পু. বি. (আক্ষ, বৃক্ষভেদ, ঈব) শোভাঞ্জন বৃক্ষ ; শজিনা গাছ ; বৃক্ষবিশেষ ; ইতিবিশ্ব।

আক্ষুটী, ত্রি. বিণ. (আ-ক্ষুট, দয়াহীনতা, ঈ) নির্দ্দয় ; নিষ্ঠুর ; কাষ্ঠী ; লক্ষ্মীভাগ্যহীন। যথা—আক্ষুটীর ঘরে আমার হইল জনম। ইতি কবিকঙ্কণ চণ্ডী ৫৭ পৃষ্ঠা

আক্ষেপ, পু. বি. (আ-ক্ষিপ, ক্ষেপ, অল) অপবাদ ; ভৎর্সন ; খেদ ; আত্মভাগ্য নিন্দা ; আকর্ষণ ; কাব্যালঙ্কার ; মনস্তাপ ; যথা—এইরূপে বিলাপিলা আক্ষেপে রাক্ষস কুল পতিরাবণ ; ইতি মেঘনাদ বধ কাব্য ৭ পৃষ্ঠা।

আক্ষেপক, পু. বি. (আ-ক্ষিপ, নিন্দা, ণক) নিন্দাকর ; ব্যাধ ; বাতরোগবিশেষ ; ইতিঅমরকোষ।

আক্ষেপজনক, ত্রি. বিণ. (আক্ষেপ-জন, জনন, অক) খেদোৎপাদক ; শোচনীয় ; শোকার্হ ; ইতিমেদিনী।

আক্ষোট, পু. বি. (আ-ক্ষোড়, বৃক্ষভেদ, কিপ) অক্ষোট বৃক্ষ ; পর্ব্বতজাতপীলুবৃক্ষ ; আখরোট।

আক্ষোদন, ক্লী. বি. (আ-ক্ষোদ, শিকার, অনট) মৃগয়া ; মৃগশিকার ; জন্তুমারা ; ইতি অমরকোষ।

ই

ই, ইকার; তৃতীয় স্বরবর্ণ; (ব্য) ভেদ; ক্রোধোক্তি; অনুকম্পা; খেদ; কোপ; আহ্বান; সন্তাপ; দুঃখ-ভাবনা; (পু. বি.) কামদেব; ইতি মেদিনী।

ইঃ, (ব্য) কোপ বা সন্তাপ বা দুঃখবোধক শব্দ।

ইকড়, পু. বি. (ইক্কট, বৃক্ষ বিশেষ, অ) বৃক্ষ বিশেষ; তৃণ বিশেষ; শক্ত; নিরাট; বহুমূল; ইতি হারাবলী।

ইকড়ার, পু. বি. (আখ, জীবভেদ, উ) আখুর প্রচলিতভাষা; মূষিক; উন্দুর; ইঁদুর; ইতি বিশ্ব।

ইকার, পু. বি. (ই-কৃ, করণ, ঘঞ) ইবর্ণ; ই—এই অক্ষর; স্বরের তৃতীয়বর্ণ; ইতি অমরকোষ।

ইকুন, পু. বি. (উৎকুণ, কীটভেদ, ক) উৎকুণের প্রচলিত ভাষা; উৎকুণ; যূক; ডেঙ্গর; কেশকীট।

ইক্কট, পু. বি. (ইক্-কট, তৃণভেদ, অল) তৃণবিশেষ।

ইঙ্গ, ত্রি. বিণ. (ইঙ্গ, অদ্ভুত, অল) অদ্ভুত; জঙ্গম; ইতি হেমচন্দ্র। (পু. বি.) ইঙ্গিত; জ্ঞান; বোধ।

ইঙ্গন, ক্লী. বি. (ইঙ্গ, গমন, অনট) সঙ্কেত; ঠার; ইশারা; মনোগতভাব; অভিপ্রায় প্রকাশকরণ।

ইঙ্গরাজ, পু. বি. (ইঙ্গ-রাজ, দীপ্তি, অল) জাতিবিশেষ; যাহাদিগের ইংলণ্ড দেশে জন্ম; যথা—ইঙ্গরাজ ওলন্দাজফিরিঙ্গি ফরাস ইতিভারতচন্দ্র২৩৩পৃষ্ঠা।

ইঙ্গনা, স্ত্রী. বি. (ইঙ্গ, গমন, অন-আ) নাম; আখ্যা; সংজ্ঞা; চেতনা; হস্তাদি দ্বারা অর্থসূচনা।

ইঙ্গিত, ক্লী. বি. (ইঙ্গ, গমন, ক্ত) অভিপ্রায়ানুরূপ চেষ্টা; বিস্ফুরণ; ঠার; সঙ্কেত; গমন; ইশারা; চেষ্টিত; চলন; অন্বেষণ; হৃদ্গতভাব; যথা—উভয়ই আকারে ও ইঙ্গিতে চিত্ত চাঞ্চল্য ইতি শকুন্তলা ১২ পৃষ্ঠা।

ইঙ্গুদ, পু. বি. (ইঙ্গুদ, বৃক্ষভেদ, ক) বৃক্ষ বিশেষ; ইঙ্গুদীবৃক্ষ; ইঙ্গোট গাছ; তাপসতরু, ইহার ফলে তৈল হয়; যথা—ঐ তীর্থ বদর, ইঙ্গুদ, কাশ্মর্য্য; অশ্বত্থ ইতি মহাভারত, শল্যপর্ব্ব ৮২ পৃষ্ঠা।

ইঙ্গুদী, স্ত্রী. বি. (ইঙ্গুদ, বৃক্ষভেদ, ঈ) বৃক্ষ বিশেষ; ইঙ্গোটগাছ; বিষকণ্ট; পূতিগন্ধ; তৈলফল; যথা—তপস্বীরা যাহাতে ইঙ্গুদী ফল ভাঙ্গিয়াছিলেন ইতি শকুন্তলা ৩ পৃষ্ঠা।

ইচড়, ক্লী. বি. (ইচড, ফলভেদ, অল) অপক্ক কাঁটাল; তরুণ কণ্টকী ফল; কাঁচা কাঁটাল; ইতি মেদিনী।

ইচ্ছা, স্ত্রী. বি. (ইষ, ইচ্ছা, ঙ-আ) বাঞ্ছা; মনোরথ; স্পৃহা, উৎসাহ; আকাঙ্ক্ষা; অভিলাষ; যথা—ইচ্ছামত মুনিগণ, কত মত বিচরণ, ইতি কর্ম্মদেবী ২৮পৃষ্ঠা।

ইচ্ছান্বিত, ত্রি. বিণ. (ইচ্ছা-অনু-ই, গমন, ক্ত) ইচ্ছুক; সস্পৃহ; অভিলাষ বিশিষ্ট; বাঞ্ছাযুক্ত; যথা—আন্তরিক ইচ্ছান্বিত এবম্বিধ ভাব ইতি সেক্সপিয়র ২২৬ পৃষ্ঠা।

ইচ্ছাবতী, স্ত্রী. বি. [ইচ্ছা, অভিলাষ, বতু-ঈ] ধনাদির ইচ্ছাযুক্তা স্ত্রী; অভিলাষযুক্তা রমণী।

ইচ্ছাবসু, পু. বি. (ইচ্ছা-বস, ধন, উ) কুবের; ধনপতি; ইতি জটাধর। যাহার অসংখ্যক ধন আছে।

ইচ্ছু, ত্রি. বিণ. (ইষ, ইচ্ছা, উ) ইচ্ছাবিশিষ্ট; অভিলাষী; আকাঙ্ক্ষাযুক্ত; যাহার ইচ্ছা আছে।

ইচ্ছুক, ত্রি. বিণ. (ইষ, ইচ্ছা, উক) ইচ্ছান্বিত; অভিলাষী; আকাঙ্ক্ষা বিশিষ্ট; (পু.) টাবানেবু।

ইচ্লা, স্ত্রী. বি. (ইঞ্চাক, মৎস্যভেদ, অ) মৎস্য বিশেষ; চিঙ্গড়ীমাছ; জলজন্তুবিশেষ; ইতিধরণি।

ইজ্জল, পুং. বি. (ইজ্জল, বৃক্ষভেদ, অল) হিজ্জল বৃক্ষ; হিজ্জল গাছ; নিচুল; অম্বুজ; জিউলিগাছ।

ইজ্য, পুং. বি. (যজ, দেবার্চ্চা, য) সুরাচার্য্য; বৃহস্পতি; গুরু; ইতিমেদিনী। (ত্রি. বিণ.) শিক্ষক; পূজ্য।

ইজ্যা, স্ত্রী. বি. (যজ, দান, য-আ) দান; যাগ; যজ্ঞ; পূজা; গাভী; সঙ্গম; কুটনী; ইতি মেদিনী।

ইজ্যাশীল, পুং. বি. (ইজ্যা-শীল, বিশিষ্ট, ক) পুনঃ পুন যজ্ঞকর্ত্তা; যাযজূক; যাজক; ইতিঅমরকোষ।

ইঞ্চাক, পুং. বি. (ইঞ্চক, জীবভেদ, ঘঞ) মৎস্য বিশেষ; ইচলামাছ; মোচা চিঙড়ি; চিঙড়ি মৎস্য।

ইট, ক্লী. বি. (ইষ, দ্রব্যভেদ, ক্বিপ্) ইষ্টক; ইতিবিশ্ব।

ইটখোলা, ক্লী. বি. (ইট-ক্ষেত্র, স্থানভেদ, অ) ইষ্টক ক্ষেত্র; ইটগড়িবার স্থান; পাঁজাখোলা।

ইটচূর, ক্লী. বি. (ইট-চূর, গুঁড়া, ক) সুরকী; ইটের গুঁড়া; ইষ্টক চূর্ণ; দগ্ধমৃত্তিকার গুঁড়া।

ইটন, ক্লী. বি. (ইট, গমন, অনট) ইষ্টক ক্ষেপণ; ইটমারণ; ইটছোড়া; দগ্ধ মৃত্তিকা ছোড়ন।

ইটচর, পুং. বি. (ইট্-চর, জীবভেদ, অল) যণ্ড; বৃষ।

ইড়া, স্ত্রী. বি. (ইড, নাড়ীভেদ, ড-আ) ইক্ষাকুকন্যা; বুধগ্রহপত্নী; ধেনু; স্বরা; শরীরস্থ রক্তবাহিকা নাড়ী; পৃথিবী; সরস্বতী; স্বর্গ; ইতিহেমচন্দ্র।

ইড়াচিকা, স্ত্রী. বি. (ইড়াচ, জীবভেদ, ইক-আ) বরটা; বোলতা; পতঙ্গবিশেষ; ইতি শব্দচন্দ্রিকা।

ইড়িকা, স্ত্রী. বি. (ইড়, গমন, ইক-আ) পৃথিবী।

ইড়্বর, পুং. বি. (ইড-বৃ, বরণ অল) বৃষ; যণ্ড; ষাঁড়।

ইড্য, ত্রি. বিণ. (ইড, ব্যক্তিভেদ, য) স্তবের যোগ্য পাত্র; স্তুত্য; যাহাকে স্তব করা যায়।

ইত, ত্রি. বিণ. (ই, গমন, ক্ত) গত, প্রাপ্ত; যুক্ত; জ্ঞাত; (ব্য.) নিয়ম; পঞ্চম্যর্থ; বিভাগ; ইতিবিশ্ব।

ইতঃ, ব্য. [ই, গমন, তস্] এই; ইহার; যথা— ইতঃ পূর্ব্বে আমি যেসকল কথা কহিলাম, ইতি প্রিয়দর্শন ১০ পৃষ্ঠা।

ইতঃপর; ক্রিবিণ. (ইতঃ-পর, পর, অ) ইহার পর।

ইতর, ত্রি. বিণ (ই-তৃ, নীচতা, অল) অন্য; নীচ; ভিন্ন; অধম; ইতি অমরকোষ। যথা—ইতর মল্লগণ ভয়ে পলায়ন করিতেলাগিল। ইতি বিরাটপর্ব্ব২২পৃষ্ঠা।

ইতর বিশেষ, পুং. বি. (ইতর-বি-শিষ, ভিন্নতা, অল) অন্যহইতে প্রভেদ; বিভিন্নতা; বিভেদ; ইতি বিশ্ব।

ইতরেতর, ত্রি. বিণ. (ইতর ইতর, নীচতা, অ) অন্যান্য; পরস্পর; উভয়তঃ; ইতি হেমচন্দ্র।

ইতরেদ্যুঃ; ব্য. (ইতর দিব, দিবা, উস্) ইতর দিবস; অন্য দিনে; অপর দিনে; ইতি অমরকোষ।

ইতলা, ক্লী. বি. (যাং) সমাচার; সম্বাদ; প্রকাশকরণ।

ইতস্, ব্য. (ই, গমন, তস্) ইহা হইতে; ইহাতে।

ইতস্ততঃ, ব্য. [ইতস্-তদ, সেখান, তস্] অত্রতত্র; এখানে সেখানে; চতুর্দ্দিকে; যথা—যেরূপে হরিণগণকে তপোবনে সচ্ছন্দে ইতস্ততঃ ভ্রমণ করিতে ইতি শকুন্তলা ৮৪ পৃষ্ঠা।

ইতি, ব্য. (ই, গমন, ক্তি) অতএব; হেতু; প্রকরণ পরিশেষ; প্রকাশ; আদি; সমাপ্তি; নিদর্শন; প্রকার; এই প্রকার; ইহা; ইতি মেদিনী।

ইতিকথ, ত্রি. বিণ. (ইতি-কথ, বাক্য, অল) অশ্রদ্ধেয়, নষ্ট; যাহা শ্রদ্ধার উপযুক্ত নহে; ইতি অমরকোষ।

ইতিকথা, স্ত্রী. বি. (ইতি-কথ, বাক্য, ড-আ) অর্থ শূন্য বাক্য; উপকথা; বৃথাকথা; অপ্রয়োজন কথা।

ইতিকর্ত্তব্য, ত্রি. বিণ. (ইতি-কৃ, করণ, তব্য) কর্ম্মের অঙ্গ; এই প্রকার করা উচিত; যথা—এক্ষণে ইতি কর্ত্তব্য বিষয়ে আজ্ঞা করিয়া ইতি বিরাটপর্ব্ব ৮৫পৃষ্ঠা।

ইতিমধ্যে, ক্রিবিণ. [ইতি-মধ্য, কাল, এ] অত্র মধ্যে; ইহারমধ্যে; এইকালে; অত্রাবসরে।

ইতিহ, ব্য. (ইতি-হন, গতি, ড) পরম্পরা গত উপদেশ; পুরাতন কথা; ইতিহাস; পুরাবৃত্ত; ইতিবিশ্ব।

ইতিহাস, পুং. বি. (ইতি-হস, কথাভেদ, ঘঞ) পূর্ব্ব বৃত্তান্ত; প্রাচীন কথা; ব্যাসাদি প্রণীত ভারতাদি গ্রন্থ; পুরাবৃত্ত; যথা—তোমরা জাননা কি হে সেই ইতিহাসে। ইতি কর্ম্মদেবী ১৬ পৃষ্ঠা।

ইতোমধ্যে, ক্রিবিণ. (ইতঃ + মধ্যে) ইহার মধ্যে; যথা—ইতোমধ্যে প্রিয়দর্শন আসিয়া পাদবন্দন করিলেন, ইতি প্রিয়দর্শন ১১ পৃষ্ঠা।

ইৎকট, পুং. বি. (ইৎ-কট, বৃক্ষভেদ, অল) বৃক্ষ বিশেষ; ওকড়াগাছ; বাহুমূল; দাপনা; ইতি রত্নমালা।

ইৎকিলা, স্ত্রী. বি. (ইৎ-কিল, দ্রব্যভেদ, ড-আ) রোচনাখ্য গন্ধদ্রব্য বিশেষ; ইতি শব্দরত্নাবলী।

ইত্থং, (ব্য.) এবম্প্রকার; এইরূপে; এইপ্রকার।

ইত্থম্ভূত, ত্রি. বিণ. (ইত্থং-ভূ, সত্তা, ক্ত) এবম্প্রকার; এতাদৃশ; এবম্ভাব; এইরূপ; এই রকম; ইতি বিশ্ব।

ইত্য, ত্রি. বিণ. (ইত, গমন, য) গম্য; গমনযোগ্য।

ইত্যবসরে, ক্রিবিণ. (ইতি-অব সৃ, গমন, অল-এ) অত্রাবকাশে; এইকালে; এইসময়ে; যথা—ইত্যবসরে প্রিয়ম্বদা হাস্যমুখে ইতি শকুন্তলা ৭ পৃষ্ঠা।

ইত্বর, ত্রি. বিণ. (ইত, ব্যক্তিভেদ, বর) ক্রূরকর্ম্মা; পথিক; গমনশীল; নিষ্ঠুর; নীচ; দীন।

ইত্বরী, স্ত্রী. বি. (ইত, ব্যক্তিভেদ, বর-ঈ) অসতী; ভ্রষ্টাস্ত্রী; অভিসারিকা; গমনশীলা; ইতি ধরণি।

ইদং, ত্রি. বিণ. [ইদম, এই, প্রথমা] পুরোবর্ত্তি; সম্মুখস্থ; এই; ইহা; ইনি; অগ্রবর্ত্তী; ইতি বিশ্ব।

ইদানীং, ব্য. [ইদম, এই, আনীং] অস্মিনকালে; সংপ্রতি; এইকালে; অধুনা; যথা—ইদানীং ত্রিভুবন বনিতাগণের ইতি নৈষধচরিত ৯ পৃষ্ঠা।

ইদানীন্তন, ত্রি. বিণ. [ইদানীং, অধুনা, তন] সংপ্রতি জাত; আধুনিক; এখনকার; নব্য; যথা—তোমার ইদানীন্তন ব্যবহারদেখিয়া ইতিসেকসপিয়র ১৬২পৃষ্ঠা।

ইদ্ধ, ক্লী. বি. (ইদ, দীপ্তি, ক্ত) আতপ; দীপ্তি; সমূহ; আশ্চর্য্য; (ত্রি. বিণ.) নির্ম্মল; দীপ্ত; জ্বলিত; তেজঃ; অপ্রতিহত; পরিষ্কৃত।

ইধ্ম, ক্লী. বি. (ইধ, দ্রব্যভেদ, ম) অগ্নি সন্দীপন কাষ্ঠ; জ্বালানি কাঠ; কাষ্ঠ; ইতি অমরকোষ।

ইন, পু. বি. (ইন, প্রভু, অল) সূর্য্য; প্রভু; পতি; নৃপ বিশেষ; ইতি উণাদি কোষ। রাজাবিশেষ।

ইনি, সং. [ইদম, এই, প্রথমা] এইব্যক্তি; এইজন।

ইন্দম্বর, ক্লী. বি. (ইন্দম্-বর, দ্রব্যভেদ, অ) ইন্দীবর; নীলোৎপল; নীলপদ্ম; পুষ্পবিশেষ; ইতি শব্দমালা।

ইন্দারা, ক্লী. বি. (অন্ধু, জলাশয় ভেদ, ক্বিপ) ক্ষুদ্র জলাশয়; কূপ; গর্ত্ত; পাতকুয়া; ইতি অমরকোষ।

ইন্দিন্দির, পু. বি. (ইন্দ-ইন্দ, পতঙ্গভেদ, ইর) পতঙ্গ ভেদ; ভ্রমর; মধুকর; অলি; ইতি হেমচন্দ্র।

ইন্দিবর, ক্লী. বি. (ইন্দি-বর, পুষ্পভেদ, অল) নীলোৎপল; নীলপদ্ম; নীলাব্জ; নীলবর্ণ পুষ্পবিশেষ।

ইন্দিরা, স্ত্রী. বি. (ইন্দি-রা, ব্যক্তিভেদ, আ) লক্ষ্মী; বিষ্ণুপত্নী; কমলা; রমা; যথা—ফিরায়ে বদন ইন্দুবদনা ইন্দিরা ইতি মেঘনাদবধকাব্য ২৬ পৃষ্ঠা।

ইন্দিরাবর, ক্লী. বি. (ইন্দিরা-বর, পুষ্পভেদ, অল) নীলোৎপল; নীলপদ্ম; নীলবর্ণ পুষ্পবিশেষ।

ইন্দিরামন্দির, পু. বি. (ইন্দিরা-মন্দির, ব্যক্তিভেদ, ক) বিষ্ণু; নারায়ণ; কৃষ্ণ; পরমেশ্বর; ইতি মেদিনী।

ইন্দিরালয়, ক্লী. বি. (ইন্দির-আ-লি, স্থান, অল) পদ্ম; পঙ্কজ; উৎপল বিশেষ; ইতি হেমচন্দ্র।

ইন্দীবর, ক্লী. বি. (ইন্দী-বর, পুষ্পভেদ, অ) নীলপদ্ম; নীলোৎপল; কুবলয়; নীলাব্জ; যথা—নিশীর শিশির কণা সেই ইন্দীবরে। ইতি ধর্ম্মদেবী ১ পৃষ্ঠা।

ইন্দীবরিণী, স্ত্রী. বি. (ইন্দি-বর, পুষ্পভেদ, ইন-ঈ) উৎপলিনী; পদ্মিনী; কুবলিনী; ইতি অমরকোষ।

ইন্দীবরী, স্ত্রী. বি. [ইন্দীবর, দ্রব্যভেদ, ঈ] শতমূলী; ইতি মেদিনী। বৃক্ষবিশেষ; ইতি হলায়ুধ।

ইন্দু, পু. বি. (ইন্দ, কিরণ, উ) শশী; চন্দ্র; কর্পূর; নিশাকর; যথা—কাঁদ ইন্দুনিভাননে তিত অশ্রুনীরে, ইতি মেঘনাদবধকাব্য ২০ পৃষ্ঠা।

ইন্দুকমল, ক্লী. বি. (ইন্দু-কমল, পুষ্প, অল, সিতোৎপল; শ্বেতপদ্ম; শাদাসুঁদী; শ্বেত পুষ্পবিশেষ।

ইন্দুকলিকা, স্ত্রী. বি. (ইন্দু-কল পুষ্পভেদ, ইক আ) কেতকী পুষ্প; কেয়াফুল; ইতি অমরকোষ।

ইন্দুকান্ত, পু. বি. (ইন্দু-কম, স্বামী, ক্ত) চন্দ্রকান্তমণি।

ইন্দুকান্তা, স্ত্রী. বি. (ইন্দু-কম, স্বামী, ক্ত-আ) রাত্রি; নিশা; যামিনী; নক্ষত্র; তারা; তারকা।

ইন্দুজনক, পু. বি. (ইন্দু-জন. জনন, অক) সমুদ্র; জলধি; সাগর; যে স্থান হইতে চন্দ্র জন্মিয়াছে।

ইন্দুজা, স্ত্রী. বি. (ইন্দু-জন, জনন, ড-আ) নর্ম্মদানদী; নর্ম্মদা; ইতি হেমচন্দ্র। ইন্দুজাতা; ইতি বিশ্ব।

ইন্দুপুত্র, পু. বি. (ইন্দু-পুং-ত্রৈ, রক্ষণ, ড) বুধগ্রহ; চন্দ্রের অপত্য বিশেষ; ইতি শব্দরত্নাবলী।

ইন্দুবল্লী, স্ত্রী. বি. (ইন্দু-বল, উদ্ভিজ্জ, ক্ত-ঈ) সোমলতা; স্বনাম বিখ্যাত লতাবিশেষ; ইতি মেদিনী।

ইন্দুব্রত, ক্লী. বি. (ইন্দু-ব্রত, কর্ম্মভেদ, অ) চান্দ্রায়ণব্রত; চন্দ্রের ব্রত বিশেষ; ইতি মেদিনী।

ইন্দুভৃৎ, পু. বি. (ইন্দু-ভৃ, ভরণ, ক্বিপ্) শিব; চন্দ্রচূড়; (ত্রি. বিণ.) যাহার চন্দ্র আভরণ।

ইন্দুমতী, স্ত্রী. বি. [ইন্দু, চন্দ্র, মতু] পূর্ণিমা; পৌর্ণমাসী; অজরাজার মহিষী; ইতি হেমচন্দ্র।

ইন্দুর, পু. বি. (ইন্দ, জীবভেদ, উর) মূষিক; আখু।

ইন্দুরত্ন, ক্লী. বি. (ইন্দু-রত, মূল্যবিশিষ্ট, ন) মুক্তা।

ইন্দুরেখা, স্ত্রী. বি. (ইন্দু-রেখা, চন্দ্রাংশ, ঙ-আ) চন্দ্রকলা; চন্দ্রখণ্ড; সোমলতা; লতাবিশেষ।

ইন্দুলেখা, স্ত্রী· বি· (ইন্দু-লেখ; দ্রব্যভেদ, ড-আ) চন্দ্রকলা; শশিখণ্ড; অমৃতা; লতাবিশেষ; সোমলতা।

ইন্দুলোহক, ক্লী· বি· (ইন্দু-লুহ, ধাতুভেদ, ণক) রৌপ্য; রজত; রূপা; ধাতুবিশেষ; ইতি জটাধর।

ইন্দূর, পু· বি· (ইন্দ, জীবভেদ, উর) মূষিক; ইঁদুর।

ইন্দ্র, পু· বি· (ইন্দ, প্রাধান্য, র) দেবরাজ; শ্রেষ্ঠ; রাজা; সুরপতি; যোগবিশেষ; মহাধনী; প্রধান।

ইন্দ্রক, ক্লী· বি· (ইন্দ্র, স্থানভেদ, কন্) সভাগৃহ; আস্থান গৃহ; যেগৃহে কার্য্যচ্ছলে লোক জড় হয়।

ইন্দ্রকীল, পু· বি· (ইন্দ্র-কীল, পর্ব্বতভেদ, ক) মন্দর পর্ব্বত; স্বনাম বিখ্যাত পর্ব্বত বিশেষ।

ইন্দ্রকুঞ্জর, পু· বি· (ইন্দ্র-কুঞ্জর, হস্তী, অ) ঐরাবত হস্তী; দেবরাজের হাতী; ইতি জটাধর।

ইন্দ্রকোষ, পু· বি· (ইন্দ্র-কুষ, দ্রব্যভেদ, অল) মঞ্চ; খট্টা; খোঝলা; গোঁজলা; ইতি হেমচন্দ্র।

ইন্দ্রগোপ, পু· বি· (ইন্দ্র-গুপ, কীটভেদ, অল) রক্তবর্ণ ক্ষুদ্রকীট বিশেষ; লাল পোকা; ইতি হেমচন্দ্র। যথা—যে ধনুর পৃষ্ঠে ইন্দ্রগোপ পরম্পরা পরিশোভিত রহিয়াছে, ইতি বিরাটপর্ব্ব ৮০ পৃষ্ঠা।

ইন্দ্রচন্দন, ক্লী· বি· (ইন্দ্র-চন্দ, দ্রব্যভেদ, অনট) হরিচন্দন; রক্তচন্দন; গন্ধদ্রব্য বিশেষ; ইতি অমরকোষ।

ইন্দ্রচ্ছন্দ, ক্লী· বি· (ইন্দ্র-ছন্দ, দ্রব্যভেদ, অল) সহস্র গুচ্ছহার, সহস্রনরহার; ইতি হেমচন্দ্র। দ্রব্যভেদ।

ইন্দ্রজাল, ক্লী· বি· (ইন্দ্র-জাল, কুহক, অল) মায়াকর্ম্ম; কুহক; ভোজবাজী; জাল; ভেল্কি; যথা—মায়াময় লঙ্কাধাম পূর্ণ ইন্দ্রজালে ইতি মেঘনাদবধকাব্য ৮১ পৃষ্ঠা।

ইন্দ্রজালিক, ত্রি· বিণ· (ইন্দ্র-জাল, কুহক, ইক) কুহক কারী; বাজিকর; মায়ীক; কুহকী; ইতিজটাধর।

ইন্দ্রজিৎ, পু· বি· (ইন্দ্র-জি, জয়, ক্বিপ্) রাবণ পুত্র; মেঘনাদ; মন্দোদরীসুত; যথা—ইন্দ্রজিত মেঘনাদে অজেয় জগতে ইতি মেঘনাদবধকাব্য ১ পৃষ্ঠা।

ইন্দ্রজিদ্বিজয়ী, পু· বি· (ইন্দ্রজিৎ-বি-জি, জয়, ইন্) লক্ষ্মণ; রামেরঅনুজ; ইন্দ্রজিদ্বিজয়কারী।

ইন্দ্রতুল্য, ত্রি· বিণ· (ইন্দ্র-তুল, সদৃশ, য) ইন্দ্রেরন্যায় সর্ব্বশ্রেষ্ঠ; দেবরাজ সদৃশ; ইতি মেদিনী।

ইন্দ্রতুল, ক্লী· বি· (ইন্দ্র-তূল, দ্রব্যভেদ, ক) আকাশ পতিত সূত্র; আকাশ বুড়িরসূতা; ইতি হারাবলী।

ইন্দ্রত্ব, ক্লী· বি· [ইন্দ্র, রাজা, ত্ব] স্বর্গের আধিপত্য; ইন্দ্রের অসাধারনধর্ম্ম; রাজত্ব; প্রাধান্য।

ইন্দ্রদারু, পু· বি· (ইন্দ্র-দৃ, উদ্ভিজ্জভেদ, ঞু) দেবদারুবৃক্ষ; দেববৃক্ষ; উদ্ভিজ্জ বিশেষ; ইতি ধরণি।

ইন্দ্রদ্রু, পু· বি· (ইন্দ্র-দ্রু, বৃক্ষভেদ, ক্বিপ্) অর্জ্জুন বৃক্ষ; কুটজবৃক্ষ; উদ্ভিজ্জবিশেষ; ইতি বিশ্ব।

ইন্দ্রনীল, পু· বি· (ইন্দ্র-নীল, প্রস্তর বিশেষ, ক) মরকত মনি; পান্না; নীলকান্তমণি; ইতি হেমচন্দ্র।

ইন্দ্রপুষ্পা, স্ত্রী· বি· (ইন্দ্র-পুষ্প, বৃক্ষভেদ, ড-আ) লাঙ্গলিকীবৃক্ষ; বিষলাঙ্গলা; ইতি রত্ন মালা।

ইন্দ্রপ্রস্থ, ক্লী· বি· (ইন্দ্র-প্র-স্থা, স্থান, ড) রাজাযুধিষ্ঠিরের নির্ম্মিতনগর; পার্থনগর; দিল্লী; হস্তিনাপুর; যথা—ইন্দ্রপ্রস্থে শত সহস্র মহীপাল ইতি বিরাটপর্ব্ব ৩২ পৃষ্ঠা।

ইন্দ্রপ্রহরণ, ক্লী· বি· (ইন্দ্র-প্র-হৃ, হরণ, অনট) ইন্দ্রের অস্ত্র; বজ্র; ইতি হলায়ুধ। অশনি; ইতি বিশ্ব।

ইন্দ্রবাকনিকা, স্ত্রী· বি· [ইন্দ্র-বকণ, লতাবিশেষ, ণিক-আ] লতাবিশেষ; রাখাল মসালতা; ইতি মেদিনী।

ইন্দ্রবৃদ্ধা, স্ত্রী· বি· (ইন্দ্র-বৃধ, রোগভেদ, ক্ত আ) ব্রণ রোগ বিশেষ; পীড়াবিশেষ; ইতি শব্দরত্নমালা।

ইন্দ্রবৃক্ষ, পু· বি· (ইন্দ্র-বৃক্ষ, উদ্ভিজ্জভেদ, অল) দেবদারুবৃক্ষ; দেববৃক্ষ; ইতি জটাধর। উদ্ভিজ্জবিশেষ।

ইন্দ্রভেষজ, ক্লী· বি· (ইন্দ্র-ভেষজ, দ্রব্যভেদ, অল) শুণ্ঠী; শুঁঠ; দ্রব্যবিশেষ; ইতি অমরকোষ।

ইন্দ্রযব, পু· ক্লী· বি· (ইন্দ্র-যু, দ্রব্যভেদ, অল) তিক্তবীজ বিশেষ; স্বনাম খ্যাতবীজ; শক্রবীজ।

ইন্দ্রলুপ্ত, পু· ক্লী· বি· (ইন্দ্র-লুপ, লোপ, ক্ত) মস্তক জাত রোগ বিশেষ; টাকপড়া; কেশনাশক রোগ।

ইন্দ্রশত্রু, পু· বি· (ইন্দ্র-শত, বিপক্ষ, রু) প্রহ্লাদ।

ইন্দ্রসাবর্ণি, পু· বি· [ইন্দ্র-সবর্ণ, ব্যক্তিভেদ, নি] চতুর্দ্দশমনু; শুচিরিন্দ্র; ব্যক্তিবিশেষ; ইতি জটাধর।

ইন্দ্রসুত, পু· বি (ইন্দ্র-সু, পুত্র, ক্ত) বালিনামক বানররাজা; দেবরাজের সুত; জয়ন্ত; অর্জুনবৃক্ষ।

ইন্দ্রসুরস, পু· বি· (ইন্দ্র-সু-রস, বৃক্ষভেদ, অল) সিন্ধুবারবৃক্ষ; নিসিন্দাগাছ; ইতি অমরকোষ।

ইন্দ্রা, স্ত্রী· বি· (ইন্দ, ব্যক্তিভেদ, র-আ) কর্ণিজকবৃক্ষ; কাঁটাজামীর গাছ; ইন্দ্রপত্নী; শচী; ইতি হেমচন্দ্র।

ইন্দ্রাগ্নিধূম, পু· বি· (ইন্দ্র-অগ্নি-ধূম, হিম, ক) হিম;

শিশির ; তুষার ; ইতিহারাবলী। বরফ ; ইতিকেচিৎ।

ইন্দ্রাণী, স্ত্রী. বি. [ইন্দ্র, রাজা, ঈ] শচী ; ইন্দ্রপত্নী ; মাতৃকা বিশেষ ; পুলোমজা ; ইন্দ্রভার্য্যা।

ইন্দ্রানুজ, পু. বি. (ইন্দ্র-অনু-জন, জনন, ড) বিষ্ণু ; নারায়ন ; বামনদেব ; শ্রীকৃষ্ণ ; ইতিহেমচন্দ্র।

ইন্দ্রাবরজ, পু. বি. (ইন্দ্র-অবর-জন, জনন, ড) বিষ্ণু ; নারায়ন ; বামনদেব ; শ্রীকৃষ্ণ ; ইতি অমরকোষ।

ইন্দ্রায়ুধ, ক্লী. বি. (ইন্দ্র-আয়ুধ, ধনু, অ) ইন্দ্রধনু ; রামধনুক ; শক্রধনুক ; বৃষ্টিকালীন জলবিন্দুসমূহে সূর্য্য কিরণ স্পর্শ হেতুক দৃশ্যমান ধনুরাকৃতিতেজঃ ; অশ্ব-বিশেষ ; যথা—ফলতঃ ইন্দ্রায়ুধ সামান্য ঘোটক নয়। ইতি কাদম্বরী ২৬ পৃষ্ঠা।

ইন্দ্রারি, পু. বি. (ইন্দ্র-ঋ, গতি, ই) অসুর ; দৈত্য ; সুরবিরোধী ; দেবরাজের শত্রু ; ইতিঅমরকোষ।

ইন্দ্রাশন, পু. বি. (ইন্দ্র-অশ, দ্রব্যভেদ, অনট) সম্বি দারক্ষ ; সিদ্ধি ; ভাঙ্গ ; গুঞ্জা ; কুঁচ ; ইতিশব্দমালা।

ইন্দ্রিয়, ক্লী. বি. (ইন্দ্র, অঙ্গাদি, ইয়) চক্ষুঃ শ্রোত্রঘ্রাণ জিহ্বা ত্বক্ ও মন—জ্ঞানসাধন এইছয় ; এবং বাক্য পানি পাদ পায়ু ও উপস্থ—কর্ম্মসাধন এই পাচঅঙ্গ ; মনঃ বুদ্ধি অহঙ্কার চিত্ত অন্তরিন্দ্রিয় এইচারি ; যথা—ক্রমে ইন্দ্রিয়পাশে বদ্ধ হইতে থাকে ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ৫ পৃষ্ঠা।

শুক্র ; তেজঃ ; বীর্য্য ; রেতঃ ; ইতি অমরকোষ।

ইন্দ্রিয়গণ, ক্লী. বি. (ইন্দ্রিয়-গণ, দল, অল) ইন্দ্রিয় সমূহ ; একাদশেন্দ্রিয় ; চক্ষু কর্ণ প্রভৃতি ; ইতি বিশ্ব।

ইন্দ্রিয়গোচর, ত্রি. বিণ. [ইন্দ্রিয়-গোচর, বিষয়, চ্বি] ইন্দ্রিয়ের বিষয় ; জ্ঞানগম্য ; জ্ঞানপথবর্ত্তী।

ইন্দ্রিয়গ্রাহ্য, ত্রি. বিণ. (ইন্দ্রিয়-গ্রহ, গ্রহন, ঘ্যণ) জ্ঞান গম্য ; বিষয় অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধাদি ; ইতিহলায়ুধ। যাহা জ্ঞানের বিষয়।

ইন্দ্রিয়ঘ্ন, ত্রি. বিণ. (ইন্দ্রিয়-হন, হনন, টক) ইন্দ্রিয়নাশক ; রোগ বিশেষ ; ইন্দ্রিয় হন্তা ; ইতিজটাধর।

ইন্দ্রিয়দমন, ক্লী. বি. (ইন্দ্রিয়-দম, দমন, অনট) কামাদি নিগ্রহ ; ইন্দ্রিয়ের বশীকরণ ; চক্ষুরাদির বিষয়বিরাগ ; যথা—রাজা বিবিধ যজ্ঞানুষ্ঠান এবং ইন্দ্রিয়দমন ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১০৬ পৃষ্ঠা।

ইন্দ্রিয়দোষ, পু. বি. (ইন্দ্রিয়-দুষ, দোষ, অল) কামাদিদোষ ; কামুকতা ; লম্পটতা ; ইতিমেদিনী।

ইন্দ্রিয়নিগ্রহ ; পু. বি. (ইন্দ্রিয়-নি-গ্রহ, দমন, অল) ইন্দ্রিয়দমন ; চক্ষুরাদি ইন্দ্রিয়ের শাসন ; ইতি বিশ্ব।

ইন্দ্রিয়বিকার, পু. বি. (ইন্দ্রিয়-বি-কৃ, করণ, ঘঞ) ইন্দ্রিয়ের বৈপরীত্য ; ইন্দ্রিয় বিকল ; যথা—তোমার আজি অভূতপূর্ব্ব এরূপ ইন্দ্রিয় বিকার কেন হইল ? ধৈর্য্য, গাম্ভীর্য্য, বিনয়, লজ্জা, জিতেন্দ্রিয়তা প্রভৃতি তোমার স্বাভাবিক সদ্গুণ সকল কোথায় গেল ? ইতি কাদম্বরী ৫০ পৃষ্ঠা।

ইন্দ্রিয়বিষয়, ত্রি. বিণ. (ইন্দ্রিয়-বি-ষি, গ্রহণ, অল) ইন্দ্রিয়গ্রাহ্য ; ইন্দ্রিয় গোচর ; দৃষ্ট্যাদির পথবর্ত্তী।

ইন্দ্রিয়সংযম, ক্লী. বি. (ইন্দ্রিয়-সং-যম, ব্যবহার, অল) ইন্দ্রিয় আচারবিশেষ ; যথা—যে মনুষ্যের ধৈর্য্য ও ইন্দ্রিয় সংযম আছে তিনিই যথার্থ ধার্ম্মিক। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২৪৪ পৃষ্ঠা।

ইন্দ্রিয়স্বাপ, পু. বি. (ইন্দ্রিয়-স্বপ, ধ্বংস, ঘঞ) প্রলয় ; কল্পান্ত ; লয় ; ধ্বংস ; বিনাশ ; ইতি ধরনি।

ইন্দ্রিয়াগোচর, ত্রি. বিণ. [ইন্দ্রিয়-অ-গোচর, বিষয়, চ্বি] ইন্দ্রিয়ের অগোচর ; যাহাজ্ঞান গম্যনহে।

ইন্দ্রিয়ায়তন, ক্লী. বি. [ইন্দ্রিয়-আয়তন, আধার, চ্বি] শরীর ; দেহ ; ইতিহেমচন্দ্র। তনু ; ইতি মেদিনী।

ইন্দ্রিয়ার্থ, পু. বি. (ইন্দ্রিয়-অর্থ, বিষয়ভেদ, অল) ইন্দ্রিয় জন্যজ্ঞান বিষয় ; ইন্দ্রিয় ভোগ্য বস্তু ; রূপ ; শব্দ ; গন্ধ ; রস ; স্পর্শ ; বিষয় ; গোচর।

ইন্দ্রেজ্য, পু. বি. (ইন্দ্র-ইজ, ব্যক্তিভেদ, য) বৃহস্পতি ; সুরাচার্য্য ; গুরু ; ইতি শব্দরত্নাবলী।

ইন্ধন, ক্লী. বি. (ইধ, তৃণাদি, অনট) অগ্নিসন্দীপন ; তৃণ কাষ্ঠাদি ; জ্বালানি কাষ্ঠাদি ; সমিৎ ; ইতি অমরকোষ। যথা—পরশনে তনু জ্বলে ইন্ধন সমান। ইতি কর্ম্মদেবী ৪৮ পৃষ্ঠা।

ইন্‌সাফ, ক্লী. বি. (যাং) বিচার ; ন্যায় অন্যায় বিবেচনা ; সত্য মিথ্যা পর্য্যালোচনা করিয়া দেখা।

ইব, (ব্য.) সাদৃশ্য ; সাম্য ; তুল্যতা ; সমতা।

ইভ, পু. স্ত্রী. বি. (ই-ভা, দীপ্তি, ড) হস্তী ; হস্তিনী ; কুঞ্জর ; গজপত্নী ; করেণু স্ত্রীবিশেষ।

ইভকণা, স্ত্রী. বি. (ইভ-কণ, দ্রব্যভেদ, ও-আ) গজপিপ্‌পলী ; গজপিপ্পুল ; ইতি রত্নমালা।

ইভদন্তা, স্ত্রী. বি. (ইভ-দন্ত, দ্রব্যভেদ, ও-আ) নাগদন্তী বৃক্ষ ; উদ্ভিজ্জবিশেষ ; ইতি হলায়ুধ।

ইভদলিত, ত্রি. বিণ. (ইভ-দল, দলন, ক্ত) হস্তিদলিত; যাহা হস্তীতে মাড়িয়াছে; যথা—কোন স্থানে উন্মীলিত স্বর্ণ চম্পকের সুগন্ধে কোথাও বা ইভদলিত সর্জ্জতরুর নির্য্যাসের আমোদে বিপিন আমোদিত হইয়াছে। ইতি রোমাবতী ৬৭ পৃষ্ঠা।

ইভনিমীলিকা, স্ত্রী. বি. (ইভ নিমীল, দর্শন, ইক-আ) বৈদগ্ধী; ভঙ্গী; অসম্যক দর্শন; মিট্ মিট্ করিয়া দেখন; উদ্ভিজ্জবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

ইভপালক, পু. বি. (ইভ-পাল, রক্ষণ, ণক) হস্তিপক; মাহুৎ; যে হস্তিকে রক্ষণাবেক্ষণ করে; ইতি ধরণি।

ইভমাচল, পু. বি. (ইভং-আ-চল, হনন, অল) সিংহ; কেশরী; মৃগরাজ; পশুরাজ; ইতি অমরকোষ।

ইভাখ্য, পু. বি. (ইভ-আ-খ্যা, নাম, ড) বৃক্ষবিশেষ; নাগকেশর বৃক্ষ; ইতি ত্রিকাণ্ডশেষ।

ইভোষণা, স্ত্রী. বি. (ইভ-উষ, দ্রব্যভেদ, অন-আ) দ্রব্যবিশেষ; গজপিপ্পলী; গজপিপুল।

ইভ্য, ত্রি. বিণ. (ইভ, ধন, য) ধনবান; ধনী; ধনশালী।

ইভ্যা, স্ত্রী. বি. (ইভ, জীবভেদ, য-আ) হস্তিনী;

ইমন, ক্লী. বি. (ই, গমন, মন) স্বরমিলন; রাগিণীভেদ।

ইমন কল্যাণ, ক্লী. বি. [ইমন-কল্যাণ, মিলন, চ্বি] স্বরের মিলন; রাগিণী বিশেষ; স্বনামবিখ্যাত রাগিণী।

ইমন কেদারা, ক্লী. বি. [ইমন-কেদারা, মিলন, চ্বি] স্বরের মিলন; রাগিণী বিশেষ; ইতি অমরকোষ।

ইমান, ক্লী. বি. (যাং) বিশ্বাস; ধর্ম্ম; আত্মদোষাদোষ জ্ঞান; স্থায়িত্ব; দৃঢ়তা; কঠিনতা; ইতি কেচিৎ।

ইমতিহান, ক্লী. বি. (যাং) প্রমাণ; পরীক্ষা।

ইয়ং, স্ত্রী. বি. [ইদম, এই, প্রথমা] এই স্ত্রী; ইনি।

ইয়ৎ, ত্রি. বিণ. [ইদম, এই, চ্বি] কিয়ৎ সংখ্যাবোধক; এত; এতাবৎ; এই পরিমাণ; এই; ইতি মেদিনী।

ইয়ত্তা, স্ত্রী. বি. [ইয়ৎ, সখ্যা, তা] এতাবত্ত্ব; এত পরিমাণ; সীমা; পরিচ্ছেদ; সংখ্যা; যথা—তাহার ইয়ত্তা করা যায় না ইতি রোমাবতী ১৫২ পৃষ্ঠা।

ইয়ত্তারাহিত, ত্রি. বিণ. (ইয়ত্তা-রহ, বর্জন, ক্ত) অসীম; অপরিমিত; সংখ্যাতীত; যাহার পরিমাণ নাই।

ইয়ামন, ক্লী. বি. (ইয়ৎ, স্বরভেদ, মন) মিশ্রিতরাগিণী বিশেষ; যাহা আমীর খসরু কর্ত্তৃক রচিত হয়।

ইরণ, ত্রি. বিণ. (ইর, স্থানভেদ, অনট) শূন্য; মরু; ক্ষারভূমি; ঊষরভূমি; ইতি অমরকোষটীকা।

ইরম্মদ, পু. বি. (ইরং-মদ, দীপ্তি, অল) বজ্রাগ্নি; মেঘজ্যোতি; বিদ্যুদগ্নি; যথা—দেখেছি দ্রুত ইরম্মদে, দেব, ছুটিতে পবন পথে ইতি মেঘনাদ বধকাব্য ৯ পৃষ্ঠা।

ইরা, স্ত্রী. বি. (ইর, বচন, ড-আ) ভূমি; বাক্য; মদ্য; জল; বাণী; পৃথ্বী; সুরা; সরস্বতী।

ইরাচর, ক্লী. বি. (ইর-আ-চর, জীবভেদ, অল) করকা; বৃষ্টির শীল; (ত্রি. বিণ.) জলচর; ভূচর।

ইরাজ, পু. বি. (ইরা-জন, জনন, ড) কন্দর্প; কাম।

ইরাবতী, স্ত্রী. বি. (ইরা, দ্রব্যভেদ, বতু-ঈ) বটপত্রী বৃক্ষ; পাষাণভেদীবিশেষ; নদীভেদ; (পু.) সমুদ্র।

ইরিণ, ক্লী. বি. (ইর, স্থানভেদ, ইন) শূন্য; ঊষরভূমি; ক্ষার ভূমি; মরুভূমি; ইতি অজয়।

ইরিবেল্লিকা, স্ত্রী. বি. (ইরি-বেল্ল, পীড়াভেদ, ইক-আ) মস্তকোদ্ভব ব্রণজন্য পীড়াবিশেষ; শিরোরোগ।

ইরিমেদ, পু. বি. (ইরি-মিদ, দ্রব্যভেদ, অল) অরিমেদ; বিট খদির; ইতি শব্দরত্নাবলী। দ্রব্যভেদ।

ইরেশ, পু. বি. (ইর-ঈশ, পতি, ক) বিষ্ণু; রাজা; বাগীশ; বরুণ; প্রধান; প্রভু; ইতি হলায়ুধ।

ইর্ব্বারু, পু. স্ত্রী. বি. (ইরু-ঋ, ফলভেদ, ঞু) ফল বিশেষ; কর্কটী; কাঁকুড়; ফুটি; ইতি অমরকোষ।

ইর্ব্বারুশুক্তিকা, স্ত্রী. বি. (ইর্ব্বারু-শুক্ত, ফলভেদ, ইক-আ) ইর্ব্বারু বিশেষ; পক্ককর্কটী; ফুটী; ইতি বিশ্ব।

ইর্ম্মন, ক্লী. বি. (ইর, পীড়াভেদ, মন্) ব্রণ; ক্ষত; ঘা।

ইলবিলা, স্ত্রী. বি. (ইলবিল, ব্যক্তিভেদ, ড-আ) কুবেরমাতা; বিশ্রবা মুনিপত্নী; ইতি পুরাণ।

ইলশা, স্ত্রী. বি. (ইলীশ, মৎস্যভেদ, ক) ইলীশের প্রচলিত ভাষা; ইল্লিশমৎস্য; স্বনাম খ্যাত মৎস্য।

ইলা, স্ত্রী. বি. (ইল, ব্যক্তিভেদ, ড-আ) বৈবস্বত মনু কন্যা; ইক্ষ্বাকু রাজ কন্যা; যথা—লজ্জা পাইয়া ইলা রাজা আপনা পাসরে। ইতিরামায়ণ ৪৬ পৃষ্ঠা। বৌদ্ধপত্নী; পৃথিবী; ধেনু; বাণী; ইতি মেদিনী।

ইলাবৃত, ক্লী. বি. (ইল-আ-বৃ, বরণ, ক্ত) জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত চতুর্থ বর্ষ; ইতি শব্দরত্নাবলী।

ইলিকা, স্ত্রী. বি. (ইল, দ্রব্যভেদ, ইক-আ) পৃথিবী; ধরিত্রী; ধরণী; মেদিনী; ইতি শব্দরত্নাবলী।

ইলী, স্ত্রী. বি. (ইল, অস্ত্রবিশেষ, ঈ) করপালিকা; হাতছুরি; ইতি অমরকোষ। যে অস্ত্র হাতে থাকে।

ইলীশ, পু. বি. (ইলীশ, মৎস্যভেদ, ক) স্বনামখ্যাত মৎস্যবিশেষ; ইলিশমাচ; ইতিশব্দরত্নাবলী।

ইলেক, ক্লী. বি. (লেখ, চিহ্ন, আ) লেখারভাষা; চিহ্ন; দাগ; রেখা; অঙ্ক; নিশানা; ইতি মেদিনী।

ইল্লৎ; ক্লী. বি. (যাং) বিষ্ঠা; মল; (ত্রি. বিণ.) ময়লা; অপরিষ্কার; যাহা পরিচ্ছন্ন নহে; ইতি বিশ্ব।

ইল্লিশ, পু. বি. (ইলীশ, মৎস্যভেদ, ক) মৎস্যবিশেষ।

ইশারা, ক্লী. বি. (যাং) ইঙ্গিত; সঙ্কেত; ঠার।

ইশতিহার, ক্লী. বি. (যাং) বিজ্ঞাপন; ঘোষণা; প্রকাশকরা; প্রচার করা; সকলকে জানান; ইতিবিশ্ব।

ইষ, পু. বি. (ইষ, মাসভেদ, ক) আশ্বিনমাস; আশ্বযুজ; শরতের দ্বিতীয়মাস; ইতি অমরকোষটীকা।

ইষির, পু. বি. (ইষ, দ্রব্যভেদ, ইর) অগ্নি; আগুন।

ইষীকা, স্ত্রী. বি. (ইষ, দ্রব্যভেদ, ঈক-আ) গজাক্ষিকূটক; হস্তিচক্ষুর্গোলক; তুলি; লেখনীভেদ; কাশতৃণ; কেশে; কুশ; শরের মধ্যস্থপত্র। ইতি হেমচন্দ্র।

ইষু, পু. স্ত্রী. বি. (ইষ, দ্রব্যভেদ, উ) বাণ; শর; তীর; যথা—ইষুর সহিত জ্যা যোজনা করত ইতি নৈষধচরিত ১৬ পৃষ্ঠা।

ইষুধি, পু. স্ত্রী. বি. (ইষু-ধা, আধারভেদ, কি) তূণ; তূণীর; বাণাধার; ইতি অমর। যাহাতে বাণথাকে।

ইষুপুষ্পা, স্ত্রী. বি. (ইষু-পুষ্প, বৃক্ষভেদ, ঙ-আ) শরপুষ্পাবৃক্ষ; শরগাছ; কাশতৃণের গাছ; ইতি বিশ্ব।

ইষ্ট, পু. বি. (ইষ, ইচ্ছা, ক্ত) যজ্ঞ; এরণ্ডবৃক্ষ; (ক্লী) যজ্ঞাদি কর্ম্ম; যথেপ্সিত; কাম; সংস্কার; ইচ্ছা, ইতি মেদিনী। (ত্রি. বিণ.) আশংসিত; পূজিত; প্রিয়; প্রশংসিত; বাঞ্ছিত; যথা—পরে ইষ্ট সিদ্ধি হইলে অবশ্যই সুখ সম্পত্তি লাভ হইবেক ইতি বিরাটপর্ব্ব ৮ পৃষ্ঠা।

ইষ্টকা, স্ত্রী. বি. (ইষ, দ্রব্যভেদ, তক-আ) দগ্ধমৃত্তিকা খণ্ড; ইট; ইতি লীলাবতী। ইষ্টক; পাটকেল।

ইষ্টকাপথ, ক্লী. বি. (ইষ্টক-আ-পথ, দ্রব্যবিশেষ, অল) বীরণমূল; বেণারমূল; ইষ্টক নির্ম্মিত পত্রবিশেষ।

ইষ্টগন্ধ, ক্লী. বি. (ইষ্ট-গন্ধ, ঘ্রাণ, অল) বালুকা; (ত্রি. বিণ.) সুগন্ধিদ্রব্য; সুগন্ধবিশিষ্ট; সৌরভ।

ইষ্টদাতা, পু. বি. (ইষ্ট-দা, দান, তৃন) অভীষ্টদাতা; যে ইষ্ট দেয়; যথা—তত্রত্য যাবতীয় ব্যক্তি ইষ্টদাতা ও শুভদ্বেষ্টা ইতি বিরাটপর্ব্ব ৫৭ পৃষ্ঠা।

ইষ্টদেব, পু. বি. (ইষ্ট-দেব, দেবতা, অল) মন্ত্রদাতা; দীক্ষাগুরু; অভীষ্টদেবতা; উপাস্যদেবতা; পূজিতদেব; যথা—সুতরাং এরূপ লোকনাথ ইষ্টদেব অর্থাৎ পূজিত দেব যে নল ভূপাল তন্নিকটে কোন্ জন ইষ্টসাধনার্থ যাচ্ঞানাকরে? ইতিনৈষধচরিত৮৮পৃষ্ঠা।

ইষ্টদেবতা, পু. স্ত্রী. বি. [ইষ্ট-দেব, দেবতা, তা] উপাস্য দেবতা; গুরু; ইতি অমরকোষ।

ইষ্টসাধন, ক্লী. বি. (ইষ্ট-সাধ, সাধন, অনট) মনোবাঞ্ছা পরিপূরণ; মানস সফল; ইষ্টসেবা; অভিলষিত সমাপন; যথা—এক্ষণে পথে তোমার মঙ্গল হউক, আর ইষ্টসাধন সমাপনানন্তর ত্বরায় আসিয়া আমার সহিত মিলিত হও. ইতি নৈষধচরিত ৬৪ পৃষ্ঠা।

ইষ্টা, স্ত্রী. বি. (ইষ, বৃক্ষভেদ, ক্ত-আ) সমীবৃক্ষ; শাঁইগাছ; বৃক্ষবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

ইষ্টানিষ্ট. ত্রি. বিণ. (ইষ্ট-অন্-ইষ, ইচ্ছা, ক্ত) ন্যায় অন্যায়; যথা অযথা; ভালমন্দ; যথা—যিনি রাত্রিতে শয়ন এবং দিবাভাগে উপবিষ্ট হইয়া ইষ্টানিষ্ট সমুদায় সন্দর্শন করিতেছেন সেই দর্শক স্বরূপকে নমস্কার। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৭০ পৃষ্ঠা।

ইষ্টাপূর্ত্ত, ক্লী. বি. (ইষ্ট-আ-পৃ, কর্ম্মভেদ, ক্ত) যজ্ঞখাতাদি কর্ম্ম; সাধারণহিতার্থ যজ্ঞ কূপাদি খনন প্রভৃতি কর্ম্ম; পুষ্করিণী খনন প্রভৃতি; ইতি বিশ্ব।

ইষ্টালাপ, ক্লী. বি. (ইষ্ট-আ-লপ, কথন, ঘঞ) অভিলষিত কথোপকথন; মানসিক কথোপকথন; যথা—ক্ষুধা তৃষা কৃশা, বিশ্রামেতে বিলসিত, নানাবিধ ইষ্টালাপে হয়ে হরষিত। ইতি কর্ম্মদেবী ২ পৃষ্ঠা।

ইষ্টার্থোদ্যুক্ত, ত্রি. বিণ. (ইষ্টার্থ-উৎ-যুজ, উদ্যোগ, ক্ত) উৎসুক; উৎসাহযুক্ত; ইতি অমরকোষ।

ইষ্টি, স্ত্রী. বি. (ইষ, ইচ্ছা, ক্তি) যাগ; অভিলাষ; ইচ্ছা; যজ্ঞ; শ্লোকসংগ্রহ; ইতি মেদিনী।

ইষ্টিপচ, পু. বি. (ইষ্টি-পচ, ব্যক্তিভেদ, অল) দনুজ, অসুর; ইতি শব্দরত্নাবলী। দেবারি; সুরবিরোধী।

ইষ্টু, স্ত্রী. বি. (ইষ, ইচ্ছা, তু) অভিলাষ; ইচ্ছা।

ইষ্ম, পু. বি. (ইষ, বাঞ্ছা, ম) কামদেব; বসন্তকাল।

ইষ্য, পু. বি. (ইষ, বাঞ্ছা, য) বসন্তকাল; ইতিবিশ্ব।

ইষ্ব, পু. বি. (ইষ, ইচ্ছা, ব) উপদেষ্টা; উপদেশক; মন্ত্রদাতা; ইতি উণাদিকোষ। উপদেষ্টা।

ইষ্বাস, পু. বি. (ইষু-আস, ব্যক্তিভেদ, অল) ধনু;

কার্ম্মুক; শরাসন; (ত্রি. বিন.) ইষুক্ষেপক; তিরন্দাজ; ইতি মেদিনী। যে বাণক্ষেপণে পটু।

ইস্, (ব্য.) আশ্চর্য্যবোধক; বিস্ময়বোধক।

ইস্তক, ক্রিবিণ. (ইস, সীমা, তক) অবধি; পর্য্যন্ত।

ইস্তক লাগাদি, ক্রিবিণ. (যাং) অবধি পর্য্যন্ত; সমবেত; একত্রে; ভুক্ত; আজি পর্য্যন্ত; ইতি মেদিনী।

ইস্তিয়াফা, ক্লী. বি. (যাং) অপরাধমার্জ্জন; ত্যাগ।

ইস্ত্রি, ক্লী. বি. (যাং) বস্ত্র ঘর্ষণার্থ যন্ত্র বিশেষ।

ইস্পাত, ক্লী. বি. (যাং) পরিষ্কৃত লৌহ; ধার।

ইহ, (ব্য.) এইস্থানে; এইকালে; এইদেশে।

ইহকাল, পু. বি. (ইহ-কাল, সময়, অল) এইকাল; ইহলোক; এই সময়; এক্ষণ; ইতি অমরকোষ।

ইহলোক, পু. বি. (ইহ-লোক, সময়, অল) ইহকাল; এইজন্ম; এসংসার; যথা-ইহলোকে সুখ ও পরলোকে পরিত্রাণ, ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা।

ইক্ষু, পু. বি. (যজ, দ্রব্যভেদ, সু) স্বনামখ্যাত তৃণ; আক্‌গাছ; অসিপত্রবৃক্ষ; গুড়তৃণ; রসাল; মধুতৃণ।

ইক্ষুকাণ্ড, পু. বি. (ইক্ষু-কাণ্ড, দ্রব্যভেদ, অল) ইক্ষু; শরমুঞ্জ; কাশতৃণ; গুড়তৃণ; ইতি শব্দচন্দ্রিকা।

ইক্ষুগন্ধা, স্ত্রী. বি. (ইক্ষু-গন্ধ, উদ্ভিদভেদ, অল) গোক্ষুরবৃক্ষ; গোখুরী; শুক্ল ভুমিকুষ্মাণ্ড; কাশতৃণ।

ইক্ষুগন্ধিকা, স্ত্রী. বি. (ইক্ষু-গন্ধ, দ্রব্যভেদ, ইক-আ) ভুমি কুষ্মাণ্ড; ভুঁইকুমড়া; ইতি শব্দরত্নাবলী।

ইক্ষুতুল্যা, স্ত্রী. বি. (ইক্ষু-তুল, সমতা, য-আ) তৃণ বিশেষ; ইক্ষুবালিকা; আনাখু, কেশে; ইতিবিশ্ব।

ইক্ষুনেত্র, ক্লী. বি. (ইক্ষু-নী, দ্রব্যভেদ, ত্র) ইক্ষুমূল; আউকের চোক; আকের গাঁইট বিশেষ।

ইক্ষুপ্র, পু. বি. (ইক্ষুপ, তৃণভেদ, র) শরতৃণ।

ইক্ষুবাটিকা, স্ত্রী. বি. (ইক্ষু-বট, দ্রব্যভেদ, নিক-আ) পুণ্ড্রকইক্ষু; পুঁড়িআকু; শ্বেতবর্ণ আউক।

ইক্ষুবালিকা, স্ত্রী. বি. (ইক্ষু বাল, তৃণভেদ, ইক-আ) ইক্ষুতুলা; কাশতৃণ; কেশিয়া; ইতিরত্নমালা।

ইক্ষু-যোনি, পু. বি. (ইক্ষু-যুন, দ্রব্যভেদ, ই) পুণ্ড্রক ইক্ষু; পুড়ি আকু; আউকবিশেষ; ইতি মেদিনী।

ইক্ষুরস, পু. বি. (ইক্ষু-রস, ক্বাথ, অল) ইক্ষুরক্বাথ; কাশতৃণ; কেশিয়া; ইতিভাব প্রকাশ। আউকরস।

ইক্ষুরসক্বাথ, পু. বি. (ইক্ষু-রস-ক্বাথ, রস, অল) গুড়; খাঁড়; মিষ্টদ্রব্য বিশেষ; ইতি মেদিনী।

ইক্ষুরসোদ, পু. বি. (ইক্ষু-রস-উদ, আধার, অল) ইক্ষুসমুদ্র; সাগরবিশেষ; ইতি অমরকোষ।

ইক্ষুশাকট, ক্লী. বি. (ইক্ষু-শাকট, ক্ষেত্রভেদ, অল) ইক্ষুক্ষেত্র; ইক্ষুরভুমি; যে ক্ষেত্রে আকুহয়; ক্ষেত।

ইক্ষুসার, পু. বি. (ইক্ষু-সৃ, গমন, ঘঞ) গুড়; খাড়।

ইক্ষ্বাকু, পু. বি. (ইক্ষ্বু-অক, ব্যক্তিভেদ, ঞু) বৈবস্বত মনুপুত্র; সূর্য্যবংশীয় প্রথমরাজা; স্বনামবিখ্যাত রাজাবিশেষ; (স্ত্রী.) কটুতুম্বী; তিতলাউ; ইতিমেদিনী।

ইক্ষ্বারি, পু. বি. (ইক্ষ্বু-অরি, তৃণভেদ, কিপ) কাশতৃণ; কেশে ঘাস; শরের গাছ; ইতি জটাধর।

ইক্ষ্বালিক, পু. বি. (ইক্ষ্বু-আল, তৃণভেদ, ইক) তৃণ বিশেষ; কাশতৃণ; কেশেঘাস; ইক্ষুতুল্যা; খাগড়া।

ঈ

ঈ, দীর্ঘঈকার; চতুর্থস্বরবর্ণ; ইহাতালু হইতেউচ্চারিত।
ঈঃ (ব্য.) বিষাদ; অনুকম্পা; যন্ত্রণা বোধক; ক্রোধাদি সূচক; দুঃখভাবনা; প্রত্যক্ষ; সন্নিধি; ইতিহেমচন্দ্র।
(পু. বি.) কন্দর্প; (স্ত্রী.) লক্ষ্মী; ইতিবিশ্ব।
ঈকার, পু. বি. (ঈ-কৃ, করণ, ঘঞ) ঈঅক্ষর; ঈবর্ণ।
ঈঙ্গিত, ত্রি. বিণ. (ঈঙ্গ, ইশারা, ক্ত) সঙ্কেত; ঠার; মনোগত ভাব; ইশারা; ইতি অমরকোষ।
ঈঙ্গিতজ্ঞ, ত্রি. বিণ. (ঈঙ্গিত-জ্ঞা, পরিজ্ঞান, ড) ঠার পরিজ্ঞাত; যে মনোগতভাব বুঝিতে পারে; যথা—বুদ্ধিমান লোক গৃধ্রের ন্যায় দূরদর্শী, বকের ন্যায় নিশ্চল, কুক্কুরের ন্যায় জাগরূক, সিংহেরন্যায় বিক্রান্ত, কাকের ন্যায় ঈঙ্গিতজ্ঞ হইবে ইতি মহাভারত শান্তিপর্ব্ব ২২৭ পৃষ্ঠা।
ঈড়া, স্ত্রী. বি. (ঈড়, স্তব, ঙ-আ) স্তুতি; স্তব; প্রশংসা; নাড়ী বিশেষ; গুণকথন; প্রতিষ্ঠা; শ্লাঘা।
ঈড়িত, ত্রি. বিণ. (ঈড়, স্তব, ক্ত) স্তুত; নুত; কৃতস্তব।
ঈড্য, ত্রি. বিণ. (ঈড়, স্তব, য) স্তুত্য; স্তবনীয়; স্তবের যোগ্য; গুণ কথনের যোগ্য; ইতি মেদিনী।
ঈড়মান, ত্রি. বিণ. (ঈড়, স্তব, শান) স্তূয়মান।
ঈতি, স্ত্রী. বি. (ঈ, গতি, ক্তি) ডিম্ব; প্রবাস; কৃষির ছয় প্রকার উপদ্রব; অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী, এবং নিকটস্থ শত্রুরাজা, শস্যের এই ষড়্বিধ বিঘ্ন। ইতিস্মৃতি। যথা—এই ষড়্বিধ কৃষির উপদ্রবের নাম ঈতি। ইতি নৈষধচরিত ৪ পৃষ্ঠা।
ঈদ, ক্লী. বি. (যাং) মুসল মানের পর্ব্ব অথবা পরব।
ঈদৃক্, ত্রি. বিণ. (ইদম-দৃশ, তুল্যতা, ক্বিপ্) এবম্ভূত; এইরূপ; এতৎসদৃশ; ইহারন্যায়; এইপ্রকার; যথা—এতাদৃশ বল, ঈদৃশ বীর্য্য, এবম্বিধ শৌর্য্য ও ঈদৃক্ প্রতাপে ধিক, ইতিবিরাটপর্ব্ব ২৮ পৃষ্ঠা।
ঈদৃশ, ত্রি. বিণ. (ইদম-দৃশ, তুল্যতা, অল) এইপ্রকার; এইরূপ; এতৎ সদৃশ; যথা—আমার ক্লেশ ও দৌর্ভাগ্যের অবশ্যম্ভাবিতা প্রযুক্ত ইতি কাদম্বরী ৪৮ পৃষ্ঠা।
ঈদৃশাবস্থা, স্ত্রী. বি. (ঈদৃশ-অব-স্থা. স্থিতি, অল) এইরূপ দশা; এরকম সময়; যথা—আপনি ঈদৃশাবস্থাতে কাহারও নয়নগোচর হয়েন তাহা আমি কোন মতেই অভিলাষ করি না। ইতি রোমাবতী ১৫৭পৃষ্ঠা।
ঈদৃক্ষ, ত্রি. বিণ. (ইদম-দৃশ, তুল্যতা, স) এবম্ভূত; এতৎসদৃশ; এইপ্রকার; এই রকম; ইতি ধরণি।
ঈপ্সিত, ত্রি. বিণ. (আপ, ইচ্ছা, সন্—ক্ত) বাঞ্ছিত; অভিলষিত; যথা—অন্য জন ও ঈপ্সিত বস্তু না পাইয়া কিঞ্চিৎ সাধর্ম্ম্য দেখিয়া তৎসদৃশ অন্য বস্তু অগত্যা গ্রহণ করে, ইতি নৈষধচরিত ৮৭ পৃষ্ঠা।
(ক্লী. বি.) মনোরথ; ইচ্ছা; মনের বাসনা।
ঈপ্সু, ত্রি. বিণ. (আপ, ইচ্ছা, সন্—উ) পাইতে ইচ্ছুক; প্রাপ্ত হইতে যাহার অভিলাষ আছে।
ঈরিণ. ক্লী. বি. (ঈর, গতি, ইন) শূন্য; উষরভূমি; অচসাক্ষেত; যে ভূমিকর্ষণ করা হয়নাই; ইতি বিশ্ব।
ঈরিত, ত্রি. বিণ. (ঈর, গমন, ক্ত) প্রেরিত; ক্ষিপ্ত; বিসর্জ্জিত; চালিত; কথিত; কম্পিত; ইতিমেদিনী।
ঈর্ব্বারু, পু. বি. [ঈর্ব্বারু, ফলভেদ, চি] ফুটি; ফুটি; কাঁকুড়; ফলবিশেষ; ইতি অমরকোষ।
ঈর্ম্ম, ক্লী. বি. (ঈর, গমন, ম) ব্রণ; বিস্ফোটিকা; ক্ষত।
ঈর্য্যা, স্ত্রী. বি. (ঈর, গমন, য-আ) ভিক্ষুব্রত।
ঈর্ষা, স্ত্রী. বিণ. (ঈর্ষ, হিংসা, ঙ-আ) অক্ষমা; ক্ষমা রাহিত্য; পরশ্রীকাতরতা; দ্বেষ; হিংসা; ইতিবিশ্ব। যথা—ঘৃণা ও ঈর্ষা পরিত্যাগ পূর্ব্বক পবিত্র হওয়া তাঁহার নিতান্ত আবশ্যক। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১১০ পৃষ্ঠা।

ঈর্ষালু, ত্রি. বিন. (ঈর্ষ, হিংসা, আলু) পরশ্রীকাতর; দ্বেষযুক্ত; ঈর্ষাবিশিষ্ট; হিংসাযুক্ত; ইতিঅমর।

ঈর্ষ্যা, স্ত্রী. বি. (ঈর্ষ, হিংসা, য-আ) পরশ্রীকাতর্য্য; অক্ষান্তি; হিংসা; পরোৎকর্ষে অসহিষ্ণুতা; যথা—কেহ কাহারও অসূয়া বা ঈর্ষ্যা করিবে না, ইতি বিরাটপর্ব্ব ৫৬ পৃষ্ঠা।

ঈর্ষ্যানল, পু. বি. (ঈর্ষ্যা-অনল, অগ্নি, অল) দ্বেষানল; হিংসাস্বরূপ অগ্নি; যথা—মাতা যখন আপন স্বামীর ঐ অভিলাষ অবগত হইলেন তখন তাঁহার ঈর্ষ্যানল আরও প্রজ্বলিত হইয়া উঠিল। ইতি রোমাবতী ৯৭ পৃষ্ঠা।

ঈর্ষ্যান্বিত, ত্রি. বিন. (ঈর্ষ্যা-অনু-ই, গমন, ক্ত) হিংসক; ঈর্ষ্যাকারী; যথা—দেখিলেই অমনি যেন ঈর্ষ্যান্বিত হন ও তৎক্ষণাৎ ভঙ্গের চেষ্টা পান। ইতি কাদম্বরী ৭১ পৃষ্ঠা।

ঈর্ষ্যাবান, ত্রি. বিন. [ঈর্ষ্যা, হিংসা, বতু] ঈর্ষ্যাবিশিষ্ট; হিংসান্বিত; দ্বেষ যুক্ত; যাহার অত্যন্ত হিংসা।

ঈর্ষ্যালু, ত্রি. বিন. (ঈর্ষ্য, হিংসা, আলু) ঈর্ষাবিশিষ্ট; অক্ষান্তিযুক্ত; হিংসান্বিত; ইতিহেমচন্দ্র।

ঈলি, স্ত্রী. বি. (ঈল, দ্রব্যভেদ, ই) ক্ষুদ্রগদাকার হস্তদণ্ড; সোঁটা; করস্থিতছুরী; ইতিসার সুন্দরী।

ঈলিত, ত্রি. বিন. (ঈড়, স্তব, ক্ত) স্তুত; কৃতস্তব।

ঈলী, স্ত্রী. বি. (ঈল, অস্ত্রভেদ, ঈ) করপালিকা; হাতছুরী; যে অস্ত্র সর্ব্বদা হস্তেই থাকে; ইতি বিশ্ব।

ঈশ, পু. বি. (ঈশ, পতি, ক) শিব; মহাদেব; ঈশান কোণাধিপতি; (ত্রি. বিন.) ঈশ্বর; প্রভু; স্বামী; নিয়ন্তা; প্রধান; সমর্থ; ইতিহেমচন্দ্র।

ঈশসখা, পু. বি. [ঈশ-সখি, বন্ধুতা, প্রথমা] কুবের; যক্ষরাজ; ত্র্যম্বকসখ; ধনাধিপ; কিন্নরেশ।

ঈশা, স্ত্রী. বি. (ঈশ, পতি, অল-আ) লাঙ্গলদণ্ড; দুর্গা; ইতিঅমরকোষ। দ্রব্যবিশেষ; ইতি কেচিৎ।

ঈশাদন্ত, পু. বি. (ঈশা-দন্ত, দাঁত, অল) বৃহদ্দন্তহস্তী; মহাদন্ত; বড়দাঁতালহাতী; ইতি মেদিনী।

ঈশান, পু. বি. (ঈশ, পতি, আন) মহাদেব; মহেশ্বর; একাদশরুদ্রের মধ্যে রুদ্রবিশেষ; শিবের অষ্টমূর্ত্তিরঅন্তর্গত সূর্য্য মূর্ত্তি (ক্লী.) জ্যোতি; যথা—হে দেব! তুমি উগ্র, স্থাণ, শিব, রুদ্র, শর্ব্ব, ঈশান ও ঈশ্বর; ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১০ পৃষ্ঠা।

ঈশানকোণ, ক্লী. বি. (ঈশান-কোণ, দিকমধ্য, অল) পূর্ব্বও উত্তর দিকের মধ্যবর্ত্তিকোণ; যথা—সে মুখ কোন্ দিকে গমন করিয়াছে, তোমরা জান? অপসরোগণ—ঈশানকোণে। ইতি বিক্রমোর্ব্বশী ৩ পৃষ্ঠা।

ঈশানী, স্ত্রী. বি. [ঈশান, প্রভু, ঈ] দুর্গা; ঈশ্বরী; শমীবৃক্ষ; ভগবতী; যথা—আদরে ঈশান ঈষৎ হাসিয়া দেব অজিন আসনে বসাইলা ঈশানীরে। ইতি মেঘনাদবধকাব্য ৫৭ পৃষ্ঠা।

ঈশিতা, স্ত্রী. বি. [ঈশ, পতি, তা] ঈশত্ব; আধিপত্য।

ঈশিতা, ত্রি. বিন. (ঈশ, পতি, তৃন্) ঈশ্বর; প্রভু; অধিপতি; ইতিঅমরকোষ। স্বামী; জগৎপাতা।

ঈশিত্ব, ক্লী. বি. [ঈশ, পতি, ত্ব] প্রভুত্ব; সর্ব্বপ্রাধান্য; সামর্থ্য; ইতিহেমচন্দ্র। সর্ব্বশ্রেষ্ঠ; ইতি ধরণি।

ঈশ্বর, পু. বি. (ঈশ, পতি, বর) শিব; কন্দর্প; পরমেশ্বর; প্রভু; অধিপতি; সমর্থ; (ত্রি. বিন.) আঢ্য; স্বামী; ইতিবিশ্ব। অধিপতি; শ্রেষ্ঠ; ইতিঅমর। যথা—কিন্তু ঈশ্বর সমীপে প্রজাগণের নিরন্তর প্রার্থনা ও দৈবের অনুগ্রহ বশতঃ ইতি রোমাবতী ৩ পৃষ্ঠা।

ঈশ্বরনিষেধ, পু. বি. (ঈশ্বর-নি-সিধ, নিষেধ, অল) নাস্তিকতা; কর্ম্ম ফলাদি কিছুই নাই এইরূপ জ্ঞান।

ঈশ্বরনিষ্ঠ, ত্রি. বিন. (ঈশ্বর-নি-ষ্ঠা, গতি, ড) ঈশ্বর ভক্ত; আস্তিক; ঈশ্বর পরায়ণ; ইতি মেদিনী।

ঈশ্বরপ্রতিষেধ, পু. বি. (ঈশ্বর-প্রতি-সিধ, নিষেধ, অল) নাস্তিকতা; পাষণ্ডতা; অজ্ঞানতা; ইতি বিশ্ব।

ঈশ্বরসাধন, ক্লী. বি. (ঈশ্বর-সাধ, সাধন, অনট) মুক্তি সাধন; যোগ; জগৎপতির সেবাকরণ।

ঈশ্বরা, স্ত্রী. বি. (ঈশ, পতি, বর-আ) দুর্গা; লক্ষ্মী; সরস্বতী; যে কোন শক্তি; ইতি শব্দরত্নাবলী।

ঈশ্বরারাধনা, স্ত্রী. বি. (ঈশ্বর-আ-রাধ, সেবা, অন-আ) ঈশ্বরসেবা; ভজনা; জগৎপতির পূজা।

ঈশ্বরী, স্ত্রী. বি. [ঈশ্বর, পতি, ঈ] পরদেবতা; অধিষ্ঠাত্রী; দুর্গা; ভগবতী; আদ্যাশক্তি; ইতি বিশ্ব।

ঈশ্বরোপাসক, পু. বি. (ঈশ্বর-উপ-আস, সেবা, ণক) পরমেশ্বরের আরাধনাকারী; আস্তিক।

ঈশ্বরোপাসনা, স্ত্রী. বি. (ঈশ্বর-উপ-আস, সেবা, অন-আ) পরমেশ্বরের ভজনা; ঈশ্বরের আরাধনা।

ঈষ, পু. বি. (ঈষ, মাসভেদ, ক) আশ্বিন মাস।

ঈষৎ, (ব্য.) অল্প; মনাক্; লেশ; কিঞ্চিৎ; যথা—

আমার কথায় তিনি ঈষৎ হাস্য করিয়া কহিলেন ইতি কাদম্বরী ৪৮ পৃষ্ঠা।

ঈষৎকর, পু. বি. (ঈষৎ-কৃ, করণ, অল) অত্যল্প; লেশ; কিঞ্চিৎ; ঈষৎ ক্রিয়মাণ বস্তু; ন্যূনপরিমাণ।

ঈষৎপাণ্ডু, পু. বি. [ঈষৎ-পাণ্ডু, রং, চ্রি] ধূসরবর্ণ; ধূলার রং; ইতিঅমরকোষ। মেটিয়াবর্ণ; ইতিকেচিৎ।

ঈষৎলোহিত, ত্রি. বিণ. (ঈষৎ-লুহ, বর্ণভেদ, ক্ত) কিঞ্চিৎ রক্তবর্ণ; অল্পরাঙ্গা; যথা—তাঁহার মুখমণ্ডল ঈষৎলোহিত বর্ণ হইয়া ব্রীড়ায় অবনত হইয়া রহিয়াছে; ইতি রোমাবতী ১৩৯ পৃষ্ঠা।

ঈষদ, ত্রি. বিণ. (ঈষদ, অল্প, ক্বিপ্) ন্যূন; কিঞ্চিৎ; অল্প; যথা—বদনমণ্ডল, চাঁদ নিরমল, ঈষদ গোঁপের রেখা। ইতি ভারতচন্দ্র ২৬৩ পৃষ্ঠা।

ঈষদুত্থিত, ত্রি. বিণ. (ঈষৎ-উৎ-স্থা, উত্থান, ক্ত) যাহা কিঞ্চিৎ উঠিয়াছে; যথা—রক্তোৎপল সমূহের ঈষদুত্থিত কলিকাচ্ছলে যে প্রবালের অঙ্কুর সমূহই বহন করিতেছে, ইতি নৈষধচরিত ৩৬ পৃষ্ঠা।

ঈষদুষ্ণ, ত্রি. বিণ. (ঈষৎ-উষ, তপ্ত, ন) অল্পতপ্ত; কোষ্ণ; কবোষ্ণ; কদুষ্ণ; মন্দোষ্ণ; কিঞ্চিৎগরম; যথা—টাইমনের অবস্থানুরূপ দ্রব্যে ভোজনপাত্র পরিপূর্ণ অর্থাৎ কেবল সধূম ঈষদুষ্ণ যৎকিঞ্চিৎ জলমাত্র তাহাতে রহিয়াছে ইতি সেক্‌সপিয়র ৩৩৯ পৃষ্ঠা।

ঈষদ্দর্শন, ক্লী. বি. (ঈষৎ দৃশ, দর্শন, অনট) কিঞ্চিদবলোকন; আড়চক্ষে দেখন; কটাক্ষেদর্শন।

ঈষদ্ধাস্য, পু. বি. (ঈষৎ-হাস, হাস্য, য) কিঞ্চিৎ হাস্য; স্মিত; অত্যল্প মুখবিকাশ; যথা—প্রস্‌পারোদুহিতার এই অবাধ্যতার লক্ষণ দর্শনে ঈষদ্ধাস্য করিলেন, ইতি সেক্‌সপিয়র ৪২ পৃষ্ঠা।

ঈষদ্বক্র, ত্রি. বিণ. (ঈষৎ-বক্র, বাঁকা, অল) অল্পবাঁকা; কিঞ্চিৎটেড়া; অল্পমাত্র হেলা; ইতি মেদিনী।

ঈষদ্রক্ত, পু. বি. (ঈষৎ-রন্‌জ, রাগ, ক্ত) অল্পলোহিত বর্ণ; অব্যক্তরাগ; অরুণ; ইতি অমরকোষ।

ঈষা, স্ত্রী. বি. (ঈষ, পতি, ও-আ) লাঙ্গল দণ্ড; লাঙ্গলের ঈষ; লাঙ্গলপদ্ধতি; ইতি অমরকোষ। দ্রব্যবিশেষ; যথা—ঐ সময় অর্জ্জুনের রথকূবর, রথচক্র, ঈষা, যোক্ত্র, যুগ ও অনুকর্ষ সমুদায়ই শরময় বলিয়া বোধহইতে লাগিল। ইতিমহাভারতশল্যপর্ব্ব ২৮পৃষ্ঠা।

ঈষিকা, স্ত্রী. বি. (ঈষ, পতি, ইক-আ) তুলিকা; অস্ত্রবিশেষ; শর প্রভৃতি তৃণের মাইজ; হস্তিচক্ষুর্গোলক।

ঈষির, পু. বি. (ঈষ, পতি, ইর) অগ্নি; আগুন।

ঈষ্ম, পু. বি. (ঈষ, পতি, ম) কামদেব; বসন্তকাল।

ঈহা, স্ত্রী. বি. (ঈহ, চেষ্টা, ও-আ) চেষ্টা; উদ্যম; বাঞ্ছা; ইচ্ছা; অভিলাষ; ইতি অমরকোষ।

ঈহামৃগ, পু. বি. (ঈহা-মৃগ, জন্তুভেদ, ক) কুক্কুরের ন্যায় ক্ষুদ্র কপিলবর্ণ জন্তুবিশেষ; ঘোঁষ; বৃক; নেকড়ে বাঘ; ছোট বাঘ; শার্দ্দূল; ইতি জটাধর।

ঈহাবৃক, পু. বি. (ঈহা-বৃক, জন্তুভেদ, অল) নেকড়ে বাঘ; কুক্কুরাকৃতি ছোটবাঘ; গুলবাঘ; ইতি বিশ্ব।

ঈক্ষক, পু. বিণ. (ঈক্ষ, দর্শন, ণক) দর্শক; অবলোকনকর্ত্তা; যে ব্যক্তি নিরীক্ষণ করে; ইতি মেদিনী।

ঈক্ষণ, ক্লী. বি. (ঈক্ষ, দর্শন, অনট) দর্শন; চক্ষু।

ঈক্ষণিকা, স্ত্রী. বি. [ঈক্ষণ, দর্শন, ইক-আ] দৈবজ্ঞা, শুভাশুভ বক্ত্রী; মঙ্গলামঙ্গল নিরূপণী, ইতি বিশ্ব।

ঈক্ষণীয়, ত্রি. বিণ. (ঈক্ষ, দর্শন, অনীর) দর্শনীয়।

ঈক্ষিত, ত্রি. বিণ. (ঈক্ষ, দর্শন, ক্ত) দৃষ্ট; অবলোকিত; (ক্লী. বি.) অবলোকন; দর্শন; ইতি অমর।

ঈক্ষিতা, ত্রি. বিণ. (ঈক্ষ, দর্শন, তৃন্) দ্রষ্টা; অবলোকনকর্ত্তা; দর্শক; নিরীক্ষণকারী; ইতি বিশ্ব।

উ

উ, উকার; পঞ্চমস্বরবর্ণ; (ব্য.)সম্বোধন; ক্রোধাদিসূচক; বিতর্ক; পাদপূরণ; অনুকম্পা; নিযোগ; পদপূরণ; প্রশ্ন; অঙ্গীকার; ইতি হেমচন্দ্র। স্বীকার।
উঃ, (পু. বি.) শিব; মহাদেব; ব্রহ্মা; প্রজাপতি।
উঁ, (ব্য.) ক্ষীণস্বরে উত্তর দান; ডাকশুনা।
উঁচ, ত্রি. বিণ. [উচ্চ, উচ, চ্বি] উন্নত; উচ্চ।
উঁচকপালিয়া, ত্রি. বিণ. (উচ-কপাল, ললাট, ইয়আ) উচ্চ কপাল বিশিষ্ট; যাহার উন্নতকপাল।
উঁচন, ক্লী. বি. (উচ, উচ্চ, অনট) উত্তোলন; উত্থাপন; উঠান; উচুকরা; উপর করা; ইতি অমরকোষ।
উঁচনীচ, ত্রি. বিণ. (উচ্চ-নীচ, নিম্ন, ক) উচ্চনীচ; অসমান; নিম্নোন্নত; উচ্চাবচ; বন্ধুর; ইতি ধরণি।
উঁচল, ক্লী. বি. (উৎ-চল, চলন, অল) চালন; ঝাড়ন; পরিষ্কার করণ; কোন দ্রব্যের মন্দ বাহির করণ।
উঁচোট, ক্লী. বি. (উ-চুট, আঘাত, অল) ঠোক্কর; আঘাত; পাদাঙ্গুলিতে আঘাত; চলিবারসময়চোটলাগা।
উঁছান, ক্লী. বি. (উৎ-তুল, তোলন, অনট) উত্তোলনের ভাষা; অবগোরণ; উঠান; তোলা; ইতি বিশ্ব।
উই, পু. বি. (উৎ-দন্শ, দংশন, অল) বল্মীক; কই।
উক, ক্লী. বি. (উক, দীপ্তি, ক) উল্কা; জ্বলন্তভূণ; আকাশীয় অগ্নি শিখা; বিদ্যুদগ্নি; ইতি মেদিনী।
উকটিকা, ত্রি. বিণ. (উকট, শক্ত, ইক-আ) উৎকট; কঠিন; শক্ত; দুরূহ; দৃঢ়; ইতি শব্দরত্নাবলী।
উকড়ী, ক্লী. বি. (উকড়, স্থানভেদ, ইন) পেতেন; মঞ্চ।
উকনাহ, পু. বি. (উক-নহ, জীবভেদ, ঘঞ) পীতরক্তবর্ণঅশ্ব। কৃষ্ণরক্তচ্ছবি; ইতি কেচিৎ। দ্রব্যভেদ।
উকা, স্ত্রী. বি. (উল্কা, দীপ্তি, অ) জ্বলন্তভূণ; অগ্নি।
উকার, পু. বি. (উ-কৃ, করণ, ঘঞ) উঅক্ষর; উবর্ণ।
উকালৎ, ক্লী. বি. (যাং) উকীলেরপদ; কর্ত্তৃত্ব।

উকি, ক্লী. বি. (উক, দর্শন, ই) উদগার; গুপ্তদৃষ্টি; যথা—ঘরের দ্বারেতে উকি দিয়া চায়। ইতি রামায়ণ ৫৬ পৃষ্ঠা।
উকিউঠন, ক্লী. বি. (উকি-উঠ, উঠন, অনট) উদগার হওন; ছর্দ্দি হওন; ঢেকুর মারণ; বমি করণ।
উকিঝুকি, ক্লী. বি. (উকি-ঝুক, দর্শন, ই) প্রচ্ছন্ন থাকিয়া ঈষদ্দৃষ্টি; গুপ্ত দৃষ্টি; যথা—রথে থাকি দেখে তারা দিয়ে উকি ঝুকি। ইতি রামায়ণ ৩৭২ পৃষ্ঠা।
উকিমারণ, ক্লী. বি. (উকি-মার, দর্শন, অনট) প্রচ্ছন্ন থাকিয়া ঈষদ্দর্শন; অল্প অল্পদেখা; ঈষদ্দেখা।
উকীল, পু. বি. (যাং) বিচারকালে প্রতিনিধিরূপে বাদি প্রতিবাদি কর্ত্তৃক নিযুক্ত পুরুষ; ইতি অমরকোষ।
উকুণ, পু. বি. (উৎকুণ, কীটভেদ, ক) যূক; কেশকীট।
উকুনবাড়ি, ক্লী. বি. (উৎ-কৃ, করণ, ঘঞ) শস্যপরিষ্কার করণের বাড়ি বা যন্ত্র বিশেষ; ইতি হেমচন্দ্র।
উক্করী, ক্লী. বি. (উক্-কৃ, করণ, ইন্) উকলি; ঢক্কা।
উক্ত, ক্লী. বি. (বচ, বাক্য, ক্ত) একাক্ষরচ্ছন্দ; বাক্য; (ত্রি. বিণ.) কথিত; ভাষিত; উদিত; নিগদিত; উল্লেখিত; আখ্যাত; অভিহিত; ভণিত; ব্যাহৃত।
উক্তি, স্ত্রী. বি. (বচ, বাক্য, ক্তি) কথন; ব্যাহার; কথা; বচন; লপিত; ভাষিত; বাক্য; যথা—এই উক্তি অনুসারে সেই নলাসক্ত চিত্তা দময়ন্তী ইতি নৈষধচরিত ১৩ পৃষ্ঠা।
উক্থ, ক্লী. বি. (বচ, বাক্য, থ) সামবেদ; দ্বিতীয়বেদ।
উক্থশা, পু. বি. (উক্থশ, যজ্ঞ, অস্) যজমান; যাজ্ঞিক; যজ্ঞকারী; যে ব্যক্তি যজ্ঞাদি করে।
উক্থা, স্ত্রী. বি. (উক্থ, ছন্দোভেদ, ঙ-আ) ছন্দোবিশেষ; শ্লোক মিলন; পদ্য বিশেষ; ইতিবিশ্ব।
উখ, ক্লী. বি. (উখ, গতি, ক) ঘর্ষণী; মার্জনযন্ত্র।

উথড়ন, ক্লী. বি. (উ-থড, উপড়ন, অনট) উৎপাটন; উন্মূলন; উপড়ন; থৈয়ের গুড় শুকান; ইতিমেদিনী।

উখড়া, ক্লী. বি. (উ-খড, দ্রব্যভেদ, ণ্ড-আ) গুড়মিশ্রিত থৈ; মুড়কী; গুড়মিশ্রিত লাজ; গুড়মাখা থৈ।

উখড়ী, ক্লী. বি. (উ-খড়, দ্রব্যভেদ, ঈ) দর্ব্বী; হাতা; মাচা; মঞ্চ; উচ্চস্থান বিশেষ; ইতি জটাধর।

উথন, ক্লী. বি. (উথ, গতি, অনট) ঘর্ষণ; মার্জ্জন।

উথা, স্ত্রী. বি. (উথ, গতি, ণ্ড-আ) স্থালী; হাঁড়ী; পাকপাত্র; ঘর্ষণী; ঘর্ষণাস্ত্র; ইতি অমরকোষ।

উথ্য, ত্রি. বিণ. (উথ, গতি, য) স্থালীপক্কমাংসাদি; যাহা হাঁড়ীতে পাক করাহয়; ইতি অমরকোষটীকা।

উগরণ, ক্লী. বি. (উৎ-গৃ, বমন, অনট) উদ্গিরণ; উদ্গারণ; বমন; ন্যাক্কার; তোলন; বমিকরণ; ইতিবিশ্ব।

উগরাণ, ক্লী. বি. (উগর, বমন, আন) বমন করণ; ন্যাকার করণ; গিলিতে দ্রব্যাদি তুলে ফেলা।

উগ্র, পু. বি. (উচ্, মূর্ত্তিভেদ, র) মহাদেব; শিবের বায়ুমূর্ত্তি; শূদ্রার গর্ব্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত জাতিবিশেষ; আগুরি; বর্ণসঙ্কর জাতিভেদ; (ক্লী.) বিষভেদ; ক্রোধ; (ত্রি. বিণ.) তীব্র; প্রখর; কটু; উৎকট; রৌদ্র; ক্রুদ্ধ; যথা—তাঁরেও মারিল নাকি উগ্র জটাধর। ইতি কুমারসম্ভব ৪৮ পৃষ্ঠা।

উগ্রকাণ্ড, পু. বি. (উগ্র-কাণ্ড, উদ্ভিদের মধ্যভাগ, অল) কারবেল্ল; করলা; দ্রব্যবিশেষ; ইতি অমর।

উগ্রগন্ধ, পু. বি. (উগ্র-গন্ধ, ঘ্রাণ, অল) লশুন; কটফল; অর্জ্জকবৃক্ষ; চম্পক; (ক্লী.) হিঙ্গু; (ত্রি. বিণ) উৎকটগন্ধ যুক্ত; যাহার গন্ধ অতিশয় কটু।

উগ্রগন্ধা, স্ত্রী. বি. (উগ্র-গন্ধ, বৃক্ষভেদ, ণ্ড-আ) বৃক্ষ বিশেষ; অজমোদা; অজগন্ধা; যবানী; ইতি বিশ্ব।

উগ্রচণ্ডা, স্ত্রী. বি. (উগ্র-চণ্ড, প্রখর, আ) ভগবতীর শক্তি বিশেষ; কালী; মহাবিদ্যাবিশেষ; ইতি বিশ্ব।

উগ্রতা, স্ত্রী. বি. (উগ্র, প্রখর, তা) প্রখরতা; প্রচণ্ডতা; তীব্রতা; যথা—এত যে উগ্রতা রস, কিন্তু কামিনীর বশ, ইতি কর্ম্মদেবী ৭ পৃষ্ঠা

উগ্রত্ব, ক্লী. বি. (উগ্র, প্রখর, ত্ব) উৎকটতা; চণ্ডতা; কটুতা; প্রখরতা; তীব্রতা; ইতি অমরকোষ।

উগ্রধন্বা, পু. বি. [উগ্র-ধন্বন্, ব্যক্তিভেদ, প্রথমা] ইন্দ্র; দেবরাজ; মহাধানুষ্ক; প্রখর ধনুর্দ্ধর; ইতিবিশ্ব।

উগ্রনাসিক, ত্রি. বিণ. [উগ্র-নাসিকা, নাসা, ড) দীর্ঘনাসিকা বিশিষ্ট; যাহার লম্বা নাসিকা; ইতিবিশ্ব।

উগ্রবক্তা, পু. বি. (উগ্র-বচ, বাক্য, তৃন্) কটুভাষী; যে কর্কশ বাক্য কহে; যেস্পষ্ট বাক্য বলে।

উগ্রশেখরা, স্ত্রী. বি. (উগ্র-শেখর, ব্যক্তিভেদ, ণ্ড-আ) গঙ্গা; ভাগিরথী; বিষ্ণুপদী; ইতি মেদিনী।

উগ্রসেন, পু. বি. (উগ্র-সেনা, সৈন্য, ড) মথুরাদেশের রাজা বিশেষ; আহুক রাজার পুত্র; কংসরাজার পিতা; পরীক্ষিতের পুত্র; ইতি শ্রীভাগবত।

উগ্রসেনজ, পু. বি. (উগ্রসেন-জন, জনন, ড) কংসাসুর; কংসরাজ; শ্রীকৃষ্ণের মাতুল; উগ্রসেনপুত্র।

উগ্রা, স্ত্রী. বি. (উগ্র, প্রখর, আ) যবানী; বচা; কোপনাস্ত্রী; উগ্রজাতিস্ত্রী; ধন্যাক; প্রখরা নারী।

উঘারণ, ক্লী. বি. (উৎ-হৃ, মোচন, অনট) উলঙ্গ করণ; উন্মোচন; খোলন; খুলে দেওন; ইতি মেদিনী।

উঙ্কুণ, পু. বি. (উম্-কুণ, কীটভেদ, ক) উৎকুণ; ডেঙ্গর; ইতি অমরকোষ। কেশকীট; উকুণ।

উঙ্কোশ, ক্লী. বি. (উম্-কুশ, প্রস্তাব, অল) লেশমাত্র; প্রসঙ্গ; প্রস্তাব; সঙ্কেত বিশেষ; অল্পবলা।

উচ, ত্রি. বিণ. (উচ্চ, ঊর্দ্ধ, অল) ঊর্দ্ধভাগ; উন্নত।

উচকা, ত্রি. বিণ. (উৎ-চক, নব্য, আ) উচক্কা; অবাধ্য; নব্য; অবিবেচক; পরিণামানভিজ্ঞ; ইতিবিশ্ব।

উচক্কা, ত্রি. বিণ. (উৎ-চক, স্থিরতা, কন্-আ) অস্থির; লম্পট; চঞ্চল; অবিবেচক; অস্থির চিত্ত।

উচলন, ক্লী. বি. (উৎ-চল, ক্ষেপণ, অনট) উৎক্ষেপণ; আলোড়ন; উপরদিকে ছোড়ন; ইতি মেদিনী।

উচাটন, ক্লী. বি. (উৎ-চট, ভাবনা, অনট) উৎখাত; উৎকণ্ঠা; ভাবনা; ব্যস্ত; অস্থির; যথা—ভাবে মনে কি কারণ, মন হৈল উচাটন, ইতি কুমারসম্ভব ৪ পৃষ্ঠা।

উচিত, ত্রি. বিণ. (বচ, বাক্য, ক্ত) ন্যাস্ত, বিদিত; পরিচিত; ন্যস্ত; অভ্যস্ত; পরিমিত; যুক্ত; গ্রাহ্য; যোগ্য; উপযুক্ত; ইতিহেমচন্দ্র। যথা—অতিথির অনুরোধ রক্ষা করা উচিত। ইতি শকুন্তলা ১১ পৃষ্ঠা।

উচু, ত্রি. বিণ. (উচ্চ, ঊর্দ্ধ, অল) প্রাংশু; ঊর্দ্ধ; উঁচু; উপরিভাগ; উপর্য্যংশ; ইতি জটাধর।

উচ্চ, ত্রি. বিণ. (উচ্চ, ঊর্দ্ধ, অল) উপরিভাগে দীর্ঘ; উঁচু; প্রাংশু; উদগ্র; উন্নত; তুঙ্গ; উত্তুঙ্গ; উচ্ছ্রিত; ঊর্দ্ধ; যথা—গোষ্ঠ তেজি হাম্বারবে উচ্চে পুচ্ছ তুলে। ইতি কর্ম্মদেবী ২ পৃষ্ঠা।

উচ্চৈকৈঃ, (ব্য.) উচ্চ; অতিশয়উচ্চ; প্রাংশু; তুঙ্গ।
উচ্চটা, স্ত্রী. বি. (উৎ-চট, দ্রব্যভেদ, ঙ-আ) গুঞ্জা; কুঁচ; ভূমি আমলকী; নাগরমুথা; তৃণবিশেষ; নির্ব্বিবী, দম্ভ; অহঙ্কার; মাৎসর্য্য; ভগ্নচিত্ত; ইতিঅমর।
উচ্চণ্ড, ত্রি. বিণ. (উৎ-চণ্ড-শীঘ্রতা, অল) ত্বরান্বিত; অবিলম্বিত; দ্রুত; শীঘ্র; প্রচণ্ড; ইতিঅমরকোষ।
উচ্চতরু, পু. বি. (উচ্চ-তর, বৃক্ষ, উ) নারিকেলবৃক্ষ।
উচ্চতা, স্ত্রী. বি. [উচ্চ, উচু, তা] ঊর্দ্ধপরিমাণ; উচ্চ।
উচ্চদেব, পু. বি. (উচ্চ-দিব, দেব, অল) শ্রীকৃষ্ণ; বিষ্ণু; নারায়ণ; কেশব; দামোদর; মাধব।
উচ্চনীচ, ত্রি. বিণ. (উচ্চ-নীচ, নিম্ন, ক) নিম্নোন্নত; বন্ধুর; অসমান; উচু নিচু; যাহা মসৃণ নহে।
উচ্চন্দ্র, পু. বি. (উৎ-চন্দ, শেষ, র) নিশাবসান; রাত্রিশেষ; সুর্য্যোদয়ের পূর্ব্বকাল; ইতি ধরণি।
উচ্চভাষী, ত্রি. বিণ. (উচ্চ-ভাষ, কথন, ণিন্) কটুবক্তা; উগ্রবক্তা; যেব্যক্তি সহসা রূঢবাক্যবলে।
উচ্চমনাঃ, ত্রি. বিণ. (উচ্চ-মন, অন্তঃকরণ, অস্) চিন্তান্বিত; ভাবনা যুক্ত; সদন্তঃকরণ; মহাশয়; প্রধান।
উচ্চম্ভ, ত্রি. বিণ. (উৎ-শম্ভ, কৌতুক, অল) কৌতুকী; রসিক; কুতুহল বিশিষ্ট; পরিহাসযুক্ত; ইতি বিশ্ব।
উচ্চয়, পু. বি. (উৎ-চি, চয়ন, অল) পরিধান বস্ত্রগ্রন্থি; নীবী; কামিনীগণের কটিবসন; ইতি মেদিনী।
উচ্চরিত, ত্রি. বিণ. (উৎ-চর, শব্দ, ক্ত) শব্দায়িত; কীর্ত্তিত; উক্ত; কথিত; যাহা উচ্চারণ করা।
উচ্চরিতব্য, ত্রি, বিণ. (উৎ-চর, উচ্চারণ, তব্য) উচ্চারণেরযোগ্য; কথিতব্য; শব্দেরউপযুক্ত; ইতি বিশ্ব।
উচ্চল, ক্লী. বি. (উৎ-চল, গমন, অল) মনঃ; অন্তঃকরণ; (ত্রি. বিণ) যাহার অদ্বিতীয় চলৎশক্তি।
উচ্চললাটা, স্ত্রী. বি. (উচ্চ-ললাট, কপাল, আ) উন্নত ললাটবতী; উচ্চ কপাল বিশিষ্টা নারী; ইতি হেমচন্দ্র।
উচ্চাটন, ক্লী. বি. (উৎ-চট, ভাবনা, অনট) উন্মূলন; উৎখাত; উচাটন; অভিচার কর্ম্মবিশেষ; উৎকণ্ঠা।
উচ্চাটিত, ত্রি. বিণ. (উৎ-চট, ভাবনা, ক্ত (উচ্চাটন যুক্ত; বিকৃত; ব্যস্ত; অস্থির চিত্ত; ভাবনাযুক্ত।
উচ্চাটী, ত্রি. বিণ. (উৎ-চট, ভাবনা, ইন্) উৎকণ্ঠিত; বিষাদযুক্ত; ব্যস্ত; অন্যমনস্ক; চিন্তাযুক্ত।
উচ্চাবচ, ত্রি. বিণ. (উদক-অবাক, অ) অনেকপ্রকার; নানাপ্রকার; অসমান; বিবিধ; নৈকভেদ।

উচ্চার, পু. বি. (উৎ-চর, দ্রব্যভেদ, ঘঞ) বিষ্ঠা; মল; উচ্চারণ; পুরীষ; যথার্থ শব্দ প্রয়োগ।
উচ্চারণ, ক্লী. বি. (উৎ চর, কথন, অনট) বাক্‌নিষ্পত্তিকরণ; কথন; কীর্ত্তন; শব্দপ্রয়োগ; উল্লেখ; যথা—আর ইতি পূর্ব্বে রাম নাম উচ্চারণ করিলে ইতি রঘুবংশ ১৬ পৃষ্ঠা।
উচ্চারণীয়, ত্রি. বিণ. (উৎ-চর, কথন, অনীয়) উচ্চারিতব্য; কথনীয়; কীর্ত্তনোপযুক্ত; বলিবার উপযুক্ত।
উচ্চার্য্য, ত্রি. বিণ. (উৎ-চর, কথন, ঘ্যণ) উচ্চারণের যোগ্য; কথনীয়; কথ্য; শব্দ প্রয়োগের যোগ্য।
উচ্চিঙ্গড়া, স্ত্রী. বি. (উৎ-চিঙ্গট; পতঙ্গভেদ, ঙ-আ) পতঙ্গ বিশেষ; শলভ বিশেষ; কীট বিশেষ; ইতিবিশ্ব।
উচ্চৈঃ, (ব্য.) উচ্চ; মহৎ; তুঙ্গ; দীর্ঘ; যথেষ্ট; অধিক।
উচ্চৈঃশব্দ, পু. বি. (উচ্চৈস্-শব্দ, ধ্বনি, অল) উচ্চস্বর; চীৎকার ধ্বনি; ঘোরতর রব; অতিশয় শব্দ।
উচ্চৈঃশ্রবা, পু. বি. (উচ্চৈস্-শ্রু, জীবভেদ, অস্) ইন্দ্রঘোটক; যথা—চন্দ্রসহোদর উচ্চৈঃশ্রবায় আরোহণ করেন, ইতি নৈষধচরিত ২২ পৃষ্ঠা।
উচ্চৈঃস্বর, পু. বি. (উচ্চৈস্-স্বর, রব, অল) উচ্চরব; চীৎকার; যথা—অনসূয়া ও প্রিয়ম্বদা উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন। ইতি শকুন্তলা ৫৯ পৃষ্ঠা।
উচ্চৈর্ঘুষ্ট, ক্লী. বি. (উচ্চৈস্-ঘুষ, ঘোষণ, ক্ত) ঘোষণা; রটনা; প্রচারণ; প্রকাশ করণ; ইতি বিশ্ব।
উচ্ছন্ন, ত্রি. বিণ. (উৎ-ছদ, নাশ, ক্ত) নষ্ট; ছন্ন; ছিন্নভিন্ন; নিহত; যাহার উচ্ছেদ হইয়াছে।
উচ্ছলিত, ত্রি. বিণ. (উৎ-ছল, গমন, ক্ত) উৎক্ষিপ্ত; উদ্গত; যথা—শরসন্ধান করিবা মাত্র হ্রদের জল উচ্ছলিত হইয়া উঠিল। ইতি রঘুবংশ ১৩৩ পৃষ্ঠা।
উচ্ছা, স্ত্রী. বি. (উচ্ছ, ফলভেদ, ঙ-আ) তিক্ত ফলবিশেষ; তরকারীবিশেষ; আনাজবিশেষ।
উচ্ছাদন, ক্লী. বি. (উৎ-ছদ, মাদন, অনট) উৎসাদন; উদ্বর্ত্তন; গন্ধদ্রব্যদ্বারা শরীর নির্ম্মলীকরণ; ইতিবিশ্ব।
উচ্ছিন্ন, ত্রি. বিণ. (উৎ-ছিদ, নাশ, ক্ত) বিনাশিত; উৎপাটিত; বিনষ্ট; খণ্ডিত; ছিন্নভিন্ন; যথা—ধর্ম্ম কর্ম্ম একবারেই উচ্ছিন্ন হইবে। ইতিরঘুবংশ ১৯পৃষ্ঠা।
উচ্ছিলীন্ধ্র, ক্লী. বি. (উৎ শিলীন্ধ্র, দ্রব্যভেদ, অল) ছত্রিকা; কোঁড়ক ছাতা; ইতিশ্রীভাগবত।
উচ্ছিষ্ট, ত্রি. বিণ. (উৎ-ছিষ, অবশেষ, ক্ত) ভুক্তাব

শিষ্ট; ত্যক্ত; অনুভুক্তাবশিষ্ট; এঁটো; যথা— কেবল উচ্ছিষ্ট গ্রহণ ও পদসেবা করিতে পারিব না, ইতি বিরাটপর্ব্ব ১৬ পৃষ্ঠা।

উচ্ছিষ্টভোজন, পু. বি. (উচ্ছিষ্ট-ভুজ, ভোজন, অনট) দেবনৈবেদ্যাদিভোজন কর্ত্তা; ভুক্তাবশিষ্ট আহার; অবশিষ্ট ভোজন; এঁটো খাওয়া; ইতি মেদিনী।

উচ্ছিষ্টমার্জন, ক্লী. বি. (উচ্ছিষ্ট-মৃজ, পরিষ্কার, অনট) এঁটোপাতন; উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করণ।

উচ্ছিষ্টমোদ, ক্লী. বি. (উচ্ছিষ্ট-মুদ, দ্রব্যভেদ, অল) সিক্থ; মোম; মৌচাক জাত বস্তু; ইতি অমর।

উচ্ছীর্ষক, ক্লী. বি. (উৎ-শীর্ষ, মস্তক, ণক) উপধান;

উচ্ছূন, ত্রি. বিণ. (উৎ শূন, বর্দ্ধন, ক) উন্নত, বর্দ্ধিত; স্ফীত; ফুলা; যাহা ফুলিয়া বাড়িয়াছে; ইতি বিশ্ব।

উচ্ছৃঙ্খল, ত্রি. বিণ. (উৎ-শৃঙ্খল, নিয়ম, অল) শৃঙ্খলা রহিত; অবাধ; অনিযন্ত্রিত; অনর্গল; বিশৃঙ্খল, স্বেচ্ছাচারী; নিরঙ্কুশ; ইতিহেমচন্দ্র। অবিধেয়।

উচ্ছেদ, পু. বি. (উৎ-ছিদ, ছেদ, অল) উৎপাটন; উন্মূলন; বিনাশ; যথা—আবার সেই সময়ে পুত্রমুখ দর্শনাশার উচ্ছেদের সংবাদ কর্ণগোচর হওয়াতে ইতি রোমাবতী ৫ পৃষ্ঠা।

উচ্ছেদন, ক্লী. বি. (উৎ-ছিদ, ছেদ, অনট) উন্মূলন; উৎপাটন; বিনাশন; ধ্বংসকরণ; ইতি মেদিনী।

উচ্ছেদ্য, ত্রি. বিণ. (উৎ-ছিদ, ছেদ, য) উচ্ছেদনীয়; উন্মূলনোপযুক্ত; বিনাশ্য; ধ্বংসযোগ্য; ইতি অমর।

উচ্ছ্রয়, পু. বি. (উৎ-শ্রি; উচ্চতা, অল) পর্ব্বত বৃক্ষাদির উচ্চতা; উন্নতি; ঊর্দ্ধতা; উৎসেধ; উচ্চপরিমাণ।

উচ্ছ্রায়, পু. বি. (উৎ-শ্রি, উচ্চতা, ঘঞ) উচ্চতা; উৎসেধ; ঊর্দ্ধপরিমাণ; ইতি শব্দরত্নাবলী।

উচ্ছ্রিত, ত্রি. বিণ. (উৎ-শ্রি, উচ্চতা, ক্ত) সংজাত; উচ্চ; প্রবৃদ্ধ; ত্যক্ত; উৎপন্ন; উন্নমিত; উদিত; যথা—সৌবর্ণ পতাকা উচ্ছ্রিত হউক। ইতি বিরাটপর্ব্ব ৬৯ পৃষ্ঠা।

উচ্ছ্বসিত, ত্রি. বিণ. (উৎ- শ্বাস, কম্পন, ক্ত) প্রফুল্ল; বিকসিত; কম্পিত; বিশ্লেষিত; প্রস্ফুটিত।

উচ্ছ্বাস, পু. বি. (উৎ-শ্বাস, কম্পন, অল) কম্পন; আশ্বাস; নিশ্বাস; স্ফুরণ; অন্তর্মুখশ্বাস; যথা—আশ্চর্য্য উচ্ছ্বাস দেখিয়া ইতি বিক্রমোর্ব্বশী ৫ পৃষ্ঠা।

উচ্ছড়ন, ক্লী. বি. (উ-ছড়, তোলন, অনট) বমন; উদ্গিরণ; গিলিত বস্তু তুলিয়া ফেলন; তোলন।

উছনিয়া, ত্রি. বিণ. (উৎ-ছিদ, বিনাশ, ক্ত) উচ্ছিন্নর ভাষা; বিনষ্ট; উৎসন্ন; যাহা ধ্বংস হইয়াছে।

উছোঁট, ক্লী. বি. (উ-ছুট, আঘাত, অল) ঠোকর; পদাঙ্গুলিতে আঘাত; আঙুলে চোটলাগা; ইতিবিশ্ব।

উজ, ত্রি. বিণ. (উজ, সরল, ক) সরল; সোঝা।

উজড়ন, ক্লী. বি. (উ-জল, তোলন, অনট) উত্তোলন; আজড়ান; খালিকরণ; দ্রব্যাদি পাত্রান্তরে রাখন।

উজন, ত্রি. বিণ. (উজ, বিপরীত, অনট) স্রোতের বৈপরীত্য; বিপরীত; উল্টা; উদ্যাপন; সমাপন।

উজর, ক্লী. বি. (যাং) হেতু; ছল; ত্রুটিস্বীকার।

উজল, ত্রি. বিণ. (উৎ-জ্বল, দীপ্তি, অল) উজ্জ্বল; জলের ঊর্দ্ধাধোগমন; প্রদীপ্ত; তেজোবিশিষ্ট।

উজলন; ক্লী. বি. (উৎ-জল, উঠান, অল) উত্থাপন; উৎক্ষেপণ; নিম্নোন্নত করণ; ঝাড়ন; একত্র মরণ।

উজলান, ক্লী. বি. (উৎ-জল, উঠান, অনট) উৎক্ষেপণ; উচলান; ঝাড়ন; ঝাড়িয়া ফেলন; ইতি জটাধর।

উজলুন, ক্লী. বি. (উৎ-জল, উত্তোলন, উন) উৎক্ষেপণ; উত্তোলন; উঠান; তোলা; ইতি অমরকোষ।

উজাউজি, ক্রিবিণ. (উজা-উজ, সহজ, ই) সোঝা সোঝি; সহজে; সরলভাবে; অনায়াসে।

উজাড়, ত্রি. বিণ. (উৎ-জট, বন, ঘঞ) বন; অরণ্য; উত্তোলন; নির্মনুষ্য; শূন্য; খালি; ইতি মেদিনী।

উজান, ক্লী. বি. (উজন, গমন, ঘঞ) স্রোতের বিপরীত গতি; যেদিকে স্রোত যায় তাহার উল্টা গতি; যথা— সে জল উজান বহে কুল ভাঙ্গে স্রোতে। ইতি রামায়ণ ৪০৬ পৃষ্ঠা।

উজি, ক্লী. বি. (উজ, রব, ই) জনরব; জনশ্রুতি;

উজির, পু. বি. (যাং) মন্ত্রী; অমাত্য; কর্ম্মচারীভেদ।

উজ্জট, ত্রি. বিণ. (উৎ-জট, বর্জন, ক) শূন্য; রহিত।

উজ্জড়ন, ক্লী. বি. (উৎ-জড, নাশ, অনট) উৎপাটন; বিনাশন; হনন; উন্মূলন; মারণ; ইতি হলায়ুধ।

উজ্জড়ীয়, ক্লী. বি. (উৎ-জড়, নাশ, ঈয়) সমূলোৎপাটন; উন্মূলন; বিনাশন; মূলের ধ্বংসন; ইত্যমর।

উজ্জয়নী, স্ত্রী. বি. (উৎ-জি. জয়, অনট-ঈ) বিশালানগরী; উজৈন শহর; বিক্রমাদিত্যের রাজধানী।

উজ্জয়ন্ত, পু. বি. (উৎ-জয়ন্তি, শৈলভেদ, ড) রৈবতপর্ব্বত; পর্ব্বতবিশেষ; শৈলবিশেষ; ইতি মেদিনী।

উজ্জয়িনী, স্ত্রী· বি. (উৎ-জি, জয়, ইন্-ঈ) উজ্জয়নীন গরী; উজ্জৈন; অবন্তীদেশ; বিক্রমাদিত্যের রাজ্য।

উজ্জাসন, ক্লী. বি. (উৎ-জস, বধ, অনট) মারণ; বধ।

উজ্জৃম্ভ, ত্রি. বিণ. (উৎ-জৃভ, জৃম্ভন, অল) প্রফুল্ল; প্রস্ফুটিত; বিকসিত; প্রকাশিত; ইতিহেমচন্দ্র।

উজ্জৃম্ভিত, ত্রি. বিণ. (উৎ জৃভ, জৃম্ভন, ক্ত) প্রফুল্ল; প্রকাশিত, বিকসিত; (ক্লী. বি.) চেষ্টা।

উজ্জ্বল, ত্রি. বিণ. (উৎ-জ্বল, দীপ্তি, অল) দীপ্তিমান; দীপ্তিযুক্ত; আলোক ময়; যথা—কুমারের রূপে সূতিকাগার উজ্জ্বল হইল। ইতি রঘুবংশ ১৬ পৃষ্ঠা। বিকসিত। (পু. বি.) শৃঙ্গাররস; (ক্লী.) স্বর্ণ; হেম।

উজ্জ্বলন, ক্লী. বি. (উৎ-জ্বল, দীপ্তি, অনট) উদ্দীপন; প্রজ্বলন; আলোক ময় হওন; উদ্দীপন; ইত্যমর।

উজ্জ্বলিত, ত্রি. বিণ. (উৎ-জ্বল, দীপ্তি, ক্ত) প্রদীপ্ত; আলোকান্বিত; উদ্দীপিত; ইতিমেদিনী। প্রজ্বলিত।

উজঝ, পু. বি. (উজ্ঝ, ত্যাগ, অল) ত্যাগ; বিসর্জ্জন

উজ্ঝিত, ত্রি. বিণ. (উজ্ঝ, ত্যাগ, ক্ত) উৎসৃষ্ট; ত্যক্ত; বর্জ্জিত; রহিত; ইতি হলায়ুধ।

উঞ্ছ, ক্লী. বি. (উছ, হেয়, অল) জীবিকার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া; বৃত্তিবিশেষ; ক্ষেত্রস্বামি ত্যক্ত শস্য আহরণ; (ত্রি. বিণ.) জঘন্য; হেয়; ক্ষুদ্র।

উঞ্ছন, ক্লী. বি. (উছ, হেয়, অনট) শস্যচয়ন; আহরণ; কুড়ান; খুঁটন; চুনেলওন; ইতি অমরকোষ।

উঞ্ছবৃত্তি, স্ত্রী. বি. (উঞ্ছ-বৃত, বর্ত্তন, ক্তি) সামান্যজীবিকা; অতিনীচ কার্য্যকরা; জঘন্য ব্যবসা; যথা—অল্পবানিজ্যকে উঞ্ছবৃত্তি বলিয়া ঘৃণা করেন ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৪৪ পৃষ্ঠা।

উঞ্ছশিল, ক্লী. বি. (উঞ্ছ-শিল, লওন, ক) উপেক্ষিত; শস্যাদি কুড়িয়া লয়য়া; অবশিষ্ট শস্য গ্রহণ করা।

উঞ্ছশীল, ত্রি. বিণ. (উঞ্ছ-শীল, বিশিষ্ট, ক) উঞ্ছজীবী; অতিসামান্য কর্ম্ম দ্বারা জীবিকা কারী; যে-ব্যক্তি উদ্ধৃত শস্যের শেষ আহরণ করে।

উট, পু. বি. (উট, তৃণাদি, ক) তৃন পত্রাদি; উষ্ট্র; ক্রমেলক; লম্বোষ্ঠ; ইতি অমরকোষ। যথা—উট গাধা খচর গণিতে কেবা পারে। ইতি ভারতচন্দ্র ২৩৬ পৃষ্ঠা।

উটকারা, ত্রি. বিণ. (উট-কৃ, করণ, ঘঞ-আ) উটকো; আগন্তুক; অজ্ঞাত; অপরিচিত; ইতি হেমচন্দ্র।

উটজ, পু. ক্লী. বি. (উট-জন, জনন, ড) মুনিদিগের পত্ররচিত গৃহ; পর্ণশালা; কুটীর; তৃণকুটীর।

উটন, ক্লী. বি. (উট, গমন, অনট) ধারেক্রয় করন; উত্থিত হওন; স্ফীত হওন; ফোলা; অঙ্গন; উঠন।

উটকন, ক্লী. বি. (উ-টক, সন্ধান, অনট) অন্বেষণ; সন্ধান করা; ঢোড়ন; তত্ত্বকরা; ইতি জটাধর।

উটকনিয়া, পু. বি. [উটকন, সন্ধান, ইয়-আ) অন্বেষণ কারী; অনুসন্ধানকর্ত্তা; যে অনুসন্ধান করে।

উটকো, ত্রি. বিণ. (উ-টক, অপরিচয়, ও) অজ্ঞাত; অপরিচিত; খোলা; আছুড়; অনাবৃত; আঢাকা।

উট্টঙ্ক, ক্লী. বি. (উৎ-টঙ্ক, বিধি, অল) সূত্র; অস্ত্র বিশেষ; বিধান; প্রসঙ্গ; অনুষ্ঠান; উদ্যোগ।

উট্টঙ্কন, ক্লী. বি. (উৎ-টঙ্ক, বিধি, অনট) সঙ্কেত; ইঙ্গিত; চিহ্নিত; প্রসঙ্গ; প্রস্তাব; ইতি অমরকোষ।

উট্টঙ্কিত, ত্রি. বিণ. (উৎ-টঙ্ক, বিধি, ক্ত) সঙ্কেতিত; চিহ্নিত; উল্লেখিত; উত্থাপিত; ইতি হলায়ুধ।

উঠ, ক্লী. বি. (উ-ঠা, গতি, ড) উদ্গম; বৃদ্ধি; গাত্রোত্থান করণ; যথা—উঠ উঠ উঠ নাথ করি নিবেদন। ইতি কুমারসম্ভব ৪৮ পৃষ্ঠা।

উঠতি, ক্লী. বি. (উঠ, বৃদ্ধি, ক্তি) উন্নতি; দ্রব্যবিক্রয়।

উঠন, ক্লী. বি. (উঠ, স্থানভেদ, অনট) গাত্রোত্থান; প্রাঙ্গন; আঙ্গিনা; বাটীর মধ্যস্থ ক্ষেত্রবিশেষ।

উঠনি, ক্লী. বি. (উঠন, তোলন, ই) বমন; উত্থাপন; তোলা; উদ্গিরণ; বমি করা; ইতি মেদিনী।

উঠাউঠি, ক্লী. বি. (উঠা-উঠ, উত্থান, ই) পুনঃপুনঃ গাত্রোত্থান; বার বার উঠা; মুহুর্মুহু উত্থাপন।

উঠান, ক্লী. বি. (উঠ, স্থানভেদ, আন) উত্থাপন; উত্তোলন; আঙ্গিনা; উঠন; প্রাঙ্গন; যথা—উঠান থানার মত ধরে দুই কর্ণ। ইতি রামায়ণ ৩৭২ পৃষ্ঠা।

উড়কী, ক্লী. বি. (উড়ক, দ্রব্যভেদ, ইন্) উল্কী; স্ত্রীলোকের মুখের চিহ্ন; মক; মাচা; পেতেন।

উড়কুড়, ক্লী. বি. (উল-কুল, শেষ, ক) আদ্যন্ত; শেষ; সমাপ্তি; আগাপাশ্তলা; ইতি জটাধর।

উড়ঞ্চণ্ডীয়, ত্রি. বিণ. [উড়ন্-চণ্ড, গমন, ঈয়] অপব্যয়ী; অপচয়ী; বৃথাধননাশক; যে ধনউড়িয়েদেয়।

উড়ঞ্চণ্ডী, পু. বি. (উড়ন্-চণ্ড, গমন) ইন্) অপব্যয়কারী; বৃথাধন নাশক; যে অনর্থক ধন ব্যয় করে।

উড়তী, ত্রি. বিণ (উৎ-ডী, উড়ন, শান) উড্ডীয়মানেরভাষা; অস্থির; অনিশ্চিত; অমূলক; অনর্থক।

উড়ন, ক্লী. বি. (উৎ-ডী, ডয়ন, অনট) শূন্যে গমন।

উড়নী, স্ত্রী. বি. (উৎ-তর, বসনভেদ, ঈয়) প্রাবার; গাত্রবস্ত্রবিশেষ; উত্তরীয় বসন; একপাটাচাদর।

উড়নীয়, ত্রি. বিণ. (উৎ-ডী, ডয়ন, অনীয়) উড্ডয়নশীল; পক্ষবান; পলায়িত; পলায়নের যোগ্য।

উড়পড়ন, ক্লী. বি. (উড়-পড, পতন, অনট) উড্ডীয়পতন; উড়িয়া পড়ন; উড়িয়াপড়া; ইতি বিশ্ব।

উড়া, ক্লী. বি. (উৎ-ডী, ডয়ন, অনট) উড্ডয়ন।

উড়াওন, ক্লী. বি. (উড়, নাশ, অন) অপব্যয়করণ; বৃথা ধন নাশ করণ; উড্ডীন করান; ইতি কোচিৎ।

উড়ানী, স্ত্রী. বি. (উৎ-তর, বসনভেদ, ঈয়) উত্তরীয়বসন; প্রাবার; চাদর; গাত্রবস্ত্র বিশেষ; ইতিবিশ্ব।

উড়ানীয়, ত্রি. বিণ. [উড়ান, ব্যয়বিশেষ, ঈয়) অপব্যয়ী; অপচয়ী; যে উড়াইয়া দেয়; ইতি ধরণি।

উড়াবাও, ক্লী. বি. (উড়া-রুজ, রোগ, ঘঞ) মেঢ্রোগ বিশেষ; উপদংশ; গরমীর বেয়ারাম।

উড়িয়া, পু. বি. (উড়, ব্যক্তিভেদ, এ) ওড্রদেশীয়লোক।

উড়িয়াপড়ন, ক্লী. বি. (উড়িয়া-পত, পতন, অনট) উড্ডীন হইয়া পতন; উড়ে পড়িয়া যাওয়া।

উড়ী, ক্লী. বি. (উ-ডী, দ্রব্যভেদ, ক্বিপ্) ধান্যবিশেষ; নীবার ধান্য; উড়ুক ধান; শস্য বিশেষ।

উড়ু, কী. স্ত্রী. বি. (উড়, দীপ্তি, উ) নক্ষত্র; তারা; ঋক্ষ; ভ; (ক্লী. বি.) জল; তোয়; বারি।

উড়ু উড়ু, ত্রি. বিণ. (উড়ু-উড়, ভাবনা, উ) চিন্তান্বিত; ভাবনা; অস্থির; উদ্বিগ্ন; অস্থির।

উড়ুউড়ুচিত্ত, ত্রি. বিণ. (উড়ুউড়ু-চিত, মন, ক্ত) চঞ্চলচিত্ত; অস্থিরচিত্ত; অস্থিরান্তঃকরণ; ইত্যমর।

উড়ুকা, ত্রি. বিণ. (উৎ-ডী, ডয়ন, অনট) উড্ডয়নক্ষম; পক্ষবান; পাখাবিশিষ্ট; যে উড়িতে পারে।

উড়ুপ, পু. ক্লী. বি. (উড়ু-পা, পান, ড) ভেলক; ভেলা; মাড়; ডোঙ্গা প্রভৃতি; চর্ম্মাবনদ্ধপাত্রবিশেষ; (পু.) চন্দ্র; সুধাকর; ইতি মেদিনী।

উড়ুপতি, পু. বি. (উড়ু-পা, রক্ষণ, ক্তি) শশধর।

উড়ুপথ, পু. বি. (উড়ু-পথ, শূন্য, অল) আকাশ।

উড়ুম্বর, পু. বি. (উডুম্-বৃ, বরণ, অল) উদুম্বর; যজ্ঞডুমুর গাছ; যজ্ঞাঙ্গ; ব্রহ্মবৃক্ষ; ইতি অমরকোষ। (ক্লী.) তাম্র; কর্ষপরিমাণ; ইতি বৈদ্যশাস্ত্র।

উড্ডয়ন, ক্লী. বি. (উৎ-ডী, ডয়ন, অনট) নভোগতি; আকাশবিহার; শূন্যে গমন; উড়া; উড়ন; যথা—কিন্তু উড্ডয়নে একান্তাসক্ত হইয়া ইতি নৈষধচরিত ৪০ পৃষ্ঠা।

উড্ডামর, ত্রি. বিণ. (উৎ-ডামর, প্রধান, অল) শ্রেষ্ঠ; সর্ব্বোৎকৃষ্ট; উত্তম; প্রধান; উদ্ভট।

উড্ডীন, ত্রি. বিণ. (উৎ-ডী, ডয়ন, ক্ত) ঊর্দ্ধগত; পক্ষির আকাশগমন; উড়ন; উল্লম্ফন; শূন্যগামী; যথা—সারসগণ শ্রেণীবদ্ধ হইয়া নিরবলম্ব পুষ্পমালার ন্যায় গগনমার্গে উড্ডীন হইতেছে। ইতি রঘুবংশ ৩ পৃষ্ঠা।

উড্ডীয়মান, ত্রি. বিণ. [উড্ডীয়, উডন, মতু] উড্ডয়নবিশিষ্ট পক্ষ্যাদি; শূন্যে গমনকারী; উড়ন্ত; যথা—চন্দ্রসূর্য্য প্রতিম হিরণ্ময়রথে মৎস্য রাজের ধ্বজা উড্ডীয়মান হইল। ইতি বিরাটপর্ব্ব ৬১ পৃষ্ঠা।

উড্ডীশ, পু. বি. (উৎ-ডী, শাস্ত্রভেদ, শস্) আগমশাস্ত্রবিশেষ; শিব; মহাদেব; ইতি মেদিনী।

উড্‌তী, ত্রি. বিণ. [উড়্তী, অস্থিরতা, ট্বি] অস্থির; চঞ্চল; দ্রুতগতি; আকাশ গমন; ইতি মেদিনী।

উত, ব্য. (উ, সংশয়, ক্ত) সন্দেহ; প্রশ্ন; সমুচ্চয়; বিকল্প; বিতর্ক বাপ্রশ্নাদি বোধক; তাপ; উষ্মা; (ত্রি. বিণ.) তন্তুসন্তান; বোনা; তন্তুবায় নির্ম্মিত।

উতথ্য, পু. বি. (উতথ, ব্যক্তিভেদ, য) অঙ্গিরার জ্যেষ্ঠ পুত্র; মুনিবিশেষ; ইতিপুরাণ। প্রসিদ্ধ তপস্বী।

উতথ্যানুজ, পু. বি. (উতথ্য-অনু-জন, জনন, ড) বৃহস্পতি; সুরাচার্য্য; উতথ্য মুনির কনিষ্ঠভ্রাতা।

উতর, ক্লী. বি. (উৎ-তর, বচন, অল) উত্তর; প্রতিবচন; প্রতিবাক্য; প্রত্যুক্তি; ইতি অমরকোষ।

উতর, ক্লী. বি. (উৎ-তৃ, তরণ, অল) উপস্থিত হওন; পহুছন; ইতি অমরকোষ। উত্তীর্ণ হওন।

উতরখানা, ক্লী. বি. (যাং) সরাই; আড্ডা।

উতরডাঙ্গা, ক্লী. বি. (উত্তর-ডাঙ্গা, স্থান, অ) পান্থশালা; সরাই; আড্ডা; পথিক দিগের বাসস্থান।

উতরন, ক্লী. বি. (উ-তৃ, তরণ, অনট) অবরোহন; অবতরণ; আইমন; নামন; পৌছন; ইতি মেদিনী।

উতলন, ক্লী. বি. (উৎ-তুল, তোলন, অনট) উত্তোলন; উন্নতহওন; স্ফীতহওন; বৃদ্ধিহওন; ইতি বিশ্ব।

উতলপাতাল, ত্রি. বিণ. [নিম্ন-উচ্চ, অসমান, ট্বি] নিম্নোচ্চের প্রচলিত ভাষা; উচু নিচু; অসমান।

উতলা ; ত্রি . বিণ . (উৎ-কণ্ঠ , ভাবনা , ক্ত) উৎকণ্ঠিত ; ব্যস্ত ; ব্যাকুল ; ভাবিত ; যথা—যার জন্যে তত উতলা হইয়াছিলে ইতি শকুন্তলা ৪১ পৃষ্ঠা।

উতারা , স্ত্রী . বি . (উৎ-তৃ, তরণ, ঘঞ-আ) প্রতিরূপ ; নকল ; আদর্শ ; প্রতিমা ; অনুরূপ ; ইতি ধরণি।

উতালা , ত্রি . বিণ . (উ-তল , ভাবনা , ঘঞ-আ) ব্যস্ত ; উৎকণ্ঠিত ; ভাবিত ; ব্যাকুলিত ; ইতি হলায়ুধ।

উতাহো , ব্য . (উৎ-আহ . বিচার, ও) প্রশ্ন ; বিচার ; বিকল্প ; সন্দেহ ; সন্দিগ্ধ বিষয়ের পরীক্ষা ; ইতিবিশ্ব।

উতাহোস্বিৎ , ব্য . (উতাহো-স্বিদ , সংশয় , ক্বিপ) সন্দেহ ; সংশয় ; ভাবাভাব প্রকারক বিরুদ্ধ জ্ঞান।

উৎক , ত্রি . বিণ . (উৎ-কৈ , ভাবনা , ড) উন্মনা ; অন্যমনস্ক ; উদ্বিগ্ন ; উৎসুক ; ইতি অমরকোষ।

উৎকট , ত্রি . বিণ . (উৎ-কট, কাঠিন্য, অল) তীব্র ; মত্ত ; বিষম ; শক্ত ; দুঃসহ ; উদ্দাম ; অধিক ; কঠিন ; যথা—লোকে কোন উৎকট পাপ করিলে ইতি রোমাবতী ১৬৩ পৃষ্ঠা।

দুঃসাধ্য ; (স্ত্রী . বি .) গুড়ত্বক ; তেজপাত ; দারচিনি ; (পু .) মদ ; মত্তহস্তী ; রক্তইক্ষু ; ইতিহারাবলী।

উৎকণ্ঠ , পু . বি . (উৎ-কণ্ঠ , ভাবনা , অল) উৎকলিকাকুল ; ব্যস্ত ; সত্বর ; (ত্রি . বিণ .) ভাবনাবিশিষ্ট।

উৎকণ্ঠা , স্ত্রী . বি . (উৎ-কণ্ঠ , ভাবনা , ড-আ) উৎকলিকা ; ইষ্ট লাভেকাল ক্ষেপ অসহিষ্ণুতা ; প্রিয়াভিলাষে উন্মনস্কত্ব ; অন্য মনস্কতা ; ব্যাকুলতা ; ব্যস্ততা ; ভাবনা ; উদ্বেগ ; ঔৎসুক্য ; চিন্তা ; যথা—আমার উদ্বেগ ও উৎকণ্ঠা দূর কর, ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা।

উৎকণ্ঠিত , ত্রি . বিণ . (উৎ-কণ্ঠ , ভাবনা , ক্ত) উৎকণ্ঠাযুক্ত ; উৎসুক ; উদ্বিগ্ন ; উন্মনা ; ভাবনা বিশিষ্ট ; যথা—মাতৃ সন্দর্শনার্থ উৎকণ্ঠিত হইতেছে, ইতি রঘুবংশ ১১ পৃষ্ঠা।

উৎকণ্ঠিতা , স্ত্রী . বি . (উৎ-কণ্ঠ , ভাবনা . ক্ত-আ) নায়িকা বিশেষ ; (ত্রি . বিণ .) চিন্তান্বিতা ; উদ্বিগ্না।

উৎকতা , স্ত্রী . বি . (উৎ-কণ্ঠ , ভাবনা , ড-আ) উৎকণ্ঠা ; অন্য মনস্কতা ; পিপুলবিশেষ ; গজপিপ্পলী।

উৎকর , পু . বি . (উৎ-কৃ , করণ, অল) ধান্যাদি রাশি। স্তূপ ; গাদা ; কাঁড়ী ; পুঞ্জ ; স্তূপের অংশ।

উৎকর্ষ , পু . বি . (উৎ-কৃষ, কর্ষ , অল) প্রধানত্ব ; শ্রেষ্ঠতা ; আধিক্য ; (ত্রি . বিণ .) অতিশয়যুক্ত ; অতিশয় উত্তমতা ; যথা—গ্রন্থের উৎকর্ষ প্রকাশ করত ইতি নৈষধচরিত ৪৬ পৃষ্ঠা।

উৎকল , পু . বি . (উৎ-কল , দেশভেদ , অল) ওড্রদেশ ; উড়িস্যা দেশ ; ব্যাধ ; পাখিমারা ; (ত্রি . বিণ .) ভার বাহক ; মুটে ; ভারিক ; ইতি শব্দমালা।

উৎকলিকা , স্ত্রী . বি . (উৎ-কল , দ্রব্যভেদ , ইক-আ) উৎকণ্ঠা ; ভাবনা ; পুষ্পের কুঁড়ি ; ঊর্ম্মি ; ঢেউ ; হেলা ; উদ্বেগ ; যথা—ব্যাকবেথ উৎকলিকায় ব্যাকুল হইয়া রহিল ইতি সেক্‌সপিয়র ৪৬৫ পৃষ্ঠা।

উৎকলিত , ত্রি . বিণ . (উৎ-কল , ভাবনা , ক্ত) উন্মনা ; উৎকণ্ঠিত ; চিন্তাকুল ; ভাবনাযুক্ত ; ব্যাকুলান্বিত।

উৎকা , স্ত্রী . বি . [উৎক , স্ত্রীভেদ , আ] উৎকণ্ঠিতা নায়িকা ; উদ্বিগ্না ; ভাবনাবিশিষ্টা ; ইতি মেদিনী।

উৎকাকা , স্ত্রী . বি . [উৎকাক , জীবভেদ , আ] প্রতিবর্ষপ্রসূতাগো ; যে গরু বর্ষে বর্ষে প্রসব হয়।

উৎকার , পু . বি . (উৎ-কৃ , করণ , ঘঞ) ধান্যোৎক্ষেপণ ; ধানগারা ; ধানের রাশি করণ ; ধানের আগড়া ঝাড়িয়া রাশি করণ ; ধান গাদা করণ ; ইতি বিশ্ব।

উৎকির , ত্রি . বিণ . (উৎ-কৃ , করণ , অ) উৎক্ষেপক।

উৎকীর্ণ , ত্রি . বিণ . (উৎ-কৃ , করণ , ক্ত) ক্ষত ; ক্ষোদিত ; উৎক্ষিপ্ত ; পেষিত ; উত্যক্ত ; ইতি অমরকোষ।

উৎকুট , স্ত্রী . বি . . (উৎ-কুট , শয়ন , ক) উত্তান শয়ন ; চিৎহইয়া শোওয়া ; ইতি হারাবলী।

উৎকুন , পু . বি . (উৎ-কুন , কীটভেদ , ক) কেশকীট ; উকুন ; ডেঙ্গর ; মস্তকের পোকা বিশেষ ; ইতিহেমচন্দ্র।

উৎকূট , পু . বি . (উৎ-কূট, দ্রব্যভেদ, ক) ছত্র ; ছাতি ; ছাতা ; আতপত্র ; ইতিহারাবলী। আবরনবিশেষ।

উৎকৃত্ত , ত্রি . বিণ . (উৎ-কৃত , ছিন্নতা , ক্ত) ছিন্ন ; উৎক্ষত ; উৎখাত ; ছেদন করা ; ইতি অমরকোষ।

উৎকৃষ্ট , ত্রি . বিণ . (উৎ-কৃষ ; উত্তমতা ক্ত) উৎকর্ষ বিশিষ্ট ; অতিশয়যুক্ত ; প্রকৃষ্ট ; প্রশস্ত ; শ্রেষ্ঠ ; প্রধান ; উত্তম ; যথা—কাহাকে উৎকৃষ্ট কাহাকে নিকৃষ্ট অবস্থা প্রদান করিয়াছেন, ইতি প্রিয়দর্শন ৮ পৃষ্ঠা।

উৎকৃষ্টতা , স্ত্রী . বি . [উৎকৃষ্ট , উত্তম , তা] উৎকর্ষ ; উত্তমতা ; শ্রেষ্ঠতা ; প্রাধান্য ; সৌন্দর্য্য।

উৎকৃষ্টভূম , পু . বি . (উৎ-কৃষ্ট-ভূমি , স্থানভেদ , ড) প্রশস্তভূমি ; উত্তমস্থান ; ইতিজটাধর। ভাল স্থান।

উৎকৃষ্টার্থ , পু . বি . (উৎকৃষ্ট-অর্থ , দ্রব্যভেদ , অল)

উত্তমবিষয়; সদর্থ; যথার্থ অর্থ; ইতি হেমচন্দ্র।

উৎকোচ, পু. স্ত্রী. বি. (উৎ-কুচ, দানভেদ, অল) অপ্রদান; কার্য্য ব্যাঘাত নিবারণার্থ দান; ঘুষ; যথা—যে ব্যক্তি কিছুমাত্র অপহরণ ও উৎকোচ গ্রহণ না করে ইতি বিরাটপর্ব্ব ৮ পৃষ্ঠা।

উৎকোচগ্রাহী, ত্রি. বিণ. (উৎকোচ-গ্রহ, গ্রহণ, ণিন্) উৎকোচগ্রহণ কর্ত্তা; ঘুষখোর; ইতি অমরকোষ।

উৎক্রম, পু. বি. (উৎ-ক্রম, গমন, অল) ব্যতিক্রম; বিপরীতি; ব্যুৎক্রম; বিলোম; উচ্চলন; নির্গমন; নিঃসরণ; ইতি হেমচন্দ্র। বহির্গমন; প্রস্থান করণ।

উৎক্রান্ত, ত্রি. বিণ. (উৎ-ক্রম, গমন, ক্ত) উদ্গত; অতিক্রান্ত; নির্গত; উর্দ্ধেনিঃসৃত; উল্লঙ্ঘিত।

উৎক্রোশ, পু. স্ত্রী. বি. (উৎ-ক্রুশ, জীবভেদ, অল) কুররপক্ষী; বাজপক্ষী; পক্ষিবিশেষ; চীৎকার।

উৎখাত, ত্রি. বিণ. (উৎ-খন, খনন, ক্ত) উন্মূলিত; উপড়ান; বিদারিত; পদভ্রংশিত; উৎপাটিত; যথা—নদীবেগে মুল উৎখাত হইলে ইতি রঘুবংশ ৮৭পৃষ্ঠা।

উৎখাতি, ত্রি. বিণ. (উৎ-খন, খনন, ক্তি) নাশক; উপদ্রবী; উত্তোলন কর্ত্তা; নাশকর্ত্তা; ইতি বিশ্ব।

উত্ত, ত্রি. বিণ. (উদ, আর্দ্র, ক্ত) আর্দ্রবস্ত্র; ভিজা।

উত্তংস, পু. বি. (উৎ-তন্স, আভরণ, অস্) কর্ণপুর; কর্ণাভরন; শেখর; শিরোভূষণ; ইতিঅমরকোষ।

উত্তপ্ত, ত্রি. বিণ. (উৎ-তপ, তাপ, ক্ত) উষ্ণ; সন্তপ্ত; যথা—রৌদ্রের উত্তাপে পথ উত্তপ্ত হইল। ইতি কাদম্বরী ১০ পৃষ্ঠা।

দগ্ধ; পরিপ্লুত, স্নাত; যে স্নাত হইয়াছে; ইতি মেদিনী। (ক্লী. বি.) শুষ্কমাংস; ইতিঅমরকোষ।

উত্তপ্ততা, স্ত্রী. বি. [উত্তপ্ত, তপ্ত, তা] উষ্ণতা; সন্তাপ; গরম; অগ্নিজাত তাপ; সম্যক দুঃখ।

উত্তম, পু. বি. (উৎ-তম, প্রধান, অল) বৈবসিক নাম নায়কভেদ; সুরুচি গর্ব্ভজাত উত্তান পাদরাজ পুত্র; প্রিয়ব্রত রাজ পুত্র; তৃতীয় মনু; (ত্রি. বিণ.) উৎকৃষ্ট; প্রধান; মুখ্য; শ্রেষ্ঠ; চরম; ভদ্র; ইতি অমরকোষ।

উত্তমতা, স্ত্রী. বি. [উত্তম, ভদ্র, তা] ভদ্রতা; উৎকর্ষ; সৌন্দর্য্য; উৎকৃষ্টা; ইতি শব্দরত্নাবলী।

উত্তমপদ, ক্লী. বি. (উত্তম-স্থান, কর্ম্ম, অল) শ্রেষ্ঠপদ; উচ্চপদ; উত্তম পদ; মান্য পদ; ইতি বিশ্ব।

উত্তমফলিনী, স্ত্রী. বি. (উত্তম-ফল, উদ্ভিদভেদ, ইন্-ঈ) উদ্ভিজ্জ বিশেষ; দুগ্ধিকা বৃক্ষ; ক্ষীরাই গাছ।

উত্তমর্ণ, পু. বি. (উত্তম-ঋণ, গমন, অল) ঋণদাতা; মহাজন; ঋণদ; ইতি জটাধর। যথা—স্বেচ্ছাক্রমে উত্তমর্ণের ব্যবহার করিয়া ইতি সেকসপিয়র ২২৬পৃষ্ঠা।

উত্তমসংগ্রহ, পু. বি. (উত্তম-সং-গ্রহ, গ্রহণ, অল) সম্যক্ সংগ্রহ; উৎকৃষ্টদ্রব্য সংগ্রহ; নির্জনে পরস্ত্রীর সহিত পরস্পর আলিঙ্গন; উৎকৃষ্ট নিবন্ধন।

উত্তমসাহস, পু. বি. (উত্তম-সাহস, ভরসা, অল) দণ্ড বিশেষ; ত্রিবিধ দণ্ডের শ্রেষ্ঠদণ্ড; ১০৮০ পণ পরিমিত দণ্ড; অতিশয় সাহস; দুঃসাহস; অধিকভরসা।

উত্তমা, স্ত্রী. বি. (উৎ-তম, প্রধান, ত-আ) উৎকৃষ্টা নারী; শ্রেষ্ঠা কামিনী; ক্ষীরিকাবৃক্ষ; ক্ষীরাই গাছ।

উত্তমাঙ্গ, ক্লী. বি. (উত্তম-অঙ্গ, অল) মস্তক; শিরঃ; মুণ্ড; প্রধানাঙ্গ; শীর্ষ; মূর্দ্ধা; মাথা; ইতিবিশ্ব।

উত্তমার্হ, পু. বি. (উত্তম-অর্হ, যোগ্যতা, অল) উৎকর্ষোপ যুক্ত; উত্তমতার যোগ্য; ইতি অমরকোষ।

উত্তমোত্তম, ত্রি. বিণ. (উত্তম-উৎ-তম, প্রধান, অল) অতিশয় উৎকৃষ্ট; শ্রেষ্ঠাপেক্ষা শ্রেষ্ঠ; পরমোৎকৃষ্ট; যথা—উত্তমোত্তম বাষ্পীয় যন্ত্র দ্বারা ইতি বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধবিচার ৩৮ পৃষ্ঠা।

উত্তর, ক্লী. বি. (উৎ-তৃ, তরণ, অল) প্রতিবাক্য; জবাব; যথা—যেন তাহার উত্তর প্রদান করিল। ইতি কাদম্বরী ১৪ পৃষ্ঠা।

প্রতিবচন; সিদ্ধান্ত; (পু.) বিরাট রাজ পুত্র; (ত্রি. বিণ.) উর্দ্ধ; উদীচী; উত্তম; অনন্তর; দিগ্বিশেষ; উত্তরদিক্; শ্রেষ্ঠ; যোগ্য; পশ্চাৎ; উপরিস্থিত।

উত্তরকাল, পু. বি. (উত্তর-কাল, সময়, অল) ভবিষ্যৎ কাল; গৌণকাল; আগামি সময়; পরের সময়।

উত্তরকুরু, স্ত্রী. বি. (উত্তর-কু, করণ, উ) জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ; জবাবকর এই বাক্য।

উত্তরকোশলা, স্ত্রী. বি. (উত্তর-কোশল, নগরভেদ, আ) অযোধ্যানগরী; (পু.) কোশলদেশ।

উত্তরক্রিয়া, স্ত্রী. বি. (উত্তর-কৃ, করণ, ক্যপ্-আ) অন্তিমক্রিয়া; অন্ত্যেষ্টিক্রিয়া; শ্রাদ্ধাদি ক্রিয়া।

উত্তরখণ্ডন, ক্লী. বি. (উত্তর-খণ্ড, কথন, অনট) প্রত্যুক্তি; প্রত্যুত্তর; উত্তরের উত্তর; ইতি অমরকোষ।

উত্তরঙ্গ, ক্লী. বি. (উৎ-তর-গম, গমন, ড) উদ্গততরঙ্গ; বড়ঢেউ; দ্বারেরউর্দ্ধস্থ বক্রকাষ্ঠ; কুমিরকা।

উত্তরচ্ছদ, পু. বি. (উত্তর-ছদ, বসনভেদ, অল) উপরি আস্তরণ বস্ত্র; আবরণবস্ত্রবিশেষ; ইতি মেদিনী।

উত্তরণ, ক্লী. বি. (উৎ-তৃ, তরণ, অনট) নদ্যাদিপার গমন; উতরণ; নদী প্রভৃতিপার হইয়া গমন।

উত্তরণস্থান, স্ত্রী. বি. (উত্তরণ—স্থা, স্থিতি, অনট) উতরথানা; পান্থশালা; আড্ডা; সরাই।

উত্তরতঃ, ব্য. [উত্তর, দিক্‌বিশেষ, তস্] উত্তরদিক বা দেশ হইতে; উত্তরে; উত্তর হইতে; ইতি বিশ্ব।

উত্তরদেশী, ত্রি. বিণ. (উত্তর-দিশ, দেশ, ইন্) উত্তর দেশীয়; উত্তরে; যাহার উত্তরদেশে বাসস্থান।

উত্তরপক্ষ, পু. বি. (উত্তর-পক্ষ, শেষ, অল) সিদ্ধান্ত; সমাধান; সমাধি; বিচারশেষ; কৃতান্ত।

উত্তরপাদ, পু. বি. (উত্তর-পদ, স্থানভেদ, ঘঞ) চতুষ্পাদ ব্যবহারের দ্বিতীয়পাদ; উত্তরদান প্রকরণ।

উত্তরপ্রত্যুত্তর, ক্লী. বি. (উত্তর-প্রতি-উৎ-তৃ, তরণ, অল) কথাকাটাকাটী; বাদানুবাদ; বিতর্ক; বচসা।

উত্তরফাল্গুনী, স্ত্রী. বি. [উত্তর-ফাল্গুন, নক্ষত্রভেদ, ঈ] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত দ্বাদশ নক্ষত্র।

উত্তরবাদী, ত্রি. বিণ. (উত্তর-বদ, বাক্য, ণিন্) উত্তর বক্তা; আসামী; যে পরে বলে; ইতি ধরণি।

উত্তরভাদ্রপদ, স্ত্রী. বি. (উত্তর-ভাদ্র-পদ, নক্ষত্র বিশেষ, অ) ষড়বিংশ নক্ষত্র; ইতিজ্যোতিঃশাস্ত্র।

উত্তরসংজ্ঞিত, ত্রি. বিণ. (উত্তর-সং-জ্ঞা, সাক্ষ, ক্ত) উত্তরসাক্ষী; শ্রুতসাক্ষী; পরভাষতা সাক্ষী।

উত্তরসাক্ষী, ত্রি. বিণ. (উত্তর-সাক্ষ, ব্যক্তিভেদ, ইন্) উত্তরসংজ্ঞিত সাক্ষী; পরভাষতা সাক্ষী; পরসাক্ষী।

উত্তরসাধক, ত্রি. বিণ. (উত্তর-সাধ, সাহায্য, ণক) সহায়; সহকারী; আনুকূল্য কারণ; সহায্যকারী।

উত্তরস্থান, ক্লী. বি. (উত্তর-স্থা, স্থিতি, অনট) উত্তরণের স্থল; পথিকশালা; আড্ডা; চটী।

উত্তরা, স্ত্রী. বি. (উত্তর, ব্যক্তিভেদ, আ) বিরাট রাজকন্যা; যথা—উত্তরাকে অদ্যাবধি স্বদীয় হস্তে সমর্পণ করিলাম ইতি বিরাটপর্ব্ব ১৮ পৃষ্ঠা। উত্তরদিক্; কৌবেরী; উদীচী; অভিমন্যু পত্নী।

উত্তরাৎ, (ব্য.) উত্তরদিকে; উত্তরদেশে; উদীচী।

উত্তরাধিকার, পু. বি. (উত্তর-অধি-কৃ, করণ, ঘঞ) মৃতধনে অধিকার; প্রথম অধিকার; পশ্চাৎ অধিকার।

উত্তরাধিকারিণী, স্ত্রী. বি. (উত্তর-অধি-কৃ, করণ, ণিন-ঈ) যেস্ত্রীমৃত ব্যক্তির ধন প্রাপ্তহয়; অনন্তর অধিকারিণী; স্ত্রীদায়াদ; যে কামিনীর পরে অধিকার।

উত্তরাধিকারী, ত্রি. বিণ. (উত্তর-অধি-কৃ, করণ, ণিন) প্রথমাধিকারী; পশ্চাৎ অধিকারকর্ত্তা; দায়াদ; রিকথগ্রাহী; ওয়ারিস্; যথা—নল পৈতৃক রাজ্যের উত্তরাধিকারী হইলেন। ইতি রঘুবংশ ১৪১ পৃষ্ঠা।

উত্তরাভাস, পু. বি. (উত্তর-আ-ভাস, কথন, অল) দুষ্টউত্তর; অসদুত্তর; অন্যায় কথন; পরের কথা।

উত্তরায়ণ, ক্লী. বি. (উত্তর-অয়, গমন, অনট) উত্তর দিগ্বর্ত্তি সূর্য্য মার্গ; সূর্য্যের উত্তরদিকে গতি; মাঘাদি ছয়মাস; যথা—দিবাকরের উত্তরায়ণ আরম্ভ হইলেই ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬৮ পৃষ্ঠা।

উত্তরাশা, স্ত্রী. বি. (উত্তর-আশ, আশা, ড-আ) উত্তরদিক; উদীচী; প্রতিবচন পাইবার প্রত্যাশা।

উত্তরাশাঢ়া, স্ত্রী. বি. [উত্তর-আশাঢ়, নক্ষত্রভেদ, আ] উত্তরাষাঢ়া নক্ষত্র; সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্র।

উত্তরাশাপতি, পু. বি. (উত্তরাশা-পা, রক্ষণ, ক্তি) উত্তরদিকের অধিপতি; কুবের; যক্ষরাজ।

উত্তরাষাঢ়া, স্ত্রী. বি. [উত্তর-আষাঢ়, নক্ষত্রভেদ, আ] নক্ষত্র বিশেষ; সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গতনক্ষত্র।

উত্তরাসঙ্গ, পু. ক্লী. বি. (উত্তর-আ-সন্‌জ, বসনভেদ, অল) উত্তরীয় বস্ত্র; আচ্ছাদন বস্ত্র; উড়ানি; চাদর।

উত্তরী, ক্লী. বি. (উত্তর, বসনভেদ, ইন্) উপবীতের ন্যায় ধৃত বস্ত্র; দোছোট; গল বদ্ধ সূত্রাদি।

উত্তরীয়, ক্লী. বি. [উত্তর, বসনভেদ, ঈয়] উত্তরীয় বস্ত্র; দোছোট; দোবজা; উড়ানি; গাত্রবসন।

উত্তরে, ক্রিবিণ. [উত্তর, দিক্‌ভেদ, এ] উত্তরদিকে; শেষে; পরে; পরিণামে; ইতি অমরকোষ।

উত্তরেণ, (ব্য.) উত্তরদিক; উত্তরদেশ; উত্তরকাল।

উত্তরেদ্যুঃ, ব্য. [উত্তর-দিব, দিবা, উস্] উত্তরদিবস; আগামিদিন; পরদিবস; কল্য; ইতিশব্দরত্নাবলী।

উত্তরোত্তর, ক্রিবিণ. (উত্তর-উৎ-তৃ, তরণ, অল) পরপর; ক্রমে ক্রমে; যথা—কামিনীগণে পরিবৃতা হইয়া উত্তরোত্তর উৎসব ব্যাপারের ইতি রঘুবংশ ১৪৫পৃষ্ঠা।

উত্তর্জনা, স্ত্রী. বি. (উৎ তর্জ, ভর্ৎসন, অন-আ) ভীতি প্রদর্শন; গর্জন; ধমকান; তর্জিত বাক্য।

উত্তলন, ক্লী. বি. (উৎ-তল, উথলন, অনট) উথলন; উপচন; ছাপন; উথলিয়া পড়ন; ইতিঅমরকোষ।

উত্তান, ত্রি. বিণ. (উৎ-তন, অবস্থাভেদ, ঘঞ) ঊর্দ্ধমুখ; ঊর্দ্ধমুখশয়িত; অগম্ভীর; চিৎহওয়া।

উত্তানপত্রক, পু. বি. (উত্তান-পত্র, বৃক্ষভেদ, ণক) রক্তএরণ্ড বৃক্ষ; রাঙ্গা ভেরেণ্ডাগাছ; ইতিমেদিনী।

উত্তানপাদ, পু. বি. (উত্তান-পদ, ব্যক্তিভেদ, ঘঞ) রাজাবিশেষ; স্বায়ম্ভুব মনুপুত্র; ইতি পুরাণ।

উত্তানপাদজ, পু. বি. (উত্তান-পাদ-জন, জনন, ড) উত্তান পাদ রাজ পুত্র; ধ্রুব; জ্যোতীরথ; গ্রহাধার।

উত্তানশয়, পু. বি. (উত্তান-শি, শয়ন, অল) অত্যন্ত শিশু; অর্ভক; উত্তান সুপ্ত; উন্মুখসুপ্ত; (ত্রি. বিণ.) যেচিৎ হইয়াশয়ন করে; ইতি অমরকোষ।

উত্তাপ, পু. বি. (উৎ-তপ, তাপ, ঘঞ) তেজঃ; উষ্মা; সন্তাপ; তাপ; উষ্ণতা; গরম; ইতি হেমচন্দ্র।

উত্তাপন, ক্লী. বি. (উৎ-তপ, তাপ, অনট) উষ্ণতাকরণ; সন্তাপন; উষ্মাকরণ; গরম করা; ইতি বিশ্ব।

উত্তাপার্হ, ত্রি. বিণ. (উত্তাপ-অর্হ, যোগ্যতা, অল) তাপ দিবার যোগ্য; আপদের উপযুক্ত।

উত্তাপিত, ত্রি. বিণ. (উৎ-তপ, তাপ, ক্ত) তাপদেওয়া; উষ্ণীকৃত; সন্তাপিত; গরম করা; ইতি বিশ্ব।

উত্তার, ত্রি. বিণ. (উৎ-তৃ, প্রাধান্য, ঘঞ) উৎকৃষ্ট; ঊর্দ্ধ গত তারাবিশিষ্ট; মহৎ; উদার; উত্তম; শ্রেষ্ঠ।

উত্তারণ, ক্লী. বি. (উৎ-তৃ, তরণ, অনট) নদ্যাদিপারহওন; উত্তরণ; পৌছান; উত্তীর্ণ হওন।

উত্তারী, ত্রি. বিণ. (উৎ-তৃ, তরণ, ণিন্) চপল; অস্থির; চঞ্চল; চপল; টলন; ইতি অমরকোষ।

উত্তাল, ত্রি. বিণ. (উৎ-তল, মহত্ব, ঘঞ) উৎকট; শ্রেষ্ঠ; বিকরাল; প্লবঙ্গম; ত্বরিত; মহৎ; যথা—যদ্রূপ জলধির উত্তাল তরঙ্গে আচ্ছন্ন হয়, ইতি সেক্‌সপিয়র ১০ পৃষ্ঠা।

উত্তিষ্ঠমান, ত্রি. বিণ. (উৎ-স্থা, উত্থান, শান) উত্থান শীল; বর্দ্ধমান; বৃদ্ধিশীল; যাহা উঠিতেছে।

উত্তীর্ণ, ত্রি. বিণ. (উৎ-তৃ, তরন, ক্ত) মুক্ত; পারগত; যথা—মহাসাগর উত্তীর্ণ হইল ইতিরঘুবংশ ৯৫ পৃষ্ঠা। উদ্ধৃত; উপনীত; নদ্যাদি হইতে উত্থিত; নির্গত।

উত্তুঙ্গ, ত্রি. বিণ. (উৎ-তুঙ্গ, উচ্চতা, অল) উচ্চ; ঊর্দ্ধ; উন্নত; যথা—উত্তুঙ্গ তরঙ্গাকার বৃহৎ অজগর সকল ইতি রঘুবংশ ১০০ পৃষ্ঠা।

উত্তুষ, পু. বি. (উৎ-তুষ, দ্রব্যভেদ, ক) ভৃষ্টধান্য; লাজা; ভাজাধান; খৈ; ইতি হারাবলী।

উত্তেজনা, স্ত্রী. বি. (উৎ-তিজ, ব্যগ্রকরন, অন-আ) শাণাদিদ্বারা তীক্ষ্ণকরন; প্রবর্ত্তন; প্রেরণা; ব্যগ্রকরণ; উত্যক্ত করণ; ধমকান; তর্জন করন; কার্য্যার্থ পুনঃ প্রবৃত্তকরন, তিরস্কার করণ; ইতি হেমচন্দ্র।

উত্তেজিত, ত্রি. বিণ. (উৎ-তিজ, ব্যগ্রকরন, ক্ত) উদ্দীপিত; শানিত; প্রেরিত; পুনঃ২ আদেশিত; উত্যক্ত; বিরক্ত; যথা—তাহার অঙ্কুরোৎপাদিকা শক্তি উত্তেজিত হইয়া থাকে। ইতি রঘুবংশ ৭৩ পৃষ্ঠা।

উত্তোলক, পু. বি. (উৎ-তুল, তোলন, ণক) উদ্ধারক; যে উঠায়; উত্তোলন কারী; যে ব্যক্তি তোলে।

উত্তোলন, ক্লী. বি. (উৎ-তুল, তোলন, অনট) ঊর্দ্ধনয়ন উত্থাপন; উৎপাটন; উপড়ন; তোলা; যথা—হস্ত উত্তোলন করিতে অনেক চেষ্টা করিলেন। ইতি রঘুবংশ ৯ পৃষ্ঠা।

উত্তোলনীয়, ত্রি. বিণ. (উৎ-তুল, তোলন, অনীয়) উপরে উঠাইবার যোগ্য; উত্তোলনের উপযুক্ত।

উত্তোলিত, ত্রি. বিণ. (উৎ-তুল, তোলন, ক্ত) ঊর্দ্ধোনীত; উৎপাটিত; যাহাউত্তোলন করা হইয়াছে।

উত্ত্যক্ত, ত্রি. বিণ. (উৎ-ত্যজ, ত্যাগ, ক্ত) পরিত্যক্ত; ঊর্দ্ধক্ষিপ্ত; বিরক্ত; উত্তেজিত; ব্যতি ব্যস্ত; যথা—চিত্ত মধ্যে অত্যন্ত উত্ত্যক্ত হইতে লাগিলেন। ইতি সেক্‌সপিয়র ১৪ পৃষ্ঠা।

উত্ত্রাস, পু. বি. (উৎ-ত্রস, ভয়, ঘঞ) ভয়; শঙ্কা।

উত্থ, ত্রি. বিণ. (উৎ-স্থা, গতি, ড) উত্থিত; উৎপন্ন।

উত্থলন, ক্লী. বি. (উৎ-থল, উত্থলন, অনট) উথলন; ওতলান; উপচন; ছাপিয়া পড়ন; ইতি মেদিনী।

উত্থান, ক্লী. বি. (উৎ-স্থা, গতি, অনট) উন্নতি; উঠা; যথা—উত্থানকালে উহাদিগের ইতিরঘুবংশ ১০০পৃষ্ঠা। উদ্যোগ; যুদ্ধ; সৈন্য; উৎপত্তি; পৌরুষ; পুস্তক; উদ্যম; উদ্গম; হর্ষ; তন্ত্র, সৈন্যচিন্তা; সন্নিবিষ্ট; উপবিষ্ট; ইতিঅমরকোষ। অনুষ্ঠানকরণ; ইতিকেচিৎ।

উত্থানৈকাদশী, স্ত্রী. বি. [উত্থান-ত্রদাদশ, তিথিভেদ, ই] কার্ত্তিকমাসীয় শুক্লপক্ষের একাদশী।

উত্থাপক, ত্রি. বিণ. (উৎ-স্থা, গতি, ণক) উত্থাপনকর্ত্তা; প্রস্তাবকারী; যে উত্তোলনকরে; ইতিবিশ্ব।

উত্থাপন, ক্লী. বি. (উৎ-স্থা, গতি, অনট) উত্তোলন; উপস্থিতি করণ; ক্ষোভণ; উল্লেখ; উঠন; প্রসঙ্গ;

যথা—অধর্ম্মের উত্থাপনে নাহি প্রয়োজন। ইতি কর্ম্মদেবী ৬৭ পৃষ্ঠা।

উত্থাপিত, ত্রি· বিণ. (উৎ-স্থা, গতি, ক্ত) উত্থিত; উত্তোলিত; কথিত; প্রস্তাবিত; ইতি হেমচন্দ্র।

উত্থিত, ত্রি· বিণ. (উৎ-স্থা, গতি, ক্ত) উৎপন্ন; উদ্যত; উদ্গত; উত্তোলিত, বৃদ্ধিবিশিষ্ট; উঠা; যথা—ঐ ঘোটক সাগরের প্রবাহ মধ্য হইতে উত্থিত হয়। ইতি কাদম্বরী ২৬ পৃষ্ঠা।

উত্থিতাঙ্গুলি, পু· বি· (উত্থিত-অঙ্গুল, আঙুল, ই) বিস্তৃতাঙ্গুলি করতল; চপেট; চাপড়; চড়।

উত্থিতি, স্ত্রী· বি· (উৎ-স্থা, গতি, ক্তি) উত্থান; উঠা; উৎপন্ন; উপরে স্থিতি; হর্ষ; ইতি জটাধর।

উৎপত, পু· বি· (উৎ-পত, গমন, অল) পক্ষী; খেচর।

উৎপতন, ক্লী· বি· (উৎ-পত, গমন, অনট) উৎপত্তি; ঊর্দ্ধ্বগমন; উদয়; উৎপ্লবন; উত্থান; পড়ন।

উৎপতিত, ত্রি· বিণ· (উৎ-পত, গমন, ক্ত) উত্থিত; উদিত; ঊর্দ্ধ্বেগত; উপরিভাগে পতিত; ঊর্দ্ধ্বগমন শীল; উপরিগমন কর্ত্তা; ঊর্দ্ধ্বগন্তা; পড়া; যথা—ভিন্ন২ দিকে উৎপতিত হওয়াতে ইতি কাদম্বরী ৩১ পৃষ্ঠা।

উৎপতিষ্ণু, ত্রি· বিণ· (উৎ-পত গমন, ইষ্ণু) ঊর্দ্ধ্বগমন শীল; ঊর্দ্ধ্বগামী; উপরি গমনবিশিষ্ট; ইতি বিশ্ব।

উৎপত্তি, স্ত্রী· বি· (উৎ-পদ, উৎপন্ন, ক্তি) উৎপতন; উদ্ভব; জন্ম; জনন; জনু; ইতি অমরকোষ।

উৎপন্ন, ত্রি· বিণ· (উৎ-পদ, উৎপন্ন, ক্ত) উৎপত্তিবিশিষ্ট; উদ্ভূত; উত্থিত; জাত; যথা—সেই বিশ্বাসতরু কি এই বিষময় ফল উৎপন্ন হইবে ইতি রোমাবতী ১০৬ পৃষ্ঠা।

উৎপল, ক্লী· বি· (উৎ-পল, পুষ্পভেদ, অল) পদ্ম; যথা—উৎপল প্রফুল্ল যেন সূর্য্যো রআভায়। ইতি কুমারসম্ভ ৭ পৃষ্ঠা।

জলজপুষ্প; নীলকমল; নীলপদ্ম; (ত্রি· বিণ·) মাংসশূন্য; ইতি হেমচন্দ্র। যাহার মাংস মাত্র নাই।

উৎপলগন্ধিক, ক্লী· বি· (উৎপল-গন্ধ, দ্রব্যভেদ, ইক) চন্দনবিশেষ; কৃষ্ণতাম্র; গন্ধদ্রব্য বিশেষ।

উৎপলপত্র, ক্লী· বি· (উৎপল-পত, পাতা, র) পদ্মপত্র; কুবলয়দল; স্ত্রীনখক্ষত; তিলক; ইতি বিশ্ব।

উৎপলিনী, স্ত্রী· বি· (উৎ-পল, পুষ্পভেদ, ইন্ ঈ) পদ্মসমূহ; জলজ পুষ্প বিশেষ; কুমুদিনী; সুঁদী; পদ্মিনী; পদ্মবন; কুমুদিনী পরিপূর্ণ স্থান; ইতি বিশ্ব।

উৎপলী, স্ত্রী· বি· (উৎ-পল, দ্রব্যভেদ, ঈ) তুষচর্পটী; তুঁষের চাপড়া; ইতি মেদিনী। দ্রব্য বিশেষ।

উৎপশ্য, ত্রি· বিণ· (উৎ-দৃশ, দর্শন, ষ্যি) ঊর্দ্ধদৃষ্টিবিশিষ্ট; উন্মুখ; যাহার উপরে দৃষ্টি আছে।

উৎপাটক, ত্রি· বিণ· (উৎ-পট, উপড়ন, ণক) উন্মূলনকর্ত্তা; উপড়ানিয়া; যে ব্যক্তি উৎপাটন করে।

উৎপাটন, ক্লী· বি· (উৎ-পট, উপড়ন, অনট) উত্তোলন; উবড়ান; উন্মূলন; যথা—উৎপাটন করে কেশ পড়ে ভূমি পরে। ইতি কুমারসম্ভব ৪৯ পৃষ্ঠা।

উৎপাটিত, ত্রি· বিণ· (উৎ-পট, উপড়ন, ক্ত) কৃতোৎপাটন; উৎখাত; উদ্ধৃত; উন্মূলিত; যথা—তরুগণ তাহাদের ঘর্ষণে ত্বক শূন্য ভগ্ন ও উৎপাটিত হইতেছে, ইতি রোমাবতী ১৪৮ পৃষ্ঠা।

উৎপাত, পু· বি· (উৎ-পত, অমঙ্গল, ঘঞ) উপদ্রব; দৈব অমঙ্গল ঘটনা; উপসর্গ; দৌরাত্ম্য; যথা—রায় বলে কেন মাসী বাড়াও উৎপাত। ইতি ভারতচন্দ্র ২৫৩ পৃষ্ঠা।

উৎপাতবাত, পু· বি· (উৎপাত-বাত, বায়ুভেদ, অ) ঘূর্ণাবায়ু; অতিশয় গোল মেলে বাতাস।

উৎপাতগ্রস্ত, ত্রি· বিণ· (উৎ-পাত-গ্রস, গ্রাস, ক্ত) উপদ্রুত; উপদ্রবান্বিত; আপদবিশিষ্ট; ইতি বিশ্ব।

উৎপাতজ, ত্রি· বিণ· (উৎপাত, জন, জনন, ড) উপদ্রবজনক; যাহা আপদ হইতে জন্মায়; ইতি মেদিনী।

উৎপাদক, পু· বি· (উৎ-পদ, উৎপাদন, ণক) পশুবিশেষ; শরভ; অষ্টপাদ; (ত্রি· বিণ·) উৎপাদয়িতা; জনক; উৎপত্তি কারক; জন্মদাতা; যথা— উহাদের উৎপাদক কে? ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১৮৯ পৃষ্ঠা।

উৎপাদন, ক্লী· বি· (উৎ-পদ, উৎপাদন, অনট) জনন; উৎপত্তিকরণ; জন্মান; উৎপন্ন করণ; যথা—যে ব্যক্তিস্বয়ং অগ্নি উৎপাদন ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব২পৃষ্ঠা।

উৎপাদনীয়, ত্রি· বিণ· (উৎ-পদ, উৎপাদন, অনীয়) উৎপাদ্য; উৎপত্তি করিবার যোগ্য; ইতি মেদিনী।

উৎপাদ্য, ত্রি· বিণ· (উৎ-পদ, উৎপাদন, য) উৎপাদনীয়; উৎপাদন করিবার যোগ্য; ইতি হেমচন্দ্র।

উৎপাদিকা, স্ত্রী· বি· (উৎ-পদ, উৎপাদন, ইক-আ) দেহিকা নামকীট; পূতিকা; জননী; উৎপত্তিকারিণী।

উৎপালী, স্ত্রী. বি. (উৎ-পাল, সুস্থতা, ইন্‌) আরোগ্য; রোগশূন্যতা; সুস্থতা; ইতি শব্দচন্দ্রিকা।

উৎপিঞ্জল, ত্রি. বিণ. (উৎ-পিঞ্জল, ব্যাকুলতা, অল) ব্যাকুল; অতিশয় ব্যস্ত; অত্যন্ত চিন্তিত; ইতিবিশ্ব।

উৎপীড়ন, ক্লী. বি. (উৎ-পীড়, পীড়াভেদ, অনট) বাধা; ঠেলামারা; ঠাসাঠাসি; উত্তেজন; যথা—ইতিমধ্যে ভ্রমর অত্যন্ত উৎপীড়ন করিতে ইতি শকুন্তলা ৯ পৃষ্ঠা।

উৎপ্রেক্ষা, স্ত্রী. বি. (উৎ-প্র-ঈক্ষ, অনবধানতা, ও-আ) অনবধান; সাদৃশ্য; বিতর্ক; প্রকৃত বস্তুতে অন্য প্রকার সম্ভাবনা; অনুমান; উপেক্ষা।

উৎপ্লবন, ক্লী. বি. (উৎ-প্লু, লম্ফন, অনট) উল্লম্ফন; লাফান; কোঁদানি; আস্ফালন; ইতি মেদিনী।

উৎপ্লবা, স্ত্রী. বি. (উৎ-প্লু, গতি, অ-আ) তরণী; নৌকা; তরী; জলযান; ইতি শব্দরত্নাবলী।

উৎপ্লুত, ত্রি. বিণ. (উৎ-প্লু, গতি, ক্ত) উল্টাপালটা।

উৎফাল, পু. বি. (উৎ-ফল, লম্ফ, ঘঞ) উল্লম্ফন; লাফান; কুন্দন; লম্ফ; ক্ষণিকমাত্র শূন্যে উঠা।

উৎফুল্ল, ত্রি. বিণ. (উৎ-ফুল, বিকাস, ক্ত) প্রফুল্ল; বিকসিত; স্ফুটন্ত; ইতি অমরকোষ। প্রকাশিত।

উৎস, পু. বি. (উন্দ, গমন, স) প্রস্রবণ; উনই; পর্ব্বতের ঝরনা; নির্ঝর; যথা—কমল আলয় সরঃ উৎস রজঃ ছুটা। ইতি মেঘনাদবধকাব্য ১২ পৃষ্ঠা।

উৎসঙ্গ, পু. বি. (উৎ-সন্‌জ, সঙ্গ, অল) ক্রোড়; কোল; ঊর্দ্ধভাগ; অঙ্ক; ইতি জটাধর। যথা—মনোরমার উৎসঙ্গে বিকসিত পুণ্ডরীক নিক্ষেপ করিতে ইতি কাদম্বরী ২১ পৃষ্ঠা।

উৎসন্ন, ত্রি. বিণ. (উৎ-সদ, গতি, ক্ত) ধ্বংসাবস্থা; যথা—যেন আমাকে তৎক্ষণাৎ উৎসন্ন করেন। ইতি টেলিমেকস ১১ পৃষ্ঠা।

উৎসব, পু. বি. (উৎ-সু, হর্ষ, অল) আনন্দ; নিয়মিত পূজার্চ্চনাদি; উদ্ধর্ষ; আহ্লাদজনকব্যাপার; যথা—ঘরে ঘরে উৎসবহইল রাজাময়। ইতিকুমার ১৪৭পৃষ্ঠা।

উৎসবজনক, ত্রি. বিণ. (উৎসব-জন, জনন, অক) আহ্লাদ জনক; আমোদ জনক; উৎসবকর্ত্তা।

উৎসবসঙ্কেত, পু. বি. (উৎসব-সং-কিত, জাতিবিশেষ, অল) পর্ব্বতীয়জাতিবিশেষ; এইনামেপ্রসিদ্ধমগুণ।

উৎসর্গ, পু. বি. (উৎ-সৃজ, ত্যাগ, ঘঞ) ত্যাগ; দান; বর্জ্জন; সামান্য বিধি; বিসর্জ্জন; ইতি হেমচন্দ্র। যথা—আপনকার প্রতি উৎসর্গ করিয়া থাকেন ইতি সেক্‌সপিয়র ২০০ পৃষ্ঠা।

উৎসর্জ্জন, ক্লী. বি. (উৎ-সৃজ, ত্যাগ, অনট) উৎসর্গ; ত্যাগ; দান; বিতরণ; বিসর্জ্জন; বিশ্রাণন।

উৎসাদন, ক্লী. বি. (উৎ সদ, নাশ, অনট) বিনাশন; উচ্ছেদ করণ; ছিন্ন ভিন্ন করণ; তৈলাদি দ্বারা পরিষ্করণ; মলশোধন; উদ্বাহন; উদ্বর্ত্তন; ইতিমেদিনী।

উৎসাদনীয়, ত্রি. বিণ. (উৎ-সদ, নাশ, অনীয়) উচ্ছিন্ন করিবার যোগ্য; উন্মূলনীয়; উৎপাট্য।

উৎসাদিত, ত্রি. বিণ. (উৎ-সদ, নাশ, ক্ত) কৃতোৎসাদন; উদ্বর্ত্তিত; নির্ম্মলীকৃত; উৎপাটিত; পরিষ্কৃত; বিনাশিত; দূরীকৃত; ইতি অমরকোষ।

উৎসারক, পু. বি. (উৎ-সৃ, গতি, ণক) দ্বারপালক; উৎসারণ কর্ত্তা; ইতি হেমচন্দ্র। দ্বার রক্ষাকর্ত্তা।

উৎসারণ, ক্লী. বি. (উৎ-সৃ, গতি, অনট) দূরীকরণ; চালন; সরাইয়া দেওয়া; স্থানান্তর প্রাপণ।

উৎসারিত, ত্রি. বিণ. (উৎ-সৃ, গমন, ক্ত) দূরীকৃত; স্থানান্তরিত; যথা—বায়স গণকে উৎসারিত করিতেছে। ইতি মহাভারত স্ত্রীপর্ব্ব ২২ পৃষ্ঠা।

উৎসাহ, পু. বি. (উৎ-সহ, হর্ষ, ঘঞ) উদ্যম; উদ্যোগ; হর্ষ; সংরম্ভ; কল্যাণ; অধ্যবসায়; যথা—সেই কর্ম্মে অনুমতি করিতে উৎসাহ করি না, ইতি রঘুবংশ ৮৪ পৃষ্ঠা।

উৎসাহবর্দ্ধন, ক্লী. বি. (উৎসাহ-বৃধ, বর্দ্ধন, অনট) উদ্যমবৃদ্ধি; উদ্যমাধিক্য; অধ্যবসায়াধিক্য; বীররস।

উৎসাহশীল, ত্রি. বিণ. (উৎসাহ-শীল, বিশিষ্ট, ক) উদ্যোগী; চালাক; অধ্যবসায়বিশিষ্ট; ইতিবিশ্ব।

উৎসাহান্বিত, ত্রি. বিণ. (উৎসাহ-অনু-ই, গমন, ক্ত) উৎসুক; উৎসাহবিশিষ্ট; উদ্যমবিশিষ্ট; ইতিবিশ্ব।

উৎসাহিত, ত্রি. বিণ. (উৎ-সহ, হর্ষ, ক্ত) উৎসাহশালী; প্রাপ্তোৎসাহ; দত্তোৎসাহ; যাহাকে উৎসাহ দেওয়া যায়; হর্ষিত; যথা—চমৎকৃত ও উৎসাহিত হইয়া, ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

উৎসাহী, ত্রি. বিণ. (উৎ-সহ, হর্ষ, ণিন্‌) অধ্যবসায়বিশিষ্ট; উৎসুক; হর্ষযুক্ত; আহ্লাদ বিশিষ্ট।

উৎসিক্ত, ত্রি. বিণ. (উৎ-সিচ, গর্ব্ব, ক্ত) উদ্ধত; গর্ব্বিত; বর্দ্ধিত; উদ্রিক্ত; ইতি শ্রীভাগবত।

উৎসুক, ত্রি. বিণ. (উৎ-সু, উদ্যোগ, কন্) অভীষ্ট-বিষয়ে উদ্যুক্ত; উৎকণ্ঠিত; প্রিয়; অনুরক্ত; বাঞ্ছিত কর্ম্মে উদ্যত; সমধিক ইচ্ছান্বিত; যথা:—এই বলিয়া উৎসুক মনে ইতি শকুন্তলা ৩৫ পৃষ্ঠা।

উৎসূর, পু. বি. (উৎ-সূর, গমন, ক) দিবাবসান; সূর্য্যাস্তের প্রাক্কাল; ইতি হেমচন্দ্র। সন্ধ্যার পূর্ব্ব।

উৎসৃজন, ক্লী. বি. (উৎ সৃজ, ত্যাগ, অনট) উৎসর্গ; পরিত্যাগ; সমর্পণ; বিসর্জ্জন; ইতি হেমচন্দ্র।

উৎসৃজ্য, ত্রি. বিণ. (উৎ-সৃজ, ত্যাগ, য) উৎসর্গ করিবার যোগ্য; ত্যাজ্য; যথার্থ দেয়; ইতি অমরকোষ।

উৎসৃষ্ট, ত্রি. বিণ. (উৎ-সৃজ, ত্যাগ, ক্ত) ত্যক্ত; বিসৃষ্ট; দত্ত; কৃতোৎসর্গ; হীন; সমুজ্ঝিত।

উৎসেক, পু. বি. (উৎ সিচ, গর্ব্ব, ঘঞ) গর্ব্ব; অহঙ্কার।

উৎসেচন, ক্লী. বি. (উৎ-সিচ, গমন, অনট) ঊর্দ্ধসেক; উথলন; উপচন; উদ্রিক্তহওন; ইতি শব্দচন্দ্রিকা।

উৎসেধ, পু. বি. (উৎ-সিধ, গতি, অল) পর্ব্বত বৃক্ষাদির দীর্ঘতা; উচ্চতা; ঊর্দ্ধভাগের পরিমাণ; উচ্ছ্রয়; শরীর; (ক্লী.) সংহনন; বধ; বিনাশ; মারণ।

উৎক্ষিপ্ত, পু. বি. (উৎ-ক্ষিপ, ক্ষেপণ, ক্ত) ধুস্তূর ফল (ত্রি. বিণ.) ঊর্দ্ধে নিক্ষিপ্ত; যথা—অম্বুদাস্ত্র উৎক্ষিপ্ত দেখিয়া ইতি নৈষধচরিত ১৪৩ পৃষ্ঠা।

উৎক্ষেপণ, ক্লী. বি. (উৎ-ক্ষিপ, ক্ষেপণ, অনট) ঊর্দ্ধে ক্ষেপণ; উপরদিকে ফেলন; ব্যজন; ধান্য মর্দ্দন বস্তু।

উদ, (ব্য.) বিংশতি উপসর্গের মধ্যে উপসর্গ বিশেষ; ঊর্দ্ধ; উৎকর্ষ; প্রাকট্য; নৈকট্য, প্রকাশ; বিভাগ; প্রাবল্য; অস্বাস্থ্য; শক্তি; প্রাধান্য; বন্ধন; ভাব; মোক্ষ; লাভ; ঊর্দ্ধ কর্ম্ম; (ক্লী. বি.) জল; বারি; উদক; ইতি শব্দ রত্নাবলী। তোয়; ইতি বিশ্ব।

উদক, ব্য. (উদ, জল, অক) উত্তর দিক বা দেশ; (ক্লী. বি.) জল; বারি; সলিল; ইতি অমরকোষ।

উদক ক্রিয়া, স্ত্রী. বি. (উদক-কৃ, কর্ম্ম, ক্যপ) মৃতোদ্দেশে জলদান; পিতৃ লোকার্থতর্পণ; ইতি মেদিনী।

উদকদ, ত্রি. বিণ. (উদক-দা, দান, ড) জল দেওয়া।

উদক দান, ক্লী. বি. (উদক-দা, দান, অনট) জল দান; মৃত লোকের উদ্দেশে জলত্যাগ; তর্পণ।

উদকীর্য্য, পু. বি. (উদ-কৃ, করণ, য) করঞ্জ বিশেষ; ডহরকরঞ্চা; ইতি রত্নমালা। দ্রব্যভেদ; ইত্যমর।

উদক্যা, স্ত্রী. বি. (উদক, ঋতু, য-আ) রজস্বলা; ঋতুমতী; স্ত্রীধর্ম্মিণী; ইতি অমর কোষ। রজোযুক্তা।

উদগদ্রি, পু. বি. (উদক-অদ, শৈলভেদ, ক্রি) হিমালয় পর্ব্বত; ইতি হেমচন্দ্র। হিমাদ্রি; হিমগিরি।

উদগয়ন, ক্লী. বি. (উদক-অয়, গমন, অনট) উত্তরায়ণ; সূর্য্যের উত্তরদিক গতি; ইতি হেমচন্দ্র।

উদগভূমি, পু. বি. (উদক-ভূমি, স্থান, ড) সদ্ভূমি; উৎকৃষ্টস্থান; ইতিজটাধর। যে স্থানে সকল শস্যহয়।

উদগ্র, ত্রি. বিণ. (উৎ-অগ্র মহৎ, র) উচ্ছ্রিত; উচ্চ; উন্নত; উদ্ধত; উৎকট; অতিমহৎ; দীর্ঘ; ইতিঅমর।

উদগ্রদন, পু. বি. (উদক-রদ, দন্ত, শতৃ) উচ্চ দন্ত হস্তী; (ত্রি. বিণ.) বৃহদ্দন্ত যুক্ত; ইতি হেমচন্দ্র।

উদঙ্মুখ, ত্রি. বিণ. (উদচ্-মুখ, দিক্, ক) উত্তরাভিমুখ; যাহার উত্তর দিকে মুখ; ইতি মেদিনী।

উদঞ্চন, ক্লী. বি. (উৎ-অনচ, গতি, অনট) পিধানপাত্র; আচ্ছাদন পাত্র; ঢাকুনি; ইতি হেমচন্দ্র।

উদঞ্চিত, ত্রি. বিণ. (উৎ-অনচ, গতি, ক্ত) ঊর্দ্ধে নিক্ষিপ্ত; পূজিত; উৎক্ষিপ্ত; ইতি হেম চন্দ্র।

উদধি, পু. বি. (উদ-ধা, ধারণ, কি) সমুদ্র; সাগর; জলধি; (ত্রি. বিণ.) যে স্থানে অধিক জল থাকে।

উদধিক্রা, পু. বি. (উদধি-ক্রম, গমন, ডা) সমুদ্র আক্রমণ কর্ত্তা; যে সমুদ্রকে আক্রমণ করে; ইতি বিশ্ব।

উদধিমল, পু. বি. (উদধি-মল, দ্রব্যভেদ, অল) সমুদ্র ফেন; ফেনা; সাগরের মলা; সমুদ্রগাজা।

উদধি মেখলা, স্ত্রী. বি. (উদধি-মেখল, ধারণ, ড-আ) পৃথিবী; পৃথ্বী; ধরণী; ইতি মহাভারত।

উদন্ত, পু. বি. (উৎ অন্ত বিবরণ, অল) বার্ত্তা; সাধু; সমাচার; খবর; বৃত্তি যাজন; ইতি শব্দ রত্নাবলী।

উদন্তক, পু. বি. (উৎ-অন্ত, বিবরণ, ণক) বৃত্তান্ত; বার্ত্তা; বিবরণ; সংবাদ; ইতি অমরকোষ।

উদন্তিকা, স্ত্রী. বি. (উদন্ত, বিবরণ, ইক-আ) তৃপ্তি।

উদন্যা, স্ত্রী. বি. (উদক, বারি, আ) পিপাসা; তৃষ্ণা; তৃষা; উদক পানেচ্ছা; ইতি অমর কোষ।

উদন্বান্, পু. বি. [উদক, বারি, বতু] সমুদ্র; উদধি।

উদপান, ক্লী. পু. বি. (উদ-পা, পান, অনট) কূপ; গর্ত্ত; জলপান; কূপসমীপে চৌবাচ্চা; তীর্থবিশেষ; যথা—সত্বরে উদপান তীর্থে গমন করিলেন। ইতি মহাভারত শল্যপর্ব্ব ৭৮ পৃষ্ঠা।

উদম, ত্রি. বিধ. (উৎ-দম, আবরণ শূন্যতা; ঘঞ)

উদ্দামের ভাষা; অনাবৃত; খোলা; মুক্ত।

উদমাদা, ত্রি. বিণ. (উৎ-মদ, বোধ শূন্যতা, ঘঞ-আ) নির্ব্বোধ; বুদ্ধিহীন; অচতুর; হাবা গবা।

উদয়, পু. বি. (উৎ-ই, গমন, অল) পূর্ব্ব পর্ব্বত; উ-দয়াচল; উত্থান; আবির্ভাব; বৃদ্ধি; দীপ্তি; লাভ; ফলসিদ্ধি; সমুন্নতি; প্রকাশ; মঙ্গল; উৎপত্তি; যথা—কতদিনে সেই শুভ দিনের উদয় হইবে, ইতি কাদম্বরী ১৯ পৃষ্ঠা।

উদয়কাল, পু. বি. (উদয়-কাল, সময়, অল) প্রভাত-কাল; সর্প বিশেষ; স্বনাম বিখ্যাত সর্প।

উদয়গিরি, পু. বি. (উদয়-অচল, পর্ব্বতভেদ, অল) উদয়াচল; পূর্ব্বপর্ব্বত; যে পর্ব্বত হইতে সূর্য্যোদয় হয়।

উদয়ন, ক্লী. বি. (উৎ-অয়, গমন, অনট) উদয়; উ-ত্থান; (পু.) অগস্ত্যমুনি; বৎসরাজ; উত্তরায়ণ; উদ-য়নাচার্য্য; সূর্য্যের উত্তর দিকে গতি; ইতি জটাধর।

উদয়াচল, পু. বি. (উদয়-অচল, পর্ব্বত ভেদ, অল) উদয়গিরি; পূর্ব্ব পর্ব্বত; সূর্য্যোদয়ের স্থান।

উদয়াস্ত, পু. বি. (উদয়-অস, গমন, ক্ত) প্রভাতাবধি সন্ধ্যাপর্য্যন্ত; সমস্ত দিবাভাগ; ইতি ধরণি।

উদর, ক্লী. বি. (উৎ-ঋ, গমন, অল) জঠর; পেট; যথা—তদীয় উদর মধ্যে অঙ্গুরীয় প্রাপ্ত হইল। ইতি শকুন্তলা ৭৬ পৃষ্ঠা।

নাভি এবং স্তনের মধ্যভাগ; অভ্যন্তর; কুক্ষী; যুদ্ধ।

উদরগ্রন্থি, পু. বি. (উদর-গ্রন্থ, নাড়িভেদ, ই) গুল্ম রোগ; নাড়ী; অন্ত্র; আঁত; ইতি অমরকোষ।

উদর ত্রাণ, ক্লী. বি. (উদর-ত্রৈ, রক্ষণ, অনট) উদর বন্ধন বস্ত্রাদি; যাহা দ্বারা উদর রক্ষা হয়।

উদরনাড়ী, স্ত্রী. বি. [উদর-নাড়ী, আঁত, ঙ্রি] অন্ত্র; আঁত; পেটের নাড়ী; পেটের শিরা বিশেষ।

উদরথি, পু. বি. (উদ-রথ, গমন, ই) সমুদ্র; সূর্য্য।

উদর পিশাচ, পু. বি. (উদর-পিশাচ, আহার, অল) সর্ব্বান্ন খাদক; সর্ব্বান্ন ভক্ষক; সর্ব্বাশী।

উদরপীড়া, স্ত্রী. বি. (উদর-পীড, রোগ, ঙ-আ) উদরা ময়; পেটের পীড়া; অতিসার রোগ; ইতি বিশ্ব।

উদরভঙ্গ, পু. বি. (উদর-ভন্‌জ, ভাঙ্গা, অল) উদরাময় রোগ; পেটের পীড়া; অতিসার; ইতি হেমচন্দ্র।

উদরম্ভরি, ত্রি. বিণ. (উদর-ভৃ, ভরণ, খি) ভোজনপ্রিয়; পেটুক; যে ভোজন করা ভাল বাসে; আত্মম্ভরি; যথা—লুব্ধউদরম্ভরিজনগণ ইতিসেক্সপিয়র ৩৩৯পৃষ্ঠা।

উদররস, পু. বি. (উদর-রস, রসভেদ, অল) উদর-স্থিত পাচক রস; যে রস দ্বারা পরিপাক হয়।

উদর রোগ, পু. বি. (উদর-রুজ, রোগ ভেদ, ঘঞ) জঠর ব্যাধি বিশেষ; উদরী; গৃহিনীরোগ; উদরাময়।

উদর সরল, পু. বি. (উদর-সরল, সোজা, অল) মাংস পেশী বিশেষ; গর্ভস্থ অবয়ব বিশেষ; ইতি মেদিনী।

উদর সর্ব্বস্ব, ত্রি. বিণ. (উদর-সর্ব্ব-স্ব, ধন, অল) উ-দর পরায়ণ; পেটুক; স্বীয় উদর পূরক; ইতি বিশ্ব।

উদরস্থ, ত্রি. বিণ. (উদর-স্থা, স্থিতি, ড) ভক্ষিত; উ-দর মধ্যে নীত; যাহা পেটের ভিতর আছে।

উদরাগ্নি, পু. বি. (উদর-অগ, দীপ্তি, নি) জঠরানল; পাচকতা শক্তি; জারকতা শক্তি; ইতি মেদিনী।

উদরাবর্ত্ত, পু. বি. (উদর-আ-বৃত, বর্ত্তন, অল) নাভি; নাই; অঙ্গবিশেষ; ইতি অমরকোষটীকা।

উদরাময়, পু. বি. (উদর-আময়, রোগভেদ, অল) রোগ বিশেষ; অতিসার; পেটের পীড়া; উদর ভঙ্গ।

উদরায় স্বাহা, স্ত্রী. বি. (উদরায়-স্বাহ, প্রদান, আ) উদরসাৎ; উদরায়ত্ত; উদরে পূরণ; ইতি হেমচন্দ্র।

উদরিণী, স্ত্রী. বি. (উদর, পেট, ইন-ঈ) গর্ভবতী; গুর্ব্বিণী; বৃহৎ উদর যুক্তা নারী; স্থূলোদরী।

উদরিল, ত্রি. বিণ. (উদর, পেট, ইল) বৃহৎ উদরযুক্ত; ভুঁড়া; স্থূলোদর; বৃহৎ কুক্ষি; ইতি মেদিনী।

উদরী, ত্রি. বিণ. (উদর, পেট, ইন্‌) উদররোগ বি-শেষ; উদর স্ফীততা; উদরিল; তুন্দিল; ভুঁড়ী।

উদরে, ক্রিবিণ. (উদর, ভিতর, এ) অভ্যন্তরে; ভি-তরে; মধ্যে; জঠরে; পেটে; ইতি অমরকোষ।

উদর্ক, পু. বি. (উৎ-ঋক, সময়ভেদ, অল) উত্তর কা-লোদ্ভব ফল; ভবিষ্যৎকাল; ভাবি; মদন কণ্টক; ম-য়না গাছের কাঁটা; ইতি মেদিনী। যে ফল পরে হয়।

উদর্চ্চি, ত্রি. বিণ. (উৎ-অর্চ্চ, তেজঃ, ইস্‌) উৎপ্রভ; প্রজ্বলিত; (পু. বি.) অগ্নি; শিব; কন্দর্প।

উদবসিত, ক্লী. বি. (উৎ-অ-বস, বাস, ক্ত) গৃহ; ভবন।

উদশ্বিৎ, ক্লী. বি. (উদ-শ্বিদ, দ্রব্যভেদ, ক্বিপ) অর্দ্ধজল যুক্ত ঘোল; ইহার গুণ-লেপনে কুষ্ঠরোগ নষ্ট হয় এবং দাহ তৃষ্ণা মুখশোষ নাশক; ইতি শব্দরত্নাবলী।

উদাত্ত, পু. বি. (উদ-আত্ত, স্বর ভেদ, অল) স্বর বি-শেষ; প্রথম স্বর; বাদ্য বিশেষ; বেদগানে উচ্চস্বর;

দান ; (ত্রি. বিণ.) হৃদ্য ; দাতা ; মহৎ ; দয়াত্যাগাদি সম্পন্ন ; প্রধান ; বদান্য ; মুক্ত হস্ত।

উদান, পু. বি. (উৎ-আ-অন, বায়ুভেদ, অল) কণ্ঠস্থ বায়ু ; উদরাবর্ত্ত ; নাভি ; সর্প বিশেষ ; পক্ষ্ম।

উদাবর্ত্ত, পু. বি. (উৎ-আ-বৃত, বর্ত্তন, অল) রোগ বিশেষ ; কোষ্ঠাশ্রিত বায়ু ; মলমূত্রবায়ু রোধকরোগ।

উদার, ত্রি. বিণ. (উৎ-আ-ঋ, গমন, অল) দাতা ; মহান ; মহাত্মা ; উৎকৃষ্ট ; সরল ; ইতি অমরকোষ। যথা— দেখিলেন উদার স্বভাব সিংহ সম্রাটের ন্যায় ইতি কাদম্বরী ৩২ পৃষ্ঠা।

উদারতা, স্ত্রী. বি. [উদার, সরল, তা] সরলতা ; দানশীলতা ; বদান্যতা ; ইতি অমরকোষ।

উদার সংজ্ঞক, ত্রি. বিণ. (উদার-সং-জ্ঞা, বোধ, অক) স্বার্থ প্রকাশক ; অস্পষ্ট ; যাহা বুঝা যায় না।

উদারা, স্ত্রী. বি. (উদার, স্বরভেদ, ও-আ) ঘোঙ্গরাস্বর।

উদারাখ্যা, স্ত্রী. বি. (উদার-আ-খ্যা, নাম, অল) মহৎনাম ; সরল নাম ; প্রধানাখ্যা ; ইতি মেদিনী।

উদাস, পু. বি. (উৎ-আ-অস, সত্তা, অল) উৎক্ষেপ ; উদ্ভাব ; ঔদাস্য ; (ত্রি. বিণ.) বিষয়বিরতি ; ঔদাস্যযুক্ত ; যথা—কোথা গেল চারি পুত্র করিয়া উদাস। ইতি রামায়ণ ২৭০ পৃষ্ঠা।

উদাসিনী, স্ত্রী. বি. [উদাসিন্, বিরাগ, ঈ] বৈরাগ্য যুক্তা স্ত্রী ; সন্ন্যাসিনী ; বিদেশিনী ; নিঃসম্বন্ধ কামিনী।

উদাসী, পু. বি. (উদাস, বিরাগ, ইন্) বৈরাগী ; বিদেশী ; নিঃসঙ্গ ; উদাস বিশিষ্ট ; ইতি মেদিনী।

উদাসীন, পু. বি. (উদাস, বিরাগ, ঈন) নিঃসঙ্গ ; বৈরাগী ; নিঃসম্বন্ধ ; তটস্থ ; না পক্ষ না বিপক্ষ ; সন্ন্যাসী ; যথা—আমি উদাসীন জায়া নাহিক আমার। ইতি কুমারসম্ভব ৯৩ পৃষ্ঠা।

উদাস্থিত, পু. বি. (উৎ-আ-স্থা, স্থিতি, ক্ত) চর ; দ্বারপাল ; অধ্যক্ষ ; নষ্ট সন্ন্যাস ; ইতি মেদিনী।

উদাহরণ, ক্লী. বি. (উৎ-আ-হৃ, হরণ, অনট) দৃষ্টান্ত ; যথা—এই সার উক্তির তুমি উত্তম উদাহরণ স্থল। ইতি নৈষধচরিত ৩১ পৃষ্ঠা।

নিদর্শন ; কথা প্রসঙ্গ ; সন্দর্ভ ; ইতি শব্দ রত্নাবলী।

উদাহার, পু. বি. (উৎ-আ-হৃ, হরণ, ঘঞ) দৃষ্টান্ত, কথা প্রসঙ্গ ; সন্দর্ভ ; উদাহরণ ; ইতি অমর কোষ।

উদাহৃত, ত্রি. বিণ. (উৎ-আ-হৃ, হরণ, ক্ত) দৃষ্টান্ত দেখান ; উৎপ্রেক্ষিত ; উক্ত ; কথিত ; উচ্চারিত।

উদিত, ত্রি. বিণ. (উৎ-ই, গমন, ক্ত) কথিত ; উদ্গত ; উৎপন্ন ; উক্ত ; বদ্ধ ; প্রাপ্তোদয় ; প্রকাশিত ; যথা—শশিকলা উদিত হইলে, ইতি কাদম্বরী ২০ পৃষ্ঠা।

উদিতোদিত, ত্রি. বিণ. (উদিত-উৎ-ই, জ্ঞান, ক্ত) শাস্ত্রজ্ঞ ; শাস্ত্রবেত্তা ; শাস্ত্রবিষয়ে অভিজ্ঞ।

উদীচী, স্ত্রী. বি. (উৎ-অন্চ, গতি, ঈ) উত্তর দিক।

উদীচীন, ত্রি. বিণ. (উৎ-অন্চ, গতি, ঈন) উত্তর দিগ্জাত বস্তু ; উত্তর দিক্‌সম্বন্ধীয় ; ইতি মেদিনী।

উদীচ্য, পু. বি. (উৎ-অন্চ, গতি, য) সরস্বতী নদীর উত্তর পশ্চিমস্থ দেশ ; (ক্লী.) বালা ; বাল নামক গন্ধ দ্রব্য ; (ত্রি. বিণ.) উত্তর কালে বিহিত ; উত্তরদেশীয় ; যথা—উদীচ্য ও প্রতীচ্য গণ ইতি মহাভারত শল্যপর্ব্ব ২ পৃষ্ঠা।

উদীরণ, ক্লী. বি. (উৎ-ঈর, কথন, অনট) কথন ; উচ্চারণ ; বিজৃম্ভণ ; উদ্দীপন ; প্রেরণ ; উৎপত্তি।

উদীরিত, ত্রি. বিণ. (উৎ-ঈর, কথন, ক্ত) কথিত ; উচ্চারিত ; যাহা বলা হইয়াছে ; উক্ত ; যথা—এই বাক্য উদীরিত হইল ইতি সেক্‌সপিয়র ৪৬২ পৃষ্ঠা।

উদীর্ণ, ত্রি. বিণ. (উৎ-দৄ, গমন, ক্ত) উদ্গত ; উদ্ধত ; উদ্দীপ্ত ; উদার ; মহৎ ; প্রধান ; ইতি জটাধর।

উডুমধুমা, ত্রি. বিণ. (উডুম-ধূ, ব্যক্তিভেদ, মন্) গ্রাম্য ; অসভ্য ; মূর্খ ; নির্ব্বোধ ; মূঢ় ; অজ্ঞান ; ইতি বিশ্ব।

উডুম্বর, পু. বি. (উডুম্-বৃ, উদ্ভিদ ভেদ, অল) উডুম্বর বৃক্ষ ; ডুমুর ; যজ্ঞ ডুমুর গাছ ; (ক্লী.) তাম্র।

উডুখল, পু. ক্লী. বি. (উডুখল, পাত্রভেদ, অল) গুগ্‌গুলু ; তণ্ডুলাদি কণ্ডনার্থ কাষ্ঠ নির্ম্মিত পাত্র বিশেষ ; উখলি ; কাঁড়িবার পাত্র বিশেষ।

উদুঢ়, ত্রি. বিণ. (উৎ-উহ, বহন, ক্ত) বাহিত ; ধৃত ; ঊঢ় ; স্থূল ; ইতি মেদিনী। যাহা ধারণ করা।

উদ্গত, ত্রি. বিণ. (উৎ-গম, গমন, ক্ত) ঊর্দ্ধগত ; উদিত ; ছর্দ্দিত বস্তু ; উত্থিত ; উদ্বান্ত ; বর্দ্ধিত ; উৎপন্ন ; যথা—বকুল মুকুল উদ্গত ইতিকাদম্বরী ৪৩পৃষ্ঠা।

উদ্গম, পু. বি. (উৎ-গম, গমন, অল) ঊর্দ্ধ গমন ; উত্থান ; উদয় ; উৎপত্তি ; জন্ম ; ইতি হলায়ুধ।

উদ্গমন, ক্লী. বি. (উৎ-গম, গমন, অনট) ঊর্দ্ধগমন।

উদ্গমনীয়, ত্রি. বিণ. (উৎ-গম, গমন, অনীয়) ধৌত বস্ত্র দ্বয় ; ধোয়া যোড় ; ইতি অমর কোষ।

উদ্গাঢ়, ত্রি. বিণ. (উৎ-গাহ, আধিক্য, ক্ত) অতিশয়; অধিক; প্রধান; অনেক; ইতি হেমচন্দ্র।

উদ্গাতা, পু. বি. (উৎ-গৈ, জ্ঞান ভেদ, তৃন্) সামবেদজ্ঞ; স মবেদ বেত্তা; যে সাম বেদ জ্ঞাত।

উদ্গার, পু. বি. (উৎ-গৄ, বমন, ঘঞ) বমন; নিঃসরণ; উচ্চারণ; উদ্বমন; ঢেকুর; কণ্ঠ গর্জন; ইতি বিশ্ব।

উদ্গারণ, ক্লী. বি. (উৎ-গৄ, বমন, অনট) উদ্গার করণ; বমন; তোলন; গিলিত উত্তোলন।

উদ্গিরণ, ক্লী. বি. (উৎ-গৄ, বমন, অনট) বমন; তোলন; যথা—উহা উদ্গারণ বা নিগীলন করিতে ইতি রোমাবতী ৭৮ পৃষ্ঠা।

উদ্গীত, পু. বি. (উৎ-গৈ, গান, ক্ত) উচ্চৈঃস্বরে গীত

উদ্গীথ, পু. বি. (উৎ-গৈ, গান, থ) সামবেদের অংশ বিশেষ; সামবেদধ্বনি; সামগান; ইতিমেদিনী।

উদ্গীর্ণ, ত্রি. বিণ. (উৎ গৄ, বমন, ক্ত) উদ্গারিত; বমিত; বান্ত; উচ্চরিত; উত্থিত; অনুরঞ্জিত; অনুবিদ্ধ; প্রতি বিম্বিত; নির্গত; উৎসৃষ্ট; ইতি বিশ্ব।

উদ্গূর্ণ, ত্রি. বিণ. (উৎ-গুর, তোলন, ক্ত) উদ্যত; উর্দ্ধকৃত; ওঁচান; উত্তোলিত; ইতি অমরকোষ।

উদ্গ্রন্থন, ক্লী. বি. (উৎ-গ্রথ, গ্রন্থন, অনট) গঠন; রচন; নির্ম্মাণ; গাথন; প্রস্তুত করণ; ইতি ধরণি।

উদ্গ্রাহ, পু. বি. (উৎ-গ্রহ, গ্রহণ, ঘঞ) উর্দ্ধে গ্রহণ; বিদ্যা বিচার; উদগ্রহন; ইতি অমর কোষ।

উদ্গ্রাহিত, ত্রি. বিণ. (উৎ-গ্রহ, গ্রহণ, ক্ত) উদীর্ণ; বদ্ধ; গ্রাহিত; উপন্যস্ত; আক্রান্ত; অন্তঃকরণে অর্পিত।

উদ্ঘ, পু. বি. (উৎ-ঘন, বৃহত্ত্ব, ড) প্রশস্ত; বৃহৎ; প্রকাণ্ড; অতিশয়; বড়; ইতি শব্দচন্দ্রিকা।

উদ্ঘট্টন, ক্লী. বি. (উৎ-ঘট্ট, প্রহার, অনট) প্রহার; ধাক্কা মারা; সজোরে গলহস্ত দেওয়া; ইতি বিশ্ব।

উদ্ঘন, পু. বি. (উৎ-ঘন, দ্রব্যভেদ, অল) কাষ্ঠছেদনাধার; পর কাঠা; দ্রব্যবিশেষ; ইতি মেদিনী।

উদ্ঘর্ষণ, ক্লী. বি. (উৎ-ঘৃষ, ঘর্ষণ, অনট) গাত্রাদি ঘর্ষণ; গাত্র মার্জন; যাহা দ্বারা গাত্র ঘসে।

উদ্ঘস, ক্লী. বি. (উৎ-ঘস, দ্রব্যভেদ, অল) মাংস; পল; দ্রব্য বিশেষ; ইতি শব্দরত্নাবলী।

উদ্ঘাট, পু. বি. (উৎ-ঘট, গৃহ ভেদ, ঘঞ) গৃহ ভেদ; চৌকির ঘর; থানা; রাজকর্ম্মচারিবিশেষের স্থান।

উদ্ঘাটক, ক্লী. বি. (উৎ-ঘট, দ্রব্যভেদ, ণক) কুপের জল উত্তোলনার্থ যন্ত্র বিশেষ; ঘটীযন্ত্র; উন্মোচক।

উদ্ঘাটন, ক্লী. বি. (উৎ-ঘট, পাত্রভেদ, অনট) কুপের জল তুলিবার জন্য রজ্জু সহিত ঘট; মোচন; উন্মোচন সাধন দ্রব্য; খুলিয়াফেলন; খসান; ইতিঅমরকোষ। যথা—তাহা উদ্ঘাটন পূর্ব্বক ইতি কাদম্বরী ৬১ পৃষ্ঠা।

উদ্ঘাটিত, ত্রি. বিণ. (উৎ-ঘট, পাত্রভেদ, ক্ত) কৃতোদ্ঘাটন; উন্মোচিত; খোলা; মুক্ত; খসান; যথা—বাটীর দ্বার উদ্ঘাটিত হওয়াতে ইতি কাদম্বরী ২৮পৃষ্ঠা।

উদ্ঘাত, পু. বি. (উৎ-হন, গতি, ক্ত) আরম্ভ, শস্ত্র; গ্রন্থ পরিচ্ছেদ; অধ্যায়, পাদস্খলন; উত্তুঙ্গ; মুদ্গার; উপক্রম; প্রতিঘাত; অস্ত্র বিশেষ; বাধা।

উদ্ঘূর্ণন, ক্লী. বি. (উৎ-ঘূর্ণ, ঘোরা, অনট) উর্দ্ধে ঘোরাণ; ঘূর্ণন; উপরে ভ্রমণ করান; ইতি মেদিনী।

উদ্দংশ, পু. বি. (উৎ-দনশ, দংশন, অল) কীট বিশেষ; দংশক কীট; ডাঁশ; মৎকুণ; ইতি হেমচন্দ্র।

উদ্দণ্ড, পু. বি. (উৎ-দণ্ড, যষ্টিভেদ, অল) উচ্চ যষ্টি; প্রশস্ত দণ্ড; বড়লাঠি; ইতি অমরকোষটীকা।

উদ্দণ্ডপাল, পু. বি. (উদ্দণ্ড-পাল, জন্তুভেদ, অল) সর্পভেদ; মৎস্য বিশেষ; ইতি মেদিনী।

উদ্দন্তুর, ত্রি. বিণ. (উৎ-দন্ত, দাঁত, উর) উত্তুঙ্গ; করাল; উৎকট দন্ত; বৃহৎ দন্ত; ইতি মেদিনী।

উদ্দান, ক্লী. বি. (উৎ-দান, বাধন, অল) বন্ধন; উদাম; চুলী; বাড়বাগ্নি; মধ্য; লগ্ন; ইতি বিশ্ব।

উদ্দাম, ত্রি. বিণ. (উৎ দম, দমন, ঘঞ) বন্ধন রহিত; স্বতন্ত্র; মহৎ; উৎকট; স্বেচ্ছা বিহারী; প্রধান; উদম; যথা-উদ্দামইন্দ্রিয়গণেরঔদ্ধত্যইতিটেলিমেকস৫৬পৃষ্ঠা। অতিশয়; অধিক; (পু. বি.) বরুণ; ইতি মেদিনী

উদ্দিশ্য, ত্রি. বিণ. (উৎ-দিশ, অভিপ্রায়, য) লক্ষ্য; অভিপ্রেত; মনোনীত; অভিলষিত; বাঞ্ছিত।

উদ্দিষ্ট, ত্রি. বিণ. উৎ-দিশ, উদ্দেশ, ক্ত) কৃত উদ্দেশ; লক্ষিত; অম্বিষ্ট; অভিপ্রেত; ইতি মেদিনী।

উদ্দীপক, ত্রি. বিণ. (উৎ দীপ, প্রকাশ, ণক) উদ্দীপন কর্ত্তা; প্রকাশ কর্ত্তা; ব্যক্ত কারক; সোমকারী।

উদ্দীপন, ক্লী. বি. (উৎ-দীপ, প্রকাশ, অনট) প্রকাশন; তাপন, উত্তেজন; দীপ্তকরণ; বর্দ্ধিত করণ; যথা—যজ্ঞীয় অগ্নির উদ্দীপনে ইতি টেলিমেকস ১৮ পৃষ্ঠা।

উদ্দীপিত, ত্রি. বিণ. (উৎ-দীপ, প্রকাশ, ক্ত) প্রকাশিত; উত্তেজিত; বর্দ্ধিত; তাপিত; ইতি হেমচন্দ্র।

উদ্দীপ্ত, ত্রি. বিণ. (উৎ-দীপ, প্রকাশ, ক্ত) প্রকাশিত।
উদ্দেশ, পু. বি. (উৎ-দিশ, সন্ধান, অল) অনুসন্ধান; অভিপ্রায়; লক্ষ্য; অভিসন্ধি; অন্বেষণ; যথা-সেইলতা মণ্ডপেরউদ্দেশে প্রস্থানকরিলেন, ইতিশকুন্তলা৩৪পৃষ্ঠা।
উদ্দেশক, ত্রি. বিণ. (উৎ-দিশ, সন্ধান, ণক) অনুসন্ধান কর্ত্তা; প্রশ্ন কারক; উদাহরণ; ইতি লীলাবতী।
উদ্দেশ্য, ত্রি. বিণ. (উৎ-দিশ, সন্ধান, য) উদ্দেষ্টব্য; উদ্দেশনীয়; লক্ষ্য; প্রয়োজন; যথা—আত্মঘাতিনী করাই কি তোমারউদ্দেশ্যছিল, ইতিরোমাবতী১৩১পৃষ্ঠা।
উদ্দেষ্টা, ত্রি. বিণ. (উৎ-দিশ, সন্ধান, তৃন্) অনুসন্ধান কর্ত্তা; অন্বেষক; চেষ্টা কারক; ইতি মেদিনী।
উদ্দেহিকা, স্ত্রী. বি. (উৎ-দেহ, জীব ভেদ, ইক-আ) কীটভেদ; উইপোকা; উৎপাদিকা; ইতি হারাবলী।
উদ্দ্রাব, পু. বি. (উৎ-দ্রু, গমন, ঘঞ) পলায়ন; প্রস্থান।
উদ্ধত, পু. বি. (উৎ-হন, গতি, ক্ত) রাজমল্ল; (ত্রি. বিণ.) অবিনীত; ধৃষ্ট; উৎক্ষিপ্ত; উৎকট; দুরন্ত; দুষ্ট; ইতি হেমচন্দ্র। যথা—তাহার স্বভাব এরূপ উদ্ধত হয় ইতি কাদম্বরী ৩৫ পৃষ্ঠা।
উদ্ধত মনস্কত্ব, ক্লী. বি. [উদ্ধতমনস্ক, অহঙ্কার, ত্ব] গর্ব্ব; অহঙ্কার; অভিমান; ইতি শব্দ রত্নাবলী।
উদ্ধতামি, ক্লী. বি. [উদ্ধত, দুষ্ট, আমি] ধৃষ্টতা; অশিষ্টতা; দুষ্টতা; খলতা; দুষ্টমি; ইতি মেদিনী।
উদ্ধতি, স্ত্রী. বি. (উৎ-হন, গতি, ক্তি) উৎপতন; ঔদ্ধত্য
উদ্ধব, পু. বি. (উৎ-হু, ব্যক্তিভেদ, অল) যাদব বিশেষ; শ্রীকৃষ্ণের সখা; উৎসব; আমোদ।
উদ্ধরণ, ক্লী. বি. (উৎ-ধৃ, ধারণ, অনট) উদ্ধার; মুক্তি; ত্রাণ; উন্মূলন ইতি মেদিনী। সমূল উচ্ছেদন।
উদ্ধর্ত্তব্য, ত্রি. বিণ. (উৎ-ধৃ, রক্ষা, তব্য) মুক্ত করণীয়; রক্ষা করণ যোগ্য; ত্রাণোপযুক্ত; ইতি বিশ্ব।
উদ্ধর্ষ, পু. বি. (উৎ-হৃষ, হর্ষণ, অল) উৎসব; আনন্দ।
উদ্ধর্ষণ, ক্লী. বি. (উৎ-হৃষ, হর্ষণ, অনট) রোমাঞ্চ; পুলকোদ্গম; আনন্দে পরিপূর্ণ হওয়া; ইতি মেদিনী।
উদ্ধান, ক্লী. বি. (উৎ-ধা, তোলন, অনট) চুল্লী; উনান; (ত্রি. বিণ.) উদ্গাত; বমিত; ইতি ধরণি।
উদ্ধান্ত, ত্রি. বিণ. (উৎ-ধা, জীবভেদ, ক্ত) নির্মদহস্তী; মদ শূন্য হাতী; যে হস্তীর গণ্ডদেশে জল নাই।
উদ্ধার, পু. বি. (উৎ-ধৃ, ধারণ, ঘঞ) উত্তোলন; রক্ষণ; ত্রাণ; ঋণ; ভাগ; মোচন; যথা—শোকাভিভূত ভার্য্যায় উদ্ধার সাধন ইতি বিরাটপর্ব্ব ৪৩ পৃষ্ঠা।
(ক্লী.) উদ্ধান; উনন; আকা; ইতিঅমরকোষটীকা।
উদ্ধারণ, ক্লী. বি. (উৎ-ধৃ, ধারণ, অনট) উদ্ধারকরণ উত্তোলন; মোচন; পরিত্রাণ করণ; ইতি অমরকোষ।
উদ্ধারা, স্ত্রী. বি. [উদ্ধার, দ্রব্যভেদ, আ] গুড়ূচী; গুলঞ্চ লতা; ইতি শব্দ চন্দ্রিকা। দ্রব্যবিশেষ।
উদ্ধারিত, ত্রি. বিণ. (উৎ-ধৃ, ধারণ, ক্ত) উদ্ধার করা; খালাস করা; মোচন করা; মুক্ত; ইতি মেদিনী।
উদ্ধার্য্য, ত্রি. বিণ. (উৎ-ধৃ, ধারণ, ঘ্যণ) উদ্ধার করিবার যোগ্য; পরিশোধ্য; খালাস করিবার উপযুক্ত।
উদ্ধূত, ত্রি. বিণ. (উৎ-ধূ, ক্ষেপণ, ক্ত) উৎক্ষিপ্ত; কম্পিত; কম্পনবিশিষ্ট; ইতি ধরণি।
উদ্ধৃত, ত্রি. বিণ. (উৎ-ধৃ, উৎপাটন, ক্ত) উৎপাটিত, উত্থাপিত; উৎখাত; নিরস্ত; উৎকম্পিত।
উদ্ধূষণ, ক্লী. বি. (উৎ-ধূষ, গমন, অনট) রোমাঞ্চ; লোমাঞ্চ; লোম উঠান; গাত্রে কাঁটা দেওন।
উদ্ধৃত, ত্রি. বিণ. (উৎ-ধৃ, তোলন, ক্ত) কৃতোদ্ধারণ; উত্তোলিত; মোচিত; রক্ষিত; মুক্ত; তোলা; যথা—গগন মার্গে রজো রাশি উদ্ধৃত হইয়া ইতি রঘুবংশ ২৫ পৃষ্ঠা।
উদ্ধ্য, পু. বি. (উৎ ধি, জল, অ) নদ; তরঙ্গযুক্তনদ।
উদ্বৎসর, পু. বি. (উৎ-বৎসর, বর্ষ, অল) বৎসর; বর্ষ।
উৎবদ্ধ, ত্রি. বিণ. (উৎ-বধ, বন্ধ, ক্ত) ঊর্দ্ধে বদ্ধ; টাঙ্গান; যাহা উপরিভাগে বদ্ধ আছে।
উদ্বন্ধন, ক্লী. বি. (উৎ-বধ, বন্ধন, অনট) ঊর্দ্ধে বন্ধন; গলায় দড়িদেওন; যথা—জলে অনলে ও উদ্বন্ধনেও প্রাণ ত্যাগ করিয়া থাকে। ইতি কাদম্বরী ৫৫ পৃষ্ঠা। ফাঁসিদেওন; টাঙ্গান; বন্ধনভ্রংশ; খুলিয়া পড়া।
উদ্বন্ধন মৃত, ত্রি. বিণ. (উদ্বন্ধন-মৃ, মরণ, ক্ত) গলায় দড়ি দিয়া প্রাণ ত্যাগী; গলরজ্জু দ্বারা মৃত।
উদ্বমন, ক্লী. বি. (উৎ-বম, বমন, অনট) উদ্গীরণ; বমি করণ; ন্যাকার করণ; তোলন; ইতি মেদিনী।
উদ্বর্ত্ত, পু. বি. (উৎ-বৃত, বর্ত্তন, অল) অতিরিক্ত; অধিক হওন; উবরণ; ব্যয়ানন্তর অবশিষ্ট থাকন।
উদ্বর্ত্তন, ক্লী. বি. (উৎ-বৃত, বর্ত্তন, অনট) বিলেপন; ঘর্ষণ; শরীর মার্জন; উৎসাদন; ইতি অমর কোষ।
উদ্বর্ত্তিত, ত্রি. বিণ. (উৎ-বৃত, বর্ত্তন, ক্ত) রক্ষিত; ব্যয়াবশিষ্ট; ব্যয়ের পর যাহা শেষ থাকে।

উদ্বর্দ্ধন, ক্লী·বি·(উৎ-বৃধ, বর্দ্ধন, অনট) অন্তর্হাস।
উদ্বহ, পু·বি·(উৎ-বহ, বহন, অল) সপ্তপ্রকার বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ; সন্তান; নায়ক; পুত্র; বর।
উদ্বহন, ক্লী·বি·(উৎ-বহ, বহন, অনট) বিবাহ; বহন।
উদ্বহা, স্ত্রী·বি·(উৎ-বহ, বহন, আ) কন্যা; পুত্রী।
উদ্বান্ত, ত্রি·বিণ·(উৎ-বম, বমন, ক্ত) বমিত বস্তু; উদ্গাত; ন্যাক্কার করা; (পু·বি·) নির্ম্মদ হস্তী।
উদ্বাসন, ক্লী·বি·(উৎ-বস, হনন, অন) মারণ; বধ; হনন; ইতি অমর কোষ। হিংসা; ইতি মেদিনী।
উদ্বাহ, পু·বি·(উৎ-বহ, বহন, ঘঞ) বিবাহ; পরিণয়; দারক্রিয়া; ইতি অমর কোষ। যথা—পরমকৌতুকে পুত্র কন্যার উদ্বাহবিধি নির্ব্বাহ করিলেন। ইতি রঘুবংশ ৮৫ পৃষ্ঠা।
উদ্বাহন, ক্লী·বি·(উৎ-বহ, বহন, অনট) বিবাহ; রণ রণ; দুইবার চসা ক্ষেত্র; ইতি অমরকোষ।
উদ্বাহনী, স্ত্রী·বি·(উৎ-বহ, বহন, অন-ঈ) বরাটক; কড়ি; ইতি হেম চন্দ্র। কপর্দ্দক; ইতি মেদিনী।
উদ্বাহার্হ, পু·বি·(উৎ-বাহ-অর্হ, যোগ্যতা, অল) বিবাহ যোগ্য; পরিণয়ের উপযুক্ত; পাণিগ্রহণ যোগ্য।
উদ্বাহিক, ত্রি·বিণ·(উৎ-বহ, বহন, ইক) বিবাহ সম্বন্ধী; যাহাতে বিবাহের সম্বন্ধ আছে; ইতি বিশ্ব।
উদ্বাহিত, ত্রি·বিণ·(উৎ-বহ, বহন, ক্ত) বিবাহিত; উদ্ধৃত; উদ্বর্হিত; যাহার বিবাহ হইয়াছে।
উদ্বাহিনী, স্ত্রী·বি·(উৎ-বহ, বহন, ইন্-ঈ) রজ্জু; গুণ; দড়ী; ইতি হেম চন্দ্র। উদ্বহন বিশিষ্টা।
উদ্বাহু, ত্রি·বিণ·[উৎ-বাহু, হস্ত, চি] ঊর্দ্ধ বাহু; যথা—লবণ স্বয়ং উদ্বাহু হইয়া ইতি রঘুবংশ১২০পৃষ্ঠা।
উদ্বাহোপযুক্ত, ত্রি·বিণ·(উদ্বাহ-উপ-যুজ, যোগ, ক্ত) বিবাহের উপযুক্ত; প্রণয়ের যোগ্য; ইতি মেদিনী।
উদ্বিগ্ন, ত্রি·বিণ·(উৎ-বিজ, বেগ, ক্ত) উদ্বেগ যুক্ত; ভীত; উৎকণ্ঠিত; ভাবিত; ভাবনান্বিত; যথা—উদ্বিগ্নচিত্তে চিন্তা করিলাম, ইতি কাদম্বরী ৫৬ পৃষ্ঠা।
উদ্বিগ্নমনা, ত্রি·বিণ·(উদ্বিগ্ন-মন, চিন্তা, অস্) ভাবিতান্তঃকরণ; সচিন্তান্তর; উদ্বিগ্ন চিত্ত; ইতি বিশ্ব।
উদ্বিড়াল, পু·বি·(উৎ-বিড়াল, জীবভেদ, অ) জল মার্জ্জার; যে বিড়াল জলে চরে; ইতি অমরকোষ।
উদ্বুদ্ধ, ত্রি·বিণ·(উৎ-বুধ, বোধ, ক্ত) বিকসিত।
উদ্বৃত্ত, ত্রি·বিণ·(উৎ-বৃত, বর্ত্তন, ক্ত) উৎক্ষিপ্ত; বাস্ত; দুর্ব্বৃত্ত; উত্থিত; ক্ষুভিত; উচ্ছৃঙ্খল; অবাধ্য; অতিরিক্ত; অবশিষ্ট; যথা—যাহা কিছু উদ্বৃত্ত হয় ইতি টেলিমেকস ৭৮ পৃষ্ঠা।
উদ্বেগ, ক্লী·বি·(উৎ-বিজ, ভাবনা, ঘঞ) গুবাকফল; সুপারি; (পু·) উৎকণ্ঠা; ভয়; ত্বরা; ভাবনা; চিন্তা; যথা—আর তোমার উদ্বেগের বিষয় নাই, ইতি রোমাবতী ১৩৯ পৃষ্ঠা।
বিরহ জন্য দুঃখ; চমৎকার; উদ্গমন। (ত্রি·বিণ·) স্তিমিত; শীঘ্র গামী; ঊর্দ্ধবাহু; ইতি হেম চন্দ্র।
উদ্বেগকর, ত্রি·বিণ·(উদ্বেগ-কৃ, করণ, অল) ভাবনা জনক; চিন্তাকর; যাহাতে অতিশয় চিন্তাহয়।
উদ্বেগী, ত্রি·বিণ·(উৎ-বিজ, ভাবনা, ইন) ভাবনা যুক্ত; উৎকণ্ঠিত; উদ্বিগ্ন; চিন্তান্বিত।
উদ্বেজন, ক্লী·বি·(উৎ-বিজ, ভাবনা, অনট) উদ্বেগ; চিন্তা; বিরক্তি; উৎকণ্ঠা; ভাবনা; ইতি বিশ্ব।
উদ্বেজয়িতা, ত্রি·বিণ·[উদ্বেজয়িতৃ, ভাবনা, প্রথমা] উদ্বেগজনক; চিন্তার উত্তেজক; ইতি মেদিনী।
উদ্বেজিত, ত্রি·বিণ·(উৎ-বিজ, ভাবনা, ক্ত) ক্লেশিত; উদ্বিগ্ন; চিন্তিত; উত্যক্ত; বিরক্ত; যথা—তাহাদিগের আর্ত্তরব শ্রবণে উদ্বেজিত উদ্যানস্থ বিহঙ্গমেরা ইতি রঘুবংশ ৫৭ পৃষ্ঠা।
উদ্বেষ্টন, ত্রি·বিণ·(উৎ-বেষ্ট, বেষ্টন, অনট) বেষ্টন রহিত; উষ্ণীষ; যাহার উপরে বেষ্টন; ইতি বিশ্ব।
উদ্বোধ, পু·বি·(উৎ-বুধ, বোধ, অল) কিঞ্চিৎ জ্ঞান; উদয়; প্রকাশ; আবির্ভাব; সঞ্চার; ইতি অমর।
উদ্বোধক, পু·বি·(উৎ-বুধ, বোধ, ণক) জ্ঞাপক; প্রকাশক; স্মারক; প্রচারক; যে স্মরণ করে।
উদ্বোধন, ক্লী·বি·(উৎ-বুধ, বোধ, অনট) স্মরণ চিহ্ন।
উদ্ভট, ত্রি·বিণ·(উৎ-ভট, খ্যাত, অল) প্রসিদ্ধ; প্রবর; শ্রেষ্ঠাশয়; উদার; মহাশয়; মহাত্মা; প্রসিদ্ধ কবি কর্ত্তৃক রচিত শ্লোক; (পু·বি·) কচ্ছপ; সূর্য্য।
উদ্ভব, পু·বি·(উৎ-ভূ, সত্তা, অল) জন্ম; উৎপত্তি; যথা—বেদের উদ্ভব প্রভু তোমার আননে। ইতি কুমারসম্ভব ১৫ পৃষ্ঠা।
উদ্ভাব, পু·বি·(উৎ-ভূ, সত্তা, ঘঞ) উষ্মা; তাপ; বাষ্প; উত্তাপ; উষ্ণ; ইতি অমরকোষ।
উদ্ভাবন, ক্লী·বি·(উৎ-ভূ, সত্তা, অন) কল্পনা; প্রকাশ; যথা-যেকারণ উদ্ভাবনকল্পনাকেনইতিপ্রিয়দর্শন৭পৃষ্ঠা।

উদ্ভাসিত, ত্রি. বিণ. (উৎ-ভাস, শোভা, ক্ত) শোভিত; প্রদীপ্ত; যাহা ভাসিয়া আছে; ইতি বিশ্ব।
উদ্ভিজ, ত্রি. বিণ. (উৎ-ভিদ, পদার্থ ভেদ, অ) তরুগুল্মাদি; যাহা ভূমি ভেদ করিয়া জন্মে; ইতি অমর
উদ্ভিজ্জ, ত্রি. বিণ. (উদ্ভিদ-জন, জনন, ড) যাহা ভূমি ভেদ করিয়া জন্মে; তরু গুল্মাদি; বৃক্ষ লতাদি; যথা—জন্তুরই হউক আর উদ্ভিজ্জেরই হউক ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ১০৪ পৃষ্ঠা।
উদ্ভিৎ, ত্রি. বিণ. (উৎ-ভিদ, ভেদ, ক্বিপ্) উদ্ভিজ্জ; বৃক্ষ; গুল্ম; লতা; বল্লী; তৃণ; ইতি অমরকোষ।
উদ্ভিদ্, ত্রি. বিণ. (উৎ-ভিদ, ভেদ, ক্বিপ্) তরু গুল্মাদি; উদ্ভিজ্জ; বৃক্ষ লতাদি; (ক্লী. বি.) পাংশু লবণ; পাঙা লুণ, অঙ্কুরিত হওন; মুকুলিত হওন।
উদ্ভিদ্বিদ্যা, স্ত্রী. বি. (উদ্ভিদ্-বিদ, জ্ঞান, ক্যপ্) বৃক্ষাদি জনন বিদ্যা; মালি গিরি করিবার জ্ঞান।
উদ্ভিন্ন, ত্রি. বিণ. (উৎ-ভিদ, ভেদ, ক্ত) ভেদিত; বিদ্ধ।
উদ্ভূত, ত্রি. বিণ. (উৎ-ভূ, সত্তা, ক্ত) জাত; উৎপন্ন; যথা-জনকশোকউদ্ভূতহইলইতিসেক্সপিয়র১৭৪পৃষ্ঠা।
উদ্ভূতরূপ, ক্লী. বি. (উদ্ভূত-রূপ, বর্ণ, ক) নয়ন গোচররূপ; নেত্রগোচর হইবার যোগ্য; দৃষ্টিগোচর বর্ণ।
উদ্ভেদ, পু. বি. (উৎ-ভিদ, ভেদ, অল) আবিষ্কার; উৎপত্তি; প্রকাশ; স্ফূর্ত্তি; উদ্গম; যথা—ফেনরাশি উদ্ভেদ করিয়া উঠিতেছে। ইতি রঘুবংশ ১০০ পৃষ্ঠা।
উদ্ভ্রম, পু. বি. (উৎ-ভ্রম, ভাবনা, অল) উদ্বেগ; চিন্তা।
উদ্ভ্রান্ত, ত্রি. বিণ. (উৎ-ভ্রম, ভুল, ক্ত) আঘূর্ণিত; যথা—উদ্ভ্রান্ত নয়নে চতুর্দ্দিক অবলোকন করিতেছে, ইতি রোমাবতী ১২৫ পৃষ্ঠা।
উদ্য, পু. বি. (উৎ-যম, দ্রব্যভেদ, ড) নদ; দেবখাত। জলাশয় বিশেষ; যে জলাশয় মনুষ্যকৃত নহে।
উদ্যত, পু. বি. (উৎ-যম, যোগ, ক্ত) গ্রন্থ পরিচ্ছেদ; (ত্রি. বিণ.) সমুদ্যুক্ত; উত্থিত; উদ্গূর্ণ; প্রবৃত্ত; যথা—এক্ষণে শুষ্ককণ্ঠ হইয়া মৃগতৃষ্ণিকায় পিপাসা শান্তি করিতে উদ্যতহইয়াছি। ইতিশকুন্তলা ৮৩পৃষ্ঠা।
উদ্যম, পু. বি. (উৎ-যম, যোগ, অল) উদ্যোগ; উৎসাহ; অধ্যবসায়; উত্থান; চেষ্টা; যত্ন; ইতি বিশ্ব।
উদ্যম ভঙ্গ, পু. বি. (উদ্যম ভন্জ, ভাঙ্গা, অল) চেষ্টা ধ্বংস; অনুৎসাহ; অনুষ্ঠান বিহীন; ইতি অমর।
উদ্যমী, ত্রি. বিণ. (উৎ-যম, চেষ্টা, ইন্) উদ্যোগী; উৎসাহবান; ভরসান্বিত; মনোযোগী; ইতি বিশ্ব।
উদ্যান, ক্লী. বি. (উৎ-যা, গমন, অনট) ক্রীড়াবন; উপবন; বাগান; আরাম; যথা—প্রমোদ উদ্যানে বুঝি ভ্রমিছে আমোদে। ইতি মেঘনাদবধকাব্য ৩০ পৃষ্ঠা।
উদ্যানপাল, ত্রি. বিণ. (উদ্যান-পাল, রক্ষণ, অল) উদ্যান রক্ষক; মালী; যে বাগানের কার্য্য করে।
উদ্যাপন, ক্লী. বি. (উৎ-যা, গমন, অনট) ব্রতাদি নিষ্পাদন; উজান; সম্পাদন; সমাপন; ইতি মেদিনী।
উদ্যুক্ত, ত্রি. বিণ. (উৎ-যুজ, যোগ, ক্ত) উদ্যম যুক্ত, উদ্যোগ বিশিষ্ট; উৎসাহান্বিত; যত্নবান; উৎসাহী।
উদ্যোগ, পু. বি. (উৎ-যুজ, যোগ, ঘঞ) যত্ন; চেষ্টা; উৎসাহ; অধ্যবসায়; উদ্যম; প্রয়াস; আয়োজন; যথা—কৃতাঞ্জলি পুটে নিবেদন করিলেন মহারাজ! সমুদায় উদ্যোগ হইয়াছে। ইতি শকুন্তলা ২৪ পৃষ্ঠা।
উদ্যোগী, ত্রি. বিণ. (উৎ-যুজ, যোগ, ণিন্) উদ্যোগ বিশিষ্ট; উদ্যমী; যত্নশীল; উৎসাহী; চেষ্টাযুক্ত।
উদ্যোত, পু. বি. (উৎ-দ্যুত, দীপ্তি, অল) আলোক; জ্যোতিঃ; দীপ্তি; ইতি হলায়ুধ। তেজঃপুঞ্জ।
উদ্র, পু. বি. (উদ, জীব ভেদ, র) জল জন্তু বিশেষ; উদ্বিড়াল; জল মার্জ্জার; ইতি অমর কোষ।
উদ্রিক্ত, ত্রি. বিণ. (উৎ-রিচ, প্রকাশ, ক্ত) স্ফুট; স্পষ্ট; ব্যক্ত; প্রকাশিত; ইতি জটাধর।
উদ্রেক, পু. বি. (উৎ রিচ, প্রকাশ, ঘঞ) উপক্রম; বৃদ্ধি; উত্থান; উত্তেজন; আরম্ভ; প্রকাশ।
উদ্রেক ভঙ্গ, পু. বি. (উদ্রেক-ভন্জ, ভাঙ্গা, অল) আরম্ভে ব্যাঘাত; উপক্রমে প্রতিবন্ধক; ইতি বিশ্ব।
উদ্রেকী, ত্রি. বিণ. (উৎ-রিচ, প্রকাশ, ণিন্) বৃদ্ধিশীল; উদ্যত; কার্য্যোন্মুখ; ইতি শব্দরত্নাবলী।
উধস্, ক্লী. বি. (বহ, বহন, অস্) গোস্তন; গরুর পালান; গোপয়োধর; ইতি অমরকোষটীকা।
উধার, পু. বি. (উ ধৃ, ধারণ, ঘঞ) ঋণ; ধার; কর্জ্জ; যথা—কালিকার ভিক্ষা নাথ উধার সুধিনু। ইতি কবিকঙ্কণচণ্ডী ২৯ পৃষ্ঠা।
উনন, ক্লী. বি. (উন, দ্রব, অনট) দ্রব করণ; গলান; চুল্লী, চুলা; উনান; আকা; ইতি মেদিনী।
উনান, ক্লী. বি. (উন, দ্রব, আন) চুল্লী; চুলা; আকা।
উনি, সং. (অদস) সম্মুখস্থ অদূর বর্ত্তি ব্যক্তি।
উনুই, পু. বি. (উৎস, ঝরনা, অ) নির্ঝর; ঝরনা।

উন্দধুন্দ, ক্লী. বি. (উন্দ-ধুন্দ, ধ্বনি, ক) অত্যন্তবিবাদ; মহা গণ্ডগোল; ভারি ঝগড়া; অপর্য্যাপ্ত।

উন্দুর, পু. বি. (উন্দ, জীবভেদ, উর) মুষিক; ইঁদুর।

উন্দূরু, পু. বি. (উন্দ, জীব ভেদ, ঊরু) জন্তু বিশেষ; মুষিক; ইঁদুর; বাল মুষিকা; নেঙটে ইন্দুর।

উদ্ধি পোকা, স্ত্রী. বি. (উদ্ধি-কীট, পোকা ভেদ, ক) বল্মীক; রুই; যে কীট দ্বারা কাষ্ঠাদি বিনষ্ট হয়।

উন্ন, ত্রি. বিণ. (উদ, ভিজা, ক্ত) ক্লিন্ন; সিক্ত; দয়াপর; ইতি হেমচন্দ্র। ভিজা; কৃপা; ইতি মেদিনী।

উন্নত, ত্রি. বিণ. (উৎ-নম, উচ্চতা, ক্ত) উত্তুঙ্গ; উচ্চ; বর্দ্ধিত; যথা—ব্যাধিকে জিঘাংসু দেখিয়া সটাচ্ছটা উন্নত করত ইতি রোমাবতী ১৩২ পৃষ্ঠা।

উন্নতনাভি, ত্রি. বিণ. [উন্নত-নাভি, অঙ্গভেদ, চি্ব] উচ্চনাভি যুক্ত; যাহার নাভি কিঞ্চিৎ উন্নত।

উন্নতানত, ত্রি. বিণ. (উন্নত-আ-নম, স্থান ভেদ, ক্ত) উচ্চনীচ স্থানাদি; বন্ধুর; আব্ড়ো থাব্ড়ো।

উন্নতি, স্ত্রী. বি. (উৎ নম, উচ্চতা, ক্তি) গরুড় পত্নী; বৃদ্ধি; উচ্চতা; উদয়; সমৃদ্ধি; যথা—কিরূপে আপনার ও দেশের বিদ্যাবত্তার উন্নতি হইবে, ইতি রোমাবতী ২ পৃষ্ঠা।

উন্নতীশ, পু. বি. (উন্নতি-ঈশ, জীবভেদ, ক) গরুড়পক্ষী।

উন্নদ্ধ, ত্রি. বিণ. (উৎ-নহ, বাধা, ক্ত) উদ্বদ্ধ; উর্দ্ধে বন্ধন প্রাপ্ত; যে উপরিভাগে বদ্ধ হইয়া আছে।

উন্নমিত, ত্রি. বিণ. (উৎ-নম, নমন, ক্ত) উর্দ্ধীকৃত; উত্তোলিত; যথা—বদনমণ্ডল ঈষৎ উন্নমিত করিয়া ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৭৭ পৃষ্ঠা।

উন্নয়, পু. বি. (উৎ-নী, নয়ন, অল) উর্দ্ধনয়ন; উন্নতি; উত্থান; উঠা; (ত্রি. বিণ.) যাহার উপরদিকে দৃষ্টি।

উন্নয়ন, ক্লী. বি. (উৎ-নী, প্রাপণ, অনট) বিতর্ক; উর্দ্ধ প্রাপণ; অনুমান; তর্ক; ন্যায় শাস্ত্র; উন্নতি; উঠান; উত্তোলন; যথা—মনোগত ভাব উন্নয়ন করিতে পারিত না। ইতি রঘুবংশ ১ পৃষ্ঠা।

উন্নামন, ক্লী. বি. (উৎ-নম, নামন, অন) উর্দ্ধ হইতে অবরোহণ; উচ্চ হইতে নিম্নে আসা; ইতি হেমচন্দ্র।

উন্নিদ্র, ত্রি. বিণ. (উৎ-নিদ্রা, বিকাস, ড) প্রফুল্ল; বিকসিত; প্রকাশিত; নিদ্রা রহিত; ইতি মেদিনী।

উন্মগ্ন, ত্রি. বিণ. (উৎ-মস্জ, মগ্ন, ক্ত) জলাদি হইতে উত্থিত; জল থেকে উঠা; ইতি শব্দরত্নাবলী।

উন্মত্ত, ত্রি. বিণ. (উৎ-মদ, ভ্রম, ক্ত) উন্মাদ যুক্ত; বায়ু দ্বারা চিত্ত বিভ্রম বিশিষ্ট; ক্ষিপ্ত; পাগল; মাতাল; যথা—হইয়া উন্মত্ত কেন কুপথেতে ধাহ। ইতি কুমারসম্ভব ১৪৪ পৃষ্ঠা।

উন্মত্তত্ব, ক্লী. বি. [উন্মত্ত, পাগল, ত্ব] পাগলামী; ক্ষেপাম পাগলের স্বভাব; বাতুলগিরি; ইতি মেদিনী।

উন্মথন, ক্লী. বি. (উৎ-মথ, মথন, অনট) মন্থন; নিধন।

উন্মদ, ত্রি. বিণ. (উৎ-মদ, ভ্রম, অল) উন্মদিষ্ণু, উন্মাদ যুক্ত; উন্মত্ত; চিত্ত বিভ্রম; পাগল।

উন্মদিষ্ণু, ত্রি. বিণ. (উৎ-মদ, ভ্রম, ইষ্ণু) উন্মাদশীল।

উন্মনা, ত্রি. বিণ. (উৎ-মন, ভাবিতান্তঃকরণ, অস্) উৎকণ্ঠিত চিত্ত; উদ্বিগ্ন; ব্যাকুল; উৎসুক; চিন্তিত; যথা—অতিশয় উন্মনা ও উৎকণ্ঠিতা হইলেন, ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা।

উন্মন্থ, পু. বি. (উৎ-মথ, নাশ, অল) মারণ; বধ; হনন; হিংসা; ঘাতন; দ্বেষ; ইতি জটাধর।

উন্মাথ, পু. বি. (উৎ-মথ, নাশ, ঘঞ) কুট যন্ত্র; মৃগবধোপ যুক্ত যন্ত্র; জাল; ফাঁদ; মারণ; ঘাতক।

উন্মাদ, পু. বি. (উৎ-মদ, ভ্রম, ঘঞ) বাতিকরোগ বিশেষ; বাতুলত্ব; চিত্ত বিভ্রম; মতি ভ্রংশ; (ত্রি. বিণ.) উন্মাদ রোগ যুক্ত; ক্ষিপ্ত; উন্মত্ত; পাগল; যথা—কোথা প্রাণেশ্বর বলি হইল উন্মাদ। ইতি কুমারসম্ভব ৪৩ পৃষ্ঠা।

উন্মাদন, পু. বি. (উৎ-মদ, দ্রব্য ভেদ, অনট) বাণ ভেদ; কামদেবের পঞ্চ বাণান্তর্গত বাণ বিশেষ।

উন্মাদ ক্ষেত্র, পু. বি. (উন্মাদ-ক্ষেত্র, ব্যক্তি ভেদ, অল) ক্ষিপ্ত; বায়ুগ্রস্ত; বাতুল; পাগল; ইতি বিশ্ব।

উন্মাদী, ত্রি. বিণ. (উৎ-মদ, ভ্রম, ণিন্) ক্ষিপ্ত; বাতুল; পাগল; যাহার বুদ্ধির ভ্রমই স্বভাব।

উন্মান, পু. বি. (উৎ-মন, পরিমাণ ভেদ, ঘঞ) দ্রোণ পরিমাণ; তৌলন; মাপন; পরিমাণ করণ।

উন্মিতি, স্ত্রী. বি. (উৎ-মা, পরিমাণ, ক্তি) পরিমাণ; ওজন; তৌল; সমতা; মাপ; ইতি মেদিনী।

উন্মিষিত, ত্রি. বিণ. (উৎ-মিষ, বিকাস, ক্ত) উন্মীলিত; বিকসিত; প্রকাশিত; প্রস্ফুটিত; ইতি বিশ্ব।

উন্মীলন, ক্লী. বি. (উৎ-মীল, বিকাস; অনট) উন্মেষ; বিকাস; চক্ষু মেলা; প্রকাশ; যথা—সহস্র সহস্র নেত্র উন্মীলন করিল ইতি কাদম্বরী ২৮ পৃষ্ঠা।

উন্মীলিত, ত্রি. বিণ. (উৎ-মীল, বিকাস, ক্ত) প্রস্ফুটিত; বিকসিত; প্রকাশিত; ইতি হলায়ুধ। প্রচারিত।

উন্মুখ, ত্রি. বিণ. (উৎ-মুখ, দর্শন, ক) উর্দ্ধ মুখ; উৎপশ্য; উপক্রম; সূত্র; উৎসুক; যথা—কণ্ঠস্বর শ্রবণে উন্মুখ হইয়া ইতি রোমাবতী ১৫০ পৃষ্ঠা।

উন্মুদ্র, ত্রি. বিণ. (উৎ-মুদ্রা, বিকাস, ড) প্রফুল্ল; বিকসিত; প্রস্ফুটিত; মুদ্রারহিত; প্রকাশিত।

উন্মূলক, ত্রি. বিণ. (উৎ-মূল, আদি, ণক) উন্মূলনকারী; সমূলোৎপাটক; যে মূলের সহিত উৎপাটন করে।

উন্মূলন, ক্লী. বি. (উৎ মূল, আদি, অনট) উৎপাটন; উপড়ন, মূলের সহিত তোলন; ইতি হেমচন্দ্র।

উন্মূলিত, ত্রি. বিণ. (উৎ-মূল, আদি, ক্ত) উৎপাটিত; যথা—এই বলিয়া উন্মূলিত তরুর ন্যায় ইতি শকুন্তলা ৯৭ পৃষ্ঠা।

উন্মেষ, ক্লী. বি.) উৎ-মিষ, বিকাশ, অল) চক্ষুরুন্মীলন; চক্ষুমেলা; বিকাস; প্রকাশ; ইতি হেমচন্দ্র।

উন্মোচন, ক্লী. বি. (উৎ-মুচ, মোচন, অনট) পরিত্যাগ করণ; খোলন; যথা—অঙ্গুলি হইতে অঙ্গুরীয় উন্মোচন করিয়া ইতি শকুন্তলা ১৬ পৃষ্ঠা।

উপ, (ব্য.) উপরি; সমীপ; প্রতিনিধি; হীন; সদৃশ; উপসর্গ বিশেষ; অনুগতি; পশ্চাদ্ভাব, অনুকম্পা; আধিক্য; ভূষণ; দোষাখ্যান; নিদর্শন; মারণ; ব্যাপ্তি; লিপ্সা; পূজা; উদ্যোগ; ইতিশব্দরত্নাবলী।

উপকণ্ঠ, ক্লী. বি. (উপ-কণ্ঠ, নৈকট্য, অল) গ্রামান্ত; কণ্ঠসমীপ;) ত্রি. বিণ.) নিকট; সমীপ।

উপকথা, স্ত্রী. বি. (উপ-কথ, কথন, ঙ-আ) আখ্যায়িকা; ইতিহাস; পুরাণ কথা; কল্পিত গল্প; যথা—ঈদৃশীউপকথানাশুনিলে ইতিসেক্সপিয়র৫৩পৃষ্ঠা।

উপকরণ, ক্লী. বি. (উপ-কৃ, করণ, অনট) রাজাদিগের ছত্র চামরাদি পরিচ্ছদ; ভোজনাদির ব্যঞ্জনাদি; পূজাদির নৈবেদ্যাদি; মৃগ বন্ধনাদির জালাদি; অপ্রধানাঙ্গ; সামগ্রী; অঙ্গদ্রব্য; যথা—নানাবিধ উপকরণ আহরণ করিয়া ইতি রোমাবতী ১৩৫ পৃষ্ঠা।

উপকর্ত্তৃ, ত্রি. বিণ. (উপ-কৃ, করণ তৃন) উপকারকর্ত্তা।

উপকার, পু. বি. (উপ কৃ, করণ, ঘঞ) উপকৃতি; অনুগ্রহ; বিকীর্ণ পুষ্পাদি; আনুকূল্য; যথা—প্রজাপুঞ্জের কতই উপকার করিতে পারিবে। ইতি রঘুবংশ ১১ পৃষ্ঠা।

উপকারক, পু. বি. (উপ কৃ, করণ, ণক) উপকারী; আনুকূল্য কর্ত্তা; সহায়; যে অনুগ্রহ করে; যথা—উপকারকের আয়োপায়সাধ্য ইতি নৈষধ ৫০ পৃষ্ঠা।

উপকারিকা. স্ত্রী. বি. (উপ কৃ, করণ, ণিক-আ) উপকার কর্ত্রী; রাজগৃহ; কুশূল; মরায়ি; ইতি মেদিনী।

উপকারী, স্ত্রী. বি. উপ-কৃ, করণ, ঘঞ ঈ) রাজগৃহ; (ত্রি. বিণ.) উপকার বিশিষ্ট; উপকারকর্ত্তা; যথা—মৃগয়া অপকারী কি উপকারী মহারাজই বিবেচনা করুন না কেন। ইতি শকুন্তলা ২৪ পৃষ্ঠা।

উপকারেচ্ছু, ত্রি. বিণ. (উপকার-ইষ, ইচ্ছা, উ) উপকার করণাভিলাষী; দাতা; অনুকম্পাশীল।

উপকার্য্য, ত্রি. বিণ. (উপ-কৃ, করণ, ঘ্যণ (উপকারোচিত; যাহার উপকার করাযায়; ইতি হেমচন্দ্র।

উপকার্য্যা, স্ত্রী. বি. (উপ-কৃ, করণ, ঘ্যণ-আ) রাজগৃহ; ধান্য রক্ষণ স্থান; মরায়ি, গোলা; ইতি জটাধর।

উপকুঞ্চিকা, স্ত্রী. বি. (উপ- কুঞ্চ, দ্রব্যভেদ, ইক-আ) কৃষ্ণজীরক; কালজীরা; ইতি অমরকোষ।

উপকুম্ভ, ক্লী. বি. (উপ-কুম্ভ, নিকট, অল) কুম্ভসমীপ; নিকট; সমীপ; ইতি ব্যাকরণ। অদূর; কাছে।

উপকুর্ব্বাণ, পু. বি. (উপ-কুর্ব্বাণ, ব্যক্তিভেদ, অ) কিয়ৎকালের জন্য ব্রহ্মচারী; ব্রহ্মচর্য্যানন্তর যে ব্যক্তি পুনর্ব্বার গৃহস্থ হয়; পুনশ্চ গৃহস্থাশ্রমী; ইতি বিশ্ব।

উপকুল্যা, স্ত্রী. বি. (উপ-কুল, দ্রব্যভেদ, য-আ) পিপ্পলী; পিপুল; ইতি অমর কোষ। দ্রব্যভেদ।

উপকূল, ক্লী. বি. (উপ কূল, তীর, ক) নদ্যাদির তীর; যথা—সেই হ্রদের উপকূলে উপস্থিত হইলেন, ইতি মহাভারত শল্যপর্ব্ব ৩৬ পৃষ্ঠা।

উপকৃত, ত্রি. বিণ. (উপ-কৃ, করণ, ক্ত) উপকারপ্রাপ্ত; বাধিত; যে উপকার প্রাপ্ত হইয়াছে।

উপকৃতি, ত্রি. বিণ. (উপ-কৃ, করণ, ক্তি) উপকার; সাহায্য; আনুকূল্য; সহায়তা; যথা—ভূতেরা এই উপকৃতি সংস্মৃতি পূর্ব্বক ইতি সেক্সপিয়র ৩০ পৃষ্ঠা।

উপক্রন্তা, ত্রি. বিণ. (উপ-ক্রম, গমন, তৃন) উপক্রম কর্ত্তা; আরম্ভক; অনুষ্ঠানকারী; আরব্ধক।

উপক্রম, পু. বি. (উপ-ক্রম, গমন, অল) আদ্যকৃতি; প্রথমারম্ভ; প্রক্রম; সূচনা; উপায়; বিক্রম, চিকিৎসা; পলায়ন; অনুষ্ঠান; যথা—রাজা শরনিক্ষেপের উপক্রম করিতেছেন, ইতি শকুন্তলা ১ পৃষ্ঠা।

উপক্রোশ, পু. বি. (উপ-ক্রুশ, নিন্দন, অল) নিন্দা; কুৎসা; ভৎর্সনা; দ্বেষ; ইতি হেমচন্দ্র।

উপক্রোষ্টা, পু. স্ত্রী. বি. (উপ ক্রুশ, নিন্দন, তৃন্) গর্দ্দভ; গাধা; (ত্রি. বিণ.) নিন্দক; কুৎসাকারক।

উপক্বণ, পু. বি. (উপ ক্বণ, শব্দ, অল) বীণার শব্দ।

উপগত, ত্রি. বিণ. (উপ-গম, গমন, ক্ত) অঙ্গীকৃত; স্বীকৃত; কৃত মৈথুন; প্রাপ্ত; অভিরত; আসক্ত; যথা—কোকনদভ্রমে পুনর্ব্বার উপগত হইল, ইতি নৈষধচরিত ৪৭ পৃষ্ঠা।

উপগম, পু. বি. (উপ গম, গমন, অল) অঙ্গীকার; নিকটগমন; প্রাপ্তি; যোগ; ইতি মেদিনী।

উপগুরু, পু. বি. (উপ-গুর, উপদেশ, উ) শিক্ষাদাতা; উপদেষ্টা; জ্ঞানদাতা; অধ্যাপক।

উপগূঢ়, ক্লী. বি. (উপ গুহ, গ্রহণ, ক্ত) আলিঙ্গন; গ্রহণ; কোলা কোলি; পরস্পর দেহসংলগ্ন।

উপগূহন, ক্লী. বি. (উপ-গুহ, গ্রহণ, অনট) আলিঙ্গন; কোলাকোলিং গ্রহণ; দেহসংলগ্ন করণ।

উপগ্রহ, পু. বি. (উপ-গ্রহ, গ্রহণ, অল) বন্দী; বঁদ্ধিয়ান; কয়েদী; উপযোগ; অনুকূল; ইতি মেদিনী।

উপগ্রহণ, ক্লী. বি. (উপ-গ্রহ, গ্রহণ, অনট) উপাকরণ; সংস্কার পূর্ব্বক বেদ গ্রহণ; ইতি অমরকোষ।

উপগ্রাহ্য, ক্লী. বি. (উপ-গ্রহ, গ্রহণ, ঘ্যণ) উপঢৌকন; ভেট; ডালি; ইভি অমরকোষ। সওগাত।

উপঘাত, পু. বি. (উপ-হন, বধ, ঘঞ) রোগ; পীড়া; আঘাত; ব্যাধি; ব্যামোহ; মারণ; ইতি মেদিনী।

উপঘ্ন, পু. বি. (উপ-হন, গতি, টক্) নিকটাশ্রয়; সমীপ; সন্নিধান; নিকট; ইতি অমরকোষ।

উপচন, ক্লী. বি. (উপ-চি, বৃদ্ধিংওন, ডন) উথলন; ছাপন; অতিরেক; ছাপিয়া পড়ন; ইতি হেমচন্দ্র।

উপচয়, পু. বি. (উপ-চি, অধিকতা, অল) বৃদ্ধি; উন্নতি; আধিক্য; সংগ্রহ; পুষ্টি; যথা—দিন দিন গর্ব্বের উপচয় হইতে লাগিল, ইতি কাদম্বরী ২১ পৃষ্ঠা।

উপচরিত, ত্রি. বিণ. (উপ-চর, সেবা, ক্ত) সেবিত; উপাসিত; আরাধিত; পূজিত; অর্চ্চিত; ইত্যমর।

উপচর্য্যা, ক্লী. বি. (উপ-চর, সেবা, ক্যপ) চিকিৎসা; রোগের উপশমতা; প্রতীকার; শুশ্রূষা।

উপচার, পু. বি. (উপ-চর, সেবা, ঘঞ) রোগ প্রতীকার; চিকিৎসা; উপকরণ; যথা—তপঃ সাধনোপযোগীউপচারসকলআহরণকরিয়াইতিরোমাবতী১৩৭পৃষ্ঠা। সেবা; শুশ্রূষা; উপক্রম; ব্যবহার; উৎকোচ।

উপচার্য্য, পু. বি. (উপ-চর, সেবা, ঘ্যণ) চিকিৎসা।

উপচিত, ত্রি. বিণ. (উপ-চি, চয়ন, ক্ত) সমৃদ্ধ; বর্দ্ধিত; পরিপুষ্ট; সঞ্চিত; দগ্ধ; রচিত; সমাহিত।

উপচিত্রা, স্ত্রী. বি. [উপচিত্র, দ্রব্যভেদ, আ] মুষিকপর্ণী; ইন্দুরকানি; দন্তীবৃক্ষ; ইতি অমর কোষ

উপচ্ছন্দ, পু. বি. (উপ-ছন্দ, যাচ্ঞা, অল) প্রার্থনা।

উপজ, পু. বি. (উপ-জন, জনন, ড) উৎপত্তি; প্রাপ্তি।

উপজন, পু. বি. (উপ-জন, জনন, অনট) ঘটন।

উপজাত, ত্রি. বিণ. (উপ-জন, জনন, ক্ত) উপার্জ্জিত; ঘটিত; উৎপন্ন; অর্জ্জিত; যাহা উপার্জ্জন করা।

উপজাতি, স্ত্রী. বি. (উপ-জন, জনন, ক্তি) ছন্দোভেদ।

উপজাপ, পু. বি. (উপ-জপ, ভেদ, ঘঞ) বিচ্ছেদ; ভেদ; অনৈক্য; পার্থক্য; ইতি অমর কোষ।

উপজিহ্বা, স্ত্রী. বি. (উপ-হ্বে, অঙ্গভেদ, অ) কীট বিশেষ; ক্ষুদ্র জিহ্বা; আলজিব; ইতি হেমচন্দ্র।

উপজীবিকা, স্ত্রী. বি. (উপ-জীব, জীবন, ইক-আ) জীবনোপায়; বৃত্তি; উপজীব্য; অবলম্বন; ইতি বিশ্ব।

উপজীবী, ত্রি. বিণ. (উপ-জীব, জীবন, ইন্) জীবিকা অবলম্বী; আশ্রয়ী; আশ্রিত; যথা—তাহা হইলে উপজীবীরা প্রশ্রয়যুক্ত হইয়া ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৮৫ পৃষ্ঠা।

উপজীব্য, ত্রি. বিণ. (উপ-জীব, জীবন, য) বৃত্তিদায়ক; অবলম্ব্য; জীবিকা; আশ্রয়; অবলম্বন; যাহাকে অবলম্বন করিয়া জীবন ধারণ হয়; ইতি হেমচন্দ্র।

উপজোষম্, ব্য. (উপ-জুষ, হর্ষ, অম) আনন্দ; হর্ষ; চুপ করিয়া থাকা; ইতি অমর কোষ। মৌনাবলম্বন।

উপজ্ঞা, স্ত্রী. বি. (উপ-জ্ঞা, বোধ, অল) আদ্যজ্ঞান; উপদেশ বিনা প্রথম জ্ঞান; আপনাআপনি জ্ঞান।

উপড়ন, ক্লী. বি. (উপড়, তোলন, অনট) উৎপাটন; উন্মূলন, যাহা তোলা হইয়াছে; ইতি মেদিনী।

উপঢৌকন, ক্লী. বি. (উপ-ঢৌক, দান, অনট) পারিতোষিক দ্রব্য; উপহার; ভেট; ঘুষ; ডালি; যথা—উৎকৃষ্ট অশ্বাদি উপঢৌকন পূর্ব্বক ইতি রঘুবংশ ২৮ পৃষ্ঠা।

উপতন্ত্র, পু. বি. (উপ-তন্ত্র, যামলাদি গ্রন্থ বিশেষ, অ) যামলাদি তন্ত্র শাস্ত্র। শিবোক্ত গ্রন্থবিশেষ।

উপতপ্ত, ত্রি. বিণ. (উপ-তপ, তাপ, ক্ত) সন্তাপিত;
দুঃখিত; খেদিত; সন্তাপিত; ক্লেশিত; ইতি বিশ্ব।
উপতাপ, পু. বি. (উপ-তপ, তাপ, ঘঞ) পীড়া; ত্বরা;
উত্তাপ; সন্তাপ; রোগ; অশুভ; খেদ; ইতি মেদিনী।
উপতারা, স্ত্রী. বি. (উপ-তৃ, দীপ্তি, ঘঞ-আ) ক্ষুদ্র ন
ক্ষত্র বিশেষ; ছোট তারা; অতি দূরস্থ নক্ষত্র।
উপত্যকা, স্ত্রী. বি. [উপ-ত্যকা, স্থান ভেদ, চ্বি] পর্ব্ব-
তের নিকট ভূমি; পর্ব্বত পার্শ্বস্থ ভূমি; যথা—রাজ-
কুমার পর্ব্বতের উপত্যকা হইতে ইতিকাদম্বরী ৩৯পৃষ্ঠা।
উপদংশ, পু. বি. (উপ-দন্শ, দ্রব্য ভেদ, অল) মদ্য-
পান রোচক ভক্ষ্য দ্রব্য; চাটনি, গরমি রোগ; যেঢ়
রোগ বিশেষ; বাও; পীড়াবিশেষ; ইতি বিশ্ব।
উপদল, পু. বি. (উপ-দল, শ্রেণী, অল) পুষ্পদল;
ফুলের পাবড়ি; পুষ্পের পত্র বিশেষ; ইতি মেদিনী।
উপদর্শক, পু. বি. (উপ-দৃশ, দর্শন, ণক) দ্বারপাল;
দ্বারি; ইতি অমর কোষ। যে দ্বার রক্ষা করে।
উপদা, স্ত্রী. বি. (উপ-দা, দান, অল) উপঢৌকন;
উপহার; ভেট; ঘুষ; ইতি অমর কোষ। ডালি।
উপদানক, ক্লী. বি. (উপ-দা, দান, অন-ক) উৎকোচ।
উপদিষ্ট, ত্রি. বিণ. (উপ-দিশ, আদেশ, ক্ত) উপদেশ
প্রাপ্ত; প্রদর্শিত; যথা—ধাত্রীর উপদিষ্ট বাক্যের
ইতি রঘুবংশ ১৭ পৃষ্ঠা।
উপদেবতা, স্ত্রী. বি. [উপ-দেব, প্রাধান্য, তা] যক্ষ
ভূতাদি; অপচ্ছায়া; পিচাশ প্রভৃতি; ইতি অমর।
উপদেশ, পু. বি. (উপ-দিশ, শিক্ষা, অল) মন্ত্র কথন
শিক্ষাদান; পরামর্শ দান, উদ্দেশ; শিক্ষা বাক্য;
দীক্ষা; হিত কথন; যথা—আমা দ্বারা কিছু উপদেশ
বাক্য বলিয়া ইতি রঘুবংশ ৬৩ পৃষ্ঠা।
উপদেশকারী, ত্রি. বিণ. (উপদেশ-কৃ, করণ, ণিন্) উ
পদেশ কর্ত্তা; উপদেষ্টা; উপদেশী; শিক্ষক।
উপদেশী, ত্রি. বিণ. (উপ-দিশ, শিক্ষা, ইন্) উপ-
দেষ্টা; উপদেশ কর্ত্তা; শিক্ষক; আচার্য্য।
উপদেশ্য, ত্রি. বিণ. (উপ-দিশ, শিক্ষা, য) উপদে-
ষ্টব্য; উপদেশ যোগ্য; শিক্ষোপযুক্ত; ইতি মেদিনী।
উপদেষ্টা, ত্রি. বিণ. (উপ-দিশ, শিক্ষা, তৃন্) উপদেশ
কর্ত্তা; গুরু; আচার্য্য; শিক্ষাদাতা; যথা—রামচন্দ্রের
বিশ্বামিত্রযেরূপউপদেষ্টাছিলেন, ইতিকাদম্বরী১৬পৃষ্ঠা।
উপদ্রব, পু. বি. (উপ দ্রু, দ্রোহন, অল) উৎপাত;
বিদ্রোহ; বিপদ; অমঙ্গল ঘটনা; যথা—এই স্থানে
থাকিয়াতপোবনেরউপদ্রবনিবারণইতিশকুন্তলা৩০পৃষ্ঠা।
উপদ্রব রহিত, ত্রি. বিণ. (উপদ্রব-রহ; বর্জন, ক্ত) উপ
দ্রব্য শূন্য; উৎপাত হীন; বিদ্রোহ রহিত।
উপদ্রষ্টা, ত্রি. বিণ. (উপ দৃশ, দর্শন, তৃন্) উপদ-
র্শক; উপদর্শী; যে ব্যক্তি অবলোকন করায়।
উপদ্রোহ, পু. বি. (উপ-দ্রুহ, দ্রোহণ, অল) বিদ্রোহ;
উৎপাত; অত্যাচার; দৌরাত্ম্য; দুষ্টতা; ইতিবিশ্ব।
উপদ্রোহী, ত্রি. বিণ. (উপ-দ্রুহ, দ্রোহণ, ইন্) উৎ-
পাতকারী; বিদ্রোহক; যে ব্যক্তি অত্যাচার করে।
উপদ্বীপ, পু. ক্লী. বি. (উপ-দ্বীপ, স্থলভেদ, ক) ক্ষুদ্র
দ্বীপ; চর; চড়া; চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থল; যথা—
গঙ্গার প্রবাহ মধ্যবর্ত্তী উপদ্বীপে জয়স্তম্ভ ইতি
রঘুবংশ ২৬ পৃষ্ঠা।
উপধান, ক্লী. বি. (উপ-ধা, ধারণ, অনট) শিরোধান,
বালিশ; বিশেষ; ধারণ; বিষ; প্রণয়, ব্রত।
উপধানীয়, ত্রি. বিণ. (উপ-ধা, ধারণ, অনীয়) উপধান;
শিরোধান; বালিশ; ধারণ; ইতি শব্দ রত্নাবলী।
উপধায়ক, ত্রি. বিণ. (উপ-ধা, ধারণ, ণক) জনক; উৎ-
পাদক; পিতা; জন্মদাতা; যিনি উৎপন্ন করেন।
উপধি, পু. বি. (উপ-ধা, ধারণ, কি) কপট; ছল;
চাতুরী; ভয়; কাপট্য; ছল; নিয়ম; ইতি হেমচন্দ্র।
উপধূপিত, ত্রি. বিণ. (উপ-ধূপ, গমন, ক্ত) আসন্ন;
মরণ; পরিধূপিত; ইতি মেদিনী। নিধন; বিনাশ।
উপনত, ত্রি. বিণ. (উপ-নী, নয়ন, ক্ত) উপস্থিত; স-
মীপস্থ; সমীপে আনীত; যাহা নিকটে আনা।
উপনয়, পু. বি. (উপ-নী, প্রাপণ, অল) উপনয়ন;
(ক্লী.) ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের যজ্ঞসূত্র ধারণ; সং-
স্কার বিশেষ; বটুকরণ; যজ্ঞোপবীত; ইতি বিশ্ব।
উপনয়ন, ক্লী. বি. (উপ-নী, সংস্কারবিশেষ, অনট)
যজ্ঞোপবীত; সংস্কারবিশেষ; যথা—এই সময়ে আ-
মার উপনয়ন সংস্কার সম্পন্ন হইয়াছিল। ইতি
রোমাবতী ৯৬ পৃষ্ঠা।
উপনাম, পু. বি. (উপ-নম, উপাধি, ঘঞ) উপাধি;
খেতাব; পদবী; পদ্ধতি; ইতি অমরকোষ।
উপনায়, পু. বি. (উপ-নী, প্রাপণ, ঘঞ) উপনয়ন;
(ক্লী.) ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের যজ্ঞসূত্র ধারণ।
উপনাহ, পু. বি. (উপ-নহ, স্থানভেদ, ঘঞ) বীণাদি

তন্ত্র বন্ধন স্থান; প্রলেপ; ইতি মেদিনী।

উপনিধি, পু. বি. (উপ-নি-ধা, ধারণ, কি) ন্যস্ত বস্তু; স্থাপ্যদ্রব্য; ন্যাস; গচ্ছিত; অন্যের নিকট রাখিত।

উপনিষৎ, স্ত্রী. বি. (উপ-নি-ষদ, শাস্ত্রভেদ, ক্বিপ) ধর্ম্ম; বেদান্ত শাস্ত্র; বেদের শিরোভাগ; নির্জ্জন স্থান; সত্য; জ্ঞানকাণ্ড; সমীপসদন; তত্ত্ব; ইতি মেদিনী।

উপনিষদ, স্ত্রী. বি. (উপ-নি-ষদ, শাস্ত্রভেদ, ক্বিপ) বেদান্ত শাস্ত্র; জ্ঞানকাণ্ড; ইতি মেদিনী। তত্ত্ব; যথা—গৎসামান্য বিষয়কে উপনিষদের তুল্য ইতি সেক্‌সপিয়র ৬৮ পৃষ্ঠা।

উপনিষ্কর, ক্লী. বি. (উপ-নিঃ-কৃ, করণ, অল) পুরপথ; রাজপথ; ইতি হেমচন্দ্র। রাজবর্ত্ম; নগরপথ।

উপনিষ্ক্রমণ, ক্লী. বি. (উপ-নিঃ-ক্রম, নিয়ম, অনট) রাজপথ; সংস্কার বিশেষ; নিষ্ক্রমণ নাম সংস্কার।

উপনিহিত, ত্রি. বিণ. (উপ-নি ধা, ধারণ, ক্ত) নিক্ষিপ্তধন; গচ্ছিত বস্তু; অন্যের নিকট রাখিত ধন।

উপনিক্ষেপ, পু. বি. (উপ-নি-ক্ষিপ, ক্ষেপ, অল) উপনিধি; ন্যাস; নিক্ষেপ; গচ্ছিত; ইতি অমরকোষ।

উপনীত, পু. বি. (উপ-নী, প্রাপণ, ক্ত) কৃতোপনয়ন; যে বালকের উপ নয়ন; হইয়াছে; (ত্রি. বিণ.) আনীত; সমীপাগত; নিকট প্রাপ্ত; উপস্থিত; যথা—তাঁহার ভবনে উপনীতহইলেন ইতিরোমাবতী৪৩পৃষ্ঠা।

উপনেতা, ত্রি. বিণ. (উপ-নী, প্রাপণ, তৃন্) আনয়ন কারী; যে আনিয়াছে; যাহার উপনয়ন হইয়াছে।

উপন্যাস, পু. বি. (উপ-নি-অস, উদ্যোগ, অল) বাক্যোপক্রম; বাক্যারম্ভ; প্রস্তাব; বাঙ্মুখ; প্রস্তাবনা; উপকথা; গল্প; ইতি অমরকোষ। ইতিহাস ভেদ।

উপন্যাস বক্তা, পু. বি. (উপন্যাস-বচ, বাক্য তৃন্) গল্পকারী; উপন্যাস কথক; গল্পে; ইতি মেদিনী।

উপপতি, পু. বি. (উপ-পা, রক্ষণ, ক্তি) জার; অধর্ম্মপতি; খিড়্গ; গুপ্তপতি; নাং; ইতি অমরকোষ।

উপপত্তি, স্ত্রী. বি. (উপ-পত, গমন, ক্তি) সঙ্গতি; সমাধান; উৎপত্তি; সিদ্ধান্ত; সিদ্ধি; কারণ।

উপপদ, ক্লী. বি. (উপ-পদ, পদবীভেদ, অল) লেশ; পদের নিকটস্থ পদ; পুর্ব্বপদ; অপ্রধান পদ; নামের উত্তর শর্ম্ম বর্ম্মাদি পদবী; উপাধি; ইতি ধরণি।

উপপন্ন, ত্রি. বিণ. (উপ-পদ, শেষ, ক্ত) উৎপন্ন, সম্পন্ন; উচিত; সিদ্ধ; মিলিত; আগত; যুক্ত; সাধিত; সমাপ্ত; সম্পূর্ণ; শেষ; যথা—আমার সকলি উপপন্ন হইয়াছে। ইতি বিরাটপর্ব্ব ১৪৫ পৃষ্ঠা।

উপপাতক, ক্লী. বি. (উপ-পত, পতন, ণক) পাপবিশেষ; গোবধাদি পাপ; ইহা উনপঞ্চাশৎপ্রকার। যথা-গোবধ, অযাজ্যযাজন, পরদার গমন, আত্মবিক্রয়, মাতা পিতা পরিত্যাগ প্রভৃতি; যথা—উপপাতকে লিপ্তহইতেহইবেক। ইতিমহাভারতশল্যপর্ব্ব১৬পৃষ্ঠা।

উপপাদন, ক্লী. বি. (উপ-পদ, করণ, অনট) সাধন, সমাধান; যুক্তিসিদ্ধ করণ; নিঃশেষ করণ।

উপপাপ, ক্লী. বি. (উপ-পদ, গমন, ঘঞ) উপপাতক; ক্ষুদ্রপাপ; ইতি স্মৃতি। সামান্য পাতক; ছোটপাপ।

উপপুর, ক্লী. বি. (উপ-পুর, স্থানভেদ, ক) শাখানগর; গ্রাম; বৃহৎনগরের নিকট গ্রাম; ইতি হেমচন্দ্র।

উপপুরাণ, ক্লী. বি. (উপ-পুরাণ; ইতি হাসাদি, অ) অষ্টাদশ ক্ষুদ্র পুরাণ; পুরাণবিশেষ; ইতি বিশ্ব।

উপপুষ্পিকা, স্ত্রী. বি. (উপ-পুষ্প, অঙ্গক্রিয়াদি, ইক-আ) জৃম্ভা; হাই; জৃম্ভণ; ইতি হলায়ুধ।

উপপ্রদান, ক্লী. বি. (উপ-প্র-দা, দান, অনট) উৎকোচ; ঘুষ; কার্য্য সিদ্ধির নিমিত্ত দেয় বস্তু; ইতি বিশ্ব।

উপপ্লব, পু. বি. (উপ-প্লু, গ্রহণ, অল) রাহুগ্রহ; বিপ্লব; প্রতিবন্ধ; বিপদ; উপদ্রব; ভয়; চন্দ্রাদি গ্রহণ; গ্রহণ; উৎপাত; যথা—শিলাবৃষ্টি দ্বারা অবনীর উপপ্লব সম্ভবে না ইতি বাহ্যবস্তুর সহিত ১১ পৃষ্ঠা।

উপপ্লুত, ত্রি. বিণ. (উপ-প্লু, গ্রহণ, ক্ত) উপদ্রুত; রাহুগ্রস্ত; উৎপাতগ্রস্ত; বিপন্ন; বিপদে পতিত।

উপবট, পু. বি. (উপ-বট, স্নিগ্ধ ভেদ, অল) বৃক্ষ বিশেষ; পিয়ালবৃক্ষ; পিয়াশাল গাছ; ইতি মেদিনী।

উপবন, ক্লী. বি. (উপ-বন, বাগান, অল) কৃত্রিম বন; বাগান; আরাম; উদ্যান; যথা—ভাগ্য ক্রমে তপোবন উপবন হইয়া উঠিল। ইতিশকুন্তলা ২৮ পৃষ্ঠা।

উপবর্ত্তন, ক্লী. বি. (উপ-বৃত, বর্ত্তন, অনট) জনপদ; দেশ; বিষয়; জনপদের একদেশ; ইতি মেদিনী।

উপবর্হ, পু. বি. (উপ-বর্হ, দ্রব্যভেদ, অল) উপধান; শিরোধান; বালিশ; ইতি অমরকোষ।

উপবসথ, পু. বি. (উপ-বস, বাস, থ) গ্রাম; বাসস্থল; জনপদ; নগর; যে স্থানে অধিক লোক থাকে।

উপবস্তি, . ব. (উপ-বস, বাস, ক্তি) উপবাস; অনাহার; অনশন; উপোষ; অভক্ষণ; ইতি বিশ্ব।

উপবাস, পু. বি (উপ-বস, বাস, ঘঞ) অগ্ন্যাধান; অহোরাত্র ভোজনাভাব; অনশন; অনাহার; উপোষ; উপোষিত; ভোজনরহিত; ইতি মেদিনী।

উপবাসী, ত্রি. বিণ. (উপ-বস, বাস, ণিন্) উপবাস যুক্ত; অহোরাত্র ভোজনাভাব বিশিষ্ট; উপোষী; যথা—কত আর পাব কষ্ট নিত্য উপবাসী। ইতি রামায়ন ৩১ পৃষ্ঠা।

উপবাহ্য, পু. বি. (উপ-বহ, বহন, ঘ্যণ) রাজবাহক হস্তী; যে হস্তী রাজাকে বহন করে; ইতি হেমচন্দ্র।

উপবিদ্য, ত্রি. বিণ. (উপ-বিদ, জ্ঞান, ক্যপ) শিল্প কারাদি; শিল্পী; যে শিল্প কার্য্য করে।

উপবিদ্যা, স্ত্রী. বি. (উপ-বিদ, জ্ঞান, ক্যপ) শিল্পাদি বিজ্ঞান; বিজ্ঞানশাস্ত্রবিশেষ; ইতি শব্দরত্নাবলী।

উপবিষ, ক্লী. বি. (উপ-বিষ, দ্রব্য ভেদ, ক) কৃত্রিম বিষ; করা কালকূট; প্রস্তুত হলাহল; ইতি বিশ্ব।

উপবিষ্ট, ত্রি. বিণ. (উপ-বিশ, উপবেশন, ক্ত) আসীন; গৃহীতাসন; কৃতোপবেশন; বসা; যে বসিয়াছে; ইতি হেমচন্দ্র। যথা—এইরূপে সকলে উপবিষ্ট হইলে ইতি শকুন্তলা ১১ পৃষ্ঠা।

উপবীত, ক্লী. বি. (উপ-বী, সূত্রভেদ, ক্ত) যজ্ঞসূত্র; পৈতা; যথা—নারদ শশাঙ্ক সম যজ্ঞ উপবীত ইতি বিক্রমোর্ব্বশী ৮২ পৃষ্ঠা।

উপবীতী, ত্রি. বিণ. (উপ-বীত, পৈতা, ঈ) কৃতোপনয়ন; উপনীত; বাম স্কন্ধে যজ্ঞসূত্র কৃতোত্তরীয়।

উপবৃংহিত, ত্রি. বিণ. (উপবৃং-হি, গমন, ক্ত) উল্লঙ্গিত; কেঁপে উঠা; যে কম্পিত হইয়া উঠে।

উপবেদ, পু. বি. (উপ-বিদ, জ্ঞান, অল) প্রধান বেদাতিরিক্ত বেদ; ইহা চতুর্ব্বিধ যথা—আয়ুর্ব্বেদ; ধনুর্ব্বেদ; গান্ধর্ব্ব বেদ; স্থাপত্য বেদ; ইতি বিশ্ব।

উপবেশক, পু. বি. (উপ-বিশ, স্থিতি, ণক) স্থিতি কারক; যে বসিয়া থাকে; উপবিষ্ট; ইতি মেদিনী।

উপবেশন, ক্লী. বি. (উপ-বিশ, অবস্থান, অনট) স্থিতি; উপবিষ্ট হওন; বৈসন; বসা; যথা—আহার বিহার শয়ন উপবেশন ইতি রঘুবংশ ১৫ পৃষ্ঠা।

উপব্যাঘ্র, পু. বি. (উপ-বি-আ-ঘ্রা, জীবভেদ, ড) চিত্রকব্যাঘ্র; চিতা বাঘ; দ্বীপী; ব্যাঘ্র বিশেষ।

উপভুক্ত, ত্রি. বিণ. (উপ-ভুজ, অশন, ক্ত) ভোগকরা; ভক্ষিত; কৃতভোগ; অধিকৃত; অধিকার করা।

উপভোক্তা, পু. বি. (উপ-ভুজ, অশন, তৃন্) ভোগ কারী; অধিকারী; যে অধিকার করিয়াছে।

উপভোগ, পু. বি. (উপ-ভুজ, অশন, ঘঞ) সুখাদি ভোগ; ভোজনাতিরিক্ত ভোগ; ভক্ষণ; বিষয়াদিভোগ; যথা—সসাগরা বসুন্ধরা মাত্র উপভোগ করিতে লাগিলেন ইতি রঘুবংশ ১১৭ পৃষ্ঠা।

উপভোগ্য, ত্রি. বিণ. (উপ-ভুজ ভোগ, য) উপভোগের যোগ্য; যথা—তাহাদের উপভোগ্য বিষয় ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধবিচার ৭৫ পৃষ্ঠা।

উপমা, স্ত্রী. বি. (উপ-মা, পরিমান, অল) উপমান; সাদৃশ্য; দৃষ্টান্ত, তুল্যতা; (ত্রি. বিণ.) তুল্য।

উপমাতা, স্ত্রী. বি. (উপ-মা, পরিমান, তৃন্) ধাত্রী; মাতৃতুল্য; (ত্রি. বিণ.) উপমান কর্ত্তা; ইতি বিশ্ব।

উপমান, ক্লী. বি. (উপ-মা, সদৃশ, অনট) দৃষ্টান্ত; সাদৃশ্য; উপমা; যাহার সহিত উপমা দেওয়া যায়; যথা—নতুবা উরুর উপমান ভূত হইলেও ইতি নৈষধচরিত ১৩১ পৃষ্ঠা।

উপমারহিত, ত্রি. বিণ. (উপমা-রহ, বর্জ্জন, ক্ত) দৃষ্টান্ত রহিত; অনুপমেয়; সাদৃশ্য বিহীন।

উপমিত, ত্রি. বিণ. (উপ-মা, উপমান, ক্ত) উৎপ্রেক্ষিত; তুল্যতা করা; কৃতসাদৃশ্য; ইতি অমরকোষ।

উপমিতি, স্ত্রী. বি. (উপ-মা, উপমান, ক্তি) উপমা; সাদৃশ্য জ্ঞান জন্য জ্ঞান; তুল্যতা; সমতা।

উপমেয়, ত্রি. বিণ. (উপ-মা, উপমান, য) উপমাবিষয়; যাহার উপমা দেওয়া যায়; দৃষ্টান্ত যোগ্য।

উপযন্তা, পু. বি. (উপ-যম, ব্যক্তিভেদ, তৃন্) পতি; স্বামী; বর; ভর্ত্তা; ইতি জটাধর। ভরণকর্ত্তা।

উপযম, পু. বি. (উপ-যম, প্রাপণ, অল) বিবাহ; উদ্বাহ; পরিণয়; ইতি অমর কোষ। যথা—উপযমের পর কন্যার শুভযাত্রাসময় ইতি সেক্সপিয়র ৪২৩পৃষ্ঠা।

উপযাচক, ত্রি. বিণ. (উপ-যাচ, প্রার্থনা, ণক) স্বয়ং যাচক; সমীপে যাচঞা কর্ত্তা; প্রার্থক; যথা—স্বয়ং উপযাচক হইয়া ইতি সেক্সপিয়র ১৭ পৃষ্ঠা।

উপযাচন, ক্লী. বি. (উপ-যাচ, প্রার্থন, অনট) আবেদন; প্রার্থনা; চাওয়া; নিবেদন; যাচঞা।

উপযাচিত, ত্রি. বিণ. (উপ-যাচ, প্রার্থনা, ক্ত) প্রার্থিত; সমর্পিত; আবেদিত; কৃত যাচঞা।

উপযান, ক্লী. বি. (উপ-যা, গমন, অনট) প্রাপ্তি; উ-

পগমন ; পাওয়া ; গমনবিশেষ ; ইতি জটাধর।

উপয়াম , পু . বি . (উপ-যম , প্রণয় , ঘঞ) পানিগ্রহণ ; বিবাহ ; উদ্বাহ ; ইতি অমর কোষ। পরিণয়।

উপযুক্ত , ত্রি . বিণ . (উপ-যুজ , যোগ , ক্ত) যোগ্য ; সমর্থ ; উচিত ; যথা—প্রাণ পরিত্যাগের উপযুক্ত কালেও ইতি কাদম্বরী ৮ পৃষ্ঠা।

উপযোগ , পু . বি . (উপ-যুজ , যোগ , ঘঞ) আচরণ ; ইষ্ট সিদ্ধার্থ ব্যাপার ; সামর্থ্য ; অনুকূলতা ; যথা—মধ্যাহ্নের উপযোগ আতিথ্যে নির্ভর। ইতি কর্ম্মদেবী ২০ পৃষ্ঠা।

উপযোগিতা , স্ত্রী . বি . [উপযোগি, ফলসাধন , তা] ফলসাধনতা ; প্রয়োজন ; আবশ্যক ; ইতি মেদিনী।

উপযোগী , ত্রি . বিণ . (উপ-যুজ , যোগ , ণিন্) উপযুক্ত দ্রব্যাদি ; যথা—শিক্ষাদানের উপযোগী অর্থ সংগ্রহ ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ ৩৪ পৃষ্ঠা। ক্রিয়াসাধন ; অনুকূল ; প্রয়োজক ; কারণ।

উপযোষ , ব্য . (উপ-যুষ, হর্ষ , অল) উপযোষ ; আনন্দ ; আহ্লাদ , ইতি অমর কোষ। হর্ষ ; সন্তোষ।

উপর , পু . বি . (উপরি , উর্দ্ধ, ড) উর্দ্ধদেশ ; উন্নতভাগ ; উর্দ্ধাংশ ; যথা—তাহারই উপর পতিত হইলাম, ইতি কাদম্বরী ৮ পৃষ্ঠা।

উপরক্ত , পু . বি . (উপ-রন্জ , রাগ , ক্ত) রাহুগ্রস্ত সূর্য্য বা চন্দ্র ; রাহু ; (ত্রি . বিণ .) বিপন্ন ; পীড়াগ্রস্ত ; ব্যসনার্ত্ত ; ইতি অমর কোষ। বিপদে পতিত।

উপরত , ত্রি . বিণ . (উপ-রম , ত্যাগ , ক্ত) মৃত ; বিরত নিরস্ত ; বিগত ; ত্যক্ত ; যথা—নৃশংস ও নির্দ্দয়ের ন্যায় উপরত পিতাকে ইতি কাদম্বরী ৮ পৃষ্ঠা।

উপরতস্পৃহ , ত্রি . বিণ . (উপরত-স্পৃহ , ইচ্ছা , অল) ইচ্ছা রহিত ; ধন স্পৃহা হীন ; অভিলাষ বর্জ্জিত।

উপরতি , স্ত্রী . বি . (উপ-রম , ত্যাগ , ক্তি) বিরতি ; নিবৃত্তি ; বাসনা ত্যাগ ; মৃত্যু ; পরিত্যাগ ; ইতি বিশ্ব।

উপরম , পু . বি . (উপ-রম , ত্যাগ ; অল) উপরতি ; নিবৃত্তি ; বিরতি ; মৃত্যু ; বাসনা ত্যাগ ; ইতি ধরণি।

উপরস , পু . বি , (উপ-রস , দ্রব্যভেদ , অল) গৈরিক ; ক্ষিতি নাগ ; শৈলেয় ; পার্ব্বতা ; ইতি মেদিনী।

উপরক্ষণ , ক্লী . বি . (উপ-রক্ষ , রক্ষা , অনট) রক্ষণার্থ সৈন্যস্থাপন ; চৌকী ; রক্ষা করণ ; ইতি শব্দরত্নাবলী।

উপরাউপরি , ক্রিবিণ . (উপরা-উপর, উর্দ্ধ, ই) অনুক্রম ; পর পর ; উপর্য্যধোভাব ; ক্রমশঃ ; ইতি বিশ্ব।

উপরাগ , পু . বি . (উপ-রন্জ রাগ , ঘঞ) রাহুগ্রস্ত সূর্য্য বা চন্দ্র ; রাহু ; পরীরাদ ; দুর্নয় ; ব্যসন।

উপরাম, পু . বি . (উপ-রম , বিরাম , ঘঞ) নিবৃত্তি ; আরতি ; বিরতি ; বিরাম ; আরাম ; উপরতি।

উপরি , ব্য . (উপর , উর্দ্ধ , ই) উর্দ্ধ ; পরে ; উপরে ; যথা—স্তম্ভের উপরিভাগে বিচিত্র কুসুমে ইতি কাদম্বরী ২৩ পৃষ্ঠা।

উপরি দৃষ্টি , স্ত্রী . বি . (উপরি-দৃশ , দর্শন , ক্তি) অদেবতার দৃষ্টি ; বায়ুর প্রকোপ ; উর্দ্ধাবলোকন।

উরিষ্টাৎ , ব্য . [উপরি , উর্দ্ধ, স্তাৎ] উপরি ; উর্দ্ধ ; উপরে ; পরে ; উপর্য্যাংশে ; ইতি অমরকোষ।

উপরিস্থ , ত্রি . বিণ . (উপরি-স্থা, স্থিতি, ড) উর্দ্ধেস্থিত ; উপরে স্থিত ; উপরের ; যাহা উপরে আছে।

উপরুদ্ধ , ত্রি . বিণ . (উপ-রুধ , রোধ , ক্ত) বদ্ধ ; রক্ষিত ; আবৃত ; উৎপীড়িত ; অনুরুদ্ধ ; উপরোধ করা।

উপরে , ক্রিবিণ . (উপর, উর্দ্ধ , এ) উর্দ্ধে ; উপরিভাগে।

উপরোধ , পু . বি . (উপ-রুধ , রোধ , অল) গৌরব ; বাক্য রক্ষণ ; প্রতিবন্ধ ; অনুরোধ ; যথা—পুনর্ব্বার উপরোধ করত ইতি সেক্সপিয়র ৬২ পৃষ্ঠা।

উপরোধক , ক্লী . বি . (উপ-রুধ, রোধ, ণক) গর্ভাগার ; বাসগৃহ ; থাকিবার ঘর ; ইতি শব্দ রত্নাবলী।

উপর্য্যুপরি , ব্য . (উপরি-উপর , উর্দ্ধ , ই) উর্দ্ধোর্দ্ধ ; উপরা উপরি ; পর পর ; পর্য্যায়ক্রম ; ইতি বিশ্ব।

উপল , পু . বি . (উপল , পাষাণ , অল) পাষাণ ; যত্ন ; বহুমূল্য প্রস্তর ; শিলা ; যথা—এক উপলখণ্ড প্রক্ষেপ করিল, ইতি রঘুবংশ ১২০ পৃষ্ঠা।

উপলব্ধ , ত্রি . বিণ . (উপ-লভ , লাভ , ক্ত) জ্ঞাত ; অনুভূত ; প্রতীত ; প্রাপ্ত ; যথা—ব্যাকুলতার লেশমাত্র উপলব্ধ হয় নাই। ইতি টেলিমেকস ৮৮ পৃষ্ঠা।

উপলব্ধার্থা , স্ত্রী . বি . (উপলব্ধ-অর্থ, কথাভেদ , ও-আ) আখ্যায়িকা ; উপকথা ; ইতিহাস ; উপাখ্যান।

উপলব্ধি , স্ত্রী . বি . (উপ-লভ , লাভ , ক্তি) জ্ঞান ; অনুভব ; মতি ; প্রাপ্তি ; যথা—স্পর্শসুখ উপলব্ধি করিয়া ইতি রঘুবংশ ১০৮ পৃষ্ঠা।

উপলভ্য , ত্রি . বিণ . (উপ-লভ , লাভ , য) জ্ঞেয় ; প্রাপ্য ; সাধ্য ; সাধনার যোগ্য ; ইতি মেদিনী।

উপলম্ভ , পু . বি . (উপ-লভ , লাভ , অল) অনুভব ;

অনুমান; তিরস্কার; উপলব্ধি; ভর্ৎসনা।
উপলভ্য, ত্রি. বিণ. (উপ-লভ, লাভ, য) স্তব্য; স্ত-
বোপযুক্ত; স্তুত্য; লাভের যোগ্য; ইতি বিশ্ব।
উপলক্ষ, পুং. বি. (উপ-লক্ষ, লক্ষণ, বিবাহ) উপষ্টম্ভ;
অবলম্বন; সূত্র; ছল; যথা—এই উপলক্ষে সুদেষ্ণা
ইতি বিরাটপর্ব্ব ৩৪ পৃষ্ঠা।
উপলক্ষণ, ক্লী. বি. (উপ-লক্ষ, বোধ, অনট) অজহৎ-
স্বার্থ লক্ষণা; অন্যের উদ্বোধক; অবলম্বন; অধিক।
উপলক্ষিত, ত্রি. বিণ. (উপ-লক্ষ, অনুমান, ক্ত) সূ-
চিত; অনুমিত; যুক্তি প্রাপ্ত; আশ্রিত; ইতি বিশ্ব।
উপলক্ষ্য, পুং. বি. (উপ-লক্ষ; আশ্রয়, য) অবলম্বন;
আশ্রয়; সহায়; সূচনামাত্র; ইতি মেদিনী।
উপলা, স্ত্রী. বি [উপল, দ্রব্য ভেদ, আ] শর্করা।
উপলিঙ্গ, ক্লী. বি. (উপ-লিঙ্গ, দৌরাত্ম্য, অল) উপদ্রব;
উৎপাত; অরিষ্ট; দৌরাত্ম্য; অত্যাচার; অন্যায়।
উপলিপ্ত, ত্রি. বিণ. (উপ-লিপ, লেপন, ক্ত) গোম-
য়াদি দ্বারা কৃত বিলেপন; লেপা; ইতি হেমচন্দ্র।
উপলেপন, ক্লী. বি. (উপ-লিপ, লেপন, অনট) গো-
ময়াদি লেপন; লেপ দেওন; ইতিশব্দরত্নাবলী।
উপশম, পুং. বি. (উপ-শম, শমতা, অল) শমতা;
হ্রাস; তৃষ্ণাক্ষয়; ন্যূনতা; শান্তি; যথা—এখন কেমন
আছ, কিছু উপশম হইয়াছে? ইতি শকুন্তলা৫৮পৃষ্ঠা।
উপশয়, পুং. বি. (উপ-শি, স্থান ভেদ, অল) মৃগপথ
স্থিত ব্যাধের আত্মগুপ্তি স্থান; গর্ত্ত বিশেষ।
উপশল্য, ক্লী. বি. (উপ-শল, স্থানভেদ, য) গ্রামের
প্রান্তভাগ; গ্রামান্ত; ইতি অমর কোষ।
উপশান্তি, স্ত্রী. বি. (উপ-শম, শমতা, ক্তি) আরোগ্য;
উপশম; স্বাস্থ্য; শান্তি; শমতাপ্রাপ্ত; ইতি বিশ্ব।
উপশায়, পুং. বি. (উপ-শী, শয়ন, ঘঞ) প্রহরীদিগের
পর্য্যায়ক্রমে শয়ন; চৌকীদারদিগের পালাক্রমেনিদ্রা।
উপশ্রুত, ত্রি. বিণ. (উপ-শ্রু, শ্রবণ, ক্ত) প্রতিশ্রুত;
অঙ্গীকৃত; স্বীকৃত; প্রতিজ্ঞাত; ইতি ধরণি।
উপশ্রুতি, স্ত্রী. বি. (উপ-শ্রু. শ্রবণ, ক্তি) দৈবপ্রশ্ন।
উপষ্টম্ভ, পুং. বি. (উপ-স্তন্ভ, ক্রম, অল) উপক্রম;
উপলক্ষ; আরম্ভ, উদ্রেক; আরব্ধ; ইতি মেদিনী।
উপসংগ্রহ, পুং. বি. (উপ-সং-গ্রহ, গ্রহণ, অল) পাদ-
স্পর্শ পূর্ব্বক প্রণাম; অভিবাদন; চরণস্পর্শ প্রণাম।
উপসংগ্রাহ্য, ত্রি. বিণ. (উপ-সং-গ্রহ, গ্রহণ, ঘ্যণ) অ-
ভিবাদ্য; উপসংগ্রহণীয়; বন্দনীয়; প্রণম্য।
উপসংব্যান, ক্লী. বি. (উপ-সং-ব্যে, বসন, অনট)
পরিধান বস্ত্র; উত্তরীয় বস্ত্র; চাদর; দোজা।
উপসংহার, পুং. বি. (উপ-সং-হৃ, হরণ, ঘঞ) পরি-
শেষ; নাশ; নিষ্কর্ষ; মীমাংসা; ইতি হেমচন্দ্র।
উপসত্তি, স্ত্রী. বি. (উপ-সদ, সেবন, ক্তি) সঙ্গমাত্র;
প্রতিপাদন; সেবা; উপাসনা; নৈকট্য।
উপসদন, ক্লী. বি. (উপ-সদ, নিকট, অনট) গৃহস-
মীপ; ঘরের নিকট; বাটীর সন্নিদ্ধ; ইতি মেদিনী।
উপসন্ন, ত্রি. বিণ. (উপ-সদ, নিকট, ক্ত) সমীপস্থ;
উপস্থিত; উপনত; উপনীত; ইতি হেম চন্দ্র।
উপসম্পন্ন, ত্রি. বিণ. (উপ-সং-পদ, সংস্কার, ক্ত) য-
জ্ঞার্থ হত পশু; প্রোক্ষিত; সংস্কৃত; পর্য্যাপ্ত, মৃত;
পক্ক; লব্ধ, ইতি হেম চন্দ্র; যে পশুর মৃত্যু হইয়াছে।
উপসর্গ, পুং. বি. (উপ-সৃজ, গতি, ঘঞ) উপদ্রব;
রোগ ভেদ; পীড়া; রোগজাত বিকার; প্র প্রভৃতি
বিংশতি অব্যয় শব্দ; দৌরাত্ম্য; অন্যায় ব্যবহার।
উপসর্জ্জন, ক্লী. বি. (উপ-সৃজ, গতি, অনট) প্রধান
ভিন্ন; অপ্রধান; আনুগত্য; উপসর্পণা।
উপসর্পক, ত্রি. বিণ. (উপ-সৃপ, গতি, ণক) উপসর্পণ
কর্ত্তা; উপাসক; যে উপাসনা করে; ইতি মেদিনী।
উপসর্পণ, ক্লী. বি. (উপ-সৃপ, গতি, অনট) সমীপে
উপস্থিত; অনুগমন; অনুবৃত্তি; উপাসনা; যথা—
এখন উপসর্পণের সময়নহে ইতিবিক্রমোর্ব্বশী৬২পৃষ্ঠা।
উপসর্পণা, স্ত্রী. বি. (উপ-সৃপ, গতি, অন) উপাসনা;
তোষামদ; আনুগত্য; সমীপে উপস্থিতি।
উপসার্য্য, ত্রি. বিণ. (উপ-সৃ, গমন, ঘ্যণ) উপসর্পণীয়;
সমীপ গমনীয়; নিকট গম্য; নিকট গমনের যোগ্য।
উপসূর্য্যক, ক্লী. বি. (উপ-সূর্য্য, মণ্ডল, কক) চন্দ্র বা
সূর্য্য মণ্ডল; পরিবেশ; পরিধি; ইতি মেদিনী।
উপসৃষ্ট, ত্রি. বিণ. (উপ-সৃজ, গতি, ক্ত) যুক্ত; আ-
ক্রান্ত; ব্যাপ্ত; উপসর্গ গ্রস্ত; মৈথুন; সঙ্গম।
উপস্কর, পুং. বি. (উপ-স্কৃ, করণ, অল) অসম্পূর্ণ বা
ক্যের বোধার্থে শব্দের অধ্যাহার, ব্যঞ্জনের মসলা;
বাটনা; উপকরণ; শিল্প দ্রব্য; ইতি অমরকোষ।
উপস্ত্রী, স্ত্রী. বি. [উপ-স্ত্রী, নারী, ঈ] উপপত্নী; প্রেমনী।
উপস্থ, পুং. বি. (উপ-স্থা, স্থিতি, ড) লিঙ্গ; ভগ;
ক্রোড়; গুহ্য দ্বার; পুরুষাঙ্গ; মেঢ্র; (ত্রি. বিণ.)

নিকট ; সমীপস্থ ; অদূর ; সন্নিহিত ; কাছে।

উপস্থনিগ্রহ, পু. বি. (উপস্থ-নি-গ্রহ, দমন, অল) কাম দমন ; পুরুষাদির তেজ খর্ব্ব করণ; ইতি বিশ্ব।

উপস্থাতা, ত্রি. বিণ. (উপ-স্থা, স্থিতি, তৃন্) ভৃত্য ; সেবক ; আজ্ঞাধীন ; আরাধক ; পূজক।

উপস্থান, ক্লী. বি. (উপ-স্থা, স্থিতি, অনট) উপস্থিতি ; উপাসনা ; বন্দনা ; আরাধনা ; থাকা।

উপস্থাপন, ক্লী. বি. (উপ-স্থা, স্থিতি, অনট) উপস্থিতি করণ ; উত্থাপন ; নিকটস্থ করণ ; সমীপ রক্ষণ।

উপস্থিত ত্রি. বিণ. (উপ-স্থা, স্থিতি, ক্ত) সমীপ স্থিত ; উপাসিত ; আগত ; যথা—এরূপ কষ্ট ও যাতনা উপস্থিত হইল, ইতি কাদম্বরী ১০ পৃষ্ঠা।

উপস্থিতবক্তা, পু. বি. (উপ-স্থিত-বচ, বাক্য, তৃন্) সদ্বক্তা ; বাক্‌পটু ; (ত্রি. বিণ.) বক্তৃতাকারী।

উপস্থিতকবি, ক্লী. বি. (উপস্থিত-কব, পদ্য, ই) প্রশ্ন করিলে যে ব্যক্তি হঠাৎ কবিতা দ্বারা উত্তর করিতে পারে ; যে ব্যক্তি সহসা পদ্য লিখিতে সমর্থ।

উপস্থিতি, স্ত্রী. বি. (উপ-স্থা, স্থিতি, ক্তি) উপস্থান ; নিকট হওন ; অবস্থান ; যথা—কান্তের কেলিমন্দিরে উপস্থিতির জন্য ইতি নৈষধচরিত ৭৫ পৃষ্ঠা।

উপস্পর্শ, পু. বি. (উপ-স্পৃশ, স্পর্শন, অল) জলস্পর্শ ; স্নান ; আচমন ; পান ; অবগাহন ; ইতি বিশ্ব।

উপস্বত্ব, ক্লী. বি. [উপ-স্ব, ধনাদি, ত্ব] উৎপন্ন ; লভ্য ; আয় ; যথা—দাতা স্বত্ব গতে নাহি উপস্বত্ব মিলে। ইতি কর্ম্মদেবী ৬৫ পৃষ্ঠা।

উপহত, ত্রি. বিণ. (উপ-হন, বধ, ক্ত) নষ্ট ; উৎপাত গ্রস্ত ; অশুদ্ধ দ্রব্য ; আহত ; বিঘ্নিত ; দূষিত ; বিঘটিত ; যথা—অভাগিনী গৌরীর দারুণ উপহত। ইতি কবিকঙ্কণচণ্ডী ২৯ পৃষ্ঠা।

উপহসিত, ক্লী. বি. (উপ-হস, হাস, ক্ত) হাস্য ভেদ ; পরিহাস ; বিদ্রূপ বিশিষ্ট ; যথা—তোমার নিকটে উপহসিত হইলাম ইতি সেক্‌সপিয়র ৩৯৩ পৃষ্ঠা।

উপহার, পু. বি. (উপ-হৃ, হরণ, ঘঞ) উপঢৌকন ; সমর্পণ ; ভেট ; ডালি ; যথা—উহা মহারাজকে উপহার দেন, ইতি কাদম্বরী ২৬ পৃষ্ঠা।

উপহালক, পু. বি. উপ-হল, অঙ্গভেদ, ণক) কুন্তল দেশ ; অঙ্গের মধ্যে যে স্থানে কেশ আছে।

উপহাস, পু. বি. (উপ-হস, হাস, ঘঞ) পরিহাস ; হাস্য ; নিন্দার্থ বাক্যাদি ; বিদ্রূপ ; ঠাট্টা ; যথা—ভাগীরথীর প্রতিউপহাস করিয়াইতিকাদম্বরী ১৬পৃষ্ঠা।

উপহাস্য, ত্রি. বিণ. (উপ-হস, হাস, ঘ্যণ) যাহাকে দেখিয়া উপহাস করা যায় ; হাস্যের বিষয় ; নিন্দনীয়।

উপহাস্যতা, স্ত্রী. বি. [উপহাস্য, হাস্য, তা] নিন্দা।

উপহিত, ত্রি. বিণ. (উপ-ধা, দেওয়া, ক্ত) অর্পিত ; বিন্যস্ত ; দত্ত ; স্থাপিত ; যাহা দেওয়া হইয়াছে।

উপহৃত, ত্রি. বিণ. (উপ-হৃ, হরণ, ক্ত) আনীত ; দত্ত।

উপহ্বর, ক্লী. বি. (উপ-হ্বৃ, স্থানভেদ, অল) নির্জ্জন ; গোপনীয় স্থান ; নিকট ; (পু.) রথ ; শকট।

উপাংশু, পু. বি. (উপ-অংশ, স্থান ভেদ, উ) জপভেদ ; (ব্য.) নির্জ্জন ; রহঃস্থান ; গোপনীয় রূপে।

উপাকরণ. ক্লী. বি. (উপ-আ-কৃ, করণ, অনট) সংস্কার পূর্ব্বক বেদ পাঠ ; সংস্কার পূর্ব্বক পশু হনন।

উপাকৃত, পু. বি. (উপ-আ-কৃ, করণ, ক্ত) যজ্ঞের হত পশু ; দেবোদ্দেশে হত বা হন্তব্য জন্তু ; উপদ্রব ; (ত্রি. বিণ.) অমঙ্গল ; উপদ্রুত ; অত্যাচার ; অকুশল।

উপাখ্যান, ক্লী. বি. (উপ-আ-খ্যা, বিবরণ, অনট) পূর্ব্ব বৃত্তান্ত কথন ; আখ্যান ; ইতিহাস বর্ণন ; যথা—নানা উপাখ্যান বর্ণন করিয়া ইতি রোমাবতী ৫০পৃষ্ঠা।

উপাগম, পু. বি. (উপ-আ-গম, গমন, অল) স্বীকার ; নিকট গমন ; উপস্থিতি ; প্রাপ্তি ; অঙ্গীকারাদি।

উপাঙ্গ, পু. বি. (উপ-অঙ্গ চিহ্ন, অল) পত্রাবলী ; তিলক ; পত্র লেখা ; ক্ষুদ্র অঙ্গ ; অপ্রধান ভাগ ; ললাটে চন্দনাদি চিহ্ন ; ফোঁটা প্রভৃতি ; ইতি বিশ্ব।

উপাত্ত, পু. বি. (উপ-অত, গ্রহণ, ক্ত) নির্ম্মদ হস্তী ; গৃহীত ; স্বীকৃত ; প্রাপ্ত ; ইতি হলায়ুধ।

উপাত্যয়, পু. বি. (উপ-অতি-ই, গমন, অল) অতিক্রম ; ক্রমোল্লঙ্ঘন ; ব্যত্যয় ; অতিপাত ; ইতি অমরকোষ।

উপাদান, ক্লী. বি. (উপ-আ-দা, দান, অনট) সমবায়ি কারণ ; গ্রহণ ; ইন্দ্রিয়াকর্ষণ ; আদান ; যথা—রামের দুঃখেরহেতুতার উপাদান ইতিরামায়ণ৮৩পৃষ্ঠা।

উপাদেয়, ত্রি. বিণ. (উপ-আ-দা, দান, য) গ্রাহ্য ; উত্তম ; উৎকৃষ্ট ; বিধেয় কর্ম্ম ; রমণীয় ; যথা—পরম উপাদেয় বাক্য শ্রবণে ইতিমহাভারতস্ত্রীপর্ব্ব ৪ পৃষ্ঠা।

উপাদেয়তা, স্ত্রী. বি. [উপাদেয়, উত্তম, তা] উত্তমতা ; উৎকর্ষ ; প্রধানত্ব ; শ্রেষ্ঠত্ব ; মুখ্যত্ব ; ইতি মেদিনী।

উপাধান, ক্লী. বি. (উপ-আ-ধা, ধারণ, অনট) শি-

রোধান; বালিশ; যথা—উত্তরীয়বস্ত্রের উপাধান প্রস্তুত করিয়া ইতি কাদম্বরী ৪১ পৃষ্ঠা।

উপাধি, পু. বি. (উপ-আ-ধা, ধারণ, কি) ধর্ম্মচিন্তা; ছল; নাম চিহ্ন; অধিক সমৃদ্ধি; উপনাম; পদবী; যথা—অলীক উপাধিই বলিতে হইবেক। ইতি নৈষধচরিত ১৫৯ পৃষ্ঠা।

উপাধ্যায়, পু. বি. (উপ-অধি-ই, অধ্যয়ন, ঘঞ) অধ্যায় শাস্ত্রের অধ্যাপক; অধ্যাপক; পণ্ডিত; উপদেশক; যথা—আমি উপাধ্যায় সমীপে অধ্যয়ন করিতে আরম্ভ করিলাম ইতি রোমাবতী ৯১ পৃষ্ঠা।

উপাধ্যায়ী, স্ত্রী. বি. (উপ-অধি-ই, অধ্যয়ন, ণিন্) অধ্যাপক ভার্য্যা; উপদেশিনী; শিক্ষকপত্নী।

উপানৎ, স্ত্রী. বি. [উপ-আ-নহ, দ্রব্যভেদ, প্রথমা] চর্ম্মাদি নির্ম্মিত পাদকোষ; পাদুকা; জুতা; বিনামা।

উপান্ত, ত্রি. বিণ. (উপ-অন্ত, নিকট, অল) সমীপ; নিকট; অন্তিক; প্রান্ত; পরিসর; ইতি হেমচন্দ্র।

উপাবর্ত্তন, ক্লী. বি. (উপ-আ-বৃত, বর্ত্তন, অনট) প্রত্যাগমন; পুনরাগমন ঘূর্ণন; পার্শ্ব পরিবর্ত্তন।

উপাবৃত্ত, ত্রি. বিণ. (উপ-আ-বৃত, বর্ত্তন, ক্ত) নিবৃত্ত; ক্ষান্ত; সম্পাদিত; প্রত্যাগত; ঘূর্ণিত।

উপায়, পু. বি. (উপ-আ-ই, সাধন, অল) সামর্থ-অর্থাৎ শত্রুর সহিত সন্ধি, দান-অর্থাৎ শত্রুকে অর্থদান, ভেদ-অর্থাৎ শত্রুর গৃহ বিচ্ছেদ, এবং দণ্ড-অর্থাৎ শত্রুর সহিত যুদ্ধ, রাজাদের এই চতুর্ব্বিধ সাধন; সাধন; চেষ্টা; প্রতীকার; উপার্জ্জন; গতি; যথা—আমারপ্রাণধারণের উপায়নাই ইতিশকুন্তলা৩৩ পৃষ্ঠা।

উপায়ন, ক্লী. বি. (উপ-অয়. গতি, অনট) উপহার; উপঢৌকন; ভেট; ব্রতাদি প্রতিষ্ঠা; উদ্যাপন; সমীপ গমন; আদিকারণ; যথা—আমার প্রণয় বন্ধনের আদ্য উপায়ন। ইতি সেক্সপিয়র ৬৭ পৃষ্ঠা।

উপায় হীন, ত্রি. বিণ. (উপায়-হা, রহিত, ক্ত) উপায় শূন্য; চেষ্টা রহিত; অধ্যবসায় বিহীন।

উপায়ী, ত্রি. বিণ. (উপ-অয়, গতি, ণিন্) উপায়কারক; উপার্জক; অর্জন কর্ত্তা; যে অর্জ্জন করে।

উপারত, ত্রি. বিণ. (উপ আ-রম, ক্ষান্ত, ক্ত) নিবৃত্ত; প্রত্যাবৃত্ত; ক্ষান্ত; অনুদাত্ত; ফিরে আসা।

উপার্জ্জন, ক্লী. বি. (উপ-অর্জ্জ, উপায়, অনট) অর্জ্জন; ধনাদি আহরণ; ধন সঞ্চয়ন; যথা—তিনি ধর্ম্মের অবিরোধে অর্থ কাম উপার্জ্জন করিতেন। ইতি রঘুবংশ ১৩৯ পৃষ্ঠা।

উপারূঢ়, ত্রি. বিণ. (উপ-আ-রুহ, রোহণ, ক্ত) প্রাপ্ত; আরূঢ়; আরোহিত; যে ব্যক্তি আরোহণ করিয়াছে।

উপালম্ভ, পু. বি. (উপ-আ-লভ, কথন, অল) দুর্ব্বাকা; তিরস্কার; ভৎর্সনা; লাঞ্ছনা; ইতি মেদিনী।

উপাস, পুং. বি. (উপ-বস, অনাহার, ঘঞ) উপোষ; অনাহার; উপবাস; অনশন; ভক্ষণাভাব।

উপাসক, ত্রি. বিণ. (উপ-অস, সেবা, ণক) উপাসনা কর্ত্তা; সেবক; যথা—তদ্ভিন্ন দেবগণের উপাসকেরা ইতি নৈষধচরিত ১৬২ পৃষ্ঠা।

আরাধক; (পু. স্ত্রী. বি.) শূদ্র; নীচবর্ণ।

উপাসঙ্গ, পু. বি. (উপ-আ-সন্জ, দ্রব্য ভেদ, অল) বাণাধার; তুণ; তুণীর; ইতি অমর কোষ।

উপাসন, ক্লী. বি. (উপ-আ-অস, সেবা, অনট) সেবা; শুশ্রূষা; আরাধনা; আনুগত্য; তোষামোদ করণ।

উপাসনা, স্ত্রী. বি. (উপ-আ-অস, সেবা, অন) সেবা; শুশ্রূষা; পরিচর্য্যা; আরাধনা; যথা—বদ্ধাঞ্জলি হইয়া সন্ধ্যার উপাসনা করিতে লাগিলেন, ইতি কাদম্বরী ৪ পৃষ্ঠা।

উপাসিত, ত্রি. বিণ. (উপ-আ-অস. সেবা, ক্ত) কৃতোপাসন; সেবিত; আরাধিত; উপচরিত; ইতি বিশ্ব।

উপাস্তি, স্ত্রী. বি. (উপ-আ-অস, সেবা, ক্তি) সেবা; শুশ্রূষা; আরাধনা; পরিচর্য্যা; ইতি অমরকোষ।

উপাস্থি, ক্লী. বি. (উপ-আ-অস, হাড়, থি) কোমল-অস্থি; নরম হাড়; যে হাড় শক্ত হয় নাই।

উপাস্য, ত্রি. বিণ. (উপ-আ-অস, সেবা, য) সেব্য; পূজ্য; আরাধ্য; যথা—উপাস্য না হয় তারা উপাস্য ঈশ্বর। ইতি কর্ম্মদেবী ৯২ পৃষ্ঠা।

উপাহিত, পু. বি. (উপ-আ-ধা, আরোপ, ক্ত) অগ্ন্যুৎপাত; উল্কাপাতাদি; (ত্রি. বিণ.) সংযোজিত; আরোপিত; কল্পিত; ইতি মেদিনী।

উপুড়, ত্রি. বিণ. (উৎ-পুট, উল্টা, অল) ন্যুব্জ; উল্টা; বিপর্য্যয়; যাহা বিপরীত হইয়াছে; ইতি বিশ্ব।

উপেত, ত্রি. বিণ. (উপ-ইত, মিলন, অল) যুক্ত; মিলিত; একত্রিত; সমীপাগত; আসন্ন; ইতি মেদিনী।

উপেন্দ্র, পু. বি. (উপ-ইন্দ্র, ব্যক্তিভেদ, অল) বিষ্ণু; ইন্দ্রের কনিষ্ঠ; নারায়ণ; ইতি শব্দরত্নাবলী।

উপেক্ষণ, ক্লী. বি. (উপ-ঈক্ষ, আদর শূন্যতা, অনট) বর্জ্জন; ত্যজন; না মানন; অনাদর করণ।
উপেক্ষা, স্ত্রী. বি. (উপ-ঈক্ষ, আদর শূন্যতা, ঙ) অস্বীকার; ত্যাগ; অনাদর; ঔদাসীন্য রূপে দর্শন; যথা—তোমার উপেক্ষা করা উচিত নহে, ইতি রোমাবতী ১৩৭ পৃষ্ঠা।
উপোঢ়, ত্রি. বিণ. (উপ-বহ, বহন, ক্ত) নিকট; বিবাহিত; শ্রেণী বদ্ধ; ব্যূহ; একত্রিত; মিলিত।
উপোদকী, স্ত্রী. বি. [উপ-উদক, দ্রব্য ভেদ, ঈ] পূতিকা শাক; পূই শাক; শাকবিশেষ; ইতি মেদিনী।
উপোদ্ঘাত, পু. বি. (উপ-উৎ-হন, আরম্ভ, ঘঞ) উদাহরণ; আরম্ভ; দৃষ্টান্ত; উপক্রম; সঙ্গতি বিশেষ।
উপোষ, পু. বি. (উপ-বস. অনাহার, অল) উপবাস; অনাহার; অহোরাত্র ভোজনাভাব; ইতি হেমচন্দ্র।
উপোষণ, ক্লী. বি; (উপ-বস, অনাহার, অনট) উপবাস; অনাহার; ভোজনাভাব; যথা—পেক্রসিও কি উপোষণ দ্বারা ইতি সেক্স্‌পিয়র ১৩২ পৃষ্ঠা।
উপোষিত, ত্রি. বিণ. (উপ বস, অনাহার, ক্ত) অভুক্ত; উপবাসিত; যে ভোজন করে নাই; ইতি অমরকোষ।
উপ্ত, ত্রি. বিণ. (উপ, বপন, ক্ত) কৃতবপন; বপনকরা; বোনা; নিক্ষিপ্ত; যাহা নিক্ষেপ করা হইয়াছে।
উপ্তকৃষ্ট, ত্রি. বিণ. (উপ্ত-কৃষ, কর্ষণ, ক্ত) বীজ বপনের পর কর্ষিত ভূমি; বপনের পর চসা ক্ষেত্র।
উবন, ক্লী. বি. (উ-বন, গমন, অল) প্রস্থান; অন্তর্দ্ধান।
উবরণ, ক্লী. বি. (উ-বৃ, বরণ, অনট) উদ্বর্ত্তন; অভিযিক্তহওন; অধিক হওন; বিস্তৃত হওন; ইতি বিশ্ব।
উবরা, ত্রি. বিণ. (উবর, অধিক, আ) বিস্তর; অধিক।
উবরাণ, ক্লী. বি. (উবর, অধিক, আন) উদ্বর্ত্তন; প্রচুর; যথেষ্ট; অধিক; অনেক; ইতি ধরণি।
উবলন, ক্লী. বি. (উ-বল, গমন, অনট) উথলন; অনুসন্ধান; অন্বেষণ; তত্ত্বকরণ; খোজন; ইতি বিশ্ব।
উবী, ত্রি. বিণ. (উ বী, উচ্চতা, ক্বিপ্‌) উচ্চ; উন্নত।
উবু, ত্রি. বিণ. (উ-বী, উচ্চতা, ডু) উচ্চ; ঊর্দ্ধ; উন্নত।
উবুড়, ত্রি. বিণ. (উৎ-পট, উল্টা, অ) ন্যুব্জ; উল্টা।
উজ্জ, ত্রি. বিণ. (উজ্জ, সরল, অল) সরল; আলগা।
উজ্জনিয়া, ত্রি. বিণ. (উজ্জন, অযশঃ, ইয়-আ) নিন্দিত; অযশস্বী; গর্হিত; অপ্রশংসিত; অখ্যাতিযুক্ত।
উভ, ত্রি. বিণ. (উ ভা, দীপ্তি, ড) যুগল; পূর্ণ; ঊর্দ্ধ; উন্নত; দ্বিবচন; দুইজন; উভয়; দুই; ইতি অমর।
উভয়, ত্রি. বিণ. [উভয়, দুই, টি] যুগল; যুগ্ম; দুই; যথা এই উভয়বিধ কোপে সমস্ত রাজলোক ইতি রঘুবংশ ৫১ পৃষ্ঠা।
উভয়তঃ, ব্য. [উভয়, দুই, তস্‌] পার্শ্বদ্বয়ে; উভয় পার্শ্বে; দুই দিকে; দুই পার্শ্বে; ইতি মেদিনী।
উভয়ত্র, ক্রি বিণ. [উভয়, দুই, ত্র] দুইকালে; দুইদিকে।
উভয়থা, ব্য [উভয়, দুই, থাচ্‌] দুই প্রকারে।
উভয়দ্যুঃ, ব্য. (উভয়-দিব, দিন, উস্‌) দুই দিনে।
উভয়েদ্যুঃ, ব্য. [উভয়, দুই এদ্যুস্‌] দুই দিন।
উভরণ, ক্লী. বি. (উ-ভৃ, ভরণ, অনট) বহিষ্করণ; বাহির করা; উদ্ধৃত হওন; বাড়ন; অধিক হওন।
উভরায়, ক্রিবিণ. (উভ-রৈ, শব্দ, অ) উচ্চৈঃশব্দ; চীৎকার; যথা—হায় যেন কাঁদে উভরায়। ইতি কুমারসম্ভব ১৪০ পৃষ্ঠা।
উম, (ব্য.) রোষ; অঙ্গীকার; প্রশ্ন; ক্রোধ; প্রতিজ্ঞা; ইতি মেদিনী। ক্রোধ বর্জ্জিত; ইতি রত্নাবলী।
উমা, স্ত্রী. বি. (উ মা, শক্তি, আ) ভগবতী; দুর্গা; পার্ব্বতী; অতসী; কীর্ত্তি; হরিদ্রা; কান্তি; শান্তি।
উমাকট, পু. বি. (উমা-কট, দ্রব্যভেদ, অল) মসিনার ধূলা; দ্রব্যবিশেষ; শস্যাদি মিশ্রিত রেণু।
উমাগুরু, পু. বি. (উমা-গুরু, শৈল ভেদ, উ) হিমালয়।
উমান, ক্লী. বি. (উ-মা, মাপন, অনট) পরিমাণ; মাপন।
উমাপতি, পু. বি. (উমা-পা, রক্ষণ, ক্তি) শিব; শঙ্কর; মহাদেব; যথা—উমাপতি সহ, উমার বিবাহ, ইতি কুমারসম্ভব ১২১ পৃষ্ঠা।
উমাসুত, পু. বি. (উমা-সূ, প্রসব, ক্ত) কার্ত্তিকেয়।
উমেশ, পু. বি. (উমা-ঈশ, পতি, ক) শিব; মহাদেব।
উম্‌, (ব্য.) উষ্ম; ঈষদুষ্ণ; অল্পগরম; কিঞ্চিত্তাপ।
উম্‌উম্‌ (ব্য.) ঈষৎ উষ্ণ; কিঞ্চিৎ গরম; ইতি বিশ্ব।
উম্‌দা, ত্রি. বিণ. (যাং) ধনী; ধনবান; ধনাঢ্য।
উম্‌রা, ত্রি. বিণ. (যাং) ধনী; বড়মানুষ; ভাগ্যবানব্যক্তি।
উম্বর, পু. বি. (উম্‌-বৃ, দ্রব্যভেদ, অল) দ্বারোর্দ্ধকাষ্ঠ; চৌকাঠ; কপালির কাষ্ঠ; চৌকাঠের উপর কাঠ।
উম্মেদ, ক্লী. বি. (যাং) ভরসা করণ; প্রত্যাশা করণ।
উম্মেদবার, ত্রি. বিণ. (যাং) প্রত্যাশাকারী; আকাঙ্ক্ষী।
উরঃ, ক্লী. বি. (উর, অঙ্গভেদ, অস্‌) বক্ষঃস্থল; হৃদয় বুক্‌; (ত্রি. বিণ.) উত্তম; শ্রেষ্ঠ; ইতি মেদিনী।

উরঃসূত্রিকা, স্ত্রী. বি. (উরস্-সূত্র, দ্রব্যভেদ, ইক--আ) মুক্তা রচিত হার; যে হার কেবল মুক্তানির্ম্মিত।

উরগ, পু. বি. (উর-গম, গমন; ড) সর্প; ভুজগ; বিষধর; সীসক; সর্প; অহি; ইতি অমরকোষ।

উরগস্থান, ক্লী. বি. (উরগ-স্থা, স্থান, অনট) পাতাল।

উরগাশন, পু. বি. (উরগ-অশ, ভোজন, অনট) গরুড়পক্ষী; ময়ূর; সর্প ভক্ষক; যে সর্প ভক্ষণ করে।

উরঙ্গম, পু. স্ত্রী. (উরস্-গম, গমন, অল) সর্প; অহি।

উরণ, পু. স্ত্রী. বি. (ঋ, গমন, অল) মেষ; মেঘ।

উরণাক্ষ, পু. বি. (উরণ-অক্ষ, বৃক্ষভেদ, অল) বৃক্ষবিশেষ; এড়াঁচি; চাকুন্দা; উরণাখ্য; ইতি বিশ্ব।

উরভ্র, পু. স্ত্রী. বি. (উর-ভ্রম, জীব ভেদ, ড) মেষ।

উররী, ব্য. (উরর, কথন, ঈ) অঙ্গীকার; বিস্তার; স্বীকার; পরিত্যাগ; প্রতিজ্ঞা; বিসর্জ্জন; ইতি মেদিনী।

উররীকার, পু. বি. (উররী-কৃ, করণ, ঘঞ) অঙ্গীকার।

উররীকৃত, ত্রি. বিণ. (উররী-কৃ, করণ, ক্ত) অঙ্গীকৃত; বিশ্বস্ত; স্বীকৃত; প্রতিজ্ঞাত; বিশ্বাস যোগ্য।

উরশ্ছদ, পু. বি. (উরস্-ছদ, দ্রব্য ভেদ, অল) কবচ; মাদুলী; সাঁজোয়া; বর্ম্ম; তনুত্র; শরীর রক্ষক।

উরসিজ, পু. বি. (উরসি-জন, জনন, ড) বক্ষোজ; স্তন।

উরসিল, ত্রি. বিণ. (উরস্, বক্ষ, ইল) প্রশস্তবক্ষোযুক্ত।

উরস্ত্রাণ, ক্লী. বি. (উরস্-ত্রৈ, রক্ষণ, অনট) বক্ষস্ত্রাণ; কবচ; সাঁজোয়া; বর্ম্ম; গাত্রীয় কবচ; তনুত্র।

উরস্, ক্লী. বি. (উর, বক্ষ, অস্) বক্ষঃস্থল; হৃদয়; (ত্রি. বিণ.) প্রধান; শ্রেষ্ঠ; উত্তম; উৎকৃষ্ট।

উরস্য, পু. স্ত্রী. বি. (উরস, বক্ষ, য) ঔরসজাতসন্তান।

উরস্বান, ত্রি. বিণ. [উরস, বক্ষঃ, বতু] প্রশস্ত বক্ষঃস্থল বিশিষ্ট; উরসিল; বিস্তৃত হৃদয়; বিশালহৃদয়।

উরী, ব্য. (উর, কথন, ঈ) স্বীকার; বিস্তার।

উরীকৃত, ত্রি. বিণ. (উরী-কৃ, করণ, ক্ত) স্বীকৃত, বিস্তৃত; অঙ্গীকৃত; প্রতিজ্ঞাত; ইতি মেদিনী।

উরু, ত্রি. বিণ. (উর, মহত্ত্ব, উ) বিশাল; মহৎ; শ্রেষ্ঠ।

উরুগায়, পু. বি. (উরগ-ই, গমন, ঘঞ) শ্রীকৃষ্ণ; বিষ্ণু।

উরুরী, ব্য. (উরুর, কথন, ঈ) অঙ্গীকার; স্বীকার।

উরুবুক, পু. বি. (উরুব, উদ্ভিজ্জভেদ, উক) এরণ্ডবৃক্ষ; ভেরাণ্ডাগাছ; ইতি অমর কোষ। উদ্ভিজ্জবিশেষ।

উরুব্যচা, পু. বি. (উরু-ব্যচ, জন্তুভেদ, অস্) রাক্ষস।

উরোজ, পু. বি. (উরস্-জন, জনন, ড) স্তন; পয়োধর; বক্ষোজাত; কুচ; ইতি হেমচন্দ্র। বক্ষোরুহ।

উর্জ্জিত, ত্রি. বিণ. (উর্জ্জ, বর্দ্ধন, ক্ত) বর্দ্ধিত; উন্নত।

উর্ণনাভ, পু. বি. [উর্ণ-নাভি, অঙ্গভেদ, অ] লূতা।

উর্ণা, স্ত্রী. বি. (উর্ণ, লোমভেদ, ড-আ) মেষাদিরলোম।

উদ্র, পু. বি. (উদ, জন্তুভেদ, র) জলাখু; উদ্বিড়াল।

উর্দ্ধট, পু. বি. (উর্দ্ধট, হায়ন, অল) বৎসর; হায়ন।

উর্ব্বর, ত্রি. বিণ. (উরু-ঋ, গমন, অল) শস্যান্বিতস্থান।

উর্ব্বরা, স্ত্রী. বি. (উরু-ঋ, গমন, আ) সর্ব্বশস্য যুক্তা-ভূমি; যে ভূমিতে সর্ব্ব প্রকার শস্যাদি উৎপন্ন হয়; যথা—উর্ব্বরা ভূমিতে কি কণ্টকী বৃক্ষ জন্মে না? ইতি কাদম্বরী ৩৫ পৃষ্ঠা।

উর্ব্বশী, স্ত্রী. বি. (উর-বশ, ব্যক্তিভেদ, ঈ) স্বনামখ্যাত স্বর্গবেশ্যা; স্বর্গের বেশ্যা বিশেষ।

উর্ব্বশীবল্লভ, পু. বি. (উর্ব্বশী-বল্লভ, স্বামী, অল) ঐল নৃপতি; পুরুরবা; রাজাবিশেষ; ইতি বিশ্ব।

উর্ব্বশীরমণ, পু. বি. (উর্ব্বশী-রম, ক্রীড়া, অনট) উর্ব্বশীপতি; ঐলরাজা; চন্দ্রবংশীয় রাজাবিশেষ।

উর্ব্বারু, পু. বি. (উর, দ্রব্যভেদ, আরু) কর্কটী ফল।

উর্ব্বী, স্ত্রী. বি. [উরু, উৎপন্ন, ঈ] পৃথিবী; ধরণী।

উর্ষণ, ক্লী. বি. (বৃষ, বর্ষণ, অনট) ক্ষরণ; চোয়ান।

উল, ক্রিবিণ. (উল, নামান, ক) অবতরণ; নামান।

উলঙ্গ, ত্রি. বিণ. (উলঙ্গ, নগ্ন, অল) বিবস্ত্র; নামান।

উলন, ক্লী. বি. (উল, নামান, অনট) অবতরণ; নামান।

উলপ, ক্লী. বি. (উলপা, তৃণভেদ, ড) উলুখড়।

উলিন্দকুলিন্দ, পু. বি. (উলন্দ-কুলিন্দ, ক্রিয়াভেদ, অল) পূর্ব্বকার কুক্রিয়া; অযশঃ প্রখ্যাপন।

উলুতপ্লুত, পু. বি. (উলট-পালট, ইতস্তত, অল) চতুর্দ্দিক অন্বেষণ; বহুসন্ধান; উল্টাপাল্টা।

উলুপ, পু. বি. (উলুপা, তৃণভেদ, ড) উলুখড়।

উলূক, পু. বি. (বল, জীবভেদ, উক) পেচক পক্ষী; পেচা; তামস; দিবান্ধ; নক্তঞ্চর; শকুনিপুত্র; যথা—উলূক তথায় আগমন করিল। ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ২ পৃষ্ঠা।

উলূখল, ক্লী. বি. (উল-উখ, দ্রব্যভেদ, ক) উদূখল; উখলী; গড়; দ্রব্য বিশেষ; ইতি শব্দরত্নাবলী।

উলূত, পু. বি. (উ-লূ, সরীসৃপভেদ, ক্ত) অজগরসর্প।

উলূপ, ক্লী. বি. (উলূপা, তৃণভেদ, ড) তৃণবিশেষ।

উলূপী, পু. বি. (উলূপ, মৎস্যভেদ, ইন্) শিশুক;

অতি চঞ্চল মৎস্য; শিশুমারাকৃতি মৎস্যবিশেষ; (স্ত্রী·) কৌরব্য নাম নাগ কন্যা; অর্জ্জুনপত্নী।

উল্কা, স্ত্রী·বি·(উল, অগ্নিভেদ, কন-আ) ধূমকেতু; আকাশ হইতে পতিত অগ্নি; স্ফুলিঙ্গ; উখা; তেজঃপুঞ্জ; অগ্নিশিখা; যথা—শূল সমুদায়ের সহিত উল্কা সকল ইতি মহাভারত শল্যপর্ব্ব ২২ পৃষ্ঠা।

উল্কামুখী, স্ত্রী·বি·(উল্কা-মুখ, বদন, ঈ) জন্তুভেদ; শৃগালী; খেঁকশ্যালী; আলেয়া; দীপ্তজিহ্বা।

উল্কি, ক্লী·বি·(উল্ক, চিহ্ন, ই) স্ত্রীরকপালের চিহ্ন।

উল্টন, ক্লী·বি·(উল্ট, বিপর্য্যয়, অনট) বিপর্য্যস্তকরণ।

উল্টা, ত্রি·বিণ·(উল্ট, বিরোধ, ড-আ) প্রতিকূল; বিরুদ্ধ; বিপরীত; বিপর্য্যয়; অননুকূল; প্রতীপ।

উল্টাপাল্টা, ক্রিবিণ·[উল্টা-পাল্টা, বিপর্য্যয়, চি্] বিপর্য্যয়; ব্যত্যয়; ফেরফার; গোলমাল।

উল্টাবুঝ, ত্রি·বিণ·(উল্টা-বুধ, জ্ঞান, ক্তি) বিপরীত বোদ্ধা; ভ্রমবোধ; ভুল; যাহার গোলমেলে বুদ্ধি।

উলচুল, ক্রিবিণ·(উল-চুল, কলহ, ক) গণ্ডগোল; গোলমাল; অতিশয় কোলাহল; গোলযোগ।

উল্মুক, ক্লী·বি·(উল-মুক, দ্রব্যভেদ, ক) অঙ্গার; কয়লা; অলাত; জ্বলন্ত অঙ্গার; যথা—দণ্ড ও উল্মুক যুক্ত উল্কা, ইতি মহাভারত শল্যপর্ব্ব ৪৬ পৃষ্ঠা।

উল্লঙ্ঘন, ক্লী·বি·(উৎ-লঙ্ঘ, গমন, অনট) অতিক্রমণ; ডিঙ্গান; বিরুদ্ধাচরণ; যথা—অনুরোধ উল্লঙ্ঘন করিয়া ইতি রোমাবতী ১০০ পৃষ্ঠা।

উল্লম্ফন, ক্লী·বি·(উৎ-লম্ফ, গমন, অনট) উৎপ্লবন; উৎক্রমণ; লাফান; ঊর্দ্ধে লম্ফপ্রদানকরণ; যথা—উল্লম্ফন প্রদান আরম্ভ করিল, ইতি রোমাবতী ৭২ পৃষ্ঠা।

উল্লল, ত্রি·বিণ·(উৎ-লল, রোম, অল) বহুরোমযুক্ত; রোমশ; লোমশ; অতিশয় লোমযুক্ত।

উল্ললিত, ত্রি·বিণ·(উৎ-লল, চলন, ক্ত) আন্দোলিত; তরলিত; কম্পমান; ইতি জটাধর।

উল্লসনক, ক্লী·বি·(উৎ-লস, রোম, অনট-ক] রোমাঞ্চ।

উল্লাঘ, ত্রি·বিণ·(উৎ-লঘ, রোগশূন্যতা, ঘঞ) রোগমুক্ত; কার্য্যদক্ষ; নীরোগ; শুচি; মরীচ।

উল্লাপ, পু·বি·(উৎ-লপ, শব্দ, ঘঞ) শোক রোগাদিতে কাতর ধ্বনি; কাকুক্তি; বিকৃত শব্দ।

উল্লাস, পু·বি·(উৎ-লস, হর্ষ, ঘঞ) গ্রন্থপরিচ্ছেদ; বৃদ্ধি; প্রকাশ; আনন্দ; আহ্লাদ; হর্ষ; যথা—অন্তরে উল্লাস গণি। ইতি কর্ম্মদেবী ২৫ পৃষ্ঠা।

উল্লাসিত, ত্রি·বিণ·(উৎ-লস হর্ষ, ক্ত) আহ্লাদিত; প্রকাশিত; আনন্দিত; হৃষ্ট; যথা—বিলাসিগণকে উল্লাসিত করিল। ইতি রঘুবংশ ৬৭ পৃষ্ঠা।

উল্লিখিত, ত্রি·বিণ·(উৎ-লিখ, লিখন, ক্ত) চিত্রিত, উৎকীর্ণ; কথিত; উৎক্ষিপ্ত; কুন্দিত; চাঁচা; ছোলা; ঊর্দ্ধে লিখিত; যাহা উপরিভাগে লেখা হইয়াছে।

উল্লূক, পু·বি·(উৎ-লূক, জীবভেদ, ক) বানরভেদ; নীলমর্কট; নীলবর্ণ বানর; শাখামৃগ বিশেষ।

উল্লুণ্ঠ, পু·বি·(উৎ-লুণ্ঠ, লুণ্ঠন, অল) উল্টান; পাল্টান; উপহাস; ঠাট্টা; বিদ্রূপ; ইতি মেদিনী।

উল্লুণ্ঠন, ক্লী·বি·(উৎ-লুণ্ঠ, লুণ্ঠন, অনট) উল্টান; পাল্টান; উপহাস; ঠাট্টা; বিদ্রূপ; ইতি অমর।

উল্লেখ, পু·বি·(উৎ-লিখ, লেখন, অল) খনন; বমন; চাঁচা; কোঁদা; কথন; উচ্চারণ; প্রস্তাব; প্রসঙ্গ; যথা—পুনঃপুন উল্লেখ করিয়া ইতি কাদম্বরী ৩৫ পৃষ্ঠা।

উল্লেখন ক্লী·বি·(উৎ-লিখ, লেখন, অনট) বমন; খনন; চাঁচা; কোঁদা; কথন; উচ্চারণ।

উল্লেখিত, ত্রি·বিণ·(উৎ-লিখ, লেখন, ক্ত) প্রস্তাবিত; কথিত; উক্ত; উচ্চারিত; ইতি হেমচন্দ্র।

উল্লোচ, পু·বি·(উৎ-লুচ, আবরণ, অল) চন্দ্রাতপ; চাঁদোয়া; আবরণবিশেষ; যদ্দ্বারা ঢাকা দেওয়া যায়।

উল্লোল, পু·বি·(উৎ-লোল, তরঙ্গ, অল) মহাতরঙ্গ; কল্লোল; বড়ঢেউ; অতিশয় তুফান।

উল্ব, ক্লী·বি·(উল, ছিদ্রভেদ, ব) জরায়ু; গর্ত্ত।

উল্বণ, ত্রি·বিণ·(উল্বণ, প্রকাশ, অ) ব্যক্ত; স্পষ্ট; স্ফুট; তীক্ষ্ণ; রোগবিশেষ; পিত্তাদিবিকার।

উল্‌সন, ক্লী·বি·(উল্‌স, হর্ষ, অনট) উল্লাসিতহওন; হৃষ্ট হওন; আহ্লাদিত হওন; আনন্দিত হওন।

উশতী, ত্রি·বিণ·(উশ, কথন, ক্ত-ঈ) অকল্যাণবাক্য; অমঙ্গলকথা; অশুভবচন; অশুভ সূচক কথা।

উশনা, পু·বি·[উসনস্, ব্যক্তিভেদ, প্রথমা] শুক্রাচার্য্য; ভার্গব; অসুরগুরু; ইতি অমরকোষ।

উশিক, পু·বি·(বশ, দ্রব্যভেদ, ইক) অগ্নি; ঘৃত;

উশী, স্ত্রী·বি·(বশ, ইচ্ছা, ঈ) বাঞ্ছা; স্পৃহা; ইচ্ছা।

উশীনর, পু·বি·(উশী-নর, স্থানভেদ, অল) দেশবিশেষ; গান্ধারদেশ; চন্দ্রবংশোদ্ভব রাজাবিশেষ।

উশীর, পু·ক্লী·বি·(বশ, দ্রব্যভেদ, ঈর) বীরণমূল;

বেনার মূল ; গন্ধতৃণবিশেষের মূল ; খশ্‌খশে ; ইত্যমর।
উশীরী, স্ত্রী. বি. [উশীর, তৃণভেদ, ঈ] লঘুকাশ ; ছোট কেশে ; অতিশয় ক্ষুদ্র তৃণবিশেষ ; ইতি বিশ্ব।
উষ, ক্লী. বি. (ষষ, দ্রব্যভেদ, অ) পাংশুজ লবণ।
উষঃ পু. বি. (ষষ, কালভেদ, অস্‌) কামী ; গুগ্‌গুলু ; রাত্রিশেষ ; ক্ষারমৃত্তিকা ; (ক্লী.) প্রত্যূষ ; উষা।
উষণ, ক্লী. বি. (ষষ, দ্রব্যভেদ, অনট) মরিচ ; পিপ্‌পলীমূল ; পিপ্পলের মূল ; ঝাল দ্রব্য বিশেষ।
উষণা, স্ত্রী. বি. (ষষ, দ্রব্যভেদ, অন) পিপ্‌পলী ; শুণ্ঠী।
উষতী, ত্রি. বিণ. (ষষ, কথন, ক্ত ঈ) অকল্যানবাক্য ; অমঙ্গল কথা ; অকুশল সূচক বাক্য।
উষপ, পু. বি. (উ-ষপ, তেজঃ, অল) সূর্য্য ; দিবাকর ; অগ্নি ; অনল ; প্রভাকর ; তেজঃপুঞ্জ।
উষর, ত্রি. বিণ. (উষর, স্থানভেদ, অল) ক্ষারভূমি ; অনুর্ব্বর ; যে ক্ষেত্রে শস্যাদি হয়না ; ইতি হেমচন্দ্র।
উষর্ব্বুধ, পু. বি. (উষস্‌-বুধ, অগ্নি, ক) অনল।
উষস্‌, ক্লী. বি. (উষ, কালভেদ, অস্‌) প্রত্যূষ ; প্রভাত ; ভোর ; সকালবেলা ; উষা সময় ; ইতি বিশ্ব।
উষসী, স্ত্রী. বি. [উষস্‌, কালভেদ, ঈ] সন্ধ্যাকাল ; সায়ংকাল ; রজনীর অব্যবহিত প্রাক্‌ কাল।
উষা, স্ত্রী. বি. [উষস্‌, কালভেদ, প্রথমা] প্রত্যূষ ; প্রভাত ; ভোর ; অনিরুদ্ধপত্নী ; বাণরাজার কন্যা ; যথা—দ্বিষাম্পতি দূতী উষার চরণে, ইতি মেঘনাদবধ কাব্য ৫১ পৃষ্ঠা।
(ব্য.) রাত্রিশেষ, রাত্রি অবসান ; ইতি মেদিনী।
উষাকল, পু. বি. (উষা-কল, জীবভেদ, অল) কুক্কুট।
উষাকাল, পু. বি. (উষা-কাল, সময়ভেদ, অল) প্রত্যূষ সময় ; প্রভাত কাল ; সকালবেলা ; ইতি জটাধর।
উষাপতি, পু. বি. (উষা-পা, রক্ষণ, ক্তি) অনিরুদ্ধ ; কামদেবের পুত্র ; শ্রীকৃষ্ণের পৌত্র ; ইতি অমরকোষ।
উষারমন, পু. বি. (উষা-রম, ক্রীড়া, অনট) অনিরুদ্ধ।
উষিত, ত্রি. বিণ. (উষ, স্থিতি, ক্ত) ব্যুষিত ; পর্য্যুষিত ; বাসি ; দগ্ধ ; ত্বরিত ; স্থিত ; নিবিষ্ট।
উষিপিধি, ক্লী. বি. (উষি-পিধ, অস্থির, ই) ব্যস্ততা ; চঞ্চলতা ; অস্থিরতা ; ব্যগ্রতা ; ইতি মেদিনী।
উষীর, পু. ক্লী. বি. (উষ, দ্রব্যভেদ, ঈর) বীরনমূল ; বেণার মূল ; খশ্‌খশে ; সুগন্ধ দ্রব্য বিশেষ।
উষেশ, পু. বি. (উষা-ঈশ, পতি, ক) অনিরুদ্ধ ; কামদেবের পুত্র ; শ্রীকৃষ্ণের পৌত্র ; উষাপতি।
উষ্কন, ক্লী. বি. (উষ্ক, দীপ্তি, অনট) উজ্জ্বলকরণ ; প্রদীপ্তকরণ ; আলোক করণ ; প্রভা করণ ; ইতিবিশ্ব।
উষ্ট্র, পু. বি. (উষ, পশুভেদ, ত্র) উট ; বাহ্যরথ ; দীর্ঘগতি ; করভ ; দাসেরক ; লম্বোষ্ঠ ; মহাগ্রীব।
উষ্ট্রশিরোধর, পু. বি. (উষ্ট্র-শিরঃ-ধৃ, ধারণ, অল) ভগন্দর ; রোগবিশেষ ; গুহ্যদ্বারের পীড়াবিশেষ।
উষ্ট্রিকা, স্ত্রী. বি. [উষ্ট্র, জন্তুভেদ, ইক-আ] মৃত্তিকাভাণ্ডবিশেষ ; উষ্ট্রভার্য্যা ; ইতি মেদিনী।
উষ্ট্রী, স্ত্রী. বি. [উষ্ট্র, জন্তুভেদ, ঈ) উষ্ট্রস্ত্রী ; মৃত্তিকাভাণ্ড ; বিছুটী লতা ; ইতি হেমচন্দ্র।
উষ্ণ, পু. বি. (উষ, উষ্ম, ন) গ্রীষ্মকাল ; নিদাঘ ; রৌদ্র ; উষ্মা ; আতপ ; পলাণ্ডু ; (ত্রি. বিণ.) অশীত ; তৎপর ; দক্ষ ; চতুর ; পটু ; তপ্ত ; যথা—উষ্ণ ভাব কেনই বা না প্রাপ্ত হইবে ইতি নৈষধচরিত ১৩১ পৃষ্ঠা।
উষ্ণক, পু. বি. (উষ, উষ্ম, ন-ক) গ্রীষ্মকাল ; নিদাঘ সময় ; (ত্রি. বিণ.) ক্ষিপ্রকারী ; আতুর।
উষ্ণনদী, স্ত্রী. বি. (উষ্ণ-নদ, জলাশয়, ঈ) বৈতরণী নদী ; যমদ্বারস্থ তপ্তনদী বিশেষ ; ইতি মেদিনী।
উষ্ণবারণ, ক্লী. বি. (উষ্ণ-বার, দ্রব্যভেদ, অনট) আতপত্র ; ছত্র ; ছাতী ; রৌদ্র বৃষ্টিনিবারক আবরণ।
উষ্ণবীর্য্য, ত্রি. বিণ. (উষ্ণ-বীর, তেজঃ, য) তীক্ষ্ণতেজোযুক্ত দ্রব্যাদি ; কৃষ্ণ ; শিশুমার ; শুশুক।
উষ্ণরশ্মি, পু. বি. (উষ্ণ-রশ, কিরণ, মি) সূর্য্য, অর্কবৃক্ষ ; রবি ; ভাস্কর ; আকন্দগাছ ; ইতি বিশ্ব।
উষ্ণা, স্ত্রী. বি. [উষ্ণ, তপ্ত, আ] ক্ষয়ব্যাধি ; যক্ষ্মারোগ ; সন্তাপ ; পিত্ত ; পীড়াভেদ ; ইতি মেদিনী।
উষ্ণাংশু, পু. বি. (উষ্ণ-অংশ, ভাগ, উ) ভানু ; রবি।
উষ্ণাগম, পু. বি. (উষ্ণ-আ-গম, গমন, অল) গ্রীষ্মকাল।
উষ্ণান্বিত, ত্রি. বিণ. (উষ্ণ-অনু-ই, গমন, ক্ত) রাগী ; ক্রোধী ; অগ্নিময় ; উত্তপ্ত বিশিষ্ট ; তপ্তযুক্ত।
উষ্ণাভিগমন, ক্লী. বি. (উষ্ণ-অভি-গম, গমন, অনট) গ্রীষ্মকাল ; নিদাঘঋতু ; যে সময়ে অত্যন্ত গরম হয়।
উষ্ণাসহ, পু. বি. (উষ্ণ-অ-সহ, সহন, অল) হিমঋতু।
উষ্ণিক, পু. বি. [উষ্ণিহ, ছন্দোভেদ, কন্‌] চতুষ্পদীছন্দ।
উষ্ণিকা, স্ত্রী. বি. (উষ্ণ, দ্রব্যভেদ, ইক-আ) যবমণ্ড ; যবাগু ; যাউ ; দ্রবীভূত দ্রব্যভেদ ; ইতি ধরণি।

উষ্ণিত, ত্রি. বিণ. (উষ্ণ, গরম, ক্ত) জাতক্রোধ।

উষ্ণীষ, পু. ক্লী. বি. (উষ্ণ-ঈষ, বস্ত্রভেদ, ক) শিরোবেষ্টনবস্ত্র; পাক্; কিরীট; চিহ্নান্তর; পাগড়ী; যথা—লোহিত উষ্ণীষ শিরে, ইতি কর্ম্মদেবী ৫০ পৃষ্ঠা।

উষ্ণোদক, ক্লী. বি. [উষ্ণ-উদক, জল, চি] তপ্তজল।

উষ্ণোপগম, পু. বি. (উষ্ণ-উপ-গম্, গমন, অল) গ্রীষ্মকাল; নিদাঘসময়; উত্তপ্তকাল; ইতি অমরকোষ।

উষ্ণোষ্ণ, ত্রি. বিণ. (উষ্ণ-উষ, তপ্ত, ন) গরম গরম; উষ্ণতাযুক্ত; গরমবিশিষ্ট; তপ্তযুক্ত; ইতি মেদিনী।

উষ্ম, পু. বি. (উষ, তপ্ত, ম) গ্রীষ্মকাল; বসন্তকাল; উষ্ণ; ক্রোধ; তপ্ত; গরম; রাগ; ইতি হেমচন্দ্র।

উষ্মক, পু. বি. (উষ, তপ্ত, ম-ক) গ্রীষ্মঋতু; নিদাঘকাল।

উষ্মা, স্ত্রী. বি. (উষ, তপ্ত, ম-আ) গ্রীষ্মকাল; উত্তাপ; ক্রোধ; রাগ; উত্তপ্তসময়; নিদাঘকাল; ইতি বিশ্ব।

উষ্মান্বিত, ত্রি. বিণ. (উষ্ম-অনু-ই, গমন, ক্ত) উত্তপ্ত; গরম; ক্রোধী; রাগী; গরমবিশিষ্ট; ইতি বিশ্ব।

উসন, ক্লী. বি. (উস, দর্শন, অন) ওসান; উছাঁন।

উস্তাদ, পু. বি. (যাং) শিক্ষক; উপদেশক; গুরু।

উস্তাদী, ক্লী. বি. (যাং) অধ্যাপকতা; শিক্ষকতা।

উস্র, পু. বি. (বস, জন্তুভেদ, র) বৃষ; যণ্ড; রশ্মি।

উস্রা, স্ত্রী. বি. (বস, জন্তুভেদ, র-আ) অর্জ্জনী; ধেনু; গাভী; গাই; উপচিত্রা; ইন্দুরকানি; ইতি জটাধর।

উহাড, ক্লী. বি. (উহ-অড, কোষ ভেদ, অল) অসিকোষ; খাপ; আচ্ছাদন; অস্ত্রবিশেষের আবরণ।

উহান, পু. বি. (উহ-অন, স্থানভেদ, অ) দেশবিশেষ।

উক্ষ, ত্রি. বিণ. (উক্ষ, পরিষ্কার, অল) সিক্ত; ধৌত।

উক্ষণ, ক্লী. বি. (উক্ষ, সেচন, অনট) সেচন; প্রোক্ষণ।

উক্ষতর, পু. বি. (উক্ষন্, জন্তুভেদ, তর) মহাবৃষ; বৃষভ; ষাঁড়; অনড্বান; ইতি অমরকোষ।

উক্ষা, স্ত্রী. বি. (উক্ষ, জন্তুভেদ, ড আ) বৃষ; ঋষভ।

উক্ষিত, ত্রি. বিণ. (উক্ষ, সেচন, ক্ত) সিক্ত; জল সেচন করা; ধৌত; পরিষ্কৃত; পরিষ্কার; ইতি বিশ্ব।

ঊ

ঊ. ঊকার; ষষ্ঠ স্বরবর্ণ; (বা.) বাক্যারম্ভ; রক্ষা; অনুকম্পা; (পু. বি.) চন্দ্র; মহেশ্বর; ইতি মেদিনী।

ঊখলি, ক্লী. বি. (উদুখল, দ্রব্য ভেদ, ই) উদুখল।

ঊঢ়, ত্রি. বিণ. (বহ, বহন, ক্ত) বিবাহিত; পরিণীত; উদ্বাহিত, কৃতবহন; বহনীয়; ইতি স্মৃতি।

ঊঢ়কঙ্কট, ত্রি. বিণ. (ঊঢ়-কঙ্কট, সজ্জাভেদ, অল) কবচধারী; বর্ম্মী; পিনদ্ধকবচ; বর্ম্মিত; সাঁজোয়াপরা।

ঊঢ়া, স্ত্রী. বি. (বহ, বহন, ক্ত-আ) ভার্য্যা; বিবাহিতাস্ত্রী।

ঊত, ত্রি. বিণ. (বে, বোনা, ক্ত) তন্তুসন্তত; বোনা-কাপড়; নির্ম্মিত বস্ত্র; যে বস্ত্র তাঁতে প্রস্তুত হয়।

ঊতি, স্ত্রী. বি. (বে, বোনা, ক্তি) রক্ষণ; বোনা; সেলাই; স্যূতি; বস্ত্রবপন; বপন; কাপড় বোনা।

ঊধঃ, ক্লী. বি. (ঊধ, স্তনভেদ, অস্) পশুর স্তন; আপীন; গবাদির পালান; ইতি অমর কোষ।

ঊধস্য, ক্লী. বি. (ঊধস্, দ্রব্যভেদ, য) দুগ্ধ; ক্ষীর।

ঊন, ত্রি. বিণ. (ঊন, অল্পতা, ক) হীন; ন্যূন; অল্প; যথা—কিছুতেই নহে ঊন ইতি কুমারসম্ভব ৭৬ পৃষ্ঠা।

ঊনবুক, ত্রি. বিণ. (ভী, ভয়, ক) ভীকর প্রচলিতভাষা; অসাহসী; ভীরু; ভীত, ভয়হৃদ; ইতি ধরণি।

ঊবু, ত্রি. বিণ. (ঊর্দ্ধ, উচ্চতা, ক) ঊর্দ্ধের ভাষা; উচ্চ।

ঊম, (বা.) রোষোক্তি; নিন্দা; স্পর্দ্ধা; গর্ব্ব; ক্রোধ; ভৎর্সনা; (ক্লী. বি.) দেশ বিশেষ; ইতি বিশ্ব।

ঊয়ী, স্ত্রী. বি. [ঊয়, কীটভেদ, ঈ] বল্মীক কীট।

ঊরব্য, পু. বি. (ঊরু, অঙ্গভেদ, য) বৈশ্য জাতি; ঊরুদেশ হইতে উৎপন্ন; ঊরুজাত; ইতি হেমচন্দ্র।

ঊররী, ব্য. (ঊরর, স্বীকার, ইন) অঙ্গীকার; বিস্তার।

ঊরী, ব্য. (ঊর, স্বীকার, ইন) বিস্তার; স্বীকার।

ঊরীকৃত, ত্রি. বিণ. (ঊরী-কৃ, করণ, ক্ত) অঙ্গীকৃত; স্বীকৃত; প্রতিশ্রুত; বিস্মৃত; যাহা স্বীকারকরা হয়।

ঊরু, পু. বি. (ঊর, অঙ্গভেদ, উ) জানুর উপরিভাগ; যথা—ঊরু ও বাহুযুগ ইতি কাদম্বরী ৪৭ পৃষ্ঠা।

ঊরুজ, পু. বি. (ঊরু-জন, জনন, ড) ঊরুজাত; তৃতীয় বর্ণ; (ত্রি. বিণ.) ব্রহ্মার ঊরুদেশ হইতে উৎপন্ন।

ঊরুপর্ব্বা, পু. ক্লী. বি. (ঊরুপর্ব্বন, অঙ্গভেদ, প্রথমা) জানু; হাঁটু; ইতি অমর কোষ। জঙ্ঘা; ইতি বিশ্ব।

ঊরুরী, ব্য. (ঊরুর, স্বীকার, ইন্) অঙ্গীকার; বিস্তার।

ঊরুস্তম্ভ, পু. বি. (ঊরু-স্তম্ভ, পীড়াভেদ, অল) রোগ বিশেষ; জঙ্ঘোপরি উৎপন্ন স্ফোটক; ব্রণবিশেষ; যথা—মোহযুক্ত ঊরুস্তম্ভে অভিভূত হইয়া, ইতি মহাভারত সৌপ্তিকপর্ব্ব ১৫ পৃষ্ঠা।

ঊরুস্তম্ভা, স্ত্রী. বি. (উরু-স্তম্ভ, বৃক্ষভেদ, ঙ-আ) কদলী বৃক্ষ; রম্ভাতরু; কলাগাছ; ইতি শব্দরত্নাবলী।

ঊর্জ্জ, পু. বি. (ঊর্জ্জ, বলাদি, অস্) কার্ত্তিকমাস, যত্ন; চেষ্টা; বল; সামর্থ্য; নিশ্বাস; উৎসাহ; (ক্লী.) জল।

ঊর্জ্জস্বল. ত্রি. বিণ. [ঊর্জ্জস্, বল, বল] অতিশয় বলবান; উগ্র; চঞ্চল; তেজস্বী; ব্যস্ত; ইতি অমর কোষ।

ঊর্জ্জস্বী, ক্লী. বি. [ঊর্জ্জস্, বল, বিন্] অলঙ্কারবিশেষ; (ত্রি. বিণ.) অতিশয় বলবান; তেজস্বী; মহাবল।

ঊর্জ্জিত, ত্রি. বিণ. (ঊর্জ্জ, বল, ক্ত) বিখ্যাত; তেজস্বী

ঊর্ণনাভ, পু. বি. (ঊর্ণ নাভি, অঙ্গভেদ, অ) লূতা; কীট বিশেষ; মাকড়সা; তন্তুবায়; মর্কটক।

ঊর্ণা, স্ত্রী. বি. (ঊর্ণ, দ্রব্য ভেদ, ঙ-আ) মেষাদির লোম; পশম; পশুর রোম; পশ্বাদির লোম।

ঊর্ণায়ু পু. বি. (ঊর্ণ-ই, গমন, উস) মেষ লোমজ; মেষলোমের আসন; কম্বল; মাকড়সা; ক্ষণভঙ্গ।

ঊর্দ্দর, পু. বি. (উঃ-দৃ, বলাধান, অল) শূর; রাক্ষস;

ঊর্দ্ধ, ত্রি. বিণ. (ঊর্দ্ধ, উপর, ক) উপরি; উচ্ছ্রিত; তুঙ্গ; উৎকৃষ্ট; অনন্তর; উচ্চ; যথা—ঊর্দ্ধপথে গমন করিতে পারে? ইতি রোমাবতী ১০৭ পৃষ্ঠা।

ঊর্দ্ধক, পু. বি. (ঊর্দ্ধ, দ্রব্য ভেদ, কন্) মৃদঙ্গ বিশেষ;

ঊর্দ্ধর, পু. বি. (উঃ-ধৃ, বলাধান, অল) শূর; বীর্য্যবন্ত; রাক্ষস; নিশাচর; ক্রব্যাদ; ইতি জটাধর।

ঊর্দ্ধ, ত্রি. বিণ. (ঊর্দ্ধ্ব, উচ্চতা, ক) উচ্ছ্রিত; তুঙ্গ;

ঊর্দ্ধকারী, পু. বি. (ঊর্দ্ধ্ব-কৃ, করণ, ণিন্) বায়ুরোগ।

ঊর্দ্ধগ, ত্রি. বিণ. (ঊর্দ্ধ্ব-গম, গমন, ড) উপরিগমন; ঊর্দ্ধ্বে গতি; উচ্চে গমনকারী; (পু. বি.) রোগ।

ঊর্দ্ধগামী, ত্রি. বিণ. (ঊর্দ্ধ্ব-গম, গমন, ণিন্) উপরগমনকারী; যে উপরে গমন করিয়াছে; উচ্চদেশপ্রাপ্ত।

ঊর্দ্ধজানু, ত্রি. বিণ. (ঊর্দ্ধ-জন, অঙ্গভেদ, ঞু) উপরিভাগে স্থিত জানু; যাহার উচ্চভাগে জঙ্ঘা।

ঊর্দ্ধজ্ঞু, ত্রি. বিণ. (ঊর্দ্ধ-জ্ঞা, অঙ্গভেদ, ডু) ঊর্দ্ধজানু; দীর্ঘ অথচ স্থূল জানু বিশিষ্ট; যাহার মোটা উরুৎ।

ঊর্দ্ধদেব, পু. বি. (ঊর্দ্ধ-দেব, দেবতা, অল) বিষ্ণু।

ঊর্দ্ধপাদ, পু. বি. (ঊর্দ্ধ্ব-পদ, জন্তুভেদ, ঘঞ) জন্তু ভেদ; শরভ; মৃগেন্দ্র বিশেষ; করিশাবক।

ঊর্দ্ধপুণ্ড্র, পু. বি. (ঊর্দ্ধ্বপুণ্ড, তিলকভেদ, র) তিলক বিশেষ; ললাটে চন্দন দ্বারাকৃত ঊর্দ্ধ্ব রেখাত্রয়।

ঊর্দ্ধবাহু, পু. বিণ. (ঊর্দ্ধ-বহ, ভুজ, ঞু) উন্নত হস্ত; সন্ন্যাসী বিশেষ; যাহার হাত উপরিভাগে; যথা—ঊর্দ্ধ্ববাহু করি রাজা ইতি রামায়ন ৩২ পৃষ্ঠা।

ঊর্দ্ধরেখা, স্ত্রী. বি. (ঊর্দ্ধ্ব-রেখ, চিহ্ন ভেদ, ঙ-আ) হস্তাঙ্গুলির রেখা বিশেষ; হাতের চিহ্ন বিশেষ।

ঊর্দ্ধরেতাঃ, পু. বি. (ঊর্দ্ধ্বরেত, শুক্র, অস্) অস্খলিত শুক্র; কামত্যাগী; মহাদেব; ভীষ্ম; মুনিভেদ।

ঊর্দ্ধলিঙ্গ, পু. বি. (ঊর্দ্ধ্ব-লিঙ্গ, অঙ্গভেদ, অল) মহাদেব; শিব; ইতি হেমচন্দ্র। যাহার উচ্চলিঙ্গ।

ঊর্দ্ধলোক, পু. বি. (ঊর্দ্ধ্ব-লোক, স্থান ভেদ, অল) স্বর্গ; সুরলোক; দেবলোক; ইতি হেমচন্দ্র।

ঊর্দ্ধশ্বাস, পু. বি. (ঊর্দ্ধ্ব-শ্বাস, নিশ্বাস, অল) উপর নিশ্বাস; দ্রুত গমন জন্য উচ্চশ্বাস; যথা—ঊর্দ্ধ্বশ্বাসে তাঁহার পশ্চাতে ইতি সেক্সপিয়র ৩৫৫ পৃষ্ঠা।

ঊর্দ্ধস্থ, ত্রি. বিণ. (ঊর্দ্ধ্ব-স্থা, স্থিতি, ড) উচ্চস্থ; উপরিস্থিত; যাহা উপরিভাগে আছে; ইতি মেদিনী।

ঊর্ব্বরা, স্ত্রী. বি. (উরু-ঋ, গতি, অল-আ) সর্ব্বশস্যাঢ্যা ভূমি; শস্যশালিনী; ফলবতী; বহুফলযুক্তা।

ঊর্ব্বশী, স্ত্রী. বি. (উর-বশ, ব্যক্তিভেদ, অ-ঈ) স্বর্গ বেশ্যা বিশেষ; স্বর্গের বিখ্যাত বেশ্যা; ইতি ধরণি।

ঊর্ব্বস্থি, ক্লী. বি. (ঊরু-অস, হাড়, থি) জঙ্ঘাস্থি; ঊরুস্থলের হাড়; জানুভাগের অস্থি; ইতি মেদিনী।

ঊর্ব্বী, স্ত্রী. বি. [উরু, স্থানভেদ, ঈ] জগৎ; পৃথিবী; ভূমণ্ডল; যথা—পৃথিবীর নাম ঊর্ব্বী হইয়াছে। ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৭৫ পৃষ্ঠা।

ঊর্ম্মি, পু. স্ত্রী. বি. (ঋ, গতি, মি) তরঙ্গ; ঢেউ; স্রোত; বস্ত্রের উপর চুনাট করা; বীচি; বেদনা; উৎকণ্ঠা; ত্বরা; বেগ; ভ্রান্তি; অঙ্গুরী; ইতি বিশ্ব।

ঊর্ম্মিকা, স্ত্রী. বি. (ঊর্ম্মি, তরঙ্গ, ইক-আ) উৎকণ্ঠা; বীচি; ঢেউ; ভৃঙ্গনাদ; বস্ত্রভঙ্গ; অঙ্গুলীয়ক।

ঊর্ম্মিমান, ত্রি. বিণ. [ঊর্ম্মি, তরঙ্গ, মতু] তরঙ্গযুক্ত; বক্র; আবর্ত্তবিশিষ্ট; ঢেউ খেলানিয়া; ইতি মেদিনী।

ঊর্ম্মিমালা, স্ত্রী. বি. (ঊর্ম্মি-মাল, সমূহ, আ) তরঙ্গ সমূহ; বহুতরঙ্গ; ঢেউ সকল; প্রবাহ সমস্ত।

ঊর্ম্মিমালী, পু. বি. (ঊর্ম্মি-মাল, জলাশয় ভেদ, ইন্) সমুদ্র; জলধি; সাগর; জলনিধি; অপাংপতি।

ঊর্ম্মিলা, স্ত্রী. বি. [ঊর্ম্মিল, নারীভেদ, আ] লক্ষ্মণপত্নী।

ঊলূক, পু. বি. (ঊল, পক্ষীভেদ, উক) পেচক; উলূক।

ঊলুপী, পু. বি. (ঊলুপ, জন্তুভেদ, ইন) শিশুমার;

শুশুক; জল জন্তুবিশেষ; ইতি অমরকোষ।

ঊষ, পু. বি. [ঊষ, দ্রব্য ভেদ, ক] ক্ষার মৃত্তিকা; (ক্লী.) প্রভাত; ভোর; প্রত্যুষ; সকাল বেলা।

ঊষক, ক্লী. বি. (ঊষ, সময় ভেদ, কন্) প্রত্যুষ; রাত্রি-শেষ; প্রাতঃকাল; ভোর; ঊষাসময়; ইতি ধরণি।

ঊষণ, ক্লী. বি. (ঊষ, দ্রব্যভেদ, অনট) মরিচ; (স্ত্রী.) পিপ্পলী; পিপুল; কটুরস যুক্ত দ্রব্যবিশেষ।

ঊষর, ত্রি. বিণ. (ঊষর, স্থানভেদ, অল) ক্ষার ভূমি; যথা—ঊষরদ্বারা দূষিতহয়, ইতি নৈষধচরিত ১৩১পৃষ্ঠা।

ঊষা, স্ত্রী. বি. [ঊষ, সময় ভেদ, আ] প্রত্যুষ; প্রাতঃ-কাল; রাত্রিশেষ; বাণরাজার কন্যা; যথা—ঊষাতে ঊষার প্রায় ইতি কর্ম্মদেবী ৮৮ পৃষ্ঠা।

ঊহ, ত্রি. বি. (ঊহ, তর্ক, ক) বিতর্ক; অধ্যাহার; তর্ক; উৎপ্রেক্ষণ; সন্দেহ জন্য বিচার; ইতিমেদিনী।

ঊহা, স্ত্রী. বি. (ঊহ, তর্ক, ঙ-আ) বিতর্ক; অনুসন্ধান; বিচার; বিতণ্ডা; তর্ক বিতর্ক; পর্য্যালোচনা।

ঊহনী, স্ত্রী. বি. (ঊহ, দ্রব্যভেদ, অনট-ঈ) সম্মার্জনী; ঝাঁটা; থাংরা; পরিষ্কার করণোপযুক্ত দ্রব্য।

ঊহ্য, ত্রি. বিণ. (ঊহ, তর্ক, য) অধ্যাহার্য্য; আ-কাঙ্ক্ষা পূরণার্থ উল্লেখ্য; তর্কাদি; বিচার প্রভৃতি।

ঋ

ঋ, ঋকার; সপ্তম স্বরবর্ণ; (স্ত্রী. বি.) অদিতি; দেব-মাতা; (ব্য.) হাস্য; গর্হণ; বাক্য; পরিহাস।

ঋক, স্ত্রী. বি. (ঋচ, বেদ ভেদ; ক্বিপ) বেদ বিশেষ; বেদমন্ত্র বিশেষ; ঋগ্বেদ; যথা—ঋক্, যজু ও সাম-বেদ ইতি মহাভারত শান্তিপর্ব্ব ৬৯ পৃষ্ঠা।

ঋক্থ, ক্লী. বি. (ঋচ, ধন ভেদ, থ) ধন; সম্পত্তি।

ঋক্য, পু. বি. (ঋচ, ধন, য) ধন; অর্থ; সম্পত্তি।

ঋচ, স্ত্রী. বি. (ঋচ, বেদ ভেদ, ক্বিপ্) তৃতীয় বেদ; বেদমন্ত্র; মন্ত্র; গায়ত্রী; বেদমাতা; ইতি মেদিনী।

ঋচা, স্ত্রী. বি. (ঋচ, ধনভেদ, ঙ-আ) বেদমন্ত্র; বেদ।

ঋচীষ, ক্লী. বি. (ঋচ, দ্রব্যভেদ, ঈষ) পিষ্টক ভর্জ্জন পাত্র; পিটে ভাজা খোলা; কড়া; ইতি শব্দরত্নাবলী।

ঋচ্ছরা, স্ত্রী. বি. (ঋচ্ছ, ব্যক্তিভেদ, রা) বেশ্যা, বা-রনারী; বারাঙ্গনা; কুলটা; ব্যভিচারিণী; ইতিধরণি।

ঋজীষ, ক্লী. বি. (ঋজ, দ্রব্যভেদ, ঈষ) পিষ্টক ভর্জ্জন পাত্র; পিষ্টপচন; পিটে ভাজা খোলা; নরক বিশেষ।

ঋজু, ত্রি. বিণ. (ঋজ, সরলতা, উ) সরল; সোজা; অবক্র; অকুটিল; যাহা বাঁকা নয়; ইতি মেদিনী।

ঋজুকায়, পু. বি. (ঋজু-কায়, দেহ, ড) কশ্যপমুনি; অবক্র শরীর; যাহার শরীর বাঁকা নয়; ইতি বিশ্ব।

ঋজুস্বভাব, পু. বি. (ঋজু-স্ব-ভু, সত্ত্বা, ঘঞ) সরলান্তঃ করণ; সদন্তঃকরণ বিশিষ্ট; (ত্রি. বিণ.) সরল।

ঋজ্র, পু. বি. (ঋজ, ব্যক্তিভেদ, র) নায়ক ভেদ।

ঋঞ্জাসন, পু. বি. (ঋঞ্জাস, গতি, অন (মেঘ; জলদ।

ঋণ, ক্লী. বি. (ঋ, গতি, অনট) ধার; দুর্গ; কর্জ; যথা—ঋণজালে বদ্ধ হইয়া ইতি বাহ্যবস্তু ৯০ পৃষ্ঠা।

ঋণগ্রহণ, ক্লী. বি. (ঋণ-গ্রহ, গ্রহণ, অনট) ধারকরণ; কর্জ লওন; দেনা করন; ঋণগ্রস্ত হওন; ইতি বিশ্ব।

ঋণদাতা, পু. বি. (ঋণ-দা, দান, তৃন্) মহাজন; কর্চ্চদ।

ঋণদান, ক্লী. বি. (ঋণ-দা, দান, অনট) ধার দেওন; কর্জ দেওয়া; ঋণ দেওয়া; ইতি অমরকোষ।

ঋণদায়ক, পু. বি. (ঋণ-দা, দান, ণক) উত্তমর্ণ; মহাজন।

ঋণবান, ত্রি. বিণ. (ঋণ, ধার, বতু) ঋণী; খাদক।

ঋণ বিশিষ্ট, ত্রি. বিণ. (ঋণ-বি-শিষ, বিশেষে শিষ্ট, ক্ত) ঋণগ্রস্ত; অধমর্ণ; ধারুয়া; ধেরো; ইতি ধরণি।

ঋণমৎকুণ, পু. বি. (ঋণ-মৎকুণ, ব্যক্তিভেদ, ক) ল-গ্নক; প্রতিভূ; জামিন; যেব্যক্তি অন্যের দেনার দায়ী।

ঋণময়, ত্রি. বিণ. [ঋণ, ধার, ময়ট] ঋণস্বরূপ; ধারে-ক্রীত; ঋণরূপ; যাহা ধারে কেনা হইয়াছে।

ঋণমার্গণ, পু. বি. (ঋণ-মৃগ, ব্যক্তিভেদ, অন) প্রতিভূ।

ঋণমুক্ত, ত্রি. বিণ. (ঋণ-মুচ, মোচন, ক্ত) ঋণ পরি-শোধ; দেনা শোধ; ধার রহিত; কর্জ বিহীন।

ঋণমুক্তি, স্ত্রী. বি. (ঋণ-মুচ, মোচন, ক্তি) ঋণশোধন; ধার শোধা; কর্জ পরিষ্কার করিয়া দেওন।

ঋণমোক্ষ, পু. বি. (ঋণ মুচ, মোচন, স) ঋণপরিশো-ধন; অঋণী হওয়া; ঋণ হইতে পরিত্রাণ পাওয়া।

ঋণাদান, ক্লী. বি. (ঋণ-আ-দা, দান, অনট) ঋণির নিকট মহাজন কর্ত্তৃক লাভের সহিত ঋণ গ্রহণ; সুদ শুদ্ধটাকা লওন; অষ্টাদশ বিবাদান্তর্গত আদ্যবিবাদ।

ঋণাপনয়ন, ক্লী. বি. (ঋণ-অপ-নী, অপনয়ন, অনট) ঋণশোধন; ধার শোধা; কর্জ্জ পরিশোধ করা।

ঋণান্তক, পু. বি. (ঋণ-অন্ত, গ্রহভেদ, ণক) মঙ্গলগ্রহ।

ঋণাপনোদন, ক্লী. বি. (ঋণ-অপ-নুদ, অপনয়ন, অ-নট) ঋণশোধা; ধার শোধন; কর্জ্জ শোধ দেওয়া।

ঋণী, ত্রি. বিণ. (ঋণ, ধার, ইন্) ঋণগ্রস্ত; অধমর্ণ।

ঋত, ক্লী. বি. (ঋ, গতি, ক্ত) উঞ্ছশীল; জল; সত্য; (ত্রি. বিণ.) দীপ্ত; পূজিত; যথার্থ; ইতি মেদিনী।

ঋতধামা, পু. বি. (ঋত-ধা, ধারণ, মন্) নারায়ণ।

ঋতি, স্ত্রী. বি. (ঋ, গতি, ক্তি) কল্যাণ; সৌভাগ্য; পথ; গমন; বর্ত্ম; জুগুপ্সা; স্পর্দ্ধা; অশুভ।

ঋতীয়া, স্ত্রী. বি. (ঋত, নিন্দন, ঈয়-আ) ঘৃণার্থক; জুগুপ্সা; নিন্দা; লজ্জা; কুৎসা; ইতি মেদিনী।

ঋতু, পু. বি. (ঋত, কালভেদ, উ) স্ত্রীরজঃ; স্ত্রীকুসুম; কালবিশেষ; হিম শিশির বসন্ত গ্রীষ্ম বর্ষা শরদ্ এই ছয়কাল; যথা—ঋতুযত মালীমত ইতিকুমার ১৭ পৃষ্ঠা।

ঋতুব্রত্তি, পু. বি. (ঋতু-বৃত, সময়, ক্তি) বৎসর; অব্দ।

ঋতুমতী, স্ত্রী. বি. (ঋতু, রজঃ, মতু) রজস্বলা; স্ত্রীধর্ম্মিণী; ঋতুযুক্তাস্ত্রী; পুষ্পবতী; অশুদ্ধা কামিনী।

ঋতুরাজ, পু. বি. (ঋতু-রাজ, সময়, অল) বসন্তকাল; যথা—ঋতুরাজে যদিকাছেপাই। ইতিকুমার ২৫পৃষ্ঠা।

ঋতুসন্ধি, স্ত্রী. বি. (ঋতু-সং-ধা, সংযোগ, কি) ঋতু-দ্বয়ের সন্ধিকাল; ঋতুসংযোগ; ঋতুর মিলন।

ঋতুস্নাতা, স্ত্রী. বি. (ঋতু-স্না, অবগাহন, ক্ত-আ) রজোদর্শনের পর চতুর্থাহে স্নাতা ঋতুমতী স্ত্রী।

ঋতুস্নান, ক্লী. বি. (ঋতু-স্না, অবগাহন, অনট) রজস্বলা স্ত্রীর চতুর্থ দিবসে স্নান; রজোদর্শনজন্য স্নান।

ঋতে, ব্য. (ঋত, ভিন্নতা, এ) বিনা; বর্জ্জন; ভিন্ন।

ঋত্বিক, পু. বি. [ঋত্বিজ, যজন, প্রথমা] পুরোহিত; যথা—ঋত্বিকগণ যজ্ঞ বেদীতে ইতি রঘুবংশ ৮২পৃষ্ঠা।

ঋদ্ধ, ক্লী. বি. (ঋধ, ধন, ক্ত) সম্পন্নধান্য; মর্দ্দিত-ধান্য; (ত্রি. বিণ.) সমৃদ্ধিযুক্ত; সঞ্চিত; সম্পন্ন; ধনযুক্ত; ধনধান্যাঢ্য; ইতিহেমচন্দ্র। যাহারধনআছে।

ঋদ্ধি, স্ত্রী. বি. (ঋধ, ধন, ক্তি) সমৃদ্ধি; সম্পত্তি।

ঋভু, পু. বি. (ঋ-ভু, দেবতা, ক্বিপ্) দেবতা; সুর।

ঋভুক্ষা, পু. বি. (ঋভুক্ষ, দেবতাভেদ, ইন্) ইন্দ্র; স্বর্গ; বজ্র; দেবরাজ; দেবতাদিগের আলয়।

ঋশ্য, পু. স্ত্রী. বি. (ঋশ, জন্তুভেদ, য) মৃগবিশেষ।

ঋষভ, পু. বি. (ঋষভ, জন্তুভেদ, অল) বৃষ; পুঙ্গব; শ্রেষ্ঠ; ঔষধি; পর্ব্বত; কর্ণকুহর; অনড্বান।

ঋষভধ্বজ, পু. বি. (ঋষভ-ধ্বজ, ব্যক্তিভেদ, অল) শিব; বৃষবাহন; মহাদেব; বৃষপতি; ইতি বিশ্ব।

ঋষভী, স্ত্রী. বি. (ঋষভ, ব্যক্তিভেদ, অল-ঈ) নরাকার স্ত্রী; শ্মশ্রুযুক্ত স্ত্রী; দাড়ীযুক্ত নারী; বিধবা।

ঋষি, পু. বি. (ঋষ, ব্যক্তিভেদ, ই) মুনি; মহর্ষি; দেবর্ষি; রাজর্ষি; মন্ত্রদ্রষ্টা; আচার্য্য; তপস্বী; যথা—শুন ঋষিচূড়ামণি, ইতি কুমারসম্ভব ৭৮ পৃষ্ঠা।

ঋষ্ট, পু. বি. (ঋষ, জন্তুভেদ, ক্ত) শ্বেতবিন্দুচিত্রিতহরিণ।

ঋষ্টি, স্ত্রী. বি. (ঋষ, মন্দ, ক্তি) গ্রহদোষ; অনিষ্ট; খড়্গ; যথা—ঋষ্টি ও প্রাস প্রভৃতি বিবিধ আয়ুধ, ইতি মহাভারত শান্তিপর্ব্ব ১০৮ পৃষ্ঠা।

ঋষ্য, পু. বি. (ঋষ, জন্তুভেদ, য) মৃগভেদ; চিত্রমৃগ।

ঋষ্যকেতু, পু. বি. (ঋষ, ব্যক্তিভেদ, কেতু) অনিরুদ্ধ।

ঋষ্যমূক, পু. বি. (ঋষ্য-মূক, শৈলভেদ, ক) স্বনাম-প্রসিদ্ধ পর্ব্বত; যে পর্ব্বত সুগ্রীব বানর স্থান।

ঋষ্যশৃঙ্গ, পু. বি. (ঋষ্য-শৃঙ্গ, শিং, অল) মুনিবিশেষ; বিভাণ্ডক মুনি পুত্র; স্বনাম প্রসিদ্ধ মুনি।

ঋক্ষ, পু. বি. (ঋস, জন্তুভেদ, স) পর্ব্বতবিশেষ; ভল্লূক; শোনক বৃক্ষ; (ক্লী. পু.) নক্ষত্র; রাশি।

ঋক্ষর, ক্লী. বি. (ঋক্ষর, ব্যক্তিভেদ, অল) জলধারা; (পু.) পুরোহিত; ঋত্বিক; যাজক; ইতি হেমচন্দ্র।

ঋক্ষরাজ, পু. বি. (ঋক্ষ রাজ, জন্তুভেদ, অল) জাম্বুবান; বানর বিশেষ; ভল্লূকেন্দ্র; ইতি অমরকোষ।

ঋক্ষেশ, পু. বি. (ঋক্ষ-ঈশ, দীপ্তি, ক) চন্দ্র; শশধর।

ৠ

ৠ, ৠকার; অষ্টম স্বরবর্ণ; (পু. বি.) শিব; দৈত্য; ভৈরব; দনুজ; (ক্লী.) বক্ষ; (স্ত্রী.) দিতি; দেবমাতা; দানবমাতা; স্মৃতি; গতি; (ব্য.) ভয়; বাক্যারম্ভ; রক্ষা; নিন্দা; ইতি শব্দরত্নাবলী।

ঌ

ঌ, ঌকার; নবম স্বরবর্ণ; (ব্য·) দেবমাতা; ভূমি; পর্ব্বতবিশেষ; ইতি মেদিনী। পৃথিবী; দেবজননী।

ৡ, ৡকার; দশম স্বরবর্ণ; (ব্য·) দেবনারী; নার্য্যাত্মা; মাতা; (পু. বি·) সর্ব্ব; মহাদেব; (স্ত্রী·) দৈত্য স্ত্রী; দনুজমাতা; কামধেনুমাতা; ইতি হেমচন্দ্র।

এ

এ, একার; একাদশ স্বরবর্ণ; (ব্য.) স্মরণ; সম্বোধন; স্মৃতি; অসূয়া; অনুকম্পা; আমন্ত্রণ; আহ্বান; (পু. বি.) বিষ্ণু; (ত্রি. বিণ.) এই; নিকটবর্ত্তি; বুদ্ধিস্থ; পুরোবর্ত্তি; পুরঃসর; ইতি মেদিনী।

এ অবধি, (ক্রিবিণ.) অতঃপর; এইকাল যাবৎ।

এই, (ব্য.) সম্মুখবর্ত্তি; অগ্রস্থিত; অগ্রবর্ত্তি।

এইকারণ, ক্রিবিণ· (এই-কৃ, করণ, অনট) এই হেতু; এজন্য; এনিমিত্ত; এই কারণ; ইতি অমরকোষ।

এক, ত্রি. বিণ. [এক, সংখ্যাভেদ, চি] প্রথমসংখ্যা; একাকী; কেবল; অন্য; অন্যতম; শ্রেষ্ঠ; অদ্বিতীয়; মুখ্য; বিধু; ক্ষিতি; অগ্নি; সূর্য্য; দেবরাজ; যম।

এক আড়া, ত্রি. বিণ· (এক-আড়, আকার, ড-আ) তুল্য আকৃতিবিশিষ্ট; সমান আকার; সদৃশ অবয়ব।

একই, ত্রি. বিণ. (এক-ই, গমন, ক্বিপ্) অনন্য; অভিন্ন; তুল্য; সমান; সদৃশ; ন্যায়; ইতি মেদিনী।

একএক, ক্রিবিণ. [এক-এক, ভিন্নতা, চি] পৃথকঃ; ভিন্ন ভিন্ন; প্রত্যেক; সতন্তর; ইতি অমরকোষ।

একক, ত্রি. বিণ. [এক, সংখ্যাভেদ, কন্] অসহায়; একাকী; একলা; কেবল; ইতি অমরকোষ।

এককর্ম্মকারক, ত্রি. বিণ. (এককর্ম্ম-কৃ, করণ, ণক) তুল্যব্যবসায়ী; সমানকর্ম্মা; যে সমান কার্য্য করে।

এককালীন, ক্রিবিণ. [এক-কাল, সময়, ঈন] সমকালীন; এক সময়; একেবারে; এককালে; ইতি বিশ্ব।

এককালে, ক্রিবিণ. [এক-কাল, সময়, এ] এক সময়ে;

এককুণ্ডল, পু. বি. (এক-কুণ্ডল, ব্যক্তিভেদ, অল) বলরাম; কুবের; ত্র্যম্বকসখ; ইতি মেদিনী।

একগুঁয়া, ত্রি. বিণ. (এক-জ্ঞা, বোধ, ণিন্) একজ্ঞায়ীর ভাষা; অবাধ্য; অবশ; একরোখা; স্বেচ্ছাচারী।

একগুরু, পু. বি· (এক-গুরু, ব্যক্তিভেদ, উ) সতীর্থ; এক গুরুর শিষ্য; এক শিক্ষকের ছাত্র; ইতি অমর।

একঘরিয়া, ত্রি. বিণ. (জাতি-ভ্রন্‌শ্, ধ্বংস, ক্ত) জাতিভ্রষ্টের ভাষা; অপপাত্রিত; অব্যবহার্য্য; ইতিবিশ্ব।

একচক্র, ক্লী· বি (এক-চক্র, স্থান ভেদ, অল (নগরবিশেষ; পুরী বিশেষ; হরিগৃহ; শুম্ভ পুরী।

একচর, পু. বি· (এক-চর, জন্তুভেদ, অল) হিংস্রজন্তু বিশেষ; গণ্ডার; গণোৎসাহ; গণ্ডক।

একচালা, ক্লী. বি. (এক-চাল, গৃহ ভেদ, আ) কুটীর; তৃণাচ্ছাদিত ক্ষুদ্র গৃহ বিশেষ; যেগৃহের একচাল।

একচিত্ত, ত্রি· বিণ. (এক-চিত, মনঃ, ক্ত) একান্তঃকরণ; অনন্যমনাঃ; যাহার একই অভিপ্রায়।

একচেটিয়া, ত্রি. বিণ. (এক-চেষ্ট, চেষ্টা, ও) একায়ত্ত; একাধীন; একের বশীভূত, অমরকোষ।

একচ্ছায়াশ্রিত, ত্রি. বিণ. (একচ্ছায়া-আ-শ্রি, আশ্রয়, ক্ত) সহলগ্নক; একছায়ায় জামিন; ইতিশব্দরত্নাবলী।

একছুটিয়া, ত্রি. বিণ. (এক-বস, বসন, ত্র) এক বস্ত্রান্বিত; এক বস্ত্র বিশিষ্ট; একছুটে; চাদর বিহীন।

একজন্মা, পু· বি. (এক-জন, জনন, মন্) ভূপতি।

একজাই, ক্রিবিণ. (এক, মিলন, ত্র) একত্র; বারম্বার; পুনঃ পুন; সর্ব্বদা; একত্রিত করা; মিলন করা।

একটা, ত্রি. বিণ. (এক, সংখ্যা, টা) একবস্তু; একমাত্র।

একটী, ত্রি. বিণ. (এক, সংখ্যা, টী) একমাত্র; একবস্তু।

একটু, ত্রি. বিণ. (এক, সংখ্যা, টু) কিঞ্চিন্মাত্র; কিছু।

একটুকি, ত্রি. বিণ. (এক, সংখ্যা, টুকি) যৎসামান্য।

একটুকু, ত্রি. বিণ. (এক, সংখ্যা, টুকু) কিঞ্চিৎ; অত্যল্প।
একডৌল, ত্রি. বিণ. (এক-ডৌল, সমান, অল) একসমান; একাকার; তুল্যাবয়ব; একরকম আকৃতি।
একঢল, ত্রি. বিণ. (এক ঢল, আকার, অল) একাকার; ভেদ রহিত; একত্র যোগ্য; একযোগ; মিলন।
একঢাল, ত্রি. বিণ. (এক-ঢাল, মিলন, অল) একত্রমিলিত; মিলান; মিলন করা; যোগ করা; গড়ানে।
একতত্ত্বী, ত্রি. বিণ. (এক-তত্ত্ব, ধর্ম্ম, ইন্) একাভিলাষী; এক ধর্ম্মী; যাহার একই ইচ্ছা; ইতি মেদিনী।
একতন্ত্রী, ত্রি. বিণ. (এক-তন্ত্র, পরামর্শ, ইন্) একপ্রভুক; এক তন্ত্রক; একমতাবলম্বী; এক পরামর্শী।
একতম, ত্রি. বিণ. [এক, সংখ্যা, তম] বহুমধ্যে এক।
একতর, ত্রি. বিণ. [এক, সংখ্যা, তর] দুয়ের মধ্যেএক; যথা—একতরের পরাজয় ইতিসেক্সপিয়র ৩৬৩ পৃষ্ঠা।
একতরফ, ত্রি. বিণ, (এক-যাং) এক পার্শ্ব; একদিক।
একতা, স্ত্রী. বি. [এক, সংখ্যা, তা] একত্ব; ঐক্য; মিলন।
একতান, ত্রি. বিণ. (এক-তন, মিলন, ঘঞ) একাগ্র; যথা—গম্ভীর সুধীর ভাব চিত্ত একতানে। ইতি কর্ম্মদেবী ৪৬ পৃষ্ঠা।
এক বিষয়াসক্ত চিত্ত; (পু. বি.) একস্বর; একতাল।
একতাল, পু. বি. (এক-তল, মিলন, ঘঞ) সমন্বিতলয়; সমস্থিত লয়; সমতাল; একমিল; নৃত্য গীত বাদ্যের সাম্য; নৃত্য গান বাদ্যের মিলন; ইতিবিশ্ব।
একতীর্থী, পু. বি. (এক-তীর্থ, এক স্থানে অধ্যয়ন, ইন্) সতীর্থ; গুরুভাই; সমাধ্যায়ী; একত্রপাঠী।
একতুম্বী, স্ত্রী. বি. (এক-তুম্ব, দ্রব্যভেদ, ঈ) তানপুরা; তাম্বুরা; বাদ্যযন্ত্রবিশেষ; যাহাতে একমাত্রতুম্ব আছে।
একত্র, ব্য. [এক, সংখ্যা, ত্র] একসঙ্গে; এক স্থানে; এক বিষয়ে; মিলিত; মিলন করা; ইতি মেদিনী।
একদংষ্ট্র, পু. বি. (এক-দন্শ, দংশন, ত্র) গণেশ।
একদন্ত, পু. বি. (এক-দম, দমন, ক্ত) গণেশ।
একদা, ব্য. (এক, সংখ্যা, দা) এককালে; একসময়ে; যথা—একদা ভয় ও বিস্ময়ের আবির্ভাব হইল। ইতি কাদম্বরী ১২ পৃষ্ঠা।
একদিক্, স্ত্রী. বি. (এক-দিশ, দেশ, ক্বিপ্) একদেশ; একভাগ; একাংশ; সমভাগ; তুল্য ভাগ।
একদৃক্, পু. বি. (এক-দৃশ, দর্শন, ক্বিপ্) মহাদেব; শিব; কাক; কাণ; ইতি হেমচন্দ্র। একদিক দর্শক।
একদেশস্থ, ত্রি. বিণ. (একদেশ-স্থা, স্থিতি, ড) একদেশী।
একদেহ, পু. বি. (এক-দিহ, দেহ, অল) বুধ গ্রহ; এক শরীর, অভিন্ন দেহ; একাত্মা; তুল্য দেহ।
একধা, ত্রি. বিণ. (এক, সংখ্যা, ধাচ্) একপ্রকার।
একধুর, ত্রি. বিণ. (এক-ধুর, পশ্বাদি, ক) একভারবাহক গবাদি; এক পিঠা গরু; ইতি অমরকোষ।
একনট, পু. বি. (এক-নট, ব্যক্তিভেদ, অল) কথক।
একনাম, ত্রি. বিণ. (এক-নম, সংজ্ঞা, ঘঞ) সমান; স্বনামক; সমান নামক; এক সংজ্ঞা; একাখ্যা।
একপ, পু. বি. (এক-পাদ, পোয়া, অ) চতুর্থাংশ।
একপত্নী, স্ত্রী. বি. (এক-পত, ভার্য্যা, নি ঈ) পতিব্রতা; সতী; সাধ্বী; প্রধান ভার্য্যা, শ্রেষ্ঠ ভার্য্যা।
একপদ, ক্লী. বি. (এক-পদ, সময়, অল) তৎকাল।
একপদী, স্ত্রী. বি. [এক-পদ, পথ, ঈ] পন্থা; বর্ত্ম।
একপরামর্শ, পু. বি. (এক-পরা-মৃশ, যুক্তি, অল) একমন্ত্র; ষড়যন্ত্র; এক মন্ত্রণা; এক যুক্তি; ইতি মেদিনী।
একপক্ষ, ত্রি. বিণ. (এক-পক্ষ, সহায়, অল) সহায়; সপক্ষ; আপনার পক্ষ; সানুকূল; ইতি জটাধর।
একপাটা, স্ত্রী. বি. [এক-পাটা, বস্ত্রভেদ, আ] গাত্রবস্ত্রবিশেষ; উড়ানী; চাদর বিশেষ; ইতি ধরণি।
একপাত, পু. বি. (এক-পাদ, পতন, ক্বিপ্) মহাদেব।
একপাশ, পু. বি. (এক-পাশ, পার্শ্ব, অ) একপার্শ্ব।
একপিঙ্গ, পু. বি. (এক-পিঙ্গ, ব্যক্তিভেদ, অ) কুবের।
একপিঙ্গল, পু. বি. (এক-পিঙ্গল, ব্যক্তিভেদ, অ) কুবের।
একপেট, ক্লী. বি. (এক-পেট, উদর, অল) একপরামর্শ; একোদর, একযুক্তি; একমাত্র মন্ত্রণা।
একপ্রকার, ত্রি. বিণ. (এক-প্র-কৃ, করণ, ঘঞ) একাকার; সমান; অভিন্ন; যাহার কোন প্রভেদ নাই।
একপ্রভুত্ব, পু. বি. (এক-প্র-ভু, স্বামী, ত্ব) একমাত্রের কর্ত্তৃত্ব; একাধিপত্য; এক স্বামীত্ব; ইতি অমরকোষ।
একবর্ণী, স্ত্রী. বি. (এক-বর্ণ, বাদ্যভেদ, ঈ) বাদ্যবিশেষ; করতালি; করধ্বনি; ইতি শব্দ রত্নাবলী।
একবর্ষিকা, স্ত্রী. বি. (এক-বর্ষ, জন্তুভেদ, ইক-আ) এক হায়নীগো; একবৎসরের গরু; ইতি হেমচন্দ্র।
একবাগিয়া, ত্রি. বিণ. (অ-বাধ, বাধ্য, য) অবাধ্যর ভাষা; একগুঁয়া; প্রৌঢ়িকারী; জেদ কারক।
একবার, ক্রিবিণ. (এক-বৃ, সংখ্যাভেদ, ঘঞ) সকৃৎ; একধা; এককাল; এক সময়; বারেক; একদা।

একবার্গী, ক্রি বিণ. (এক-বার্গ, সময়, ইন্) এককালে; একেবারে; এক সময়ে; একাবসরে; ইতি হেমচন্দ্র।

একবিষয়ী, ত্রি. বিণ. (এক-বি-বি, ইচ্ছা, ইন্) এক-বিষয়াসক্ত; একাভিলাষী; যাহার একই ইচ্ছা।

একবীর, পু. বি. (এক-বীর, ক্ষমতা, ক) অতুল্যবীর; বৃক্ষ বিশেষ; মহাবীর; সরুদ্বীর; সুবীরক।

একভক্তব্রত, পু. বি. (একভক্ত-ব্রত, সকৃৎভোজন, অল) রাত্রিভোজনত্যাগপূর্ব্বক দিবাভোজনের নিয়ম।

একমনাঃ, ত্রি. বিণ. (এক-মন, মনন, অস্) একপরামর্শী; একচিত্ত; একান্তঃকরণ; যাহার একমাত্র যুক্তি।

একমুনি, ত্রি. বিণ. (এক-মুন, ব্যক্তিভেদ, ই) গৌরাঙ্গের ভক্ত বিশেষ; যে ব্যক্তি গৌরাঙ্গের সেবাকরে।

একমূলা, স্ত্রী. বি. (এক-মূল, উদ্ভিজ্জ ভেদ, ঙ-আ) শালপর্ণী বৃক্ষ; শাল পাইন গাছ; ইতি শব্দরত্নাবলী।

একযষ্টিকা, স্ত্রী. বি. [এক-যষ্টিক, অলঙ্কারভেদ, আ] হার বিশেষ; একনরি হার; একাবলী; ইতিহেমচন্দ্র।

একযোট, ত্রি. বিণ. (এক-যুট, সঙ্গ, অল) একসঙ্গ; সমভিব্যাহারী; যাহারা এক সঙ্গে থাকে।

একযোনি, পু. বি. (এক-যুন, আকর, ই) সৌদর্য্য ভ্রাতা; সহোদর; একমূল; এক স্থানে উৎপন্ন।

একরজঃ, পু. বি. (এক-রজ, উদ্ভিজ্জভেদ, অস্) ভৃঙ্গরাজ বৃক্ষ; ভীমরাজ গাছ; উদ্ভিজ্জ বিশেষ।

একরত্তি, ত্রি. বিণ. (এক-রত, কিঞ্চিৎ, ক্তি) অত্যল্প; সামান্য; একটুখানি; যথা কথঞ্চিৎ; যাহাকিছু।

একরূপ, ত্রি. বিণ. (এক-রূপ, আকার, ক) একাকার; সদৃশ; সমান; একপ্রকার; একরকম; তুল্য।

একরোখা, ত্রি. বিণ. (এক-রুষ, ক্রোধ, অল) ক্রোধী; একগুঁয়া; স্বেচ্ছাচারী; পর্য্যালোচনা শূন্য।

একলা, ত্রি. বিণ. (এক, সংখ্যা, অক) একক; একাকী।

একলাই, ক্লী. বি. (যাং) উত্তরীয়বসন; প্রাবার; উড়ানী।

একলা ছুকলা, ত্রি. বিণ. (একজন-দুজন, ব্যক্তি, অল) একাকী; দ্বিতীয় রহিত; (ক্রি বিণ.) এক বা দুই।

একশফ, পু. বি. (এক-শফ, জন্তুভেদ, অল) ঘোটক; এক খুরে জন্তু; যে জন্তুর একমাত্র খুর; ইতিমেদিনী।

একশৃঙ্গ, পু. বি. (এক-শৃঙ্গ, শিং, অল) একশৃঙ্গযুক্তপশু।

একষষ্টি, স্ত্রী. বি. (এক-ষষ, সংখ্যা, ক্তি) সংখ্যা বিশেষ

একসঙ্গি, ত্রি. বিণ. (এক-সনজ সঙ্গ, ই) সার্থ; সমভিব্যাহারী; সঙ্গী; সংসৃষ্ট; সহবাসী; ইতি ধরণি।

একসূত্র, পু. বি. (এক-সূত্র, আদি, অল) ডমরু বাদ্য; একমূল; এককারণ; একই আদি; ইতি অমরকোষ।

একহায়নী, স্ত্রী. বি. (এক-হায়ন, বৎসর, ঈ) একবর্ষীয় গবী; এক বৎসরের গরু; এক বৎসরের বাছুর।

একহারা, ত্রি. বিণ. (এক-হৃ, হরণ, ঘঞ-আ) কৃশ শরীর; অদ্বয়; একমাত্র; ক্ষীণাঙ্গ; যাহার কৃশঅবয়ব।

একা, ত্রি. বিণ. (এক, সংখ্যা, আ) একক; একাকী; যথা—একা ফেলে আমারে নিশ্চিন্ত হয়ে রলে। ইতি কুমারসম্ভব ৪৪ পৃষ্ঠা।

একাকার, ত্রি. বিণ. (এক-আ-কৃ, করণ, ঘঞ) একসমান; এক অবয়ব; যথা—উর্দ্ধে থেকে দৃষ্ট হয় যেন একাকার। ইতি কর্ম্মদেবী ৪৯ পৃষ্ঠা।

একাকী, ত্রি. বিণ. [একাকিন্, এক, প্রথমা] সহায় রহিত; একক; একলা; যথা—একাকী থাকিতে পারিতেন না ইতি কাদম্বরী ২৫ পৃষ্ঠা।

একাগ্র, ত্রি. বিণ. (এক-অগ, অগ্র, র) অনন্য চিত্ত; অভিনিবিষ্ট; মনোযোগী; একতান; এক মনা; যথা—একাগ্রচিত্ত হইয়াছেন ইতি কাদম্বরী ১৫ পৃষ্ঠা।

একাগ্রতা, স্ত্রী. বি. [একাগ্র, একমন, তা] অনন্যচিত্ততা; অভিনিবেশ; প্রনিধান; এক বিষয়েই আসক্তি।

একাঙ্গ, পু. বি. (এক-অঙ্গ, অবয়ব, অল) বুধগ্রহ; এক শরীর; এক অবয়ব; (ক্লী.) চন্দন; সুগন্ধিদ্রব্যভেদ।

একাতপত্র, ক্লী. বি. (এক আত-পত্র, ছত্র, অল) সার্ব্বভৌম; মহারাজ চক্রবর্ত্তী; একচ্ছত্র; একাধিপত্য।

একাত্তর, ত্রি. বিণ. (এক-সত্তর, সংখ্যা, অ) একসপ্ততি।

একাত্মতা, স্ত্রী. বি. [একাত্মন্, অভিন্ন, তা] অভেদ্য; একস্বরূপতা; এক আত্মার সাধারণ ধর্ম্ম; ইতি বিশ্ব।

একাত্মা, পু. বি. [এক-আত্মন্, প্রাণ, প্রথমা] একপ্রাণ; একদেহ; অভিন্ন; একান্তঃকরণ; এক মন।

একাদশ, ত্রি. বিণ. [এক-দশন, সংখ্যাভেদ, ডট] সংখ্যা বিশেষ; এগার; যথা—একাদশ শত উনবতি ইতি বাহ্যবস্তুর সহিত মানবপ্রকৃতির সম্বন্ধ ৯০ পৃষ্ঠা।

একাদশী, স্ত্রী. বি. (একাদশ, সংখ্যাভেদ, ঈ) তিথি বিশেষ; চন্দ্রের একাদশকলাক্রিয়ার কাল; হরিবাসর।

একাদি ক্রম, ত্রি. বিণ. (এক-আদি-ক্রম, নিয়ম, অল) আনুপূর্ব্বিক; অনুক্রম; ক্রমানুরূপ; একাদি নিয়ম।

একাদোকা, ত্রি. বিণ. [এক-দ্বি, সংখ্যাভেদ, চ্বি] এক লাছুকলা; ছুই এক; একাকী; অসহায়; ইতিমেদিনী।

একাধিপতি, পু. বি. (এক-অধি-পা, রক্ষণ, ক্তি) এক প্রভু; সম্রাট; অদ্বিতীয় অধিরাজ; যথা—একাধিপতি হইয়া ইতি রঘুবংশ ১১ পৃষ্ঠা।

একানব্বই, ত্রি. বিণ. (এক-নব, সংখ্যাভেদ, ক্তি) এক নবতি; সংখ্যাবিশেষ; একানই; ইতি অমরকোষ।

একান্বিয়া, ত্রি. বিণ. (এক-অনু-ই, গমন, অল) এক অন্বয়ের ভাষা; অসমভিব্যাহারী; একক; ইতিবিশ্ব।

একান্ত, ত্রি. বিণ. (এক-অন্ত, আতিশয্য, অল) অত্যন্ত; একের অবধারণ; নির্জন; অতিমাত্র; যথা—একান্ত অনুরক্ত হইয়া ইতি কাদম্বরী ১৯ পৃষ্ঠা।

একান্তরা, ত্রি. বিণ. [এক-অন্তর, ব্যবধান, আ] এক দিন ব্যবধান; একদিবস অন্তর; ইতি অমরকোষ।

একান্ন, ত্রি. বিণ. (এক-অন্ন, দ্রব্যভেদ, অল) সহভোক্তা; সংসৃষ্ট; একাহারী; এক পঞ্চাশৎ সংখ্যা।

একান্নবিংশতি, ত্রি. বিণ. (একান্ন-বিংশ, সংখ্যা, ক্তি) একোনবিংশতি; উনিশ; উনবিংশতি; ইতি বিশ্ব।

একাবয়ব, ত্রি. বিণ. (এক-অবয়ব, আকার, চিহ্ন) সমানাকৃতি; তুল্যাকার; সদৃশ অবয়ব; একাকৃতি।

একাবলী, স্ত্রী. বি. (এক-আ-বল, শ্রেণী, ঈ) হার বিশেষ; এক যষ্টিকা; একনর হার; ইতি অমরকোষ।

একাব্দ, পু. বি. (এক-অব্দ, বৎসর, অল) একবৎসর; একবর্ষ; (স্ত্রী.) এক হায়নী; ইতি শব্দরত্নাবলী।

একায়ত্ত, ত্রি. বিণ. (এক-আ-যত, যত্ন, ক্ত) একপ্রভুক; একাধীন; যার একই আশ্রয়; যাহার একেই যত্ন।

একায়ন, ত্রি. বিণ. (এক-অয়, গতি, অনট) একাগ্র; একবিষয়াসক্ত; অনন্যমনাঃ; যাহার অন্য মন নহে।

একার, পু. বি. (এ-কৃ, করণ, ঘঞ) একাদশ স্বরবর্ণ।

একার্ণব, পু. বি. (এক-অর্ণব, সমুদ্র, অ) একাকার; যথা—পুরাকালে একার্ণব জগতে ইতি নৈষধ ৭১পৃষ্ঠা।

একার্থ, পু. বি. (এক-অর্থ, তাৎপর্য্য, অল) তুল্যার্থ; সমান তাৎপর্য্য; সদৃশ অর্থ; একই তাৎপর্য্য।

একাশ্রিত, ত্রি. বিণ. (এক-আ-শ্রি, আশ্রয়, ক্ত) অনন্য গতিক; কেবল একের শরণাপন্ন; একাধীন।

একাশ্রিতগুণ, পু. বি. (এক-আশ্রিত-গুণ, ধর্ম্মভেদ, ক) একবৃত্তিধর্ম্ম; একত্ব; একের সাধারণ ধর্ম্ম।

একাহ, পু. বি. (এক-অহ, দিবস, অ) একদিবস।

একাহিক, ত্রি. বিণ. (এক-অহ, দিবস, ইক) একদিন সাধ্য; একদিনে উৎপাদ্য; যাহা এক দিনে হয়।

একাষ্ঠীল, পু. বি. (এক-আ-ষ্ঠা, বৃক্ষভেদ, ল) বৃক্ষবিশেষ; বকবৃক্ষ; মণিপুষ্প গাছ। [কাণ।

একাক্ষ, পু. বি. (এক-অক্ষ, দর্শন, অল) কাক; একচক্ষু।

একি, ত্রি. বিণ. (এক, সংখ্যাভেদ, ই) তুল্য; সমান; সদৃশ; অভিন্ন; একমাত্র; একি আশ্চর্য্য; ইতিবিশ্ব।

একীয়, ত্রি. বিণ. [এক, সংখ্যা ভেদ, ঈয়] একপক্ষ;

একুড্যা, ত্রি. বিণ. (এ-কুড়, গোপন, ক্যপ-আ) বিরল; নির্জন; গোপন; জন শূন্য; যেখানে মনুষ্য নাই।

একুন, স্ত্রী. বি. (এক, সংখ্যা, উন) সমষ্টি; মোট; সর্ব্বশুদ্ধ; সমুদায়; সকল; যাবৎ; ইতি অমরকোষ।

একুশ, ত্রি. বিণ. [এক-বিংশ, সংখ্যা, অ] একবিংশতি।

একে একে, ক্রিবিণ. (একে-এক, ক্রম, এ) ক্রমশঃ; ক্রমে ক্রমে; পৃথক পৃথক; যথা—একে একে দেবগণে ইতি রামায়ণ ৪৩৩ পৃষ্ঠা।

একেলা, ত্রি. বিণ. [এক, সংখ্যা, আ] একা; অসহায়।

একেশ্বর, ত্রি. বিণ. (এক-ঈশ, পতি, বর) এক প্রভু; যথা—রহে একেশ্বর ইতি রামায়ণ ৩৮ পৃষ্ঠা।

একোদ্দিষ্ট, ক্লী. বি. (এক-উৎ-দিশ, উদ্দেশ, ক্ত) এক ব্যক্তির উদ্দেশে শ্রাদ্ধ; সাংবৎসরিক শ্রাদ্ধ।

একোপম, ত্রি. বিণ. (এক-উপ-মা, তুল্য, ড) একের সদৃশ; তত্তুল্য; তৎসদৃশ; তাহার ন্যায়; ইতি ধরণি।

এখন, ক্রিবিণ. (এক্ষণ, সময়, অল) এক্ষণে; সম্প্রতি; অধুনা; ইদানীং; এসময়ে; ইতি মেদিনী।

এখান, ক্লী. বি. (এ-খণ্ড, ভাগ, অল) এস্থান; এস্থল।

এখানে, ক্রিবিণ. (এ-স্থা, স্থান, অনট-এ) এস্থানে।

এখ্তিয়ার, পু. বি. (যাং) ক্ষমতা; শক্তি; পরাক্রম; ইচ্ছা; বাসনা; পছন্দ; স্বাধীন; আপনার বশ।

এগার, ত্রি. বিণ. (একাদশন, সংখ্যা, ডট) একাদশ; যথা—এগার যোজন দ্বার ইতি রামায়ণ ৫৫ পৃষ্ঠা।

এজন্য, ক্রিবিণ. (এ-জন, কারণ, য) এইকারণ; এনিমিত্ত।

এজাহার, ক্লী. বি. (যাং) দর্শান; প্রকাশকরণ; গুপ্তব্যক্ত।

এটে, ক্লী. বি. (অষ, দ্রব্যভেদ, ক্তি) (অষ্টির ভাষা; কদলীর মূল; কলাগাছের গোড়া; ইতি হলায়ুধ।

এড়, ত্রি. বিণ. (ইড়, বধিরতা, অল) বধির; কালা; শ্রবণেন্দ্রিয় হীন; যে ব্যক্তি শুনিতে পায় না।

এড়ক, পু. বি. (ঈড়, জন্তুভেদ, ণক) মেষ; ভেড়া।

এড়কা, স্ত্রী. বি. (ঈড়, জন্তুভেদ, ণক-আ) মেষী; ভেড়ী।

এড়গজ, পু. বি. (এড়গজ, বৃক্ষভেদ, অল) চক্রমর্দ্দক;

চাকুন্দিয়া ; স্বনাম খ্যাত বৃক্ষবিশেষ ; ইতি ধরণি।

এড়ন , ক্লী . বি . (এড় , ত্যাগ , অনট) জাল ক্ষেপণ ; ত্য-জন ; ছাড়ান ; পরিত্যাগকরান ; বাঁচন ; ইতিহলায়ুধ।

এড়মূক , ত্রি . বিণ . (এড়-মূক , ইন্দ্রিয় দ্বয় হীনতা , ক) শ্রবণ ও বাগিন্দ্রিয়হীন ; হাবাকালা ; বাক্‌শ্রুতিবর্জ্জিত।

এড়াওন , ক্লী . বি . (এড় , ত্যাগ , অনট) পলায়ন।

এড়াকানি , ক্লী . বি . (আড়-কান , অলস, ই) তাচ্ছিলা ; উপেক্ষা ; আলস্য করণ ; অগ্রাহ্য করণ ; ইতি বিশ্ব।

এডটিয়া , ত্রি . বিণ . (অ-পরি-ছদ, অপরিষ্করণ, ক্ত) আ-লসিয়া ; অপরিষ্কৃত ; অপরিচ্ছিন্ন ; অকর্ম্মা ; অধম।

এণ , পু . স্ত্রী . বি . (এন , জন্তুভেদ , অ) মৃগ বিশেষ ; যথা-অয়ি ! এণনয়নাহেলেনা,ইতিসেক্‌সপিয়র৩৬৯পৃষ্ঠা।

এণভূৎ , পু . বি . (এণ-ভৃ , ভরণ , ক্বিপ্) চন্দ্র ; মৃগাঙ্ক।

এত , ত্রি . বিণ . [ইদম , এই , চ্বি] আগত ; এতাবৎ ; ই-য়ৎ সংখ্যক ; অধিক ; (পু . বি .) মৃগ ; কালসার।

এতজ্জন্য , ক্রি বিণ . (এতৎ-জন , কারণ , য) এতন্নিমিত্ত ; এই কারণ ; এইহেতু ; ইহাবশত ; ইতি মেদিনী।

এতৎ , ত্রি . বিণ . [এতদ , এই , চ্বি] পুরোবর্ত্তি ; সম্মু-খস্থ ; এই ; যথা—এতৎ সমস্ত স্মরণ ইতি সেক্‌স-পিয়র ৩৬ পৃষ্ঠা।

এতৎকাল , পু . বি . (এতৎ-কাল , সময় , অ) উপস্থিত কাল ; এইকাল ; এসময় ; সম্প্রতি ; এখন ; ইতি বিশ্ব।

এতৎকালীন , ত্রি . বিণ . (এতৎ-কাল , সময় , ঈন) এই কালীন ; আধুনিক ; এই সময়ের ; ইহকালের।

এতত্তুল্য , ত্রি . বিণ . (এতৎ-তুল, সমতা, য) ঈদৃশ ; এই রূপ ; এই প্রকার ; ইহার সমান ; ইহার ন্যায়।

এতৎসম , ত্রি . বিণ . (এতৎ-সম , সমতা , অ) এতাদৃশ ; ইহার সমান ; এইরূপ ; এতৎ সদৃশ ; ইহার তুল্য।

এতৎক্ষণে , ক্রি বিণ . (এতৎ-ক্ষণ , সময় , এ) এইক্ষণে ; সম্প্রতি ; অধুনা ; এইকালে ; এই সময়ে ; ইতি বিশ্ব।

এতদঙ্ক , পু . বি . (এতৎ-অঙ্ক . চিহ্ন , অল) এই অঙ্ক ; এই কোল ; (ক্লী .) এই চিহ্ন ; এই অঙ্গ ; এই শরীর।

এতদতিরিক্ত , ত্রি . বিণ . (এতৎ-অতি-রিচ , ভিন্নতা , ক্ত) ইহা ব্যতীত ; এছাড়া ; এতদ্ভিন্ন ; ইতি অমরকোষ।

এতদনন্তর , ক্রি বিণ . (এতৎ-অন্-অন্তর , শেষ , অ) ই-হার পর ; ইহার শেষ ; ইহার পশ্চাৎ ; ইতি মেদিনী।

এতদন্তর , ক্রিবিণ . (এতৎ অন্তর , শেষ, অ) ইহারপর ; এই অবসর ; এতদ্ভিন্ন ; ইহা ছাড়া ; ইতি জটাধর।

এতদবধি , ক্রিবিণ . (এতৎ-অব-ধা , সীমা , কি) এইঅ-বধি ; এপর্য্যন্ত ; এই ইস্তক ; এই সীমা ; ইতি ধরণি।

এতদাদি , ত্রি . বিণ . [এতৎ-আদি , প্রথম , চ্বি] এতৎ প্রভৃতি ; এমত এমত ; অন্য অন্য ; ইহা আদি।

এতদিতর , ত্রি . বিণ . (এতৎ-ইতর , ভিন্নতা , অ) এত-দ্ভিন্ন ; এ ছাড়া ; ইহা ব্যতিরেক ; ইতি মেদিনী।

এতদীয় , ত্রি . বিণ . (এতদ , এই , ঈয়) এতৎ সম্বন্ধীয়।

এতদুত্তম , ত্রি . বিণ . (এতৎ-উত্তম , শ্রেষ্ঠ , অ) ইহা হ-ইতে উত্তম ; ইহা হইতে শ্রেষ্ঠ ; ইহা অপেক্ষা ভাল।

এতদ্গরিষ্ঠ , ত্রি . বিণ . [এতৎ-গর , গুরু , ইষ্ঠ] ইহা অপেক্ষা গুরুতর ; ইহা অপেক্ষা প্রধান ; ইতি বিশ্ব।

এতদ্দেশ , পু . বি . (এতৎ-দিশ , দেশ , অল) এইদেশ।

এতদ্দেশ জাত , ত্রি . বিণ . (এতৎ-দেশ-জন , জনন, ক্ত) এইদেশ জাত ; যাহা এই দেশে জন্মিয়াছে।

এতদ্ধেতুক , ক্রি বিণ . [এতৎ-হেতু , কারণ, ক] এইহেতু ; এই জন্য ; এই কারন ; ইহা নিমিত্ত ; ইতি মেদিনী।

এতদ্বৎ , ত্রি . বিণ . [এতদ , এই , বতু] ঈদৃশ ; এতৎ স্ব-রূপ ; এমন ; ইহার সদৃশ ; ইহার ন্যায় ; ইতিমেদিনী।

এতদ্বিষয় , পু . বি . (এতৎ-বি-ষি , বস্তু প্রভৃতি , অল) এই বিষয় ; এই সম্পত্তি ; এই বস্তু ; এই ব্যাপার।

এতদ্ব্যতিরিক্ত , ক্রি বিণ . (এতৎ-বি-অতি-রিচ ; ভিন্নতা, ক্ত) ইহা বিনা ; এব্যতিরেকে ; ইহা ভিন্ন।

এতদ্ভিন্ন , ত্রি . বিণ . (এতৎ-ভিদ , ভেদ, ক্ত) এতদ্ব্যতীত।

এতন , পু . বি . (এ-তন , বায়ুভেদ , অ) নিশ্বাস।

এতন্ন্যায় , ত্রি . বিণ . (এতৎ-নি-অয় , গতি , ঘঞ) ইহার তুল্য ; এতৎ সদৃশ ; ইহার সমান ; এপ্রকার।

এতন্মধ্যে , ক্রিবিণ . [এতৎ-মধ্য, স্থানভেদ, এ] ইহারমধ্যে.

এতন্মনাঃ , ত্রি . বিণ . (এতৎ-মন , অন্তঃকরণ , অস্) এব-ম্প্রকার মনোযুক্ত ; এইপ্রকার অন্তঃকরণ বিশিষ্ট।

এতন্মাত্র , ত্রি . বিণ . [এতৎ-মাত্র, কেবল , চ্বি] এইমাত্র।

এতর্হি , ব্য . [এতদ , এই, তর্হি] এতস্মিনকালে , সম্প্রতি ; এক্ষণে ; এখন ; এই সময় ; ইহকালে ; ইতি হেমচন্দ্র।

এতল্লোক , পু . বি . (এতৎ লোক , ব্যক্তি , অল) এই ব্যক্তি ; ইহ লোক ; এই মনুষ্য ; ইতি অমরকোষ।

এতশঃ , পু . বি . (এতশ , বর্ণভেদ , অস) ব্রাহ্মণ।

এতাদৃক , ত্রি . বিণ . (এতদ-দৃশ , দর্শন , ক্বিপ্) এতা-দৃশ ; এতৎ সমান ; এতত্তুল্য ; এই প্রকার ; যথা—এতাদৃক্ প্রয়াস পাইতেছে ইতি নৈষধচরিত ৩০ পৃষ্ঠা।

এতাদৃশ, ত্রি. বিণ. (এতদ-দৃশ, দর্শন, ক্বিপ্) এই প্রকার; এবম্বিধ; এইরূপ; যথা—এতাদৃশ রত্ন সকলও ইতি কাদম্বরী ২৭ পৃষ্ঠা।

এতাবতা, ক্রি বিণ. [এতাবৎ, এই, আ] ইহাতে; এই প্রকারে; এমতে; ইহাতে করে; এই রকমে।

এতাবৎ, ক্রি বিণ. [এতদ, এই, বতু] এতৎ পরিমাণ; এত; ইয়ৎ; এই পর্য্যন্ত; এত অবধি; ইতি জটাধর।

এতাবন্মাত্র, ত্রি. বিণ, [এতাবৎ-মাত্র, কেবল, চি্ব] এই মাত্র; ইহাই কেবল; এই; ইহা; ইতি শব্দরত্নাকর।

এতাবান, ত্রি. বিণ. [এতদ, এই, বতু] এইমাত্র; ইহাই।

এতেক, ক্রিবিণ. [এতদ, এই, বতু] এতাবৎ; এই; ইয়ৎ; অপরিমিত; ইহা; এত; যাহার পরিমাণ নাই।

এত্তেলা, ক্লী. বি. (যাং) সম্বাদ; সমাচার; খবর।

এত্তেলানামা, ক্লী. বি. (যাং) সম্বাদ পত্র; ঘোষণাপত্র।

এতবার, ক্লী. বি. (যাং) বিশ্বাস; প্রত্যয়; প্রতীত।

এথা, ত্রি. বিণ. (এ-স্থা, স্থান. অনট) অত্র; এইস্থানে।

এধঃ, পু. ক্লী. বি. (এধ, গতি, অস্) ইন্ধন; জ্বালানিকাঠ।

এধতু, পু. বি. (এধ, গতি, তু) পুরুষ, অগ্নি; (ত্রি. বিণ.) বর্দ্ধিত; বৃদ্ধিযুক্ত; ইতি শব্দরত্নাবলী।

এধিত, ত্রি. বিণ. (এধ, গতি, ক্ত) বর্দ্ধিত; বৃদ্ধিপ্রাপ্ত।

এনস, ক্লী. বি. (ইন, মন্দক্রিয়া, অস) পাপ; অপরাধ; নিন্দা; কুক্রিয়া; মন্দকার্য্য; কুৎসা; ইতি মেদিনী।

এনিমিত্ত, ক্রিবিণ. (এ-নি-মিত, কারণ, ক্ত) এইকারণ; এই হেতুক; এজন্য; ইহার কারণ; ইতি অমরকোষ।

এপর্য্যন্ত, ক্রি বিণ. (এ-পরি-অন্ত, শেষ; অল) এই অবধি; এই কাল যাবৎ; এতাবৎ সীমা; ইতি হেমচন্দ্র।

এপ্রযুক্ত, ক্রি বিণ. (এ-প্র-যুজ, যোগ, ক্ত) এই কারণ; এনিমিত্ত; এই হেতু; ইহার জন্য; ইতি মেদিনী।

এব, (ব্য.) অবধারণ বা নিশ্চয়ার্থ বোধক; তদিতরের ব্যবচ্ছেদ; একহইতে অপরের নিরাশ; ইতিহেমচন্দ্র।

এবং (ব্য.) আর; সমুচ্চয়ার্থ; অপিচ; অপর; সাম্য।

এবম্প্রকার, ত্রি. বিণ. (এবং-প্র-কৃ, করণ, ঘঞ) এবম্বিধ; ঈদৃশ; এই প্রকার; এইরূপ; এই রকম; ইতি বিশ্ব।

এবম্ভূত, ত্রি. বিণ. (এবং-ভূ, সত্তা, ক্ত) এইপ্রকার; যথা—পূর্ব্বোক্ত এবম্ভূত ইতি নৈষধচরিত ৩৮ পৃষ্ঠা।

এবার, ক্রিবিণ. (এ-বৃ, সময়, ঘঞ) এসময়; এতৎপর্য্যায়; এপালায়; এসময়; এদফা; একালে; ইতি অমরকোষ।

এবে, ক্রি বিণ. (এব, এবার, এ) এবারে; এক্ষণে।

এমত, ত্রি. বিণ. (এ-মন, প্রকার, ক্ত) এরূপ; এপ্রকার।

এমন, ত্রি. বিণ. (এ-মন, প্রকার, অল) এবম্বিধ।

এমারৎ, ক্লী. বি. (যাং) অট্টালিকা; পাকা বাটী।

এরণ্ড, পু. বি. (এরণ্ড, বৃক্ষভেদ, অল) ভেরেণ্ডাগাছ।

এরণ্ডা, স্ত্রী. বি. (এরণ্ড, বৃক্ষভেদ, আ) পিপ্পলী।

এরূপ, ত্রি. বিণ. (এ রূপ, প্রকার, ক) ঈদৃশ; এমন।

এলঙ্গ, পু. বি. (এলঙ্গ, মৎস্যভেদ, অল) মৎস্যবিশেষ; রায়কড়া মাছ; রায় খাঁড়া মাছ; ইতি হেমচন্দ্র।

এলবাস, ক্লী. বি. (যাং) বস্ত্র; পোষাক; কাপড়।

এলম্, ক্লী. বি. (যাং) জ্ঞান; বুদ্ধি; বিবেচনা।

এলবিল, পু. বি. (এলবিল, ব্যক্তিভেদ, অল) ঐলবিল; কুবের; যক্ষ রাজ; ত্র্যম্বকসখ; ধনদ; ধনাধিপ।

এলা, স্ত্রী. বি. (এল, বৃক্ষভেদ, আ) ফল বৃক্ষবিশেষ; এলাচি; এলাইচ; যথা—এলা লতা. সকল ফল ভরে ইতি রঘুবংশ ২৬ পৃষ্ঠা।

এলাচি স্ত্রী. বি. (এল, ফল ভেদ, আ) এলা; এলাইচ।

এলাপর্ণী, স্ত্রী. বি. (এলা-পর্ণ, পত্র, ঈ) বৃক্ষবিশেষ; কাঁটা; আমরুলী; এলানি; মশলাবিশেষ।

এলুয়া, ত্রি. বিণ. (অ সং-লস্জ, যোগ, ক্ত) অসংলগ্নর প্রচলিত ভাষা; শিথিল; খোলা; আলগা।

এলোথেলো, ত্রি. বিণ. (স্খল, স্খলন, ক্ত) স্খলিত হওয়া; খসে পড়া; খুলিয়া যাওয়া; যথা—এলোথেলো হইলকেশ কাঁদে উচ্চস্বরে। ইতিকুমার ৪৪পৃষ্ঠা।

এষ, পু. বি. [এতদ, এই, প্রথমা] পুরোবর্ত্তি পুরুষ।

এষণ, পু. বি. (এষ, দ্রব্যভেদ, অনট) লৌহময় বাণ; (ক্লী.) অন্বেষণ; অনুসন্ধান; তত্ত্ব; খোঁজা।

এষণী, স্ত্রী. বি. (এষ, দ্রব্য ভেদ, অনট-ঈ) ব্রণমার্গানুসারিণী; বেলকার; তুলাভেদ; নিক্তি।

এষা, স্ত্রী. বি. [এতদ, এই, স্ত্রীলিঙ্গে প্রথমা] ইচ্ছা।

এহেতুক, ক্রি বিণ. (এ-হেতু, কারণ, কন্) এতন্নিমিত্ত।

এক্ষণে, ক্রিবিণ. (এ-ক্ষণ, সময়, অল) এইসময়ে; এখন; যথা—এক্ষণেযাহা কর্ত্তব্য করুন ইতিকাদম্বরী ১৯পৃষ্ঠা।

ঐ

ঐ, ঐকার; দ্বাদশ স্বরবর্ণ; (ব্য.) স্মরণার্থ; আহ্বান; আমন্ত্রণ; কিঞ্চিদ্দূরস্থদৃশ্যবস্তু; (পু. বি.) মহেশ্বর।

ঐকবাক্য, ক্লী. বি. (ঐক-বচ, বাক্য, ঘ্যণ) একবাক্যতা; পরস্পর প্রণয়; মিল; পরস্পর যোগ; ইতি ধরণি।

ঐকমত্য, ক্লী. বি. [একমত, সম্মত, ষ্ণ্য] সম্মতি; একতা; একমত; সমানত; একবিধ অভিপ্রায়; ইতি মেদিনী।

ঐকাগারিক, ত্রি. বিণ. [একাগার, গৃহভেদ, ষ্ণিক] চৌর; তস্কর; একাগারবাসী; চোর; ইতিঅমরকোষ।

ঐকাগ্র্য, ক্লী. বি. [একাগ্র, মনোযোগ, ষ্ণ্য] একাগ্রতা; স্থৈর্য্য; অভিনিবেশ; মনঃসংযোগত্ব; ইতি বিশ্ব।

ঐকান্তিক, ত্রি. বিণ. [একান্ত, নিতান্ত, ষ্ণিক] নিতান্ত; একান্ত; গাঢ়; অত্যন্ত; দৃঢ়; যথা—ঐকান্তিক ভক্তি থাকিলে ইতি সেক্সপিয়র ২০২ পৃষ্ঠা।

ঐকাহিক, ত্রি. বিণ. [একাহ, এক দিন, ষ্ণিক] একাহ নিষ্পন্ন; একদিন অন্তর জাত; ইতি জটাধর।

ঐক্য, ক্লী. বি. [এক, সংখ্যা, ষ্ণ্য] একতা; মিল; একীভাব; মিলন; একভাব; পরস্পর সংযোগ।

ঐচ্ছিক, ত্রি. বিণ. (ইচ্ছা, অভিলাষ, ষ্ণিক) ইচ্ছাপূর্ব্বক; মানসাধীন; অভিলাষ সম্বন্ধীয়; ইতি বিশ্ব।

ঐণ, ত্রি. বিণ. [এণ, মৃগভেদ, ষ্ণ] এণসম্বন্ধীয়; মৃগচর্ম্মাদি।

ঐণিক, ত্রি. বিণ. [এণ, মৃগভেদ, ষ্ণিক] মৃগহন্তা।

ঐতিহ্য, ক্লী. বি. [ইতিহ, উপদেশ ভেদ, ষ্ণ্য] পরম্পর্য্যোপদেশ; পরম্পরাগত উপদেশ বাক্য; ইতিহ; ইতি কথা; প্রমাণ বিশেষ; প্রসিদ্ধ প্রবাদ।

ঐন্দ্র, ক্লী. বি. [ইন্দ্র, দ্রব্যাদিভেদ, ষ্ণ] জ্যেষ্ঠা নক্ষত্র; মূল বিশেষ; বন আদা; (পু.) বালিরাজ, (ত্রি. বিণ.) ইন্দ্র সম্বন্ধীয়; দেবরাজের; ইতি মেদিনী।

ঐন্দ্রজালিক, পু. বি. [ইন্দ্রজাল, কুহক, ষ্ণিক] ইন্দ্রজালকারী; মায়াকারক; কুহকী; বাজীকর; যথা—প্রস্পারো ঐন্দ্রজালিকবিদ্যায়ইতিসেক্সপিয়র২৯পৃষ্ঠা।

ঐন্দ্রজালিকী বিদ্যা, স্ত্রী. বি. (ঐন্দ্রজালিকী-বিদ, জ্ঞান ক্যপ্) ভোজবাজী; মায়া; কুহক; ইতি অমর।

ঐন্দ্রি, পু. বি. [ইন্দ্র. ব্যক্তিভেদ, ষ্ণি] জয়ন্ত; কাক; ইন্দ্রের পুত্র; বালিনাম বানর রাজ; ইতি হলায়ুধ।

ঐন্দ্রিয়ক, ত্রি. বিণ. (ইন্দ্রিয়, দর্শনাদি, কণ) প্রত্যক্ষ; ইন্দ্রিয় গ্রাহ্য; ইন্দ্রিয় সম্বন্ধীয়; ইন্দ্রিয়বিষয়ক।

ঐন্দ্রী, স্ত্রী. বি. (ইন্দ্র, ব্যক্তিভেদ, ণি-ঈ) শচী; দুর্গা; ভগবতীর শক্তি বিশেষ; অলক্ষ্মী; এলা; ইতি বিশ্ব।

ঐমত, ত্রি. বিণ. (ঐ-মন, ইচ্ছা, ক্ত) ঐ প্রকার; তদ্রূপ; সেইরূপ; উহার ন্যায়; উহাসদৃশ; ইতিবিশ্ব।

ঐরাবণ, পু. বি. (ইরাবৎ, জন্তুভেদ, অ) ঐরাবতহস্তী; ইন্দ্রের হাতী; (ক্লী.) রামধনু; ইতি হেমচন্দ্র।

ঐরাবত, পু. বি. [ইরাবত, জন্তুভেদ, ষ্ণ] স্বনাম খ্যাত হস্তী; ইন্দ্রের হাতী; যথা—ঐরাবত হইতে নামিয়া ভূমিতে, ইতি কুমারসম্ভব ৮৬ পৃষ্ঠা।

ঐরাবতী, স্ত্রী. বি. (ইরাবত, জন্তুভেদ, ঈ) সৌদামিনী; বিদ্যুৎ; হস্তিনী বিশেষ; ঐরাবত হস্তীর ভার্য্যা; পঞ্চাল দেশীয় নদীবিশেষ; রাবী; ইতি শব্দরত্নাবলী।

ঐরি, পু. বি. (ইর, অরি, ণি) শত্রু; অরি; বিপক্ষ; যথা—ঐরিভাবে কার্য্য নাই ইতি রামায়ণ ৩৫৫ পৃষ্ঠা।

ঐরিণ, ক্লী. বি. (ইরিণ, দ্রব্যভেদ, অ) পাংশবলবণ।

ঐরূপ, ত্রি. বিণ. (ঐ-রূপ, প্রকার, ক) ঐ প্রকার; যথা-ঐরূপ ঘোটক কখন দেখি নাই ইতিকাদম্বরী ২৬পৃষ্ঠা।

ঐরেয়, ক্লী. বি. (ইরা, দ্রব্যভেদ, ষ্ণেয়) মদ্য; সুরা।

ঐল, পু. বি. (ইলা, ব্যক্তিভেদ, ষ্ণ) ইলাপুত্র; চন্দ্রবংশীয় রাজা পুরুরবা; ইতি হেমচন্দ্র।

ঐলবিল, পু. বি. (ইলবিল, ব্যক্তিভেদ, অ) ইলবিলার পুত্র; কুবের; ধনেশ্বর; যক্ষরাজ; গুহ্যকেশ্বর।

ঐশানী, স্ত্রী. বি. (ঈশান, দিগ্‌ভেদ, ঈ) ঈশানকোণ; শক্তি বিশেষ; ঈশান সম্বন্ধীয়া; ইতি অমরকোষ।

ঐশিক, ত্রি. বিণ. [ঈশ, পতি, ষ্ণিক] ঈশসম্বন্ধীয়; ঈশ্বরের; ঐশ; যথা—অতএব ঐশিক বিচার ইতি সেক্সপিয়র ২১৯ পৃষ্ঠা।

ঐশী, ত্রি. বিণ. (ঈশ, পতি, ণীন্) ঈশ্বরসম্বন্ধী; ঐশ।

ঐশ্বর্য্য, ক্লী. বি. (ঈশ্বর, পতি, ষ্ণ্য) ঈশ্বর ধর্ম্ম; বিভূতি; সম্পত্তি; মহিমা; প্রভুত্ব; যথা—ধন ঐশ্বর্য্য সকলই নিষ্‌ফল। ইতি কাদম্বরী ১৮ পৃষ্ঠা।

ঐহিক, ত্রি. বিণ. (ইহ, এই, ষ্ণিক) ইহভব; ইহকাল জাত, ইহকালের; যথা—আমি ঐহিক বিষয়ের ইতি নৈষধচরিত ১০৯ পৃষ্ঠা।

ঐক্ষব, ত্রি. বিণ. (ইক্ষু, তৃণভেদ, ষ্ণ) ইক্ষু বিকার; ইক্ষু সম্বন্ধীয়; গুড়াদি; যাহা ইক্ষু হইতে হইয়াছে।

ও

ও, ওকার; ত্রয়োদশ স্বরবর্ণ; (ত্রি. বিণ.) পুরোবর্ত্তি; (ব্য.) সম্বোধন, আহ্বান; স্মরণ; অনুকম্পা; অভি-

প্রায় ; সমুচ্চয়ার্থ ; এবং ; আর ; ইতি অমরকোষ।
ওআড়, ক্লী. বি. (আ-বৃ, আবরণ, অনট) বালিশ প্রভৃতির আবরন বস্ত্র; বালিশ বেষ্টন কাপড়।
ওঁ, বা. (অ+উ+ম) ওম; প্রণব; আদ্য বীজ।
ওঁচলা, ক্লী. বি. (আ-বর্জ, দ্রব্যভেদ, অন) অবস্কর; আবর্জনা; জঞ্জাল; অপরিষ্কৃত দ্রব্য; ইতি বিশ্ব।
ওঁছা, ত্রি. বিণ. (হন, মন্দ, য) জঘন্য; হেয়; ইতিবিশ্ব।
ওঃ, (পু. বি.) ব্রহ্মা; প্রজাপতি; বিধাতা; ইতি অমর।
ওক, ক্লী. বি. (ওক, স্থান, ক) স্থান; আশ্রয়; গৃহ।
ওকড়া, স্ত্রী. বি. (ওক-অড়, দ্রব্যভেদ, ঙ-আ) পাঁচন; যথা—ওকড়া ধুতুরা ইতি রামায়ন ১৭ পৃষ্ঠা।
ওকন, পু. বি. (ওক, কীটভেদ, অন) কেশকীট; উকুন।
ওকালৎ, ক্লী. বি. (যাং) উকীলের ব্যবসায়; উকালতী।
ওক্কণি, স্ত্রী. বি. (ওক্কন, কীটভেদ, ঈ) উকুন; কেশকীট।
ওখ, ক্লী, বি. (উখ, গতি, অল) ভূষণ; শোষণ; সামর্থ্য; নিবারণ; সমর্থতা; নিষেধ; ইতি মেদিনী।
ওগো, (ব্য.) সম্বোধনার্থ শব্দ; আহ্বান; ডাকা; যথা—ওগো মহাশয় ইতি সেক্সপিয়র ৪৮৭ পৃষ্ঠা।
ওঘ, পু. বি. (উঘ, জলগতি, অল) সমূহ; জলবেগ; তরঙ্গ; দ্রুত নৃত্য গীত বাদ্য; পরম্পরা; উপদেশ।
ওঙ্কার, পু. বি. (ওঁ-কৃ, করণ, ঘঞ) ওঁ; প্রণব; ওঙ্কার ভিন্ন বেদের উচ্চারণ ইতি নৈষধ ১০৪ পৃষ্ঠা।
ওজর, ক্লী. বি. (যাং) হেতু; ছল; কারণ; প্রতিবন্ধক।
ওজস্, ক্লী. বি. (ওজ, তেজঃ, অস্) দীপ্তি; প্রকাশ; বল; তেজঃ; শোভা; স্বর্ণ; কাব্যের প্রৌঢ়তাদিগুণ।
ওঝা, পু. বি. (ওঝ, চিকিৎসক ভেদ, ঙ-আ) অহিতুণ্ডিক; বিষবৈদ্য; বিষ চিকিৎসক; সাপুড়ে।
ওঝালি, পু. বি. (ওঝা, বিষ চিকিৎসক, লি) বিষ বৈদ্যেরকর্ম্ম; বিষচিকিৎসা কার্য্য; ইতি অমরকোষ।
ওঠন, ক্লী. বি. (উঠ, উত্থান, অনট) উত্থান; আরোহণ; উঠন; অঙ্গন; উঠা; চড়া; ইতি হেমচন্দ্র।
ওড়ঘোড়, ত্রি. বিণ. (বেষ্ট, বেষ্টন, অনট) বস্ত্রাদি দ্বারা বেষ্টন; কাপড় দ্বারা ঘেরা ঘোরা; ইতি বিশ্ব।
ওড়না, ত্রি. বিণ. (হিন্দী) উত্তরীয় বসন; উড়ানী; যথা—উড়িছে ওড়না বাস ইতি কর্ম্মদেবী ২৫ পৃষ্ঠা।
ওড়ব, পু. বি. (ওড়ু, স্বর ভেদ, অ) পঞ্চস্বরযুক্তরাগ।
ওড়িকা, স্ত্রী. বি. (ওড়, দ্রব্য ভেদ, ইক-আ) ধান্য বিশেষ; উড়িধান; নীবার; পর্ব্বতীয় ধান্য।

ওড্র, পু. বি. (উড, দেশভেদ, র) পুষ্প বৃক্ষ বিশেষ; জবা পুষ্প বৃক্ষ; দেশবিশেষ; উড়িস্যা; উৎকলদেশ।
ওণ, ক্লী. বি. (উন, গমন, অল) অপসারন; দূরীকরন; নিরাকরন; প্রত্যাখ্যান; ইতি শব্দরত্নাবলী।
ওত, ত্রি. বিণ. (আ-বৃত, আবরণ, অনট) আবর্ত্তনের প্রচলিতভাষা; গ্রথিত; ব্যবধান; অবকাশ; আড়াল।
ওতু, পু. স্ত্রী. বি. (ওত, জন্তুভেদ, উ) বিড়াল; মার্জ্জার; বৃষদংশক; আখুভুক্; ইতি অমরকোষ।
ওতপ্রোত, ত্রি. বিণ; (ওতু-প্রু, নিয়ম, ক্ত) উৎপ্লুত; অক্রমযুক্ত; অনিয়মিত; উল্টাপাল্টান; ইতিমেদিনী।
ওথা, ক্রি বিণ. (ও-স্থা, স্থান, অনট) ওখানে; তত্র; সেই স্থানে; সেখানে; তথায়; ইতি মেদিনী।
ওদন, পু, ক্লী. বি. (উদ, ওদন, অনট) সিদ্ধ তণ্ডুল; অন্ন; ভক্ত; ভাত; যথা—সবাকার ওদন প্রাশন ইতি রামায়ন ৫৩ পৃষ্ঠা।
ওদিগে, ক্রিবিণ. (ও-দিশ, দিক, এ) ওখানে; তৎপক্ষে; তথায়; সে স্থলে; সেখানে; ইতিমেদিনী।
ওদো, ত্রি. বিণ. (ওদ, ভিজা, ও) আর্দ্র; ভিজা; অনুপ; সরস; সর্দ্দি; সজল; ইতি হেমচন্দ্র।
ওপার, পু. বি. (ও-পার, উপকুল, অ) নদীরপরপার।
ওম্ পু. বি. (ও-উ-ম) প্রণব; ওঁকার; সকল মন্ত্রের আদ্যোচ্চার্য্য বর্ণ; স্বীকার; অঙ্গীকার; প্রশ্ন; রোষ; (ক্লী.) ব্রহ্ম; অ, উ, ম, অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই ত্রি বর্ণাত্মক বীজ। ইতি হলায়ুধ।
ওর, পু. বি. (উর, দিক, অল) দিক; সীমা।
ওরমা, ক্লী. বি. (ওরমন, শিল্পভেদ, প্রথমা) টাকনী; সেলাই; সিয়ানী; শিল্প কার্য্যবিশেষ; ইতিমেদিনী।
ওরম্বা, ত্রি. বিণ. (ওরম্বা, ব্যক্তিভেদ, অ) লম্পট; নির্ব্বোধ; হিতা হিত জ্ঞান শূন্য; ইন্দ্রিয়াসক্ত।
ওল, ত্রি বিণ. (ওল, দ্রব্য ভেদ, অ) আর্দ্র; ভিজা; (পু. বি.) স্বনাম বিখ্যাত মূল; শূরণ; কন্দ।
ওলন, ক্লী. বি. (অব-রুহ, নামন, অনট) অবরোহণের প্রচলিত ভাষা; অবতরণ; নামন; ইষ্টকময় গৃহ নির্ম্মাতার পরিমাণ যন্ত্র বিশেষ; ইতি মেদিনী।
ওলা, পু. বি. (ওল, দ্রব্য ভেদ, ঙ-আ) অবরোহণ; লড্ডুক বিশেষ; লাড়ু; দ্রব্য বিশেষ।
ওলাউঠা, ক্লী. বি. (ওল-উঠ, নামন এবং উঠন, ঙ-আ) বিসূচিকা রোগ; ভেদ বমন; নামা উঠা।

ওলান, ক্লী. বি. (অধঃ-ক্ষিপ, নামান, অনট) অধঃক্ষেপণ; নামান; অবরোহন; নিম্নে আনয়ন।

ওষ, পু. বি. (উষ, শিশির, অল) দাহ; দহন; হিম; শিশির; তুষার; বরফ; ইতি মেদিনী।

ওষন, পু. বি. (উষ, রসভেদ, অনট) কটুরস; ঝাল।

ওষধি, স্ত্রী. বি. (ওষ-ধা, বৃক্ষভেদ, কি) ফলপাকান্তবৃক্ষাদি; জ্যোতির্লতা; কদলী; ধান্য; ঔষধ; যথা—অশেষ ওষধি স্থান সেই ধরাতল। ইতি কুমারসম্ভব ২ পৃষ্ঠা।

ওষধিপতি, পু. বি. (ওষধি-পা, রক্ষণ, ক্তি) চন্দ্র; হিমাংশু; ইন্দু; সুধাংশু; অব্জ; নক্ষত্রেশ; সোম।

ওষধীষ, পু. বি. (ওষধি-ঈশ, পতি, ক) চন্দ্র; ওষধিনাথ; নিশাকর; কর্পূর; সুগন্ধি দ্রব্যবিশেষ।

ওষাণ, ক্লী. বি. (ওষা, উল্টন, অনট) উল্টন; লাড়ন; নিস্তুষ করণার্থ উখলি ইত্যাদিতে ধান্যাদিনিক্ষেপণ।

ওষ্কান, ক্লী. বি. (ওষ্কা, উদ্দীপন, অনট) উদ্দীপন; উদ্ধান; লাড়ন; উত্থাপন; প্রজ্বলিত করণ।

ওষ্ঠ, পু. বি. (উষ, অঙ্গভেদ, থ) রদনচ্ছদ; দশনবাস; দন্তচ্ছদ; উপরের ঠোঁঠ; দন্তবস্ত্র; যথা—যেন ওষ্ঠে তাম্বূলের রস, কুমারসম্ভব ৩২ পৃষ্ঠা।

ওষ্ঠরোগ, পু. বি. (ওষ্ঠ-রুজ, রোগ, ঘঞ) মুখরোগবিশেষ; ওষ্ঠ ব্রণ; উপর ঠোঁটের মধ্যস্থ স্ফোটক।

ওষ্ঠাগত, ত্রি. বিণ. (ওষ্ঠ-আ-গম, গমন, ক্ত (ওষ্ঠপর্য্যন্ত নির্গত; প্রাণ সংশয়; প্রাণান্ত; যথা—ক্ষণমাত্রে ওষ্ঠাগত ছট কট প্রাণ। ইতি কর্ম্মদেবী ৪৮পৃষ্ঠা।

ওষ্ঠাধর, পু. বি. (ওষ্ঠা-আ-ধৃ, ধরণ, অল) উভয়ওষ্ঠ; যথা—পক্ব বিম্ব হেরিয়া তাঁহার ওষ্ঠাধরে। ইতি কুমারসম্ভব ৯পৃষ্ঠা।

ওষ্ঠ্য, পু. বি. (ওষ্ঠ, ঠোঁট, য) ওষ্ঠোচ্চার্য্য বর্ণ; যাহাদিগকে ওষ্ঠের দ্বারা উচ্চারণ করা যায়; ইতি বিশ্ব।

ওষ্ঠী, স্ত্রী. বি. (ওষ্ঠ, ঠোঁট, ঈ) বিম্বফল; তেলাকুচা।

ওসার, ক্লী. বি. (ও-সৃ, গতি, ঘঞ) প্রস্থ; চৌড়া।

ওসারল, ত্রি. বিণ. (ওসার, প্রস্থ, ল) চৌড়া; প্রশস্ত।

ওস্থানে, ক্রি বিণ. (ও-স্থা, স্থান, এ) তত্র; ওখানে; সেস্থলে; সেখানে; তথায়; ইতি অমরকোষ।

ওহে, (ব্য.) সম্বোধন; আহ্বান; ডাকা; যথা—কুশলে ত আছ সবে ওহে দেবগণ। ইতি কুমারসম্ভব ১৫পৃষ্ঠা।

ঔ

ঔ, ঔকার; চতুর্দ্দশ স্বর বর্ণ; (ব্য.) সম্বোধন; আহ্বান; বিরোধ; নির্ণয়; ইতি শব্দরত্নাবলী। নিশ্চয়করণ।

ঔঁ, (ব্য.) শূদ্রদিগের প্রণব; ইতি তন্ত্রসাস্ত্র।

ঔঃ, (পু. বি.) অনন্ত; নিস্বন; (স্ত্রী.) বিশ্বম্ভরা।

ঔখ্য, ত্রি. বিণ. [উখ, দ্রব্যভেদ, ষ্ণ্য) স্থালীপক্ব অন্নাদি।

ঔচিতী, স্ত্রী. বি. [উচিত, উপযুক্ত, ঈ] ঔচিত্য; উপযুক্ততা; যোগ্যত্ব; নিপুণতা; শক্ততা; ইতি বিশ্ব।

ঔচিত্য, ক্লী. বি. [উচিত, উপযুক্ত, ষ্ণ্য] উপযুক্ততা;

ঔচ্চ, ক্লী. বি. [উচ্চ, উর্দ্ধ, ষ্ণ] উর্দ্ধতা; উচ্চতা।

ঔডুম্বর, পু. বি. [উডুম্বর, কাষ্ঠভেদ, ষ্ণ) তাম্র; যম; ধ্রুব; যজ্ঞডুম্বর কাষ্ঠ নির্ম্মিত পাত্র; (ক্লী.) কুষ্ঠরোগ বিশেষ; (ত্রি. বিণ.) তাম্র নির্ম্মিত; ইতিমেদিনী।

ঔৎকট্য, ক্লী. বি. [উৎকট, কঠিন, ষ্ণ্য] উৎকটতা; দুঃসহ্যতা; কঠিনতা; দুঃসহনীয়; ইতি অমরকোষ।

ঔৎকর্ষ্য, ক্লী. বি. [উৎকর্ষ, উত্তম, ষ্ণ্য] উৎকর্ষতা; শ্রেষ্ঠতা; উত্তমতা; প্রধানতা; সুন্দরতা; ইতি বিশ্ব।

ঔত্তানপাদি, পু. বি. [উত্তানপাদ, রাজা ভেদ, ষ্ণি] উত্তানপাদ রাজপুত্র; ধ্রুব; স্বায়ম্ভুব মনুপৌত্র।

ঔৎপাতিক, পু. বি. [উৎপাত, উপদ্রব, ষ্ণিক] বিঘ্ন কারক; (ত্রি. বিণ.) দৈব উপদ্রব সম্বন্ধীয়; উৎপাত বিশিষ্ট; উপদ্রবান্বিত; যথা—মেঘ যেমন ঔৎপাতিক শিলাবর্ষণ করে ইতি রঘুবংশ ১১৪ পৃষ্ঠা।

ঔৎসর্গিক, ত্রি. বিণ. [উৎসর্গ, সামান্য, ষ্ণিক] স্বাভাবিক; সাধারণ; সামান্য বিধি; অবিশেষ।

ঔৎসুক্য, ক্লী. বি. [উৎসুক, উৎসাহ, ষ্ণ্য] উৎকণ্ঠা; উৎসুকতা; উৎসাহিতা; ব্যস্ততা; ব্যগ্রতা; যথা—নিতান্ত ঔৎসুক্য হইয়াছে ইতিরঘুবংশ ১১৬ পৃষ্ঠা।

ঔদনিক, ত্রি. বিণ. [ওদন, অন্ন, ষ্ণিক] পাচক; সূপকার; রন্ধন কর্ত্তা; যে ব্যক্তি রন্ধন করে; ইতিবিশ্ব।

ঔদরিক, ত্রি. বিণ. [উদর, পেট, ষ্ণিক] উদরম্ভরি; উদর মাত্র পূরক; পেটুক; যথা—সর্ব্বত্রই ঔদরিকের ভোজন ইতি বিক্রমোর্ব্বশী ৩৯ পৃষ্ঠা।

ঔদশ্বিত, ক্লী. বি. [উদশ্বিত, দ্রব্যভেদ, ষ্ণ] অর্দ্ধজল

যুক্ত ঘোল ; জলযুক্ত তক্র ; সজল গব্যবিশেষ।
ঔদার্য্য, ক্লী. বি. [উদার, মহৎ, ষ্ণ্য] মহত্ত্ব ; বদান্যতা ; উদারতা ; শ্রেষ্ঠতা ; সরলতা ; অকাপট্যতা ; দাতৃত্ব ; যথা—চৈত্ররথ ঔদার্য্য ও মহত্ত্ব প্রকাশ ইতি কাদম্বরী ৪৬ পৃষ্ঠা।
ঔদাসীন্য, ক্লী. বি. [উদাসীন, বিরাগী, ষ্ণ্য] উদাসীনতা ; উপেক্ষা ; নিঃসম্পর্ক ; বৈরাগ্য ; ইতি মেদিনী।
ঔদাস্য, ক্লী. বি. [উদাস, বিরাগ, ষ্ণ্য] উদাসীনতা ; উপেক্ষা ; নিঃসম্পর্ক ; বৈরাগ্য ; অনুরাগাদি শূন্যতা ; যথা—নিতান্ত ঔদাস্য হইল, ইতিরঘুবংশ ১২৬ পৃষ্ঠা।
ঔদাস্যভাব, পু. বি. (ঔদাস্য-ভূ, সত্তা, ঘঞ) বৈরাগ্য ভাব ; তাচ্ছিল্য ভাব ; বিশ্ব নিন্দা ; ইতি অমরকোষ।
ঔদ্ধত্য, ক্লী. বি. [উদ্ধত, প্রগল্‌ভ, ষ্ণ্য] প্রগল্‌ভতা ; পরগুণা সহিষ্ণুতা ; দৌরাত্ম ; উৎপাত ; ধৃষ্টতা ; যথা—বৃথা ঔদ্ধত্যপ্রায় ইতি কাদম্বরী ৩৬ পৃষ্ঠা।
ঔদ্বাহিক, ত্রি. বিণ. [উদ্বাহ, বিবাহ, ষ্ণিক] বৈবাহিক ধন ; বিবাহকালে লব্ধ ধন ; যৌতুক ধন ; ইতি বিশ্ব।
ঔধস্য, ক্লী. বি. [উধস, দুগ্ধবিশেষ, ষ্ণ] পশুর স্তন্য।
ঔপগ্রস্তিক, পু. বি. [উপগ্রস্ত, রাহুর গ্রাস, ষ্ণিক] রাহু গ্রস্ত চন্দ্র বা সূর্য্য ; ইতি শব্দরত্নাবলী। সূর্য্যাদিগ্রহণ।
ঔপচারিক, ত্রি. বিণ. [উপচার, আরোপ, ষ্ণিক] আরোপিত ; যাহা নহে তাহাতে তাহার আরোপ।
ঔপচ্ছন্দসিক, ক্লী. বি. [উপচ্ছন্দস, ছন্দ, ষ্ণিক] ছন্দোবিশেষ ; অভিপ্রায় ; পদ্য শ্লোক মিলনভেদ।
ঔপনায়িক, ত্রি. বিণ. [উপনায়, উপনয়ন, ষ্ণিক] উপনয়ন সম্বন্ধীয়, যজ্ঞোপবীত কালে লব্ধ যৌতুক।
ঔপনিধিক, ক্লী. বি. [উপনিধি, দ্রব্যভেদ, কণ] প্রীতি পূর্ব্বক ভোগার্থ অর্পিত দ্রব্য ; নিক্ষিপ্তধন বিষয়ক।
ঔপম্য, ক্লী. বি. [উপমা, দৃষ্টান্ত, ষ্ণ্য] সাদৃশ্য ; দৃষ্টান্ত ; তুল্যতা ; তুলা ; সাম্য ; উপমান ; ইতি জটাধর।
ঔপয়িক, ত্রি. বিণ. [উপায়, ন্যায়, ষ্ণিক] ন্যায্য।
ঔপসর্গিক, পু. বি. [উপসর্গ, রোগভেদ, ষ্ণিক] সন্নিপাত রোগবিশেষ ; (ত্রি. বিণ.) উপসর্গ সম্বন্ধীয়।
ঔপহারিক, ত্রি. বিণ. [উপহার, দ্রব্যভেদ, ষ্ণিক] উপহারসম্বন্ধীয় ; উপহারোপযুক্ত ; যথা—ঔপহারিক দ্রব্য ইতি বিক্রমোর্ব্বশী ৪৬ পৃষ্ঠা।
ঔপাধিক, ত্রি. বিণ. [উপাধি, ছল, ষ্ণিক] উপাধিকৃত ; ছলকৃত ; নিয়ম সম্বলিত ; বৈশেষিক ; উপাধি সম্বন্ধীয়।
ঔপায়িক, ত্রি. বিণ. [উপায়, ন্যায়, ষ্ণিক] উপায়সাধ্য ; ন্যায্য ; যথার্থ ; উপযুক্ত ; যাহা চেষ্টার সাধ্য।
ঔবল, ত্রি. বিণ. (যাং) প্রথম ; আদি ; উৎকৃষ্ট ; প্রধান।
ঔমীন, ত্রি. বিণ. [উমা, ভূমিভেদ, ঈন] উমাক্ষেত্র ; ভূমি বিশেষ ; মসিনার ক্ষেত ; যে ভূমিতে তিষি হয়।
ঔরগ, ক্লী. বি. [উরগ, সর্প, ষ্ণ] অশ্লেষা নক্ষত্র ; (ত্রি. বিণ.) সর্প সম্বন্ধীয় ; সর্পের ; ইতি অমরকোষ।
ঔরৎ, স্ত্রী. বি. (যাং) স্ত্রীলোক ; কামিনী ; রমণী ; নারী।
ঔরভ্র, পু. বি. [উরভ্র, জন্তুভেদ, ষ্ণ] মেষ ; কম্বল ; ঊর্ণায়ু ; ঊর্ণা নির্ম্মিত আসন ; ইতি হেমচন্দ্র।
ঔরভ্রক, ক্লী. বি. (উরভ্র, জন্তুভেদ, ণক) মেষসমূহ।
ঔরস, ত্রি. বি. [উরস, দেহ, ষ্ণ] স্বজাত পুত্র ; ঔরস্য ; স্বদেহজাত ; সবর্ণা বিবাহিতা স্ত্রীগর্ব্ভে স্বয়ংউৎপাদিত-পুত্র ; যথা—মানাইতে চাহ যদি ক্ষত্রিয় ঔরস। ইতি কর্ম্মদেবী ৭৬ পৃষ্ঠা।
ঔরসজাত, ত্রি. বিণ. (ঔরস-জন, জনন, ক্ত) স্বদেহজাত ; আত্মজ ; যাহার ঔরসে জন্ম হইয়াছে ; যথা—পূর্ব্বস্বামীর ঔরসজাত ইতি সেক্সপিয়র ৪৩১ পৃষ্ঠা।
ঔরস্য, পু. স্ত্রী. বি. [উরস, দেহ, ষ্ণ্য] স্বদেহজাত-সন্তান ; ঔরস পুত্র ; আত্মজ ; ইতি অমর কোষ।
ঔর্দ্ধদেহিক, ত্রি. বিণ. [ঊর্দ্ধদেহ, কার্য্যভেদ, ষ্ণিক] প্রেতক্রিয়া ; অগ্নি সংস্কারাদি ; অন্ত্যেষ্টিক্রিয়াদি।
ঔর্দ্ধস্রোতসিক, ত্রি. বিণ. [ঊর্দ্ধস্রোতস, ব্যক্তিভেদ, ষ্ণিক] শৈব ; শিবভক্ত ; যাহারা শিব আরাধনাকরে।
ঔর্ব্ব, পু. বি. [উর্ব্ব, অগ্নিভেদ, ষ্ণ] বাড়বানল ; সমুদ্রীয় বহ্নি ; জলমধ্যস্থ অগ্নি ; (ক্লী.) পাংশবলবণ।
ঔর্ব্বশেয়, পু. বি. [উর্ব্বশী, নারীভেদ, ষ্ণেয়] মুনিবিশেষ ; উর্ব্বশী পুত্র ; অগস্ত্য মুনি ; ইতি হেমচন্দ্র।
ঔলূক, ক্লী. বি. [উলূক, পক্ষীভেদ, ষ্ণ] উলূক সমূহ ; পেচকগণ ; পেঁচার ঝাঁক ; রাত্রিচর ; ইতি জটাধর।
ঔলূক্য, পু. বি. [উলূক, শাস্ত্রভেদ, ষ্ণ্য] বৈশেষিক ; বৈশেষিক দর্শনবেত্তা ; ইতি হেমচন্দ্র। পেচকশাবক।
ঔল্বণ, ক্লী. বি. [উল্বণ, অধিক, ষ্ণ] আতিশয্য ; আধিক্য ; প্রাখর্য্য ; চঞ্চলতা ; প্রখরতা ; ইতিঅমরকোষ।
ঔশীর, ক্লী. বি. [উশীর, স্থানভেদ, ষ্ণ] শয়নাসন ; উশীরজ ; দণ্ড ; (পু.) চামর দণ্ড ; খস খসিয়া।
ঔষণ, ক্লী. বি. [উষণ, রসভেদ, ষ্ণ] কটুরস ; ঝাল।
ঔষধ, ক্লী. বি. (ঔষ-ধা, দ্রব্য ভেদ, ড) রোগ নাশক

দ্রব্য ; ভেষজ ; অগদ ; যাহা দ্বারা রোগ নষ্ট হয়।

ঔষধালয় , পু . বি . (ঔষধক-আ-লী , স্থান ভেদ , অল) ঔষধ রক্ষণ গৃহ ; ডাক্তরখানা ; দাওয়াই খানা।

ঔষধীয় , ত্রি . বিণ . [ঔষধ , ভেষজ , ঈয়] ঔষধ বিষয়ক ; ঔষধ সম্বন্ধীয় ; ভেষজসম্পর্কীয় ; ইতি অমরকোষ।

ঔষ্ট্রক ; ক্লী . বি . (উষ্ট্র , জীবভেদ , ণক) উষ্ট্র সমূহ।

ঔষ্ণ , ক্লী . বি [উষ্ণ , উত্তাপ , ষ্ণ] উষ্ণতা ; সন্তাপ ; ঔৎস্যুক্য ; উষ্মতা ; উত্তাপের সাধারণধর্ম্ম ; ইতি বিশ্ব।

ঔষ্ণানৌষ্ণ , ক্লী . বি . [উষ্ণানুষ্ণ , শীতোষ্ণ , ষ্ণ] উষ্মানুষ্মতা ; শৈত্যাশৈত্য ; শীতোষ্ণতা ; ইতি হলায়ুধ।

ঔষ্ম , ক্লী . বি . [উষ্ম , তাপ , ষ্ণ] উষ্ণতা ; উষ্মতা ; তাপ।

ঔক্ষক , ক্লী . বি . [উক্ষ , জীবভেদ , ষ্ণ] উক্ষাংসমূহ ; বৃষ সমূহ ; ষাঁড়ের পাল ; এঁড়েগরুর পাল ; ইত্যমর।

অং , অনুস্বার ; পঞ্চদশ স্বর বর্ণ ; (ক্লী . বি .) পরব্রহ্ম।

অঃ , বিসর্গ ; ষোড়শ স্বরবর্ণ ; (পু . বি .) মহেশ্বর।